


वान्मीकि त्रामाय्य



বাল্মীকি রামায়ণ



দুনিয়ার পঠিক এক ইও! ~ www.amacboi.com 💉





নতুন সংস্করণ মাঘ ১৪০১, জানুয়ারী ১৯৯৫

প্রকাশক: কল্যাগব্রত দস্ত।। তুলি-কলম।। ১, কলেজ রো, কলকাতা—১

প্রাপ্তিস্থান— ॥ সাহিত্য তীর্থ ॥ ৮/১বি, শ্যামাচরণ দে স্ট্রীট, ক্লকাতা—৭৩

মুদ্রক: গ্রাফিক প্লেটস্ এও প্লিন্টস্ ২০বি, গৌর লাহা স্ট্রীট, কলকাতা—৬

প্রচ্ছদ : কুমারঅন্ধিত অলংকরণ : সভ্য চক্রবতী





ভূমিকা

যতদিন হিমালয় নিদ্ধা প্রভৃতি ভারতের পর্বতমালার গিরিশৃক্থনি উভ্কুল মহিমায় বিরাজিত থাকবে, যতদিন তার নদীপ্রবাহগুলি অনাছন্ত গতিতে দমুল্রাভিম্থে প্রবাহিত হতে থাকবে, যতদিন তার তিনদিকে পরিবাধি সমুদ্রের অনন্ত লবণাধ্রাশির দারা লাঞ্চিত ও বিধোড হতে থাকবে ভারতের বনরাজিনীল উপকৃলভূমিগুলি, অসংস্যা অরণার্কের লাথাপ্রশাথাধ্বনিত বনমর্মরে ভারতের স্প্রাচীন আবশ্যক সভ্জার মূল মর্মক্থাটি অনুর্পিত হতে থাকবে, তভদিন অমর রামায়ণকথা প্রচারিত হতে থাকবে ভারতের প্রতিটি লোকমুখে।

রামায়ণের বচনাকাল সঠিকভাবে আছব বর্ণিত না হলেও পতিভগণের মতে আহ্থানিক খুক্টপূৰ্ব এক হাজাৰ বছৰ আগে অৰ্থাং আৰু হতে প্ৰায় তিন হাজাব বছর আগে কবিকরনার বর্ণপ্রলেপে অহবন্ধিত ইন্যাকু বাঞ্চবংশীয় ক্ষত্তির-বীর রাণচন্দ্রকে অবলঘন করে ধামারণ রচিত হর। ডাই অনেকের অভ্যান রামচন্দ্র একাধারে পৌরাধিক ও ঐতিহাসিক ৷ বে যুগে স্কৃষিভিত্তিক আর্থসভ্যভা উত্তর ভারত হতে বিষ্যাপর্বভাস্তরালবতী দাক্ষিণাড্যের উবর মালজুমি অঞ্চল ক্ষমশঃ প্রদার লাভ করছিল রামায়ণ দেই যুগের পটভূমিকাতেই রামায়ণ রচিত হয়। রাম, বিখামিত ও মিথিদার বাজা নীরধান (যাঁর কৌলিক উপাধি ছিল অনক)—রামায়ণবর্ণিত এই তিনটি প্রধান চরিত্রই ছিলেন কৃষিসভাতার জগ্র-পৃষ্ঠপোৰক। মহাভাবত বচিত হয় বামায়ণ বচনাৰ কিছুকাল পরে। অনেক পণ্ডিত এই হুটি মহাকাব্যের রচনাকালের নমনাময়িকভার বিশাদী। মহাভারতে বাজালিকা, যুদ্ধবিগ্ৰহ, বিবাহ, হাতক্ৰীড়া প্ৰভৃতি আৰ্থনভ্যভাৰ বাজনৈতিক, কৃটনৈতিক ও দামাজিক দিকগুলিকে উপস্থাপিত করা হয়, রামায়ণে তেমনি ভাব্দভাতার ওধু পাবিবারিক ও রাষ্ট্রীয় আদর্শকে প্রাথান্ত দেওয়া হয়। বামায়ণে দেখানো হয়েছে ত্যাগই হলো খৌথ পরিবারের আন্দর্শ ভিভিত্মি হার উপর নাজিয়ে পাবিবারিক সম্পর্কগুলি এক অক্য় দুঢ়তা লাভ করে এক অসাধারণ মাধুর্য ও মহত্তে মণ্ডিত হয়ে উঠতে পারে: পুত্র পিতার জ্ঞ, ব্লী স্বামীর জ্ঞা এবং ভাই ভাইএর স্কল কী পরিমাণ স্বার্থ ড্যাপ করতে পাৰে বাম, ভবড, লক্ষ্ণ, দীভা ও উমিলা চবিত্ৰেৰ মাধ্যমে তা দেখানো হয়েছে। আর্থসভ্যতার এই পারিবারিক আদর্শের সঙ্গে শব্দে এক রাষ্ট্রীয় আদর্শকৈও ভুলে ধবা হয়েছে বামায়ণে। ৰে যুগে বাজতা অপ্রতিষ্ঠিত ছিল এবং বাজা ছিলেন রাজ্যের দর্বময় কর্তা, দেই যুগে রাজা প্রকাকুলের মনোরশ্বনের জন্ত কতথানি স্বার্থ ভাগে করতে পাবেন, বাম তার জীবনের স্বাপেকা প্রিয়বন্ধ দীভাকে ভাগ করে বনবাসে পার্টিরে তা দেখিয়ে দেন এবং এক মহান রাষ্ট্রীয় স্বাদর্শের স্থালোক-বর্তিকাটিকে জগৎ সম্বন্ধে ভূলে ধরেন।

ভগবান বিষ্ণুব তেজােনভ্ত বামচন্দ্রের উপর দেবছ আরােপ করলেও
মহাকবি বান্মীকি রামের কর্মাকর্মকে জাগতিক কার্যকারণতত্ত্বর (Law of
Causality) উপর প্রতিষ্ঠিত করেছেন, বাজালী কবি-অভবাদক ক্রন্তিবাসের
মত বামের প্রতিটি কর্মের মধ্যে এক অলৌকিক ঈশ্বরলীলাকে প্রত্যক্ষ করেননি।
দৈহিক, মানসিক ও আদ্ধিক বে পূর্ণতা মাসুর জীবনে অর্জন করতে পারে না
বাম বেন জন্মগতভাবেই সে পূর্ণতায় ছিলেন বিদ্ধ। এখানে পূর্ণতা অর্থেই

অবভারত্বের আবোণ করা হরেছে রামের উপর। বিকুর মত বলদীপ্ত, কম্গ্রীব, দীর্ঘকেলী, পদ্মলোচন, আজাফুলখিতবাহ, মাংসল হছবিশির নয়নাভিবাম বামচক্র একদিকে বেমন ছিলেন দৈহিক পূর্ণভার প্রতীক, অঞ্চিকে তেমনি ছিলেন ভাগী, ভেল্পী, লভাসাংক, স্তায়পরায়ণ, পিতৃভক্ত ও প্রকাবংসল। চিত্তকৃট পর্যতে ভর্মত বামকে বনবাস হতে ফিবিয়ে আনতে গেলে রাম তাঁকে বলেন,

লন্ধীশুক্সাং অপেরাদ্ বাহিমবান বা হিমং ত্যকেং। সাগবো অতীয়াৎ বেলাৎ ন প্রতিক্রাম্ অহং পিডুঃ।

শ্বর্ধাৎ চন্দ্র তার লশ্বীষরপা ক্যোৎখাকে জ্যাগ করতে পারে, হিমালয় হিম জ্যাগ করতে পারে, নাগর বেলাভূমি শতিক্রম করতে পারে, কিছু খামি পিতার প্রতি প্রকর প্রতিক্রা লক্ষণ বা ভক করতে পারব না।

মহাকাব্যিক উপমা অলংকারে পরিপূর্ণ এই পদটিতে রামচবিজের আলোকসামার দৃঢ়ভার সংশ পিতৃভজির আদর্শটি মূর্ভ হয়ে উঠেছে। অরস্থান ভারতভূমি থেকে দীর্ঘকাল বিচ্ছিয় থাকার পর রাম যথন পূলাক বধযোগে সংদেশে প্রভাারর্ভন করছিলেন তথন দিকচঞ্জবালে ভারতের সম্প্রকাশিত উপকৃষভূমি দর্শনে ভারই কঠ থেকে নিঃস্ত হয়, 'অননী অন্যভূমিশ্চ স্বর্গাদিপি প্রীয়সী।' এই বাণীই কাজনে সর্বকালের মান্তবের দেশপ্রীতির আদর্শ ভিভিস্কেশ এক প্রবাদবাকো পরিণত হয়।

কিছ বামকে সর্বশুণাধিত এক আদর্শ পুক্ররণে চিত্রিত করলেও বান্নীকি দেখিয়েছেন মানবদেংখারী বামচক্র কতকগুলি মানবিক ত্র্বলতা ও ফাটিবিচ্যুতি হতে মুক্ত নন। বেমন কুর্পনখার প্রতি বামের ব্যবহার, ত্রীর কথার বক্তবিন্দু-চিত্রিত অর্থন্নগর পক্তালাবন, বাবণবধের পর লকার বেলাজ্মিতে দীতার সমক্ষেদীভাবর্জনের অভিলাব আপন, পরিশেষে দীতাকে বিনাদোরে নির্বাদনদগুদান, বাদীবধ, এক বাল্পনের কথার বেলাধ্য়নরত পর্ককে হত্যা প্রভৃতি আচরণগুলি ব্যাহ্রবর্তী ও প্রথাহুগত এক সাধারণ যাহ্মের বিচারবৃত্তিগত ফাটি হাড়া আর কিছুই নয়।

বামের পর দীতা হলেন রামায়ণের সর্বাপেকা উল্লেখযোগ্য চরিত্র।
নিরবচ্ছির হুংখের দহনে দম্ম ও হতরান পতিপ্রাপা দীতা শুধু অবিমিশ্র কোমলতা ও নত্রতার প্রতিমা নন, কেত্রবিশেষে অসাধারণ তেক্সম্বিতারও পরিচয় দিতে শারেন তিনি। হছমান আগে কখনো দীতাকে না দেখলেও অশোককাননের প্রাচীরের দীর্বদেশ থেকে সীতাকে দেখেই চিনে ফেলেন। তিনি বলেন,

ইয়ং কনকবৰ্ণাকী বামক্ত মহিবী প্ৰিয়া। প্ৰণষ্টাশি সভীৰ্বক্ত মননো ন প্ৰণক্ততি ।

অর্থাৎ কনকবর্ণ। এই ব্যাণীই রামের প্রিয়ত্য। মহিনী যিনি বলপূর্বক স্থামীর কাছ থেকে বিচ্ছির হলেও মনে মনে বিনি স্থামীর গঙ্গে এক অবিচ্ছির বোগস্ত্তে আবদ্ধ। শত পীড়ন ও প্রলোভনেও তিনি রাবণের বস্তুতা স্থাকার করেননি। তাঁকে উদ্ধার করার পর রাম তাঁকে ত্যাগ করতে চাইলে তিনি তাঁকে বলেন, 'তুমি ইতর লোকের মত কথা বলছ কেন?' এই বলে সন্মণের হারা প্রজ্ঞালিত অরিকৃত্তে তিনি অবলীলাক্রনে প্রবেশ করেন। পরিশেবে রামের সঙ্গে পুন্মিলন দৃশ্যে রাম তাঁকে বিতীয়বার অলি পরীকার অবতীর্ণ হতে বললে এক প্রদীপ্ত আন্তর্মবালাবোধে অলে উঠে পাতালে প্রবেশ করেন তিনি।

পথিতপ্রবহু হেনচক্র ভট্টাচার্য মহাশায় এই অহ্বাদগ্রহুটিতে বাল্মীকিরচিত সংকৃত রামায়ণের মূলাহুলারী অহ্বাদক্রিয়ায় অলাধারণ কুশলতায় পরিচয় দান করেছেন। একদিকে তিনি বেমন মূল রামায়ণের প্রতিটি তথাকে হুপায়্পভাবে তুলে ধরেছেন বাংলা প্রতিশব্দের মাধ্যমে, অপ্রদিকে তেমনি মহাকাবাকে উপয়া অলংকার সমন্থিত বিরাট রকৈশ্বটিকেও পরিবেশন করেছেন অবিকৃতভাবে। যালের পক্ষে মূল সংকৃত রামায়ণ পাঠ করা সম্ভব হয়নি, তাঁদের পক্ষে এই অহ্বাদ গ্রহুটি অপরিহার্য। এই গ্রহুপাঠে বেমন মূল রামায়ণের রম আলাদন করতে পারবেন তাঁরা, তেমনি রামায়ণের কয়েকটি ঘটনা সহজে কভকগুলি চিরাচরিত ভূল ধারণারও নিরসন হবে। বেমন, গৌতম মূনির শাপে অহল্যা পাষান হয়ে হাননি, তিনি মিথিলার উপরনে ধ্মপরিবৃত দীপ্ত অল্লিশিথা বা পূর্ণচন্তের মত স্থাস্থ্রের হ্নিরীক্ষা হয়ে বিরাশ্ধ করতে থাকেন। নিকুজিলা হজাগারে লক্ষণ নিয়্র মেথনাদক্ষে চোরের মত গিয়ে বধ করেননি, বানবংসক্ত ও রাক্ষসসৈল্ডের সক্ষে সংগ্রামের পর লক্ষণের সঙ্গে বীতিম্বত এক বৈত শ্রেম্বুক্তে নিহত হল মেথনাদ।

—মুধাংশুরজন ঘোব

বালকাণ্ড

প্রথম সর্গ । মহার বালমাকি তপোনিরত দ্বাধ্যায়সম্পন্ন বেদবিদ্দিগের অগ্রগণ্য ম্নিবর নারদকে সম্বেধনপ্রক কহিলেন,—দেবরে! এক্ষণে এই প্থিবীতে কোন্ ব্যক্তি গণেবান্, বিশ্বান্, মহাবল পরাক্তান্ত, মহাত্মা, ধর্মপরারণ, সত্যবাদী, কৃতজ্ঞ, দ্যুরত ও সচ্চারত আছেন? কোন্ ব্যক্তি সকল প্রাণীর হিতসাধন করিয়া থাকেন? কোন্ ব্যক্তি লোকব্যবহারকুশল, অন্বিতার, স্চতুর ও প্রিয়দর্শন? কোন্ ব্যক্তিই বা রোষ ও অস্থার বশবতী নহেন? রণশ্বলে জাতকোধ হইলে কাহাকে দেখিয়া দেবতারাও ভতি হন? হে তপোধন! এইর্প গণ্ণসম্পন্ন মন্ব্য কে আছেন, তাহা আপনিই বিলক্ষণ জানেন। এক্ষণে বল্ন, ইহা প্রবণ করিতে আমার একান্ত কেতি,হল উপস্থিত হইয়াছে।

ত্রিলোকদশী মহর্ষি নারদ বালমাতির বাক্য প্রবণ করিয়া তাঁহাকে সম্ভাষণ-প্রেকি প্লাকিত মনে কহিলেন,—তাপস! তুমি যে-সমস্ত গণের কথা উল্লেখ করিলে তৎসম্পয় সামান্য মন্যেয় নিতাশ্ত স্লেভ নহে। বাহাই হউক, এইর্প গ্রেবান্ মন্যা এই প্থিবীতে কে আছেন, এক্ষণে আমি তাহা সমরণ করিয়া কহিতেছি, প্রবণ কর।

রাম নামে ইক্ষাকুবংশীয় সূবিখ্যাত এক নরপতি আছেন। তাঁহার বাহ্যুগল আজান,লম্বিত, স্কন্ধ অতি উন্নত, গ্রীবাদেশ রেখানুয়ে অভিকত, বক্ষঃস্থল অতি বিশাল, মুম্ভক সুগঠিত, ললাট অতি সুন্দর, জ্বতুন্বর গড়ে, হন্য বিলক্ষণ স্থলে, নেত্র আকর্শবিস্তৃত ও বর্ণ শ্যামল। তিনি নাতিদীর্ঘ ও নাতিহুস্ব; তাঁহার অংগ-প্রত্যাপ্য প্রমাণান,র,প ও বিরল। সেই সর্বস,লক্ষণসম্পন্ন সর্বাঞ্চাস,ম্বর মহাবার রাম অতিশর ব্লিধমান্ ও সম্বক্তা। তিনি ধর্মজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ, বিনীত ও নীতিপরায়ণ; তাঁহার চরিত্র অতি পবিত্র; তিনি যশস্বী, জ্ঞানবান্, সমাধিসম্পর, ও জীবলোকের প্রতিপালক এবং বর্ণাশ্রম ধর্ম ও স্বধর্মের রক্ষক। তিনি আস্মীয়স্বজ্ঞন সকলকেই রক্ষা করিতেছেন। তিনি প্রজাপতিসদৃশ ও শত্রনাশক। তিনি অনুরম্ভ ভল্লকে আশ্রয় দিয়া থাকেন। তিনি বেদ-বেদাঙেগ পারদশী, ধনুবিদ্যাবিশারদ, মহাবীর্য, ধৈর্যশীল ও জিতেন্দ্রি। তিনি সর্বশাস্ত্রজ্ঞ, প্রতিভাসম্পন্ন ও স্মৃতিশক্তি-যুত্ত। সকল লোকেই তাঁহার প্রতি প্রতি প্রদর্শন করিয়া থাকে। তিনি অতি বিচক্ষণ, সদাশর ও তেজস্বী। নদীসকল যেমন মহাসাগরকে সেবা করে, সেইরুপ সাধ্যণ সততই তাঁহার সেবা করিয়া থাকেন। তিনি শত্র-মিত্রের প্রতি সমদর্শা ও অতিশয় প্রিয়দর্শন। সেই কৌশল্যাগর্ভসম্ভূত লোকপ্রজিত রাম গাম্ভীর্যে সম্দ্রের ন্যায়, रैंधर्स रिभार्जनत नगर, वनवीर्य विकट्त नगर, स्नोन्नर्स रुक्तत नगर, कमार পূথিবীর ন্যায়, ক্লোধে কালানলের ন্যায়, বদান্যতায় কুবেরের ন্যায় ও সত্যনিষ্ঠায় দ্বিতীয় ধর্মের ন্যায় কীতিতি হইয়া থাকেন। তিনি রাজ্ঞা দশরশ্বের সর্বজ্ঞোঠ ও গুণ-শ্রেষ্ঠ পরে। মহীপাল দশরথ এইরূপ সর্বগণেসম্পন্ন প্রজাগণের হিতাথী রামচন্দ্রকে প্রজাগণেরই প্রিয়কার্য সাধনার্থ প্রীতমনে যৌবরাজ্যে অভিযেক করিতে অভিলাষী হইয়াছিলেন।

আর্থা কৈকেরী রামের অভিষেকার্থ সামগ্রীসম্ভার আহ্ত দেথিয়া দশরথের পূর্ব অপগাঁকার অন্সারে তাঁহার নিকট রামের বনবাস ও ভরতের রাজ্যাভিষেক —এই দুইটি বর প্রার্থনা করেন। রাজা দশরথ সম্পূর্ণ সতাসন্থ ছিলেন, এই কারণে সতারপে ধর্ম-পাশে বন্ধ থাকাতে প্রিয় পূর রামকে বনবাস দেন। মহাবার রামও কৈকেরীর হিতসাধন এবং পিতার সতা প্রতিপালন—এই উভয় কার্যান্রেরেধে পিতার আজ্ঞান্থমে বনপ্রদর্থনা করিয়াছিলেন। স্থামিয়ার আনন্দজনক বিনীত-ব্যুবার কার্মের অভিশয় প্রিয়পার ছিলেন। তিনি তাঁহাকে অরণ্যবাস আশ্রয় করিতে দেখিয়া সোলার প্রদর্শনপ্রক স্নেহভরে তাঁহার অন্গমন করিলেন। সর্ব-স্ক্রমণ ভর্তা রামের হিতসাধিকা ও প্রাণাধিকা প্রিয়-দয়িতা সীতাও রোহিণা যেমন চন্দের অন্গমন করে, সেইর্প প্রিয়ত্মের অন্সরণে প্রবৃত্তা হইলেন। তংকালে প্রবাসিগণ এবং স্বয়ং রাজা দশর্মন্ত রামের সহিত কিয়ন্দরে গমন করিয়াছিলেন।

অনশ্তর রামচন্দ্র নিষাদগণের অধিপতি গ্রেছর সহিত সাক্ষাং করেন এবং শৃংগবের প্রে জাহ্বতিতারে সার্থি স্মন্তকে বিদায় দিয়া তথা হইতে সতা ও লক্ষ্মণের সহিত বনাশ্তরে প্রবেশপ্রক অগাধস্তিলা নদীসকল পার হইয়া মহিষি ভরন্বাজের আশ্রমে উপস্থিত হন। তংপরে ভরন্বাজের আদেশে চিত্রক্ট-পর্বতে উপনীত হইয়া এক স্রম্য পর্ণশালা প্রস্তুত করিয়া স্বেচ্ছাক্রমে অরগ্যে বিহার করত তথায় পরম স্থে কালহরণ করেন।

এদিকে রাম বনবাসী হইলে রাজা দশরথ প্রশোকে নিতানত কাতর হইয়া নানাপ্রকার বিলাপ ও পরিতাপ করত প্রাণ ত্যাগ করিলেন। তাঁহার দেহানেত বিশিষ্ঠ প্রভৃতি রাহ্মণগণ মহাবল ভরতকে রাজ্যভার গ্রহণে অন্বরাধ করিয়াছিলেন; কিন্তু ভরত কিছ্তেই তাঁহাদিগের বাক্যে সম্মত হন নাই। পরে তিনি রামচন্দ্রকে প্রসন্ন করিবার নিমিত্ত বনপ্রস্থান করিলেন এবং বিনীতবেশে সত্যালয়ম মহাতপা রামের নিকট উপন্থিত হইয়া কহিলেন,—আর্য! জ্যেন্ঠ সত্ত্বে কনিন্টের রাজ্য অধিকার করা বিহিত নহে, আপনি এই ধর্ম বিলক্ষণ জ্ঞাত আছেন, অতএব, এক্ষণে প্রত্যাগমনপূর্বক, রাজ্য গ্রহণ কর্ন। ভরত এই র্প প্রার্থনা করিলেও প্রসন্নবদন বশস্বী উদারস্বভাব রাম পিত্নিদেশ রক্ষার্থ রাজ্যগ্রহণে সম্মত হন নাই।

অনশ্তর সেই মহাবল রাম রাজ্য পালনার্থ ভরতকে পাদ্কায্গল ন্যাসস্বর্প দান করিয়া নির্বাধাতিশয়সহকারে তাঁহাকে প্রতিনিব্ত করিলেন। তথন
ভরত প্রার্থনাসিন্ধি-বিষয়ে একান্ত হতাশ হইয়া রামচন্দ্রের চরণ বন্দনপূর্বক
নিন্দ্রামে সম্পশ্থিত হইলেন এবং তথায় রামের আগমনকাল প্রতীক্ষা করত
রাজ্য পালন করিতে লাগিলেন। ভরত প্রতিগমন করিলে সত্যপ্রতিজ্ঞ জিতেন্দ্রির
রামও প্রবাসীদিগের প্নরাগমন আশান্কা করিয়া চিত্রক্ট হইতে সাবধানে
দশ্চকারণ্যে প্রবেশ করেন।

পদ্মপ্রাশকোচন রাম সেই মহারণ্যে উপস্থিত হইয়া বিরাধ নামক রাক্ষসের বধ সাধনপূর্বক মহার্ষি শরভংগ, স্তেকির, অগস্তা ও অগস্তা-ভাতা ইধ্রবাহের সহিত সাক্ষাং করিলেন। অনন্তর তিনি মহাতপা অগস্তোর আদেশে ঐন্দ্রধন্ত, অক্ষয় শর, ত্পীর ও খড়া গ্রহণ করিয়া যংপরোনাস্তি হৃষ্ট ও সন্তুই হন।

থংকালে রামচন্দ্র সেই দ-ডকারণ্যে বানপ্রস্থাদিগের সহিত অবস্থান করিতে-



ছিলেন, সেই সময় তপোধনগণ অস্ত্র ও রাক্ষসদিগের বিনাশ বাসনায় তাঁহার নিকট উপস্থিত হন। রামও তদ্দণ্ডে সেই সমস্ত দণ্ডকারণ্যবাসী অণ্নিকল্প ঋষিদিণের সমিধানে রণক্ষেত্রে রাক্ষস ও অস্ত্রে সংহারে অংশীকার করেন।

অনশ্তর তিনি একদা জনস্থানবাসিনী কামর্পিণী শ্পণিথার নাসাক্রণ ছেদন করিয়া দিলেন। পরে তত্তা রাক্ষসগণ শ্পেণিথার উত্তেজনায় সংগ্রামার্থ স্সন্জিত হইল। রাম যুদ্ধে প্রবৃত্ত হইয়া থর, তিশিয়া ও দ্যুণকে অন্চরগণের সহিত রণশায়ী করিলেন। দশ্ভকারণো অবস্থানকাঞ্জ্িছার হস্তে ঐ স্থানের

চতুদ'শ সহস্র রাক্ষস নিহ'ত হইয়াছিল।

অনন্তর রাক্ষসরাজ রাবণ জ্ঞাতিবধবার্তা প্রাণ্ধি প্রোধে একান্ত অধার হইয়া মারীচ নামক এক রাক্ষসকৈ সাহায়্য প্রদানিত প্রার্থনা করেন। মারীচ রাবণকে এইর প অসমসাহসের কার্যে প্রবৃত্ত দেনিক বার বার নিবারণপর্বক কহিয়াছিল, মারণ! মহাবার রামের সহিত বিরোধ করা তোমার শ্রেমন্তর নহে। কিন্তু রাবণ মত্যু-প্রেরিত হইয়া মারীচের বাক্ষে অনাদর প্রদর্শনেপ্র্বক তাহার সহিত রামের আশ্রমে গমন করিল এবং রেম জটায়রর বধসাধনপ্র্বক জানকাকৈ হরণ করিয়া আনিল। অনন্তর রামচন্দ্র সীতা অপহত ও পক্ষান্দ্র জটায়রকে নিহত দেখিয়া শােমাক্রিতির বিলাপ করিতে লাগিলেন। পরে জটায়র আণ্নসংস্কার করিয়া দ্রাহিত মনে বনে বনে সীতান্বেরণে প্রবৃত্ত ইইলে, ঘােরদর্শন বিকটাকার কর্মধ নামক এক রাক্ষসকে দেখিতে পাইলেন। অনন্তর তিনি কর্মধে বিনাশ করিয়া তাহার মৃতদেহ চিতানলে ভঙ্গাভত্ত করিলে সে দিব্য গন্ধর্ব-র্প প্রাণ্ড হইয়া ম্বর্গারেহণ করিল এবং স্বর্গারেহণকালে রামকে সন্বোধনপর্বক কহিল, রাম! তুমি এক্ষণে ধর্মশালা তাপসী শবরীর নিকট গমন কর। রাম তাহার বাক্ষে শবরী-সাহ্রধানে গমন করেন এবং শবরী কর্তৃক ধ্রোচিত উপচারে অচিত হইয়া সন্পাতীরে মহাবীর হন্মানের নিকট সম্পান্থত হন।

অনন্তর হন,মানের বাক্যান,সারে স্থাতিরে নিকট গমন করিয়া তাঁহার সমক্ষে আদ্যোপানত আত্মবৃত্তানত—বিশেষত সীতার দর্বকথার বিষয় অবিকল সকলই কহিলেন। কপিবর স্থাতিব রামের মূখে দ্বংথের কথা শ্রবণ করিয়া আন্নিসিম্নানে প্রেনিকত মনে তাঁহার সহিত সখ্য স্থাপন করিলেন। পরে রাম, কপিরাজ বালীর সহিত তাঁহার কি কারণে বৈর উপস্থিত হইয়াছে, এই কথা জিজ্ঞাসা করিলে স্থাতিব বন্ধজের অন্রোধে বিষয় মনে সমস্ত কহিতে লাগিলেন। রাম তংসম্দের শ্রবণ করিয়া বালিবধোন্দেশে প্রতিজ্ঞা-পাশে বন্ধ হন। অনন্তর স্থাতিব রামের নিকট মহাবীর বালীর বলবীর্ষের পরিচয় প্রদান

করিলেন এবং তিনি বালীর তুলাবল হইবেন কি না এই ভাবিয়া ভীত হইতে লাগিলেন। তংপরে তিনি বালীর বলবন্তার রামের সম্যক্ বিশ্বাস উৎপাদনের নিমিন্ত দৈত্য দ্বন্দ্ভির পর্বতাকার দেহ দেখাইয়া দিলেন। মহাবাহ, মহাবল রাম দ্বন্ভির অন্থি দর্শনে ঈষং হাস্য করিয়া পাদাখ্যুন্ত প্যারা শতষোজন অন্তরে তংসম্দ্র নিক্ষেপ করিলেন এবং একমান্ত শরে সম্ততাল, পর্বত ও রসাতল ভেদ করিয়া স্থোবির মনে বিশ্বাস উৎপাদন করিয়া দিলেন। তখন স্থোব রামের এইর্প অত্যাশ্চর্ষ কার্য স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া সমাক বিশ্বসত ও প্রাত হইয়া তাঁহার সহিত কিন্দিশ্বায় গমন করিলেন।

অনন্তর স্বর্ণের ন্যায় পিশালবর্ণ কপিবর স্থাবি কিন্কিন্ধায় উপস্থিত হইয়া সিংহনাদ পরিত্যাগ করিতে লাগিলেন। মহাবল বালী সেই সিংহনাদ শ্রবণে তারাকে সম্মত করিয়া সংগ্রামার্থ নিগতি ও স্থাবীবের সহিত সমাগত হইলেন। তথন রাম স্থাবির আগ্রহে একমার শরে সমরে বালীর প্রাণ সংহার করিলেন এবং বালীর রাজ্য স্থাবিকে দিলেন।

তংপরে কণিরাজ স্থাবি বানরগণকে আহ্বানপ্রেক জানকীর অন্বেষণার্থ তাহাদিগকে চতুদিকে প্রেরণ করিলেন। মহাবীর হন্মান পক্ষীন্দ্র সম্পাতির বাক্যে শতবোজনবিস্তীর্ণ লবণসমূদ্র পার হইরা ক্ষেত্ররাজ্ব রাবণের স্রক্ষিত প্রী লগ্কার প্রবেশপ্রেক অশোকবনে ধার্কি নিমন্দা সীতাকে দেখিতে পাইলেন এবং তাহাকে রামের সংবাদ নিক্ষেত্র ও অভিজ্ঞান প্রদর্শনপ্রেক আশ্বাসিত করিয়া ঐ বনের তোরণন্বার চার্কিরলেন। তংপরে মার্তি পাঁচজন সেন্স্রেকি, সাতজন মন্ত্রিক্মার ও রাবণতন্ম

তংপরে মার্নিত পাঁচজন সেন্সেনিই, সাতজন মহিত্রমার ও রাবণতন্য মহাবীর অক্ষকে বিনাশ করিয়া মেখনিটার রক্ষান্তে বন্ধ হন এবং তিনি সর্বলোক-পিতামহ রক্ষার বরে অবিলন্তে ক্লিন্ডি-কৃত বন্ধন হইতে মৃত্ত হইবেন জানিয়া যে-সমস্ত রাক্ষস তাঁহাকে করিয়া লাইয়া বাইতেছিল, রাবণকে নেচগোচর করিবার নিমিত্ত তাহাদিগতে ক্ষমা করেন। অনন্তর কেবল অশোকবন ব্যতিরেকে সমস্ত লংকা দশ্ধ করিয়া রামচন্দ্রকে এই প্রিয় সংবাদ দিবার নিমিত্ত প্রবায় তাঁহার নিকট সম্পুলিথত হন।

অপরিছিল বলব্দিধসম্পন হনুমান মহাত্মা রামের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে প্রদক্ষিণপূর্বক কহিলেন, প্রভাে! আমি ষথার্থতেই জানকীকে দেখিয়া আসিলাম রাম হনুমানের মুখে এই কথা শ্রবণ করিয়া স্থাবির সহিত সাগর-তাঁরে গমনপূর্বক সূথেরি ন্যায় প্রথন শরনিকরম্বারা সম্দ্রকে ক্রভিত করিলেন। সম্দূর রাম-শরে নিতান্ত নিপাঁড়িত হইয়া তাঁহার নিকট উপস্থিত হইল। তখন রাম সম্দূরে বাক্যান্সারে নলের সাহায়ে সেতু প্রস্তৃত করিয়া লইলেন এবং সেতু স্বারা লঙকার উপস্থিত হইয়া রাক্ষসরাজ রাবণকে বিনাশ করিলেন।

রাম রাবণকে বধ করিয়া জানকীকে উন্ধার করেন, কিন্তু তাঁহাকে উন্ধার করিয়াও বহুকাল রাক্ষস-গৃহে অধিবাস-নিবন্ধন লোকাপবাদভয়ে তাঁত ও অতানত লজ্জিত হইলেন এবং সর্বসমক্ষে তাঁহার প্রতি অতি কঠোর বাক্য প্রয়োগ করিতে লাগিলেন। পতিরতা সহীতা তাহা সহ্য করিতে না পারিয়া অণিনপ্রবেশ করেন। পরিশেষে রাম অণিনর বাক্যান্সারে সহীতাকে নিম্পাপা বোধ করিয়া হ্টান্তঃকরণে প্নরায় তাঁহাকে গ্রহণ করেন। দেবতা ও ঋষিগণ এই কার্যের নিমিন্ত তাঁহাকে বারবার সাধ্বাদ প্রদান করিয়াছিলেন এবং গ্রিলোকম্থ সমস্ত লোক যারপরনাই সন্তুষ্ট হইয়াছিল। পরে তিনি রাক্ষসপ্রধান বিভাষণকে লঙকায়

অভিষেকপ্রাক কৃতকার্য ও গভন্ধর হইয়া আনন্দিত হন।

অনশ্তর রাম অমরগদের নিকট বরলাভপ্রেক বানরদিগকে সমরশয়া হইতে উত্থাপিত করিয়া স্থাদ্গণ সমভিব্যাহারে প্রুপক রথে আরোহণ করত অযোধ্যাভিম্থে যাত্রা করিলেন এবং মহর্ষি ভরম্বাজের আশ্রমে উপনীত হইয়া ভরতের নিকট হন্মানকে পাঠাইলেন; পরে স্থাবি প্রভৃতি স্থাদ্গণের সহিত প্রেরায় প্রুপকে আরোহণ করিয়া অভীত ব্তাশ্ত বর্ণন করিতে করিতে নিন্দ্রামে উপস্থিত হন। একশে তিনি তথায় দ্রান্তগণের সহিত মনতকের জ্যাভার অবতরণপ্রেক সীতার রূপের অন্র্প রূপ ধারণ করিয়া প্রুবায় রাজ্য গ্রহণ করিয়াছেন।

হে তপোধন! অযোধ্যাধিপতি রাম পিতার ন্যার প্রজাপালন করিতেছেন। তাঁহার এই ব্রাজ্যকালে প্রজারা হ্ল্পিন্ট, আধিব্যাধি-বিবজিত, দৃভিক্ষভয়শ্ন্য ও ধার্মিক হইবে। পিতা কদাচই প্রের মৃত্যু স্বচক্ষে প্রত্যক্ষ করিবে না। নারীগণ সধবা ও পতিব্রতা থাকিবে। তাঁহার রাজ্যমধ্যে অন্নি-ভয়, বায়্-ভয় ও তংকর-ভয় তিরোহিত হইয়া যাইবে। কেহই জলমধ্যে নিমণ্ন হইয়া প্রাণত্যাগ করিবে না। নগর ও রাদ্যসকল ধনধান্যসম্পান হইবে। সকলেই সত্যর্গের ন্যায় নির্ন্তর স্থেষ কালহরণ করিবে। সেই রঘ্কুলতিলক রাম বহু ব্রের্কি বহুসংখ্য অন্বমেধ যজ্ঞা অনুষ্ঠান করিয়া বিশ্বান ব্রাজ্যগণকে বিধান্য প্রিরের অবৃত্ত কোটি ধেন্ ও প্রচ্নের ধন দানপ্রেক অনেকানেক রাজবংশ সংক্রপন করিবেন। তিনি রাজ্যাদি বর্ণচতুন্তরকে স্থা স্বান্ধ নিয়োগ করিয়ে ক্রিকে। এইর্পে তিনি দশ সহস্ল ও দশ শত বংসর রাজ্য শাসন করিয়ে প্রশ্নেলাকে গমন করিবেন।

বর্ত কর্ম বন নালন্ত্র ক অলেকালেক রাজ্বলো ব্রেক্সান কার্বেন। গুলান প্রাধানাদি বর্ণ চতুন্টরকে স্থ স্ব ধর্মে নিরোগ করিয়ে স্থালাকে গমন করিবেন। এইর্পে তিনি দশ সহস্র ও দশ শত বংসর রাজ্য শাসন করিয়ে স্থালাকে গমন করিবেন।
বে ব্যক্তি এই আর্ট্রুকর, প্রিক্তি সাপনাশক, প্রাজ্তনক, বেদোপমিত রামচিরত পাঠ করিবেন, তিনি সক্রে পাপ হইতে মূল্ভ হইরা প্রে, পোর ও অন্চর্গণের সহিত দেহান্তে দের্ভিক গিয়া স্থী হইবেন। যদি ব্রহ্মণ এই উপাধ্যান পাঠ করেন, তিনি বাক্-স্টিতা, করিয় রাজ্য, বিণক্ বাণিজ্যে বহু অর্থ ও শ্রে মহতু লাভ করিবেন।

ন্বিভীয় সর্গ ॥ ধর্মপরায়ণ দশিষা মহবি বাল্মীকি দেববি নারদের বাকা প্রবণ করিয়া তাহাকে প্রেল করিলেন। নারদ বাল্মীকি কর্ত্ক যথোচিত উপচারে অচিতি হইয়া তাহাকে সম্ভাষণ ও তাহার অন্মতি গ্রহণপ্রিক দেবলোকে প্রম্থান করিলেন।

অনন্তর বালমীকি মূহ্ত্কাল আশ্রমে অবস্থিতি করিয়া ভাগারিথীর অদ্রে স্রোভন্বতী তমসার তীরে উপস্থিত হইলেন। তিনি তথার উপস্থিত হইরা নদীর অবতরণপ্রদেশ কর্দমশ্না দেখিরা পাশ্ববিত্তী শিষ্য ভরন্বান্ধকে সম্বোধনপূর্বক কহিলেন, বংস! দেখ, এই তীর্থ কেমন রমণীর ও কর্দমশ্না এবং সচ্চরিত্র মন্যোর চিত্তের ন্যার ইহার জল কেমন স্বচ্ছ; এক্ষণে তুমি কলস রাখিয়া আমাকে বন্ধল দেও, আমি এই নদীতে অবগাহন করিব। গ্রে-শ্রা্মান্ব াী শিষ্য ভরন্বান্ধ বালমীকি কর্তৃক এইর্প অভিহিত হইয়া আবিলন্বে তাঁহাকে বন্ধল প্রদান করিলেন। বালমীকি শিষ্য-হস্ত হইতে বন্ধল গ্রহণপূর্বক তাঁরবত্তী নিবিড় অরণ্য নিরীক্ষণ করত ইতস্তত বিচরণ করিতে লাগিলেন।

সেই কানন-সমীপে এক ক্রোণ্ডিমিথ্ন মধ্র স্বরে গান করত সুস্থ শ্রীবে বি**হার করিতেছিল**, এই অবসরে অকারণ-বৈরী পাপর্মাত এক ব্যাধ আসিয়া সহসা তন্মধ্যে ক্রোণ্ডকে বিনাশ করিল। তখন ক্রোণ্ডী ক্রোণ্ডকে নিহত ও শোণিতলিত কলেবরে ধরাতলে বিল্যাপ্তিত দেখিয়া এবং সেই তামু-শার্ষ কামোন্মন্ত আয়ত-পক্ষ সহচরের সহিত চির-বিরহ উপস্থিত স্থির করিয়া কাতর-স্বরে রোদন করিতে লাগিল। ধর্মপরায়ণ মহর্ষি বাল্মীকি সম্ভোগ-প্রবৃত্ত বিহণ্যকে নিষাদ কর্তক নিহত দেখিয়া বিষাদ-সাগরে একান্ত নিমণন হইলেন। ক্রোন্ডীর কর্মণ ক-ঠম্বরে তাঁহার অল্ডরে দয়ার সন্তার হইল। তথন তিনি এই কার্য নিতানত অধনজনক জ্ঞান করিয়া কহিলেন, রে নিষ্দে! তই ক্রোণ্ডিমিথান হইতে কাম-মোহিত ক্রোণ্ডকে বিনাশ করিয়াছিস: অতএব তুই চিরকাল প্রতিষ্ঠা-ভাজন হইতে পারিবি না। বাল্মীকি নিষাদকে এইরূপ অভিশাপ দিয়া, আমি এই শকুনির শোকে আকুল হইয়া কি কহিল্যম, বারবার এই চিণ্টা করিতে লাগিলেন। অনন্তর সেই বৃণ্ধিমান্ জ্ঞানবান্ মহবি মনে মনে এই বিষয় আন্দোলন ও সম্যক্ অবধারণপূর্বক শিষ্যকে সন্বোধন করিয়া কহিলেন, বংস! আমার এই বাক্য চরণক্ষ অক্ষর-বৈক্ষ্য-বিরহিত ও তল্টীলরে গান করিবার সমাক্ উপযান্ত হইয়াছে; অতএব ইহা যখন আমাুর শোকাবেগ-প্রভাবে কণ্ঠ হইতে নিগতি হইল, তখন ইহা নিশ্চয়ই শেলুব্ৰুইপে প্ৰথিত হউক, শিষ্য ভরশ্বাঞ্জ গ্রেলেবের এইর্প বাক্য শ্রবণ করিয়(প্রাতি মনে তাহাতে অন্মোদন করিকেন এবং মহর্ষিও তাঁহার প্রতি বথেচ্চিত সন্তুল্ট হইলেন।

অনন্তর বাল্মীকি বিধানান,সারে প্রস্তুর স্নান করিয়া ঐ শেলাকোৎপত্তির বিষয় চিশ্তা করিতে করিতে আছুল্লে প্রত্যাগমন করিলেন। শাস্মজ্ঞানসম্পল্ল বিনীতস্বভাব তদীয় শিষ্য ভর্ত্ত্বভিত্ত প্রত্যে জলপর্ণে কলস লইয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ আসিয়া উপস্থিত হহলেন।

ধর্মজ্ঞ খবি বালমীকি কিন্তু সমাভিব্যাহারে স্বীর আশ্রমে প্রবেশপূর্বক আসনে উপবেশন করিয়া নানাপ্রকর্ম কথা উথাপনকরত এক-একবার সেই শেলাকের বিষয় চিন্তা করিতেছেন, এই অবসরে মহাতেজা প্রজাপতি রক্ষা স্বয়ং তাঁহার দর্শনাথা তথায় আগমন করিলেন, বালমীকি তাঁহাকে দর্শন করিবামাত্র গাত্রোখান করিয়া



বিশ্ময়াবিদ্ট চিত্তে নিশ্তব্ধ হইয়া কৃতাঞ্চলিপটে বিনীতভাবে দন্দায়মান রহিলেন। তংপরে তিনি পাদা অর্দ্য আসন ও স্কৃতিবাদ দ্বারা তাঁহার অর্চনা করিয়া সাদ্যাণেগ প্রণিপাত করিলেন। তখন ভগবান পিতামহ পবিত্র আসনে উপবেশন করিয়া মহর্ষিকে অনাময় প্রশ্নপত্রিক আসন গ্রহণের আদেশ দিলেন।



মহার্ষ বাদমাকি প্রজাপতির অনুমতি অনুস্ত্ত উপবিষ্ট হইয়া ক্লোঞ্চ-বধসংক্লান্ত বিষয় চিন্তা করত মনে মনে কহিছে লাগিলেন, হায়! বৈয়াচরণপর
পামর বাাধ অকারণ সেই কলকণ্ঠ বিষয়েকি বিনাশ কয়য়য় কি কুকার্যই
অনুষ্ঠান কয়য়য়ছে। অনন্তর ক্লোক্সি নুঃখ বারংবার তাঁহার স্মরণ হইতে
লাগিল এবং উহার নিমিত্ত একার্ড শোকাক্ল হইয়া মনে মনে সেই শেলাক
পাঠ কয়িতে লাগিলেন।

তথন অন্তর্যামী ভ্রুছ্কিই ভগবান ব্রহ্মা সহাস্যমুখে মহর্ষিকে সন্বোধনপ্রেক কহিলেন, তপোধার্য়ী তোমার কণ্ঠ হইতে যে বাক্য নিঃস্ত হইয়াছে,
তাহা দেলাক বলিয়াই বিখ্যাত হইবে; এ বিষয়ে সংশয় করিবার আর আবশ্যকতা
নাই। তাপস! আমার সংকলপপ্রভাবেই তোমার মৃখ হইতে এই বাক্য নিগত
হইয়াছে, অতএব তুমি এক্ষণে সমগ্র রামচরিত রচনা কর। তুমি দেবর্ষি নারদের
নিকট যের্প শ্নিয়াছ, তদন্সারে সেই ধর্মশাল গম্ভীরন্বভাব ব্যুদ্ধিমান
রামের এবং লক্ষ্মণ, সীতা ও রাক্ষসদিগের বিদিত ও অবিদিত সমস্ত ব্ত্তান্ত
কীর্তন কর। নারদ যাহা কহেন নাই, রচনাকালে তাহাও তোমার স্ফ্র্তি
পাইবে। তোমার এই কাবোর কোন অংশই মিখ্যা হইবে না। অতএব তৃমি এই
রমণীর রামচরিত শেলাকবন্ধ কর। এই জীবলোকে যতকাল গিরিনদীসকল
অবস্থান করিবে, তের্টান্ন সংকৃত এই রামায়ণকথা প্রচারিত থাকিবে এবং
তত্তিন তোমার কীর্তি-শ্রীর উধ্বে ও অধোলোকে স্থায়ী হইবে। ভগবান
বন্ধা মহিষি বাল্মীকিকে এই কথা বলিয়া তথায় অন্তর্ধান করিলেন।

অনশ্তর সশিষ্য মহার্ষ বালমীকি এই ব্যাপারে বারপরনাই বিচ্মিত হইলেন। তাঁহার শিষ্যাগণ সেই শেলাক গান করত প্রতি ও বিস্ময়াবিল্ট হইয়া বারংবার কহিতে লাগিলেন, গ্রুদেব তুল্যাক্ষর চরণচতুন্টয়সম্পল্ল যে পদাবলী গান করিয়াছেন, শোকাবেগ-প্রভাবে উচ্চারিত হওয়াতে তাহা শেলাক বলিয়া প্রথিত হইয়াছে। এক্ষণে সেই মহাত্মা এই প্রকার শেলাকে রামায়ণ রচনা করিবেন, এইর্প সংকল্পও করিয়াছেন।

উদারদর্শন অত্ল কীতিসম্পন্ন মহার্য বাল্মীকি উৎকৃষ্ট ছন্দ অর্থ ও পদয্ত্ত তুল্যাক্ষর মনোহর বহুসংখ্য দেলাক দ্বারা দশরথ-তনয় রামের যশস্কর কাব্য রচনা করিয়াছেন। পাঠক! এক্ষণে সেই সমাস সন্থি ও প্রকৃতি-প্রত্যয়-যোগসম্পন্ন দোষ-বিরহিত মধ্রে ও প্রসাদগ্রোপেত বাক্যে সংকলিত খবি-প্রণীত রামচারিত ও রাবণবধ শ্রবণ কর।

ভৃতীয় সর্গা। মহার্য বাল্মীকি দেব্যর্য নারদের নিকট ত্রিবর্গসাধক হিতজনক সমগ্র রামচরিত শ্রবণ করিয়া প্রনরার সেই ধীমান্ রামের ইতিবৃত্ত প্রকৃতর্প জ্ঞাত হইতে ইচ্ছা করিলেন এবং প্রাভিম্থ কুশের আসনে উপবেশন ও বিধানান,সারে আচমনপূর্বক কৃতাঞ্জলি হইয়া যোগবলে তাহা অনুসংধান করিতে লাগিলেন। রাম, লক্ষ্মণ ও সীতা এবং ভার্যা প্রজা ও অমাত্যাদি সহিত রাজা দশর্থ, ই'হাদিগের হাস্য-পরিহাস, কথাবাতী ও ক্রিয়াকলাপ এই সমস্ত যেন তাঁহার প্রত্যক্ষবৎ পরিদাশ্যমান হইতে লাগিল। সত্যসন্ধ রাম, লক্ষ্যুণ ও সীভার সহিত বনে বনে প্র্যুটন করত যের প দুর্গতি লাভ করিয়াছিলেন, তাহা এবং তাঁহাদিগের অন্যান কর্ম করতলপথ আমলকের ন্যায় তিনি দেখিতে পাইলেন তখন মুক্তমতি মহর্মি যোগবলে এই ন্যায় তান দেখেতে পাহলেন। তখন মহটোত মহার্য যোগবলে এই
সমসত অবগত হইয়া নারদ কর্তৃক পরে তিতিত, ধর্ম ও কামপ্রতিপাদক
সম্দের ন্যায় নানাবিধ সারবং পদাথে ব অধ্বার, শ্রবণ-মনোহর রামচরিত রচনা
করিতে লাগিলেন। রামচন্দের জন্ম কাহার বল, লোকান,রাগিতা, প্রিয়তা,
ক্ষমা, সোম্যতা ও সত্যশীলতা ধর্ম মহার্ষ বিশ্বামিত্রের সহিত গমনকালে
পথিমধ্যে পরস্পরের যের্প অভাশিত্য কথোপকথন হইয়ছিল, তংসমাদয় এই
গ্রান্থে বণিত হইয়াছে। ত্রুপ্রে জানকীর বিবাহ, ধন্ত্রণ, ভাগবের সহিত
রামের বিবাদ ও রামের গ্রেসমাদের, রাজ্যাভিষেক, কৈকেয়ীর দ্বেডভাব, রাজ্যাভিষেকের ব্যাঘাত, রামের বনবাস, রাজা দশরথের শোক, বিলাপ ও পরলোকপ্রাণ্ডি, প্রজাবর্গের বিষাদ ও অবোধ্যায় প্রত্যাগমন, নিষাদাধিপ-সংবাদ, সার্রাথ স্ক্রমন্ত্রের প্রত্যাবর্তনি, গঞ্গা-সন্তরণ, রামের ভরম্বাজ সন্দর্শনি, ভরশ্বাজের আদেশানুসারে রামের চিত্রকুট পর্বতে গমন ও তথায় পর্ণকুটীর নিমাণ, ভরতের অ্লগমন ও ভরতকৃত রামের প্রসাদন, রামের পিতৃতপণি পাদ্বকা-অভিষেক, ভরতের নান্দিগ্রামে বাস, রামের দণ্ডকারণ্য গমন, বিরাধবধ, শরভংগ দশনি, স্তীক্ষা সমাগম, অনস্থার সহিত সীতার একত অবস্থান ও সীতার দেহে অনস্যার অঞ্গরাণ প্রদান, রামের অগ্নতা দর্শন, ধন্প্রহণ, শ্পণিখা-সংবাদ ও তাহার বির্পেকরণ, খর ও গ্রিশিরা নামক রক্ষসন্বয়ের বধ, রাবণের স্বীতা হ্রণোদ্যোগ, মারীচবধ, স্বীতাহরণ, রামচন্দ্রের বিল্পাপ, জটাযার মৃত্যু, রামের কবল্ব দশনি, পম্পা দশনি, শবরী দশনি, ফলমূল ভক্ষণ, পম্পা-তীরে বিলাপ, হন্মদ্রশন, ঋষ্মেকে গমন, স্থাবি-সমাগম, স্থাবিব বিশ্বাসোৎপাদন ও ভাঁহার সহিত সখাভাব, বালি-সাগ্রীব-বিগ্রহ, বালিবিনাশ, স্ত্রীবের রাজ্যপ্রাণিত, ভারা-বিলাপ, রাম-স্ত্রীব-সংক্তে, বর্ষানিশায় আবাস-গ্রহণ, রামের ক্রোধ, কপিবল সংগ্রহ, দুভ প্রেরণ, পৃথনীসংস্থান কথন, রামের অ•গ্রীয় দান, জাম্ববানের গহ্বর দশনি, বানরগণের প্রায়োপবেশন, হন্মানের সম্পাতি দর্শন, পর্বভারোহণ, সাগরজংঘন, সমুদ্রের বাক্যে মৈনাক দর্শন,

রাক্ষসী-তর্জন, ছারাগ্রাহ রাক্ষসের দর্শন, সিংহিকানিধন, লাণ্কাদর্শন. রাহিকালে লাণ্কাপ্রী প্রবেশ, অসহায় অবস্থায় কর্তব্যাবধারণ, পানভূমি গমন,
অন্তঃপর্রদর্শন, রাবণের সহিত সাক্ষাংকার, প্রুণ্পক নিরীক্ষণ, অশোক বনে
গমন, সীতাদর্শন, অভিজ্ঞান প্রদান, সীতার বাকা, রাক্ষদী-তর্জন, হিজটার
স্বান্দর্শন, সীতার মণিপ্রদান, ব্কভণা, রাক্ষদী বিদ্যাবণ, কিংকর সংহার,
হন্মানের বন্ধন, লাণ্কাদাহকালে হন্মানের গর্জন, প্রনরায় সাগরলংখন,
মধ্হরণ, রামচন্দ্রকে আন্বাস দান, মণিপ্রদান, সম্দ্র-সমাগম, সেতৃবন্ধন,
সম্দ্রোন্তরণ, রজনীতে লাণ্কাবরোধ, বিভীষণ-সংস্কা, বধোপায় নিবেদন, কৃণ্ডকর্ণনিধন, মেঘনাদবধ, রাবণবিনাশ, রামের সীতাপ্রাণিত, বিভীষণের রাজ্যাভিষেক,
প্রণকদর্শন, অযোধ্যায় আগমন, ভরণ্বাজ্ঞ সমাগম, হন্মানকে নিশপ্রামে
প্রেরণ, ভরতের সহিত সমাগম, রামাভিষেক, সৈন্যগণের বিদায়, রাণ্টান,রাগ ও
সীতা পরিত্যাগ, মহর্ষি বাল্মীকি এই সম্পত্ত এবং রামের অপ্রচারিত অন্যান্য
সম্প্র বিষয় স্বপ্রণতি কাল্যমধ্যে বর্ণন করিয়াছেন।

চতুর্য সার্য । রন্ত্র্ল-তিলক রাম রাজ্য লাভ্র করিলে মহর্ষি বালমীকি বিচিন্ন পদ ও অর্থসংযুক্ত রামচরিত সংক্রাক্ত কর্ম মহাকার্য রচনা করিলেন। এই কাব্যমধ্যে চতুর্বিংশতি সহস্র শেলাক প্রিমত সর্গ ও ছর কাণ্ড এবং উত্তর কাণ্ড প্রস্তৃত আছে। এই উত্তরকাণ্ডে বুর্তা-পরিত্যাগ আরুদ্ধ করিয়া তাঁহার ভ্র্ণার্ভ প্রবেশ পর্যান্ত বর্ণাত হইমুদ্ধি মহর্ষি এই সাতকাণ্ড রামারণ প্রস্তৃত করিয়া ইহার প্রচার বিষয়ে চিসুর্ব্বে করিতে লাগিলেন। এই অবসরে ম্নানবেশ-ধারী আশ্রমবাসী যশস্বী মেজুর্মার কুশ ও লব আসিরা তাঁহাকে প্রণাম করিলেন। তথন মহাজ্য মহুর্বি ধর্মজ্ঞ মেধাবী মধ্রম্বরসাণ্পন্ন কুশ ও লবকে কাব্যার্থবাধে সমর্থ বিষয়া তাঁহাদিগকে বেদার্থগ্রহণ ও তাহার সংগ্রা সংগ্রারণবধ নামক সীতা-চরিত-সংক্রান্ত স্বকৃত সমগ্র রামারণ কাব্য অধ্যরন করাইতে লাগিলেন। ঐ দুই ল্রাতা গন্ধ্বের ন্যার পরম স্কেনর ও মধ্র-কণ্ঠন্বরসম্পন্ন ছিলেন। উহারা সংগীতবিদ্যা এবং স্থান ও ম্ছ্নাতত্ব সম্যক্ত আয়ন্ত করিয়াছিলেন। ইহাদিগকে দেখিলে বিন্ব হইতে উথিত প্রতিবিদ্বের ন্যার রূপে রামেরই অন্তর্গ বোধ হইত।

অনশ্তর দ্রাত্যাগল কুশ ও লব, পাঠ ও গতিকালে একাশত শ্রুতিস্থকর, দ্বত মধ্য ও বিলম্বিত এই তিবিধ প্রমাণসম্মত বজ্জাদি সম্তদ্বরসংয্ত্র, তাললয়ান্ক্ল এবং শৃংগার-হাস্য-কর্ণ-রোদ্র-বীর প্রভৃতি রস-বহলে মহাকাব্য রামাযণ শিক্ষা করিতে লাগিলেন এবং অন্তিদীর্ঘকাল মধ্যে সেই ধর্মসংক্রান্ত উৎকৃষ্ট উপাখ্যান কণ্ঠম্থ করিয়া রামাণ, তপোধন ও সাধ্সমাজে স্বিশেষ অভিনিবেশসহকারে শিক্ষান্র্প গান করিতে প্রবৃত্ত হইলেন।

একদা সেই সর্বস্পেক্ষণসম্পন্ন মহাভাগ মহাত্মা কুশী ও লব সভামধ্যে সমবেত বিশ্বদেশবভাব ঋষিগণের সমক্ষে এই মহাকার্য গান করিতে লাগিলেন। ধর্ম-বংসল ঋষিগণ তাঁহাদিগের সভগীত প্রবণে প্রীত ও বিদ্যিত হইয়া বাধ্পাকুললোচনে তাঁহাদিগকে বারংবার সাধ্বাদ প্রদানে প্রবৃত্ত হইলেন। কেহ কেহ প্রশংসনীয় গায়ক কুশ ও লবের সবিশেষ প্রশংসা করিয়া কহিলেন, অহা! গীতের কি মাধ্রী, শ্লোকসকলই বা কি মনোহারী হইয়াছে। বহুকাল হইল,

রামের এই সকল কার্য সম্পন্ন হইয়া গিয়াছে; তথাচ অধ্না যেন তংসমান্দয় প্রত্যক্ষবং পরিদৃশ্যমান হইতেছে!

অনশ্বর কৃশ ও লব ভাবে উদ্মন্ত হইয়া শ্রোতৃগণের চিত্ত আর্র্ড করত মধ্র উচ্চ ও বড়্জাদি স্বরে গান করিতে লাগিলেন। তপঃপরায়ণ ঋষিগণের মৃথ হইতে প্রশংসাধর্নন উচ্চারিত হইতে লাগিল। তখন ভাঁহাদিগের মধ্যে কেই সহসা উত্থিত হইয়া কৃশ ও লবকে এক কলস প্রদান করিলেন। কেই প্রসম হইয়া বলকল দিলেন। কোন ঋষি কৃষ্ণাজিন, কেই বজ্ঞসার, কেই কমণ্ডলা, কেই ম্প্রানিমিত তন্তু, কেই আসন ও কেই বা কোপান দান করিলেন। কোন এক ম্নিন সন্তুন্ত ইইয়া একখানি কুঠার দিলেন। কেই বা কাষায়বন্দ্র, কেই চীরবন্দ্র, কেই জটাবন্ধন-রক্ত্রা, কেই কাষ্ঠারনিশ্বন-রক্ত্রা, কেই কাষ্ঠারনিশ্বন ক্রেল্ডা হইয়া একখানি কুঠার দিলেন। কেই বা কাষায়বন্দ্র, কেই কাষ্ঠানভার, এবং কেই কেই উদ্দেশ্বর-নিমিতি পাঠ প্রদান করিলেন। কোন মহর্ষি "ন্বান্দ্রত" কেই বা "দীর্ঘার্বন্তু" বলিয়া হন্তোভোলনপূর্বক প্রতি মনে আশার্বাদ করিতে লাগিলেন।

সত্যবাদী খাষিগণ কৃশ ও লবকে এইর্প আশীবাদ করিয়া কহিলেন, মহাত্মা বাল্মীকি যথাক্তমে যে উপাখ্যান সংকলন করিয়াছেন, ইহা অতি চমংকার হইয়াছে এবং প্রবেশ্ব-রচনা বিষরে ইহা কবিগণের প্রকাশ্ব অবলম্বন হইবে। হে সংগতি-স্নিস্থ কুশলব! তোমরা এই আয়ুক্তী স্ভিটকর ও প্রবেদ্মনোহর উপাখ্যান উত্তম গান করিয়াছ।

এইর্পে কৃশ ও লব সপ্ণতি করি সর্বত্ত প্রশংসা লাভ করিতে লাগিলেন। অনুষ্ঠার একদা ঐ দুই ক্রম্পি অবোধারে রাজমার্গে রামারণ গান করিতেছেন, এই অবসরে রাজা ক্রমেন্দু বদ্ছাক্তমে তাঁহাদিগকে দেখিতে পাইলেন। রাম সেই ভ্রাভূত্বয় ক্রমেন্দ্র বভবনে আন্য়নপর্বক তাঁহাদিগকে সমন্চিত সংকার করিলেন। ক্রমেন্ট্রিক বিশ্বনি কাঞ্চন-নিমিত দিবা সিংহাসনে উপবেশন করিলে, লক্ষ্মণ প্রভৃতি ভঙ্গিণ ও মন্ত্রিবর্গ তাঁহার সলিখানে উপবিণ্ট হইলেন। তখন রাম্বন্দু সেই বিনীত রুপসম্পল্ল কুশ ও লবকে নিরীক্ষণ করিয়া লক্ষ্মণ



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভরত ও শত্রাকে সন্বোধনপূর্বক কহিলেন, দ্রাতৃগণ! তোমরা এই দেবপ্রভাব উভর দ্রাতার নিকট বিচিত্র অর্থ ও পদসংযুদ্ধ উৎকৃষ্ট উপাধ্যান প্রবণ
কর। তিনি লক্ষ্যাণ প্রভৃতিকে এই কথা বলিয়া সেই গায়কন্বরকে গান আরশ্ভ
করিবার আদেশ দিলেন। তখন গায়ক কুশ ও লব উভরেই শ্রোতৃগণের কলেবর
প্রলিকত এবং হৃদয় ও মন আহ্যাদিত করিয়া নেক্ছান্তর্প উচ্চন্বরে রাগরাগিণী সহকারে বীণার ন্যায় মধ্র রবে স্পেন্টভাবে গান করিতে লাগিলেন।
প্র্তি-স্থকর গাঁতি, সমিতিমধ্যে সকলকে মোহিত করিতে লাগিল। তখন
রাজা রামচন্দ্র প্রেরায় ভাতৃগণকে সন্বোধনপূর্বক কহিলেন, দ্রাতৃগণ! এই তাপস
কুশ ও লব ম্নিবেশধারী হইলেও স্বদেহে রাজচিক্ত সম্দয় বহন করিতেছেন।
ই'হারা গায়ক এবং এই উপাধ্যানও অতি মধ্র ও আমারই বশস্কর, অতএব
তোমরা একণে অরহিত মনে ইহা প্রবণ কর। রাম দ্রাতৃগণকে এই কথা বলিয়া
প্রেরায় কুশ ও লবকে গাহিতে কহিলেন। কুশ ও লবও রাজা রামচন্দের আজ্ঞা
লাভ করিয়া সংস্কৃতাপ্রিত গতি গাহিতে লাগিলেন এবং রামও রাজসভায়
সমাসীন হইয়া আপনার চরিত্র চিরস্থায়ী হইবার বাসনার গতি প্রবণে একাতত
আসন্ত হইলেন।

পশ্বম সর্গা। প্রজাপতি মন্ অবধি জাপুলি বে-সমস্ত ন্পতি এই সসাগরা বস্মতীকে অনন্যসাধারণর পে বার্দ্ধ করিয়া আসিয়াছেন, বাঁহাদিগের বংশে সগর রাজা উৎপশ্ন হন, বে সংক্রির গমনকালে বভি সহস্র প্র অন্গমন করিতেন এবং বিনি সাগর খনন বৈর্দ্ধন আমরা শ্নিরাছি, ইক্ষাকুবংশীর সেই মহীপালগণের বংশ এই বিনারণ উপাখ্যানে কীতিতি হইয়াছে। অতএব এক্ষণে আমরা এই তিবগ্রিমান উপাখ্যান আদ্যোপান্ত গান করিব, আপনারা অস্য়া-শ্না হইয়া শ্রবণ ক্রিন।

স্রোতস্বতী সরযুর তীরে প্রচূর ধন-ধান্য-সম্পন্ন আনন্দকোলাহলপূর্ণ অতি-সমৃন্ধ কোশল নামে এক জনপদ আছে। ত্রিলোক-প্রথিত অবোধ্যা উহার নগরী। মানবেন্দ্র মন্, স্বয়ং এই পরে প্রস্তুত করেন। ঐ অযোধ্যা স্বাদশ যোজন দীর্ঘ ও তিন যোজন বিস্তীর্ণ। উহা অতি সূদৃশ্য। ইতস্ততঃ স্প্রশস্ত স্বতন্ত্র স্বতন্ত্র রাজপথ ও বহিঃপথসকল বিকসিত-কুস্মম-সমল্পকৃত ও নিয়ত জলসিস্ত হইয়া উহার অপূর্ব শোভা সম্পাদন করিতেছে। ঐ নগরীর চারিদিকে কপাট ও তোরণ এবং প্রণালীবন্ধ আপণসকল রহিয়াছে। কোন স্থানে নানা-প্রকার যন্ত্র ও অস্ত্র সঞ্চিত আছে। কোন স্থানে শিল্পিগণ নিরন্তর বাস করিতেছে। অত্যুক্ত অট্রালিকায় ধনজপট্রসকল বায়,ভরে বিকম্পিত হইতেছে এবং প্রাকার-রক্ষণার্থ *লৌহ-নিমি*তি **শতখ**্রী নামক বন্দ্রবিশেষ উচ্ছি_নত রহিয়াছে। উহাতে বধ্গণের নাট্যশালাসকল ইতস্ততঃ প্রস্তৃত আছে। প্রুৎপ-বাটিকা ও আয়ুবনসকল স্থানে স্থানে শোভা বিস্তার করিতেছে এবং নানা-দেশবাসী বণিকেরা আসিয়া বাণিজ্যার্থ আশ্রয় জইয়াছে। প্রাকার ও অতি গভীর দুর্গম জলদুর্গ ঐ নগরীর চতুর্দিক বেণ্টন করিয়া রহিয়াছে এবং উহা শনু-মিত্র উভয়েরই একানত দ্বাভিগম্য। উহার কোন স্থান হস্ত্যশ্ব ধর উদ্ধ ও গোগণে নিরন্তর পরিপূর্ণ আছে। কোষাও বা রম্ন-নির্মিত প্রাসাদ পর্বতের ন্যায় শোভমান রহিয়াছে। কোন স্থানে সূত ও মাগধগণ বাস করিতেছে।

কোন স্থানে বিহারার্থ গ্রুত গৃহ ও সম্ততন গৃহ নির্মিত আছে। ঐ নগরীতে বারনারীগণ নিরন্তর বিরাজ করিতেছে। তথাকার স্ববর্ণখচিত প্রাসাদসকল অবিরল ও ভূমি সমতল। উহা ধান্যতম্ভল ও নানাপ্রকার রক্তে পরিপূর্ণ এবং দেবলোকে সিম্পগণের তপোবললব্দ বিমানের ন্যায় উহা সর্বোংকুষ্ট ও সংপূর্বস্থা নিরুতর সেবিত আছে। তথাকার জল ইক্ষ্রসের ন্যায় স্মিষ্ট। ঐ নগরীর স্থানে স্থানে দুন্দুভি মৃদুন্গ বীণা ও প্রথমকল নিরন্তর বাদিত হইতেছে। কোন স্থানে বা সামন্ত রাজগণ আসিয়া করপ্রদান করিতেছেন। যাহারা সহায়হীন ও আত্মীয়শ্বজনবিহীন ও ল্কায়িত হয় এবং যাহারা বিরোধ উপস্থিত করিয়া পলায়ন করে এইরূপ ব্যক্তিসকলকে বে-সমস্ত ক্ষিপ্রহস্ত বীরেরা শর্মিকরে বিশ্ব করেন না, বাঁহারা শাণিত অস্ত ও বাহ,বঙ্গে বনচারী প্রমত্ত ভীমনাদ সিংহ, ব্যাঘ্র ও বরাহগণকে বিনাশ করিয়া থাকেন, এই প্রকার সহস্র সহস্র মহারথগণে ঐ মহানগরী পরিপূর্ণ রহিয়াছে। সাণিনক গুণবান বেদ-বেদাংগবেতা দানশীল সতাপরায়ণ মহাত্মা মহবিগণ তথায় নিরম্তর কালযাপন করিতেছেন, রাজ্যবিবর্ধন রাজা দশরথ সেই অতুল-প্রভা-সম্পল স্রনগরী অমরাবতী সদৃশ সর্বালৎকা্র্শ্রেভিত অযোধ্যা পালন ক্রিয়াছিলেন ৷

ষষ্ঠ সগ । সেই অযোধ্যা নগর (১৪) বেদ-বেদাখা-পারগ পরম-ধার্মিক দ্রদশী তেজস্বী বজ্ঞশীল ক্রিকিন্স-বিখ্যাত মহাবল-পরাক্রাম্ত খবিকম্প রাজবি দশরথ প্রতাপশালী মেইর ন্যার প্রজ্ঞাপালন করিতেন। ইক্ষবাকু-বংশীর ভ্পোলগণের মধ্যে জিটেন্সির দশরথ অতিরথ বলিয়া প্রসিম্ধ ছিলেন। ইনি একজন স্বাধীন বিশেষ। চতুরখগবল প্রভৃতি রাজ্যাধ্যসকল ইতার সংগ্রহ ছিল। পরে জনপদবাসী প্রজ্ঞারা ইতার প্রতি বিলক্ষণ



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনুরাগ প্রদর্শন করিত। ই'হার শনুসকল বিনন্ট ও মিন্তদল প্রুট হইত। ধন-ধান্যাদি সংগ্রহ নিবন্ধন ইনি স্বুররাজ ইন্দ্র ও কুবেরের অনুর্প বিলয়া প্রাথত ছিলেন। নিদশাধিপতি যেমন অমরাবতী রক্ষা করিয়া থাকেন, সেইর্প্ সেই সভাপ্রতিজ্ঞ রাজা দশরথ ধর্মার্থকাম অনুসরণপূর্বক অযোধ্যা পালন করিতেন।

তাঁহার রাজ্যকালে ঐ নগরীর লোকসকল ধর্মপরায়ণ শাস্তক্ত হুচ্ট স্বধন-সন্তৃথ্ট অল্যুস্থ-দ্বভাব ও সত্যবাদী ছিল। সকলেই প্রচারে পরিমাণে উত্তম উত্তম দ্রব্য সংগ্রহ করিয়া রাখিত। গো, অধ্ব ও ধন-ধান্য সঞ্চয় নাই এমন গৃহস্থই প্রায় তথায় দেখিতে পাওয়া বাইত না। যে যাহা অভিলাষ করিত তাহাই তাহার সিম্প হইত। কোন প্রেষ্ট কামোন্মত দ্রাচার ও জুর ছিল না। তথায় মূর্থ ও নাম্ভিকও দ্ভিগোচর হইত না। নরনারীসকল ধর্মশীল জিতেন্দ্রিয় স্বভাব-সম্ভূক্ট এবং মহর্ষিগণের ন্যায় প্রসন্নচিত্ত ছিল। সকলেই কুণ্ডল কিরীট ও মাল্য ধারণ করিত। ধর্মান্রগত ভোগস্থ চরিতার্থ করিতে কেহই কাতর **ছিল না। সকলেই প**রিষ্কৃত ব**স্তু ভোজন করিত এবং প**রিচ্ছল থাকিত। সকলেই দেহে চন্দন লেপন ক্রিত ও দানশীল कि। সকলেই অংগদনিত্ক ও করাভরণ ধারণ করিত। কাহারই মনোবৃত্তি উছ্টেপ্র ছিল না। সকলেই সাণিনক ও যাজিক ছিল। কেহই ক্লাণর তদক্ষ কদাচার ও জাতিসংকর-সম্প্রম ছিল না। দিবজ্বপা জিতেণ্ডির দানাধ্যন্ত্রস্থান ও অনিবিশ্ধ প্রতিগ্রহী ছিলেন। কেহই অস্যাপ্রবশ ও অশব্দ ছিল্পা। সকলেই সাণ্ডেগাপাংগ বেদ অধ্যয়ন ও ব্রতান্তান করিত। কেই দুর্থ কি তচিত্ত ও অন্যান্য রোগগ্রহত ছিল না। নরনারীসকল সর্বাণগস্থার ও অপ্রে শোভাসম্পন্ন ছিল। সকলে রাজার প্রতি অসাধারণ অন্রাগ প্রদৃষ্ট্র নিরত। ব্রাহ্মণাদি বর্ণ-চতৃষ্টর দেবভক্তিযুক্ত অতিথি-সংকারপর কৃতজ্ঞ বদান 💢 বীর ছিলেন। অকালমৃত্যু কাহ্যকেই সহ্য করিতে হইত না। সকলেই পরে পোঁত ও কলতে নিরন্তর পরিবৃত থাকিত। ক্ষতিয়েরা বান্ধণের ও বৈশ্যেরা ক্ষান্তিয়ের অনুবৃত্তি করিত এবং শুদ্রঞ্জাতি ব্রাহ্মণ, ক্ষান্তিয় ও বৈশ্যের সেবায় নিষ্ক্ত থাকিত।

গিরিদরী যেমন কেশরী ন্বারা পূর্ণ থাকে, সেইর্প সেই অযোধ্যা নগরী হ্তাশনের ন্যার তেজন্বী অকৃতিল-ন্বভাব অসহিন্দ্র ধন্বেদ-বিশারদ ও বারগণে পরিপূর্ণ ছিল। কান্বোজ বাহ্যীক ও পারস্য দেশার এবং সিন্ধ্র প্রদেশাংপক্ষ উক্তৈঃশ্রবাসদৃশ অশবসকল এবং বিশ্বা ও হিমালের পর্বতে জাত দিগ্গজ ঐরাবত মহাপদ্ম অস্তন ও বামনের কূলে উৎপন্ন ভদ্র, মন্দ্র ও মৃগ এই বিবিষ জাতি সম্পর্ক ভদ্রমন্দ্র, মন্দ্রমৃগ ও মৃগমন্দ্র এই ন্বিবিষ নিবিষ জাতি সম্পর্ক ভদ্রমন্দ্র, মন্দ্রমৃগ ও মৃগমন্দ্র এই ন্বিবিষ নিবিষ জাতি সম্পর্ক মদস্রাবী মহাবল নৈলের ন্যার উত্ত্রুগমাতপাসম্বহে অযোধ্যা সত্তই পরিপূর্ণ থাকিত। কেহ তথার বৃদ্ধ করিতে সমর্থ হইত না, এই নিমিত্র ঐ নগরীর নাম অযোধ্যা হইরাছিল। উহার বিশ্তার তিন যোজন, কিন্তু দুই যোজনের মধ্যে যুদ্ধার্থ কেহই সাহস করিতে পারিত না, শত্র-নাশন রাজা দশর্ম চন্দ্র যেমন নক্ষ্যগণকে শাসন করেন, সেইর্প সেই যথার্থ নামা স্কৃদ্ তোরণ ও অর্গলসম্পন্ন বিচিত্র গৃহ-পরিশোভিত বহ্লালোকস্বকুল ও মঞ্চালালয় অযোধ্যা শাসন করিতেন।

সশ্তম স্থা । ধ্লি, জরণত, বিজয়, স্রাণ্ট্র, রাণ্ট্রধান, অকোপ, ধর্মপাল ও অর্থাবিং স্মাণ্ট্র এই আটজন, মহাবার মহাত্মা রাজা দশর্থের মণ্ট্রী ছিলেন। ই'হারা যশম্বী বিশ্লেশভাব ও গ্লেবান: অন্যের মনোগত ভাব হ্দয়ণ্গম ও কার্যাকার্য পরিজ্ঞান বিষয়ে ই'হারা বিশেষ পারদেশী ছিলেন এবং ন্পতির হিতসাধনে নিরণ্তর যত্ন করিতেন। মহার্য বিশিষ্ঠ ও বামদেব এই দ্ইজন দশর্থের স্বপ্রধান ঋত্বিক ছিলেন। তিল্ডিয় স্কুজ, জাবালি, কাশ্যপ, গোতম, দীর্ঘায়্মার্কিটেয় ও কাত্যায়ন এই সকল ঋষি মন্ত্রী ছিলেন। দশর্থের প্রেষ-পরণেরত মন্ত্রিল ও কাত্যায়ন এই সকল ঋষি মন্ত্রী ছিলেন। দশর্থের প্রেষ-পরণেরতাত মন্ত্রিল এ সমন্ত রক্ষার্যিদিগের সহিত মিলিত হইয়া রাজকার্য পর্যালোচনা করিতেন। রাজ্মন্ত্রিণ তেজন্বী বিদ্যা ও বিনয়-সম্প্রম লক্ষাশীল নীতিনিপ্র জিতেনিপ্র ধন্বিদ্যাবিশায়দ অপ্রতিহতপরাজম ক্যিতিমান সাবধান দিমতপ্র্বাভিভাষী বশস্বী ক্ষমাবান্ ও ন্পতির নিদেশন্ত্রতা ছিলেন। ই'হারা কোনর্প অসং অভিস্থিম, অর্থলোভ বা

ক্রোধানবন্ধন কদাচই মিথ্যা বাক্ প্রয়োগ করিতেন না। স্বপক্ষ ও পরপক্ষীয়েরা যে কার্য অনুষ্ঠান করিয়াক্তি করিতেছে ও করিবে, দত্তম্থে তৎসম্দর্মই অবগত হইতেন। ই'হার সৈকলেই ব্যবহারকুশল। মহারাজ অগ্রে ই'হাদিগের বন্ধ্রজের সবিশেষ পরীক্ষা করিয়াছিলেন। ই'হারা কুতাপরাধ পারকেও অব্যাহতি প্রদান করিতেন না। কোষ ও সৈন্য সংগ্রহ বিষয়ে ই'হাদিগের সবিশেষ যত্ন ছিল। ই'হারা নিরপরাধ শন্তরও হিংসা করিতেন না। ই'হারা সকলেই বিপক্ষনিবারণক্ষম নিয়ত উৎসাহসম্পন্ন ও নীতিপরায়ণ ছিলেন। অধিকারম্থ সাধ্যলোকেরা ই'হাদিগের প্রবন্ধে নির্বিষ্কে, কাল্যাপন করিতেন। ই হারা রাহ্মণ ও ক্ষরিয়গণের কদাচই অনিষ্ট চেষ্টা করিতেন না এবং অপরাধের বলাবল বিচারপূর্বক দন্ডার্হ ব্যক্তিকে দন্ড প্রদান করিয়া রাজকোষ পরেণ করিতেন। এই সমস্ত একমতাবলম্বী মহাত্মাদিগের বিচারকালে রাজ্য-মধ্যে কেই মিথ্যাবাদী অসক্ষরভাবাপর ও পরদার-পরায়ণ ছিল না। সর্বত্রই শান্তি-সূখ বিস্তীর্ণ ছিল। এই সকল মদ্মী পরিচ্ছম পরিচ্ছদ ও অলংকার ধারণ করিতেন এবং নৃপতির হিতসাধনার্থ নীতি-চক্ষ্মনিয়ত উন্মীলন করিয়া রাখিতেন। রাজা ই'হাদিগকে প্রকৃত গণেবান্ বলিয়া বিবেচনা করিতেন : বিদেশেও যে-সমস্ড ঘটনা হইড, ই'হারা আপন্যদিগের স্বতীক্ষ্য ব্যান্ধপ্রভাবে তৎসম্দরই অবগত হইতেন। সকল দেশে ও সকল কালে লোকে ই°হাদিগের গুণের সবিশেষ পরিচয় পাইত। ই'হারা সন্ধি-বিগ্রহ বিষয়ে পারদশী ও সভ রব্ধ তম এই চিবিধ গণে-সম্পন্ন ছিলেন। ই^{*}হারা মল্ররক্ষায় স্থানিপুণ স্ক্রাবিচারপট্য নীতিশাস্ত্র-বিশেষজ্ঞ ও প্রিয়বাদী ছিলেন। ত্রিলোকবিখ্যাত বদান্য নিষ্পাপ সত্যপ্রতিজ্ঞ

রাজা দশরথ এই সমদত অমাত্যগণের সহিত নিরন্তর পরিবৃত হইয়া দ্তসাহায্যে দ্বদেশ ও পরদেশ-বৃত্তান্ত পর্যবেক্ষণ ও ধর্মভঃ প্রজাপালনপ্র্বক
দেবলোকে দেবপতি ইল্রের ন্যায় রাজ্য রক্ষা করিয়াছিলেন। অধর্ম তাঁহাকে
কদাচই দপর্শ করিতে পারিত না। তিনি কখন অধিকবল বা তুল্যবল শন্ত্ লাভ করেন নাই। তাঁহার মিন্তপক্ষ বিলক্ষণ প্রবল ছিল। অধনন নৃপতিগণ তাঁহার নিকট সতত সহতে হইয়া থাকিত এবং তাঁহার প্রভাপে রাজ্য নিম্কণ্টক হইয়াছল। এইর্পে সেই মহীপাল দশরথ হিতান্ন্ঠাননিবিষ্ট অন্বন্ত স্ক্রেদশী কার্যকৃশল সন্তাদিগের সহিত মিলিত হইয়া করজালমণ্ডিত স্্র্যমান্ডলের ন্যায় অতিমান্ত শোভা পাইয়াছিলেন।

দেবাৰ সাৰ্গ । সদ্শপ্ৰভাবসম্পন্ন ধর্ম পরারণ মহাত্মা দশরথ সদতান কামনার নিরন্তর তপোন্তান করিরাছিলেন, তথাচ বংশধর প্রের মাণ্ডান নিরীক্ষণে সমর্থ হন নাই। একদা তিনি এই বিষর চিন্তা করিতে করিতে মনে করিলেন, একদে সন্তানার্থ অন্বমেধ যক্তের অন্তান করা কর্তব্য হইতেছে। অন্তর সেই ধামান, স্থিরচিত্ত অমাত্যগণের সহিত এই বিষরে কৃতনিন্দর হইরা মন্তিপ্রধান স্মন্তকে সম্বোধনপূর্বক কহিলেন, স্মৃত্য তুমি অবিলম্বে গরের ও প্রোহিতগণকে আনরন কর। তথন সম্মৃত্য স্থিলার আদেশ প্রাণ্ডিমান্ত সমুরে স্বত্ত্ব, বামদেব, জাবালি, কাশ্যপ, প্রের্মিক বিশিষ্ঠ ও অন্যান্য বেদ-বেদাণ্ডান্পারণ রাহ্মণগণকে আনরন করিকেটি রাজা দশরথ তাহাদিগকে বধোচিত উপচারে অর্চনা করিরা ধর্মার্থ সংগ্রাছ, কিছুতেই আমার স্থান নাই; এক্ষণে বাসনা বে, আমি সন্তান ক্রিম্বের এক অন্যমেধ বজ্ঞ আহরণ করি। হে রাহ্মণগণ! আমি শান্তাবিহিত বিধি তান্সারে যক্ত সাধন করিব। এক্ষণে কির্পে আমার মনোর্থ সিন্ধ হইতে পারে আপনারা তাহা অবধারণ কর্ন।

বিশ্চ প্রভৃতি শ্বিজাতিগণ নৃপতির এইর্প বাকা শ্রবণ করিরা তাঁহাকে বারংবার সাধ্বাদ প্রদান করিলেন এবং প্রফুল্ল মনে তাঁহাকে কহিলেন, মহারাজ। যথন সম্তানার্থ আপনার এইর্প ধর্মবিশ্বিষ উপস্থিত হইরাছে, তখন আপনি অভিপ্রেত প্রেলাভে কখনই বঞ্চিত হইবেন না। অতএব আপনি অবিলম্বে যজায় সামগ্রীসম্ভার আহরণ, অম্বমোচন ও সরস্র উত্তর তারে বজ্ঞামি নির্মাণ কর্ন। রাজা দশরথ রাশ্বণগণের মুখে এইর্প বাকা শ্রবণ করিয়া যারপরনাই হৃষ্ট ও সম্ভৃষ্ট হইলেন।

অনন্তর তিনি হর্বে।ংফ্রুলেলোচনে মন্ত্রিগণকে কহিলেন, মন্ত্রিগণ! তোমরা এই সমস্ত গ্রুদেবের আদেশান্সারে যজ্ঞীয় দ্রাসামগ্রী সংগ্রহ এবং স্পাট্-প্র্যু-স্রাক্ষত অভিক-প্রধান উপাধ্যায় কর্তৃক অন্স্ত এক অন্ব অবিলাদেব মোচন কর। তংপরে স্রোভন্বতী সরযুর উত্তর তীরে যজ্ঞভ্যমি প্রস্তৃত করাইয়া দেও। দেখ, রাজামাল্রেই এই যজ্ঞ অনুষ্ঠানের অধিকার আছে বটে, কিন্তু ইহা সাধারণের স্থাসাধ্য নহে; কারণ ইহাতে নানা প্রকার দ্রেতিক্রমণীয় ব্যতিক্রম ঘটিবার সম্ভাবনা, যজ্ঞভন্তবিং রাজারাক্ষসগণ নিরণ্ডর যজ্ঞের ছিদ্র অনুসন্ধান করিয়া থাকে। যজ্ঞ অভগহীন হইলে অনুষ্ঠাতা তংক্ষণাং বিনন্ট হয়। এক্ষণে তোমরা শাস্তান্সারে যথাক্রমে শান্তিক্রম সম্পাদনে প্রবৃত্ত হও। তোমরা

সকলেই কার্যকুশল; অভএব ৰাহাতে আমার এই বন্ধ বিধিপ্রেক সম্পন্ন হয়, তাদ্বিষয়ে বিশেষ চেন্টা কর। তখন মন্ত্রিগণ 'বথাজ্ঞা মহাব্রাজ'।' এই বলিয়া তাহার বাক্য শিরোধার্য করিয়া লইলেন।

অনশ্তর ধর্মপরায়ণ রাহ্মলগণ রাজা দশরথকে আশীর্বাদ করিয়া তাঁহার নিকট বিদায় গ্রহণপূর্বক স্ব-স্ব স্থানে প্রস্থান করিলেন। রাহ্মণেরা প্রস্থান করিলেন দশরথ মন্ত্রীদিগকে কহিলেন, মন্ত্রিগণ! থাছিকেরা যের্প আদেশ করিলেন, তদন,সারে বজ্ঞের আয়োজন কর। দশরথ সামিহিত মন্ত্রিগতিক এই বলিয়া তাঁহাদিগকে গৃহগমনে অনুমতি প্রদানপূর্বক স্বয়ং অন্তঃপূরে মধ্যে প্রবেশ করিলেন। তিনি অন্তঃপ্রে প্রবেশ করিয়া প্রেয়সী মহিষীদিগকে আহ্বানপূর্বক কহিলেন, মহিষীগণ! আমি সন্তান কামনায় বজ্ঞান,স্ঠান করিব, অতএব তোমরাও তান্বিবেরে কৃতনিশ্চর হও। তখন মহীপালের এই মধ্রে বাকো সেই কমনীয়-কান্তি ন্পকান্তাগণের মৃথপশী বসন্তকালীন কমলিনীর ন্যায় শোভা পাইতে লাগিল।

নবম সর্গ । অনুস্তর রাজা দশর্প প্রার্থ বজ্ঞানুষ্ট্রানের সংকল্প করিরাছেন দেখিয়া, সার্রাথ স্মুমল নিজনে তাঁহাকে ক্রিলেন, মহারাজ! সন্তানার্থ বজ্ঞানুষ্ঠান করা ক্ষিকগণের অভিমত। একলৈ আমি প্রাণে বাহা প্রবণ করিরাছি, আপনারই প্রোংপত্তি-সংক্রান্ত সিই প্রোব্ত কাঁতন করি, প্রবণ কর্ন। প্রে ভগবান সনংকুমার ক্রিকাণ-সন্নিধানে আপনার প্রোংপত্তির বিষয় উল্লেখ করিয়া কহিয়াছিলেন, হে তপোধনগণ! মহার্ঘ কাল্যপের বিভাত্তক নামে এক প্রে অক্টেমন ক্ষায়াশ্রণ নামে তাঁহার এক প্রে উৎপন্ন চুইবেন। টা প্রস্তাশ্রণ প্রিকাশ্রণ ক্রিক্ত্রণ ক্ষায়াশ্রণ নামে তাঁহার এক প্রে উৎপন্ন চুইবেন। টা প্রস্তাশ্রণ প্রিকাশ্রণ ক্রিক্ত্রণ ক্রেক্ত্রণ ক্রিক্ত্রণ ক্রেক্ত্রণ ক্রিক্ত্রণ ক্রিক্ত্র হইবেন। ঐ ঋষ্যশৃংগ প্রিজ্বী প্রবঙ্গে নিরশ্তর বনমধ্যে পরিবর্ধিত ও বনচারী হইয়া কাল্যাপন করিবেন তিনি নিয়ত পিতার অন্ব্তি ডিল্ল অন্য কাহাকেই জানিবেন না। লোকমধ্যে এইর প কিংবদত্তী আছে এবং রান্ধণেরাও সর্বদা करिया थारकम रव, मराचा अवाग्णा मृथा ७ शोग এই पूरे প্रकात समावर्ग অবলম্বন করিকেন। বিপ্রগণ! নির্ম্ভ অণিন পরিচর্বা ও পিতৃ-শুদ্রারা বিভাশ্ডকতনয় ঋষাশ্রপের কিছুকাল অতিবাহিত হইয়া বাইবে। এই অবসরে অপাদেশে লোমপাদ নামে মহাবল-পরাক্রান্ত স্ক্রিখ্যাত এক রাজা জন্মিবেন। এই রাজার দোবে অপ্যদেশে সর্বভূত-ভয়াবহ যোরতর অনাব্যিউ উপস্থিত হইবে। মহীপাল লোমপাদ এইর্প দুর্ঘটনায় বংপরোনাস্তি দুর্যুথত হইয়া বিম্বান্ ব্রাহ্মণগগ্রে আনয়নপূর্বক কহিবেন, বিপ্রগণ! আপনারা লোকাচার ও শ্রোতকার্য অবগত আছেন, অভএব এই অনাব্যিতরূপ উপদ্রব শান্তির নিমিত্ত আমাকে প্রায়শ্চিত্ত ও নির্মের আদেশ কর্ন। ঐ সমস্ত বেদপারগ রামণেরা ন্পতি কর্তৃক এইরূপ অভিহিত হইয়া কহিকেন, মহারাজ! আপনি মহর্বি বিভান্ডকের পত্র ক্ষাশৃল্যকে ষে-কোন উপায়ে হউক রাজ্ঞা মধ্যে আনয়ন কর্ন। তাঁহাকে আনিয়া ও সম্বচিত সংকার করিয়া তাঁহার সহিত বিধানান্সারে আপনার তনয়া শাল্তার বিবাহ দিন।

রাজা লোমপাদ রাহ্মণগণের নিকট এইর্প শ্রবণ করিয়া কি প্রকারে সেই তেজস্বী মহর্ষিকে স্বরাজ্যে আনয়ন করিবেন, এই চিন্তায় একান্ত আকুল হইয়া উঠিবেন। অনন্তর মন্ত্রিগণের সহিত এই বিষয়ের একটি পরামর্শ স্থির করিয়া

অমাত্যগণ্ ও প্রোহিতকে তথার যাইতে আদেশ করিবেন। তখন অমাত্য ও প্রোহিত ই'হারা রাজার এই আদেশে দ্যখিত হইরা লক্জাবনত-ম্থে অন্নর-বিনর প্রদর্শনপ্র্বক কহিবেন, মহারাজ! আমরা মহার্ষ বিভাশ্তকের ভয়ে খ্যাশ্পোর নিকট যাইতে সাহসী হইতেছি না। অনন্তর তাঁহারা প্রকৃত উপায় উদ্ভাবনপ্র্বক কহিবেন, অভগরাজ! আমরা ঋষাশৃভগকে আপনার রাজ্যে আনরন করিব। এক্ষণে ইহার যের্প উপায় স্থির করিলাম, ইহাতে কোন দোষ উপস্থিত হইবে না।

মহারাজ! এইর্পে রাজা লোমপাদ বেশ্যা-সাহাব্যে শ্বিকুমার শ্বাশ্পাকে স্বরাজা আনয়ন করিয়াছিলেন। শ্বাশাপাদ অগদেশে আসিলে স্বরাজ ইন্দ্র মা্রলধারে বারি ব্লিট করেন। রাজা লোমপাদও সেই শ্বিতনয়ের সহিত তনয়া শান্তার বিবাহ দেন। একলে আপনার সেই জামাতা শ্বাশ্পাই আপনার সন্তান-ভামনা প্র্ণ করিবেন। মহারাজ! সনংকুমার বাহা কহিয়াছিলেন, এই আমি আপনার নিকট তাহা কীর্তন করিলাম।

নশম লগ । অন্তর রাজা দশরথ হৃত্মনে ক্ষেত্র কহিলেন, স্মলা! অত্যারাজ বে উপারে অ্যান্থাকে আনরন করিয়াছিলেন, এক্ষণে তাহাও কীর্ত্রন কর। মলা স্মলা অযোষাাধিপতি দশরথ করক এইর্প অভিহিত হইয়া কহিলেন, মহারাজ! রাজা লোমপাদ স্বের্ট্রে অ্যান্থাকে অপারাজ্যে আনরন করিয়াছিলেন, আমি এক্ষণে তাহা স্ক্রিল্যাপালত কীর্ত্রন করিতেছি, আপান মিল্যাণের সহিত তাহা প্রবণ কর্ত্রি অপারাজ খ্যাশ্পাকে স্বরাজ্যে আনরনের আদেশ করিলে কুলপ্রোহিত ও অমাত্যগণ তাহাকে সম্বোধনপ্র্বিক কহিলেন, মহারাজ! আমরা খ্যাশ্পাক হইবে না। তপ্সলী স্বাধ্যারসম্পন্ন মহার্বিধ্যাশ্পা নিরত বনে বাস করিয়া থাকেন। তিনি স্থা-বিহার-স্থ কিছ্ই জানেন না। অতথব আমরা সকলের লোভনীর চিত্তোন্মাদী ইন্দ্রিছেগ্যা পদার্থ স্বারা তাহাকে প্রলোভিত করিয়া এই নগর মধ্যে আনরন করিব, আপান অবিলন্দে তাহার আয়োজন কর্ন। র্পবতী বার্য্বত্রীয়া বিবিধ বেশভ্ষা করিয়া তথার গ্যান করিবে।

রাজা লোমপাদ এই পরামশে সম্মত হইরা প্রেরাহিতকেই ইহা সংসাধন করিবার ভার অপশি করিলেন। প্রেরাহিত এই কার্য আপনার অযোগ্য বোধ করিয়া মন্দ্রিগণকে ইহার অনুষ্ঠানে অনুরোধ করিলেন। তাঁহারাও অনতি-বিলম্বে সমৃদের আয়োজন করিতে লাগিলেন।

অনন্তর বারনারীগণ সচিবগণের নিদেশে বনপ্রবেশ করিল এবং মহর্ষি বিভান্ডকের আশ্রমের অনভিদ্রে, সেই স্থার খবিকুমারের সহিত সাক্ষাংকার করিবার প্রত্যাশায় অবস্থান করিতে লাগিল। খবিকুমার খব্যশ্তা পিতৃবাংসল্যে যথোচিত সম্তুট ছিলেন। তিনি আশ্রমপদ পরিত্যাগপ্র্বিক কথন কোথায়ও যাইতেন না। জন্মাব্যি নগর ও জনপদের স্থা কি প্রত্য কিছুই দেখেন নাই এবং ত্যত্য কোনপ্রকার জন্তুই তাঁহার দ্বিতগোচর হয় নাই।

অনন্তর একদা খাষাশৃশ্য যে স্থানে বারাশ্যনাগণ অবস্থান করিতেছিল, দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যদ্চ্ছাক্রমে তথার সম্পৃষ্পিত হইলেন। তিনি তথার উপস্থিত হইলে স্বেশা বিলাসিনীরা সহসা তাঁহার দৃষ্টিপথে পতিত হইল। উহারা তংকালে মধ্র স্বরে গান করিতেছিল। গান করিতে করিতে সেই ঋষিকুমারের সন্নিধানে আগমনপূর্বক কহিল, ব্রহ্মন্! আপনি কে? কি করেন এবং এই জনশ্ন্য দ্রতর অরণ্যে একাকী কি কারণেই বা সঞ্চরণ করিতেছেন? বল্ন, এই সমস্ত জানিতে আমাদিগের একানত কোত্হল উপস্থিত হইরাছে। ঋষাস্পা সেই অদ্টপ্রা সর্বাধ্যম্শরী নারীদিগকে দেখিয়া প্রীতিভরে আপনার পরিচয় প্রদানের ইছে। করিয়া কহিলেন, আমি মহর্ষি বিভান্ডকের উরসপ্ত, আমার নাম ঋষাশৃশ্য; তপঃসাধন করাই আমার কার্য, ইহা এই ভ্লোকে প্রসিম্ধ আছে। দেখ, ঐ অদ্রে আমাদিগের আশ্রমপদ দৃষ্ট হইতেছে, এক্ষণে চল, আমি তথার বিধিপ্রেক ডোমাদিগের অভিমপদ দৃষ্ট হইতেছে, এক্ষণে চল, আমি

অনশ্তর সেই সমস্ত ব্যরমহিলা থাবিপ্তের প্রার্থনার সম্পত হইরা তপোবন দর্শনার্থ তাইরে সমাভিব্যাহারে চলিল। ঋষাশৃশ্য তাহারিদগকে আপনার আগ্রমে লইরা গিয়া পাদ্য অর্থা ও ফলম্ব্যাদি ন্বারা প্রা করিলেন। তখন বেশ্যারা সেই ঋষিকুমার-প্রদত্ত প্রা সাদ্রে গ্রহণ করিয়া তাহাকে আগ্রম হইতে লইয়া ঘাইবার নিমিত্ত একাল্ড সম্পেন্ক হইল এবং মাল্মে বিভাশ্ডকের ভয়ে শীঘ্র তপোবন হইতে নিন্দালত ইইবার মানসে তাইট্রে কহিল, ব্রহ্মন্। আপনিও আমাদিগের এই সমল্ড সম্পাদ্র ফল গ্রহণ ও আবিলন্দেব ভক্ষণ কর্ন: আপনার মধ্যল হইবে। এই বিলয়া সেই সকলা দলনা তাহাকে আলিখ্যান করিয়া প্রাকিত মনে সম্পাদ্র মোদ্রক ও স্কালা নানাপ্রকার ভক্ষাদ্রব্য প্রদান করিল। তেজস্বী ঋষাশৃশ্য সেই সমস্ত ভক্ষাভাজা উপযোগ করিয়া মনে করিলেন, যাহারা নিয়ত অরণ্যবাসে কালহরণ করিয়া থাকেন, ব্রি এর্প ফল তাহাদের কখনই উদর্শথ হয় নাই।

অনশ্তর সেই সমস্ত রারনারী মহার বিভাশ্ভকের ভরে ভাঁত হইয়া কোন এক প্রতাচরণ বাপদেশে ঋষাশৃশ্পকে সম্ভাষণপূর্বক আশ্রম হইতে প্রতিগমন করিল। তাহারা গমন করিলে ঋষাশৃশ্প নিতাশ্ত অপ্রসমমনা হইয়া তাহাদিগের বিরহ-দৃথে একাশ্ত অধার হইয়া উঠিলেন। অনশ্তর তিনি সেই কামিনাগণ্-সংক্লান্ত বিষয় চিশ্তা করিতে করিতে পূর্ব দিবস যথায় তাহাদিগকে দেখিয়াছিলেন, পরদিবস তদভিম্থে গমন করিতে লাগিলেন। তথন রমণাগণ ঋষাশৃশ্যকে আগমন করিতে দেখিয়া হৃষ্টমনে তাঁহার প্রত্যুদ্গমনপূর্বক কহিল, সৌমা! আপনি আমাদিগের আশ্রমে চল্ন, তথায় নানাপ্রকার প্রচর্ব ফলম্ল আছে, ভোজন ব্যাপার বিশেষর্পে নির্বাহ হইতে পারিবে। ঝ্যাশৃশ্য অপ্যনাদিগের এইর্প হৃদয়হারী বাক্য প্রবণ করিয়া তৎক্ষণাং তাহাতে সম্মত হইলেন। তাহারাও তাঁহাকে সমভিব্যাহারে লইয়া নগরাভিম্বেশ বাতা করিল।

অনশ্তর এইর্পে সেই ঋষিকুমার ঋষাশৃণ্য অণ্যদেশে উপস্থিত হইলে দেবরাজ জীবলোককে প্লাকিত করত সহস্রধারে বৃণ্টি করিতে লাগিলে। রাজা লোমপাদ বৃণ্টির সহিত তপোধন ঋষাশৃণ্যকে উপস্থিত দেখিয়া বিনীত্তাবে প্রতৃদ্ধমনপূর্বক তাঁহার পাদবন্দন করিলেন এবং অর্থ্যাদি ম্বারা তাঁহার সম্চিত সংকার করিয়া ললনাদিগের ছলনার বিষয় জানিতে পারিয়া, পাছে তিনি ক্রোধ্যবিষ্ট হন, এই ভয়ে বার বার তাঁহার প্রসল্লতা প্রার্থনা করিতে লাগিলেন। তৎপরে তিনি সেই মহর্ষিকে অন্তঃপ্রে লইয়া গিয়া প্রশান্ত মনে

শাশ্তাকে সমর্পণ করিয়া যারপরনাই সশ্তুষ্ট হইলেন।

মহারাজ! এইর্পে সেই মহাতেজা বিভান্ডকতনর ধাবাশূপা সর্বকামসম্পন্ন হইয়া সহধমিশী শাশ্তার সহিত অণ্যদেশে বাস করিতে স্যাগিলেন।

একদেশ সর্গায় মহারাজ! দেব-প্রধান ধীমান সনংকুষার এই উপাখ্যান আরম্ভ করিয়া পরিশেষে যাহা কহিয়াছিলেন, আমার নিকট প্রনরায় সেই হিতকর বাক্য প্রবণ কর্ন। তিনি কহিলেন, দশরথ নামে ইক্ষ্যাকুবংশে পর্ম-ধার্মিক সতাপ্রতিজ্ঞ এক রাজা জন্মগ্রহণ করিবেন। ই'হার সহিত অঞ্গরাজের আত্মক্ষ লোমপাদের অতিশয় কথকে জন্মিবে। এই লোমপাদের শান্তা নাম্নী এক কন্যা হইবে। এক সময়ে বশস্বী মহীপাল দশর্থ লোমপাদের নিকট গমন করিয়া কহিবেন, মহাত্মন্! আমি নিঃসদ্তান, এক্ষণে এই কারণে এক যজ্ঞান্-ষ্ঠানের বাসনা করিয়াছি। ডোমার জামাতা ঋষ্যশৃংগ আমার বংশ রক্ষার্থ সেই যক্তের ব্রতী হউন। তুমি এই বিষয়ে উ'হাকে আদেশ কর। রাজা লোমপাদ দশরথের এই বাক্য শ্রবণ ও ইহার অবশ্যকর্তব্যতা অবধরেণপূর্বক পূর্ত্ত-কলন্ত্র-সম্পন্ন মহর্ষি অব্যাশ্তাকে তাঁহার হস্তে সমর্পণ ক্রিব্রন। দশরথ অব্যাশ্তাকে সদস্য মহাব ক্ষাল্পকে তাহার হলেত সমপ্র ক্ষেত্রন। দশর্থ ধ্বাল্পকে আন্যানপূর্বক নিশ্চিন্ত হইয়া প্রহ্ ত্রমনে প্রেক্তি যজ্ঞের অনুষ্ঠান করিয়া কৃতাঞ্জলিপ্টে তাহাকে যজ্ঞ সাধনার্থ প্রেক্তি পর্যে ক্ষাল্ভার্থ বরণ করিবেন। বিপ্রবর ধ্বাল্ভাগ হইতে তাহার এই প্রেক্তি পর্যে ইইবে এবং তাহার উরসে বিলোক-বিখ্যাত অতুল-বল-সন্পন্ন বংশুল তারি প্র উৎপন্ন হইবেন।

মহারাজ! প্রেব সতায়ে ক্রিলান্ সনংকুমার ধ্ববিগণ-সমক্ষে এইর্প কহিয়াছিলেন। অতএব এক্ষার্থ ক্ষালান্ সনংকুমার ধ্ববিগণ-সমক্ষে এইর্প কহিয়াছিলেন। অতএব এক্ষার্থ ক্ষালান কর্ন।

রাজ্যা দশর্থ মন্ত্রী স্কিন্তের এই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত সন্তৃত্য হইলেন এবং সমক্ষ্ ক্রিলা ক্রেলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রিলা ক্রি

এবং স্মন্ত যাহা কহিল, তাহা মহর্ষি বশিষ্ঠকে আদ্যোপান্ত নিবেদন ও তাঁহার অনুমতি গ্রহণ করিয়া সম্বাকি অঞ্গরাজ্যে যাত্রা করিলেন। অমাতোরাও তাঁহার সমাভিব্যাহারে চলিলেন। অনন্তর তিনি বন-উপবন, নদ-নদী সম্বদর ক্রমশঃ অতিক্রম করিয়া অপ্যদেশে উত্তীর্ণ হইলেন এবং প্রদীণ্ড পাবকের ন্যার তেজ্ববী মহর্ষি থবাশ্রগকে লোমপাদের সন্নিধানে দেখিতে পাইলেন। তথন লোমপাদ রাজা দশরথকে সম্পশ্থিত দেখিয়া কথ্যনিকথন প্রম সমাদরে বিধানান,সারে তাঁহার পাঞ্জা করিলেন। রাজার আগমনে তাঁহার আনদের আর পরিসীমা রহিল না। পরে দশরথের সহিত তাঁহার যে বন্ধ্য সদবন্ধ আছে, স্বীয় জামাতা ঋষ্যশৃংগ্রে নিকট তাহার পরিচর দিলেন। মহর্ষি ঋষ্যশৃংগ এই পরিচয় পাইয়া যথোচিত উপচারে ডাঁহার সংকার করিলেন।

অনশ্তর রাজা দশরথ সাত-আট দিবস লোমপাদের সহিত একচ বাস করিয়া কহিলেন, সখে! আমি কোন একটি মহৎ কার্যান,স্ঠানের উপক্রম করিয়াছি, অতএব এক্ষণে তোমার তনয়া শাল্ডাকে ভর্তা ক্ষাশ্ঞার সহিত আমার আলয়ে গমন করিতে হইবে। লোমপাদ বয়সোর এই কথা শ্রবণ করিয়া তংক্ষণাৎ তাহাতে সম্মত হইয়া জামাতা ঋষাশৃশ্যকে কহিলেন, বংস! তুমি সহধার্মণীর সহিত রাজধানী অযোধ্যায় গমন কর। ঋষ্যশৃত্য অবিচারিতমনে শ্বশ্রেব এই অনুরোধ-বাক্যে স্বীকার করিয়া কহিলেন, মহারাজ! আপনি

বের্প আদেশ করিতেছেন, তাহাই হইবে।

এই বলিয়া রাম শরাসন গ্রহণপূর্বক ভীষণরবে চতুদিক প্রতিধন্নিত করিয়া টণ্কার প্রদান করিতে লাগিলেন। ঐ টণ্কারশন্তে অরণ্যের জ্বীবজনত্সকল চকিত ও ভাত হইয়া উঠিল। নিশাচরী তাড়কা একান্ত আকুল হইয়া শরাসন-নিস্বন লক্ষ্য করত কোধভরে মহাবেগে আগমন করিতে লাগিল। তখন মহাবীর রাম সেই বিকটাননা বিকৃতদর্শনা দীর্ঘালগী নিশাচরীকে নিরীক্ষণপূর্বক লক্ষ্যণকে কহিলেন, লক্ষ্যণ! ঐ যক্ষিণীর আকার কি ভয়ন্তর! উহারে দেখিলে কি ভার, কি সাহসী সকলেরই হৃদর কম্পিত হয়। দেখ, আমি এখন ঐ মায়াবিনীর নাসাক্রণ ছেন্ন করিয়া উহাকে দ্র হইতেই নিব্ত করি। বল ত, উহার পরপরাভব্শন্তি ও অপ্রতিহত গতি এই উভয়ই অপহরণ করিয়া লই। কিন্তু বৎস! স্বাজাতি বলিয়া এক্ষণে উহাকে বধ করিতে আমার কোন মতেই অভিরুচি হইতেছে না। রাম লক্ষ্যণকে এইরূপ কহিতেছেন, এই অবসরে তাড়কা জোধে অধীর

হইয়া বাহ্ উন্তোলন ও তজ্জনগর্জনপূর্বক তাঁহারই অভিমুখে বেগে আগমন করিতে লাগিল। তখন বিশ্বামিত হ্রুক্তার পরিত্যাগপ্র্বক, তাহাকে ভংগনা করিয়া 'বিজয়ী হও' বলিয়া রাজকুমার রাম ও লক্ষ্মণকে আশীর্বাদ করিতে লাগিলেন। ক্ষণমারেই তাড়কা নভোমন্ডলে খ্লিজাল উন্তীন করিয়া ঐ দূই বীরকে বিমোহিত করিল এবং মায়া বিস্তারপূর্বক অনবরত শিলাব্দিট করিতে লাগিল। তখন রাম আর জােধ সংবরণ করিতে পারিলেন না। তিনি শর্মানকরে ঐ রাক্ষসীর শিলাবর্ষণ নিবারণপূর্বক তাহার বাহ্যুগেল খন্ড খন্ড করিয়া ফেলিলেন। সে ছিল্লহস্তা ও বংপরােনাস্তি পরিশ্রালতা হইলেও তাহাদের সম্মুখে গিয়া আস্ফালন করিতে লাগিল। তন্দ্র্পনি লক্ষ্মণ জােধে প্রদীপ্ত হইয়া উঠিলেন এবং তন্দন্তে তাহার নাসা কর্ণ ছেদন করিয়া দিলেন।

অনশ্তর কামর্পিণী তাড়কা বিবিধ রূপ ধারণপর্কে প্রচ্ছার হইয়া রাক্ষসীমারায় রাম ও লক্ষ্মণকে বিমোহিত করত অনবরত শিলাবর্ষণ ও প্রচণ্ডভাবে
সমরাপানে সণ্ডরণ করিতে লাগিল। তল্পানি মহার্ষ বিশ্বামিয় রামকে কহিলেন,
রাম! তুমি দ্রীজাতি বলিয়া ঘৃণা করিও না। এই যজ্ঞনাশিনী পাপীয়সী
ক্রমশঃই আপনার মায়াবল পরিবার্ষত করিবে। নিশাচরেরা সন্ধ্যাকালে যারপরনাই
দ্রিবার হইয়া থাকে। অতএব সায়ংকাল উপস্থিত হইতে না হইতে তুমি
ইহাকে বিনাশ কর।

তাড়কা এতক্ষণ অশ্তর্ধান করিয়াছিল বাস কণ্ঠদ্বরান্সারে প্রত্যভিজ্ঞান লাভপূর্বক তাহাকে বিন্ধ করিতে হইকে এইর্প নির্পণ করিয়া অবিলন্দের শর্মনকরে রোধ করিলেন। তখন ব্যক্তিশ রাম-শঙ্গে নির্ভ্য হইয়া প্রচ্ছমভাব পরিত্যগপ্রক সিংহনাদ করিছে বিশ্বরা শর শ্বারা তাহার হৃদর বিন্ধ করিলেন। সেও তংক্ষণাং ভ্তলে নিশ্বিক ও পঞ্জ্ঞাণত হইল।

ইন্দ্রাদি দেবগণ গগনীর্বার্গে আরোহণপূর্বক এই বোরতর সংগ্রাম দর্শন করিতেছিলেন। তাঁহারা তাড়কাকে রামের শরে সমরে শরন করিতে দেখিয়া প্রতিমনে মহর্ষি বিশ্বামিতকে কহিলেন, তপোধন! তোমার মঞ্চল হউক। আমরা এই রাক্ষসী-বিনাশ স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া অতিশর সন্তুক্ত হইলাম। এক্ষণে তোমাকে রামের প্রতি একটি স্নেহের কার্য প্রদর্শন করিতে হইবে। তুমি প্রজাপতি কৃশান্বের তপোবলসম্পন্ন তনয়দিগকে এই রামের হস্তে সমর্পণ কর। রাম তোমার দানের উপযুক্ত পাত্র এবং তোমারই শ্রেষ্যেয় একান্ত অন্বরত্ত। এই রাজকুমার হইতে অমরগলের মহৎ কার্য সাধিত হইবে। এই বলিয়া দেবগণ বিশ্বামিতকে সমূচিত সংকার করিয়া হ্রেমনে দেবলাকে প্রস্থান করিলেন।

ক্রমে সন্ধ্যাকাল উপস্থিত। তখন বিশ্বামিত্র তাড়কাবধে অতিমাত্র প্রতি হইয়া রামের মস্তকাদ্বাণপূর্বক কহিলেন, প্রিরদর্শন ! আইস, আজি আমরা এই স্থানেই রাত্রি যাপন করি। কল্য প্রভাতে আমার আশ্রমে গমন করিব। রাম বিশ্বামিত্রের ব্যক্য শ্রবণে প্রলক্তিত হইয়া সেই অরণ্যমধ্যে রজনী অতিবাহন করিতে লাগিলেন। ঐ দিবসাবধি সেই অরণ্য নিন্দণ্টক হইয়া চৈত্রথ কাননের ন্যায় একান্ত রমণীয় হইয়া উঠিল।

এইর্পে দশরথ-তনয় রাম স্কেতৃস্তা তাড়কাকে বিনাশ করিয়া দেবতা ও সিন্ধগণের প্রশংসাবাদ শ্রবণপূর্বক মহর্ষি বিশ্বামিত্রের সহিত প্রম স্থে নিদ্রিত হইলেন।

সম্তবিংশ স্বর্গ ৷৷ অন্নতর শর্বরী প্রভাত হইলে বিশ্বামিত গাতোখান করিয়া সহাস্যম,থে মধ্যর স্বরে রামচন্দ্রকে কহিলেন, রাম! আমি তোমার প্রতি অতিশয় সম্তৃষ্ট হইয়াছি। তোমার মঞ্চল হউক। আমি এক্সপে তোমাকে প্রীতি-নিক্ধন কতকগর্নল দিব্যাস্ত্র প্রদান করিব। ঐ সমস্ত অস্ত্রের শক্তি অতি অস্ত্রত। অন্যের কথা দুরে থাক, গন্ধর্ব ও উরগ জাতির সহিত সুরাসুরগণ তোমার প্রতিদ্বন্দী হইলেও তমি ঐ সকল অস্ত্রপ্রভাবে তাঁহাদিগকে রণক্ষেত্রে অক্রেশেই পরাজয় করিতে পারিবে। অতএব আমি এক্ষণে ভোমাকে দিব্য দণ্ডচক্র, ধর্মচক্র, কালচক্র, বিষ্ণাচক্র, র্তাত উগ্র ঐন্দ্রচক্ক, বন্ধ্র, শৈবশ্যল, রক্ষাশির অস্ত্র, ইয়ীকাস্ত্র, রাক্ষ অস্ত্র, মোদকী शामिक अपीश्क पहेरे अपा, धर्म-आण, काल-आण, वात्व-आण, मङ्क ও আর্ন্র নামক দুই অশনি, পিনাকাস্ত্র, নারারণাস্ত্র, শিখর নামক আন্দের্যাস্ত্র, মুখ্য বারব্যান্ত, হরশির অন্ত, ফ্রোণ্ডান্ত, শক্তিন্বর, কণ্কাল, মূখল, কাপাল ও কি•িকণী এই সমুস্ত অস্ত্রশস্ত্র রাক্ষসগণের বিনাশ সাধনের নিমিত্ত প্রদান করিব। তংপরে তুমি বৈদ্যাধর অস্ত্র, নন্দন নামক অসিরন্ন, মোহন নামক গাম্থর্ব অস্ত্র, প্রস্বাপণাস্ত, প্রশমনাস্ত, সৌম্যাস্ত, বর্ষণাস্ত, শোষণাস্ত, সম্তাপনাস্ত, বিলাপনাস্ত, অনঙ্গের প্রিয় নিতান্ত দুঃসহ মাদনান্ত, মানব নামক গ্রান্ধর্বান্ত্র ও মোহন নামক পৈশাচাস্ত্র আমার নিকট গ্রহণ কর। অনশ্তর তামসাক্রিকাবল সোমনাস্ত্র, দ্বের্ঘর সন্বর্তাস্ত্র, মৌষলাস্ত্র, সত্যাস্ত্র, মায়াময়াস্ত্র, শুক্রজ্ঞেলিপকর্ষণ তেজঃপ্রভ নামক সৌরাস্ত্র, সোমাস্ত্র, শিশিরাস্ত্র, দ্বাত্ত অস্ত্র প্রতিশর এই সমস্ত কামর্পৌ

মহাবল অন্তশন্ত তৃমি শীন্তই আমা হইতে বৃষ্ঠণ কর।
বে-সমন্ত অন্ত স্ত্রগণেরও স্ভাভ বৃদ্ধে, বিপ্রবর বিশ্বামিত সেই সকল মন্তামক
অন্ত রামচন্দ্রকে প্রদান করিবার মৃত্তিই প্রোস্য হইয়া ধ্যান করিতে লাগিলেন।
তখন দিব্যান্তলাল রামের স্ক্রের প্রাণ্ড্রত হইয়া হ্ন্টচিত্তে কৃতাঞ্জলিপ্রটে
কহিল, রাঘব। আমরা অনুষ্ঠান কিল্কর, আপনার বের্প অভিপ্রায়, তদন্সারে
সকল কার্যই সাধন করিব

রামচণ্দ্র দিব্যাস্থাসমূহ কর্তৃক এইর্প অভিহিত হইয়া প্রসল্লমনে তাহাদিগকে করস্পশ্প্রক অণ্যীকার করিয়া কহিলেন, হে দিব্যাস্থাণা! অভঃপর তোমরা



স্মাতিমাত্রেই আমার নিকট উপস্থিত হইবে। রামচন্দ্র অস্ত্রগণকে এই বলিয়া প্রতিমানসে বিশ্বামিত্রকে অভিবাদনপূর্বেক গমনের উপক্রম করিতে লাগিলেন।

অন্টাবিংশ সর্গা। এইর্পে রামচন্দ্র পবিত্ত হইরা অন্তগ্রহণপ্রিক প্রফ্লেন মুখে গমন করিতে করিতে বিশ্বামিতকে কহিলেন, ভগবন্! আমি আপনার প্রসাদে অন্ত লাভ করিয়া দেবগণেরও দ্বেতিক্রমণীয় হইয়াছি। কিন্তু কি প্রকারে

এই সকল অন্দের্র উপসংহার করিতে হয়, তাহা জানিতে আমার একান্ড অভিলাষ হইতেছে। রাম এইরূপ প্রার্থনা করিলে ধৈর্যশীল শূদ্ধন্বভাব মহাতপা বিশ্বামিত্র কহিলেন, বংস! তুমি দানের উপযুক্ত পাত্র। এই বলিয়া তিনি তাঁহাকে সংহারমন্ত্র প্রদান করিয়া পরিশেষে কহিলেন, বংস! তুমি সভাবং, সভাকীতি ধৃষ্ট, রভস, প্রতিহারতর, পরাঙ্ম,খ, অবাঙ্ম,খ, লক্ষ্যালক্ষ্যবিমোচ, দুঢ়নাভ, মুনাভ, দশাক্ষ, শতবন্ধা, দশশীর্ষ, শতোদর, পদ্মনাভ, মহানাভ, দ্যুনাভ, স্বনাভ, জ্যোতিষ, শকুন, নৈরাশ্য, বিমল, যৌগন্ধর, বিনিদ্র, দৈত্য-প্রমখন, শ্রচিবাহত, মহাবাহু, নির্ফাল, বিরুচ, অচিমালী, ধ্ডিমালী, ব্যক্তিমান, বুর্চির, পিরা, সোমনস, বিধাত, মকর, করবীর, রতি, ধন, ধান্য, কামরাপু, কামরাচি, মোহা, আবরণ, জ্ঞাতক, সপনিথে, পন্থান ও বরুগ, এই সমস্ত কামরূপী মহাবল দীশ্তিশীল অন্ত গ্রহণ কর। তোমার মঞাল হইবে। তখন রাম বথাজ্ঞা বলিয়া হাণ্টচিত্তে খবিপ্রদত্ত অস্ত্রসকল গ্রহণ করিলেন। ঐ সকল অস্ত্র দিবাদেহ-যৃত্ত প্রভাজাল-জ্ঞাড়িত ও সুখপ্রদ। উহাদের মধ্যে কেহ জ্বলন্ত অধ্যার-সদৃশ কেহ ধ্যের ন্যায় ধ্য়বর্ণ এবং কেহ কেহ বা চন্দ্র ও সূর্যের ন্যায় জ্যোতিঃ-যুত্ত। এই সকল দিব্যাস্ত্র রামচন্দ্রের নিকট কৃতাঞ্চলি হইয়া মধ্রে বাক্যে কহিল, হে পরে যপ্রধান ! আমরা আপনার সমক্ষে উপস্থিত হইয়াছি। একপ্তে জ্বিভা কর্ন, আপনার কি করিব। রাম উহাদের এইর্প বাক্য শ্রবণ করিয়া (ব) ইলেন, দিব্যাস্থাগণ! তোমরা এখন হথা ইচ্ছা গমন কর। কার্যকাল উপ্স্থিত হইলে আমার সম্তিপথে প্রাদ্ভতি হইলা সাহাষ্য করিও। তখন বিশ্বস্থিত গণ তাহাই হইবে বলিয়া রামের আদেশ শিরোধার্য করত তাঁহাকে আম্প্রেদ্ধ প্রদক্ষিণপূর্বক স্ব-স্ব স্থানে প্রস্থান করিল।

এইর্পে রাম প্রয়োগ প্রতিরের সহিত অদ্যুশ্সকল সম্যক অবগত হইরা গমন করিতে লাগিলের তিনি গমন করিতে করিতে মধ্র বাকো মহাম্নি বিশ্বামিচকে কহিলেন, জুপাধন! ঐ পর্বতের অদ্রে নিবিড় মেঘের ন্যার পাদপদল অবিরলভাবে শোভা পাইড়েছে। ঐ স্থান অতি রমণীয়। উহার ইতস্ততঃ ম্গুসকল সন্তরণ ও বিহপ্গেরা মধ্র স্বরে ক্জন করিতেছে। আমরা একটি লোমহর্ষণ অরণ্য অভিক্রম করিয়া আইলাম। কিন্তু এই প্রদেশ স্থ-সন্তারের উপযোগী দেখিয়া ইহা যেন একটি আশ্রম বলিয়া বোধ হইতেছে। একণে বল্ন, ইহা কাহার আশ্রম! হে ব্লমন্! যে স্থলে পাপান্ধা রাক্ষণঘাতক দ্রাচার নিশাচরেরা আপনার যজ্ঞর বিধা করিয়া থাকে, যথায় আপনার যক্ত রক্ষা ও তাহাদিগকে বিনাশ করিতে হইবে সেই আশ্রম আর কত দ্রে আছে?

একোনহিংশ সর্গা । অমিতপ্রভাব রাম এইর প জিজ্ঞাসা করিলে মহার্য বিশ্বামিত্র তাঁহাকে কহিলেন, বংস! এই যে আশ্রমটি দেখিতেছ, ইহা মহাত্মা বামনের প্রাশ্রম। এই স্থানে বামনদেব সিম্পিলাভ করিয়াছিলেন বলিয়া ইহার নাম সিম্পাশ্রম হইয়াছে। প্রে স্রব্দেবিদ্দত ভগবান্ বিষয় তপোন্তানার্থ বহ; সহস্র বংসর এই স্থানে বাস করিয়াছিলেন। তংকালে তিলোকবিখ্যাত বিরোচন-তনয় মহারাজ বলি ইন্দাদি দেবগণকে স্ববীর্য-প্রভাবে পরাজয় করিয়া রাজ্য শাসন করিতেন। এক সময়ে ঐ মহাবল মহাসমারোহে একটি যক্ত অনুষ্ঠান করিয়াছিলেন। বলি যক্তান্তান করিলে স্রগণ অন্তিকে অগ্রবর্তী করিয়া এই তপোবনে বিষ্কুর

সিরিধানে আগমনপূর্বক কহিয়াছিলেন, বিক্ষো! বিরোচন-নন্দন বলি এক উৎকৃষ্ট বজ্ঞ আহরণ করিয়াছে। ঐ বজ্ঞ সমাশ্ত না হইতেই তোমাকে একটি সূরকার্য সাধন করিতে হইবে। এক্ষণে দিগ্দিগন্ত হইতে বাচকেরা ঐ বজ্ঞে আগমন করিতেছে। দানবরাজ বলিও বাহার বের্প প্রার্থনা পরম সমাদরে তাহাই দিতেছে। এই সূবোগে তুমি মায়াবোগ অবলম্বনপূর্বক খর্বকায় হইয়া দেবগণের শৃত সাধনে প্রবৃত্ত হও।

বংস! যখন স্রগণ নারায়ণকে বামনর্পে অবতীর্ণ হইতে অন্রোধ করেন, তংকালে পাবকের ন্যায় প্রভাসন্পর তেজঃপ্রদাশত ভগবান্ কণাপ দেবী অদিতির সহিত দিব্য সহস্র বংসর একটি ব্রত পালন করিতেছিলেন। তিনি ব্রত সমাপন-প্রেক বরদানোন্যায় মধ্যুস্দনকে স্কৃতিবাদ করিতে লাগিলেন, হে দেব! তুমি তপোমর তপোরাশি তপোম্তি ও জ্ঞানস্বর্প। আমি তপোবসেই তোমার সাক্ষাংকার লাভ করিলাম। হে প্রভা! আমি তোমার গরীরের মধ্যে এই সম্দেয় জগৎ প্রত্যক্ষ করিতেছি। তুমি অনাদি ও অনন্ত। আমি এক্ষণে তোমার শরণাপার হইলাম।

দেবদেব নারায়ণ কশ্যপের স্কৃতিবাদে প্রতি ও প্রসন্ন হইয়া কহিলেন, তাপস! তুমি বরদানের উপযুক্ত, এক্ষণে তোমার কি অভিলাষ প্রার্থনা কর! তোমার মণ্ডল হইবে। মরীচি-তনয় কশ্যপ ক্রিয়ণের এইর্প বাক্য প্রবণ করিয়া কহিলেন, ভগবন্! আমি, অদিতি ক্রিমারণ পর্ণে কর। তুমি অদিতির গভে আমার প্রতর্পে প্রাদ্ধির ইইয়া আমাদিপের সনোরথ পর্ণে কর। তুমি অদিতির গভে আমার প্রতর্পে প্রাদ্ধির ক্রিমারণ কর। তোমার প্রসাদে এই প্রান্থ অনুক্র হইয়া শোকাকুল স্রগণেরে ক্রিমার্থ দান কর। তোমার প্রসাদে এই প্রান্থাপ্রম নামে প্রাদিশ্ব হইবে ক্রিমার্থ মোনসে এই প্রানে বাস করিতেছ তাহা স্কৃত্র নারায়ণ, দেবা অদিতির গভে বামনর নিমিত্ত এ প্রান হইতে উথিত হও। অনন্তর নারায়ণ, দেবা অদিতির গভে বামনর প্রেক্তি জন্মগ্রহণপূর্বক দানবরাজ বিলিক বিলেক তিন্তি তিনিক ক্রিমার্থ ক্রিমার্য বিলেক বিলক বিলেক বিলক বিলেক বিলক বিলেক বিলেক

অনন্তর নারায়ণ, দেবি জিদিতির গভে বামনর পে জন্মগ্রহণপ্রেক দানবরাজ বিলর নিকট উপস্থিত হইলেন। তিনি বিলর নিকট উপস্থিত হইয়াই ত্রিপাদ ভ্রিম ভিক্ষা চাহিলেন এবং লোকহিতার্থে পাদরয়ে এই রিলোক আক্রমণ করিলেন। রাম । এইর্পে বামন আপনার বলে বলিকে বন্ধন করিয়া স্বরাজকে প্নরায় তৈলোক্য-রাজ্য প্রদান করিয়াছিলেন। বংস! বামনদেব প্রে এই শ্রমনাশন আশ্রমে বাস করিতেন। এক্ষণে আমি তাঁহারই প্রতি ভক্তিপরায়ণ হইয়া এই আশ্রম আশ্রম করিয়া আছি। বচ্ছবিদ্যাকর নিশাচরগণ এই স্থানে আগমন করিয়া থাকে। এই স্থানেই তোমারে সেই দ্রাচারদিগকে বিনাশ করিতে হইবে। বংস! আজি আমরা সেই সর্বোৎকৃষ্ট সিন্ধাশ্রমে প্রবেশ করিব। এই আশ্রমে আমার ন্যায় তোমারও সম্পূর্ণ অধিকার আছে।

এই বলিয়া মহার্ষ বিশ্বামিত প্রতিমনে রাম ও লক্ষ্মণকে সমডিব্যাহারে লইয়া আশ্রমপ্রবেশ করিলেন। তৎকালে প্নবস্কৃষক্তবন্ত নীহাব-নিম্ভিশশধরের ন্যায় তাঁহার অপার্ব এক শোভা হইল। সিম্পাশ্রমবাসী তাপসেরা বিশ্বামিত্রকে দর্শন করিবামাত্র গাত্রোখান করিয়া যথোচিত উপচারে তাঁহার অর্চনা করিতে লাগিলেন। তাঁহারা বিশ্বামিত্রকে অর্চনা করিয়া রাজকুমার রাম ও লক্ষ্মণেরও অতিথি সংকার করিলেন।

অনন্তর রাম ও লক্ষ্মণ কণকালমধ্যে শ্রান্তি দূর করিয়া কৃতার্গলিপ্রট কুশিকনন্দনকে কহিলেন, তপোধন! আপনি আজিই যজ্ঞে দীক্ষিত হউন।



আপনার মঞাল হইবে। আপনার সংকংপ সিন্ধ হইয়া এই আশ্রমের নাম সার্থক হউক। আপনি যাহা যাহা কহিলেন, অবিলন্দেই তংসুকুদুদ্র সফল হউক।

জিতেন্দ্রিয় বিশ্বামিত তাঁহাদের এইর্প বাকা করিবরা ঐ দিবস যজে দীকিত হইলেন। রজনী উপস্থিত। দক্দ ও বিশাধ-সদৃশ রাম ও লক্ষ্মণ পরম স্থে নিদ্রিত হইয়া প্রভাতে শ্যা হইকেউখিত হইলেন। উভয়ে পবিত্র হইয়া সন্ধ্যাবন্দন অর্ঘ্যদান ও জপ-সমাপুন করিয়া হৃত-হৃতাশন এবং স্থাসীন মহর্ষি কৌশিককে অভিবাদন করিলেন্ত্র

তিংশ সর্গা। অনন্তর দেশকলিজ রাম ও লক্ষ্যণ অবসরোচিত বাক্যে বিশ্বামিতকে কহিলেন, রক্ষন্ ! যে সময়ে মারীচ ও স্বাহ্যকে অপেনার যন্ত্র রক্ষার্থ নিবারণ করিতে হইবে, আপনি আমাদিগকৈ তাহা নিদেশ করিয়া দেন। দেখিবেন, সেই কাল যেন অতীত না হয়। সিন্ধাশ্রমবাসী খ্যামগণ রাম ও লক্ষ্যণের এইরূপ বাক্য শ্রবণ এবং তাঁহাদিগকে যন্ত্র্থার্থ উদাত দর্শন করিয়া প্রতিমনে তাঁহাদিগের ভ্রেসী প্রশংসা করিতে লাগিলেন।

মহার্য কৌশিক দাঁক্ষিত বালিয়া মোনাবলম্বন করিয়াছিলেন। স্ত্রাং তাঁহাকে প্রত্যুত্তর প্রদানে অসমর্থ দেখিয়া অন্যান্য তাপসেরা মধ্র বাকো কহিলেন, হে রাজকুমারযুগল! এক্ষণে মহার্য দাক্ষিত হইয়াছেন এবং এই ছয় রাত্রি মোনাবলম্বন করিয়াই থাকিবেন। অতএব তোমরা অদ্যাব্যি এই কয়েক রাত্রি তপোবন কক্ষা কর। অনশ্তর রাম ও লক্ষ্যুণ খাবিগণের এইর্প নিদেশ-বাক্য প্রবণ করিয়া শরাসন ও কর্ম ধারণপর্যেক দিরানিশি সেই তপোবন রক্ষা করিতে লাগিলেন এবং নিদ্রাবেগ পরিহারপর্যেক যাহাতে যজে কোনরাপ বিদ্যা উপস্থিত না হয় তাম্বিয়ে নিরন্তর সাবধান হইয়া রহিলেন। রমশঃ পঞ্চম দিবস অতীত ও ষ্টে দিবস উপস্থিত হইল। তথন রাম স্থামিতানন্দন লক্ষ্যণকে কহিলেন, বংস! এখন সতর্ক হইয়া সত্তই সম্ক্রীভূত থাক।

এদিকে যজ্ঞবেদিতে যজ্ঞ আরুভ হইয়াছিল। রক্ষা, প্রোহিত এবং ভগবান্ বিশ্বামিত্র উপবেশন করিয়া মন্ত্রোচারণপূর্বক ন্যায়ান্সারে যজ্ঞকার্য সাধন করিতেছিলেন। কৃশ কাশ সূক্ সমিধ কুস্ম ও পানপার ঐ বেদির চতুদিকে অপ্র শোভা সম্পাদন করিতেছিল। ইতাবসরে সহসা ঐ বেদি প্রজন্তিত হইয়া উঠিল। গগনমন্ডলে ভয়ানক শব্দ হইতে লাগিল। জলদজাল বর্ষাকালে আকাশ আছেম করিয়া ভীষণ গর্জন বন্ধাঘাত ও ম্যুলধারে বৃদ্টিপাত করিলে যেমন দেখিতে হয়, সেইর্শভাবে রাক্ষসেরা নানা প্রকার মায়া বিশ্তার করত মহাবেপে আগমন করিতে লাগিল। মারীচ, স্বাহ্ এবং ইহাদিগের অন্তর নিশাচরসকল উগ্রম্তি পরিগ্রহপ্রক উপস্থিত হইয়া বজ্ঞ-বেদের উপর অনবরত র্বির-ধারা বর্ষণে প্রবৃত্ত হইল।

তখন রাম বেদির উপর রন্তব্থি হইতে দেখিয়া উধের্র দৃষ্টিপাত করিলেন। দেখিলেন, রাক্ষসেরা দ্রুতবেগে দলবন্ধ হইরা আসিতেছে। তিনি তাহাদিগবে আগমন করিতে দেখিয়া লক্ষ্যদের প্রতি নেত্র নিক্ষেপপূর্ব করিতেনে, লক্ষ্যণ! দেখ, আমি এক্ষণে এই অলপপ্রাণ রাক্ষসদিগকে বিনাশ করিতে চাহি না। বরং মানবাস্থ্য শ্বারা বায়্রবেগে মেঘের নাার এই সমস্ত দ্রবৃত্ত মাংসাশীদিগবে দ্রে অপসারিত করিয়া দিতেছি। এই বালিয়া তিনি রোষভরে শরাসনে তেজঃ-প্রদশ্ত উৎকৃত মানবাস্থ্য সম্পান করিয়া মারীচের বক্ষঃশ্বলে নিক্ষেপ করিলেন। মারীচ্চেই মানবাস্থ্য শ্বারা আহত হইয়া শতবোজন দ্রের ইন্দোগরে নিপতিত হইল। তথন রাম মারীচকে অস্থ্যবলপীজিত হতচেক্ত ও ঘ্রণ্রেমান দেখিয়া এবং তাহাকে এককালে মুন্ধে নিরুত স্থির করিয়া লক্ষ্যধিক বিনাশ করিল না, কেমন, কিল্ড উহাকে বিচেতন করিয়া দ্রে লইয়া ক্রিটিক বিনাশ করিল। না, কেমন, কিল্ড উহাকে বিচেতন করিয়া দ্রে লইয়া ক্রিটিক বিনাশ করিব। এই বালিয়া তিনি অবিলন্ধে আর্মানিক বিনামিক করিলেন। স্বাহ্র রাম শ্রামান-নির্মাণ্ড আনেমান্য শ্রাম্য বিলম্প করিলেন। স্বাহ্র রাম-শ্রাসন-নির্মাণ্ড আনেমান্য শ্রার বিশ্ব হইয়া তৎকণাৎ রণদারী হইল। মহাবার রাম স্বাহ্রে বিনাশ করিয়া বায়ব্যান্ত শ্রারা অবিশিন্ত রাক্ষসগণকে নিহত করিলেন। তদ্দর্শনে মহার্ষাগণের আনক্রের আর পরিসীমা রহিল না। তাহারা দেবাস্ব্র-সংগ্রামে বিজ্য়ী ইন্দের নায়ে রামের ব্রেণ্ড সমাদর করিতে লাগিলেন।



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনন্তর মহার্ষ বিশ্বামির নিবিছে; বন্ধ সমাপন করিলেন এবং ঐ প্রদেশকে একান্ত নির্পদ্র দেখিরা রামকে কহিলেন, বংস! আমি এক্ষণে কৃতার্থ হইলাম। তুমি গ্র্বাকা যথার্থতিঃই প্রতিপালনকরিলে। অতঃপর এই আশ্রমও যথার্থতিঃই সিন্ধাশ্রম হইল। বিশ্বামির রামের এইর্প প্রশংসা করিয়া তাঁহাকে এবং লক্ষ্যণকে সঞ্জে লইরা সন্ধ্যা-উপাসনা করিবার নিমিত্ত গমন করিলেন।

একরিংশ সর্গা। এইর্পে মহাবীর রাম ও লক্ষ্মণ রাক্ষস-বিনাশে কৃতকার্য হইয়া প্লোকিত মনে সেই তপোবনে নিশা যাপন করিলেন। পর্বরী প্রভাত হইলে তাঁহারা প্রাতঃকৃত্যসম্দের সমাপন করিরা মহার্ষণিণের সল্লিধানে উপান্থিত হইলেন এবং সেই প্রজন্মিত হৃতাশনের ন্যার তেজন্বী কোশিককে অভিবাদন করিয়া উদরে ও মধ্র বাক্যে কহিলেন, ভগবন্! আপনার এই দুই বিঙকর উপান্থিত, আছ্রা কর্ন, আমাদিগকে আর কি করিতে হইবে।

রাম ও লক্ষ্মণ বিনীতভাবে এইর্প কহিলে বিশ্বামিতাদি ঋষিগণ রামচন্দ্রকে কহিলেন, মিথিলাধিপতি জনক ধর্মপ্রধান এক যন্ত অনুষ্ঠান করিবেন। আমরা সকলেই সেই যন্ত দর্শনার্থ গমন করিব। বংস! এখন আমাদিগের সমাভিব্যাহারে তোমাকেও তথায় যাইতে হইবে। তুমি তথায় গর্মী করিলে জনকের এক অভ্জুত শরাসন দর্শন করিতে পাইবে। প্রকালে জনকোরা মহারাজ দেবরাভের যন্ত্র-সভায় উহা প্রদান করিরাছিলেন। মন্ত্রের কথা দ্বের থাক, স্রাস্ত্রর রাক্ষ্মও গাল্ধবেরাও ঐ কঠোর ও ভরক্রর ক্রিকে গ্ল আরোপণ করিতে পারেন না! অনেকানেক মহাবল পরাক্রাভত রাজ্যি রাজকুমার উহার শক্তি জানিবার আশ্রেম আসিয়াছিলেন, কিল্ডু তাহারা ক্রিল র্পেই উহাতে গ্ল সংযোগ করিতে পারেন নাই। জনকরাজ ঐ উৎকৃতি মুল্টি-কন্ধন-স্থান-যুক্ত ধন্রের দেবগণের নিকট যন্ত্রমল-স্বর্প প্রার্থা দেবতার নাায় উহাকে স্বগ্রে রাখিয়া বিবিধ গন্ধ ও আগ্রেন্গন্ধী ধ্পে স্বারা অর্চনা করিয়া থাকেন। বংস! চল, তুমি মিথিলা দেশে মহাত্রা জনকের সেই ধন্ ও অভ্জুত যক্ত পর্ণন করিয়া আসিবে।

অন্তর মুনিবর বিশ্বামিত রাম লক্ষ্যণ ও অন্যান্য তাপসগণের সহিত্
মিথিলার গমন করিবার উন্দেশে বনদেবতাদিগকে আমন্ত্রপর্ক কহিলেন,
বনদেবতাগণ। আমি এক্ষণে এই সিন্ধাশ্রম হইতে প্রথমনোরথ হইয়া উত্তর
দিকে ভাগারপাতীরে হিমাচলে চলিলাম। ভোমাদিগের মধ্যল হউক। তিনি
বনদেবতাদিগকে এইর্প কহিয়া সিন্ধাশ্রমকে প্রদক্ষিণপ্রক রাম লক্ষ্যণ ও
অন্যান্য তাপসের সহিত উত্তরাভিম্থে গমন করিতে লাগিলেন। ব্রহ্মবাদী
ক্ষিণণ শতসংখ্য শকটে অন্নিহোতের যাবতীর দ্রব্য আরোপিত করিয়া তাঁহার
অন্সরণে প্রবৃত্ত হইলেন। ঐ আশ্রমের ম্গণিক্ষিসকল কির্দ্র তাঁহার
পশ্চাৎ পশ্চাৎ গিয়া প্ররায় প্রত্যাগমন করিল।

ক্রমশঃ দিবাবসান হইয়া আসিল। মহর্ষিগণ বহুদ্রে অতিক্রম করিয়া শোণ নদীর তীরে উপস্থিত হইলেন। দিবাকরও অস্তাচল-শিখরে আরোহণ করিলেন।

অনন্তর মহর্ষিগণ সারংতন দ্নান সমাপন ও অণ্নহোত্ত সমাধানপূর্বক বিশ্বামিত্রকে প্রোবর্তী করিয়া উপবিষ্ট হইলেন। তাঁহারা সকলে আসন গ্রহণ করিলে রাম ও লক্ষ্মণ তাঁহাদিগকে অভিবাদন করিয়া মহর্ষি কোঁশিকের সম্মুখে

উপবেশন করিলেন। অনন্তর রাম কোত্হলপরবশ হইয়া কৃশিকনন্দনকে কহিলেন. ভগবন্! যথায় আমরা উপস্থিত হইয়াছি ইহা কোন্ স্থান? বল্ন, শ্নিতে একান্ত ইচ্ছা হইতেছে।

ষাত্রিংশ সর্গাদ্ধ কৌশিক কহিলেন, বংস! পূর্বে কুশ নামে ব্রতপরায়ণ ধর্মাশীল এব রাজবি ছিলেন। তিনি ভগবান স্বয়স্ভ্র প্র। তাঁহার ভাষার নাম বৈদভী। সক্ষন-প্রতিপ্রেক মহাতপা কুশ এই সংকল-প্রস্ভা পত্নী হইতে র্পগ্ণে আপনার অন্র্ণ মহাবল-পরাক্রাল্ড চারিটি পাত্র লাভ করেন। ই'হাদের নাম কুশান্ব, কুশনাভ, অমার্ডরিজা ও বস্য। ই'হারা সকলেই উৎসাহ-সম্পন্ন ও দীপ্তিশীল ছিলেন। একদা কুশ ক্ষাত্র্যান্ধর্ম পরিবর্ধিত করিবার আশয়ে এই সমস্ত ধার্মিক সত্যবাদী পরেকে আহ্নান করিয়া কহিলেন, প্রগণ! তোমরা একদা প্রজা পালন করিয়া ধর্ম সঞ্চরে প্রবৃত্ত হও। অনশ্বর কুশের আদেশে উ'হারা নগরসকল সান্নবেশিত করিলেন। মহাবীর কুশান্ব হইতে কৌশান্বী নগরী এবং ধর্মান্থা কুশনাভ হইতে মহোদয়, মহীপাল অম্র্তরিজা হইতে ধর্মারণ্য ও বস্য হইতে গিরিব্রজ নগর সংস্থাপিত ক্রল। বংস! এই গিরিব্রজ নামক স্থান এই পাঁচটি শৈল ও এই শোগা নল্প স্বান্ধা বস্ত্রই অধিকৃত। এই স্বর্মা নদার আর একটি নাম মাগধী। এই ফির মগধ দেশ হইতে নিঃস্ত ও প্রাভিম্ধে প্রবাহিত হইয়া এই পাঁকি শোলের মধ্যে মালার ন্যার কেমন শোভা পাইতেছে। ইহার পাশ্বান্বরে স্ক্রানিরপূর্ণ স্প্রশাহত ক্ষেত্রসকল বিস্তৃত রহিয়াছে।

ঘ্তাচী রাজার্য কুশনাভের সদী ছিলেন। এই ঘ্তাচীর গর্ভে কুশনাভের একশত কন্যা উৎপন্ন হয় তিল্সহকারে এই সকল কন্যা র্প-যৌবন-সম্পন্না হইয়া উঠে। একদা তাইটারী বিবিধ অলংকারে অলংকৃতা হইয়া বর্ষাগমে সোদামিনীর ন্যায় উদ্যানে আগমনপূর্বক নৃত্যগতিবাদ্যে আমোদ-প্রমোদ করিতেছিল, এই অবসরে সমীরণ মেঘাশ্তরিত তারকার ন্যায় তাহাদিপ্তে নিরীক্ষণপূর্বক কহিলেন, কামিনীগণ! আমি ভোমাদিগকে প্রার্থনা করিতেছি, তোমরা আমার পরী হও এবং এই মান্য-ভাব পরিত্যাগ করিয়া দীর্ঘায়; লাভ কর। দেখ, মন,ষ্যের যৌবন অচিরম্থায়ী, অতএব আমার সম্পর্কে তোমরা চির্যৌবন পাইয়া অমরী হও। কন্যাগণ বায়্র এইরূপ অসংগত বাক্য শ্রবণপূর্বক হাস্য করিয়া উঠিল: কহিল, প্রভঞ্জন! তুমি লোকের অন্তরের ভাব সকলই অবগত হইতেছ এবং আমরাও তোমার প্রভাব সম্যক জ্ঞাত আছি, স্তরাং তুমি এইর্প অনুচিত প্রার্থনা করিয়া কেন আমাদিগকে অবমাননা কবিলে? আমরা রাজবি কুশনাভের কন্যা। আমরা মনে করিলে তোমার বায়ুত্ব নন্ট করিতে পারি: কিন্তু তপঃক্ষর হইবে বলিয়া এক্ষণে তাহাতে ক্ষান্ত রহিলাম। নিবেবিধ! আমরা যে সভ্যনিষ্ঠ পিতার অবমাননা করিয়া স্বেচ্ছাচার অবলম্বন-প্রেক স্বয়ন্বরা হইব, সে দিন যেন কদাচই না আইসে। পিতা আমাদের প্রভ, পিতাই আমাদের পরম দেবতা। পিতা আমাদিগকৈ যাঁহার হুকেত সমপ্রণ করিবেন, তিনিই আমাদিগের ভর্তা হইবেন।

অনন্তর ভগবান্ প্রভঞ্জন অংগনাগণের এইরপে বাক্য শ্রবণপর্বকি জোধে প্রজন্তিত হইয়া উঠিলেন এবং অবিলম্বে তাহাদের শরীরে প্রবেশপ্রবিক অংগ

প্রতাণা সম্পয় ভান করিয়া তাহাদিগকে কুব্জভাবাপন্ন করিয়া দিলেন। তখন সেই সমসত রাজকন্যা এইর্প বির্প-ভাব প্রাণত ইইয়া সসাক্রমে পিতার ভবনে গমন করিল এবং অতানত লাজ্জিত হইয়া অবিরল-বাল্পাকুল-লোচনে রোদন করিতে লাগিল। মহারাজ কুশনাভ প্রাণাধিকা তন্য়াদিগকে একান্ত দীনা ও কুব্জভাবাপনা দেখিয়া বাস্তসমসত চিত্তে কহিলেন, এ কি! বল, কে তোমাদের প্রতি এইপ্রকার বল প্রকাশ করিল? কেই বা তোমাদিগের এইর্প অংগপ্রতাণ্য ভান করিয়া দিল? আহা! তোমাদের চক্ষের জলে বক্ষ ভাসিয়া খাইতেছে। মুখ দিয়া কথা নিঃস্ত ইইতেছে না। কুশনাভ কন্যাগণকে এইর্প কহিয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগপ্রেক ইহার আন্প্রিক ব্রান্ত প্রবণ করিবার নিমিন্ত একান্ড বাগ্র হইলেন।

হয়ন্তিংশ সগা। অনতের কামিনীগণ ধামান্ কুশনাভের পাদবন্দনপ্রবি কহিল, পিতঃ! সর্বরাপী বায় অসং পথ আশ্রয় করিয়া আমাদিগকে অপমানিত করিবার ইচ্ছা করিয়াছিল। তাহার কিছুমার ধর্মকুনে নাই। সে আপনার দুরভিসন্ধি প্রকাশ করিলে আমরা কহিয়াছিলাস সর্য়! আমাদিগের পিতা জাবিত আছেন। আমরা ব্যাধীন নহি। তেলিছ মণ্গল হউক। তুমি এক্ষণে তাহার নিকট গিয়া প্রার্থনা কর, হয় ত কিন্তু আমাদিগকে তোমায় সম্প্রদান করিবেন। আমরা এই প্রকার কহিলে স্থিতি,রাচার পামর এই কথায় কর্ণপাত না করিয়া আমাদিগকে এইর্প বিকুক্রিক করিয়া দিল।

না করিয়া আমাদিগকে এইর্প বিকৃত্রি করিয়া দিল।
কুশনাভ কন্যাদিগের দ্বেক্ষ্ট্র বিষয় প্রবণ করিয়া কহিলেন, কন্যাগণ!
তোমরা বায়্র প্রতি যথোচিত ক্যা প্রদর্শন এবং একমত হইয়া আমার কুল-গোরব রক্ষা করিয়াছ। দ্রী বাস্বাস্থ হউক, ক্ষমা উভয়েরই ভ্রেপ। দেখ স্বরগণ স্বাংশে কমনীয় সন্দেহ নাই। কিন্তু তোমরা যে দ্বেছাচারিণী হইয়া সমীরণে অন্রাগিণী হও নাই, ইহাতেই তোমাদিগের অসাধারণ ক্ষমার পরিচয় হইয়াছে।
তোমাদিগের যের্প ক্ষমা, আমার বংশ-পরন্ধায় সকলেই সেই প্রকার শিক্ষা কর্ক। ক্ষমা দান, ক্ষমা সতা, ক্ষমা যজ্ঞ, ক্ষমা যশ ও ক্ষমাই ধর্ম। ক্ষমাতেই জ্লগং প্রতিন্থিত রহিয়াছে।

স্রগণের ন্যায় বিক্রম-সম্পন্ন মহারাজ কুশনাভ এই বলিয়া কন্যাগণকে অন্তঃপর্ন-প্রবেশে অন্মতি করিলেন এবং উচিত দেশ ও উচিত কালে র্পেগাংশে অন্র্প পারে তাহাদিগকে সম্প্রদান করা কর্তব্য ইহা বিবেচনা করিয়া মন্ত্রিগণের সহিত তাহার পরামশ করিতে লাগিলেন।

এই অবসরে চ্লী নামক কোন এক ব্রহ্মচারী শৃভাচরেপরায়ণ হইয়া ব্রহ্মযোগ সাধন করিতেছিলেন। চ্লীর যোগসাধনকালে সোমদা নাশ্নী উমিলা-গর্ভ-সম্ভ্তা এক গণ্ধবিকন্যা তাঁহার প্রসন্নতা লাভার্থ প্রণতি-পরতন্ত হইয়া নিরণ্ডর পরিচর্যা করিতেন। কিয়ংকাল অতীত হইলে খবি সেই ধর্মশীলা সোমদার প্রতি সন্তৃষ্ট হইয়া কহিলেন, সোমদে! আমি তোমার পরিচর্যায় যথোচিত প্রতি লাভ করিয়াছি। এক্ষণে তোমার কির্পু প্রিয় কার্য সাধন করিব বল; তোমার মন্দাল হউক। তখন সোমদা মহর্ষির পরিভাষে দর্শনে প্রফ্রণ্ল হইয়া মধ্রে স্বরে কহিল, তপোধন! আপনি মহাতপা, ব্রহ্মশ্রী-সম্পন্ন ও ব্রহ্মস্বর্ম। আমার বাসনা যে আমি আপনার প্রসাদে ব্রহ্মযোগ-যুক্ত পরম ধার্মিক এক প্র

লাভ করি। অদ্যাপি কাহাকেও আমি পতিছে বরণ করি নাই এবং করিবও না। অতএব বাহাতে আমার এই সংকল্প সিন্ধ হয়, তদ্বিষয়ে আপনি অনুকশ্পা প্রদর্শন কর্ন। আমি আপনার কিন্করী; আপনি ব্রাহ্ম বিধান অবলম্বনপ্রকি আমার এই মনোরথ পূর্ণ কর্ন।

বৃদ্ধবি চ্না সোমদার প্রাথনিয় প্রসন্ন হইয়া তাঁহাকে রহ্মদন্ত নামে এক বৃদ্ধান্ত মানস পূর প্রদান করিলেন। যেমন বিদশাধিপতি ইন্দ্র অমরাবতী প্রতিষ্ঠিত করিয়াছিলেন, সেইর্প এই রহ্মদন্ত কাম্পিল্যা নামে এক প্রবী প্রস্তুত করেন। বংস! মহারাজ কুশনাভ এই রহ্মদন্তকেই আপনার এক শত কন্যা প্রদানের সংকল্প করিলেন।

অনশতর তিনি রক্ষদশুকে আহ্বান করিয়া প্রতিমনে তাঁহার সহিত কন্যাগণকে পরিগয়-স্ত্রে কন্দ করিয়া দিলেন। স্বরাজ-সদৃশ মহীপাল রক্ষদশু যথান্তমে ঐ শত ভগিনীর পাণি স্পর্শ করিবামান্ত উহাদের কুজভাব বিদ্যারিত হইয়া গেল এবং উহারা পর্ববং অপর্শ শ্রী লাভ করিল। নৃপতি কুগনাভ তনয়াদিগকে সহসা এইর্প বায়্র আক্রমণ হইতে নিম্রি দেখিয়া সাতিশয় হর্ষ প্রকাশ করিতে লাগিলেন। অনশতর তিনি সম্প্রীক মহারাজ রক্ষদশুকে উপাধ্যয়গণের সহিত সাদরে কাম্পিল্যা নগরীতে প্রেরণ করিলেন সক্ষদশুরের জননী সোমদা প্রের বিবাহ-সংস্কার নির্বাহ হইল দেখিয়া স্ত্রিপ্র অপ্যাদপর্শ ক্রিভান এবং রাজ্য কুগনাভকে ভ্রমণী প্রশংসা ও বায়ংবার ব্যক্ষির অপ্যাদপর্শ পর্বক অভিনদ্দন করিতে লাগিলেন।

চতুলিবংশ লগা । বংস! ব্রহ্ম দারগ্রহণপূর্বক প্রদ্ধান করিলে মহারাজ কুশনাভ পত্র লাভের নির্মিষ্ট পত্রেণ্টি বাগ অনুষ্ঠান করিলেন। উদারপ্রস্থি রাজা কুশ বাগ আরখ হইলৈ কুশনাভকে কহিলেন, বংস! তুমি অবিলন্দেব গাধি নামে ধার্মিক এক পত্র লাভ করিবে। তুমি গাধিকে পাইয়া ইহলোকে চিরকীতি বিশ্তার করিতে পারিবে। রাজা কুশ কুশনাভকে এইর্প কহিয়া আকাশ-পথে প্রবেশপূর্বক সনাতন ব্রন্ধালাকে প্রদ্ধান করিলেন।

অনশ্বর কিয়ংকাল অতীত হইলে ধীমান্ কুশনাভের গাধি নামে এক প্রে উৎপন্ন হইলেন। রাম! এই গাধিই আমার পিতা। আমি কুশের বংশে জন্মগ্রহণ করিয়াছি, এই নিমিত্ত আমার নাম কৌশিক হইরাছে। সত্যবতী নামে আমার এক জ্যেন্ডা ভাগিনী ছিলেন। মহার্য ক্ষান্তিক তাঁহার পাণিগ্রহণ করেন। তিনি ভর্তার সহিত সশরীরে স্বর্গে গমন করিয়াছেন। এক্ষণে আমার সেই ভাগিনী ল্লোতস্বতীর্পে পরিণত হইয়া লোকের হিতসাধন-বাসনায় হিমাচল হইতে প্রবাহিত হইতেছেন। তাঁহার নাম কৌশিকী। ঐ দিবা নদী অতি রমণীয় ও উহার জল অতি পবিত্র। বংস! আমি এক্ষণে কৌশিকীর স্নেহে আবন্ধ হইয়া হিমালয়ের পাশ্বে পরম সূব্যে নির্ভ্তর কলে বাপন করিয়া থাকি। আমার ভাগিনী সরিন্বরা সত্যবতী অতি প্রাদা্শীলা ও পতিপরায়ণা। ধর্ম ও সত্যে তাঁহার যথোচিত অন্যুর্গা আছে। আমি কেবল বজ্ঞাসিন্ধির অপেক্ষায় তাঁহাকে পরিত্যাগ করিয়া সিন্ধাশ্রমে আসিয়াছি। এক্ষণে তোমারই তেজঃপ্রভাবে আমার মনোরথ প্র্ হইয়াছে। বংস! এই আমি তোমার নিকট আমার ও আমার বংশের উৎপত্তি কীর্তান করিলাম এবং তুমি আমাকে যাহা জিল্ডাস্যা করিয়াছিলে,


সেই দেশের বিষয়ও সবিশেষ কহিলাম। এক্ষণে কথাপ্রসঞ্জে অর্ধরাতি অতীত হইরাছে। নিচিত হও। নতুবা পথ পর্যতিনে বিষয় উপস্থিত হইবে। বংস! ঐ দেখ, বৃক্ষসকল নিস্পন্দ ও মৃগপক্ষিগণ নীরব রহিয়াছে। চারিদিক রন্ধনীর অন্ধকারে আছ্রন। রুমশঃ অর্ধ প্রহর অবসান হইরা আসিল। নভোমন্ডল নেত্রের নাায় নক্ষরসমূহে পরিপূর্ণ এবং উহাদিগের নির্মল প্রভায় সমাকীর্ণ হইয়াছে। এ দিকে চন্দ্র স্বীয় আলোকে লোকের মন প্রেনিকত করত অন্ধকার ডেদ করিয়া উদয় হইতেছেন। মাংসাশী রুর্ক্ষবভাব যক্ষ রাক্ষস প্রভৃতি রক্ষনীচর প্রাণিসকল ইতস্ততঃ সঞ্চরণ করিতেছে। মহির্ম বিশ্বামির রামকে এইর্প কহিয়া মোনাবলন্বন করিলেন।

আনন্তর ম্নিগণ বিশ্বামিত্তকে বারংবার সাধ্বাদ প্রদানপ্রাক কহিলেন, রাজবি! কুশিকের বংশ অতি মহৎ এবং তাঁহার বংশীর মহাত্মারা বিশেষতঃ আপনি অত্যন্ত ধর্মনিন্ঠ ও ব্লাহি-সদ্শ। আপনার ভাগনী সরিন্বরা কৌশিকীও পিতৃকুলকে বারপরনাই উন্জবল করিতেছেন। কুশিকতনর বিশ্বামিত্ত হৃত্যমনা ম্নিগণের মুখে এইর্প প্রশংসাবাদ শ্রবণ করিয়া অন্তশিখরার্ড ভান্করের ন্যায় নিদ্রার নিমণন হইলেন। রাম এবং লক্ষ্মণও বিস্ময়াবেশ প্রকাশ করত মহর্ষিকে সবিশেষ প্রশংসা করিয়া নিদ্রাস্থ অনুহ্রিক করিতে লাগিলেন।

পঞ্চিংশ সগা। মহারা বিশ্বামিত মনেকালের সহিত শোণা নদীর তারের রাত্রি যাপন করিয়া প্রভাতকালে অন্তিপ্রকি সম্বোধনপর্কে কহিলেন, বংস! নিশা অবসান হইয়ছে। পূর্ব স্বৈটির বেলা উপস্থিত। একাণে শ্যা হইডে গালোখান করিয়া গমনের ক্রিটির প্রস্তুত হও। রামচন্দ্র মহার্ষির আদেশে গালোখান করিয়া প্রাতঃকৃত্র্যান্তিনির সমাপন করিলেন এবং তাঁহার সমাভব্যাহারে প্রবিং গমন করিতে লাডিলেন। যাইতে যাইতে জিল্পাসিলেন, ভগবন্! এই ত স্বচ্ছসলিল প্রতিন-শোভিত অগাধ শোণ নদ। এখন আমাদিগকে কোন্ পথ দিয়া গমন করিতে হইবে? বিশ্বামিত্র কহিলেন, বংস! মহর্ষিগণ যে পথে গিয়া থাকেন, চল আমরাও সেই পথ দিয়া যাইব।

ক্তমশঃ তাঁহারা বহাদ্রে অতিক্রম করিলেন। মধ্যাহ্নকাল উপস্থিত হইল।
নিকটে জাহ্বী প্রবাহিত হইতেছিলেন। তাঁহারা সেই হংস-সারস-ম্থরিত
ম্নিজন-সেবিত প্রা-সলিল গণগা-প্রবাহ দর্শন করিয়া যারপরনাই সম্পূর্ণ
হইলেন। অনন্তর সকলে ভাগীরথীতীর আশ্রয় করিয়া স্নান-বিধানান,সারে
পিত্দেবগণের তপণ ও অস্পিহোর অনুষ্ঠান করিলেন। তৎপরে অম্তবৎ হবি
ভোজন করিয়া মহর্ষি বিশ্বামিশকে পরিবেন্টনপ্রকি প্রফ্লেমনে গণ্যাক্লে
উপবিন্ট হইলেন।

সকলে উপবেশন করিলে রাম সহর্ষে মহার্ষ কৌশিককে জিজ্ঞাসিলেন, তপোধন! এই ত্রিপথগামিনী গণ্গা ত্রৈলোক্য আক্রমণপূর্বক কি প্রকারে মহাসাগরে গিয়া নিপতিত হইতেছেন? বলুন, শ্রবণ করিতে আমার অতিশয় ইচ্ছা হইতেছে। ভগবান্ কৌশিক রামের এইর প কথা শানিয়া জাহ্নবীর উৎপত্তি ও ত্রৈলোক্যব্যাপত কির পে হইল, কহিতে লাগিলেন, রাম! ধাতুর আকর গিরিবর হিমালয়ের মেনা নাম্নী মনোরমা এক পত্নী আছেন। এই সন্মের দৃহিতা মেনা হইতে হিমালয়ের দৃহ কন্যা জন্ম। কন্যাম্বয়ের মধ্যে জ্যেষ্ঠার নাম জাহ্নবী



কনিন্দার নাম উমা। বংস! প্থিবীতে জাহুবী ও উমার রুপের উপমা নাই। এক সময়ে স্রগণ স্বকার্য সাধনের নিমিত্ত গণ্গাকে হিমালয়ের নিকট প্রার্থনা করিয়াছিলেন। হিমালয়েও তিলোকের উপকারার্থ তিপথ-বিহারিণী লোক-পাবনী গণ্গাকে ধর্মান্সারে স্বগণের নিকট সমর্পণ করেন। আর যিনি হিমালয়ের দ্বিতীয়া কন্যা উমা তিনি তাপসী হইয়া কঠোর বত অবলম্বনপ্র্বক তপঃসাধন করিয়াছিলেন। হিমালয় এই সর্বজন-বন্দনীয়া নিন্দানীকে অপ্রতিমর্প বির্পাক্ষের হস্তে সম্প্রদান করেন। রাম! যে ব্রিক্তিনাহিনী পাপবিনাশিনী গণ্গা প্রথমে আকাশ ও তংপরে দেবলোকে সামন করিয়াছিলেন, এই আমি তোমার নিকট তাহা কীর্তন করিলাম।

ষট্তিংশ সগা। মহাবীর রাম ও কর্মাণ মহারা বিশ্বামিতের নিকট এইর্প প্রবণ করিয়া তাঁহাকে অভিনুদ্ধি বিক কহিলেন, রক্ষান্! আপনি ধর্মফলপ্রদ অতি উংকৃষ্ট কথাই কহিলেন। দেবী জাহুবীর বিষয় আপনার কিছুই অবিদিত নাই; অতএব এক্ষণে ই হার্ম দিবা ও মন্যালোক-সংক্রান্ত সমস্ত কথা সবিস্তরে কতিন কর্ম। হে তপোধন! এই লোক-পাবনী গণ্গা কি কারণে স্বর্গ মত্য ও পাতালে প্রবাহিত হইতেছেন? কি নিমিত্ত তিলোক্ষধ্যে ত্রিপথগা নামে প্রখ্যাত হইলেন এবং ই হার কার্যই বা কি?

বিশ্বামিত এইর প অভিহিত হইয়া ম্নিগণ-সন্নিধানে ভাগীরথী-সংক্রান্ত বিষয়সকল আন প্রিক কীতনি করিতে লাগিলেন। বংস! প্রে মহতেপা ভগবান্ নীলকণ্ঠ দারপরিগ্রহ করিয়া স্ত্রী-সহযোগে প্রবৃত্ত হল তিনি স্থ্রী-সহযোগে প্রবৃত্ত হইলে দিব্য শতবর্ষ অতীত হইল, তথাচ তাঁহার প্রে জন্মিল না। তখন রক্ষাদি দেবগণ একান্ত উৎকিণ্ঠিত হইয়া বিবেচনা করিলেন এই শিবপার্বতী-সহযোগে যে পত্র উৎপন্ন হইবে তাঁহার বীর্য কে সহ্য করিতে পারিবে। অনন্তর তাঁহারা মহাদেবের নিকট গমন ও তাঁহাকে অভিবাদন করিয়া কহিলেন, হে দেবাদিদেব! আপনি লোকের শ্ভ-সাধনে তংপর আছেন। এক্ষণে আমরা আপনাকে প্রণিপাত করিতেছি, আপনি প্রসন্ন হউন। শঙ্কর! এই লোকসকল আপনার তেজ ধারণ করিতে পারিবে না। অতএব আপনি যোগ অবলম্বন করিষা দেবী পার্বতীর সহিত তপোন্ন্তান এবং এই ত্রিলোকের হিতের নিমিত্ত ঐ তেজ আপনার তেজোমর শ্রীরেই ধারণ কর্ন। লোকসকলকে উচ্ছিল্ল করা আপনার কর্তব্য নহে।

মহাদেব দেবগণের এইর ্প বাকা প্রবণ করিয়া ভংক্ষণাং ভাহাতে সম্মত দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ হইলেন: কহিলেন, সূরগণ! আমি ও উমা আমরা উভয়েই স্বশরীরে তেজ ধারণ করিব। এক্ষণে গ্রিলোকের সমস্ত লোকের সহিত দেবগণ শান্তি লাভ কর্ন। কিন্তু বল দেখি, দিবা শত বর্ষ সম্ভোগ বশতঃ আমার হৃদয়-প্রণ্ডরীক হইতে যে ডেব্রু স্পালত হইয়াছে, উমা ব্যতিরেকে তাহা আর কে ধারণ করিবে? স্বরগণ কহিলেন, দেব! অদা আপনার হাদর-পর্ন্ডরীক হইতে যে তেব্হু স্থালত হইয়াছে, বস্কুরা তাহা ধারণ করিবেন।

মহাবল মহাদেব দেবগণ কর্তৃক এইরূপ অভিহিত হইয়া তংক্ষণাং তেজ পরিত্যাগ করিলেন। ঐ তেজ স্বারা এই গিরিকানন-পরিপূর্ণা পৃথিবী স্পাবিত হইয়া গেল। তন্দর্শনে দেবগণ হ,তাশনকে কহিলেন, হ,তাশন। তুমি বায়,র সহিত এই র.দ্র-তেজে প্রবেশ কর। হৃতাশন স্রগণের আদেশে র.দ্র-তেজে প্রবেশ করিলে উহা শ্বেত পর্বত ও অত্যুক্তবল দিব্য শরবন রূপে পরিণত হইল। বংস! এই শরবনে অণ্নি হইতে মহাডেজাঃ কার্ত্তিকের জন্ম গ্রহণ করিয়াছিলেন।

অনুষ্ঠর দেবতারা ঋষিগণের সহিত প্রীত হইয়া শিবপার্বতীর প্রজা করিতে লাগিলেন। তথন শৈলরাজ-দূহিতা সূরগণের প্রতি ক্রোধে আরম্ভ-লোচন হইয়া তাঁহাদিগকে অভিশাপ দিয়া কহিলেন, সূরগণ! আমি প্রেকামনায় স্বামিসহবাসে প্রবৃত্তা ছিলাম। তোমরা তদ্বিষয়ে বিষা আচরণ ক্রিন্ছ। অতএব আজি অবধি তোমরাও স্বদারে সন্তানোংপাদনে সমর্থ হইবে সী। তোমাদিগের পদ্মীরা আমার শাপে নিঃসন্তান হইবে। তিনি দেকিবকৈ এইরাপ অভিশাপ দিয়া প্রথিবীকে কহিলেন, অর্থান ! অতঃপর পুরুত বহুরূপ। ও বহুভোগ্যা হইবি।
রে দৃঃশীলে ! আমার যে পরে হয়, জুরুরি তার ইচ্ছা নহে। অতএব তুই যখন
আমার কোপে পড়িল, তখন তোকে পুরুরিগিত আর অন্তব করিতে হইবে না।
অনন্তর ভগবান ব্যামকেশ্রেমী পার্বতীর অভিশাপে দেবগণকে এইর্প
দৃঃখিত দেখিয়া পশ্চিমাভিক্তি যাত্রা করিলেন এবং হিমালয়ের উত্তর পাশ্বে

হিমবং-প্রভব নামক শ্রুপ্রেসিপিত হইয়া দেবীর সহিত তপোন,প্রানে প্রবৃত্ত হইলেন।

রাম! অতঃপর আমি ভাগীরখীর প্রভাব কীর্তন করিব, তুমি লক্ষ্যুণের সহিত তাহা শ্রবণ কর।

সম্ভবিংশ স্বৰ্গা পশ্পতি পাৰ্বতীর সহিত তপোন্তানে প্ৰবৃত্ত হইলে ইন্দ্রাদি দেবগণ অণ্নিকে অগ্নবর্তী করিয়া সেনাপতি লাভের অভিলাষে সর্বলোকপিতামহ ব্রহ্মার নিকট গমন করিলেন এবং ভাঁহাকে প্রণিপাত করিয়া কহিলেন, ভগবন্! পূর্বে আপনি আমাদিগকে যে সেনাপতি দিবার প্রসংগ করিরাছিলেন সেই শত্রবিনাশন মহাবীর আজিও জন্মগুহণ করিলেন না। তাঁহার পিতা শংকর উমা দেবীর সহিত হিমালয়-শিখরে তপস্যা করিতেছেন। স্বৃতরাং অতঃপর যাহা কর্তবা, লোকের হিতসাধনের নিমিত্ত আপনিই তাহা বিধান কর্ন । আপনি ভিন্ন আমাদিগের আর গতি নাই।

ভগবান্ কমলযোনি দেবগণের মুখে এইরূপ শ্রবণ করিয়া তাঁহাদিগকে মধ্র বাক্যে সান্থনা করত কহিলেন, স্বৈগণ! গিরিরাজ্তনয়া উমা তোমাদিগকে যে অভিশাপ দিয়াছেন, তাহা কখনই বার্থ হইবার নহে। স্তরাং এক্ষণে এই হ্বতাশন হইতে আকাশগণ্গা মম্দাকিনীতে একটি পত্ৰ জম্মিবে। সেই পত্ৰেই তোমাদিগের সেনাপতি হইবে। জ্যেষ্ঠা গণ্গা তাহাকে কনিষ্ঠা উমারই প্র বলিয়া মানিবেন এবং উমার চক্ষেও সে কখন অনাদরের ইইবে না। দেবগণ প্রজাপতি ব্রহ্মার এইর্প আশ্বাসকর বাক্য শ্রবণে কৃতার্থ হইয়া তাঁহাকে প্জা ও প্রণিপাত করিলেন।

অনশ্তর তাঁহারা ধাতুরাগরাঞ্চত কৈলাসে গমন করিয়া প্রার্থ অণিনকে নিয়োগ করিবার বাসনায় কহিলেন, অনল! তুমি মন্দাকিনীতে পাশ্পত তেজ্ঞ নিক্ষেপ কর। এইটি দেবকার্য; ইহা সাধন করা তোমার কর্তব্য হইতেছে। তখন অণিন স্বরগণের এইর্প প্রার্থনায় অন্ধানারপূর্বক গণগার নিকট গমন করিয়া কহিলেন, দেবি! তুমি এক্ষণে গর্ভ ধারণ কর। ইহা দেবগণের অতিশয় প্রাতিকর হইবে।

স্বতর্গিগণী অমরগণের এইর্প বাক্য প্রবণ করিয়া দিব্য নারীর্প পরিয়াই করিলেন। অণ্নি তাঁহার সোল্বর্যাতশন্ধ সন্দর্শন করিয়া অতিশ্ম বিস্মিত হইলেন এবং অবিলন্দের তাঁহাতে পাশ্পত তেজ নিক্ষেপ করিলেন। ঐ পাশ্পত তেজ ন্বারা গণ্গার নাড়ী-প্রবাহ পরিপ্রেণ হইয়া গেল। তথন তিনি আন্নিকে সন্বোধনপ্র্বিক কহিলেন, হ্তাশন। এই পাশ্পত তেজ তোমার তেজের সহিত মিল্লিত হওরাতে একাল্ত অসহন্দ্র হইয়া উঠিয়াছে। আমি কোনর্পেই উহা ধারণ করিতে পারিলাম নাত্রিমার অল্ডপাই ও চেতনা বিল্লুত হইতেছে। আন্নি কহিলেন, দেবি। ক্রিমার অল্ডপাই ও চেতনা বিল্লুত হইতেছে। আন্নি কহিলেন, দেবি। ক্রিমার নিদেশান্সারে তৎক্ষণাৎ নাড়ী-প্রবাহ হইতে তেজ পরিত্যাগ কর। সরিন্বরা গ্রন্থা আন্নির নিদেশান্সারে তৎক্ষণাৎ নাড়ী-প্রবাহ হইতে তেজ পরিত্যাগ করিলন। তেজ তাঁহা হইতে নিঃস্ত হইল বিলায় উহা তণ্ড কাঞ্চনের ন্যায় ক্রিমাত উল্জন্ল হইয়া উঠিল। উহার প্রভাবে সমীপশ্ব পার্থিব পদার্থ স্ক্রিমার তান্ত ও দ্রন্থিত পার্থিব পদার্থ রজতর্পে প্রাদ্ধিত হইল, উহার তালিয়ে তান্ত ও লোহ জন্মিল এবং গর্জ-নল সীসক র্পে পরিণত হইল। এইর্পে নানা প্রকার ধাতুসকল জন্মিল। বংস! সঞ্জাত বস্তুর রূপ হইতে উৎপন্ন বলিয়া তদর্বিধ স্বর্ণের নাম জাতর্প হইয়াছে।

গণ্গা হিমালয়ের পাদের্ব পাশ্পত তেজ পরিত্যাগ করিবামার একটি কুমার উংপন্ন হইল। ইন্দ্রাদি দেবগণ ঐ কুমারকে শতনপান করাইবার নিমির কৃত্রিকা নক্ষরগণকে অনুরোধ করিলেন। কৃত্তিকাগণ এইটি আমাদিগেরই পরে হইবে, এই বলিয়া তংক্ষণাং প্রত্যেকে পর্যায়ক্রমে শতন পান করাইতে প্রবৃত্ত হইলেন। তন্দ্র্যানে দেবতারা তাঁহাদিগকে কহিলেন, কৃত্তিকাগণ! তোমাদিগের এই প্রেকার্তিকেয় নামে হিলোকে প্রথিত হইবেন। অনন্তর কৃত্তিকাগণ শ্বদীণিতপ্রভাবে হৃতাশনের নায়ে দীপামান গংগাগভীনঃসৃত কাত্তিকেয়কে শনান করাইলেন কাত্তিকেয় গংগার গর্ভ হইতে শক্ষ (নিঃসৃত) হইলেন, এই কারণে তাঁহার নাম শকন্দ হইল।

অনশ্তর কৃত্তিকা নক্ষরগণের শতনে দুংখ উৎপক্ষ হইল। কার্ত্তিকেয় ছয়
আনন বিশ্তার করিয়া ঐ ছয় নক্ষরের শতন পান করিতে লাগিলেন। এইর্পে
তিনি কৃত্তিকাগণের শতন পান করিয়া শ্বয়ং একাশ্ত স্কুমার হইলেও এক দিনে
শ্বীয় ভ্রম্ভবলে দানবসৈন্যগণকে পরাজয় করেন। অমরগণ অণ্নির সহিত সমবেত
হইয়া তাঁহাকেই আপনাদিগের সেনাপতির পদে অভিষেক করিয়াছিলেন। রাম!
এই আমি তোমাকে গণগার ব্তাশ্ত ও কার্ত্তিকেয়ের উৎপত্তি সবিশ্তরে কহিলাম।

এই প্রথিবীতে যে মন্য্য কার্ত্তিকেয়ের ভক্ত হয়, সে দীর্ঘ আয়, ও প্র-পোর লাভ করিয়া তাঁহার সহিত এক লোকে বাস করিয়া থাকে।

ষান্টারিংশ সার্গা মহার্য কোন্সিক জাহুবা-সংক্রান্ত মধ্রে ব্তান্ত কীর্তান করিয়া পনেরার রামকে কহিলেন, বংস! পর্বকালে অযোধ্যানগরীতে সগর নামে এক পরম ধার্মিক রাজা ছিলেন। তাঁহার দুই পদ্মী। এই পদ্দীন্দরের মধ্যে ধর্মিটা জ্যেন্টার নাম কেশিনী ও কনিন্টার নাম স্মাত ছিল। সত্যবাদিনী কেশিনী বিদর্ভরাজ্বের দুহিতা ছিলেন এবং স্মাত মহার্ষি কন্যাপ হইতে উৎপন্না হন। পতগরীজ গরুড় ই'হারই সহোদর। মহাশিলা সগর সন্তানলাভার্থ এই উভয় পদ্মীর সহিত হিমাচলের এক প্রত্যন্ত পর্বতে গমন করিয়া তপোন্ন্টান করেন। বংস! সেই স্থানে মহার্ষি ভ্র্গ্র নির্মত্তর অবস্থান করিবের। মহারাজ সগর অতি কঠোর তপস্যার তাঁহাকেই আরাধনা করিবার নির্মত্ত শত বংসর কাল তথায় অতিবাহিত করিলেন।

অনশ্তর একদা সভাপরারণ তপোধন ভূগা তাঁহার প্রতি প্রসম হইরা কহিলেন, মহারাজ! আমার বরপ্রভাবে ভোমার প্রেছাও কাঁতি লাভ হইবে। তোমার এই দূই সহধার্মপীর মধ্যে একজন এক্তিমীর বংশধর প্রে আব-একজন সহস্রটি প্রসব করিবেন।

রাজ্মহিবারা মহবির এইর্প বাল্য প্রবিশে প্রতি হইরা তহিকে প্রস্ক করিরা কৃতাঞ্চলিপ্টে কহিলেন, তপ্রেপ্তির আপনি বের্প কহিলেন, ইহা বেন অলীক না হর। এক্ষণে আমাদিপ্রেপ্তিরো কাহার এক প্রে এবং কাহারই বা বহু প্র উৎপন্ন হইবে? বলুন, এই বিষয় শ্রবণ করিতে অতিশয় ইচ্ছা হইতেছে। ধর্মপ্রায়ণ ভ্গা, ঐ দুই স্প্রীর এইর্প কথা শ্লিয়া কহিলেন, এক্ষণে তোমাদিগের মধ্যে কাহার ক্রির্প ইচ্ছা, বল; বংশধর এক প্রেরই হউক, অথবা মহাবল-প্রাক্রাণ্ড উৎসাহসন্পন্ন কীতিমান বহু প্রেরই হউক, এই দুই বরের মধ্যে কাহার কোনটি প্রার্থনীর হইতেছে? তখন কেণিনী ন্পতির সাক্ষাতে বংশধর এক প্র এবং স্পোভগিনী স্মতি বিষ্ঠ সহস্ত প্রের বর লইলেন। বংস! রাজা সগর এইর্পে প্রমিনোর্থ হইরা মহবি ভ্গাকে প্রদক্ষিণ ও প্রামপ্রক দুই মহিষীর সহিত স্বনগরে প্রতিগমন করিলেন।

কিরংকাল অতীত হইলে কেশিনী অসমশ্রকে এবং স্মৃতি তৃশ্বফলাকার এক গভাপিত প্রসব করিলেন। ঐ গভাপিত ভেদ করিবামার উহা হইতে সগরের যতি সহস্র পরে নিগতি হইল। ধারীগণ উহাদিগকে ঘৃতপূর্ণ কৃশ্ভমধ্যে নিক্ষেপ করিবা পরিবর্ধিত করিতে লাগিল। বহুকাল অতিকাশ্ত হইলে ঐ রতি সহস্র পরে র্পবান্ ও ব্বা হইরা উঠিল। উহারা বখন অতিশার শিশ্ব ছিল, তখন সর্বজ্ঞেও অসমশ্র উহাদিগকে প্রতিদিন সর্ব্ব জলে ফেলিয়া দিত এবং উহাদিগকে স্রোতে নিম্পন হইতে দেখিয়া মহা আমোদে হাস্য করিত। এইর্পে অসমশ্র পাপাচারী পোরজনের অহিতকারী ও সাধ্দোহী হইয়া উঠিলে, সগর তাহাকে নগর হইতে নির্বাসিত করেন। অংশ্মান্ নামে তাহার এক পরে জন্মে। এই অংশ্মান্ অতি বলবান্ প্রিরবাদী ও সকলের স্নেহের পার হইয়া উঠিল।

অনন্তর বহুকাল অতীত হইলে মহীপাল সগরের বজানুষ্ঠানে ইচ্ছা হয়, এবং তাদ্বিষয়ে কুতনিশ্চয় হইয়া উপাধ্যায়গণের সহিত তৎসংসাধনে প্রবৃত্ত হন।

একোনচমারিংশ সর্গায় রঘ্প্রবীর রাম প্রদাশত পাবকের ন্যায় তেজস্বী মহর্ষি বিশ্বামিদ্রের এইর্প বাক্য শ্রবণে পরম প্রাত হইয়া কহিলেন, তপোধন! আমার প্র্-প্র্যুম মহারাজ সগর কির্পে বছল আহরণ করেন, আপনি ইহা সবিশ্তরে কীর্তন কর্ন। আপনার মণ্যল হইবে। বিশ্বামিন্ত রামের এইর্প প্রশ্নে একাণ্ড কৌত্হলাবিন্ট হইয়া সহাস্যমূখে কহিলেন, বংস! মহাস্যা সগরের যজ্ঞ-বৃত্তাণ্ড স্বিশ্তরে কহিতেছি, শ্রবণ কর। হিমালয় ও বিন্ধ্য পর্বতের মধ্যম্পলে যে ভ্রিমণ্ড আছে, সেই স্থানে সগরের এই যজ্ঞ অনুন্তিত হয়। এই প্রদেশ বজ্ঞকার্যেই সম্যক প্রশাশত বালয়া পরিগণিত হইয়া থাকে। বজ্ঞের আয়োজন হইলে মহারথ অংশ্মান্ সগরের আজ্ঞান্তমে বজ্ঞায় অন্বর অনুসরণ করেন। স্বরগণের অধিপতি ইন্দ্র এই যজ্ঞে বিহ্যা আচরণ করিবার নিমিন্ত রাক্ষসী ম্র্তি পরিগ্রহ করিয়া পর্ব-দিবসে ঐ অন্ব অপহরণ করিয়াছিলেন। অন্ব অপহিয়মাণ হইলে উপাধ্যায়ণণ সগরকে কহিলেন, মহারাজ! পর্ব-দিবসে যজ্ঞায় অন্ব মহারেগে অপহ্ত হইতেছে। অতএব আপনি অপহারককে সংহার করিয়া শাল্প অন্ব আনয়ন কর্ন, নতুবা আপনার বজ্ঞ নির্মিধ্যে স্মুপ্র হইবে না।

সগর উপাধ্যায়গণের এইর্প বাক্য প্রবণ করিয়া সভামধ্যে ষণিট সহস্ত পরিকে আহ্নানপূর্বক কহিলেন, প্রগণ! যদিও আছি মন্তপ্ত হবির্ভাগ কলপনা করিয়া বজ্ঞের অনুষ্ঠান করিতেছি, তথাচ রাজিরের মায়াবলে ইহার কোন বিষা ঘটিলে আমার সন্গতি লাভ স্কতিন হরুরে অতএব অন্বকে কে লইয়া গেল. ডোমরা গিয়া তাহার অনুসন্ধান কর্ম কর সাগরান্বরা বস্ত্র্যরার সকল স্থানে অন্বাল্বরণে প্রবৃত্ত হও। ক্রমণা ওক এক বোজন তল তল করিয়া পর্য বেক্ষণ কর। ইহাতেও যদি অকৃতকার্য বিক্ত তাহা হইলে বে পর্যত না সেই অন্বাপহারক ও অন্বের সন্দর্শন পাও জারী এই প্রথিবী খনন কর। আমি দ্বীক্ষিত হইয়া পেটা অংশ্নমান ও উপাধ্যায়গণের সহিত অন্বের দর্শনলাভ প্রতীক্ষায় এই স্থানেই অবন্ধান করিব। তোমাদিগের মণ্ডল হউক।

অনহতর সেই সকল মহাবল-পরাক্রান্ত রাজকুমার পিতার নিদেশে পরম প্রতি হইয়া প্থিবী প্রটন করিতে লাগিল; কিন্তু কোন স্থানেই বজ্ঞীর অশ্বের সন্দর্শন পাইল না। পরে প্রত্যেকে এক যোজন দীর্ঘ ও এক যোজন প্রস্থা ভূমি বল্পের ন্যায় সারবং ভূজ ন্বারা ভেদ করিতে প্রবৃত্ত হইল। বস্মতী অশ্নি-সদৃশ শ্লে ও অতি কঠিন হল ন্বারা ভিদ্যমানা হইয়া আর্তনাদ করিতে লাগিলেন। উরগ, রাক্ষস ও অস্রগণের কর্ণ ন্বরে চতুদিক পরিপ্রণ্ হইয়া গেল। সগরের যদিট সহস্র পত্র পাতালতল অন্সন্ধান করিবার নিমিত্তই যেন অবলীলাক্তমে যদিট সহস্র যোজন খনন করিল। তাহারা এই বহুল-শৈল-সঙ্কুল জন্ব্দ্বীপকে এইর্পে খনন করত চতুদিকে বিচরণ করিতে লাগিল।

অনন্তর দেবতা গন্ধর্ব অস্বে ও উরগগণ নিতানত ভীত হইয়া পিতামহ বন্ধার নিকট গমন করিলেন এবং তাঁহাকে প্রসন্ন করিয়া বিষয় বদনে কহিলেন, ভগবন্! এক্ষণে সগরতনয়েরা সমগ্র ধরাতল খনন করিতেছে। ঐ দর্ভেরা এই কার্যে প্রবৃত্ত হইয়া বহুসংখ্য সিন্ধ গন্ধর্ব ও জলচর জীবজন্তু বিনাশ করিয়াছে। 'এই ব্যক্তি আমাদিগের ধজের অপকারী' 'এই আমাদের অশ্বাপহারী' এই বলিয়া তাহারা নির্দোষেরও প্রাণদন্ড করিতেছে। চন্ধারিংশ সর্গ । ভগবান্ চতুর্ম্থ স্রেগণকে সগরসন্তানগণের সর্বসংহারক বলবীর্ধে নিতানত ভীত ও একানত বিমোহিত দেখিয়া কহিলেন, এই বস্মতী বাস্দেবের মহিষী, বাস্দেবই ইংহার একমাত্র অধিনারক। এক্ষণে তিনি কপিলের ম্তি পরিগ্রহ করিয়া নিবন্তর এই ধরা ধারণ করিয়া আছেন। সগরসন্তানেরা সেই কপিলেরই কোপানলে ভস্মসাৎ হইয়া যাইবে। স্রগণ! এই প্থিবী বিদারণ ও অদ্রদশী সগরসন্তানগণের নিধন, ইহা অবশাস্ভাবী; তির্মাত্র তোমরা কিছ্মাত্র শোকাকুল হইও না। তথন সেই ত্রয়স্পিংশংসংখ্য দেবতা পিতামহ ব্রন্ধার এইর্প বাক্য শ্রবণ করিয়া হ্র্টমনে স্ব-স্ব স্থানে প্রতিগমন করিলেন।

এ দিকে সগরসন্তানগণের ভ্মিভেদকালে বজ্র-নির্ব্যেষর ন্যায় তুম্ল কোলাহল উত্থিত হইতে লাগিল। তাহারা সমগ্র প্থিবী বিদারণ ও প্রদক্ষিণ করিয়া সগরকে গিয়া কহিল, মহারাজ! আমরা সমস্ত প্থিবী পর্যটন এবং দেব দানব পিশাচ রাক্ষস উরগ ও পল্লগ প্রভৃতি বলবান্ জীবজন্তুগণকে বিনাশ করিলাম, কিন্তু কোথায়ও আপনার বজ্ঞীয় অন্ব ও অন্বাপহারককে দেখিতে পাইলাম না। এক্ষণে আর আমরা কি করিব? আপনি তাহা নির্ণয় কর্ন। মহারাজ সগর প্রগণের এইর্ণ বাক্য শ্রবণ কবিছা কোনভারে কহিলোন, দেখ, তোমরা গিয়া প্রেরায় ধরাতল খনন কর। এইবার তোমাদগকে সেই অন্বাপহারকের সন্ধান লইয়া প্রত্যাগমন করিতেই হইবে।

অনন্তর সগরতনরেরা পিতার এইর আদেশ পাইয়া প্নরার ধরাতলে ধাবমান হইল এবং উহা খনন করিজে ক্রিরতে এক স্থলে বির্পাক্ষ নামক একটি পর্ব তাকার বৃহৎ দিক হসতী দেখি বিসাইল। এই মহাহসতী মসতকে শৈলকানন-প্রণা অবনীর একদেশ ধারণ কার্য়া আছে, যখন এই নাগ ধরা-ভার-বহন পরিশ্রমে ক্লান্ড হইয়া পর্বস্থান শিরশ্চালন করে, তখনই ভ্রমিকম্প হইয়া থাকে। সগ্রতনয়েরা ইহাকে প্রদক্ষিণ ও সম্মান করিয়া রসাতল ভেদ করত গ্রম করিতে লাগিল। অনুন্তর তাহারা পূর্বাদক ভেদ করিয়া দক্ষিণ দিক খনন করিতে প্রবৃত্ত হইল। তথায় মহাপদ্ম নামে পর্বতাকার একটি হস্তী প্থিবীর কিয়দংশ ধারণ করিয়া আছে। সগরতনয়েরা এই মহাপন্মকে দর্শন করিয়া অতিশয় বিস্মিত হইল এবং উহাকে প্রদক্ষিণপূর্বক পশ্চিম দিক ভেদ করিয়া চলিল। পশ্চিম দিকেও সুমনা নামে অচল-সদৃশ আর একটি হস্তী অবস্থান করিতেছে। উহারা তাহাকে প্রদক্ষিণ ও কুশল জিল্জাসা করিয়া প্রথিবী খনন করিতে করিতে উত্তর দিকে উপস্থিত হইল। তথায়ও ভদ্র নামে একটি হস্তী তুযারের ন্যায় শুদ্রবর্ণ দেহে ভূভার বহন করিতেছে। সগরসন্তানগণ এই মহাহস্তীকে দর্শন ম্পর্শ ও প্রদক্ষিণ করিয়া রসাতল ভেদ করিতে লাগিল। এইর,পে তাহারা চতুর্দিক ভেদ করিয়া পরিশেষে উত্তর-পশ্চিম দিকে গমনপূর্বক ক্রোধভরে ভূমি খননে প্রবৃত্ত হইল। সেই ভীমবেগ মহাবল বীরের। উত্তর-পশ্চিম দিক খনন করিতে করিতে কপিলর প্রধারী সনাতন হারিকে নিরীক্ষণ করিল। দেখিল, তাঁহারই অদুরে সেই বজ্ঞীয় অর্শ্বটি সঞ্চরণ করিতেছে। তখন তাহারা কপিলকেই যজনোহী স্থির করিয়া রোষক্ষায়িতলোচনে খনিত্র লাখ্গল শিলা ও বৃক্ষ গ্রহণপূর্বক 'তিষ্ঠ তিষ্ঠ' বলিয়া তাঁহার প্রতি ধাকমান হইল, কহিল, রে নির্বোধ ! তুই আমাদিগের যজীয় অশ্ব অপহরণ করিয়াছিস্। এক্ষণে দেখ্, আমরা সকলে সগরসন্তান, এই অশ্বের অন্বেষণ প্রসঞ্গে এই স্থানে আসিয়াছি।

মহর্ষি কপিল তাহাদের এইর্প বাক্য প্রকণপ্রিক ক্রোধে অধীর হইয়া হ্•কার পরিত্যাগ করিলেন। তিনি হ্•কার পরিত্যাগ করিবামাত্র উহারা ভস্মীভ্ত হইয়া গেল।

একচন্দারিংশ সর্গা । এদিকে মহীপাল সগর তনরগণের কালবিলন্ব দেখিয়া পোঁত অংশ্মানকে কহিলেন, বংস! তুমি মহাবীর কৃতবিদ্য ও পিতৃবাগণের ন্যার তেজন্বী হইরাছ। এক্ষণে তুমি আমার আদেশে তোমার পিতৃবাগণ ও অশ্বাপহারকের উদ্দেশ লইয়া আইস। ভ্গতে যে-সকল মহাবল জ্বীবজন্ত আছে, তাহাদিগকে সংহার করিবার নিমিত্ত অসি ও শ্রাসন গ্রহণ কর। তুমি প্রের্ফিগকে অভিবাদন ও বিদ্রোহীদিগের বিনাশ সাধনপূর্বক কার্যোন্দার করিয়া প্রত্যাগমন করিও। বংস! এখন যাহাতে আমার বজ্ঞ মুসম্পন্ন হর, তান্বিষ্টো বন্ধবান হও।

অংশ্যান মহান্ধা সগর কর্ত্ক এইর্প অভিহিত হইরা আঁস ও শরাসন গ্রহণপূর্বক ছবিতপদে নিগতি হইলেন। বাইতে বাইতে ভ্রিয়র অভান্তরে পিতৃবাগণের প্রস্তুত একটি স্প্রশাস্ত পথ তাঁহার দ্লিটগোচর হইল। তথন তিনি সেই পথ অবলন্বনপূর্বক গমন করিতে লাগ্রিষ্কেন। গমনকালে দেখিলেন উহার এক স্থলে একটি দিক্গল বিরাজমান আছি এবং দেব দানব পিশাচ রাক্ষ্য পত্পা ও উরগেরা তাহার প্লো ব্রিক্তছে। অসময়-তনর অংশ্যান্ ঐ দিঙ্নাগকে প্রদক্ষিণ ও কুশলপ্রস্থিত আপনার পিতৃব্যগণ এবং অন্বাপহারকের বার্তা জিক্ষাসা ক্রিষ্ট্রের দিঙ্নাগ কহিল, রাজকুমার! তুমি



কৃতকার্য হইরা অশ্বের সহিত শীন্তই প্রত্যাগমন করিবে। অংশ্মান্ তাহার এইর্প কথা শ্নিরা বথাক্রমে অন্যান্য দিঙ্নাগদিগকেও ঐ কথা জিজ্ঞাসা করিলেন। বাকাপ্রয়োগ–সমর্থ ঐ সকল দিঙ্নাগেরাও প্র্বিৎ প্রত্যুত্তর প্রদান করিল।

অনন্তর অংশ,মান্ দিক্গজগণের এইর,প আশ্বাসকর বাক্য প্রবণ করিয়া ষে স্থানে তাঁহার পিতৃব্যগণ ভস্মীভূত হইয়া রহিয়াছেন, শীল্ল তথায় উপস্থিত হইলেন এবং তাঁহাদিগের বিনাশে যারপরনাই দ্রাধিত ও কাতর হইয়া নানা প্রকার বিলাপ ও পরিভাপ করিতে লাগিলেন। তাঁহার অদ্রে যজ্ঞীয় অশ্ব সম্পরণ করিতেছিল, তিনি শোকাশ্র, পরিভাগে করিবার কালে তাহাকেও দেখিতে পাইলেন।



অনন্তর অংশ্মান্ পিত্বাগণের সলিল বিশা অন্তান করিবার নিমিন্ত জল অন্বেবণ করিতে লাগিলেন, কিন্তু বিশেষ সন্সন্ধান করিয়াও তথায় জলাশর পাইলেন না। এই অবসরে তাঁহার পিঞ্জুজাণের মাতুল বার্বেগগামী বিহগরাজ গর্ডের সহিত তাঁহার সাক্ষাংকারিং ইল। মহাবল বিনতাতনয় অংশ্মানকে পিত্শাকে একান্ত আকুল সেবিমা কহিলেন, হে প্র্রুষ্থান ! তৃমি শোক পরিতাগে কর। তোমার পিত্রের্বির নিধনে লোকের একটি হিত সাধন হইবে। এই সকল মহাবল বীরের মহিবি কপিলের কোপে ভস্মীভ্ত হইয়া গিয়াছে; অতএব ইহাদিগকে লোকিক সলিল দান করা তোমার কর্তবা নহে। গণগা নামে গিরিরাজ হিমালয়ের জ্যেন্টা এক কন্যা আছেন। তৃমি তাঁহারই স্লোতে ইহাদিগের সালল-ভিয়া সম্পাদন কর। লোকপাবনী স্রুধ্নী এই ভস্মাবশেষ-কলেবর সগরতনয়গণকে স্বীয় প্রবাহে আম্লাবিত করিবেন। তিনি এই ভস্মারশি আম্লাবিত করিলে, র্যাণ্ট সহস্র সগরসন্তানেরা স্রুলোকে গমন করিবে। অতএব তৃমি আমার অন্দেশে এক্ষণে এই অম্বাটি লাইয়া স্বগ্রে প্রতিগমন কর এবং যাহাতে পিতামহের যজ্ঞানে সম্পন্ন হয়, তিন্বব্রে যক্ষ্বান হও।

বীর্যবান্ অংশমোন্ বিহগরাজ গর্ড়ের এইর্প বাকা প্রবণ করিয়া অধ্ব গ্রহণপ্রক শীল্প স্বনগরে প্রতিগমন করিলেন এবং বজ্ঞদীক্ষিত মহীপাল সগরের সন্নিহিত হইয়া পিত্বাগণের ব্তাশ্ত ও বিনতাতনর বাহা আদেশ করিয়াছেন, তাহাও অবিকল কহিলেন। মহারাজ সগর অংশ্মানের মৃথে এই শোকজনক সংবাদ প্রবণ করিয়া যারপরনাই দুঃখিত হইলেন।

অনন্তর তিনি বিধানান,সারে বজ্ঞশেষ সমাপন করিয়া প্রপ্রবেশপ্রক কির্পে ভ্লোকে জাহনবীর আগমন হইবে, সততই এই চিন্তা করিতে লাগিলেন; কিন্তু ইহার উপায় কিছুই অবধারণ করিতে পারিলেন না। পরিশেষে তিংশং সহস্র বংসর রাজ্য পালন করিয়া স্বর্গে আরোহণ করিলেন।

ষিচ্ছারিংশ সর্গা । মহারাজ সগর কলেবর পরিতাগে করিলে প্রজারা ধর্মাশীল অংশ্মানকে রাজপদে প্রতিষ্ঠিত করিয়াছিল। অংশ্মানের দিলীপ নামে এক প্র জন্মে। কিরংকাল অতীত হইলে তিনি সেই দিলীপের প্রতি সমগ্র রাজ্যভার অপণি করিয়া রমণীয় হিমাচলশিখরে গমন করিয়াছিলেন এবং তথায় দ্বাহিংশং সহস্র বংসর অতি কঠোর তপ অনুষ্ঠানপূর্বক তন্ম তাগে করেন। তাঁহার পর মহারাজ দিলীপও প্রপ্রুর্বগণের অপমৃত্যুর বিষয় শ্রবণ করিয়া: অত্যত্ত দ্বংখিত হন। কির্পে জাহুবী ভূলোকে অবতীর্পা হইবেন, কির্পে বিষ্ট সহস্র সগরস্তানের উদক্ষিয়া সম্পন্ন হইবে ও কির্পেই বা তাঁহাদিগের সম্পত্ত লাভ হইবে, তিনি নিরুতর এই চিন্তাতেই একান্ত আকুল হইয়া উঠেন। এই ধর্মাশীল দিলীপের ভগরিথ নামে এক প্র জন্মে। বংস! মহাতেজা রাজা দিলীপ বহুবিধ যক্ত অনুষ্ঠানপূর্বক বিংশং সহস্র বংসর রাজা পালন করিয়াছিলেন; কিন্তু তিনি পিতৃগণের পরিয়াণের উপায় কিছুই নির্পণ করিতে পারেন নাই। পরিশেষে এই দৃঃথেই ব্যাধিগ্রন্ত হন এবং প্রের হন্তে সমুন্ত রাজ্যভার সমর্পণ্যুর্বক স্বীয় কর্মবিলে ইন্দ্রলাকে গমন করেন।

পরমধামিক রাজিষি ভগারথ নিঃস্বতান ছিলেন। তিনি নিঃস্বতান বিলিয়া মিশ্রবর্গের প্রতি প্রজাপালনের ভার দিয়া ছিলেন। তিনি নিঃস্বতান করিবার নিমিত্ত গোকর্ণ প্রদেশে দীর্ঘকাল ত্রেস্ট্রিভান করেন। এই মহাত্মা ইন্দ্রিয়গণকে বশীভ্ত করিয়া কথন মাসাত্তে আহার করিতেন এবং কথন পঞ্চাশ্নির মধ্যবর্তী ও কথন বা উধ্পাস্থা ইইয়া থাকিতেন। এইর্প কঠোর তপ্সায়ে তাঁহার সহস্র বংসর অভিমৃত্তি হয়।

অন্তর প্রজাপতি ব্রহ্মা তৃরিজ প্রতি প্রতি হইয়া দেবগণের সহিত আগ্রমনপ্রতি কহিলেন, ভগারিখ প্রতি প্রতি হইয়া দেবগণের সহিত আগ্রমনপ্রতি কহিলেন, ভগারিখ স্বতিলোক-পিতামহ ব্রহ্মার এইর্প বাক্য প্রবণ করিয়া কৃতাঞ্চিক্তি কহিলেন, ভগারণ স্বতিলাক-পিতামহ ব্রহ্মার এইর্প বাক্য প্রবণ করিয়া কৃতাঞ্চিক্তি কহিলেন, ভগারণ করিন। বিদ্যাক্তি প্রতিলাক প্রবিশ্বতি কহিলেন, ভগারণ করেন। বিদ্যাক্তি ক্রমার ক্রিফাতি ক্রিছি ক্রিছ্যা ক্রমার ব্রহ্মার প্রতিলাক প্রবাহ আর্থি ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রমান ক্রমান ক্রমান ক্রমান ক্রমান ক্রিফাতি ক্রমান ক্রমা

অনন্তর প্রজাপতি ব্রহ্মা কৃষ্টিই প্রতি প্রতি হইরা দেবগণের সহিত আগমনপূর্বক কহিলেন, ভগ্নিকাই তুমি তপোবলে আমাকে প্রসন্ন করিয়াছ, এক্ষণে বর প্রার্থনা কর। ক্রিটাই ভগীরথ সর্ব-লোক-পিতামই ব্রহ্মার এইর্প বাকা শ্রবণ করিয়া কৃতাঞ্জিপিটে কহিলেন, ভগবন্! বদি আপনি প্রসন্ন হইয়া থাকেন এবং আমি যে তপঃ-সাধন করিরাছি, বদি কিছ্ তাহার ফল থাকে, তাহা হইলে এই বর দিন, বেন আমা হইতে পিতামহগণের সলিল লাভ হয়। ঐ সমস্ত মহাম্মার ভস্মরাশি গণ্গাজলে সিক্ত হইলে উত্থারা নিশ্চয়ই স্বেলোকে গমন করিতে পারিবেন। হে দেব! এই আমার প্রথম প্রার্থনা। ন্বিতীয় প্রার্থনা এই যে, আপনার বরে আমার বেন সন্তান-কামনা পূর্ণ হয়। আমি ইক্ষ্মাকৃবংশে ক্ষম গ্রহণ করিয়াছি; আমার এই বংশ যেন অবসর না হয়।

ব্রমা রাজা ভগারিথের এইর্প প্রার্থনা শ্রবণ করিয়া মধ্রে বাক্যে কহিলেন,
মহারথ! তোমার এই মনোরথ অভি মহৎ; আমার বরপ্রভাবে ইহা অবশ্যাই
সফল হইবে। তোমার মগগল হউক। এক্ষণে বস্মতী এই হৈমবতী গণগার
পতন-বেগ সহ্য করিতে পারিবেন না। অতএব ই'হাকে ধারণ করিবার নিমিত্ত
হরকে নিয়োগ কর। হর ব্যতিরেকে গণগাধারণ করিতে আর কাহাকেই দেখি না।
লোকস্রন্থী ব্রম্মা রাজা ভগারথকে এইর্প কহিয়া গণগাকে সম্ভাষণপ্র্বক
দেবগণের সহিত স্বালোকে গমন করিলেন।

বিচন্দারিংশ সর্গা। দেব-দেব চতুম্থ দেবলোকে গমন করিলে ভগারিথ অংগ্রন্থাপ্রে প্থিবী স্পর্শ করিয়া সংবংসরকাল পশ্পতির উপাসনা করিলেন। অনন্তর দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ বংসর পূর্ণ হইলে পশ্পতি তাঁহাকে সম্বোধনপূর্বক কহিলেন, ভগীরথ! আমি তোমার প্রতি প্রতি ও প্রসন্ন হইয়াছি। একাণে তোমার প্রিয়-সাধনোদেশে গণার অবতরণ-বেগ মস্তকে ধারণ করিব। ভগবান ভ্তনাথ এইরপে কহিলে সর্বজন-প্রদায়া জাহ্বী বিস্তীর্ণ আকার পরিয়হ করিয়া গগনমার্গ হইতে দ্বঃসহ বেগে শোভন শিব-শিরে নির্পাতিত হইতে লাগিলেন। পতনকালে মনে করিলেন, আমি প্রবাহ-বলে শব্দরকে লইয়া রসাতলে প্রবেশ করিব। ব্যোমকেশ জাহ্বীর অন্তরে এইর্প গর্বের সন্ধার হইয়াছে জানিয়া ক্রোধভরে তাঁহাকে আপনার জটজে,টমধ্যে তিরোহিত করিলেন। তখন প্র্ণাসলিলা জাহ্বী সেই জটজাল-জড়িত হিমাগিরি-সদৃশ অতি পবির হর-শিরে নিপতিত হইয়া তথা হইতে স্বিশেষ চেন্টা করিলেও মহীতল স্পর্শ করিতে পারিলেন না। তিনি অনবরত জটামন্ডল পর্বটন করিয়া উহার উপান্তে উপস্থিত হইলেন এবং নিক্রান্ত হইতে না পারিয়া বহুকাল তন্মধ্যে পরিপ্রমণ করিতে লাগিলেন।

অনশ্তর ভগরিথ দেবী জাহ্নবীকে শংকরের জটাজটে-মধ্যে তিরোহিও দেখিয়া প্রনরায় তপস্যায় প্রবৃত্ত হইলেন। শংকর তাঁহার সেই তপস্যার অতিশয় প্রসম্ল হইয়া গণ্যাকে জটাটবী হইতে অবিলম্বে বিন্দুসরোব্রের অভিমুখে পরিত্যাগ করিলেন। গণ্যা বিষয়ে হইবামার সংতধারে প্রবাহিত হৈতে লাগিলেন। তাঁহার হ্যাদিনী পাবনী ও নালনী নামে তিন স্রোত ক্রিটিম দিকে; স্চক্ষ্, সীতা ও হ্যাদনী পাবনী ও নালনা নামে তিন প্রোত বিচ্ছম দিকে; স্কুল, সীতা ও সিম্ধ্ নামে তিন প্রোত পূর্ব দিকে এবং অবিস্থিত একটি মহারাজ ভগীরথের রথের প্র্যাহ প্রদাহ চলিল। ভগীরথ দিক রথে আরোহণপূর্বক অগ্রে অগ্রে গমন করিতে লাগিলেন। এই রুপে গণগা স্কুলিনে হইতে হরজ্ঞার তংপরে প্রথিবতৈ অবতীর্ণ হইলেন। তাহার জলর্মির সংস্যা, কছপ ও শিশ্মার প্রভৃতি জলচর জন্তুসকলকে বক্ষে ধারণ করিছা বোরতর শব্দে প্রবাহিত হইতে লাগিল। এই সম্পত জন্তুর মধ্যে কত্রুম্বিল প্রবাহ-বোগে ভ্তলে পতিত হইয়াছে এবং কতকগ্রিল হইতেছে, বস্তুতীর ইহাতে অপ্রব্ এক শোভার আবিভাব হইল। দেববিৰ্ব, গন্ধৰ্ব, ৰক্ষ ও সিম্ধগণ জাহৰীকে দৰ্শনাৰ্থী হইয়া তথায় উপস্থিত হইলেন। দেবগণ নগরাকার বিমান ও করিত্রগে আরোহণপ্রক সসম্ভ্রমে এই ব্যাপার প্রত্যক্ষ করিতে লাগিলেন এবং অন্যান্য অনেকেই দেখিবার নিমিত্ত ব্যপ্ত হইয়া তথায় আগমন করিলেন। তথন সেই জ্বলকালশ্যন্য স্বচ্ছ গগনতল আগমনশীল সূর্গণ ও তাঁহাদের আভরণপ্রভার কোটি-সূর্য-প্রকাশের ন্যায় শোভা পাইতে লাগিল। চপল শিশ্মার, সর্প ও মংস্যাসমূহ বিদ্যাতের ন্যায় উহার চতুদিকে বিক্ষিণত হইয়া পড়িল এবং পাণ্ডাবর্ণ ফেনরাজি খণ্ড খণ্ড ভাবে ইতস্ততঃ বিকাণ হওয়াতে উহা হংস-সম্কুল শারদীয় মেষে পরিব,ত বলিয়া বোধ হইল। গমন-কালে গণগার প্রবাহ কোথার দু,তবেগে চলিল। কোন স্থলে কুটিল গতিতে, কোন স্থলে সম্কুচিত, কোথায় স্ফীত ও কোথায় বা মৃদ্যভাবে বহিতে লাগিল। কোন স্থলে বা তরশোর উপর তরশ্গাঘাত আরম্ভ হইল। কথন প্রবাহ-বেগ উধের্ব উন্থিত কখন নিন্দে নিপতিত হইয়া গেল। এইর পে সেই পাপাপহারক নির্মাল জাহুবীজল শোভা পাইতে লাগিল। ধরাতলবাসী ঋষি ও গন্ধবেরা গণ্গা শিবের উত্তমাণ্গ হইতে নিপতিত হইতেছেন দেখিয়া পবিচুবোধে স্পর্শ করিতে ল্যাগলেন। <mark>যাহারা শাপ-প্রভাবে উ</mark>ন্নত লোক হইতে ভূতলে পতিত হইয়াছিল, তাহারা ঐ গণ্গা-সলিলে অবগাহন করিয়া শাপম্ভ হইল এবং মঙ্গলযুম্ব হইয়া প্নেরায় আকাশ-পথে প্রবেশপূর্বক স্বর্গলোকে গমন করিল।

লোকসকল গণ্গান্ধল অবলোকন মাত্র প্লোকত হইয়াছিল, তংপরে তাহাতে স্নানাদি সমাধানপূর্বক নিম্পাপ হইয়া অপেক্ষাকৃত আনন্দ লাভ করিতে লাগিল।

এই মহাবীর রাম অস্রাশ্না ও প্রিরদর্শন। ক্রিলে তাঁহার তুলনা নাই। তিনি পিতার ন্যায় গ্রেবান্ এবং প্রশাস্তস্ত্তি তিনি ম্দ্রেচনে সকলের তিনি প্রের নার গ্লেবনি এবং প্রণাত্ত্বভার গাতান মৃদ্র্বনে সকলের সহিত সম্ভাবণ করিয়া থাকেন। কেই ভাইনে প্রতি পর্ববাক্য প্রয়োগ করিলে তিনি এর প কথা কখনই ওতের ক্রিক্ট করেন না। অন্যকৃত একটিমার উপকারেও তাইনে পরিতোধ জনে বিশ্ব অপকার অন্যত ইলৈ স্বায় উদার গ্রেণ সমগ্র বিস্ফৃত ইন। তিনি অক্টিভানের অবকাশকালেও স্ণোলি বয়োব্দ আনী সাধ্পণে পরিবৃত ইইয় শান্তরহসা অন্শালন করিয়া থাকেন। তিনি বৃদ্ধিমান ও প্রিয়বেদ। ক্রিক্ট অভাগিত ইইলে তিনি সর্বায়ে তাইনে সহিত আলাপ করিয়া থাকেন। তিনি ব্লিমান ও প্রিয়বেদ। ক্রিন্ট অভাগিত ইলৈ তিনি সর্বায়ে তাইনের সহিত আলাপ করিয়া থাকেন। ক্রিন্ট অভাগিত বলবান, কিন্তু আপনার বার্মমদে কখনই উন্মত্ত হন না। তিনি সভাবাদী, বিশ্বান ও বৃশ্ধবর্গের মর্যাদাপালক। তিনি প্রজারঞ্জন, প্রজারাও তাঁহার প্রতি যথোচিত অনুরাগ প্রদর্শন করিয়া থাকে। তিনি বিপ্রভক্তিপরায়ণ ও দীনশরণ। তাঁহার চরিত্র অতি পবিত্র। তিনি দুডেটর নিরুতা, ধর্মজ্ঞ ও দেশকালজ্ঞ। তাঁহার বৃদ্ধি স্বীয় বংশেরই অনুর্প, এই কারণে তিনি ক্ষতির ধর্মকে বহু মান করিয়া থাকেন এবং ঐ ধর্ম রক্ষা করিলে যে স্বর্গলাভ হয় এই-ই তাঁহার স্থির বিস্বাস। অমণ্যল প্রসঞ্জে ও ধর্মবির স্থ কথায় তাঁহার অভিনুচি নাই। কোন প্রশ্তাব উত্থাপিত হইলে তিনি স্বগা্ব বৃহস্পতির ন্যায় তাহাতে উত্তরোত্তর যান্তি প্রদর্শন করিতে পারেন। তাঁহার অপ্যপ্রত্যধ্যসম্দর সূলক্ষণসম্পন্ন। তিনি তর্ণ ও নীরোগ এবং পরেষ-পরীকার স্কুদক্ষ। জগতে তিনিই একমত্তে সাধ্ব। সেই রাজকুমত্তর প্রকৃতিবর্গেব বহিষ্টর প্রাণের ন্যায় একান্ত প্রিয়ন্তর। তিনি বেদ-বেদাঞ্গে অধিকার লাভ করিয়া গরে,গৃহ হইতে সমাবর্তন করিয়াছেন। সমল্য ও অমল্যক অদ্যশদ্যে তিনিই সর্বশ্রেষ্ঠ। তিনি কল্যাণের জন্মভ্মি, তেজম্বী ও সরল। সংকটম্থলেও তিনি কখন মিখ্যা-বাক্য প্রয়োগ করেন না। ধর্মার্থদশী বৃদ্ধ রাহ্মণেরা তাঁহার আচার্য। তিনি

গ্রিবগ'ডত্তুক্ত, স্মৃতিমান ও প্রতিভাসম্পন্ন। তিনি লৌকিকার্থ'কুশল, বিনীত, গম্ভীর, গড়েমন্য ও সহায়সম্পন্ন। তাঁহার ক্রোধ ও হর্ষ কথনই নিম্ফল হয় না। অর্থ যে ন্যায়ান,সায়ে উপার্জন ও সংপাত্রে দান করিতে হরু তিনি তাহা বিলক্ষণ জ্ঞাত আছেন। গুরুজনের প্রতি তাঁহার ভঞ্জি অতি অসাধারণ। তিনি অসং বদ্তু গ্রহণে কখনই লোল্পে নহেন। তিনি আলস্যশ্না, সাবধান এবং স্বদোষদর্শী। তিনি কৃতজ্ঞ ও লোকের অল্ডরজ্ঞ। তিনি ন্যায়ান,সারে নিগ্রহ ও অনুগ্রহ প্রদর্শন করিয়া থাকেন। কাব্য ও দর্শনশাদের তাঁহার সবিশেষ বঢ়ংপত্তি লাভ হইয়াছে এবং তিনি ধর্ম ও অর্থের অবিরোধে সূখ সংগ্রহ করিয়া থাকেন। কর্তবাভার বহনে তাঁহার আলস্য নাই। বে-সমুস্ত শিল্প বিহারকালে বিশেষ উপযোগী, তিনি তংসমূদর আয়ত্ত করিয়াছেন। তিনি অর্থবিভাগে স্বপট্ন। হস্তী ও অন্বে আরোহণ ও উহাদিগকে শিক্ষাদান-এই উভর কমেই তিনি সদেক। বিপক্ষ সৈনোর অভিমংখে গমন, শত্রসংহার ও ব্যুহরচনা-এই সমস্ত কর্মে তিনি স্থারগ। তিনি ধন্বেদ্প্রগণের অগ্রগণ্য ও অতিরথ। দেবাস,রগণ রোষাবিষ্ট হইলেও তাঁহাকে সংগ্রামে পরাভব করিতে পারেন না। তিনি কোন অংশে লোকের অবজ্ঞাজন নহেন। তিনি কালের অনারত্ত ও ত্রিলোকপ্রিজত; তিনি ক্সাগ্রণে প্রিথবীর ন্যায়, ব্রাধতে ব্হস্পতির ন্যায় এবং বলবীবে স্বপতি 🛞 বন্ধ ন্যায় অভিহিত হইয়া থাকেন। রাম পিতার প্রতিকর প্রকৃতিবর্ধির কমনীর এইর্প গ্ণগ্রামে করজালমণিডত প্রদীশত স্বাধানডারের লাভি শোভা পাইতে লাগিলেন। তথন দেবী বস্মতী এই স্করির অধ্যাপ্রভান লোকনাথসদ্শ রামকে অধিনাথর্পে প্রাথনা করিলেন।

বৃশ্ব রাজ্য দশর্ষ রাম এই প্রকারে গ্ণবান হইয়াছেন দেখিয়া ভাবিলেন, আমার জীবন্দশার বংস বিশ্ব প্রায় হইবেন—তন্দশনে না জানি আমার কির্প আনক্ষই হইবে। কবে অমি প্রির প্র রামকে বৌবরাজ্যে অভিবিত্ত দেখিব।

বৃন্ধ রাজ্য দশরথ রাম এই প্রকারে গ্রেগবান হইয়াছেন দেখিয়া ভাবিলেন, আমার জীবন্দশার বংস বুলি হইবেন—তন্দশনে না জানি আমার কির্প আনন্দই হইবে। কবে আমি প্রিয় প্র রামকে বৌবরাজ্যে অভিবিত্ত দেখিব। রাম সততই স্যোক্রের অভ্যাদর প্রার্থনা করিয়া থাকেন। সকল জীবেই তাহার দরা দেখিতে পাওয়া যায় এবং তিনি জলববী জলদের ন্যায় আমা অপ্রেক্ষা সকলেরই প্রিয়। যম ও ইন্দের ন্যায় তাহার বল, ব্হস্পতির ন্যায় তাহার বৃন্ধি, পর্বতের ন্যায় তাহার ধৈর্য। অথিক কি, তিনি আমা অপেক্ষা সর্বাংশেই গ্রেমন। আমি এই বৃন্ধ বরসে তাহাকে এই প্রথবী-সাম্রাজ্যের উপর আমিপত্য বিস্ভার করিতে দেখিয়া স্বর্গ লাভ করিব।

অনশ্তর মহারাজ দশরথ রামকে এইর্ণ ও অন্যানার্প অন্যন্পতিদ্রেভি
অপরিচ্ছিল সর্বোধকট গ্লে অলক্ষত দেখিরা মন্ত্রিগণের সহিত প্রামশ করত
তাহাকে যৌবরাজা প্রদানের বাসনা করিলেন। তিনি তাহাকে যৌবরাজা
প্রদানের বাসনা করিয়া মন্ত্রিগণকে কহিলেন,—মন্ত্রিগণ! অমোর দেহে জরার
সন্তার হইয়াছে এবং অন্তরীকে গ্রহনক্ষরের প্রতিক্লতা, বাত্যা ও ভ্মিকম্প
প্রভাতি নানাপ্রকার উৎপাতও হইতেছে; এই কারণে এই যৌবরাজা প্রদানপ্রস্তাব আমার শোকাপহরণ পূর্ণচন্দুস্নুন্দরানন লোকাভিরাম রামের ও প্রকৃতিবর্গের সবিশেষ প্রীতিকর হইবে।

তথন সেই রাজাধিরাজ যোগ্য অবসরে আপনার ও প্রজাগণের হিতার্থ এবং রামের ও প্রজাগণের প্রতি স্নেহ প্রদর্শনার্থ রামকে যৌবরাজ্যে অভিষেক করিতে যমবান হইলেন। তিনি মন্দ্রিগণ দ্বারা নানা নগর ও জনপদের প্রধান

প্রধান লোকদিগকে আনম্রন করাইলেন এবং মর্যাদা অনুসারে তাঁহাদিগকে বাসগৃহ ও নানাপ্রকার আভরণ প্রদান করিলেন। কিন্তু তংকালে কেকয়রাজ ও মিথিলাখিনাথ জনককে এই সংবাদ প্রদান করা যুক্তিসিন্ধ বিবেচনা করিলেন না। তিনি মনে করিলেন, ই'হারা অতঃপর এই প্রিয় সমাচার অবশাই পাইবেন।

অনশ্বর বিজয়ী রাজা দশরথ সভাভবনে উপবেশন করিয়া আছেন, ইতাবসরে লোকপ্রিয় পার্থিবগণ আগমন করিতে লাগিলেন। সেই সমস্ত অধীন রাজা উপস্থিত হইয়া দশরথপ্রদাশতি আসনে তাঁহারই অভিমুখে উপবেশন করিলেন। ই'হারা রাজভন্তি প্রদর্শনের নিমিত্ত প্রায়ই অযোধ্যায় বাস করিয়া থাকেন। ই'হারা অতি বিনীত। রাজা দশরথও ই'হাদিগকে সবিশেষ সম্মান করিয়া থাকেন। ই'হারা ও জনপদবাসী প্রধান প্রধান লোকেরা দশরথের সম্মুখে উপবেশন ক্রিলে তিনি অমরগণপরিবৃত স্বরাজ ইন্দ্রের নাায় শোভা পাইতে



ন্দিতীয় সর্গা। অনন্তর রাজা দশরথ কিন্তিসদ্শ গদ্ভীর, মধ্র ও অদ্ভত্ত স্বরে চতুদিক প্রতিধন্নিত করিয়া প্রারেষদবর্গকে আমন্ত্রণ ও তাঁহাদিগের অভিনিবেশ আকর্ষণপূর্ব ক হিত্তমুখিও প্রীতিকর বাক্যে কহিলেন,—পারিষদগণ। আমার প্রপারের এই জিটার্ণ রাজ্য প্রেনিবিশেষে প্রতিপালন করিয়া আসিয়াছেন—ইহা তোমরা ক্রিশাই জান। এক্ষণে আমি সেই ইক্ষাকু প্রভাতি ন্পতি-প্রতিপালিত স্থোচিত সমস্ত সামাজ্যে স্থ-সম্বিধ ব্বিধর প্রস্তাব করিতেছি। দেখ, আমি পূর্বতন নিয়ম অবলম্বনপূর্বক আত্মসূখ-নিরপেক হইয়া প্রতিনিয়ত শস্তান,সারে প্রজাগণের রক্ষণাবেক্ষণ করিয়াছি। আমি সমস্ত লোকের হিতাচরণে দীক্ষিত হইয়া দেবতছত্তের ছায়ায় এই শরীর জীর্ণ করিয়া ফেলিয়াছি। এক্ষণে বহু, সহস্র বংসর আমার বরঃক্রম হইরাছে, অতঃপর আমার ইচ্ছা এই বে, এই জীর্ণ দেহকে এককালে বিদ্রাম দেই। আমি লোকের বে গুরুতর ধর্মভার বহন করিতেছি, নির্প্কুশ মন্বা ইহার তিসীমায় বাইডে পারে না এবং ইহা বীর পরে,বেরই উপযুক্ত। আমি একণে এই গ্রেড়ারে নিতান্ত পরিস্রান্ত হইরা পড়িরাছি। অতএব এই সমস্ত সমিহিত রাশ্বণের অন্মতি গ্রহণপ্রেক প্রকে প্রজাগণের হিতসাধনে নিয়োগ করিয়া বিশ্রাম-লাভের ইচ্ছা করি। আমার আত্মঞ্জ মহাবীর রাম আমারই সমস্ত গুল অধিকার করিয়া জন্মগ্রহণ করিয়াছেন। তিনি বলবীর্ষে সূররাজ প্রেক্সরেরই অনুর্প। একণে সেই প্রয়াবিহারী চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন ধার্মিকপ্রধান রামকে প্রীত মনে যৌবরাজ্যে নিয়োগ করিব। তিনি তোমাদিগেরই যোগ্য, গ্রৈলোকাও তাঁহাকে পাইয়া নাথবান হইবে। অতএব আমি অদাই বস্মতীর এই হিতান,ভান করিব এবং রামের প্রতি সমস্ত সাম্রাজ্ঞার অর্পণ করিয়া স্থী হইব। একণে বল, আমার এই সাধু অভিপ্রায় তোমাদিগের অনুক্ল হইবে কি না? অথবা

র্যাদ প্রীতিনিকশ্বন এইর্প প্রস্তাব করিয়া থাকি তবে এতদপেকা হিতকর ষাহা হইতে পারে তোমরা তাহারও প্রসংগ কর। কারণ মধ্যম্থ লোকের চিন্তা প্রবাপর পক্ষ সঙ্ঘর্ষে অধিকতর ফলোপধায়ক হইয়া **থাকে**।

কলভারপূর্ণ জলধরকে দেখিয়া ময়্র বেমন সম্পুষ্ট হয়, ভূপালগণ সেইর্প মহারাজ দশরথের বাকা সন্তোষসহকারে স্বীকার করিলেন। তখন রাজসভায় অগ্রে সামস্তগণের আনন্দ-কোলাহলের প্রতিধ্বনি উখিত হইল: তংপরে সাধারণের এতংবিষয়ক আন্দোলনে যেন মেদিনী কম্পিত হইতে লাগিল। অনশ্তর ব্রাহ্মণ ও সেনাপতিগণ পরবাসী ও জানপদবর্গের সহিত ধর্মার্থকুশল মহীপাল দশরথের অভিপ্রার অবগত হইয়া একমতে পরস্পর পরামর্শ করিতে লাগিলেন এবং ভাপালকৃত প্রশেনর মীমাংসা করিয়া তাঁহাকে সন্বোধনপ্রকি কহিলেন, মহারাজ! আপনার বরঃজম বহু সহস্র বংসর হইল। আর্পান বৃন্ধ হইয়াছেন; এই কারণে রামকেই যৌবরাজ্যে অভিষেক করা আপনার শ্রেয়। মহাবীর রাম একটি বৃহৎকায় মাতঞ্গের প্রুণ্ঠ ছগ্রে আনন সংবৃত করিয়া গমন করিতেছেন, আমরা এইটি দেখিতেই ইচ্ছা করি।

তখন অবনিপাল তাঁহাদিগের আশ্তরিক ইচ্ছা ব্রথিয়াও না ব্রথিবার ভান করিয়া জিল্পাসিলেন, রাজগণ! আমার প্রস্তাবমার জোমরা যে রামের যৌব-রাজ্যে সম্মত হইতেছ, ইহাতেই মনে একটি সুংগ্রে উপস্থিত হইয়াছে। এক্ষণে

নাজে লামত হহতেহ, হহাতেহ মনে একাচ সংশ্রে ভাগিত হারছে। একগে বল, তোমাদিগের অভিপ্রায় কি। আমি বন্ধন জীবিত থাকিয়া ধর্মান,সারে রাজ্যাসন করিতেছি, তখন তোমরা কি কারণে মহাবল রামকে রাজ্পদে প্রতিষ্ঠিত দেখিবার বাসনা কর?

অনন্তর ভ্পালগণ এবং ক্ষেত্র জানপদবর্গ তাঁহাকে সন্বোধনপর্বক কহিলেন, মহারাজ! আপনার সাক্ষে রামের বহু প্রকার সদ্গ্রণ আছে। একণে আপনার সমকে জীবের গ্র ব্যাখ্যা করিতেছি, প্রবণ কর্ন। সেই অমোহবীর্ষ দেবরাজসদৃশ রোম আপনার অসামান্য গ্রেণ ন্বীর প্রপ্রায়বাণকে অতিক্রম করিয়াছেন। ভ্রােলে তিনিই একমার সংপ্রাহ ও সত্যপরায়ণ। ধর্ম ও অর্থ তাঁহা হইতেই প্রতিষ্ঠিত হইয়াছে। তিনি প্রজাগণের সংখোৎপাদনে চন্দের ন্যার, ক্মাগ্রণে বস্পেরার ন্যায়, ব্লিখবলে ব্হস্পতির ন্যায় এবং বলবীয়ে শচীপতি ইন্দের ন্যায় অভিহিত হইয়া খাকেন। তিনি ধর্মজ্ঞ, সত্য-প্রতিজ্ঞা, সচ্চরিত্র ও অস্যোশ্না। কৈই দ্বেখিত হইলে তিনিই সাম্থনা প্রদান করেন। তিনি ক্ষমালীল প্রিরবাদী কৃতজ্ঞ ও জ্বিতেন্দ্রির। তিনি কোমলম্বভাব স্পিরচিত্ত ও স্দৃশ্য। তিনি জ্ঞানবান্ বৃদ্ধ ব্রাহ্মণগণের সেবা করিয়া থাকেন। এই গুণে ইহলোকে তাঁহার অতুল কীতি যদ ও তেজ পরিবর্ধিত হইতেছে। স্রাস্র মন্যে যে-সমস্ত অস্তশস্ত বিদামান আছে, তংসমাদয়ই তিনি অধিকার করিয়াছেন। বিদ্যা তাঁহার সম্যক আমত্ত হইরাছে এবং তিনি অপ্গের সহিত সম্দর বেদ অবগত আছেন। সংগতিশাস্ত্রে ভাঁহার অসাধারণ অধিকার। তিনি শ্রেয়ের বাসভ্যাম ও সাধ্ব। ক্ষোভের কারণ উপস্থিত হইলেও তিনি ক্ষ হন না। ধর্মার্থনিপণে সর্বপ্রেষ্ঠ রান্ধণেরা তাঁহার শিক্ষক। ঐ মহাবাঁর গ্রাম বা নগররক্ষার্থ সংগ্রাম উপস্থিত হইলো জয়শ্রী অধিকার না করিয়া লক্ষ্যণের সহিত প্রত্যাগমন করেন না। তিনি যখন রণস্থল হইতে হসতী বা রথে আরোহণপূর্বক প্রভাগমন করেন, তখন স্বজনের ন্যার পুরবাসীবর্গের সর্বাণ্গীণ কুশল জিজ্ঞাসিয়া থাকেন। তিনি উরসজাত পূত্রের ন্যায় তাঁহাদিগের

প্রত্যেককেই পরে কলত্র প্রেষ্য শিষ্য ও অণ্নিসংক্রান্ত সমগ্র সংবাদ আনুপ্রিক জিজ্ঞাসা করেন। "কেমন শিখোরা আপনাদিগের শ্ঞা্যা করিতেছে? ভূতোরা একাশ্ডমনে আপনাদিগের সেবা করিতেছে?" তিনি প্রায়ই আমাদিগকে এইর্প কহিয়া থাকেন। প্রজাদের দুঃখ দেখিলে তিনি বারপরনাই দুঃখিত হন এবং উহাদের উৎসবেই পিতার ন্যায় পরিতোষপ্রাম্ত হইয়া থাকেন। তিনি যখন কথা কহেন, তাঁহার বদনারবিন্দে মন্দ মন্দ হাস্য নিগতি হয়। তিনি প্রাণপণে ধর্মকে আগ্রয় করিয়া আছেন। তাঁহার সম্যুদ্ধ উদ্দেশ্যই শূভ ফল প্রসব করিয়া থাকে। বিবাদে তাঁহার কিছুমার প্রবৃত্তি নাই। তিনি সূরগার, বৃহস্পতির ন্যায় উত্তরোত্তর যুক্তি প্রদর্শন করিতে পারেন। তাঁহার প্রান্তর অতি স্মৃদৃশ্য এবং লোচনব্যল বিশ্তীর্ণ ও তামবর্ণ, বোধ হয় যেন শ্বয়ং বিষ্ণৃই ভ্লোকে অবতীর্ণ হইয়াছেন; শোষ্ বীষ্ এবং রণক্ষেত্রে লঘ্ড সঞ্চরণ এই সমস্ত গা্ণে সাধারণে যারপরনাই তাঁহার প্রতি অনুরাগ প্রদর্শন করিয়া থাকেন। তিনি প্রঞ্জাপালক। বিষয়স্পৃহা তাঁহার চিত্ত বিকৃত করিতে পারে না। এই সামান্য পূথিবীর কথা দূরে থাকুক হৈলোকার ভারও তিনি অনায়াসে বহন করিতে পারেন। তাঁহার ক্রোধ ও প্রসমতা কথনই ব্যর্থ হইবার নহে। তিনি নিয়মান,সারে বধার্ছকে বধদণ্ড প্রদান করেন, কিন্তু যাহারা নির্দেশ্ট্ট তাহাদের উপর তাহার কিছুমাত্র বিরাগ উপস্থিত হয় না; প্রত্যুতঃ 🕲 সীদিগকে প্রচরে অর্থ দিয়া আপনার প্রসাদ প্রদর্শন করিয়া থাকেন। রাষ্ট্রকাগণের স্প্রনীয় সাধারণের প্রতিকর অতি উদার গণেযোগে ভাস্করের সর্গের সর্বত্ত বিকাশ কাভ করিয়াছেন। মহারাজ। প্রজারা আপনার এই গ্রুক্তির প্রেকে প্রার্থনা করিতেছেন। তিনি আমাদেরই ভাগ্যে প্রজাপালনর প্রেরাশকর কার্বে চতুর হইয়াছেন। বলিতে কি, মরীচিতনয় কশ্যপের ন্যুক্ত আপনি ভাগ্যক্রমেই এইর্প গ্লের প্রেক পাইয়াছেন। স্বাস্র মন্বা পর্য ও উরগণণ এবং প্রবাসী ও জনপদবাসী সকলেই রামের বলু আরেজি ও দীর্ঘায় প্রার্থনা ক্রিয়া থাকেন। কি দ্বী, কি वानक, कि वृष्ध, कि यूवा সকলেই कि সায়ংকাল कि প্রাতঃকাল, সকল কালেই রামের অভ্যাদয় কামনায় তম্গতমনে দেবগণকে নমস্কার করেন। একণে আপনার প্রসাদে সকলের এই মনোরথ সিম্ধ হউক। নরনাথ! আমরা ইন্দীবরশ্যাম রামকে যৌবরাজ্যে নিয়ন্ত দেখিব। একণে আপনি সেই দেবদেবসদৃশ প্রিয়কারী প্রকে প্রফ্রন্স মনে রাজ্যে অভিবেক কর্ন।

ভূতীর সগা। অনন্তর মহারাজ দশরথ পোর ও জানপদবর্গের সহিত ভ্পাল-গণের বিনীত ব্যবহারে শিন্টাচার প্রদর্শনপ্রবিক প্রিয় ও হিতকর বাকো কহিলেন, তোমরা আমার সর্বজ্ঞান্ঠ প্রিয় প্র রামকে বৌবরাজ্যে প্রতিন্ঠিত দেখিবার ইছ্যা করিতেছ; কি আনন্দ! কি আন্চর্যাই বা আমার প্রভাব।

দশরথ সকলকে এইর্পে সমাদর করিয়া সকলের সমক্ষে বশিষ্ঠ বামদেব প্রভৃতি বিপ্রবর্গকে কহিলেন, বিপ্রগণ! এক্ষণে পবিত্র চৈত্রমাস উপস্থিত, কানন-সকল নানাবিধ কুসামে সমলক্ষত হইয়াছে। অতএব এই সময়েই আপনারা রামকে যৌবরাজ্য প্রদানের সম্দয় আয়োজন ক্র্ন।

রাজা দশর্থ এইর্প কহিবামাত্ত সভামধ্যে একটি তুমূল কোলাহল উথিত হইল। ক্রমশঃ সেই কোলাহল উপশ্মিত হইলে দশর্থ বশিষ্ঠদেবকে কহিলেন,

ভগবন্ ! রামের রাজ্যাভিষেকার্থ যের্প উপকরণ প্রয়োজন হইবে, আপনি তংসম্দের সংগ্রহ করিবার নিমিত্ত অধিকৃত ব্যক্তিবর্গকে অন্মতি প্রদান কর্ন। ঐ সময় মন্ত্রিগণ রাজার সম্মূখে কৃতাঞ্চলিপ্টে দন্ডায়মান ছিলেন; বশিষ্ঠ তাঁহাদিগকেই সম্বোধনপূর্বক কহিলেন, মন্তিগণ! সূর্বর্গ প্রভূতি রত্ন-সম্দ্র, প্জাদ্রব্য, সবেবিধি, শ্রুমালা, লাজ, পৃথক পৃথক পাতে মধ্য ও ঘ্ত, দশায**়ন্ত** বস্তা, রথ, সমস্ত অস্তা, চতুরংগ বল, স**্লক্ষ**ণাক্রান্ত হস্তী, চামর-দ্বয়, ধ_নজদ-ড, পা-ড**ুবর্ণ ছত্ত, শতসংখ্য হেমম**য় অত্যুল্জ্বল কুন্ভ, স**ু**বর্ণ শৃংগসম্পন্ন ঋষভ, অখণ্ড ব্যাঘ্রচর্ম এবং অন্যান্য ধাহা কিছু, তাবশ্যক, তৎসমান্ত্রই প্রাতে মহারাজের অণ্নিহোর গাহে সংগ্রহ করিয়া করিয়া রাখ। মাল্য চন্দন ও স্গান্ধ ধ্পে রাজপ্রাসাদ ও সমুস্ত নগরের স্বারদেশ সুশোভিত কর। বহুসংখ্য ব্রাহ্মণের অভিমত ও পর্বাণ্ড হইতে পারে, এইরূপ দীধ ও ক্ষীরমিশ্রিত স্কৃষ্ণ্য স্কংস্কৃত অলসম্ভার, ঘ্ত, লাজ ও প্রভা্ত দক্ষিণা প্রভাতে বিপ্রগণকে সমাদরপূর্বক প্রদান করিও। কল্য সূর্যোদয় <mark>ইইবামাত্র</mark> ম্বাস্তবাচন হইবে। এক্ষণে ব্রাহ্মণগণকে নিম্নত্রণ ও আসনসকল প্রস্তুত করে। **সর্বন্ন পতাকা উন্ডান ক**রিয়া দেও। রাজপথে *জলসে*ক কর। গায়িকা-গণিকা-সকল স্সন্জিত হইয়া প্রাসাদের দ্বিতীয় কক্ষে **স্ক্রি**য়ান কর্ক। দেবতায়<mark>তন</mark> লক্তা প্রাণ্ডাত হহর। প্রাণাণের শিবতার কক্ষে স্থান্তান কর্ক। দেবতারতন ও চৈত্যসম্পরে অল, অন্যান্য ভক্ষরতা ও দক্ষি সহিত গণ্ধ প্রণপ প্রভাতি প্রায় উপকরণ শ্বারা দেবপ্রাে কর। তির প্রান্তার বেশভ্রা করিয়া আসচম ও বর্ম ধারণপর্কে উপেইময় অণ্যানমধাে প্রবেশ কর্ক। বিপ্রবর বিশিষ্ঠ ও বামদেব রাজকার্যে প্রান্তির বাজিবর্গের প্রতি এইরপে আজ্ঞা প্রচার করিয়া পৌরােহিত্যকর্ম স্থান্তির প্রবৃত্ত হইলেন এবং এই আজ্ঞাদান ভিল্ল অন্যান্য আবশাক কার্য রাজ্য দিশরথের গোচরে অন্ত্রান করিতে লাগিলেন। তংপরে সম্পন্ন প্রস্তুত হইকে তাহারা প্রতিসহকারে মহীপালকে নিবেদন করিলেন।

অনশ্বর মহারাজ দশর্থ সার্থি স্মশ্বকে আহ্বানপ্র্ক কহিলেন, স্মশ্ব ! তুমি ধার্মিক রামকে শীল্ল এই স্থানে আনরন কর। তথন স্মশ্ব "বথাজ্ঞা মহারাজ!" বালয়া তাঁহার নিদেশে রথী রামকে রথে আরোপণপ্র্ক আনরন করিতে লাগিলেন। ঐসমর চতুদিকের রাজগণ এবং দ্বেজ্ আর্য আরগা ও পার্বত্য লোকসকল সভামধ্যে উপবেশনপ্র্ক রাজ্য দশর্থের উপাসনা করিতেছিলেন। দশর্থ স্বরগণপরিব্ত স্বরাজ ইন্দের নাায় তাঁহাদিগের মধ্যে অবস্থানপ্রক প্রাসাদ হইতে দেখিলেন, গন্ধর্বরাজসদ্শ স্বিখ্যাত বার রীর্ঘাহাই মহাবল মন্ত্রমাত-গগামী চন্দের ন্যায় স্ক্রনান অত্যাব প্রিরদর্শন রাম রূপ ও উদার গণ্ধ্যাগে সকলের নরন ও মন অপহরণপ্রক নিদাঘতশ্ব প্রজাদিগকে জলদের ন্যায় সকলকে প্রক্রিত করত আগমন করিতেছেন। তংকালে দশর্থ নিনিমেষলোচনে তাঁহাকে নিরীক্ষণ করিয়াও সম্পূর্ণ তৃণিত-স্থ অন্তব্ব করিতে পারিলেন না।

অনশ্তর স্মেশ্র রাজকুমার রামকে রথ হইতে অবতারিত করিলেন এবং রাম দশরথের সমীপে গমন করিতেছেন দেখিয়া তাঁহার অন্দমন করিতে লাগিলেন। পরে দাশরিথ স্মেশ্র সমভিব্যাহারে পিতার সহিত সাক্ষাংকার করিবার আশরে সেই কৈলাস-শিখর-সদৃশ প্রাসাদে উখিত হইলেন এবং কৃতাঞ্জলিপন্টে তাঁহার সমিহিত হইয়া আপনার নামোল্লেখপূর্বক তাঁহার

চরণে সান্টাশ্যে প্রণিপাত করিলেন। তখন মহীপাল দশরথ প্রিয় প্রে রামকে আপনার পার্শ্বদেশে প্রণত দেখিয়া তাঁহার অঞ্জলি গ্রহণ ও আকর্ষণপূর্বক তাঁহাকে বার বার আলিশ্যন করিতে লাগিলেন।

তংপরে তিনি তাঁহারই নিমিত্ত উপস্থাপিত মনিমন্তিত স্বর্গবিচিত রমণীয় সিংহাসনে তাঁহাকে উপবেশন করিতে অনুমতি দিলেন। তখন স্নিমাল স্বমিণ্ডল উদয়কালে স্বীয় প্রভাকালে বেমন স্মের্কে উল্ভাসিত করেন, সেইর্প রাম উপবিষ্ট হইয়া সেই উৎকৃষ্ট আসনকে যারপরনাই স্শোভিত করিলেন। বেমন গ্রহনক্ষয়সংকৃল শারদীয় অস্বর শশাংকবিষ্বে অলংকৃত হয়, তদ্র্প সেই বশিষ্টাদি বিপ্রবর্গবিরাজিত রাজসভা সমধিক শোভা ধারণ করিলে। লোকে বেশবিন্যাস করিয়া আদর্শতলসংকালত আছা-প্রতিবিন্দ দর্শনে বেমন পরিতোৰ লাভ করে, সেইর্প মহারাজ্য দশর্থ সেই প্রাণাধিক প্রকে নিরীক্ষণ করিয়া আনন্দসাগরে নিমণন হইলেন।

অনতর কণাপ বেমন স্রেন্দ্রকে, তন্ত্রণ তিনি রামচন্দ্রকে সন্বোধনপর্বক কহিলেন, বংস! তুমি আমার সর্বপ্রধানা সর্বাংশসদৃশী মহিবী কোশলার গভে জন্ম গ্রহণ করিরাছ। তুমি সর্বাংশে আমার অন্তর্গ এবং সকল প্রের মধ্যে তুমিই সর্বাগ্রে গণ্ণবান, এইজনা আমি তের্মকে বংপরোনাদিত দেনহ করিরা থাকি। তুমি নিজগাণে এই প্রজাগণেক অনুষ্ঠ করিরাছ; অতএব এক্ষণে চন্দ্রের প্র্যাসংক্রম হইলে যোবরাজ্য গ্রহণ কর্ রির্মা! তুমি স্বভাবতই গণ্ণবান। তথাচ আমি দেনহের বশবতী হইয়া ক্রেন্সকে কিছু হিতোপদেশ প্রদানের ইছা করি। দেখ, তুমি বদিও বিনীত, জিলচ অপেকাকৃত বিনরী হইয়া প্রতিনিয়ত ইন্দ্রিরনিগ্রহে বন্ধবান হও। কর্মি কোধ নিবন্ধন ব্যসন পরিত্যাগ কর। আর্থাগার ধনগোর ও ধান্যাগার ক্রিন্সির বিনর প্রের্জ বিররা পরেক্ষে ও অপরোক্ষ বিচার দ্বারা অমাত্যাদি প্রজাবর্গের বাজাপালন করেন, তাহার মিন্তগণ অম্তলাডে অমরগণের ন্যায় আনন্দ লাভ করিয়া থাকেন। অতএব বংস! তুমি আপনাক্ষে এইর্পে নির্মিন্তত করিয়া ন্বকার্য পর্যালেচনে বন্ধবান হও।

তখন রামের প্রিরকারী সৃত্দেরা মহারাজের আজ্ঞা প্রবণমাত্র দ্রতপদে রাজমহিষী কৌশল্যার নিকট গমনপূর্বক তহিকে এই প্রির সমাচার নিবেদন করিলেন। কৌশল্যা এই সংবাদ পাইয়া বংপরোনাশ্তি আনন্দিত হইলেন এবং ঐসমস্ত প্রির প্রচারককে প্রচার নাবর্ণ, রক্নভার ও ধেনা প্রদানে আদেশ দিয়া পরিতৃদ্ট করিলেন।

এদিকে রাম পিতা দশরখের পাদবন্দনপূর্বক রথে আরোহণ করিয়া গৃহাভিম্থে চলিলেন। পরেবাসীরাও অভিলয়িত বস্তুলাভের ন্যায় ভূপতির এই বাকা প্রবণ করিয়া তাঁহাকে আমন্ত্রণপূর্বক গৃহে গমন করিলেন। গৃহে গিয়া রামের অভিবেক-বিঘা শান্তির আশরে দেবার্চনা করিতে লাগিলেন।

চতুর্থ সর্গায় পৌরবর্গ বিদায় গ্রহণ করিলে রাজা দশর্থ মন্তিগণকে পন্নবার কহিলেন, মন্তিগণ! আগামী দিবসে চন্দ্রের পন্যাসংক্রম হইবে; ঐ দিনেই রাজীবলোচন রামকে রাজ্যে অভিষেক করা বাইবে। তিনি মন্তিগণকে এইর্প কহিয়া অন্তঃপন্রে প্রবেশপন্বক সন্মন্তকে কহিলেন, সন্মন্ত! তুমি রামকে

প্রনরার এই স্থানে আনরন কর। তখন স্মন্ত রাজা দশরখের আজ্ঞা শিরোধার্য করিয়া দ্রতপদে রামের নিকেতনে সম্পশ্থিত হইলেন। রাম স্মান্তর আগমন শ্রবণ করিবামাত্র অতিমাত্র শঙ্কিত হইয়া অবিলম্বে তাঁহাকে গ্রে প্রবেশ করাইয়া কহিলেন, স্মান্ত! তুমি কি কারণে প্রনরায় আগমন করিলে সবিশেষ প্রকাশ করিয়া বল। তখন স্মান্ত কহিলেন, রাজকুমার! মহারাজ আপনাকে প্রেবার দেখিবার বাসনা করিয়াছেন, এক্ষণে আপনার যের্প অভিপ্রায় হয়, আজ্ঞা কর্ন।

আনশ্তর রাম মহারাজ দশরথের সহিত সাক্ষাংকার করিবার আশরে আবিলন্বে রাজভবনে উপস্থিত ইইলেন। মহারাজও তাঁহাকে প্রীতিজনক কোন কথা কহিবার উদ্দেশে নিজ গৃহে প্রবেশে অনুব্রা দিলেন। রাম গৃহমধ্যে প্রবেশ করিয়া দ্র ইইতে পিতাকে দর্শন ও কৃতাঞ্চলিপটে অভিবাদন করিলেন। তখন রাজা দশরথ তাঁহাকে উত্থাপন ও আলিশ্যন করিয়া আসন গ্রহণে অনুমতি প্রদানপূর্বক কহিলেন, বংস! আমি দীর্ঘ আরু লাভ ও ইছান্রপ বিষয়-স্থ উপভোগ করিয়া বৃত্থ ইইয়াছি। আমি যাচককে প্রার্থনিধিক অর্থ দান ও অধ্যয়ন করিয়াছি এবং অমদান ও প্রভাত দক্ষিণা দান সহকারে বিবিধ যক্তান্তিন করিয়া দেবগণেরও অর্চনা করিয়াছিং আজ বাহার তুলনা এই ভ্লোকে নাই সেই ভূমিই আমার আছেন। বংরত প্রহর্পে দেবতা, ঝির বিপ্র ও আত্থাপ ইইতে আমার সম্পূর্ণই মুর্লিস্টে ইইয়াছে। এক্ষণে তোমাকে রাজ্যে অভিবেক করা ব্যতিরেকে কর্তানের করিছাই অবশেষ নাই। অতএব আমি তোমাকে বাহা আদেশ করিক্রেক, তুমি তান্বিরে অভিনবেশ প্রদান কর।

বংস! অদ্য প্রজাবর্গ বিদ্যালয়র তোমারই হলেত দেখিবার বাসনা করিতেছেন, এই কারণে হাজি তোমাকেই রাজ্যে অভিষেক করিব। বিশেষতঃ আজই আমি নিদ্রাযোগে ভূমিভ স্বশ্নসম্পন্ন দেখিতেছি; যেন দিবসে বক্সাঘাত ও ঘোররবে উল্কাপাত হইতেছে। দৈবজ্ঞেরা কহিতেছেন, সূর্ব মঞ্চল ও রাহ্য এই তিন দার্ণ গ্রহ আমার জন্মনক্ষ্য আক্রমণ করিরাছেন। এইর্পে নিমিত্ত উপস্থিত হইলে প্রারই রাজা বিপদস্থ হন; এমন কি, ইহাতে তাঁহার স্ত্যুত্ত সম্ভবপর হইতে পারে। বিশেষতঃ মন্ধোর মতি স্বভাবতই চপল। অতএব বংস! আমার মনে ভাবাশ্তর উপশ্বিত না হইতেই তুমি রাজ্ঞাভার গ্রহণ কর। অদ্য প্নর্বস্থ নক্ষতে চন্দ্রের সন্তার হইয়াছে। জ্যোতির্বেন্ডারা কহিতেছেন, চন্দের প্রােভাগ আগামী দিবসে অবশাই ঘটিবে। এক্ষণে আমার মন একান্ড ব্যগ্র হইয়া উঠিয়াছে। স্কুতরাং কল্যই আমি তোমাকে যৌবরাজ্যে অভিষেক করিব। তুমি অদ্যকার রাদ্রি বধ্ সীভার সহিত নিয়ম অবসম্বন ও উপবাস করিয়া কুশশ্য্যায় শয়ন করিয়া থাক। বংস! শভেকার্ফে প্রায়ই বিঘা ঘটিয়া থাকে, এই কারণে অদ্য ভোমার সূত্রদেরা সাবধান হইয়া তোমাকে রক্ষা কর্ন। এক্ষণে বংস ভরত প্রবাসে কাল্যাপন করিতেছেন, এই অবসরে তোমার অভিষেক স্সম্পন্ন হয়, ইহাই আমার প্রার্থনীয়। যথার্থতেই তোমার দ্রাত্য ভরত দ্রাত্বংসল ও অতি সম্প্রন। ঈর্বা ডাঁহার মনকে কদাচই কল্যবিত করিবে না এবং তিনি তোমার একান্ড অনুগত। কিন্তু আমার এই একটি স্থির বিশ্বাস আছে যে, কারণ উপস্থিত হইলে মনুষ্যের চিত্ত অবশ্যই বিকৃত হইবে। ধাঁহারা ধর্মপরায়ণ ও সাধু, তাঁহাদিশের মনও রাগ-ন্বেষাদি ন্বারা আকুল হইরা উঠে। অতএব

বংস! এক্ষণে তুমি খাও, কলাই তোমাকে রাজ্যভার লইতে হইবে।

অনশ্তর রাম পিতা দশরথকে সম্ভাষণপূর্বক গৃহাভিমুখে গমন করিলেন এবং জানকীকে পিতার আদেশ জ্ঞাপন করিবার নিমিত্ত স্বীর বাসগৃহে প্রবিণ্ট হইলেন, কিন্তু তিনি তথার জানকীকে দেখিতে না পাইয়া তথা হইতে জননীর অন্তঃপ্রে গমন করিলেন।

এদিকে দেবী কৌশল্যা রামের রাজ্যাভিষেকের কথা শানিয়া সামিতা সীতা ও লক্ষ্মণের সহিত দেবগৃহে গমনপূর্বক নিমীলিভনেতে প্রাণায়াম শ্বারা প্রোণ-প্র্যুষকে ধ্যান করিতেছিলেন এবং সামিতা সীতা ও লক্ষ্মণ তাঁহার শাহা্যা করিতেছেন। ইতাবসরে রাম তথার গিয়া দেখিলেন, জননী পটুবস্ত পরিধান ও মৌনাবলন্দ্রশাধ্বিক দেবভবনে দেবভার আরাধনার প্রবৃত্ত হইয়া তাঁহারই রাজগ্রী প্রার্থনা করিতেছেন।

তখন রাম তাঁহার নিকট গমন ও অভিবাদনপূর্ব ক তাঁহাকে হ্লট ও সন্তুলট করিয়া কহিতে লাগিলেন, জননি! পিতা আমাকে প্রজাপালনকারে নিমোগ করিয়াছেন। তাঁহার আজ্ঞা হইল বে, কল্যই আমার রাজ্যাভিষেক হইবে। এক্ষণে জানকী এই রজনী আমার সহিত উপবাস করিয়া থাকিবেন; উপাধ্যায়েরা এই ব্যবস্থা করিয়াছেন এবং পিতাও আমাকে ক্ষেত্র্প কহিয়া দিয়াছেন। অতএব কল্য রাজ্যাভিষেকে জানকীর বে-সক্রতিস্পালাচার আবশ্যক, আপনি আক্সই তাহার আয়োজন কর্ন।

দেবী কৌশল্যা রামের মুখে চির্দ্ধের কামনা সফল হইবে শ্নিয়া গদগদ বাক্যে কহিলেন, রাম! চির্দ্ধির হও, তোমার শর্ন দ্র হউক। তুমি প্রীলাভ করিয়া আমার ও স্মৃত্তি অন্তর্গগদিগকে আনশিত কর। বাছা! আমি কি শ্ভক্তবেই তোমেরেই সভে ধরিয়াছিলাম। তুমি আমার আপনার গ্লে মহারাজকে পরিকৃতি করিয়াছ। আহ্মাদের কথা কি বলিব আমি বে কমললোচন হরির প্রস্কৃতি। প্রার্থনা করিয়া রত উপবাস করিয়াছিলাম, তাহা সফল হইল। দেখ, রাজপ্রী তোমাকেই আগ্রয় করিবেন।

অনশ্তর রাম প্রাতা লক্ষ্মণকে কৃতাঞ্চলিপ্টে বিনীতভাবে উপবিষ্ট দেখিয়া হাস্যম্থে কহিলেন, লক্ষ্মণ! অতঃপর আমার সহিত তোমাকেও এই রাজ্যভার বহন করিতে হইবে। তুমি আমার অপর অশ্তরাম্বা, স্তরাং রাজপ্রী আমার ন্যার তোমাকেও আপ্রয় করিয়াছেন। বংস! আমার জীবন ও রাজ্য কেবল তোমারই নিমিত্ত; অতএব তুমি অভিলবিত ভোগ্য পদার্থসম্পর উপভোগ কর। রাম প্রাতা লক্ষ্মণকে এইর্প কহিয়া কৌশল্যা ও স্মিতাকে অভিবাদন-প্রেক তাঁহাদের আজ্ঞাক্রমে জানকীর সহিত শ্বভবনে গমন করিলেন।

শশুল সর্গা। এদিকে রাজা দশরথ আগানী দিবসের অভিবেকবিষয়ে রামকে ঐর্প আদেশ করিয়া কুলপ্রোহত বশিষ্ঠকে আহ্বানপূর্বক কহিলেন, তপোধন! অন্য আপনি রামের বিদ্যাশানিত ও রাজ্যপ্রাণিতর নিমিত্ত সীতা ও তাঁহাকে উপবাস করাইয়া আস্কা।

বেদবিদ্গণের অগ্রগণ্য মহার্য রাজ্যজ্ঞা গ্রহণ করিয়া বিপ্রের অন্তর্প রখে আরোহণপূর্বক রাজকুমার রামের আবাসাভিম্বে বাগ্রা করিলেন। অশ্ব মহাবেগে ধাবমান হইল। তিনি ক্ষণকালের মধ্যে সেই পাশ্ড্বর্ণ অন্তথশ্ডের

ন্যার শোভমান ভবন-সন্নিধানে উপনীত হইয়া স্বাহনে তিনটি প্রবেশ-ম্বার পার হইলেন। রাম্বর সবিশেষ সম্মান প্রদর্শনের নিমিত্ত ছবিত্তপদে গৃহ হইতে বহিগতি এবং তাহার রখের নিকট উপস্থিত হইয়া সাদরে করগ্রহণপূর্বক স্বাধ্ন তাহাকে অবত্যবিত করিলেন।

অনশ্তর প্রেছিত বিশিষ্ঠ রামের এইর্প বিনীত ব্যবহারে প্রীত হইয়া তাঁহাকে সম্ভাবণ ও তাঁহার আনন্দবর্ধনপ্রেক কহিলেন, বংস! রাজা দশর্থ তোমার প্রতি অতিশয় প্রসম হইয়াছেন। কারণ তিনি তোমারই হস্তে সমস্ত সাম্বাজ্য-ভার অর্পণ করিবেন। অন্য তুমি বৈদেহীর সহিত উপবাস করিয়া থাক। কল্য প্রতে মহারাজ রাজা যয়াতিকে নহ্বের নয়য় প্রীতিসহকারে তোমাকে রাজপদে অধির্তু দেখিবেন। এই বলিয়া বিশ্বশ্বশ্বভাব মহার্য মন্তোজারণপ্র্বাক বৈদেহীর সহিত রামকে উপবাসের সক্ষণ করাইলেন এবং রামের প্রদত্ত প্রাণ্ডাপ্রহ করিয়া তাঁহার অভিমতে তথা হইতে নিজ্ঞাত হইলেন। রামও কিরংক্ষণ প্রিরবাদী স্ত্র্ণগণের সহবাসে কাল্যাপনপ্র্বাক তাঁহাদেরই অন্মতিজ্বে বাসগ্তে প্রবেশ করিলেন। তাঁহার বাসগ্তে নরমারী সকলেই আমেদপ্রমাদ করিতেছিল। তৎকালে বিকশিত-সরোজ-বিরাজিত মদেরত্ত বিহণগণণশোভিত সরোব্রের ন্যার উহার হার্মার্য এক শোভা ছইল।

এদিকে বশিষ্ঠদেব রাজকুমার রামের রাজপ্রেটাসদৃশ আবাস হইতে নিগতি হইয়া- দেখিলেন, রাজমার্গ লোকারণ্য হইয়াছে সকলে পরম কুত্হলে দলবন্ধ হইরা চলিয়াছে। পথে তিলার্ধ স্থান নাই লোকের সন্ধর্ম ও হবে মহাসাগরের ন্যার তুম্লে শব্দ হইতেছে। ঐ দিব্দ লক্ত পথই পরিক্ষম ও জলসিত এবং নগরীর চতুদিক তোরণমালার ক্রিক্ত এবং সমস্ত গৃহে ধ্রজদ্ও উল্লিত্ত হইরাছে। নগরের আবালব ব্রুদ্রিতা সকলেই আমোদে উন্মন্ত আছে এবং রামাভিবেক দর্শনের অভিনতে স্ক্রেদ্রিতা সকলেই আমোদে উন্মন্ত তংকালে সকলেই প্রজাগণের প্রীকৃত্তির নিগান প্রীতিবর্ধন এই মহোৎসব দর্শন করিবার নিমিত্ত একান্ত উৎসক্র হইরাছে।

রাজপ্রোহিত বাশিষ্ঠ রাজমার্গে এইর্প লোকের কোলাহল অবলোকন-প্রেক সেই জনসংবাধ বিভাগ করিয়াই বেন মৃদ্-গমনে রাজকুলে প্রবেশ করিলেন এবং হিমগিরিসদৃশ রাজপ্রাসাদে আরোহণ করিয়া ইন্দের সহিত



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বৃহস্পতির ন্যায় নরেন্দ্র দশরখের সহিত সমাগত হইলেন। তথন অবনিপাল মহর্ষিকে সমাগত দেখিয়া সিংহাসন হইতে গাত্রোখান করিলেন। তিনি গাত্রোখান করিলেন সভাস্থ সমস্ত লোকই মহর্ষিকে অভার্থনা করিবার নিমিত্ত উখিত হইলেন। অনন্তর রাজা বিনীতভাবে তাঁহাকে সন্বেখনপ্রিক জিল্পাসিলেন, তপােধন! আমার অভিপ্রেড কার্য কি আপনি সমাধা করিয়া আইলেন? মহর্ষি কহিলেন, মহারাজ! আপনার আদেশান্র্প সম্দেরই সাধন করা হইয়াছে।

তথন রাজ্য দশর্থ কুলগ্র্ বশিষ্ঠের অনুমতি গ্রহণপ্র্ক সভাস্থ সকলকে পরিত্যাগ করিয়া গিরিদরী মধ্যে কেশরীর ন্যায় অন্তঃপ্রের প্রবেশ করিলেন। তংকালে শশাংক যেমন তারাগণসমাকীর্ণ নভাম-ডলকে একান্ত উম্জ্যাল করিয়া থাকেন, তদুপ রাজা দশর্থও সেই স্মৃতিক্ষত নারীজন-পরিপ্রণ অমরাবতীপ্রতিম অন্তঃপ্রেকে বারপরনাই সম্ম্ভাসিত করিলেন।

বশাললোচনা জানকীর সহিত একাশ্তমনে নারার্থের উপাসনার প্রব্ হইলেন। তিনি ঐ মহান দেবতাকে নমশ্বার হার্মির হবিঃপার গ্রহণপূর্বক তাহার উদ্দেশে প্রজনলিত হৃতাশনে আহ্তি ফ্রিন্স করিতে লাগিলেন। তংপরে হবির শেবাংশ ভক্ষণপূর্বক নারায়ণ-ধান ও তাহার নিকট আপনার অভিপ্রেত প্রাথনা করিরা মৌনভাবে ঐ দেবালয়ের ফ্রিন্স সীতার সহিত কুশশবাার শরন করিরা রহিলেন।

অন্তর রাচি প্রহরমাত অবস্থিত থাকিতে রাম শব্যা হইতে গাত্রোখান করিরা অধিকৃত লোকদিগকে স্প্রণালীক্তমে গ্রহসক্ষার অন্মতি প্রদান করিলেন। ইত্যবসরে স্ত ক্রিম ও বিন্দিগণ শর্বরী প্রভাত হইরাছে দেখিয়া মধ্র স্বরে গান করিতে প্রবৃত্ত হইল। রাম প্রবসক্ষার উপাসনা সমাপন-প্রক সমাহিতচিত্তে গারত্রী জ্ঞপ করিতে লাগিলেন। অনুক্র তিনি পবিত্র পটুবস্ত পরিধানপূর্বক নারারণের স্তৃতিবাদ ও বন্দনা করিয়া বিপ্রগণ স্বারা



স্বস্থিতবাচন করাইলেন। ত্র্বধ্যনি এবং বিপ্রগণের মধ্যে ও গদভীব প্রণ্যাহ-ঘোষে রাজধানী অবোধ্যা প্রতিধ্যনিত হইতে লাগিল। নগরবাসী সকলেই রাম জানকীর সহিত উপবাস করিয়া আছেন শ্রনিয়া যারপরনাই আনন্দিত হইল।

অনশ্বর পোরবর্গ প্রার শোভা সম্পাদনে প্রবৃত্ত হইল। শ্ক্র অপ্রের
ন্যায় প্রভাসম্পর গিরিশিখরসদ্শ দেবগৃহ, চতৃৎপথ, রথ্যা, টেত্যা, অট্রালিকা,
পণারবাপরিপ্রণ বাণিজ্যাগার, স্সম্শু স্দৃশ্য লোকালয়, সভা ও অত্যুচ্চ
বৃক্ষসম্বে ধর্ম্ম ও পতাকা স্পোভিত হইতে লাগিল। রমণীয় রাজপথ ধ্পগান্ধে স্বাসিত ও কুস্মদামে অলক্ষ্ত হইল। অভিষেক সমাপনাশ্বে যাদ
রাম রাত্রিকালে নগর পরিভ্রমণে নিগতি হন, এই আশাক্ষায় সকলে পথপ্রাশ্বে
আলোক প্রদান বাসনায় বৃক্ষাঝার দীপস্তম্ভসকল প্রস্তুত করিয়া রাখিল।
সকলে নট নত্রক ও গায়কদিগের হ্শয়হায়ী নৃত্যগীত দর্শন ও প্রবণ করিতে
লাগিল। লোকের গ্রমধ্যে ও প্রাণগণে রামাভিষেক সংক্রান্ত কথোপকথন
আরম্ভ হইল। বালকেরাও গ্রম্বারে দলক্ষ হইয়া ক্রীড়াকালে পরস্পর
অভিষেক্রের কথা কহিতে লাগিল। কতকগুলি লোক সভা ও প্রাণগণে সংগতি
হইয়া মহারাক্ষ দশরখের প্রশংসা করিয়া কহিল, ক্রিক্রাকু-কুলপ্রদীপ রাজা
আত মহাত্বা; দেখ, ইনি আপনার স্থাবিরাক্তি সম্পান্ধত দেখিয়া য়ামের
হাত্তে রাজ্যভার অর্পণ করিতেছেন। রাম বিরুক্পরীক্ষায় স্কৃত্র, তিনি বে
ভিরকালের জন্য আমাদের রক্ষক স্ক্রেক্রি, ইহাতেই আমরা যারপরনাই
অন্গৃহীত হইলাম। রাম অতি বিন্তার বিশ্বান ধর্মশীল ও ভ্রাত্বকলে। তিনি
ভ্রাত্নিবিশেষে আমাদিগকেও ক্রিয়া থাকেন। এক্ষণে আমাদিগেয়
ধার্মিক রাজা চিরজনীবী হউন ক্রিমা তাহারই প্রসাদে রামের রাজ্যাভিষেক
স্কৃতক্ষেদ্দান করিব।

ঐ সময়ে জনপদবাস । দিগ্দিগণত হইতে রামের অভিবেকবৃত্তাণত প্রবণপ্রবিদ দর্শন করিবার মানসে অযোধ্যার আসিরাছিল, তাহারা পৌরগণের
মুখে ঐ সমসত কথা প্রবণ করিল। জমশঃ বিদেশীর লোকে রাজধানী পরিপ্রণ
হইয়া গোল। পর্বভালে প্রবলবেগ সাগরের ঘোর শব্দের ন্যার চতুদিকৈ প্রবেশশীল লোকের কোলাহল প্রতিগোচর হইতে লাগিল। তথন সেই অমরাবতীসদৃশ অবোধ্যা অভিবেক দর্শনাথী অভ্যাগত লোকসম্হের কলরবে একাশ্ত
আকুল হইরা জলজন্ত্-বিলোড়িত মহাসাগরের ন্যার শোভা পাইতে লাগিল।

শত্ম সর্গাঃ রাজমহিষী কৈকেয়ীর মন্থরা নাদ্দী এক কিৎকরী ছিল। তিনি ঐ অনাথাকে মাতৃকুল হইতে আনয়ন করিয়াছিলেন এবং আপনার নিকটে রাখিয়াই তাহাকে প্রতিপালন করিতেন। কিৎকরী মন্থরা প্রাতঃকালে চতুর্দিকে তুম্ল কোলাহল প্রবণ করিয়া ষদৃছ্যাকমে শশাৎক্ষবল প্রাসাদের উপর আরোহণ করিয়া দেখিল, অযোধ্যার রাজপথসকল চন্দনসলিলে সিস্ত এবং উহার সর্বন্ত উৎপলদল বিক্ষিত হীষাছে। ইতস্ততঃ উৎকৃষ্ট ধ্যক্ষদণ্ড ও পতাকা শোভা পাইতেছে। রাজধানীর স্থলবিশেষে নিদ্নোয়ত পথ এবং স্থলবিশেষে দেবছান্সারে গমনাগমন করিবার নিমিত্ত স্থিবস্তৃত পথ প্রস্তৃত করা হইয়াছে। সকলে অভ্যাপ্য স্নান করিয়াছে। বিপ্রগণ মাল্য ও মোদক হস্তে লইয়া কোলাহল

করিতেছেন। দেবালায়ের দ্বারসকল স্থায় ধবলিত হইয়াছে। চারিদিকে বাদ্যধনিন হইতেছে। সকলে আমোদে উন্মন্ত। বেদধনিন নগর ভেদ করিয়া উখিত হইতেছে। হস্তী অধ্ব গো ব্য পর্যন্ত আনন্দনাদ পরিত্যাগ করিতেছে। পরিচারিকা মন্থরা অযোধায় এইরপে উৎসবের আয়েছেন দেখিয়া অতিশয় বিস্মিত হইল। অনন্তর সে অদ্বরে এক ধারীকে ধবল পট্রস্ত পরিধানপ্র্বক হরেণিফ্রেল লোচনে দ-ভায়মান দেখিয়া জিজাসিল, ধারি! রামজননী কৌশলায় বায়কুঠ হইয়াও অদ্য কি কারণে মহা আনন্দে ধন দান করিতেছেন? আজ সকলের এই অত্যোগতক হর্ষের কারণ কি? আজ মহাপালই বা এমন কি কার্যকরিবেন? তথ্ন ধারী হর্ষভরে বিদর্শি হইয়াই যেন কহিল, মন্থরে! আজ মহারাজ্য প্রেয়া নক্ষরে শান্তপ্রকৃতি স্থোলীল রামকে বৌবরাজ্য প্রদান করিবেন।

অসাধ্দশিনী মন্থরা ধাত্রীম্থে এই বাক্য প্রবণ করিবামাত্র জোধে প্রজ্বলিত হইয়া উঠিল এবং সেই কৈলাস্থিবাকার প্রাসাদ হইতে অবতার্ণ হইয়া শয়নগৃহে কৈকেয়ীকে গিয়া কহিল, মৃত্যে! গায়োখান কর, কি বৃথা শয়ন করিয়া আছ, ভোমার সর্বনাশ উপস্থিত; তুমি কি ব্রিভছে না বে, দঃখভার প্রবলবেগে তোমাকে পাঁড়ন করিতেছে? তুমি মহাক্ষের অপ্রির, তবে কেন নিরপ্রক সোভাগাগর্বে স্ফাত হও। গ্রীষ্মকাল্যি সদীস্তোতের ন্যায় তোমার সোভাগা ক্ষণস্থায়ী সদেহে নাই।

মন্ধরা লোধভরে এইর্প পর্যবাকা প্রেম করিলে কৈকেরী বিষয় হইরা জিল্লাসিলেন, মন্থরে! আমার কি ক্রেমি অমন্সল উপন্থিত হইরাছে? আজি কি কারণে তোমাকে বিষয় ও দঃস্থিত স্থিতিছি?

বচনচতুরা মন্থরা যথাও বি কৈকেয়ীর হিতার্থিনী ছিল, সে তাঁহার এইর্প কথা শ্রবণ করিয়া আই আকারে অপেক্ষাকৃত বিষাদের লক্ষণ প্রদর্শন এবং তাহার অল্ডরে রামের ক্রতি বিদ্বেষ উৎপাদনপ্র্বক প্রবিং ক্রোধে কহিতে লাগিল, দেবি। তোমার সর্বনাশের উপক্রম হইতেছে। মহারাজ রামকে যৌব-রাজ্যে অভিষেক করিবেন। আমি আপাততঃ এই বিপদের প্রতিকার কিছুই দেখিতেছি না। রামের অভিষেকের কথা শ্নিরা আমার মনে ভর দৃঃখ শোক



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

য্রূপৎ উপস্থিত হইরাছে। সর্বাঞ্চ ষেন দৃশ্ধ হইরা বাইতেছে। বলিতে কি, কেবল তোমার হিতার্থই একণে আমি এই স্থানে আইলাম। তুমি নিশ্চয় জানিও যে আমি তোমার দুঃখে দুঃখী এবং তোমারই সুখে সুখী হই। তুমি রাজার কন্যা এবং রাজার মহিষী হইয়া রাজধর্মের কঠোরতা কেন বুরিতে পার না? তোমার ভর্তার কেবল মুখেই ধর্ম, বস্তৃতঃ তিনি অতিশয় শঠ; তাঁহার বাক্য অতি মধ্র, কিন্তু হৃদর যারপরনাই ক্রুর। এইর্প লোককে তুমি শুন্ধসত বলিয়া জান এই কারণেই বণিত হইতেছ। আজ রাজা ডোমাকে কতকগর্মল বুথা প্রিয় কথায় ভ্রলাইয়া কৌশল্যার মনোবাঞ্ছা পূর্ণ করিবেন। ঐ দুন্ট ভরতকে মাতুলগুহে পাঠাইয়াছেন, এক্ষণে পৈতৃক রাজা নিবিঘে। রামকে দিবেন। দেখ, তুমি নিভাল্ড নির্বোধ; তুমি আপনার হিতাভিলাবে পতিবাপদেশে ভ্রন্তপের ন্যায় ক্র শগ্রুকে মাড্সেনহে পোষণ ও অপ্যে ধারণ করিয়াছ। কিন্তু সর্প কি বিপক্ষ উপেক্ষিত হ'ইলে বেরপে ঘটিয়া থাকে, রাজা দশরথ হইতে ভোমার ও ভোমার পত্তের সেইরূপই ঘটিল। তিনি পাপামা, তাঁহার সাম্থনাব্যক্য সম্পুর্ট নির্থাক। তিনি রামের রাজ্যদান প্রসঞ্জে তোমাকেই সপরিবারে বিনাশ করিতেছেন। এক্ষণে সময় উপস্থিত, যাহা আপনার হিতকর, অবিলম্বেই তাহার সাধনে প্রবৃত্ত হ্রাচুএবং এই বিপদ হইতে আপনাকে আমাকে ও ভরতকে রক্ষা ক্র।

আপনাকে আমাকে ও ভরতকে রক্ষা ক্র।
রাজমহিষী কৈকেরী কিংকরী মন্ধরার এই বাক্য প্রবণ করিয়া শরতের
শাশাগকলেখার ন্যায় হাসামাঝে শব্যা হুইবেড় গায়োখান করিলেন এবং রামের
অভিবেকর্প শভ সংবাদে একাল্ড বিশ্বারাবিদ্য ও নিতালত সল্ভূন্ট হইরা
মন্থরাকে উৎকূন্ট অলগ্ডার দিলের তিনি মন্ধরাকে অলগ্ডার প্রদান করিয়া
প্রকৃল্ডমনে কহিলেন, মন্থরের ভূমি আমাকে কি আহ্যাদের কথাই শানাইলে;
ইহার অন্রাপ এমন আমার কি আছে, বাহা দিয়া তোমার পরিতোধ করিতে
পারি। আমার চক্ষে রাম ও ভরত উভরের কিছ্মান্ত ইতরবিশেষ নাই; অতএব
মহারাজ যে রামকে রাজ্যদান করিবেন, ইহাতে অভান্ত সল্ভূন্ট হইলাম। রামের
রাজ্যাভিষেক অপেক্যা প্রিয় সমাচার আর আমার কিছ্ই নাই, আজি তুমিই
আমাকে তাহা শ্নাইলে। একণে বল, তোমার কি প্রার্থনীর আছে, আমি
তোমাকে তাহাই দান করিব।

অপটম সগাঁ। তখন মন্ধরা দৃঃখ-ক্রোধে একান্ড অধার ইইয়া পারিতোষিক অলংকার দ্রে নিক্ষেপ করিল এবং কৈকেয়ীর প্রতি অস্রা প্রদর্শনপূর্বক কহিতে লাগিল, কৈকেয়ি! তুমি কি কারণে অন্ধানে হর্ষপ্রকাশ করিতেছ। তুমি কি জানিতেছ না বে. তুমি দৃঃখের পারাবারে পতিত ইইয়াছ। আমি একণে অতি দৃঃখে মনে মনে এই বলিয়া হাসিতেছি যে, তুমি বিপদে পড়িয়াও যে-বিষয়ে শােক করিতে হয়়, তাহাতেই আমােদ করিতেছ। কালন্বর্গ পরম শার্ সপস্থীপ্রের বৃণ্ধি দেখিয়া কোন্ বান্ধিমতী নারী আমােদ করিয়া থাকে? কিন্তু তোমার যে এই দ্র্বিভিশ্ব উপন্থিত, ইহারই নিমিত্ত আমি শােকাকুল হইতেছি। দেখ, রাজ্য ল্রান্ড্সাধারণের ভােগ্য, এই নিমিত্ত ভরত হইতে রামের ভর উপন্থিত হইতে পারে, কিন্তু ইহাও নিন্তর জানিও যে, ভাতি ব্যক্তিই ভরের কারণ হয়। বীর লক্ষ্মণ সকল প্রকারে রামের আগ্রিত,

স্তরাং তিনি রামের কোনমতেই ভরের কারণ হইতে পারেন না; যেমন লক্ষ্মণ রামের আগ্রিত, শত্রাও সেইর্প ভরতের অন্গত, স্ভরাং শত্র্যা হইতেও রামের স্বতন্ত কোনর্প ভরপ্রসন্ধা নাই। জন্মক্রম ঘনিষ্ঠ বলিয়া ভরতেরই রাজ্য আক্রম সম্ভব, কিন্তু কনিষ্ঠত নিক্থন লক্ষ্মণ ও শত্র্যার এই চেন্টা স্দ্র-পরাহত হইয়া যাইতেছে। রাম আলস্যশ্ন্য শাস্ত্রক এবং সন্ধি-বিগ্রহাদি কার্যের বিশেষজ্ঞ। সে যে ভবিষ্যতে ভরতের সর্বনাশ করিবে, আমি এই চিন্তাতেই কন্পিত হইতেছি। দেবী কৌশল্যা অতি ভাগাবতী, কারণ আজ্ব শত্তক্ষণে রাহ্মণেরা তাঁহার প্রত্রে যৌবরাজ্যে অভিষেক করিবেন। রাজ্য তাঁহার হইল, শত্র সব দ্র হইয়া গেল, এক্ষণে তিনি মনের আনন্দে থাকিবেন, আর ত্রিম দাসীর ন্যায় কৃডাজলিপ্টে তাঁহার অন্বেছি করিবে। এইর্পে তোমাকে আমাদিগের সহিত কৌশল্যার দাস্য স্বীকার করিতে হইবে এবং তোমার প্রে ভরতও রামের দাস্ হইয়া থাকিবে। জানকী সহচরীদিগের সহিত আমোদ আহ্যাদে কাল্যপন করিবে, আর ভরতের প্রভাব পরাহত দেখিয়া তোমার বধ্রা মনের দৃংথে দ্বিরমাণ হইবে।

কৈকেয়ী মন্থরাকে রামের প্রতি এইর প অপ্রীতিভাব বিশ্তার করিতে দেখিয়া রামের গৃংগর কথা উল্লেখ করিয়া কহিলেন ক্রির! বংস রাম ধার্মিক গৃংগরান স্মানিক কৃতভা সত্যবাদী ও পবির। ডিডি মহারাজের জ্যেষ্ঠ সন্তান, স্তরাং রাজ্য সন্পর্ণই তাঁহাকে অন্তিত প্রেট। ঐ দীর্ঘজীবী, প্রাতা ও ভ্তাদিগকে পিতার ন্যার প্রতিপালন ক্রিকেন; অতএব তুমি কেন তাঁহার অভিবেক-সংবাদ পাইয়া এইর প পরিব্রক্তি করিতেছ? ভরত রামের শত বংসর পরে নিশ্চয়ই পৈতৃক রাজ্য পাইয়ের তবে কেন তুমি এই উৎসবের সময়



অশ্তজ্বাসায় দশ্ধ হইতেছ? আমি যেমন ভরতের কল্যাণ কামনা করি, সেইর্প বা তদপেক্ষা অনেক গ্লে ব্লামের শ্ভাকাক্ষা করিয়া থাকি। এই কারণে রামও জননীর অধিক আমার সেবা করেন। এক্ষণে রাজা যদিও রামের হয়, তথাচ

উহা ভরতেরই হইবে, কারণ রাম আর্মানিবিশেষে দ্রাভূগণকে দর্শন করিয়া থাকেন।

মন্ধরা কৈকেয়ীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া বারপরনাই দুঃখিত হইল এবং দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগপ্রেক তাঁহাকে কহিল, কৈকেয়ি! যাহা শৃভ তাহাই তুমি কুদ্দিটতে দেখিতেছ। দঃখ শোক ও বিপদ ত্যেমাকে আক্রমণ করিতেছে; কিন্তু তুমি নির্বান্ধিতাবশতঃ আপনার দূরবস্থা ব্যবিতেছ না। এখন রাম রাজা হইতেছে, আবার রামের পত্রেও রাজ্যে অধিকার পাইবে; স্তরাং ভরত এককালেই রাজবংশ হইতে পরিদ্রন্থ হইলেন। দেখ, রাজার সকল প্রেরা কিছা রাজ্য পান না; প্রান্ত হইলে একটি মহান অনর্থ উপস্থিত হয়; এই কারণে নৃপতিরা প্রগণের মধ্যে হয় সর্বজ্ঞেষ্ঠ না হয় বিনি সর্বাপেক্ষা গণশ্রেষ্ঠ ভাঁহাকেই রাজকার্য পর্যালোচনের ভারাপণি করিয়া থাকেন। এইর প ব্যবস্থা থাকাতেই কহিতেছি, তোমার তনয় ভরত অনাথের ন্যায় রাজবংশ ও স্থাসোভাগ্য হইতে বণ্ডিত হইবেন। দেবি! আমি তোমারই মঞ্চালের নিমিত্ত প্রাণপণ করিতেছি, কিন্তু তুমি আমাকে ব্রথিতেছ না প্রত্যুত সপদ্মীর প্রীবৃদ্ধিতে পারিভোষিক দিতেও ইচ্ছা করিভেছ। তুমি নিশ্চয়ই লাসার প্রাব্দেশতে সান্ত্রভাবক দিতেও হচ্ছা কারতেছ। তুমি নিশ্চমই জানিও রাম নিশ্কণ্টকে রাজালাভ করিয়া ভরতকে দেশান্তর বা লোকান্তর প্রেরণ করিবে। ভরত বালক, কিছাই জানেক দা, কেবল তুমিই তাঁহাকে মাতুলালয়ে পাঠাইয়াছ। এ সময় তিনি এল্পট্রে থাকিলে মহারাজ তাঁহার প্রতি অবশ্যই অন্রাগ প্রকাশ করিতেন। তুল বুলা গলেম একস্থানে থাকে বলিয়াই পরস্পর পরস্পরকে আলিগগন করে। কুলমার না হয় কেবল ভরতই বান, তাঁহার সংগে আবার শত্রহাপ্ত গিয়াছেকি তিনি থাকিলে অবশ্যই বিপদের একটা প্রতিকার হইত। এইর প শুক্ত ইব্রা যায় বে, বনজাবারা একটি বৃক্ষকে ছেদন করিবার বাসনা করিয়াছিক কিন্তু কণ্টকবন বেণ্টন করিয়াছিল বলিয়া উহা বজা গায়। বাম ও লাকাল প্রকাশ প্রকাশর করেসকার করিয়াছিল বলিয়া উহা রক্ষা পায়। রাম ও লক্ষ্মণ প্রস্পর প্রস্পরকে রক্ষা করিয়া থাকে, অন্বিনী-কুমার যুগলের ন্যায় ভাহাদের সোদ্রাত ত্রিলোকে প্রথিতই আছে। এই কারণে রাম লক্ষ্যণের কিছুমাত অনিন্টাচরণ করিবে না। কিম্তু সে যে ভরতের প্রাণ-হন্তারক হইবে তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। অতএব ভরত মাতুলবাসভূমি রাজগাহ হইতে বনপ্রস্থান কর্ন, আমার ত ইহাই প্রীতিকর বোধ হইতেছে। বস্তুতঃ ইহাতে তোমার ও তোমার পরিজনদিগেরও মণ্গল হইবে। আর যদি ভরত ধর্মান্সারে পৈড়ক রাজ্য অধিকার করিতে পারেন, তাহা হইলে আমাদের সকলেরই যে শুভলাভ হইবে, ইহার আর বস্তুবা ফি আছে। হা! ডোমার বালক লক্ষ্মীর কোমল অংক প্রতিপালিত হইয়া আসিয়াছেন, এখন তিনি রামের সহজ শত্র: রামের উহাতি তাঁহার অবনতি, সত্তরাং তিনি রামের বশে থাকিয়া কির্পে প্রাণ ধারণ করিতে পারিবেন। দেবি! তুমি অরণ্যে মুগেন্দ্রানুস্ত করীন্দের ন্যায় ভরতকে এই পরাভব হইতে রক্ষা কর। রামের জন্নী কৌশল্যা তোমার সপত্নী, তুমি ভর্তুসোভাগ্যে গবিত হইয়া তাঁহাকে অপহেলা করিয়াছিলে, এক্ষণে তিনি কেনই না বৈর নির্যাতন করিবেন। কৈকেরি! অধিক আর কি কহিব, যখন রাম এই শৈলসাগরপূর্ণা প্রথিবীর অধিরাজ ইইবে, তখন তুমি প্রের সহিত নিশ্চয়ই পরাভব সহ্য করিবে। অতএব এক্ষণে কি উপায়ে ভরতের রাজ্যলাভ হইতে পারে, কি উপারেই বা রামের বনবাস সিন্ধ হয়, তুমি তাহা অবধরেণ কর।

রাজমহিষী কৈকেয়ী মন্ধরার এইরপে বাক্য শ্রবণ করিয়া ক্রোধে প্রজন্মিত হইয়া উঠিলেন এবং দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগপ্রেক কহিলেন, মন্থরে! আজিই আমি রামকে বনবাস দিব এবং আজিই ভরতকে রাজ্যে অভিষেক করিব। এক্ষণে কি উপায়ে আমার এই মনোরধ সিন্ধ হইতে পারে, ভূমিই তাহা আলোচনা করিয়া দেখ।

নবম দর্গ । তথন অসাধ্দিশিনী মন্থরা রাশ্বের রাজ্যাভিষেকে ব্যাঘাত দিবার আশরে কৈকেরীকে কহিল, দেবি! এক্ষণে যে উপারে কেবল তোমার প্রে ভরতেরই রাজ্য হইবে, তাহা কহিতেছি শ্ন, এবং উহা সংগত হয় কিনা নবরংই তাহার বিচার করিয়া দেখ। ভদ্রে! এখন কি আর ত্যেমার কিছু, ন্মরণ হর না, তৃমি নবরং যে কথা অনেকবার আমার কহিরাছিলে, তাহা কি কেবল আমার মুখে শ্নিবার আশরে গোপন করিতেছ? বদি সেইর্পই অভিপ্রায় হইরা থাকে, তবে শ্রবণ কর।

রাজমহিষী কৈকেরী মন্থরার এইর্পে বাক্য শ্রবণু করিয়া সূর্রচিত শ্রনতল হইতে কিণ্ডিং উখিত হইরা কহিলেন, মন্থরে! ক্রিএমন কি উপায় আছে, বাহাতে রাজ্য রামের না হইয়া কেবল ভরতের্ই ছেইবে। মন্থরা কহিল, দেবি! দক্ষিণদিকে দশ্তকারণ্য নামক প্রদেশে বৈজয়ুক্ত ক্রমে একটি নগর আছে। তথার তিমিধ্যক্ত নামা মারাবী এক অস্তর ক্রম করিত। ইহার অপর নাম শম্বর। ইহারই সহিত পূর্বে ইন্দ্রাদি দেবংগ্রেক ঘোরতর যুক্ত উপস্থিত হয়। এই দেবাসন্র সংগ্রামে মহারাজ দশর্থ কিশাকে শইয়া রাজির্যগণের সহিত দেবরাজ ইন্দের সাহায়্য করিতে যান। বিশেষ সৈনিক প্রেবেরা অস্ত্রশন্তে ছিল্লছিল ইয়া রাত্তিত নিচিত প্রেক্ত আর রাক্ষসেরা তাহাদিগকে বলপার্ক লইয়া গিয়া বিনাশ করিত। রাজ্য দশর্থ তংকালে অস্বগণের সহিত কুম্ল যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার সর্বাণ্য কতবিক্ষত হইয়াছিল। তিনি রণস্থলে মুছিত হইরা পড়েন। ঐ সময়ে তুমি তাঁহার সমভিব্যাহারে ছিলে। তুমি তাঁহাকে মর্ছিত দেখিয়া তথা হইতে অপসারিত করিয়া রক্ষা কর। তখন মহারাজ তোমার প্রতি সন্তুন্ট হইয়া তোমাকে দুইটি বর দিবার বাসনা করেন, কিন্তু एमि करियाधिक, नाथ! आमात यथन देखा दरेत, एथन वत धरण करिय। তংকালে মহারাজও তোমার এই কথার সম্মত হন। দেবি! আমি এই বিষয়ের বিন্দ,বিস্পতি জানিতাম না, পূৰ্বে তুমিই আমাকে ইহা কহিয়াছিলে। ফলতঃ তোমার প্রতি স্নেহ আছে বলিয়া আমি ইহার কিছুই বিক্ষাত হই নাই। এক্ষণে তুমি মহারাজকে বলপার্বক রামের রাজ্যাভিষেক হইতে ক্ষান্ত কর এবং তাঁহার নিকট উহার চতুর্দশ বংসর বনবাস ও ভরতের অভিষেক প্রার্থনা কর। চতুর্দশি বংসরের নিমিত্ত রামকে বনবাস দিলে তোমার পত্রে ভরত এতাবংকালের মধ্যে প্রজাগণকে অনুবন্ত করিয়া রাজ্যে অটল হইয়া বসিতে পারিবেন। অতএব তুমি অদ্য মন্ত্রিন বস্ত্র পরিধানপূর্বক ক্রোধাগারে গিয়া ক্রোধভরে ধরা-শ্য্যায় শয়ন করিরা থাক। সাবধান, মহারাজ আসিলে তুমি তাঁহার পানে চাহিও না, তাঁহার সহিত বাক্যালাপও করিও না; কেবল শোকে আকৃল হইয়া রোদন করিবে। তোমাকে মহারাজ যে বড়ই ভালবাসেন, তাহাতে আমার কিছুমার সন্দেহ নাই। তোমার নিমিন্ত <mark>তিনি অনলেও প্রবেশ করিতে পারেন। তোমাকে</mark>

ভোধাবিণ্ট করিতে তাঁহার কিছুতেই সাহস হইবে না এবং ভূমি কুন্ধ হইলে তোমার প্রতি দুল্টি নিক্ষেপ করিতেও পারিবেন না তিনি তোমার প্রীতির উন্দেশে প্রাণ পর্যনত পরিত্যাগ করিতে পারেন। তিনি যে তোমার কথা উল্লেখ্যন করিবেন মনেও এইর প করিও না। এক্ষণে ভূমি নিজের সোভাগ্য-বল বুঝিয়া দেখ। আমি তোমাকে আরো সতর্ক করিয়া দিতেছি, মহারাজ তোমার ফ্রোধ-শান্তির নিমিত্ত মাণ্মক্তা স্কেণ ও অন্যান্য বিবিধ রক্ন প্রদান করিতে চাহিবেন: কিল্ড দেখিও তোমার মন যেন তাহাতে লো**ল**পে না হয়। দেবাসার সংগ্রামে তিনি যে তেমোকে দুইটি বর দিয়াছিলেন, তুমি তাঁহাকে তাহাই স্মরণ করাইয়া দিবে এবং যাহাতে কৃতকার্য হইতে পার, তম্বিবরে বছবান থাকিবে। যথন মহারাজ্ব স্বরং তোমাকে ধরাসন হইডে তুলিয়া বরদানে বাগ্রতা প্রদর্শন করিবেন, তখন তুমি অগ্রে তাঁহাকে বচনবন্ধ করিরা পশ্চাং তাঁহার নিকট আপনার অভিমত বিষয় প্রার্থনা করিবে। দেবি! রামকে নির্বাসিত করিতে পারিলে ভোমার পত্রে ভরতের সকল অভিলাবই সিশ্ব হইবে। রাম নির্বাসিত হইলে তাহার উপর প্রজাগণের অনুরাগ আর থাকিবে না এবং ভরতও নিন্দণ্টকে রাজ্যভোগ করিবে। বে সময়ে রাম কা হইতে আসিবে, ততাদনে ভরত সকলের প্রীতি-ভাজন হইয়া স্ত্ৰণগণের সহিত প্রকৃতিবর্গের স্কৃতির্বাহো লখাস্পদ হইতে পারিবে সন্দেহ নাই। অতএব তুমি নির্ভারে বিষয়ে বিজ্ঞান্ত রামের অভিবেক-সংকল্প হইতে নিব্ত কর; তাঁহাকে অভিবেকিসকল্প হইতে নিব্ত করিবার ইহাই প্রকৃত অবসর।

বহার প্রকৃত অবসর।
এইর্পে মন্ধরা কৈকেয়ীর অস্তৃত্ব এই অসপাত বিষয়কে সপাতর্পে
প্রতিপন্ন করিয়া দিল। কৈকেয়ী বহারিকত মনে তাহার বাকা প্রতিগ্রহ করিলেন।
ভিনি বালবংসা বড়বার নামে মুক্তরার প্রবর্তনার অসংপথে প্রবর্তিত হইয়া
বিস্ময়াবেশ সহকারে কহিছে ক্রিগলেন, মন্ধরে! তুমি অতি সংক্থাই কহিতেছ।
আমি তোমার প্রক্রার অক্রাননা করিতেছি না। প্রিবীতে বত কৃষ্ণা আছে
ব্যাধানদ্য বিভাগে তার জান্তাকে স্ক্রান বৃদ্ধিনিশ্চয় বিষয়ে ভূমি তাহাদের সকলেরই অপেকা শ্রেণ্ঠ। ভূমি নিয়তই আমার হিতৈবণা করিয়া থাক এবং নিয়তই আমার শভেসাধনে নিযুক্ত আছ। ফলতঃ আমি মহারাজের এই দ্বন্দেন্টার বিষয় অগ্রে কিছুই ব্রথিতে পারি নাই। মন্ধরে! এই পূম্বিবীতে জন্মতিরিক্ত অনেকানেক বিকৃত্যকার বন্ধ ও পাপদর্শন কুব্জা আছে, কিন্তু ভূমি ন্যুক্তভাবাপম হইয়াও বায়াভান উৎপলের ন্যার একান্ত প্রিয়দর্শন হইয়াছ। তোমার বন্ধ উভয় পার্শ্বে অবনত এবং মধ্য হইতে স্কল্মদেশ পর্যাস্ত উন্নত হইয়াছে: বক্ষের অধ্যান্ত্রলে লোভননাভিষ্ক উদর উহার এতাদৃশ উহাতিদর্শন করিয়া যেন লব্জায় কুশ হইয়া গিয়াছে। তোমার শতনযুগল অতি কঠিন, জঘন অতি বিস্তীৰ্ণ ও কাণ্ডীদাম-শোভিত এবং উহাতে ক্ষুদ্র ঘণ্টাসকল শব্দারমান হইতেছে। ভোমার বদনমণ্ডল চন্দ্রের ন্যার নির্মাল। মন্দরে! মরি, তোমার কি শোভাই হইয়াছে! তোমার চরণ ও উর্ব্যাল কেমন আরত! ভূমি কখন আমার সম্মুখ দিরা চলিয়া বাও, তথন রাজহংসীর ন্যার বিরাজ করিয়া খাক। অস্ত্রেরাজ শম্বরের যে সহস্র মায়া আছে, তংসমুদর ও অন্যান্য তোমার এই হৃদরে নিবিষ্ট রহিরাছে। তোমার বক্ষঃস্থলে এই যে রথছোণের ন্যায় উমভাকার মাংসগিণ্ড আছে, উহা ঐ সমস্ত মারার সন্নিবেশ ভিন্ন আর কিছুই নহে। উহাতে তোমার বৃদ্ধি ও রাজনীতি বাস করিতেছে। স্বন্ধরি! রামকে বনবাস দিয়া ভরতকে, রাজ্ঞো

অভিষেক করিতে পারিলে আমি সম্ভূষ্ট হইয়া তোমার এই মাংসপিশ্রে চন্দন লেপন করিয়া উত্তম স্বর্ণের আভরণ পরাইব এবং তোমার মৃথে স্বর্ণমর বিচিত্র তিলক প্রস্তুত করিয়া দিব। তুমি উত্তম বন্দ্র ও উত্তম অলংকাব ধারণ করিয়া দেবীর ন্যায় ইতন্ততঃ সঞ্চরণ করিবে। তোমার এই বদনকমল চন্দুমাকেও ন্পর্যা করিতে থাকিবে, ইহার উপমাই মিলিবে না। তুমি শত্ত্বর্গে গর্ব প্রকাশ করিয়া সর্বেশ্বেক্য লাভ করিবে। তুমি ফেমন নিরন্তর আমার চরণ সেবা করিয়া থাক, সেইয়্প অন্যান্য কুব্জারা তোমারও করিবে।

কৈকেয়ী বেদিমধ্যে অশ্নিশিখার ন্যায় শব্যায় শর্ম করিয়া মন্থরাকে এইর্প প্রশংসা করিতে লাগিলেন। তখন মন্থরা তাঁহার বাক্যে একান্ত উৎসাহিত হইয়া কহিল, ভশ্রে! জল নিগতি হইলে আলিবন্থন করা বিধেয় নহে। একণে গাত্রোখান করিয়া বাহাতে আপনার কল্যাণ হয়, তাহারই চেণ্টা দেখ এবং সম্বরে ফ্রোধাগারে প্রবেশ করিয়া রাজাকে রোম প্রদর্শন কর।

অনন্তর কৈকেরী মন্থরার বাক্যে সবিশেষ উৎসাহ পাইরা সোভাগাগরে তাহারই সহিত জোধাগারে প্রবিষ্ট ইইলেন। তিনি তথার প্রবেশ করিরা আপনার কণ্ঠ ইইতে বহুম্লা ম্স্তাহার এবং অন্যান্য অলঞ্চার দুরে নিক্ষেপ করিলেন। অনন্তর সেই ন্বর্গবর্ণা ভ্রিতে উপক্রেম্বর্ড কহিলেন, মন্থরে! এই জোধাগারে হর প্রাণত্যাগ করিব, না হর ক্ষ্তিভরতকে রাজ্য দিব। আমার ধনরত্ব ও অন্যান্য ভোগ্য বন্দৃত্তে কিছুমার প্রস্কান নাই। বিদ মহারাজ রামকে রাজ্যে অভিবেক করেন, তাহা ইইলে নিক্সেই কহিতেছি, আমি এই প্রাণ আর রাখিব না।

তখন কি॰করী মন্থরা ভর্তের হৈতকর রামের অহিতকর জার বাকো কৈকেয়ীকে কহিল, দেবি! ক্রি রাম রাজ্যলাভ করে, তাহা হইলে নিশ্চয়ই তোমাকে প্রের সহিত অহিতাপ করিতে হইবে। অতএব রাজা যাহাতে ভরতের হয়, তুমি তাহারই চেন্টা কর।

কৈকেরী মন্থরার বাকাবাণে বারংবার আহত হইয়া বিক্ষরাবেশে হ্দরে হক্তাপণিপূর্বক জোধভরে কহিতে লাগিলেন, মন্থরে! আমার এই স্থানে দেহত্যাগ করিতে শানিয়া হয় তুমি মহারাজের গোচর করিবে, না হয় রামের বহুদিনের নিমিশু বনবাস ও ভরত প্রণাভিলাষ হইবে। যদি রাম অরণ্যে না বায়, তাহা হইলে আমার শব্যা মাল্যচন্দন অঞ্জন পানভোজন, অধিক কি জীবনেও প্রয়োজন নাই। দেবী কৈকেয়ী এইয়্প কঠোর কথা ওতের বাহিয় করিয়া স্বর্গদ্রত্বীর ন্যায় ধরাসনে শয়ন করিলেন। জোধান্ধকার তাহার মন্থলীকে আক্রমণ করিলে, দেহে আভরণ নাই, সভ্তরাং তৎকালে তারকাশ্না তামসী নিশার আকাশের ন্যায় তাহার অপূর্ব এক শোভা হইল। তিনি একাল্ড বিমনায়মান হইলেন।

দশম সর্গা। অনুষ্ঠর কৈকেয়ী নাগকন্যার ন্যায় দীনভাবে দীঘনিঃ বাস পরিত্যাগপ্রক কিয়ণক্ষণ আপনার স্থের পথ চিন্তা করিতে লাগিলেন এবং মনে মনে কর্তব্য স্থির করিয়া মন্ধরার নিকট ম্দ্রেচনে সম্দ্রই কহিলেন। তখন তাঁহার হিতকরী স্বৃহ্ণ তাঁহার অধাবসায়ের বিষয় সম্যক্ অবগত হইয়া স্বয়ং কৃতকার্য হইয়াই ঝেন আনন্দিত হইল। রাজমহিষী

কৈকেয়ী রোষার প্রশোচনে শ্রুকৃটি বন্ধনপূর্বক ভূতলে শয়ন করিলেন। তাঁহার বিচিত্র মাল্য দিব্য আভরণ গ্রের ইওস্ততঃ নিক্ষিস্ত ছিল, তংকালে উহা নক্ষ্যমালাসঙ্কুল নভোম-ডলের ন্যায় শোভা পাইতে লাগিল। তিনি দ্ডভাবে বেণিবন্ধনপূর্বক মালন বসনে বলহীনা কিন্তুরীর ন্যায় পতিত হইয়া রহিলেন।

এদিকে রাজা দশরণ রামের রাজ্যাভিষেকে আদেশ প্রদান করিয়া সভাস্থ সমসত লোকের অনুমতি গ্রহণপূর্বক অন্তঃপূরে প্রবেশ করিলেন। অদ্য যে রামের অভিষেক হইবে, কৈকেয়ী ইহা জানিতে পারেন নাই, তিনি এইরূপ বিবেচনা করিয়া তাঁহাকে এই প্রিয় সংবাদ দিবার নিমিত্ত ধবল-জলদ-পরিশোভিত রাহা্যার অন্বরমধ্যে শশধরের ন্যায় তাঁহার কক্ষায় প্রবিষ্ট হইলেন। দেখিলেন, কুব্জা ও বামনাকার স্ত্রীলোকসকল উহার চতুর্দিকে রহিয়াছে। শত্রক ময়্র ক্রোণ্ড ও হংস কলরব করিতেছে। বাদা বাদিত হইতেছে। লভাগ্যহ ও চিত্রিত-গৃহসকল শোভা পাইতেছে। বাহা প্রতিনিয়ত পূম্প ও ফল প্রদান করিয়া পাকে, এইরূপ বৃক্ষ এবং চন্পক ও অন্যোকসকল শ্রেণীবন্ধ হইয়া আছে। গঞ্জদল্ড স্বৰ্ণ ও রোপ্যের বেদি ও অসেন প্রস্তুত রহিয়াছে। দীর্ঘিকাসকল অতি স্কুদর। মহারাজ দশরথ সেই নানাবিধ অলপানে ও মহামূল্য অলৎকারে পরিপূর্ণ স্রপ্রপ্রতিম স্সমৃন্ধ স্বীর, অন্তঃপূর্ত্তে প্রবেশ করিয়া শরনতলে প্রিয়তমা কৈকের কৈ দেখিতে পাইলেন না। তালি জিন জনগোর বশবতী হইয়াছিলেন। পরের্ব কৈকেরী ঐ সময় কিন্তু পাকেতেন না এবং মহারাজও পরের্ব কখনই এইর প শান্তুপ্তে প্রবেশ করেন নাই। ঐ অসাধ্-মহারাজও প্রে কখনই এহর প শ্নেজ্ত প্রবেশ করেন নাই। এ অসাধ্দর্শিনী যে ব্রপ্তে ভরতের রাজগ্রী ক্রুডিলার করিতেছেন, তিনি ইহার কিছ্টুই
জানিতে পারেন নাই। তিনি কংলি কৈকেরীকে দেখিতে না পাইলে যেমন
জিজ্ঞাসা করিয়া থাকেন, শ্নাহ্রদ্ধে সেইর্ণে এক প্রতিহারীকে তাঁহার বিষর
জিজ্ঞাসিলেন। প্রতিহারী অভি ইইয়া কৃতাঞ্জালপ্রে কহিল, মহারাজ! রাজ্ঞী
অতিশয় রোষপরবশ হইর ক্রোধাগারে প্রবেশ করিয়াছেন। তখন রাজা দশরথ
প্রতিহারীর এইর্প বাক্য প্রবণ করিয়া একান্ত বিমনায়মান হইলেন। তাঁহার চিত্ত নিতাশ্ত আকূল হইয়া উঠিল। তিনি কোধাগারে প্রবেশ করিলেন। দেখিলেন, যিনি দঃপ্রফেননিভ শ্যার শ্য়ন করিয়া থাকেন, তিনি ভ্রতলে পতিত রহিয়াছেন। তদ্দর্শনে তাঁহার হৃদয় দঃখতাপে দণ্ধ হইতে লাগিল। তখন সেই নিদ্পাপ বৃষ্ধ রাজা প্রাণপ্রিয়া তর্গী ভাষা পাপীয়সী কৈকেরীকে ছিলপতার ন্যায় স্বেলোক-পরিপ্রভাট স্বেনারীর ন্যায় পরিচিত্ত-মোহন-প্রযুক্ত মারার ন্যায় বাগ্যরাবন্ধ হরিণীর ন্যায় এবং নিষ্যদের বিষাক্ত বাণ্যিন্দ করেণ্যর ন্যায় ভ্তেবে নিপতিত দেখিয়া চকিত মনে স্নেহভরে তাঁহার কলেবরে কর পরামর্যণ করিতে লাগিলেন।

অনতর সেই কামী ঐ কমললোচনা দুর্গখিতা ক্যমিনীকে সন্বোধনপূর্ব কহিলেন, প্রিয়ে! তোমার যে কি নিমিত্ত ক্রোধ উপস্থিত হইয়াছে, আমি তাহার কিছুই জানি না। বল কে তোমার অবমাননা, কেই বা ভোমাকে তিরুস্কার করিল? তুমি ধালির উপর শরন করিয়া কেন আমায় অস্থাী করিছেছ? আমি তোমার শৃভ কামনাই করিয়া থাকি, স্তরাং আমার প্রাণসন্তে তুমি কেন এইর্প অবস্থায় ক্রহগ্রস্তার নাায় নিপতিত রহিয়াছ? আমার অধিকারে বহ্সংখ্য স্বিজ্ঞ বৈদ্য আছেন। আমি তাহাদিগকে প্রচার অর্থ দিয়া পরিতৃষ্ট করিয়া রাখিয়াছি। এক্ষণে তোমার কিরুপ পাঁড়া উপস্থিত হইয়াছে বল, ঐ

সমসত বৈদ্যেরাই তাহার প্রতিকার করিবে। প্রিয়ে! তোমার প্রেমে মন উদ্মন্ত হইয়া আছে; এক্ষণে অকপটে বল, তুমি কাহার উপকার ও কাহারই বা অপকার করিবার বাসনা করিয়ছ? আর আপনার শরীরে নিরপ্রক ক্রেশ প্রদান করিও না। দেখ, আমি ও আমার আস্বায় অল্ডরঙ্গ সকলেই তোমার বশংবদ। এক্ষণে বল, কোন্ নিরপরাধকে বধ এবং কোন্ অপরাধীকেই বা মৃত্ত করিতে হইবে? কোন্ অসম্পন্নকে সম্পন্ন এবং কোন্ সম্পন্নকেই বা অসম্পন্ন করিতে



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



হইবে? আমি তোমার কোন ইচ্ছারই প্রতিরোধ করিতে সাহসী নহি। যদি নিচ্ছের প্রাণ দিয়াও তাহা পূর্ণ করিতে পারি, করিব। এক্ষণে বল তোমার মনে কি উদয় হইয়াছে? আমি বে তোমার প্রতি অসাধারণ অনুরাগ প্রদর্শন করিয়া থাকি, তুমি ইহা অবশ্যই জান; স্তরাং আমা হইতে তোমার মনোরথ সফল হইবে কিনা, এইর্প আশব্দা কখনই করিও না। আমি নিচ্ছের স্কৃতি শ্বারা শপথ করিতেছি, তোমার ধের্প ইচ্ছা তাহাই করিব। এই বস্ক্রায় বে পর্যক্ত স্বের কিরণ স্পর্শ করে, তাবং আমার অধিকার। দ্রাবিড় সিক্ষ্ব সোবীর

সোরাত্ম দক্ষিণাপথ অধ্য বধ্গ মগধ মংস্য কাশী ও কোসলা এই সম্দরই আমার শাসনে রহিরাছে। এই সমস্ত দেশে ধন ধান্য পশ্ব প্রভৃতি ষা কিছ্ব পদার্থ আছে সম্দরই আমার। এই সমস্ত পদার্থের মধ্যে ধাহা তোমার মনে লয় প্রার্থনা কর। এইর্পে ক্রেশ স্বীকায় করিবার আর আবশ্যক নাই। গালোখনে কর। তোমার ভয়ের প্রকৃত কারণ কি বল, ষেমন দিবাকর স্বীয় করজালে নীহারকে বিনন্ট করেন, সেইর্প আমিও তোমার আশংকা সম্লে উন্ম্লিত করিব।

একাদশ সর্গা। অনন্তর কৈকেয়ী কামার্ত মহারাজ্ঞ দশরথের এইর প প্রীতিকর বাক্যে সমাক আন্বন্ধ হইয়া ডাঁহাকে অধিকতর বন্দ্রণা প্রদানার্থ নিদার্ণ-ভাবে কহিলেন, নাথ! কেহ আমাকে অবমাননা ও কেহই আমাকে তিরন্ধার করেন নাই। আমি মনে মনে একটি সন্কন্প করিয়াছি, তোমাকে তাহা সিম্প করিতে হইবে। এক্ষণে যদি তুমি আমার মনোর্থ সিন্ধির বাসনা করিয়া থাক, তবে আমার প্রত্যরের নিমিত্ত অগ্রে প্রতিজ্ঞাপাশে বন্ধ হও। নচেং কিছ্ততেই আপন ইচ্ছা ব্যক্ত করিব না।

তথন মহারাজ ঈবং হাসিয়া প্রিয়তমা কৈলেটার মালতক ধরাসন হইতে আপনার উৎসণে লইয়া কহিতে লাগিলেন, বিক্লিটার মালতক ধরাসন হইতে আপনার উৎসণে লইয়া কহিতে লাগিলেন, বিক্লিটার কেহই আমার প্রিয় নাই। একণে আমি সেই সকলের অজেয় স্কৃতির প্রেড আমার জাবনের অবলাবন রামকে উল্লেখ করিয়া শপথ করিহেছি, বল তোমার মনে কি উদর হইয়াছে? বিনি এককণের নিমিত্ত নয়নের ক্রিটার হৈলে প্রাণ অল্থির হয়, কৈকেয়ি! আমি সেই রামকে উল্লেখ করিয়া শপথ করিতেছি, তুমি বাহা বলিবে তাহাই করিব। আমি আপনার ক্রিটার সেই রামকে উল্লেখ করিয়া! সেই রামকে উল্লেখ করিয়া! সেই রামকে উল্লেখ করিয়া শপথ করিতেছি, তুমি বাহা বলিবে, তাহাই করিব। আমার বাকেয়র নায়ের মনও বে তোমার কার্যসাধনে উল্লেখ র্রাহয়াছে, এইয়্প বিশ্বাস করিয়া অকপটে আপনার অভিপ্রায় প্রকাশপ্রক আমাকে এই দৃঃখ হইতে উন্ধার কর। তুমি আমার অন্রাগের উপর নির্ভর করিয়া শপথ করিয়া কহিতেছি বে, তোমার মন্তাতি ন্রায়া শপথ করিয়া কহিতেছি বে, তোমার মাহা অভিলাহ, অসংকুচিত মনে তাহাই করিব।

রাজা দশর্থ এইর্পে বচনবংশ হইলে দেবী কৈকেরী আপনার অভীণ্ট সিম্থি বিষয়ে একপ্রকার নিঃসংশর হইলেন এবং হৃষ্টমনে ভরতের রাজ্যাভিষেক কামনা করিয়া কৃতাশ্তের ন্যায় ভরত্কর কঠোর বাক্যে কহিতে লাগিলেন, মহারাজ! তুমি বে কথাক্রমে শপা করিয়া অণ্যাক্তিত বর প্রদানে প্রতিজ্ঞার্ট্ হইতেছ, ইহা ইন্দ্রাদি গ্রাহ্মিংশং দেবতারা শ্রবণ কর্ন। চন্দ্র সূর্য দিবা রাগ্রি দশ দিক আকাশ পরোক্ষ ও প্রত্যক্ষ ভ্রনদেবতা গৃহদেবতা গন্ধর্য রাক্ষ্য ও অন্যান্য গ্রাণিসমন্দরও তোমার এই প্রতিজ্ঞার বিষয় অবগত হউন। একজন শৃন্ধান্দরতাব সত্যপ্রতিজ্ঞা সতাবাদী ধার্মিক আমাকে বর প্রদান করিতেছেন, দেবতারা তাহা শ্রবণ কর্ন। কৈকেরী স্বকার্যে ক্ষের্য সম্পাদনার্থ রাজা দশর্থকে এইর্প স্তব করিয়া কহিলেন, মহারাজ! তুমি এক্ষণ্ডে দেবাস্বর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সংগ্রামের বিষয় একবার স্মরণ করিয়া দেখ। ঐ সময় অস্ক্রেশ্বর শুম্বর তোমার প্রাণনাশ করিতে পারে নাই; কিন্তু তোমাকে অত্যান্তই বলহীন করিয়া ফেলে। তংকালে আমি জাগরণ-ক্রেশ সহ্য করিয়া সবিশেষ বন্ধসহকারে তোমাকে রক্ষা 'করিয়াছিলাম, এই কারণে তুমি আমার বর দিবার বাসনা কর। কিন্তু আমি কিছ্ই লই নাই। এক্ষণে সময় উপস্থিত, আমিও প্রার্থনা করিতেছি। তুমি ধর্মান্সারে অংগীকার করিয়া যদি আমার বর দান না কর, তাহা হইলে আমি আজিই এই অপমানে প্রাণত্যাগ করিব।

কৈকেয়ী কামোন্মন্ত রাজা দশরথকে দ্বসোন্দর্যে বশীভ্ত করিয়াছিলেন।
দশরথ আর তাঁহাকে উপেক্ষা করিতে পারিলেন না। মৃগ ষেমন আত্মবিনাশের
নিমিত্র পাশে বন্ধ হয়, সেইয়্প তিনি সত্যপালন করিব বলিয়া আপনার মৃত্যুপাশে বন্ধ হইলেন। তথন কৈকেয়ী কহিলেন, মহারাজ! তুমি রামকে রাজ্যে
অভিষিদ্ধ না করিয়া ভয়তকেই অভিষেক কর। আর স্থার রাম চার চর্ম
পরিধান ও মুহতকে জটাভার ধারণপূর্বক দশুকারণ্যে চতুদশ বংসর তপদ্বীবেশে কাল যাপন কর্ন। মহারাজ! আজিই ভয়ত নির্বিদ্ধে যৌবরাজ্য গ্রহণ
এবং আজিই রাম অরণ্যে প্রশ্বান করিবেন এই আমার ইল্ছা, তোমার নিকট
এই-ই আমার প্রার্থনা। মহারাজ! তুমি সূত্যপ্রতিক্ষা হইয়া আপনার কুল্পাল
রক্ষা কর, তপদ্বীয়া কহিয়া থাকেন, যে স্ত্যু বাক্য লোকান্তরে মন্যোর
হিতকর হয়।

শ্বাদশ সর্গ । তথন দশরথ কৈবেন্দ্র এই নিদার্ণ বাক্য প্রবণপ্র ক কণকাল পরিতাপ করিয়া চিত্তা করিছে কাশলনে, আমি কি দিবাভাগে স্বান দেখিলাম, না আমার চিত্তবিভ্রম উপ্রতি ইইয়াছে। ইহা কি গ্রহবিশেষের আবেশ, না আমার মনের বাস্তাবিকই কৈন বিশ্লব ঘটিয়াছে। তিনি এইর্প চিত্তা করিতে করিতে ম্ছিত হইলেন। প্নরায় সংজ্ঞালাভ হইল। কৈকেয়ীয় সেই নিদার্ণ বাক্য তাঁহার মনে পড়িল। তিনি বারপরনাই সম্তম্ভ এবং বায়ী দশনে ম্গের ন্যায় ব্যথিত ও দীনভাবাপার হইয়া দীঘনিঃশ্বাস পরিত্যাগপ্র ক্ ভ্রেলে উপবেশন করিলেন। তংপরে মন্দ্রবলে ক্রমণ্ডল-নির্শ্ধ মহাবিক আশাবিবের ন্যায় সাম্ব্রিচিত্তে হা-ধিক' এই বলিয়া শোকভরে প্নরায় ম্ছিত হইলেন।

অনশ্তর তিনি বহুক্লেরে পর চেতনা পাইয়া দুঃখানলে কৈকেয়ীকে দশ্ধ করিয়াই যেন রেয়াবিল্ট মনে কহিতে লাগিলেন, নৃশংসে! দুশ্চারিদি! কুলনাশিন! পাপীর্মাস! রাম তোমার কি অপকার করিয়াছেন এবং আমিই বা এমন কি অনিল্ট করিয়াছি। রাম জননীর স্বান্ত্র তোমার শ্লুবা করিয়া ঘাকেন, তবে তুমি কি কারণে তাঁহার সর্বনাশের উপক্রম করিতেছ? হা! আমি আখানাশার্থ না জানিরাই তীক্ষ্যবিষ বিষধরীর ন্যায় ভোমায় গৃহে আনিয়াছিলাম। যখন সম্দর লোক রামের গ্লে অন্রাগ প্রদর্শন করিয়া থাকে, তখন আমি কোন্ অপরাধে তাঁহাকে পরিত্যাগ করিব। আমি কৌশল্যা স্মেরা ও রাজশ্রী সকলকেই ত্যাগ করিতে পারি, কিন্তু জীবনধন পিতৃবংসল রামকে কিছুতেই পারি না। হা! তাঁহাকে দেখিলে আমার মন প্রসন্ন হয়, কিন্তু তিনি চক্ষের অন্তরাল হইলে আর আমার জ্ঞান থাকে না। সূর্য-বিরহে লোকসকল

থাকিতে পারে, সনিল ব্যতিরেকেও শস্য থাকিতে পারে, কিন্তু রাম বিনা আমার দেহে প্রাণ থাকিবে না। অতএব তুমি এখনই এই অভিপ্রায় পরিত্যাগ কর। আমি তোমার নিকট প্রণত হইতেছি, তুমি আমার প্রতি প্রসন্ন হও। এই নিদারণ বিষয় মনে আর আনিও না।

পাপীয়সি! আমি ভরতকে ভালবাসি কিনা তুমি কখন কখন ইহা জিল্ঞাসা করিয়া থাক, কর, তাহাতে রামের প্রতি দেনহ সঙ্কোচ হইবে না, কিন্তু শ্রীমান রাম আমার জ্যেন্ট পরে এবং সকলের অপেক্ষা রামই ধার্মিক, পর্বে তুমি যে এইর্প কহিতে, বোধ হয় ইহা আমার মনোরঞ্জনার্থই হইবে; নতুবা তুমি রামের রাজ্যাভিষেক-সংবাদে শোকাকুল হইতে না এবং আমাকেও এইর্প সন্তণত করিতে না। অথবা বোধ হয় তোমাতে ভ্তাবেশ হইয়াছে, তুমি ভ্তাবেশে বিবশ হইয়াই এইর্প কহিতেছ, সেইর্প না হইলে কখনই তোমার মনের এই প্রকার ভাবান্তর হইত না।

দেবি! ভূমি পূর্বে আমার কোনরূপ অন্যায় আচরণ কি অপকার কিছুই কর নাই এই নিমিন্ত বিশেষ কারণ ভিল্ল তোমার চিত্তের বে এইরূপ বৈপরীতা ঘটিয়াছে, এই বিষয়ে আমার শ্রুমা হইতেছে না। ইক্ষুনকুবংশে জ্যেন্ঠাতিকুমরূপ দ্নীতি এই সর্বপ্রথম উপস্থিত হইতেছে, এই বিষয়ে তোমার বিকৃত ব্যক্তিই কারণ। তুমি অনেকবার আমাকে কহিয়াছ বে সামি রামকে ভরতের সহিত অভিমভাবে দেখিয়া থাকি, একণে সেই ধুম বিসাম বাসের চতুদাশ বংসর বনবাস কির্পে অভিসাম করিতেছ। তিনিট অতাশ্ত স্কুমার, নিদার্ণ অরণ্য কির্পে তাহার যোগ্য হইতে পারে বিসাকোভিরাম রাম সর্বদাই তোমার সেবা করিয়া থাকেন, বল দেখি, তুমি হিৎকৈলয়া তাঁহাকে বনে পাঠাইবে। রাম তোমার প্র ভরত হইতে অধিক গুরুষ্ঠ তোমার শ্রেষ্ট্রা করেন, রাম অপেকা ভরতের বিশেষ কিছাই ভোমাতে কুক্তি হয় না। তোমার সেবা সন্মান ও নিদেশ পালন রাম বিনা অধিকতরর পে মিরি কে করিবে। বহুসংখ্য স্থা ও বহুসংখ্য ভূত্যের মধ্যে একজনও তাঁহার অয়শ খ্যাপন করিতে পারে না। তিনি নিমলি মনে সকলকে সাম্থনা প্রদান করিয়া প্রিয়কার্যে দেশবাসীদিগকে বশীভতে করিয়া থাকেন। তিনি সত্য ব্যবহারে সকল লোককে, দানে ব্রাহ্মণগণকে, সেবায় গাুরুজনদিগকে এবং শরাসনে শন্ত্রগণকে আয়ত্ত করিয়াছেন। সত্য, তপ্, মিন্তুতা, বিশাখোচার, সরলতা, বিদ্যা ও গারুশাখা্যা এই সমস্ত গাণে রামে বিদ্যমান আছে। দেবি! সেই মহর্ষির ন্যায় তেজস্বী অমরপ্রভাব রামের এইরূপ বনবাস-দৃঃখ কির্পে প্রার্থনা করিছেছ। যিনি প্রিয় বাক্যে সকলকে পরিতৃণ্ট করিয়া থাকেন, তাঁহার প্রতি অপ্রিয় বাক্য প্রয়োগ স্মরণ হইলেও কন্টবোধ হয়, এক্ষণে তোমার অনুরোধে তাঁহাকে কি প্রকারে এই নিদার্ণ কথা কহিব। বিনি অহিংস্লক, ক্ষমার আধার, ধর্ম ও কৃতজ্ঞতা বাঁহাকে আশ্রয় করিয়া আছে, হা! সেই রাম বিনা আমার অার কি গতি আছে। কৈকেয়ি! আমি বৃন্ধ, আমার চরমকাল উপস্থিত, এইরূপ শোচনীয় অবস্থায় দীনভাবে তোমার নিকট বিলাপ করিতেছি, তুমি আমাকে দয়া কর। এই সসাগরা প্রথিবীর মধ্যে যা কিছু: প্রাণত হওয়া যায়, আমি সম্পেয়ই তোমায় দিতেছি, তুমি এই দ্ব্িশি পরিত্যাগ কর। আমি করয়েড়ে কহিতেছি, তোমার চরণে ধরিতেছি, তুমি আমায় রক্ষা কর। দেখিও, যেন নিরাপরাধকে পরিত্যাগ করিয়া আমায় অধর্ম সভর করিতে না হয়।

মহারাজ দশর্থ দঃথে ও শোকে একান্ত আকুল হইয়া উঠিলেন। তিনি কখন বিলাপ করিতে লাগিলেন, কখন মূছিত হইলেন, কখন তাঁহার সর্বাণ্য ঘুণিত হইতে লাগিল, কখন এই দুঃখার্ণব হইতে নিস্তার পাইবার নিমিত্ত বারংবার প্রার্থনা করিতে লাগিলেন। এইরূপ শোচনীয় অবস্থা দেখিয়াও ক্রম্বভাবা কৈকেয়া কঠোর বাক্যে কহিলেন, মহারাজ! বরদান করিয়া যদি তোমাকে পুনরায় পরিতাপই করিতে হইল তবে তুমি পূথিবীতে আপনার ধার্মিকতা কি প্রকারে প্রচার করিবে। যখন রাজ্বিগণ তোমার সহিত সমবেত হইয়া আমার এই বরদানের কথা জিজ্ঞাসা করিবেন, তখন তুমি তাঁহাদিগের প্রদেন কির্পে প্রভাতর দিবে? আমি যাহার প্রযন্তে জীবন পাইয়াছি, যে আমাকে নানপ্রেকারে পরিচর্যা করিয়াছে, সেই কৈকেয়ীর নিকট যে প্রতিজ্ঞা করিয়াছিলাম, তাহা পূর্ণ করিতে পারি নাই, এই কথাই কি বলিবে? মহারাজ! তুমি এইমাত্র অঞ্গীকার করিয়া পুনর্বার অন্যপ্রকার কহিতেছ, তোমার এই দোষে বংশের সকল রাজারই অয়শ হইবে। দেখ, মহীপাল শৈব্য সত্যে বন্ধ হইয়াই শ্যেন ও কপোতকে আপনার মাংস প্রদান করিয়াছিলেন, রাজা অলক কোন অন্ধ ব্রাহ্মণকে আপনার চহ্ম, দিয়া উৎকৃষ্ট গতিলাভ করেন, স্রোতম্বতীপতি সম্প্র আদ্যাপি বেলাভ্মি লণ্ডন করেন না। স্তত্তব তুফ্ ছেক্সণে এই সমস্ত দৃষ্টাস্ত দর্শন কর, কিছ্ততেই আপনার প্রতিজ্ঞা অনাথা ক্রিব না। নরনাথ! দেখিতেছি, তোমার নিতান্ত দূর্বনিশ্ব উপন্থিত, তুমি কি পরিত্যাগপ্রেক রামকে রাজা দিয়া কোশলারে সহিত নির্দ্তর বিহারের বাসনা করিতেছ। স্ত্রাং আমি যাহা প্রার্থনা করিয়াছি, তাহাতে ধর্ম স্ক্রেমই হউক এবং তুমি আমার নিকট যাহা অংগীকার করিয়াছ, তাহা সঞ্জুলা মিথ্যাই হউক, কিছুতেই ইহা ব্যাতিক্রম হইবার নহে। যদি তুমি রাম্ভে রাজ্যে অভিষেক কর, তাহা হইলে নিশ্চয় কহিতেছি, আমি আজিই বিশার সমকে বিষপান করিয়া প্রাণত্যাগ করিব। যদি আমার একদিনের শ্রিমতও কোশল্যার সম্মান দেখিতে হয়, তবে মরণই শ্রেয়। আমি প্রাণাধিক ভরতকে উল্লেখ করিয়া শপথ করিতেছি যে, রামের বনবাস ব্যতিরেকে কিছুতেই আমার সম্ভোধ হইবে না। দেবী কৈকেয়ী এইর প কহিয়া ত্রুকীম্ভাব অবলম্বন করিলেন: তিনি মহীপালের বিলাপে কর্ণপাতও করিলেন না।

রাজা দশরথ কৈকেয়ীর মুখে এই দুঃখশোকজনক বজ্লসম অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া ক্লোখভরে তাঁহার প্রতি একদ্রুটে চাহিয়া রহিলেন। তংকালে তাঁহার মন অতিশয় অস্থির হইয়া উঠিল। তিনি ক্ষণকাল কৈকেয়ীর সহিত বাক্যালাপ করিলেন না এবং মনে মনে তাঁহার এই আশয় ও আপনার শপথের বিষয় চিন্তা করিতে লাগিলেন। পরিশেষে হা রাম! এই বলিয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ-প্রকি ছিল্লতর্র ন্যায় ভ্তলে নিপ্তিত হইলেন। ঐ সময় তাঁহাকে বিকৃতচিত্ত উন্মত্তের ন্যায় বিকারগ্রন্ত রোগীর ন্যায় ও নিস্তেজ ভ্রুপ্পের ন্যায় বোধ হইতে লাগিল।

অনশ্তর তিনি দীনমনে কর্ণ বচনে কৈকেয়ীকে সন্বোধনপ্র্বক কহিলেন, কৈকেয়ি! বল তোমাকে কে এই অসং বিষয় সং বলিয়া প্রতিপাম করিয়া দিল ব ভ্তোবিণ্টার ন্যায় আমায় এইর্প কহিতে কি তোমার লজ্জা হইতেছে না? তোমার স্বভাব যে এইর্প দ্বিত, প্রে আমি ইহার কিছুই জানিতে পারি নাই, এখন বস্তৃতই বিপরীতের ন্যায় লক্ষিত হইতেছে। বল, তুমি আমার

নিকট কেন এই নিদার্ণ বর প্রার্থনা করিডেছ, কি কারণেই বা রাম হইতে তোমার এইর্শ আশভ্কা উপস্থিত হইরাছে। যদি প্রজাবগের, ভরতের ও আমার প্রিয়কার্য সাধন করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে তুমি ক্ষান্ত হও। বৃথা কথা লইয়া আর আন্দোলন করিও না।

নৃশংসে! আমি ও রাম আমরা উভরে কি অপরাধ করিয়ছি? তোমায় দৃঃখ দিবার নিমিন্তই বা কি মন্ত্রণা করিতেছি? দেখ. তোমার এই সাক্ষ্প সিন্ধ হইবার নহে; আমি ভরতকে রাম অপেক্ষা ধার্মিক বিবেচনা করিয়া থাকি, তিনি যে রামকে বণ্ডিত করিয়া রাজ্য গ্রহণ করিবেন, কিছুতেই ইহা সন্ভব হয় না। হা! যখন রামকে কহিব, বৎস! আমি তোমায় বনবাস দিলাম, আমার এই কথা দ্বিনয়া রাহ্মগ্রত শশান্তের নায় ভাঁহার মুখল্লী বিবর্ণ হইয়া যাইবে, বল দেখি তৎকালে কির্পে তাহা চক্ষে দেখিব। আমি এইমার্ম মিরগণের সহিত রামের রাজ্যাভিষেকের কথা দিখর করিয়া আইলাম, এখন পরাভ্ত সেনার নায় কির্পে তাহার প্রত্যাহার দর্শন করিব। আমি অন্রোধে এইর্প অবিবেচনার কার্য করিলে মহাপালগণ দিক-দিগন্ত হইতে আগমন করিয়া নিন্মই কহিবেন বে, এই ইক্ষ্মকুতনয় রাজা অভিশয় বালক, ইনি কেন এতকাল রাজ্যপালন করিলেন? যখন শাস্ত্রজ গ্লেবান বৃত্যবর্গ আস্ক্রিম আমাকে রামের বিষয় জিজ্ঞাসা করিবেন, তখন আমি কির্পে কহিব জি কেনেরীর ফ্রগায় তাহাকে বনবাস দিয়াছি। যাদ এই সত্য কথাও বাস্ত করি তথাত ইহা কাহারই বিশ্বাস-বাগ্য হইবে না।

হা! রামের এই দশা ঘটিলে ক্রেন্সা আমার কি বলিবেন! আমিই বা এইপ্রকার অপকার করিয়া তাঁহাকে কি কহিব! তিনি সেনায় কি করীর ন্যায় রহস্যকথার সংগীর ন্যায় ধর্ম করি ভাষার ন্যায় হিতোপদেশ দানে তাঁগনীর ন্যায় এবং দেনই প্রদর্শনে ক্রিনীর ন্যায় আমার অন্ত্তি করেন। সেই প্রির্বাদিনী রমণী নিরন্তর ক্রিমার শ্ভান্ধ্যান করিয়া থাকেন। তিনি সম্মানের যোগ্য হইলেও আমি তোমার নিমিত্ত তাঁহাকে সম্মান করি নাই। আমি এতাদন যে তোমার ছন্দান্বর্তান করিতাম, অপথাব্যঞ্জনসম্পল্ল অল্ল যেমন আত্র ব্যক্তিকে পাঁড়া দিয়া থাকে, সেইর্প আমাকেও পাঁড়া দিতেছে। দেবী স্মিত্রা রামের রাজ্যনাশ ও বনবাস দর্শন করিয়া অতিশয় ভাত হইবেন। তিনি আর আমার বিশ্বাস করিবেন না।

হা! বধ্ জানকীকে আমার মরণ ও রামের নির্বাসন এই অপ্রিয় সংবাদ প্রবণ করিতে হইবে। তিনি হিমাচলে কিন্তর্রবিরহিত কিন্তরীর ন্যায় শোকে শোকে জীবন ত্যাগ করিবেন। যখন আমি জানকীকে অপ্র্জুল মোচন ও রামকে অরণ্যে গমন করিতে দেখিব, তখন আর আমার বড় অধিক দিন প্রাণধারণ করিতে হইবে না: স্তরাং তুমি বিধবা হইয়া ভরতের সহিত রাজ্যপালন করিবে। লোকে দ্ভিটপ্রিয়া মদিরা পান করিয়া পশ্চাং চিন্তবিকার দশনে তাহা বিষান্ধ বোধ করে, সেইর্প আমি বাহ্য ব্যাপারে এতকাল তোমাকে সতী বলিয়া জানিতাম, কিন্তু এক্ষণে ব্যবহারে অসতী বলিয়া জানিলাম। তুমি বৃথা কথার আমার তুন্টি সম্পাদনপূর্বক আপনার অভিপ্রায় বাস্তু করিয়াছ; ব্যাধ বেমন সংগীতস্বরে মৃগকে মোহিত করিয়া বধ করে, তোমার এই কার্য ভদুপেই হইল। আমি প্রের বিনিমরে স্থা-সৃত্য কর করিলাম, অতঃপর ভদুলোকে স্বরাপায়ী বিপ্রের ন্যায় অমাকে পঞ্চমধ্যে নীচাশর বলিয়া নিশ্চয়ই তিরস্কার করিবেন।

হা কি কন্ট! বরদান অণগীকার করিয়া আমায় এইরূপ কথা সহ্য করিতে এবং জন্মান্তরীণ অশত্ত ফলের ন্যায় দুনিবার দুঃখও অনুভব করিতে হইল! কৈকেরি! আমি অতি নরাধম, কণ্ঠলগনা উম্বন্ধনী রক্ষরে ন্যায় তোমাকে মোহবশতই বহুকাল পালন করিরাছি। তোমাকে লইয়া কতই আমোদ-প্রমোদ করিয়াছি, কিন্তু তুমি যে সাক্ষাৎ মৃত্যু, এতদিন তাহা জানিতে পারি নাই, বালক যেমন নির্জনে কালসপাকে স্বহদেত স্পর্শ করে, ভাগ্যে তদ্র,পই ঘটিয়াছে। আমি অতি দুরাস্বা, আমি এমন মহাস্বা পত্রকে পিতৃহীন করিলাম! लाक এই বিষয়ের নিমিন্ত নিশ্চয়ই আমাকে এই বলিয়া নিন্দা করিবে যে, রাজা দশরথ অতি কাম্ক ও মূর্খ, তিনি দ্রীর অনুরোধে প্রেকে বনবাস দিলেন। হা! বংস রাম বাল্যাবিধি বেদ জন্মচর্য ও আচার্য এই তিনের অনুব্রত্তি করিয়া কৃশ হইয়াছেন, এই ভোগের সময়ও আবার কি বনবাসক্রেশ সহ্য করিবেন? তিনি আমার কথায় দ্বিরুদ্ধি করেন না, বনগমনে আদেশ পাইলেই তৎক্ষণাৎ ভাছা শিরোধার্য করিয়া স্বাইবেন। যদি তিনি অস্বীকার করেন, তাহা আমার পক্ষে উত্তমই হয়, কিম্তু কদাচই করিবেন না। রাম বনে গমন করিলে এই **দ্বংসহচরিত্র সকলের ধিরুতে পামরকে মৃত্যু নিশ্চরই আত্মসাং করিবেন।** কৈকেরি! আমি লোকার্ন্তরিত ও রাম নির্বাসিত হুইলে আর যাঁহারা আমার প্রিয়জন থাকিবেন, জানি না তুমি তাঁহাদিগের ক্রিকী দ্দশা করিবে। দেবী ত্রেরজন খ্যাক্রেন, জাল লা তাল তালাগগের ক্রিপ্র স্থান্দ্রা কারবে। দেবা কোলায়া ও স্মিন্তা আমাদিগের বিচ্ছেদ-বল্যুক্ত করিতে না পারিয়া আমার দেহালেতই লোকাল্ডর দর্শন করিবেন। পাপ্রিয়েল? তুমি এখন কোলায়া স্মিত্রা রাম লক্ষ্মণ শত্রা ও আমাকে নরক্রের নিক্ষেপ করিয়া স্থা হও। এই ইক্ষ্মাকুকুল কোনর্পেই আকুল ক্রিয়ার সম্পর্ক শ্না হইয়া গেল, এক্ষণে তুমি এই বংশ স্বয়ংই পালন কর। বিশ্বির নির্বাসন বাদ ভরতের অভিপ্রেত হয়, তাহা হইলে সে বেন আমার কেন্দ্রেত অগ্নসংস্কারাদি কিছুই অন্তান না করে।

কৈকেরি! তুমি যখন দুদৈবিকশতঃ আমার আলরে বাস করিতেছ, তথন আমাকে অকীতি পরাভব এবং পাপীর ন্যায় সকলের অবজ্ঞা সহা করিতে হইবে। হা! বংস রাম হলতী অশ্ব রথে বারংবার গমনাগমন করিয়া থাকেন, তিনি এক্ষণে মহারণ্যে কির্পে পাদচারে সঞ্জব করিবেন। যাঁহার ভোজনবেলা উপস্থিত হইলে কুণ্ডলমণ্ডিত পাচকেরা সর্বাগ্রে বাগ্র হইরা প্রসম্মনে পান ভোজন প্রস্তুত করে, তিনি এক্ষণে বনের কট্ তিক্ত ক্ষায় ফলমলে ভক্ষণ করিয়া কির্পে দিনপাত করিবেন। রাম জল্মাবাধি দুঃখ কাহাকে বলে জানেন না; তিনি সকল সময়েই মহাম্লা উৎকৃষ্ট পরিছদ পরিধান করিয়াছেন, এক্ষণে কাষায় বন্ধা কির্পে ধারণ করিবেন। রামকে বনে প্রেরণ ও ভরতকে রাজ্যে স্থাপন, ছানি না তুমি কোন্ নিষ্ঠ্রে হইতে এই নিদার্ণ উপদেশ পাইয়াছ। দ্বীলোক অতিশয় শঠ ও স্বার্থপর, তাহাদিগকে ধিক! না, আমি স্বীজাতিকেই লক্ষ্য করিয়া কহিতেছি না, কেবল ভরত জননী কৈকেষীকেই এইর্পে কহিলাম।

নৃশংসে! বিধাতা কি আমায় বন্দ্রণা দিবার নিমিত্তই তোমার মন এইর্পে নির্মাণ করিয়াছেন। ভূলি আমার ও হিতকারী রামের কি অপরাধ দেখিতেছ? রামের দৃঃধ দেখিলেই সম্দর জগতে বিশৃত্ধলা ঘটিবে; পিতা প্রুকে এবং প্রণিয়নী ভাষা পতিকে পরিত্যাগ করিবেন। হা! আমি বখন সেই দেবকুমারের ন্যার স্ত্রপ রামকে স্বেশে আমার নিকট আসিতে শ্নিন, তখন বেন চাক্ষ্য দর্শনের

আনন্দ পাই এবং তাঁহাকে দেখিলে এই বৃদ্ধ দশায়ও ধুবার ন্যায় সঞ্জীবতা লাভ করিয়া থাকি। সূর্য-বিরহে লোকের অবস্থান সম্ভব, মেঘ ব্যতিরেকেও সকলে তিন্ঠিতে পারে, কিন্তু আমি নিশ্চয়ই কহিতেছি, রামকে বনে প্রদ্থান করিতে দেখিলে কেহই প্রাণ ধারণে সমর্থ হইবে না। কৈকোর! তুমি আহতকারী শুরু হইয়া আমার বিনাশ কামনা করিতেছ। আমি আপনার মৃত্যুর ন্যায় তোমাকে নিজগুহে স্থান প্রদান করিয়া তীক্ষ্যবিষ বিষধরীর ন্যায় এতদিন ক্রোড়ে রাখিয়াছিলাম, সেই কারণেই এককালে উৎসন্ন হইতেছি। এক্ষণে রাম লক্ষ্যণ ও আমার সংস্রবশ্নো হইয়া ভরত কেবল তোমার সহিত রাজ্যশাসন কর্ম এবং তুমিও পতিপত্রে বিনাশ করিয়া আমার শ্রুবর্গের আমন্দবর্ধন কর। তুমি অতি নিষ্ঠার, আমার এই চরম দলতেও পা্রবিচ্ছেদ-যাতনা প্রদান করিতেছ। আজি যখন তুমি পতি-পঙ্গী-ভাব পরিত্যাগ করিয়া এই দার্ণ কথা মুখাগ্রে আনয়ন করিলে, তথন তোমার দল্ড সহস্রধা চূর্ণ হইয়া কেন ভূতলে নিপতিত হইল না। রাম তোমার প্রতি কোনরূপ অপ্রির বাক্য প্রয়োগ করেন নাই, তিনি নিষ্ঠার কথা ওষ্ঠে আনিতে জানেন না, সাতরাং কি প্রকারে তাঁহার বনবাস প্রার্থনা করিতেছ। এক্ষণে তুমি ক্লেশই পাও, ভূগভেঁই লীন হও, বনবাস প্রাথনা কারতেছ। এক্ষণে তুমে ফ্রেন্থর সাও, ভ্রাভেই লান হও, আন্নপ্রবেশ বা বিষপানই কর, তোমার এই আন্নন্তক কঠিন অন্রোধ কথনই রক্ষা করিব না। তুমি খরধার ক্রেরের ন্যার নিত্রের ভাষণ, ব্থা প্রিয় কথায় লোকের মনোরঙ্গন করাই তোমার কার্ব, জ্রেমাকে দেখিয়া আমার প্রাণমন সম্দয় দশ্ধ হইয়া ঘাইতেছে; প্রার্থনা ক্রি, তুমি এখনই কালগ্রামে পতিত হও। হা! স্থের কথা দ্রে থাকুক, জ্রালের জীবনেই সংশর উপস্থিত; আত্মজ বাতীত আত্মজ্ঞাদগের স্থা সভ্রতি নহে। দেবি! তুমি আমার আহিতাচরণ করিও না, আমি ভোমার চর্ক্রের ধার, প্রসম্ল হও।
কৈকেয়ী চরণ প্রসার্গ্রেক উপবেশন করিয়াছিলেন; দশর্ধ যেমন তাহা স্পর্শ করিতে অগ্রসর হইটেন, তংকণাৎ মূছা তাহাকে আক্রমণ করিল, তিনি

ভূতলে নিপতিত হইলেন।

<u>রয়োদশ সর্গা।</u> ভোগাবসানে দেবলোক-পরিভ্রন্থ রাজা ব্যাতির ন্যায় দশর**থ** হতচেতন হইয়া ধরাসনে শয়ন করিয়া আছেন, তন্দ্রণ্টে কুলকলা জনী কৈকেয়ী কিছুমাত্র কণ্ট অনুভব করিলেন না, প্রক্তাত তাঁহার চৈতন্য সম্পাদন-প্রেকি নিভায়ে কহিলেন, মহারাজ! তুমি আপনাকে সত্যবাদী ও সত্যসংকল্প বলিয়া শ্লাঘা করিয়া থাক, এক্ষণে বল কি কারণে আমায় বরদান করিতে সৎকৃচিত হইতেছ।

মহীপাল দশরথ কৈকেয়ীর বাক্যে মৃহ্তকাল বিহন্ত হইয়া জোধভরে কহিতে লাগিলেন, কৈকেরি! তুমি অতি নীচাশর, এক্ষণে রাম বনে গমন এবং আমি লোকলীলা সম্বরণ করিলে তুমি পূর্ণকাম হইরা সুখী হও। হা! আমি দেহান্তে স্বর্গে আরোহণ করিলে সূরগণ যখন আমাকে রামের কুশলবার্তা জিজ্ঞাসা করিবেন তখন তাঁহাদিগকে কি প্রত্যুত্তর দিব; তাঁহারা রামের বনবাসের কথা শানিয়া অবশ্যই ভর্ণসনা করিবেন, তাহাই বা কির্পে সহ্য করিব? আমি কৈকেয়ীর মনোরঞ্জনার্থ রামকে নির্বাসিত করিয়াছি, যদি এই কথা কহি, কেহই বিশ্বাস করিবেন না। দেখ, আমি নিঃসন্তান ছিলাম, অতি

বন্ধে রামকে লভে করিয়াছি, এক্ষণে বল কির্পে তাঁহাকে পরিত্যাগ করিব। রাম মহাবাঁর কৃতবিদা ক্ষমাশীল ও শাল্ত-প্রকৃতি, আমি সেই পদ্মপলাশ-লোচনকে কির্পে বনবাস দিব। আমি সেই ইন্দাঁবরশ্যাম রামকে কোন্ প্রাণে দশ্ডকারণাে প্রেরণ করিব। তিনি কখনই দ্বংখের মুখ অবলােকন করেন নাই, ফ্রন্মাবাধিই ভাগস্থে কালহরণ করিরাছেন, এক্ষণে কির্পে তাঁহার দ্র্দশা দর্শন করিব। অতঃপর তাঁহাকে কোন কোন দ্বা না দিয়া যদি আমার মৃত্যু হয়, তাহা হইলে আমি নিশ্চয়ই স্খী হই। কৈকোয়! তুমি কি কারণে আমার প্রিয়তম রামের অপকার-চেন্টা করিতেছ। যদি সতাই রামকে বনবাস দিতে হয়, তাহা হইলে স্কৈণ অপবাদ আমার চিরস্থিত ষশ নিশ্চয় বিল্পে করিবে।

রাজা দশরথ এইর্পে বিলাপ ও পরিতাপ করিতেছেন, ইতাবসরে দিবাকর অসতিশিথরে আরোহণ করিলেন। রজনী উপস্থিত হইল। সেই শশাংক-লাঞ্চিত শর্বরী দ্বংখার্ত রাজারে কিছুতেই শান্ত করিতে পারিল না। প্রত্যুত, তাঁহার শোকাবেগ শ্বিন্ হইরা উঠিল। তিনি শ্বেন্য দ্বিত নিক্ষেপপূর্বক দীর্ঘ-নিঃশ্বাস পরিত্যাগ করিয়া কাতরভাবে কহিলেন, আর নক্ষ্যমালিন রজনি! প্রভাত হইও না, আমি কৃতাঞ্জলিপ্রটে কহিতেছি, কৃপা কর। অথবা শীয়ই প্রভাত হও, প্রাতে রামের বনগমন ও আমার মৃত্যু ক্রিল, বাহার নিমিত্ত আমার এত দ্বংখ সহ্য করিতে হইতেছে, সেই নিশ্র ক্রিট্রাই কৈকেয়ীকে আর দেখিতে হইবে না।

দশরথ শর্বরীকে এইর্প কহিয়া ভাজালপ্টে কৈকেরীকে কহিলেন, দেবি! দেখ, আমি ধনপ্রাণ সম্দর্ত কলমার অর্পণ করিরছি। আমার শেষ দশা উপস্থিত, আমি আত দীন ওকণে তুমি প্রসন্ন হও। প্রিয়ে! আমি বে রাজা, রাজা বালয়াও কি তোমার ক্ষি কটুলি করিরছি। সরলে! প্রসন্ন হও; ভাল, আমার রাম তোমারই প্রদুষ্টি রাজ্যসম্পদ লাভ কর্ন; ইহাতে জগতে তোমারই যশ হইবে এবং ইহা আমার, রামের, ভরতের ও বাশভাদি গ্রুক্তনেরও প্রতিকর হইবে।

বলিতে বলিতে রাজা দশরথের নেত্রযুগল অশ্রুপ্ণ ও তাম্বর্ণ হইয়া উঠিল। তিনি কর্ণভাবে এইরূপ বিলাপ ও পরিতাপ করিলেও কৈকেয়ী কর্ণপাত করিলেন না। প্রত্যুত অত্যুক্ত অসম্তুক্ত হইয়া প্রতিক্ল বাক্যে বার্ংবার রামের নির্বাসন প্রার্থনা করিতে লাগিলেন। তদ্দর্শনে দশরথ নিতামত দ্রংখিত হইয়া প্রনরায় মূছিত হইলেন, ব্যথিত হ্দয়ে ঘন ঘন দীঘনিঃশ্বাস পরিত্যাগ কবিতে লাগিলেন। রজনীও অতিকাশত হইয়া গেল। তদ্দর্শনে বৈতালিকেয়া স্তুতিগান দ্বারা তাঁহাকে জার্মারত করিতে লাগিল; কিন্তু তিনি দ্রংখাবেগে উহা অসহ্য বোধ করিয়া তৎক্ষণাং নিবারণ করিলেন।

চতুর্দশ সর্গা। অনন্তর কৈকেঞ্চী রাজা দশরথকে প্রতিরোগশোকে ভ্তলে মুম্বর্র ন্যায় বিকৃতভাবে নিপতিত দেখিয়া কহিলেন, মহারাজ। তৃমি কি নিমিত্ত অংগীকার করিয়া পাপীর ন্যায় বিষণ্ণভাবে শরান রহিয়াছ? নিজের মর্বাদা পালন করা তোমার কর্তব্য। ধার্মিকেরা সভ্যকেই প্রম ধর্ম বিলয়া নিদেশি করিয়া থাকেন। আমিও সেই সত্য পালনের উদ্দেশেই বর্দান বিষয়ে

তোমায় উৎসাহিত করিতেছি। দেখ, মহীপাল শৈব্য সত্যে বন্ধ হইয়া শোন-পক্ষীকে আপনার দেহ অপ্লপ্ত্রক উৎকৃষ্ট গতিলাভ করেন। তেজস্বী রাজা অলর্ক প্রাথিত হইয়া কোন এক বেদজ্ঞ বিপ্রকে অসপ্কৃচিত মনে আপনার নের উৎপাটনপ্র্বক দান করিয়াছিলেন। মহাসাগর সাধ্যসত্ত্বে কেবল সত্যান্রোধে পর্বকালেও তীরভ্মি অতিক্রম করেন না। সত্যই রহ্ম, সত্যে ধর্ম প্রতিষ্ঠিত রহিয়াছে, সত্যই অক্ষয় বেদ এবং সত্যের প্রভাবেই পরমপদ লাভ হয়। অতএব তোমার যদি ধর্মে কিছুমার আস্থা থাকে, ভাহা হইলে সত্যের অনুবৃত্তি কর। তুমি যে বরদান অংগীকার করিয়াছ তাহা ফেন নিজ্ফল না হয়। আমি তোমার ধর্মের ফলসিন্দি উদ্দেশ করিয়াই কহিতেছি, বার বার কহিতেছি, তুমি রামকে নির্বাসিত কর। বাদ তুমি ইহা না কর, আমি এই উপেক্ষা-দোষে তোমার সন্মুখেই প্রাণ্ড্যাগ করিব।

কৈকেয়ী অকাতরে এইর্প কহিলে রাজা দশরথ বামনের বলে বিলর ন্যায় কৈকেয়ীর সভাপাশে বন্ধ হইলেন। তংকালে তাঁহার ম্থপ্রী বিবর্ণ হইয়া গেল এবং তিনি যুগচন্তের মধ্যবতী ধ্রকাতের ন্যায় নিতাশত বিচলিত হইয়া উঠিলেন। অনশ্তর কথাওং মনের আবেগ সংবরণ করিয়া অশপ্ত দর্শনে যেন কৈকেয়ীকে না দেখিয়াই কহিতে লাগিলেন, পাপ্তম্মল। আমি অশ্নি সাক্ষী করিয়া মন্ত্রসংস্কারপ্রক তোর পাণিগ্রহণ করিয়া ইলাম, একণে তোকে ও আমার উরসজাত প্র তোর ভরতকেও পরিজ্যা করিলাম। রজনী প্রভাত হইয়াছে। গ্রেজনেরা স্বেগ্রের হইলেই রামকে করিলা অভিষিম্ভ করিবার নিমিত্ত নিশ্চয়ই ত্বরা দিবেন। তংকালে আমি বিক্রেরতিই তোর কথা শ্রনিব না। তোকে অবমাননা করিব ও রামকে রাজ্য তিন। যদি তুই গ্রের্লোকদিগকে অবহেলা করিয়া আমার এই মনোরখ করিতে না দিস, তবে নিশ্চয়ই কহিতেছি, আমি মরিলে রামই অভিষেত্ত তোর কিছ্তেই অধিকার থাকিবে না। অধিক আর কি কহিব, আমি রামের যে মুখ একবার প্রফ্রেন্স দেখিয়াছি, আজ কোন-মতেই তাহা মলিন ও স্থান দেখিতে পারিব না।

কৈকেয়ী এই কথা প্রবণ করিবামাত্র জোধানলো প্রজন্মিত হইয়া নিষ্ঠার বাকো কহিলেন, মহারাজ! তুমি এখন এ আবার কি প্রকার কথা কহিতেছ? শ্বনিয়া আমার সর্বাঙ্গ যেন দশ্ব হইয়া বাইতেছে। তুমি এখনই রামকে এই স্থানে আনাও এবং তাহাকে বনবাস দিয়া ভরতকে রাজা কর। তুমি আমার শাহ্ব দূরে না করিয়া এ স্থান হইতে একপদ্ধও যাইতে পারিবে না।

তথন অণ্য যেমন কশাহত হইয়া আরোহীর বশীভ্ত হয়, সেইর্প রাজা দশরথ কৈকেয়ীর বাক্যে বশীভ্ত হইয়া কহিলেন, কৈকেয়ি! আমি ধর্মবিংধনে বন্ধ বলিয়া হতজ্ঞান হইয়াছি: এক্ষণে তোমার ষের্প ইচ্ছা হয়, কর; আমি আর ন্বিরুদ্ধি করিব না। অতঃপর কেবল রামকে একবার চক্ষে দেখিয়া লইব।

এদিকে দিবাকর উদিত এবং শৃ্ভ নক্ষর ও মৃহ্ত উপস্থিত হইলে বশিষ্ঠদেব শিষ্যগণ সমাভিব্যাহারে অভিষেকের সামগ্রীসম্ভার গ্রহণপূর্বক প্রমধ্যে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া দেখিলেন, উহার পঞ্চসকল সলিলসিস্ত ও পরিষ্কৃত হইয়াছে। আপণসকল পণ্যদ্রব্যে পরিপ্র্ণ। চতুর্দিকে পতাকা উন্তান হইতেছে। চন্দন অগ্রের্ ও ধ্পের গন্ধ চারিদিক আমোদিত করিতেছে। সর্বাহই মহোৎসব, স্কলেই আহ্মাদে উন্মন্ত ও রামের অভিষেক দর্শনার্থে

উৎস্ক। বশিষ্ঠ সেই প্রেল্র-প্র-প্রতিম প্রী অতিক্রম করিয়া অন্তঃপ্রে প্রবেশ করিলেন। দেখিলেন, তথার ধ্রজদন্ড শোভা পাইতেছে। প্রবাসী ও জনপদবাসী প্রজাসকল সমবেত হইয়াছে এবং বজ্জবিং ব্রাহ্মণ ও সদস্যগণ আগমন করিয়াছেন। তখন তিনি অন্যান্য ঋষিগণের সহিত সেই জনসম্মর্দ ভেদ করিয়া প্রতিমনে গমন করিতে লাগিলেন।

ঐ সময় প্রিয়দর্শন সার্রাথ স্মুন্ত নিজ্ঞানত হইতেছিলেন, বিশিষ্ঠদেব ন্বারদেশে তাঁহাকে দেখিতে পাইয়া কৃহিলেন, স্মুন্ত! তুমি মহারাজকে শীঘ্র আমার আগমন-সংবাদ প্রদান কর এবং তাঁহাকে গিয়া বল, সাগরজলে এবং গণ্গাসলিলে স্বর্ণময় কলস পরিপূর্ণ করিয়া আনয়ন করা হইয়াছে। ঔদ্বর্ণর পঠি, সর্বপ্রকার বীজ, গন্ধ, বিবিধ রয়, মধ্, দিধ, ঘৃত, লাজ, কুণ, প্রুণ, সর্বাণগস্করী আটটি কুমারী, মত্ত মাত্রগ, তান্বচতুল্টয়য়য় রথ, খলা, উৎকৃষ্ট ধন্, মন্যাবাহ্য যান, ন্বেত ছত্ত, দেবত চামর, স্বর্ণের ভ্রণার, ন্বর্ণশ্রেথলবন্ধ ককুদ্ধারী পাণ্ড্রেণ ব্য, দংগ্রাচতুল্টয়সম্পল্ল মহাবল সিংহ, সিংহাসন, ব্যাঘ্রচর্ম, সমিধ, হাতাশন, সকলপ্রকার বাদা, স্মুন্তজত গণিকা, ব্রাহ্মণ, আচার্য, ধেনা, ও নানাপ্রকার পবিত্র ম্গপক্ষী আনীত হইয়াছে। নগর ও জনপদের প্রধান প্রধান লোক এবং ভ্তাবর্গের সহিত বণিকেরা আসম্মান্তের। ইহারা ও অন্যান্য অনেকেই নানা দেশের নৃপ্তিগণের সহিত রাক্রের সাভ্রের রামের রাজ্যাভিষেক সম্পান হয়, তুমি এক্রণে তিল্বময়ে মহারাক্র ক্রিরথকে শীঘ্র প্রস্তুত হইতে বল।

অনেকেই নানা দেশের নৃপতিগণের সহিত রাজের সভিষেক দর্শনার্থ প্রতিমনে অবস্থান করিতেছেন। অতএব যাহাতে এই ক্রো নক্ষরে রামের রাজ্যভিষেক সম্পন্ন হয়, তুমি এক্ষণে তদ্বিষয়ে মহায়াল করিথকে দাীয় প্রস্তুত হইতে বল।
তখন মহাবল স্মেশ্র মহার্থির অনুদ্রেশ মহীপাল দশরথের বাসগৃহাভিমুথে
যাত্রা করিলেন। রাজাজ্ঞায় অন্তর্গে করেই তাঁহার অব্যারতদ্বার ছিল।
স্তরাং তংকালে দ্বারপালগ্রেষ্ট্র করেই তাঁহাকে নিবারণ করিতে সমর্থ হইল না। ঐ সময় মহীপাল স্বর্থের কির্পু অবস্থা ঘটিয়ছিল, স্মুক্ত অগ্রে তাহার কিছুই জানিতে গারেন নাই, স্তরাং তিনি পর্ববং তাঁহার নিকট উপস্থিত হইয়া কৃতাঞ্চলিপুটে প্রীতিকর বাকো কহিতে লাগিলেন, মহারাজ ! আপুনি আমাদিগের প্রীতির একমাত্র আগ্রর। সূর্বোদরকালে সমাদ্র যেমন উষারাগরঞ্জিত সলিলে সকলকে আনন্দিত করিয়া থাকে, সেইর্প একণে আপনি প্রীতমনে আমাদিগকে আনন্দিত কর্ন। প্রে দেবসার্যথ মাতাল প্রত্যুষ সময়েই ইন্দুকে শতব করিয়াছিলেন, দেবরাজ তাঁহার শতুতিবাদে উৎসাহিত ইইয়া দানবগণকে পরাজয় করেন; সেইর প আমিও আপনাকে স্তব করিতেছি। যেমন' সাপোপাপা বেদ ও অন্যান্য বিদ্যা সকলের প্রভা স্বয়স্ভাকে ব্যোধত করিয়া থাকেন, সেইরূপ আমিও আপনাকে বোষিত করিতেছি। বেমন চন্দ্রসূর্য উদয়াস্তকালে পূথিবীস্থ সমস্ত লোককে বোধিত করিয়া থাকেন, সেইর্প আমিও অদ্য আপনাকে বোধিত করিতেছি। মহারাজ! এক্ষণে গান্তোখান কর্ন। অদ্য রাজকুমার রামের অভিষেক-মহোৎসব; আপনি বিচিত্র বস্ত্র ও আভরণ ধারণপূর্বক উল্জ্বল কলেবরে সুমের, পর্বত হইতে দিবাকরের ন্যায় গারোখান করনে। অভিষেকের সমস্ত আয়োজন হইয়াছে। নগর ও জনপদের লোকসকল এবং বণিকেরা কৃতাঞ্জলিপ্রটে দ-ভারমান আছেন। বশিষ্ঠদেব বিপ্রবর্গের সহিত ম্বারে উপস্থিত। এক্ষণে আপনি অবিলম্বে রাজ্যাভিষেকে আদেশ প্রদান করন। মহারাজ! যে রাজ্যে রাজ্য নাই, তাহা রক্ষকবিরহিত পশ্র ন্যায় নায়কশূন্য সেনার ন্যায় এবং ব্যবিষ্কু ধেন্র

ন্যায় নিতান্ত শোচনীয় হইয়া থাকে।

মন্ত্রী স্মন্ত্র এইর্প শানত ও স্কুসঙ্গত বাক্যে স্তব করিলে মহীপাল দশরথ প্রনর্বার শোকে অভিভাত হইলেন এবং নিরানন্দ মনে আরম্ভলোচনে তাঁহার প্রতি দ্ভিট নিক্ষেপ করিয়া কহিলেন, স্কুন্ত্র! তোমার এই স্তৃতিবাদ আমায় অধিকতর মর্মবেদনা প্রদান করিতেছে।

সহসা রাজা দশরথের মুখে এইর্প কাতরোক্তি শ্রবণ ও তাঁহার দীন দশা দর্শন করিয়া স্মুমন্ত কৃতাঞ্জলিপ্টে তথা হইতে কিঞিং অপস্ত হইলেন। তখন দেবী কৈকেয়ী মহারাজকে ঘন বিষাদে আবৃত ও বাকা প্রয়োগে অসমর্থ দেখিয়া স্মুমন্তকে আহ্যানপ্রক কহিলেন, দেখ, মহাপালে রামাভিষেক-হর্ষে সমস্ত রজনী জাগরণ করিয়াছেন, এক্ষণে নিতান্ত পরিশ্রান্ত ও একান্ত কান্ত হইয়া নিদ্তি আছেন। অতএব তুমি অকুন্ঠিতমনে রামকে এই ন্থানে আনম্বন কর। তোমার মণ্গল হইবে। স্মুমন্ত কহিলেন, দেবি! রাজাজ্ঞা ভিন্ন এক্ষণে আমি কির্পে গ্রমন করিব।

অনশ্তর মহারাজ দশরথ স্মন্তের এইর্প বাক্য শ্রবণ করিয়া কহিলেন, স্তনন্দন! আমি প্রিয়দর্শন রামকে দেখিবার বাসনা করিয়াছি, তৃমি সম্বর তাঁহাকে আনয়ন কর। তখন স্মন্ত রামের অভীস্ত জৈন্ধ হইবে বোধ করিয়া হ্লমনে তথা হইতে নিজ্ঞান্ত হইলেন। তিনি বিশ্বান্ত হইবার কালে কৈকেয়ী প্নরায় তাঁহাকে কহিলেন, মন্তি! তুমি ক্রেক্সমারকে শাল্প আনয়ন কর। স্মান্ত কৈকেয়ীর মূখে বারংবার এইরুসে স্থা শ্রবণ করিয়া মনে করিলেন, ব্বি দেবী রাজকুমারের অভিষেক-মান্ত্রেশসব দর্শনে একান্ত উৎস্ক হইয়াই মরা দিতেছেন। একাণে মহারাজক বোধ হর জাগরণ-কেশে বহিদেশে আর আসিবেন না। স্মান্ত এইর শ্রেক্সমারণ করিয়া সম্লোত্বতা হুদের নাায় অন্তঃপ্র হইতে বহিগ্মন ক্রিলেন।

পঞ্চদশ সগা। বেদপারগ ব্রাক্ষণেরা মন্ত্রী সৈন্যাধ্যক্ষ বণিক ও রাজপুরোহিত বশিষ্টের সমাভিব্যাহারে স্বারে অবস্থান করিতেছিলেন। তাঁহারা পুষ্যা নক্ষর এবং রামের জন্মকালম্থ কর্কটলখন লাভ করিয়া অভিযেকের সম্বয় উপকরণ আনয়ন করিয়াছেন। অলব্রুত পঠি, ব্যাঘ্রচর্মের আশ্তরণযুক্ত রথ, গণ্গা-যমুনার পবিত্র সংগমস্থল হইতে আনীত জল, অন্যান্য নদী হুদ ক্পে সরোবর ও সম্দের জল, মধ্, দধি, ঘৃত, লাজ, কুশ, প্রথ, প্রমস্ক্রী আটটি কুমারী, মন্ত হস্তী, বটপল্লবশোভিত কমলদল-সমলংকৃত বারিপ্রণ সূবর্ণ ও রজতানিমিত কুল্ড, জ্যোৎস্নার ন্যায় ধবল রক্ষণ্ড চামর, চন্দ্রমণ্ডল-সদৃশ পা ড্বর্ণ ছর, শ্বেড বৃষ, শ্বেড অধ্ব, বাদ্য, বন্দী এবং স্ববিংশীযদিদের অভিষেকার্থ যে-সমুহত বৃহত্ত অহত হইয়া থাকে, রাজার আদেশে সমুদ্রই তাঁহার্য আনয়ন করিয়াছেন। তংকালে ঐ সমস্ত ব্যহ্মণ মহীপালের সন্দর্শন না পাইয়া পরস্পর কহিতে লাগিলেন, এক্ষণে রাজা দশরথকে আমাদিগের আগমন-সংবাদ নিবেদন করিবে। দিবাকর গগনে উদিত হইয়াছেন। রামের অভিষেকসামগ্রীও প্রস্তুত, কিন্তু মহারাজকে এখনও দেখিতে পাইতেছি না। তহিারা প্রুপ্র এইরূপ কথোপক্থন করিতেছেন, ইতাবসরে রাজসার্যথ স্ক্রমন্ত্র তথার আগমন করিলেন, কহিলেন, আমি রাজার নিয়োগে রাজকুমার রামকে

আনমন করিতে চলিয়াছি। কিন্তু আপনারা মহারাজ ও রাম উভয়েরই প্রুলনীয়, স্তরাং আপনাদিগের হইয়া আমিই স্বশমন প্রশনপূর্বক তাঁহাকে জিজ্ঞাসা করিয়া আসি, তিনি প্রবোধিত হইয়াও কি নিমিত্ত অন্তঃপূর হইতে বহিগতি হইতেছেন না।

বৃদ্ধ স্মন্ত তাঁহাদিগকে এইরূপ কহিয়া প্নরায় অন্তঃপ্রে প্রবেশ করিলেন, এবং দেবছান্সারে রাজা দশরথের শয়নগ্রে গমনপ্রক যবনিকার অন্তরালে দশ্ডায়মান হইয়া কহিলেন, মহারাজ! চল্দ্র স্থা শিব বৈশ্রবণ বর্ণ হ্তাশন ও ইল্দ্র আপনাকে বিজয় প্রদান কর্ন। এক্ষণে রজনী অতিকাশ্ত এবং শ্ভেদিনও সম্পশ্থিত হইয়াছে। অতএব আপনি গাত্রোখান করিয়া প্রাতঃকৃত্য সমাপন কর্ন। মহারাজ! রাজণ সেনাপতি ও বণিকেরা ন্বারদেশে আপনার দশনের অপেক্ষায় অবস্থান করিতেছেন, এক্ষণে আপনি নিদ্রা পরিত্যাগ কর্ন।

তখন দশরথ কণ্ঠদ্বরে স্মন্ত আসিয়াছেন ব্যথিয়া তাঁহাকে সন্বোধন-প্রক কহিলেন, স্মন্ত! রামকে এই স্থানে আনিবার নিমিত্ত আমি তোমায় আদেশ করিয়াছিলাম, কিন্তু তুমি কি কারণে আমার আজ্ঞা লঙ্ঘন করিতেছ। আমি এক্ষণে নিদ্যিত নহি: তুমি শীঘ্র বাও, গিয়া ক্রিইক আনয়ন কর।

আমি একণে নিচিত নহি: তুমি শাঁঘ্র বাও, গিয়া বাদ্দকে আনয়ন কর।
অনন্তর স্মন্ত্র রাজাঞ্জা শিরোধার্য করিয় তিথা হইতে নিগত হইলেন
এবং ধ্রজপতাকা-পরিশোভিত রাজপথে উপ্রতিত হইয়া চতুদিকে দৃষ্টিনিক্ষেপপ্র্বিক হ্ল্টমনে গমন করিতে লুনিস্টেন। গমনকালে পথিমথো সকলের
ম্বেথ রামাভিষেক সংক্রান্ত কথা শ্রিক্তি পাইলেন। ক্রমশঃ কিয়ন্দ্র অভিক্রম
করিয়া দেখিলেন, রাজকুমার রাজিত প্রাসাদ কৈলাস পর্বতের ন্যায় শোভা
পাইতেছে। উহার শ্রারদেশে পতি বিশাল দ্বই কপাট লম্বান, চতুদিকে
শত-শত বেদি প্রস্তুত, এই শিখরে বহুসংখ্য কাঞ্চনমরী প্রতিমা রহিয়াছে।
উহার তোরণসম্বর্য প্রস্তিনির্মিত ও মণিম্বাধাচিত এবং বর্ণ শারদায়
জলদের ন্যায় শ্রু। ঐ প্রাসাদের সর্বাই স্বর্ণের কুস্মমালা মধ্যমিণসম্বে
অলক্ষ্ত হইয়া লম্বিত রহিয়াছে, ম্বর্ণাদি ধাত্নিমিতি ব্যাঘ্রের প্রতিম্তি
প্রতিতিত ও শিল্পগণের স্ক্রা শিল্পকার্যে থচিত আছে এবং ইতস্ততঃ
সারস ও ময়্বর্গণ নিরুত্র কলর্ব করিতেছে। ঐ প্রাসাদ স্মের্ শ্বেগর ন্যায়
উচ্চ, চন্দ্রস্বের ন্যায় উজ্জ্বল ও অমরাবতীর ন্যায় স্ক্র্ণা। উহাতে দৃষ্টিপাত
মারই মন ও চক্ষ্য প্রলোভিত হয়, প্রবেশমাত্রেই অগ্রন্থ ও চন্দনের গান্ধ উন্মন্ত
করিয়া তুলে।

স্মন্ত সমিহিত হইয়া দেখিলেন, ঐ প্রাসাদের শ্বারে জনপদবাসী প্রজারা নানাবিধ উপহার লইয়া কৃতাঞ্জলিপ্টে উধ্বম্থে রামাভিষেক দর্শনের প্রতীক্ষা করিতেছে। রুমশঃ তিনি রথ লইয়া সেই জনসঙ্কুল রাজপথ স্পোভিত ও প্রবাসিগণের মন প্লাকিত করিয়া তল্মধ্যে প্রবেশ করিলেন। তিনি সেই স্মান্থ প্রাসাদে প্রবেশ করিয়া কণ্টকিত কলেবরে তিনটি প্রকোণ্ঠ পার হইলেন এবং রামের বশবতী বহ্মংখ্য ব্যক্তিকে অপসারিত করিয়া অপ্রতিহত সমনে রক্ষাকরমধ্যে মকরের নাায় অন্তঃপ্রে প্রবেশ করিলেন। তথায় সকলেই হ্র্মনে রামের রাজ্যাভিষেক সংকালত কথা লইয়া আন্দোলন করিতেছিল, তদ্দর্শনে স্থান বারপরনাই আনন্দিত হইলেন। তিনি গমনকালে কোন স্থলে দেখিলেন রামের প্রিয় অমাতোরা অবস্থান করিতেছেন। কোন স্থলে অন্ব ও

রথ স্সন্থিকত আছে। কোন স্থলে বা রামের গমনাগমনের নিমিত্ত শ্রুপ্তর নামে এক মহাকায় মত্ত মাত্তগ জলদ-জাল-জড়িত পর্বতের ন্যায় শোভমান রহিয়াছে। স্মৃত্র ক্রমশঃ এই সমস্ত অতিক্রম করিয়া রামের নিকট যাইতে স্থাগিলেন।

বোড়েশ সর্গা। অনন্তর রাজমন্ত্রী রামের প্রকোণ্ঠে উপস্থিত হইলেন। তথার লোকের কিছ্নাত্র কোলাহল নাই; কেবল কু-ডলধারী ধ্বকেরা প্রায় ও শরাসন ধারণপ্রেক সাবধানে প্রহরীর কার্য সমাধান করিতেছে এবং কতকগ্রিল কুন্ধা স্ত্রী কাষায়বদ্ধ পরিধানপূর্বক স্মেনিজ্ঞ হইরা বেত্রহ্নেত ন্বারে উপবিষ্ট আছে। এই সমন্ত ন্বাররক্ষক স্মেন্তকে নিরীক্ষণ করিবামাত্র তৎক্ষণাৎ সসন্ত্রে গাত্রোহান করিল। তখন স্মেন্ত বিনীতহ্দরে তাহাদিগকে কহিলেন, তোমরা গিরা শীঘ্র রাজকুমারকে আমার আগমন সংবাদ দেও। ন্বারপালগণ তাঁহার আদেশ পাইরা যে স্থানে রাম জানকীর সহিত উপবেশন করিরা আছেন তথায় উপস্থিত হইরা কহিলে, ধ্বরাজ! স্মেন্ত আপনার দর্শনার্থ আগমন করিয়াছেন। রাম পিতার অত্তরণ্য মন্ত্রী স্মেন্ত আসিয়াহেন শ্রেম্ক পিতারই হিতাভিলাবে তাঁহাকে গ্রহথবেশে অন্মতি প্রদান করিলেন্ত্র

স্মদ্য গৃহপ্রবেশ করিয়া দেখিলেন, র্মি উংকৃষ্ট পরিছেদ ধারণপ্রেক উত্তরছদমণ্ডিত স্বর্গময় পর্যকে স্ক্রেছে ইন্দের ন্যায় উপবিষ্ট আছেন। তাঁহার কলেবর বরাহর ধিরাকার স্ক্রেছেন; বোধ হইতেছে যেন চিত্রার সহিত্ত ভগবান শাণক মিলিত হইয়েছেন তখন বিনীত স্মদ্য মধ্যকেলানীন স্থের ন্যায় স্বতেজঃপ্রদীশত রামেছে সামিহিত হইয়া প্রণাম করিলেন এবং তাঁহাকে বিহারাসনে আসীন ও প্রসূমি দেখিয়া কৃতাঞ্জালিপ্টে কহিলেন, য্বরাজ! রাজা দশর্থ ও দেবী কৈকেয়ী আপনাকে দেখিতে ইছা করিয়াছেন, অতএব অন্তিবিলনে তথায় গ্রমন করা আপনার কর্তব্য হইতেছে।

রাম হৃত্যানে স্মান্তের বাক্য প্রতিগ্রহ করিয়া জ্ঞানকীকে কহিলেন, প্রিরে! আমার নিমিত্ত পিতা দেবী কৈকেরীর সহিত সমাগত হইয়া আমারই অভিবেকের পরামর্শ করিতেছেন সন্দেহ নাই। কৃঞ্জাচনা কৈকেয়ী নিরণ্ডর মহারাজের শ্রুভ কামনা করিয়া থাকেন। রাজা আমার রাজ্যে অভিষিদ্ধ করিতে একাণ্ড উৎস্ক হইয়াছেন দেখিয়া তিনি প্রফাল্ডমনে আমারই নিমিত্ত তাঁহাকে দ্বরা দিতেছেন। ভাগ্যগ্রপেই তাঁহারা এই মন্ত্রীকে প্রেরণ করিয়াছেন। মন্ত্রী আমারই হিত্যাভিলাষপরতন্ত্র। অন্তঃপ্রে সভা বের্পে দ্তেও তাহার অন্র্প আসিয়াছেন। পিতা নিশ্চয়ই আজ আমাকে যৌবরাজ্যে অভিষিদ্ধ করিবেন। অতএব তুমি সহচরীদিগের সহিত ক্রীড়াকোত্রক অবস্থান কর, আমি গিয়া শাল্ল পিতার সহিত সাক্ষাংকার করিয়া আসি।

রাম পরম সমাদরে এইর্প কহিলে জনকদ্হিতা সীতা মঙ্গলাচরণার্থ ম্বার-দেশ পর্যন্ত তাঁহার অনুগমন করিলেন, কহিলেন, নাথ! যেমন ব্রহ্মা সুরবাঞ্জ ইন্দ্রকে সুরবাজ্যে অভিষেক করিয়াছিলেন, সেইর্প মহারাজ তোমাকে যৌবরাজ্যে অভিষিক্ত করিয়া পশ্চাৎ মহারাজ্য প্রদান কর্ন। তুমি দীক্ষিত ও ব্রতপরায়ণ হইয়া মৃগচর্ম ও কুরজাশৃংগ ধারণ করিবে; আমি এক্ষণে তাহাই

দর্শন করিব। অতঃপর ইন্দ্র তোমার পূর্ব দিক, যম দক্ষিণ দিক, বর,ণ পশ্চিম দিক ও কুবের উত্তর দিক রক্ষা করুন।

জানকী এইর্পে অভিষেকার্থ মধ্যুলাচার পরিসমাশ্ত করিলে রাম তাঁহার সম্মতি লইয়া স্মত্তের সহিত গিরিদরীবিহারী কেশরীর ন্যায় বাসভবন হইতে নিষ্ক্রান্ত হইলেন। তিনি নিষ্ক্রান্ত হইয়াই দ্বারদেশে বিনীত লক্ষ্মণকে কৃতাঞ্জলিপ্রটে দণ্ডায়মান দেখিতে পাইলেন। তংপরে দেখিলেন মধ্যপ্রকোষ্ঠে তাঁহারেই সূহ্দেরা একর সমবেত হইয়া আছেন। অনন্তর তিনি অর্থাদিগকে সবিশেষ সমাদর করিয়া ব্যাঘ্রচর্মসম্বৃত রজতনিমিতি মণিকাঞ্চনমণ্ডিত রথে আরোহণ করিলেন। করিশাবকের ন্যায় হৃষ্টপূষ্ট উৎকৃষ্ট অশ্বযান বায়্বেগে ধাবমান হইল। মেঘের ন্যায় রথের ঘর্ঘার শব্দ হইতে লাগিল। পথে একদ্রেট সকলেই উহার প্রতি চাহিয়া রহিল। রাম দেবরাজ ইন্দ্রের ন্যায় প্রভা বিশ্তার করিয়া বহিগতি হইলেন। বোধ ছইল যেন চন্দ্র জলদপটল ভেদ করিয়া চলিয়াছেন। তংকালে মহাবীর লক্ষ্মণ বিভিন্ন চামরহদেত রথপ্রতে আরো**হণ**-পূর্বক রামকে রক্ষা করিতে লাগিলেন। চতুদিকে তুমূল কোলাইল উথিত হইল। বহুসংখ্য পর্বতাকার হস্তী ও অধ্ব রামের পশ্চাৎ পশ্চাং যাইতে লাগিল। চন্দনচচিতিকলেবর যাঁর প্রেবেরা অন্ত্রি ও বর্ম ধারণপ্রেক অগ্রে অগ্রে ধাবমান হইল এবং সিংহনাদ প্রিস্পাপ্রক জরধর্নি করিতে আয়ে অয়ে ব্যাবান হহল এবং সিংহনাদ প্রার্থিপাপ্তির কর্মবান করিয়া লাগিল। নানাপ্রকার বাদ্যধর্নান ও বন্দিব্যে কর্তুতিবাদ গগন ভেদ করিয়া উথিত হইল। স্বাণ্গস্কার প্রনারীগৃধ্য ক্রিভ্রা ধারণ ও গবাক্ষে আরোহণ-প্রক রামের মদতকে প্রণ্পব্ভি ক্রিভ্রা করিল এবং কেহ কেহ হর্মের ও কেহ কেহ কিলে অবস্থানপ্রক্রিপ্রমের তৃত্তি সম্পাদনার্থ কহিতে লাগিল, আজ রাজ্মহিবী কৌশল্যা রুষ্ট্রিক প্রভ্রারণী সাতা সকল সামান্তনীর মধ্যে প্রেষ্ঠ, তিনি জন্মান্তরে বিন্তাই অতি কঠোর তপঃসাধন করিয়াছিলেন, নতুবা চন্দ্রের প্রণায়নী রোহিপাঁর ন্যায় কদাচই ই'হার সহচারিণী হইতেন না রাজকুমার রাম চতুদিকে এইর প শ্রুতিস্থকর মধ্র বাক্য প্রবণপূর্বক গমন করিতে লাগিলেন।

এক স্থলে বহুসংখা লোক একত হইয়া পরস্পর কহিতেছিল, এই রাজকুমার আজ রাজার প্রসাদে রাজস্ত্রী লাভার্থ পিতৃগৃহে গমন করিতেছেন। ইনি যখন শাসনভার গ্রহণ করিলেন তখন আমাদের সকল মনোরথই পূর্ণ হইবে। ইনি যে এককালে সমস্ত রাজ্য হস্তগত করিতেছেন প্রজাবর্গের ইহাই পরম লাভ; ই'হার রাজ্যকালে কাহাকেই কখন কোনর্প অস্ভ দর্শন করিতে হইবে না।

রাম সকলের মাথে স্বসংক্রান্ত এই সমস্ত কথা শ্রবণ এবং সতে মাগধ ও বন্দিগণের স্তৃতিবাদ গ্রহণপূর্ব ক পিতৃভবনে গমন করিতে লাগিলেন।

সণ্ডদশ সগাঁ । তিনি ক্রমণঃ রাজপথে প্রবেশপ্রবিক দেখিসেন, পৌরদিগের অংগনে দধি অক্ষত হবি লাজ ও ধ্প নিপতিত আছে। করী করিণী অধ্ব ও রথ রাজপথ আকুল করিয়া তুলিয়াছে। সর্বত্তই লোকারণা ও পণাদ্রব্যে পরিপূর্ণ। নানাস্থানে ধ্বজ ও পতাকা শোভা পাইতেছে। কোখাও বা মুক্তা-

দতবক ও দ্ফটিক মণি রহিয়াছে। কোন স্থলে চন্দন ও উৎকৃষ্ট অগ্ররের গন্ধ চতুদিক আমোদিত এবং পট্রন্দের বিচিত্র রচনা সকলকে চমংকৃত করিতেছে। ঐ রাজপথের পরিসর অতি বিদ্তীর্ণ। উহার ইতদ্ততঃ প্রুপ্সকল বিকীর্ণ হইয়াছে। চতুদিকে নানাপ্রকার ভক্ষ্য ভোজ্য প্রদ্পুত। রাজকুমার রাম স্বেপতি ইন্দের নায়ে এইর্প স্মাভিজত রাজপথ দর্শন এবং বহু লোকের আশীর্বাদ গ্রহণপ্রেক গমন করিতে লাগিলেন। ঐ সময় তাঁহার বন্ধ্বর্গের আনন্দের আর পরিসীমা রহিল না।

তাঁহারা রামকে লক্ষ্য করিরা কহিতে লাগিলেন, যুবরাজ! অদ্য তুমি রাজ্যে অভিষিক্ত হইয়া তোমার পূর্বপ্র্যুখ্যণের প্রবিত্তি প্রণালী অবল্যনপ্র্বিক্ত আমাদিগকে প্রতিপালন কর। তোমার পিতা ও পিতামহগণ আমাদিগকে যের প স্থে রাখিয়াছিলেন, তুমি রাজ্য হইলে আমরা তদপেক্ষ্য তাধিকতর স্থে বাস করিতে পারিব। বাদ আজ্ব আমরা তোমাকে অভিষিক্ত ও পিতৃগ্রু হইতে নিগতি দেখিতে পাই, তাহা হইলে ঐহিক ও পারিচিক কিছুই প্রার্থনা করি না। তোমার রাজ্যাভিষেক অপেক্ষা আমাদিগের প্রিয়তর আর কিছুই নাই। রাম স্হৃদেগণের মুখে এইর প প্রশংসাবাদ প্রবণ করিয়া অবিকৃত মনে গ্রুম করিয়ে চালিলেও কেহ তাহা হইতে মন ও চক্ত প্রার্থনা করিয়া লাইতে পারিল না। ফলতঃ যে রামকে দর্শন না করে এব সম যাহার প্রতি দৃশ্টিপাত না করেন সে ব্যক্তি সকলের নিন্দিত, সে স্বার্থনাকেও হেয় জ্ঞান করিয়া থাকে। ধর্মপরালণ রাম চাত্র্বপ্রের মধ্যে ছিলাবৃদ্ধ সকলকেই কুপা করেন বলিয়া সকলেই তাহার অনুগত ছিল।

অনন্তর তিনি চতুত্পথ সেইলিল চৈত্য ও আয়তনসকল বামপাশ্বে রাখিয়া গ্রুম করিতে লাগিলেন। তে হইতে দেখিলেন, রাজপ্রাসাদ জলদজালসদৃশ কৈলাসিশিখরাকার ধ্বলব্ব বিমানের ন্যায় বিবিধ শ্রেণা নড়োমণ্ডল আচ্ছার

অন্তর তিনি চতুম্পথ কেনির চৈতা ও আয়তনসকল বামপাশ্বে রাখিয়া গমন করিতে লাগিলেন। তেই ইইতে দেখিলেন, রাজপ্রাসাদ জলদজালসদ্শ কৈলাসিশিখরাকার ধবলবন বিমানের ন্যায় বিবিধ শ্বেগ নভাম ডল আছার করিয়া রহিয়াছে। তিনি উল্জ্বলবেশে সেই অময়াবতীপ্রতিম আর্ক্রা প্রেশ প্রামানে। প্রবিদ্ধ হইয়া কার্ম কধারী প্রেশ-রাক্ষত তিনটি প্রকোষ্ঠ পার ইইলেন। তংপরে পাদচারে আর দ্ইটি অভিক্রম করিয়া অন্তরগণকে প্রতিগমনে অন্মাতপ্রদানপর্বক অন্তঃপ্রে চলিলেন। তংকালে সকলে রাজক্মারকে পিত্সিয়ধানে গমন করিতে দেখিয়া বারপরনাই আনন্দিত ইইল এবং মহাসম্ম যেমন চল্ডোদয়েয় প্রতীক্ষা করে, সেইয়্প ভাঁহার বহিগমনের অপেকা করিতে লাগিল।

আন্টাদল স্থা । রাজা দশরথ শৃদ্ধ মূখে ও দীনভাবে দেবী কৈকেয়ীর সহিত প্যাণ্ডে উপবেশন করিয়া আছেন, এই অবসরে রাম তাঁহার সামিহিত হইলেন এবং বিনয়সহকারে অগ্রে তাঁহাকে নমস্কার করিয়া পশ্চাৎ প্রসল্ল মনে কৈকেয়ীকে অভিবাদন করিলেন। তখন দশরথ রামের প্রতি দ্ভিপাতপূর্বক কহিলেন, রাম! —নাম গ্রহণমাত্র তাঁহার নেত্যগুললা অশ্রুপূর্ণে হইয়া উঠিল, তিনি আর তাঁহাকে দশন ও তাঁহার সহিত বাক্যালাপ করিতে পারিলেন না।

অনশ্তর রাজকুমার পাদস্পৃষ্ট ভ্রুজপেগর ন্যার, নৃপতির এই অদৃংইপূ্র্ব অতি ভীষণ রূপ নিরীক্ষণপূর্বক মনে মনে যংপরোনাম্তি ভীত হইলেন।

মহীপাল দশরথ শোকসন্তাপে নিতানত ক্লিণ্ট হইয়া ব্যথিত মনে ঘন ঘন দীর্ঘ-নিঃশ্বাস পরিত্যাগ করিতেছিলেন। তরণগমালাসংকুল ক্ষ্যুভিত সাগরের ন্যায় রাহ্যুগ্রুত দিবাকরের ন্যায় তাঁহার অন্তঃকরণ একান্ত আকুল হইয়াছিল। শ্বি অন্তভাষী হইলে ষের্প নিষ্প্রভ হন, তিনি তংকালে সেইর্পেই হইয়াছিলেন।

পিতৃবংসল স্চতুর রাম তাঁহার এইর্প অসম্ভাবিত শোক অক্সমং কি
প্রকারে উপন্থিত হইল এই ভাবিরা পর্বকালীন সম্দ্রের ন্যায় অস্থির হইরা
উঠিলেন। মনে করিলেন, মহারাজ আজ কেন আমায় লইয়া হর্ষ প্রকাশ
করিতেছেন না। অন্য দিন আমাকে দেখিলে যদি কোন করেলে ক্রোধাবিট ইইয়া
থাকেন, প্রসন্ন হন, কিন্তু আজ কেন এইর্প দ্রুখিত হইতেছেন। রাম এই
চিন্তা করিয়া শোকাকুলিত মনে বিষল্প বদনে কৈকেয়ীকে সন্বোধনপ্রেক
কহিলেন, অন্ব! আমি প্রমপ্রমাদে কি কোন অপরাধ করিয়াছি? বল্ন, পিতা
কেন আমার প্রতি কুপিত ইইয়াছেন? একণে আমারই দোর পরিহারের নিমিত্ত
আপনি ইছাকে প্রসন্ন কর্ন। পিতা আমায় সর্যদা বংপরোনালিত স্নেহ করিয়া
থাকেন, আজি কি নিমিত্ত আমার সহিত বাক্যালাপ করিতেছেন না? কি
কারণেই বা এইর্প বিষল্প মনে রহিয়াছেন? গরীরধারণে সকল সময় স্থ
স্কুলন্ড হয় না; ইছার শারীরিক বা মানসিক কি কোন অশান্তি উপন্থিত
ইইয়াছে? প্রিয়দর্শন কুমার জরত এবং মহামতি স্ট্রের তো কোন অমন্যল
ঘটে নাই? আমার মাতৃগণ তো কুগলে আছেছ করিয়াছে, কোন্ ব্যক্তি নেই প্রতাক্ষ
দাবতা পিতার প্রতিক্লাচরণ ক্রিরাছেন? তাহাতেই কি ইছার মন এইর্প
বির্পে রহিয়াছে? বাহাই হক্ক, ইহার নিগতে কারণ অবগত ইইবার নিমিত্ত
আমার মন অস্থির ইইয়ারে বল্ন, মহারাজের এইপ্রকার অদ্যুপ্র্ব চিত্রিকার
কি নিমিত্ত উপন্থিত হইল?

তখন নিল্ভিল কৈকেয়ী রামের এইরূপ বাক্য শ্রবণ করিয়া স্বার্থ সাধনার্থ গবিতিভাবে কহিলেন, রাম! রাজা ক্রোথাবিষ্ট হন নাই, ই'হার বিপদও কিছুই দেখিতেছি না। ইনি মনে মনে কোন সংকল্প করিয়াছেন, তোমার ভরে তাহা ব্যব্ধ করিতে পারিতেছেন না। তুমি ই'হার অতিশয় প্রিয়, সাতরাং তোমায় কোন-রূপ অপ্রিয় কহিতে ই'হার বাকাস্ফাতি হইবেক না। কিন্তু মহারাজ্ব যে আমার নিকট অপ্যাকার করিয়াছেন, ভাষা ভোমার অনিষ্টকর হইলেও ভোমায় অবশ্যই পালন করিতে হইবে। ইনি অগ্রে আমাকে সম্মান ও বরদান করিয়া পশ্চাৎ নিতান্ত নীচের ন্যায় অন্তাপ করিতেছেন। জল নিগতি হইয়াছে, আলিবন্ধনে বন্ধ নির্থাক। কিন্তু, রাম! মহারাজ ধর্মাতঃ প্রতিজ্ঞা করিয়াছেন। মহামাদিগের সত্যই ধর্ম, বোধ হয় তুমি ইহা অবশ্যই জান। এঞ্চণে সাবধান, রাজা যেন তোমার অনুরোধে আমার প্রতি ক্রোধ করিয়া সেই সত্য পরিত্যাগ না করেন। এক্ষণে ইনি যাহা কহিবেন, তুমি তাহার ভাল-মন্দ কিছুই বিচার করিবে না, অমনিই শিরোধার্য করিয়া লইবে, যদি এইর ্প হয় তবে আমি সম্দেয় ব্তাদ্তই তোমায় কহিতে পারি। অথবা মহারাজ সাক্ষাৎ সম্বন্ধে তোমাকে কিছুই বলিবেন না, ই'হার নিদেশে আমি যে বিষয়ের প্রস্তাব করিলাম, যদি তাহাতে সম্মত হও তাহা হইলে আমি সম্দুদরই বাক্ত করিব।

রাম কৈকেয়ীর মুখে এইর্প কথা শ্রবণ করিয়া ব্যথিত মনে ন্পতি-সমিধানে কহিতে লাগিলেন, দেবি! আমাকে এর্প কথা বলিবেন না। আমি মহারাজের নিদেশে অফিলপ্রবেশ ও বিষপান করিতে পারি। ইনি পিডা, পরম-গ্রু, বিশেষতঃ রাজা; ই'হার নিয়োগে সাগরগতেওি নিমান হইতে পারি। অতএব ইনি যের্প সম্কেপ করিয়াছেন বল্ন, প্রতিজ্ঞা করিতেছি অবশাই তাহা রক্ষা হইবে। আপনি নিশ্চর জানিবেন, রাম কখনই দুই প্রকার কথা কহিতে জানে না।

তখন জনার্যা কৈকেয়া ক্ষান্ত্র্বভাব সভাবাদী রামকে নিষ্ঠ্র বচনে কহিলেন, রাম! পূর্বে দেবাস্রসংগ্রামে মহারাজ বিপক্ষণরে ক্ষতিবিক্ষত হইয়াছিলেন, তৎকালে কেবল আমিই ই'হার প্রাণ রক্ষা করি। আমার এই পরিচর্যার রাজা সবিশেষ প্রতি হইয়া আমাকে দ্ইটি বর দান করিয়াছিলেন। একণে ঐ উভয় বরের মধ্যে এক বরে ভরতের রাজ্যাভিষেক, দ্বিতীয় বরে ভোমার দ্পেকারণ্য বাস প্রার্থনা করিয়াছি। রাম! যদি ভূমি পিতার ও আপনার প্রতিজ্ঞা সভ্য রাখিতে চাও, আমার বাক্যে কর্ণপাত কর। ভোমার পিতা আমার নিক্ট অপাীকার করিয়াছেন, ই'হার নিদেশের বশীভূত হওয়া তোমার কর্তবা। অদাই রাজ্যাভিবেকের লোভ সংবরণপূর্বক মস্তকে জটাভার বহন ও বন্ধস্থ ধারণ করিয়া চতুর্দশ বৎসরের নিমিত্ত বন্ধারা করিয়াছেন, তন্ধারা করিয়াত্ত্ব আভিবিক্ত হইবেন। তিনি হস্তাদ্বর্থসক্ষ্পল রক্ষরহলে বস্প্রয়াকে অসার করিয়াছেন আমার এইর্ম বর দান করিয়াছেন বলিয়া একি শোকে শ্লেকম্খ হইয়া সিয়াছেন এবং এই কারণেই ইনি ভোমার প্রতিপ্রতিশতে করিতে সমর্খ হইয়া সিয়াছেন এবং এই কারণেই ইনি ভোমার প্রতিপ্রতিশতে করিছে সমর্খ হইয়া সিয়াছেন এবং এই কারণেই ইনি ভোমার প্রতিপ্রতিশতে করিছে সমর্খ হইয়া সিয়াছেন এবং এই কারণেই ইনি ভোমার প্রতিপ্রতিশতে করিছে সমর্খ হয়ার জন্ম। স্বত্রের রাম! ভূমি মহারাজের মেরাজের করে।

মহান্তব রাম কৈকেন্ট্র অহির প কঠোর বাকা শ্নিরা কিছুমার ব্যথিত ও শোকাবিন্ট হইলেন নাম তংকালে কেবল দশরথই ভাবী প্রবিয়োগদ্যুখে বারপরনাই বাতনা অনুভব করিতে লাগিলেন।

একোনবিংশ লগা। অনন্তর রাম কৈকেয়ীর এই করাল কালবাকা প্রবণ করিয়া অবিষয় মনে কহিলেন, অন্ব! আপনি ষেরুপ অনুমতি করিলেন, তাহাই হইবে। আমি প্রতিজ্ঞা রক্ষার্থ জটাবল্ফল ধারণপূর্বক এ ন্থান হইতে বনপ্রন্থান করিব। কিন্তু এইটি জানিতে আমার অত্যন্ত ইচ্ছা ইইরাছে বে, মহীপাল প্রবিধ কেন আমায় সম্ভাষণ করিতেছেন না? দেবি! আপনার সমক্ষেই কহিতেছি, এই প্রশেন রুণ্ট ইইবেন না, প্রসন্ন হউন, আমি এইটি জানিতে পারিলেই জটাবল্ফল ধারণপূর্বক বনপ্রন্থান করিব। হিতকারী, গ্রুরু পিতা. কার্যন্ত রাজা নিয়োগ করিলে এমন কি আছে, বাহা প্রিরজ্ঞানে অশন্তিত মনে সাধন করিতে না পারি। কিন্তু মনের এই দৃঃখে আমায় অন্তর্দাহ হইতেছে ধে, মহারাজ ন্বরং কেন ভরতের অভিষেকের কথা উল্লেখ করিলেন না। দেবি! রাজান্তার অপেকা কি, আপনার অনুমতি পাইলে দ্রাতা ভরতকে নিজেই রাজ্যধনপ্রাণ ও প্রফুল্সমনে সীতা পর্যন্ত প্রদান করিয়া প্রতিজ্ঞা পালন ও আপনার হিতসাধন করিব। এক্ষণে মহারাজ অতিশয় লন্ড্জিত হইয়াছেন, আপনি ইহাকে সাল্যনা কর্ন। ইনি কি নিমিত্ত অধোদ্দ্রি করিয়া মদদ মদদ

১১ দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অশ্রপাত করিতেছেন? দ্তেরা আজিই ই'হার আদেশে দ্রতগামী অশ্বে আরোহণপ্রবিক ভরতকে মাতৃলালয় হইতে আনয়ন করিতে বাক। আমি এখনই পিতৃআজ্ঞা শিরোধার্য করিয়া অবিচারিত মনে চতুর্দশ বংসরের নিমিন্ত দশ্ডকারণ্যে প্রদ্থান করি।

কৈকেয়ী রামের এইর্প অধ্যবসায় দেখিয়া ধারপরনাই সম্পূন্ট হইলেন এবং তাঁহার বনগমন বিষয়ে কিছুমাত সংশয় না করিয়া কহিলেন, দতেরা না হয় দুত্গামী অনেব আরোহণ করিয়া ভরতকে মাতৃলকুল হইতে আনিবার নিমিত্ত যাত্রা করিবে; কিল্তু রাম! তোমায় এক্ষণে বনগমনে একাল্ড উৎস্ক দেখিতেছি, আমার মতে তোমার আর বিলাল করা বিধেয় হয় না, তুমি এখনই এ স্থান হইতে যাও। দেখ, মহারাজ লাজ্জিত হইয়াছেন বালয়া তোমার সহিত বাক্যালাপ করিতেছেন না। লাজা ভিল্ল ই'হার এইর্প মৌন থাকিবার অন্য কোন কারণই নাই। অতএব তুমি শীঘ্র বহিগতি হইয়া ই'হার এই দীন দশা অপনীত কর। যতক্ষণ না তুমি এই প্রী হইতে বনবাসোলেশে নির্গত হইতেছ, তদবধি তোমার পিতা সনান ভোজন কিছুই করিবেন না।

রাজ্যা দশর্থ স্বক্শে কৈকেয়ীর এইর প নিষ্ঠার বাক্য শ্রবণ করিয়া হা ধিক, কি কটা! এই বালয়া এক দীর্ঘনিঃশ্বাস পরিক্রিপর্কে শোকভরে সেই হেমমান্ডিত পর্যতেক মৃছিতি হইলেন। তথন রস্ক্রিপর্বাস্ত তাঁহাকে উত্থাপন-প্রেক স্বরং কশাহত অন্বের ন্যায় বনগমনে প্রেক্রইয়া উঠিলেন এবং কৈকেয়ীর কঠোয় বাক্যে কিছুমার কাতর না হইলা কহিলেন, দেবি! আমি স্বার্থপর ইয়য়া এই প্রথিবীতে বাস করিতে চার্টিনা। আপান আমাকে তর্দশীর ন্যায় বিশ্বশ্ধ ধর্মের আশ্রয়ী বলিয়া ক্রিকেন। প্রাণান্ত করিয়াও বাদ প্রেক্রশীর পিতার হিতসাধন আমার সম্পর্কের হয়, তাহা করাই হইয়াছে, মনে করিবেন। পিতৃশ্রের্যা ও পিতৃআব্রু করেন অপেক্ষা জগতে মহং ধর্ম আর কিছুই নাই। এক্ষণে পিতার আদেশ না পাইলেও আপনার নিদেশেই চতুর্দশা বংসরের নিমিত্ত নির্জন অরণ্যে গিয়া বাস করিব। দেবি! আপনি আমার অধীশ্বরী হইয়াও যথন এই বিষয়ের নিমিত্ত মহারাজকে অন্রেয়ে করিয়াছেন, তখন বোধ হইতেছে, আমার কোন গণ্ণই আপনার গোচর নাই। আমি আজিই জননীর অনুমতি গ্রহণপূর্বক জানকীকে অনুনয় করিয়া দন্ডকারণ্যে যারা করিব: এক্ষণে ভরত যাহাতে রাজ্যপালন ও পিতৃশ্রের্যা করেন, অপেনি তান্বিরয়ে বন্ধবতী থাকিবেন। দেবি! পিতার সেবা করাই প্রের পরম ধর্ম।

দশরথ রামের এইর্প বাকা শ্রবণপূর্বক শোকে বাকাস্ফ্রিড করিতে না পারিয়া মৃত্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। তখন স্থীর রাম তাঁহাদিগকে প্রদক্ষিণ ও প্রদাম করিয়া অল্ডঃপূর হইতে নিজ্ঞাল্ড হইলেন। মহাবার লক্ষ্মণ এডক্ষণ এই সমল্ভ কথা শ্রবণ করিতেছিলেন, তিনিও রোধে একাল্ড আকৃদ হইয়া বাজ্পপূর্ণ লোচনে তাঁহার পশ্চাং পশ্চাং বাইতে লাগিলেন। রাম অভিষেক-শালা প্রদক্ষিণপূর্বক তাহাতে দৃক্পাত না করিয়াই মৃদ্মেন্দ সঞ্চারে চলিলেন। তিনি সর্বজ্ঞানক্ষনীয় ও প্রিয়দর্শনি ছিলেন, স্তরাং চল্দের বেমন হ্রাস. সেইর্প রাজ্যনাশ তাঁহার স্বাভাবিক শোভাকে কিছ্মান্ত মলিন করিতে পারিল না। জাবিন্মন্ত্র যেমন সূধে দৃঃথে একইভাবে থাকেন, তিনি তদ্পুই রহিলেন; ফলতঃ ঐ সময় তাঁহার চিন্তবিকার কাহারই অণ্মান্ত লক্ষিত হইল না।

অনন্তর রাম মনে মনে দ্বংখাবেগ সংবরণ এবং দ্বংশের বাহ্য **লক্ষণ সংহরণ-**দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ প্র'ক উৎকৃষ্ট ছত্র চামর আত্মীর স্বছন ও পৌরজনদিগকে পরিত্যাগ করিয়া এই অপ্রিয় সংবাদ দিবার আশরে জননীর অভ্তঃপ্রে প্রবেশ করিলেন এবং মধ্র বাক্যে তত্ত্য সকলকেই সবিশেষ সমাদর করিয়া তাঁহার নিকট গমন করিতে লাগিলেন। তুল্যগ্লাবলম্বী বিপ্লেপরাক্তম দ্রাতা লক্ষ্যাণও দৃঃধ গোপনপ্র'ক তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। ঐ সময় দেবাঁ কোশল্যার অন্তঃপ্রে অভিষেক্তয়েংসব প্রসংগে নানাপ্রকার আমোদপ্রমোদ হইতেছিল। রাম তন্মধ্যে প্রবেশ করিয়া এই বিপদেও ধৈর্যাবলম্বন করিয়া রহিলেন। জ্যোৎসনাপ্র্ণ শারদায় শশ্ধর বেমন আগনার নৈর্সাগ্রিক শোভা ত্যাগ করেন না, সেইরাপ তিনিও চিরপরিচিত হর্ষ পরিত্যাগ করিলেন না। পাছে আমায় বিজেদে জনক-জননী জীবন বিসজন করেন, তাঁহার অন্তরে কেবল এই আশংকাই উপস্থিত হইতে লাগিল।



বিংশ সর্গা। তমশঃ প্রেরীমধ্যে রামের রাজ্যনাশ ও বনবাস-বার্তা প্রচারিত হইল। তখন রাজ্মহিষীরা প্রাণাধিক রামকে কৃতাঞ্চলিপ্টে বিদার গ্রহণার্থ আগমন করিতে দেখিরা আর্তম্বরে এই বলিয়া চীংকার করিতে লাগিলেন, হা! যে রাম পিতার নিয়োগ ব্যতিরেকেও আমাদিগের তত্বাবধান করিতেন, আজ তিনিই বনে চলিলেন। যিনি জননীনিবিশেষে জন্মাবধি আমাদিগকে প্রশাভিত্ত করিয়া থাকেন, যাঁহাকে কেহ কঠোর কথার কিছু কহিলে কদাচ লোধ করেন না, যিনি অন্যের ক্রোধজনক বাক্য মুখেও আনেন না, প্রত্যুত্ত কেই ক্রোধাবিল্ট হইলে প্রসন্ন করিয়া থাকেন, আজ তিনিই বনে চলিলেন। দশরখের প্রিয় মহিষীরা বিবংসা ধেন্র ন্যায় এই বলিয়া উক্তৈঃন্বরে রোদন করিতে লাগিলেন। অবিরলগলিত নেত্রজলে তাঁহাদের বক্ষঃস্থল তাসিয়া গেল এবং সকলেই বারংবার রাজার নিন্দাবাদে প্রবৃত্ত হইলেন। তথন দশরথ অন্তঃপ্রমধ্যে এই ঘোরতর আর্তরব শ্রবণপূর্বক প্রশোকে দেহ কৃণ্ডলিত করিয়া আসনে অধাম্থে লীন হইয়া রহিলেন।

অনন্তর রাম মাতৃগণের এইর্প কাতরতা দেখিয়া বন্ধ কুঞ্জরের ন্যায় ঘন ঘন নিঃশ্বাস ত্যাগ করত জ্বননীর অন্তঃপ্রের উপস্থিত হইলেন। উহার ন্বারদেশে একটি বৃন্ধ ও অন্যান্য অনেকেই উপবিষ্ট ছিল। তাহারা রামকে দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেখিবামাত্র সাঁমহিত হইরা জরাশীর্বাদ প্ররোগ করিল। তৎপরে রাম প্রথম প্রকোষ্ঠ অতিক্রমপ্র্বক শ্বিতীয় প্রকোষ্ঠে প্রবেশ করিলেন। তথায় রাজার বহু মানপাত্র বহুসংখ্য বেদজ্ঞ বৃদ্ধ রাজাণ অবস্থান করিতেছিলেন। তিনি তাঁহাদিগকে প্রণাম করিয়া তৃতীয় প্রকোষ্ঠে উপস্থিত হইলেন। তথায় আবাল-বৃদ্ধার্বনিতা সকলেই শ্বাররক্ষাকার্যে নিষ্ত্ত ছিল। তন্মধ্য হইতে কডকগ্রিল স্তীলোক রামকে জয়াশীর্বাদ প্রয়োগপূর্বক সম্বর্ধনা করিয়া হৃষ্টমনে অশ্রে গৃহপ্রবেশপ্র্বক কৌশল্যাকে তাঁহার আগমনবার্তা প্রদান করিল।

কৌশল্যা সংযমপ্র্যক রজনী যাপন করিয়া প্রাতে প্রের হিতার্থ দ্বয়ং
বিক্প্রা করিয়াছেন। তৎপরে শ্রুবর্গ পট্রস্ত্র পরিধান ও মঞ্গল্যচার
সমাপনপ্র্যক প্রেকিতমনে ঋষিকগণ দ্বারা হোম করাইডেছিলেন। গৃহমধ্যে
দিধ ঘ্ত অক্ষত মোদক হবনীয় দ্রব্য লাজ দ্বেতমাল্য পারস কৃপর সমিধ ও
প্র্কুন্ড রহিয়াছে। কৌশল্যা ভতপালন-ক্রেশে কৃশার্গা হইয়া দৈবকার্য
সাধ্যে ব্যতিবাস্ত আছেন। ঐ সমর তিনি দেবতপ্র করিতেছিলেন। এই
অবসরে তাঁহার বহুদিনের বাসনার ধন আনন্দবর্ধন রাম উপস্থিত হইলে
তিনি দৈবকার্য পরিত্যাগ করিয়া বালবংসা বড়বার ন্যায় তাঁহার নিকটন্থ
হইলেন।

অন্তর রাম কৌশল্যার চরণে প্রণাম করিবা। কৌশল্যা তাঁহাকে আলিখ্যন ও তাঁহার মশতকান্ত্রাণ করিরা প্রেবাংসল্যে প্রিরবাক্যে কহিলেন, বংস! তুমি ধর্মশালৈ বৃশ্ব রাজবিধ্যাপর করিব কাজি এবং কুলোচিত ধর্মলান্ত কর। দেখা মহারাজ কেমন সভাপ্রতিজ্ঞ তিনি আজ নিশ্চরই ভোমাকে যৌবরাজ্যে নিয়োগ করিবেন। এই বলিয়া ক্রিলেনি তখন বিনতিশ্বভাব রাম উপবিষ্টা না হইরা দশ্ডকারণ্যে প্রশান করিবার কিলেশে মাত্গোরব রক্ষার্থ অবনতমান্থে আজাল প্রসারগপ্রক কহিলেন, করান! আপনার জানকীর ও লক্ষাণের কোন দ্বেখ-জনক ঘটনা উপস্থিত, বোধ হয় আপনি তাহা জানিতে পারেন নাই। আমি এখনই দশ্ডকারণ্যে যাত্রা করিব। আর আসনে আমার প্রয়োজন কি? এক্ষণে আমাকে অবিগণের বিষ্টরাসন ব্যবহার এবং তাঁহাদিগেরই ন্যায় আমিষ পরিত্যাগপ্রক কন্দমালফলে শরীর ধারণ করিয়া বনে বনে চতুদাল বংসর আতবাহিত করিতে হইবে। মহারাজ আজ আমায় তপস্বিকে। অওএব আমি চতুদাল বংসর বলকল ধারণ ও বানপ্রদেশ্যর নাায় আচরণ করিব।

কৌশল্যা এই বাক্য প্রবণ করিবামার কুঠারছিল শাল্যবিদ্ধর ন্যায় সন্রলোকপরিভ্রন্ট সন্তরনারীর ন্যায় তৎক্ষণাং ভ্তলে নিপাতিত হইলেন। যিনি কখনই
দর্শ্ব সহা করেন নাই, রাম তাঁহাকে কদলীর ন্যায় ধরাসনে শায়ান ও ম্ছিতি
দেখিয়া বাস্তসমস্তচিত্তে উত্থাপিত করিলেন এবং বড়বা বেমন ভারবহনপূর্বক
শ্রমাপনোদনার্থ ভ্পাতেও লাণ্ডিত হয়, তাঁহাকে সেইর্প লাণ্ডিত ও ধ্লিধ্সরিত দেখিয়া স্বয়ং স্বহদেত তাঁহার সর্বান্ধ ম্ছাইতে লাগিলেন।

অনন্তর কৌশল্যা এই অপ্রিয় সংবাদে নিতান্ত ব্যথিত হইয়া লক্ষ্মণের সমক্ষে রামকে সন্বোধনপূর্বক কহিলেন, বংস! কেবল ক্লেশের নিমিন্ত বিদ না তোমায় উদরে ধরিতাম, তাহা হইলে লোকে নর আমাকে বন্ধ্যা বিলত, কিন্তু তদপেক্ষা অধিক দুঃখ আর আমায় সহ্য করিতে হইত না। 'আমি

নিঃসন্তান', বন্ধ্যার কেবল এই একটিমান্তই দ্বঃখ, ভশ্চিন্ন আর কিছুই নাই। রাম! স্বামী অনুবন্ধ হইলে স্থালোকের যে স্থ-সোভাগ্য লাভ হয়, ভাগ্যে তাহা ঘটে নাই; একটি পরে হইলে সব দঃখই দরে হইবে, এই আশ্বাসেই এতকাল প্রাণ ধারণ করিয়াছিলাম। আমি রাজার জ্রোষ্ঠা মহিষী, অতঃপর আমায় কনিষ্ঠাদিগের হৃদয়বিদারক অপ্রীতিকর কথা শ্নিতে হইবে। বংস! সপত্নীগণের বাক্যযন্ত্রণা সহ্য করা অপেক্ষা স্ত্রীলোকের কন্টকর আর কি আছে। আমার যেমন দঃখশোকের সীমা নাই, এরপে আর কাছারই দেখিতে পাওয়া যায় না। তুমি থাকিতেই যথন সপত্নীরা আমার এইর্প দ্র্দশা করিল, তখন তুমি নির্বাসিত হইলে বে কি হইবে বলিতে পারি না: হায়! পতি প্রতিক্ষে বলিয়া কৈকেয়ীর কিংকরীসকল কতই অবমাননা করিয়াছে: আমি উহাদের সমান বা উহাদের অপেকাও অধম হইয়া আছি। যাহারা আমার অনুগত হর, আমার সেবাশ্রেষা করে, তাহারা কৈকেয়ীর পুর ভরতকে আসিতে দেখিলে ভরে আর আমার সম্ভাষণ করে না। বংস! কৈকেয়ী সর্বদাই ক্লোধভরে রহিয়াছে, তোমাকে বনে বিসন্তর্ন দিয়া বল কির্পে ঐ কর্কশভাষিণীর মুখ দর্শন করিব। উপনয়নের পুর তোমার বয়স স্পত্দশ বংসর হইয়াছে, এতদিন কেবল দঃখাবসানের আজমতেই অতিবাহিত হইয়া গেল; এখন আমি জবর্ণ হইরা পড়িয়াছি চির্মিনের নিমিত্ত তোমার এই বাল; এখন আন জাগ হংরা পাড়রাছে (চ্ছাদনের নিমনত ডোমার এই অক্ষয় বনবাসদৃঃখ আর সহা করিতে পারিব সৈ এবং সপদ্ধীদিশের অত্যাচারও আর আমায় সহিবে না। তোমার এই বংগলৈরে নায়ে স্কার আনন সক্ষণন না করিয়া বল কির্পে দীনভাবে ক্লোতিপাত করিব। হা! অতঃপর সকলে এই বলিয়া আক্ষেপ করিবে হেই কোশল্যার জীবন কেবল ক্লেশে ক্লেশেই গিয়াছে। আমি অতি মন্দ্রুমির পণ্ড হইরা গোল। বর্ষাসলিলে নদীক্লের নায় আমার হ্লার বখন এই দ্রুখেও বিদাণি হইল না, তখন বোধ হইতেছে ইহা নিভাস্তই কঠিন। এই হতভাগিনীর মৃত্যু নাই—বমালয়েও স্থল নাই। মুগরাজ সিংহ যেমন সহসা সজ্জলনয়না কুরণগাঁকে লইয়া যায়, কুতান্ত আজ কেন আমায় সেইরূপ লইলেন না। এখন নিশ্চয়ই বোধ হইতেছে, আমার এই হাদর লোহমর! তোমার মাথে এই দাংখের কথা বেমন শানিলাম দণ্ডবং অমনিই ভ্তেলে পড়িলাম, কিন্তু ইহা বিদীর্ণ হইল না. এই দঃখভারপ্রাস্ত দেহও শতধা চার্ণ হইয়া গেল না। একণে বোধ হইতেছে, অসময়ে মৃত্যু সকলের ভাগ্যে সলেভ নহে। যদি হইত, তবে তোমা বিনা আজিই তাহা দেখিতে পাইতাম। বাছা! ভোমারে বনবাস দিয়া আমার এই জীবনে প্রয়োজন কি? ধেনা যেমন বংসের অনাসরণ করে, সেইরাপ ফেনছের প্রেরণায় আঞ্চ অরণ্যে তোমার পশ্চাৎ পশ্চাৎ বাইব। হা! আমি পুরের নিমিত্ত এত যে তপ-জ্প করিয়াছি, উবর-ক্ষেত্র-নিপতিত বীজের ন্যায় সমাদয়ই নিম্ফল হইয়া গেল। দেবী কৌশল্যা রামকে সভাপাশে কম্ম দেখিয়া এবং তহিয়ে বিয়োগে সপদ্মীকৃত দুঃখণরম্পরা পর্যালোচনা করিয়া পাশ-সংবত পত্তে-দর্শনে কিম্রীর ন্যার শোকাবেগে এইর প বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন।

একবিংশ সর্গাঃ অনন্তর দীন লক্ষাণ রামজননী কৌশল্যাকে এইর্প দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ শোকাকুল দেখিয়া ভংকালোচিভ বাক্যে কহিছে লাগিলেন, আর্ষে! এই রঘ্পেবীর রাজ্জ্রী পরিত্যাগ করিয়া যে বনপ্রস্থান করিবেন, ইহা সংস্থাত হইতেছে না। মহারাজ বৃষ্ধ হইয়াছেন, তাঁহার প্রকৃতির বৈপরীতা ঘটিয়াছে। তিনি বিষয়াসন্ত কামার্ত ও সৈত্রণ, স্মৃতরাং স্তীলোকের মস্রণায় তিনি কি না বলিবেন। আর্ম রাম নির্বাসিত হইবেন, এমন কি অপরাধ করিয়াছেন: পরোক্ষেও ই'হার দোষকীর্তনে সাহস করিতে পারে, অপরাধী শত্রুর মধ্যেও আমি অদ্যাবধি এমন কাহাকেই দেখি না। ইনি দেবপ্রভাব সরল-স্বভাব ও নির্দোভ। শত্রর প্রতিও ই'হার অসাধারণ দেনহ। এক্ষণে ধর্মের মুখাপেক্ষা করিয়া কোন্ ব্যক্তি অকারণে এইরপে গুণবান্ পাত্রকে পরিত্যাগ করিবে। মহারাজ প্রনরায় বালকের ন্যায় নিতাশ্ত অবিবেচক হইয়াছেন, কোন্ পুরেই বা প্র'-নৃপতি-চরিত পর্যালোচনা করিয়া তাঁহার আদেশ শিরোধার্য করিয়া লইবে। আর্য! আপনার এই নির্বাসন-সংবাদ প্রচার না হইতেই আপনি আমার সাহান্তে সমুহত রাজ্য হুম্তগত কর্ন। আমি বখন সাক্ষাৎ কুতান্তের ন্যায় শরাসন ধারণপূর্বক আপনার পাশ্ব রক্ষা করিব, তখন কাহার সাধ্য বে, অভিষেকের বিঘা, সম্পাদন করিবে। যদি বিছেরে কোন স্টেনা দেখি, নিশ্চরই কহিতেছি, স্বভীক্ষা শরে অবোধ্যান্ধুক্ত নির্মান্ধ্য করিব। বে নান্তমন্ত কাৰ্বে। ব্যালি ভরতের পক্ষা, বে তাহার হিতাভিলাব ক্রিয়েটি বাকে, আমি আজ তাহাদের সকলকেই বিনন্ত করিব। আপনি নিশ্চয় ছার্নিবেন বে, মৃদ্তাই পরাভবের কারণ হইয়া থাকে। আর্য! অধিক অন্তি কি কহিব, পিতা কৈকেয়ার প্রতি সন্তুন্ত হইয়া তাহারই উৎসাহে বিলি আমাদিগের বিপক্ষতা করেন, তবে তাহাকেও সংহার করিতে হয়ুবি গ্রেই বাদি কার্যাল্যের বিপক্ষতা করেন, তবে তাহাকেও সংহার করিতে হয়্বি গ্রেই বাদি কার্যাল্যের নিবন্ধন রাজ্য আপনারই প্রাপ্তা, স্তুরা ক্রিরেজ কোন্ বলে এবং কোন্ ব্রিভুতেই বা ক্রেকেষ্ট্রিক সাহা জিবার অভিন্তান ক্রিয়েকেন্দ্র আবি বাবার বিশ্বনিক বান্তি বা কৈকেনীকে তাহা দিবার√অভিলাষ করিয়াছেন। আমি মৃত্তকণ্ঠে কহিতেছি, আপনার ও আমার সহিত শন্ত্তা করিয়া অদ্য কেইই ভরতকে রাজাপ্রদান ক্রিতে পারিবে না।

দেবি! আমি ধথার্থতিই হৃদরের সহিত রামকে প্রতি করিয়া থাকি।
এক্ষণে সত্য, শরাসন ও প্রিয় বস্তুর উল্লেখ করিয়া শপথ করিতেছি, বাদ রাম
হৃতাশন বা অরণ্যে প্রবেশ করেন, আপনি নিশ্চর জানিবেন, আমি ই'হার
অগ্রেই তন্মধ্যে প্রবিষ্ট হইব। দিবাকর ধেমন অন্ধকার নগট করেন, সেইর্প
আমি স্ববীর্যপ্রভাবে আপনার দৃঃখ দ্র করিব। এক্ষণে আপনি ও আর্য
রাম—আপনারা উভয়েই আমার পরাক্রম প্রভাক কর্ন। আমি কৈকেয়ীর প্রতি
অনুরক্ত, বৃদ্ধ হইয়াও বালস্বভাবাপন্ন পিতাকে এখনই বিনাশ করিব।

দেবী কৌশল্যা মহাবীর লক্ষ্যণের এইর্প বাকা শ্রবণ করিয়া শোকাকুলিত মনে সাশ্র্নয়নে রামকে কহিলেন, বংস! লক্ষ্যণ যাহা কহিলেন, তুমি ত তাহা শ্রবণ করিলে? এক্ষণে যদি তোমার অভিপ্রেত হয়, তবে ইংহারই মতান্ততী হও। তুমি আমার সপত্নী কৈকেয়ীর অধর্মজনক বাক্যে শোকবিহ্লা জননীকে পরিত্যাগ করিয়া যাইও না। যদি তোমার ধর্মনি, তানের বাসনা হইয়া থাকে, গ্রে অবস্থান করিয়াই আমার সেবা কর, তাহাতেই তোমার ধর্ম সঞ্জয় হইতে পারিবে। দেখ, মহর্ষি কাশ্যপ নিয়তকাল গ্রেহ থাকিয়াই মাত্সেবা করিয়াছিলেন, সেই প্লাবলেই স্বর্গলাভ করেন। গ্রেম্ব

নিবন্ধন মহারাজের ন্যায় আমিও তোমার প্জনীয়, এই কারণে আমি তোমায় বনগমন করিতে দিব না। বংস! তোমাকে বিদায় দিয়া আমার জীবন ও স্থেই বা প্রয়োজন কি, তোমায় লইয়া ত্ণভক্ষণপূর্বক কালাতিপাত করাও আমার প্রেয়। তুমি আমাকে শোকাকুল দেখিয়াও যদি পরিতারণ করিয়া বনে যাও, তাহা হইলে আমি অনশনে দেহপাত করিব। আমি আত্মঘাতিনী হইলে সম্দ্র যেমন ব্রহ্মহত্যা পাপে লিগ্ত হইয়াছিলেন, তদুপে তুমিও এই অধর্মে নরকৃষ্থ হইবে।

রাম জননীকে দীনভাবে এইর্প বিলাপ ও পরিতাপ করিতে দেখিয়া ধর্ম সপাত বাকো কহিলেন, মাতঃ! আমি পিতৃআজ্ঞা লাখন করিতে পারি না; আপনার চরণে ধরি, বনগমনে আমায় অনুজ্ঞা কর্ন। দেখুন, বনবাসী মহর্ষি কণ্ড অধর্ম জানিয়াও পিতৃআজ্ঞায় ধেন্ নন্ট করিয়াছিলেন। প্রে আমাদিগেরই বংশে মহারাজ সগরের আদেশে তাঁহার বিল্ট সহস্ত প্র ভ্রিম খননে প্রবৃত্ত ইইয়া বিনাশপ্রাপ্ত হন। জমদণিননন্দন মহারারি রামও পিতৃনিয়োগ লাভ করিয়া অরণ্যে কুঠার ন্বারা জননীর শিরণ্ছেদন করিয়াছিলেন। দেবি! এই সমস্ত দেবতুলা মহাত্মা এবং অন্যানা অনেকেই পিতৃআজ্ঞা পালন করিয়াছিলেন, অতএব বাহাতে পিতার মণ্ডল হয়, স্বাম্ম ভাহাই করিব। দেখুন, কেবল আমিই যে পিতার আজ্ঞান্বতা করিলাম ইত্যা অগ্রেই ইহার পথ প্রদর্শন করিয়া দিয়াছেন। প্রে বাহার অনুজ্যান দা হইয়াছে, আমি এইর্প ধর্মে আপনাকে প্রবৃত্তি করিতাছ নাচি প্রতিন মহাত্মাদিগের অভিপ্রেত ও অনুস্ত পথই আমার স্পৃহণীয় প্রেনি! পিতৃআজ্ঞা পালন মনুবাের একটি কর্তবা কর্মা, এইজন্যই আমি এই বিবয়ে সবিশেষ বন্ধবান হইয়াছ। আপনি কিছুতেই ইহা অধর্ম রিষ্কেন করিবেন না। দেখুন, পিতার আজ্ঞানুবতী হইলে কোনকালে কাহারই ধর্মহানি হয় না।

মহাবার রাম জননী কোশল্যাকে এইর্প কহিরা প্নরার লক্ষ্মণকে কহিলেন, লক্ষ্মণ! তৃমি যে আমাকে চনহ করিয়া থাক, আমি তাহা বিলক্ষণ জ্যাত আছি এবং তোমার বল বাঁর ও দ্বিশহ তেজও সমাক্ জানিয়াছি। এক্ষণে জননী আমার সত্য ও শাশ্ত অভিপ্রার বাবিতে না পারিয়া আমার বনগমন-বার্তার যারপরনাই কাতর হইতেছেন। দেখ, লোকে ধর্মাকেই উৎকৃষ্ট পদার্থ বিলয়া স্বীকার করে, এবং ধর্মেই সত্য প্রতিতিত আছে। পিতা আমাকে বে বিষয়ে আদেশ করিয়াছেন, তাহা ধর্মসংক্রান্ত। যে ব্যক্তি থামিকি, পিতামাতা বা রাক্ষাণের নিকট অঞ্গীকার করিয়া রক্ষা না করা তাহার নিতান্ত অকর্তায়। স্ত্রাং আমি যখন পিতার নিদেশ ও দেবী কৈকেষীর আদেশ পাইয়াছি, তখন বনগমনে কোনমতে ক্ষান্ত হইতে পারি না। এই কারণে কহিতেছি, তুমি নিতান্ত গহিতে ক্ষান্তর ধর্মান্তর্প ব্দিষ্থ এখনই পরিত্যাগ কর। যে ধর্ম অতি কঠোর, তাহা আশ্রয় করিও না। এক্ষণে আমারই মতান্ত্রতী হও।

রাম ভ্রান্থকৈহে প্রাত্য লক্ষ্মণকে এইরূপ কহিষা কৃতাঞ্জলিপটে কৌশল্যাকে কহিলেন, দেবি! আমি বনে ৰাইব, আপনি, অনুমতি প্রদান কর্ন। আমার দিব্য, আপনি আমার এই শ্রেরের বিদ্যাচরণ করিবেন না। রাজ্বিধি যথাতি যেমন ভ্রিম হইতে স্বর্গে আগমন করেন, সেইরূপ আমি প্রতিজ্ঞা উত্তীর্ণ হইয়া পুনরায় গৃহে প্রত্যাগমন করিব। শোক করিবেন না, মনের দুঃখ মনেই সংবরণ

কর্ন। আমি নিশ্চর কহিতেছি, পিতার আদেশ পালন করিয়া বনবাস হইতে প্নবার গ্রে প্রত্যাগমন করিব। দেখ্ন, আপনি, আমি, জানকী, লক্ষ্যণ ও স্মিত্রা আমরা এই কয়েকজন, পিতা বাহা বলিবেন তাহাই করিব, ইহাই যথার্থ ধর্মা। এক্ষণে দৃঃখ শোক পরিত্যাগ কর্ন এবং অভিষেক ব্যাপারে ক্ষান্ত হইয়া আমারই এই ধর্মবৃদ্ধির অনুসারিণী হউন।

রাম অবিকৃত মনে বিনীত বচনে এইর্প যাজিসক্ষত বাক্য প্রয়োগ করিলে দেবী কৌশল্যা ম্ছিতের ন্যায় যেন প্নরায় সংজ্ঞালাভ করিলেন এবং নিনিমেষ লোচনে রামের প্রতি দৃষ্টিপাতপর্বক কহিলেন, বংস! আমি তোমাকে অতি ষত্নে ও ক্নেহে জালন-পালন করিয়া থাকি, স্তরাং মহারাজের ন্যায় আমিও তোমার গ্রে। বল, তুমি কি বলিয়া এক্ষণে এই দৃংখিনীকৈ পরিত্যাগপ্রক বনে যাইবে। রাম! তোরে বিদায় দিয়া পৃথিবীতে বাচিবার ফল কি, অন্যান্য আত্মীয়-ম্বজনেই প্রয়োজন কি, দেবপ্জা ও তত্জ্ঞানেই বা আর কি হইবে, যদি সংসারের সকল সম্পর্ক পরিত্যাগ করিয়া তোরে মহাতেকের নিমিত্তও দেখিতে পাই, তাহাও ভাল।

তখন অন্ধকারপ্রবিষ্ট হস্তী বেমন উল্কাদ-ডস্পৃন্ট হইয়া ক্লোধে প্রজন্মিত হইয়া উঠে, সেইরূপ রাম জননী কৌশল্যার এই প্রুকার কর্ণ বাক্যে একাল্ড ক্রোধাবিন্ট হইরা উঠিজেন। সম্মুখে মাতা শোকে বিক্ততনগ্রার, প্রাতা লক্ষ্মণও দ্বংথে একান্ত আর্ত ও সন্তণ্ত, তন্দর্শনে রামুক্তিসনার ধর্মবৃদ্ধিরই অন্রুপ বাক্যে কহিতে লাগিলেন, লক্ষ্মণ! আমার ক্রি তোমার বে ঐকান্তিক ভাত্ত আছে, আমি তাহা জ্ঞাত আছি এবং তেন্দার পরাক্তম বৈ অসাধারণ তাহাও জ্ঞান; কিন্তু আমি তোমাকে ড্রোভ্রিনানবেধ করিতেছি, তুমি আমার অভিপ্রার ব্বিতে না পারিয়া জননীর স্থিতে আমাকে আর দ্বেখিত করিও না। এই জ্বীবলোকে পর্বকৃত ধর্মের ক্লোৎপত্তিকাল উপস্থিত হইলে ধর্ম অর্থ ও কাম এই তিনই উপলক্ষ্ম হুবী থাকে, স্ত্রাং বে কার্মে ধর্ম অর্থ ও কাম এই তিনই প্রাণ্ড হওয়া বার, তাহা হ্দরহারিনী একান্ড বশ্যা প্রেবতী ভার্যার ন্যার অবশ্যই স্পৃত্গীয় সন্দেহ নাই। কিন্তু যাহাতে ধর্মাদি কিছুরই সমাবেশ দৃষ্ট হয় না, ভাহার অনুষ্ঠান গ্রেয়স্কর নহে। বাহ্যতে ধর্ম সংগ্রহ ছয়, তাহাই করিবে। যে ব্যক্তি উপেক্ষা-দোবে ধর্ম নক্ট করিয়া স্বার্থপর হয়, সে লোকের স্বেষভান্ধন **হই**য়া থাকে। আর ধর্মবিরহিত কামও কোনর্পে প্রাশসত বলিয়া পরিগণিত হইতে পারে না। দেখ, আমাদিগের বন্ধ পিতা ধন বে'দ প্রভাতিতে আমাদিগকে সমাক্ উপদেশ দিয়াছেন। তিনি কাম কোধ অথবা হর্যবশতই হউক, ষেরূপ আজ্ঞা দিবেন, ধর্মবোধে কে তাহার অনুষ্ঠান না করিবে? এই কারণে পিতা যে প্রতিক্তা করিয়াছেন, তাহার বিরুখাচরণ করিতে আমি সমর্থ হইতেছি না। মহারাজ আমাদিগের পিতা, আমাদিগের উপর তাঁহার সর্বাপ্গীণ প্রভা্তা আছে। বিশেষতঃ দেবীর তিনি ভর্তা, তিনিই গতি ও তিনিই ধর্ম। অধিক আর কি কহিব, তিনি জীবিত আছেন, বিশেষতঃ প্র পরিত্যাগ করিয়াও ধর্মরক্ষায় প্রস্তুত হইয়াছেন, এইর্প অবস্থায় তাঁহার আজ্ঞাক্তমে দেবীও অন্য অনাথা স্ত্রীলোকের ন্যায় আমার সহিত এই স্থান হইতে বহিষ্কৃত হইতে পারেন। অতএব ইনি বনগমন বিষয়ে আমায় আদেশ কর্ন, আমি বতকাল প্রণ করিয়া বাহাতে প্রত্যাগমন করিতে পারি, আমার এইরূপ আশীর্বাদ করন। দেবি! আমি রাজ্যলোভে মহাফলজনক বশে কিছ্,তেই উপেক্ষা করিতে পারিব না। জীবন কাহারই চিরুস্থায়ী নহে, স্তরাং অধর্মান্সারে অদা এই তুচ্ছ পৃথিবীকে হস্তগত করিতে আমার কিছ্,তেই স্পৃহা হইবে না।

মন্জপ্রধান রাম অক্ষর্থাচন্তে দণ্ডকারণা প্রস্থান করিবার নিমিত্ত বীর লক্ষ্যণকে এইর্প উপদেশ দিয়া জননীকে প্রদক্ষিণ ও প্রসল্ল করিয়া তথা হইতে নিজ্ঞানত হইবার ইচ্ছা করিলেন।



দাবিংশ সর্গাঃ অনন্তর লক্ষ্মণ রামের এইরূপে রাজানাশ ও বনবাস আলোচনা করিয়া দঃথে মিরমাণ হইয়া রহিলেন। রামের দুর্দশা তাঁহার কোনমতেই সহা হইল না; নেত্রযুগল ক্লোধে বিস্ফারিত হইরা উঠিল। তখন সংধীর রাম ক্লোধাবিষ্ট হস্তীর ন্যায় প্রিয়মিত স্থামতানন্দন লক্ষ্মণকে সম্মুখীন ক্রিয়া অবিকৃতমনে কহিতে লাগিলেন, বংস! একং ফ্রোখ শোক এবং এই অবমাননাকে হ্দরো স্থান প্রদান করিও না। প্রান্তর বে অভিবেকের আরোজন হইরাছে, ধৈর্য ও হরের সহিত হাহা বিদ্যারিত কর এবং এই বনগমনর প অবিনাশ্বর ধণের সাহাযো প্রান্ত হও। আমার অভিবেকের দ্ব্যাসামগ্রী সংগ্রহ করিবার নিমিত্ত তুমি বিয়ুগে বন্ধ স্বীকার করিয়াছিলে, অভিবেক-নিব্তির নিমিতত সেইর প বৃহ কর। রাজ্যাভিষেকের কথা শানিরা যাঁহার সদতাপ উপস্থিত হইয়াছে, ক্রেদিগিগের সেই মাতা কৈকেয়ীর যাহাতে শঙকা দ্র হয়, তুমি সেই কার্ক্ সূত্র হও। তাঁহার অন্তরে বে অনিন্ট-আশঙকা-মূলক দ্বেখু উৎপান হইয়াছে, আমি মূহ্ত্কালের নিমিত্তও তাহা উপোকা করিতে পারি না। জ্ঞান বা অজ্ঞানবশতই হউক, পিতামাতার নিকট ষে সামান্যমাত্র অপরাধ করিয়াছি, ইহা কদাচই আমার স্মরণ হয় না। আমার পিতা সত্যবাদী ও সত্যপ্রতিজ্ঞ। তিনি পরলোক্ডরে নিতান্ত ভীত হইরাছেন। একণে তাঁহার ভয় দূরে হউক। অভিষেকের অভিলাবে ক্ষান্ত না হইলে পিতা আপনার কথা রক্ষা হইল না দেখিয়া ষংপরোনান্তি মনস্তাপ পাইবেন, তাঁহার দঃখ আমাকেও মর্মাবেদনা দিবে: এই কারণে আমি রাজ্ঞালোভ পরিত্যাগ করিয়া এখনই এই প্রেরী হইতে নিগতি হইবার ইচ্ছা করি। আমি নিগতি হইলে আজ কৈকেরী কৃতকার্য হইয়া নিম্কণ্টকে আপনার পরে ভরতকে রাজ্যে অভিষেক করিবেন। আমি জটাবল্কল ধারণপূর্বাক অরণ্যে প্রস্থান করিলে তিনি মনের সুথে কালষাপন করিতে পারিবেন। বিনি কৈকেরীকে এই বৃদ্ধি প্রদান করিয়াছেন তিনিই আবার এই বৃশ্বির অনুযায়ী কার্যসাধনে তাঁহাকে অটল রাখিয়াছেন: স্তরাং আমি দেবীর মনঃক্ষোভ জন্মাইতে কোনমতেই পারিব না. এখনই বনবাসোদ্দেশে প্রস্থান করিব। লক্ষ্যণ! প্রাপ্ত রাজ্যের প্রন:প্রত্যাহরণ ও আমার নির্বাসন এই দুই বিষয়ে দৈবই কারণ সন্দেহ নাই। আমার প্রতি কৈকেয়ীর মনের ভাব যে এইরূপ কল,িষত হইয়াছে, দৈবই ইহার নিদান. তাহা না হইলে কৈকেয়ী আমায় দুঃখ দিবার নিমিত্ত কখনই এইরূপ অধ্যবসায় করিতেন নাঃ ভাই! তুমি ত জ্বানই ষে, আমি কোনকালে মাড়গণের মধ্যে

কাহাকেই ইতর্রবিশেষ করি নাই, আর কৈকেয়ীও আমাকে ও ভরতকে কখন ভিমভাবে দেখেন নাই; সন্তরাং তিনি অতি কঠোর বাক্যে যে আমার রাজ্যনাশ ও বনবাস প্রার্থনা করিয়াছেন, তদ্বিষয়ে দৈব ভিন্ন অন্য কোন কারণই দেখি না। দেবী কৈকেয়ী সংশ্বভাবা ও গণেবতী হইয়া ভর্ত্সমক্ষে সামান্য দ্বীলোকের ন্যায় যে আমায় ক্রেশকর বাক্য প্ররোগ করিবেন, দৈব ভিন্ন ইহার অন্য কোন কারণই দেখি না। যাহা অচিন্তনীয় তাহাই দৈব; জীবগণের অধিষ্ঠাতা ব্রহ্মাদি দেবতারাও এই দৈবকে অভিক্রম করিতে পারেন না। এই দৈবপ্রভাবেই কৈকেয়ীর ভাব-বৈপরীতা ও আমায় রাজ্যনাশ উপস্থিত হইয়াছে। বংস! কর্মফল বাতীত যাহার জ্রেয় আর কিছ্ই নাই, সেই দৈবের সহিত কোন্ ব্যক্তি প্রতিশ্বন্থিতা করিতে সাহসী হইবে। সুখ দুঃখ ভয় ক্রোধ ক্ষতি লাভ বন্ধন ও মালে, এই সমন্ত বিষয়ের মধ্যে দ্র্র্জের কারণ এমন যাহা কিছ্ ঘটিতেছে, তৎসমাদয়ের ম্লেই দৈব। দেখ, উগ্রতপা তাপসেয়া দৈববশতই কঠোর নিয়মসমাদয় পরিত্যাগ করিয়া কাম ও জোধে অভিভ্ত হইয়া থাকেন। এই জীবলোকে আরঝ কার্য প্রতিহত করিয়া অকস্মাৎ যে কোন অসংক্রিপত বিষয় প্রবর্তিত হয়, তাহা দৈবের বিলাস ভিন্ন আর কিছুই নহে।

দেবের বিলাস ভিন্ন আর কিছুই নহে।
লক্ষ্মণ। একণে যদিও অভিষেকের ব্যাখাত ক্ষিত্রেছে, কিন্তু এই তবুজ্ঞান
খারা আপনাকে প্রবাধিত করিতে পারিলে ছেন্ট্রের আর কিছুমার পরিতাপ
উপস্থিত ইইবে না। তুমি এই উপদেশবুল্লে দুঃথ সংবরণ করিয়া আমার
মতান্বতী হও এবং অভিষেকের অক্ষেত্রিন শাঁঘ সকলকে নিরুত্ত কর।
আমার অভিষেক সাধনার্থ যে-সকল জুলুল্ল কলস স্থাপিত রহিয়াছে একণে
ঐ সমসত শ্বারা আমার তাপুস্কুত্রর স্নান্ত্রিয়া সমাহিত ইইবে। অথবা
অভিষেক সংস্কৃত্র এই সমুদ্ধে বিশ্বে দুভিপাত করিবার আর আবশ্যকতা নাই,
আমি স্বহুত্তেই কুপ ইইটে জল উন্ধৃত করিয়া বনবাস-রতে দীক্ষিত ইইব।
ভাই! রাজ্যলক্ষ্মী হস্তগর্তে ইইল না বলিয়া তুমি দুঃখিত ইইও না, রাজ্য ও
বন এই উভয়ের মধ্যে বনই প্রশাত। দৈবের প্রভাব যে কির্প তুমি তো তাহা
ভাতে ইইলে; স্ত্রাং এই রাজ্যনাশ বিষয়ে দৈবোপ্তত পিতা ও কনিন্তা
মাতার দোষাশ্রুকা করা আর তোমার কর্তব্য ইইতেছে না।

হয়ে বিশেষ সগা। রাম এইর্প কহিলে মহাবীর লক্ষ্যণ সহসা দ্বে ও হর্ষের মধ্যণত হইয়া অবনতম্থে কিরংক্ষণ চিন্তা করিলেন এবং ললাটপটে ক্রেক্টি বন্ধনপর্কে বিলমধ্যপথ ভ্রুজ্ঞাের ন্যায় ক্রোথভরে ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। তৎকালে তাঁহার বদনমন্ডল নিতান্ত দ্বিরীক্ষা হইয়া উঠিল এবং কুপিত সিংহের মুখের ন্যায় অতি ভীষণ বােধ হইতে লাগিল। অনন্তর হনতী যেমন আগনার শুন্ড বিক্ষেপ করিয়া থাকে, তদ্রুপ তিনি হন্তাগ্র বিক্ষিণ্ড এবং নানাপ্রকারে গ্রীবাভাগ্য করিয়া বক্ষভাবে কটাক্ষ নিক্ষেপ-প্রেক কহিতে লাগিলেন, আর্য! ধর্মদােষ পরিহার এবং ন্বদ্তান্তে লােক-দিগকে মর্যাদার স্থাপন এই দুই কারণে বনগমনে আপনার যে আবেগ উপস্থিত হইয়াছে, তাহা নিতান্ত দ্রান্তির মুখ হইতে কি এইর্প বাক্য নির্গত হওয়া সন্ভব ? আপনি অনায়াসেই দৈবকে প্রত্যাখ্যান করিতে পারেন, তবে কি নিমিত্ত

একাশ্ত শোচনীয় অকিণ্ডিংকর দৈবের প্রশংসা করিতেছেন? মহারাজ অভি পাপামা, রাজমহিয়ী কৈকেয়ী অতি পাপীরসী, ই'হাদিগের পাপস্বভাবে আপনরে কেন বিশ্বাস জন্মতেছে না? ধর্মাত্মন্! আপনি কি বিদিত নহেন বে, এই জীবলোকে অনেকেই কেবল ধর্মের ভান করিয়া কালাতিপাত করিয়া থাকে? দেখনে, মহারাজ ও কৈকেয়ী স্বার্থের অনুরোধে ভবাদৃশ সচ্চরিত্র পুত্রকে শঠতাপূর্বক পরিভ্যাগ করিভেছেন। শঠতা স্বারা অ্রপনাকে বঞ্জিত করা তাঁহাদিগের অভিপ্রায় না হইলে, তাঁহারা রাজ্যাভিষেকের উদ্যোগ করিয়া কদাচই তাহার বিঘাচরণ করিতেন না। আর বদি বরপ্রসংগ সত্য হইত. অভিষেক আরশ্ভের পূর্বেই কেন ভাহার সূচনা না হইল? যাহাই হউক জ্যেষ্ঠকে অতিক্রম করিয়া কনিষ্ঠের রাজ্যাভিষেক নিতান্ত গহিছি, মহারাজ তাহারই অন্-ডান করিতেছেন। হে বীর! এই জখন্য ব্যাপার আমার কিছ্তেই সহ্য হইতেছে না। এক্ষণে আমি মনের দঃথে বাহা কিছু কহিতেছি, আপনি ক্ষমা করিবেন। আরও, আপনি যে-ধর্মের মর্মা অনুধাবন করিয়া মুস্থ হইতেছেন, যাহার প্রভাবে আপনার মতদৈবধ উপস্থিত হইয়াছে, আমি সেই ধর্মকেই দেবষ করি। আপনি কর্মক্ষম, তবে কি কারণে সেই স্তৈগুরাজার ঘূণিত অধর্মপূর্ণ বাক্যের বশীভতে হইবেন? এই বে রাজ্যাভিষেক্তে বিষয় উপস্থিত হইল, বাকোর বশীভ্ত হইবেন? এই বে রাজ্যাভিষেক্ত্রের বিষ। উপাশ্থত হইল, বরদানছলই ইহার কারণ; বিশ্তু আপনি যে হোলা ন্বাকার করিতেছেন না, ইহাই আমার দঃখ; ফলতঃ আপনার এই ধ্যুর্ক্তুম্প নিতাশ্তই নিশ্ননীয় সংশেহ নাই। আপনি অকারণে রাজ্যপদ পরিত্যুক্তি অযুগ হোষণা করিবে। মহারাজ ও কৈকেয়া কেবল নামমাত্রে পিতৃত্ব কিল, বস্তৃতঃ তাহারা পরম শার্, যাহাতে আমাদিশের অনিণ্ট হয়, প্রতিনিষ্ঠিত তাহারই চেন্টা করিয়া থাকেন; আপনি ব্যাতরেকে মনে মনেও তাহারিদ্বৈর সংকল্প সিন্ধ করিছে কেহই সন্মত নহে। তাহারা আপনার রাজ্যাভিষিকে বিষাচেরণ করিলেন, আপনিও তাহা দৈবকৃত বিবেচনা করিতেছেন, অনুরোধ করি, এখনই এইর্প দুর্ববৃদ্ধি পরিত্যাগ কর্ন, এই প্রকার দৈব কিছুতেই আমার প্রীতিকর হইতেছে না। যে ব্যক্তি নিদেতজ, নিবীর্যা, সেই-ই দৈবের অন্সরণ করে, কিন্তু ষাঁহারা বীর, লোকে যাঁহাদিগের বলবিক্তমের শ্লাঘা করিয়া থাকে, তাঁহারা কদাচই দৈবের মুখাপেক্ষা করেন না। যিনি স্বীয় পোর,ষপ্রভাবে দৈবকে নিরুত করিতে সমর্থ হন, দৈববলে তাঁহার স্বার্থহানি হইলেও অবসম হন না। আর্থ! আজ লোকে দৈববল এবং পরে,ষের পৌর,ষ উভয়ই প্রত্যক্ষ করিবে। অদা দৈব ও পরে,ষকার উভয়েরই বলাবল পরীক্ষা হইবে। ষাহারা আপনার রাজ্যাভিষেক দৈবপ্রভাবে প্রতিহত দেখিয়াছে, আজ তাহারাই আমার পৌর্মের হস্তে তাহাকে পরাস্ত দেখিবে। আজ্র আমি উচ্ছাল্খল দুর্দান্ত মদস্রাবী মন্ত কুঞ্জরের ন্যায় দৈবকে স্বীয় পরাক্তমে প্রতিনিব্ত্ত করিব। পিতা দশরথের কথা দ্রের থাকুক, সমস্ত লোকপাল, অধিক কি ত্রিজগতের সমস্ত লোকও আপনার রাজ্যাভিষেকে ব্যাঘাত দিতে পারিবে না। ষাহারা পরস্পর একবাক্য হইয়া আপনার অরণ্যবাস সিন্ধান্ত করিয়াছে, আজ তাহাদিগকেই চতুর্দশ বংসরের নিমিত্ত নির্বাসিত হইতে হইবে। আপনার অনিষ্ট সাধন করিয়া ভরতকে রাজা দিবার নিমিত্ত রাজা ও কৈকেয়রি যে আশা উপস্থিত হইয়াছে, আজ আমি তাহাই দশ্ধ করিব। যে আমার বিরোধী, আমার দূর্বিষহ পোরুষ বেমন তাহার দুঃখের

কারণ হইবে, তদ্র্প দৈববল কদাচই স্থের নিমিন্ত হইবেক না। আর্য! আপনি সহস্র বংসর অতে বন-প্রবেশ করিলে, আপনার প্রেরাই রাজসিংহাসন অধিকার করিবে। প্রে অপত্যনিবিশেষে প্রজাপালনে সমর্থ হইলে তাহার হক্তে সমস্ত রাজ্যভার অপণিপ্রেক প্রে রাজ্যিগণের দৃষ্টান্তান্সারে বন-প্রশান করাই শ্রের।

মহারাজ চপলতাদোবে প্রতিকলে হইলে পাছে রাজ্য হস্তান্তর হয়, এই আশ•কার রাজসিংহাসন গ্রহণে আপনি অসম্মত হইবেন না। প্রতিজ্ঞা করিতেছি, আমিই আপনকার রাজ্য রক্ষা করিব নতুবা চরমে যেন আমার বীরলোক লাভ না হয়। তীরভূমি যেমন মহাসাগরকে রক্ষা করিতেছে, তদুপ আমি আপনার রাজ্র রক্ষা করিব। এক্ষণে আপনি স্বরংই বছবান হইয়া মাপোলিক দুব্যে অভিষিদ্ধ হউন। ভূপালগৰ যদি কোন প্ৰকার বিরোধাচরণ করেন, আমি একাকীই ডাঁহাদিগকে নিবারণ করিতে সমর্থ হইব। আর্য! আমার যে এই ভ্রেদণ্ড দেখিতেছেন, ইহা কী শরীরের সোন্দর্য সম্পাদনার্থ? বে কোদণ্ড দেখিতেছেন, ইহা কি কেবল লোভার্থ? এই থজো কি কাণ্ঠবন্ধন. এই শরে কি কাষ্ঠভার অবতরণ করা হয়?—মনেও করিবেন না; এই চারিটি এই শরে কি কান্ডভার অবতরণ করা হয়?—মনেও করিবেন না; এই চারিটি
পদার্থ শত্রিবনাশার্থই ব্যবহৃত হইয়া থাকে। ক্রেমি বক্সধারী ইন্দুই কেন
আমার প্রতিশ্বন্দাী ইউন না, বিদান্তের নাায় প্রেমির তীক্ষাধার অসি শ্বারা
তাঁহাকেও খন্ড করিয়া ফেলিব। ইন্দুর্ভির শন্ড অনেবর উর্নুদেশ এবং
পদাতির মন্তক আমার খলে চার্ণ ইইমে সেরাগ্যন একান্ড গহন ও দ্রবগাহ
করিয়া তুলিবে। অদ্য বিপক্ষেরা আমনে অসিধারায় ছিল্লমন্ডক ইইয়া শোণিতলিশ্ত দেহে প্রদাশত পাবকের ক্রিমির অসিধারায় ছিল্লমন্ডক ইইয়া শোণিতলিশ্ত দেহে প্রদাশত পাবকের ক্রিমির অবদ্যান্দামশোভিত মেঘের ন্যায় রণক্ষেত্রে
নিপতিত ইবব। আমি বখন গোর্ঘাচমনির্মিত অব্যানিতাণ ও শরাসন ধারণ
করিয়া সমরসাগরে অবত্রতি ইবব, তখন পরেন্তের মধ্যে এমন কে আছে যে
বারদর্শে করাই ইতে প্রারিবে। আমি বহুসংখ্য শরে এক ব্যক্তিকে এবং
এক্সাল শরে বহু ব্যক্তিকে বিনাশ করিয়া হুফলী অধ্য ও সমাবের হুছান্দেশ একমাত্র গরে বহু ব্যক্তিকে বিনাশ করিয়া হুলতী অধ্ব ও মনুব্যের মুম্পেশ অনবরত বিশ্ব করিব। অদ্য মহারাজের প্রভূষনাশ এবং আপনার প্রভূষ সংস্থাপন-এই উভয় কারণে আমার অস্তপ্রভাব প্রদর্শিত হইবে। যে হস্ত চন্দনলেপন, অণ্সদ্ধারণ, ধনদান ও সাহাদ্বগেরি প্রতিপালনের সমাক্ উপযান্ত, অদ্য সেই হস্ত আপনকার অভিষেক-বিঘাতকদিগের নিবারণ বিষয়ে স্বীয় অনুরূপ কার্য সাধন করিবে। এক্ষণে আজ্ঞা কর্ন আপনার কোন্ শনুকে ধন প্রাণ ও সূত্রদূগণ হইতে বিষ্তু করিতে হইবে। আমি আপনার চিরকিংকর; আদেশ করুন, যের্পে এই বস্মতী আপনার হস্তগত হয়, আমি তাহারই অনুষ্ঠান করিব।

রঘ্বংশাবতংস রাম লক্ষ্যণের এইপ্রকার বাক্য শ্রবণপর্বক বারংবার তাঁহাকে সাম্থনা ও তাঁহার অশ্র্রুল মার্ক্তনা করিয়া কহিলেন, বংস! আমি পিতৃআন্তরা পালন করিব, সর্বাবয়বে ইহাই সং পথ বলিয়া আমার বোধ ইইতেছে।

চতুর্বিংশ সর্গা। অনন্তর দেবী কৌশল্যা ধার্মিক রামকে পিতৃআজ্ঞা পালনে একাস্ত অধ্যবসায়ার্চ দেখিয়া বাষ্পগদগদ কন্ঠে কহিতে লাগিলেন, হা! দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিনি আমার গর্ভে মহারাজ দশরথের ঔরসে জন্মগ্রহণ করিয়াছেন, বাঁহাকে কথনই দ্বংথের মুখ দশনি করিতে হয় নাই, সেই প্রিরংবদ রাম কি প্রকারে উদ্ধ্বতি খ্রারা দিনপাত করিবেন। বাঁহার ভ্রত্যেরা স্বেশংস্কৃত অল্ল ভাজন করিয়া থাকে, তিনি অরণ্যে কির্পে ফলম্ল আহার করিবেন। রাজার প্রিয় প্রে গ্রেবান রাম নির্বাসিত হইতেছেন এই বাক্যে কে বিশ্বাস করিবে, বিশ্বাস করিলেও কাহার না অন্তরে ভয় উপদ্থিত হইবে। যখন হ্দয়রঞ্জন রামের খনবাস ঘটনা হইল, তখন সকলের নিয়ন্তা দৈবই বে সর্বাপেক্ষা প্রবল, তাহা নিঃসংশ্যেই বোধ হইতেছে। বংস! গ্রীম্মকালে হ্তাশন যেমন তৃণলতাসকল দশ্য করিয়া থাকে, তন্ত্রপ এই শোকানল আমার হ্দয় ভেদ করিয়া উথিত হইবে, তোমার অদর্শন রূপ বায়্ব উহাকে প্রদীশত করিয়া তুলিবে; দঃখ উহার কান্ড, চক্ষের জল আহ্বিত এবং চিন্তাজনিত বান্প ধ্যান্বর্গ হইবে। বংস! একণে তুমি যথায় বাইবে, বংসান্সারিণী ধেন্র ন্যায় আমি তোমার সমভিব্যহারিণী হইব।

প্র্যথধান রাম শোকাত্রা জননীর এইপ্রকার বাকা প্রবণ করিয়া কহিলেন, মাতঃ! কৈকেয়ী বঞ্চনা করিয়া মহারাজকে বংপরোনাশিত দ্রেখিত করিয়াছেন; এক্ষণে আমি ত বনে চলিলাম, অক্ষর আপনিও যদি আমার অন্সরণ করেন, তাহা হইলে তিনি নিশ্রপ্রী প্রাণ বিসর্জন করিবেন। স্থালাকের স্বামী পরিত্যাগ অপেকা নিশ্রপ্রত্প আর কিছ্ই নাই, সেই জঘন্য বিষয় আপনি মনেও স্থান দিবেন না। ক্রমতের পতি পিতা বতদিন জীবিত থাকিবেন, আপনি কায়মনোবাক্যে অহিল সেবা কর্ন, ইহাই আপনার ধর্ম।

শ্ভদর্শনা কৌশল্যা রামের এই কথা শ্নিরা প্রতিমনে কহিলেন, বংস! শ্রামার শ্রামার করা স্থালাকের অবশ্য কর্তব্য সন্দেহ নাই। জননী স্বামানি সেবায অন্মোদন করিলে ক্রিসরায়ণ রাম প্রব্ র কহিলেন, মাডঃ! মহারাজ আপনার ভর্তা এবং আয়ুরি পরম গ্রা গিতা, বিশেষতঃ তিনি সকলের অধাশ্বর ও প্রভ্, তাঁহার আজ্ঞা পালন করা আমাদের উভয়েরই কর্তব্য। নিশ্চয়ই কহিতেছি আমি এই চতুদ্শ বংসরকাল অরণ্য পর্যটনপূর্বক প্রত্যাগমন করিয়া প্রতিমনে আপনার সেবা-শ্রামা করিব।

তথন প্রবংসলা কৌশল্যা দুঃখিত মনে বাষ্পপ্রণ লোচনে কহিলেন, বংস! আমি তোমাকে বিদায় দিয়া এই সপদ্মীদিগের মধ্যে কোনমতেই তিন্ঠিতে পারিব নাঃ যদি পিতার নিমিত্ত বনবাসই স্থির করিয়া থাক, তবে আমাকেও বনাম্গার ন্যায় সংগে লাইয়া যাও। এই বলিয়া কৌশল্যা কর্ম কপ্তে রোদন করিতে লাগিলেন।

তদ্দর্শনে রাম শ্বরং কাতর না হইয়া কহিলেন, জননি! স্চীলোক যতদিন জীবিত থাকিবে, ততদিন ভর্তাই তাহার দেবতা ও প্রভ্: স্ত্রাং, মহারাজ আপনার ও আমার উপর যে বথেচ্ছ ব্যবহার করিবেন, ইহাতে আর বস্তব্য কি আছে। তিনি সত্ত্বে নির্মাস্তকের ন্যায় জ্ঞান করা আমাদিগের কর্তব্য নহে। ভরত অতি প্রিয়বাদী ও ধর্মনিষ্ঠ, তিনি সর্বতোভাবেই আপনার মনোরঞ্জন করিবেন সদেহ নাই। এক্ষণে সাবধান, আমি নিষ্কান্ত হইলে মহারাজ আমার শোকে যেন ক্লান্তি অন্ভব না করেন। আমার বিরোগ-দৃঃখ তাঁহার পক্ষে অতি দার্শ হইয়া উঠিবে, দেখিবেন, যেন অতঃপর তাঁহার প্রাণাশ্তকর কিছুই উপস্থিত না হয়। মাতঃ! কায়মনে সেই বৃশ্ধ রাজার হিতসাধন করা আপনার বিধেয়। যে

নারী ব্রতোপবাসশীল হইয়া ভর্তুসেবা না করে, তাহার অধােগতি লাভ হয়; ভর্তুসেবা করিলে দ্বগপ্রাণিত হইয়া থাকে। দেবতাকে প্র্লা ও নমস্কার করিতে বাহার শ্রুণা নাই তাহার ভর্তুসেবা করাই শ্রেয়। দেবি! বেদ ও স্মৃতিশাদ্রে দ্বীজাতির এইর্পই ধর্ম নির্দিণ্ট আছে। একশে আপনি দ্বামিসেবায় মনােনিবেশ করিয়া আহার সংযমপ্রক আমারই শ্রুভান্দেশে অশ্নিকার্যে দেবগণের অর্চনা এবং ব্রতশীল বিপ্রবর্গের প্রা করিবেন। এইভাবে কিছ্রিদন আমার আগমন প্রতীক্ষায় ক্ষেপণ কর্ন। বিদ মহারাজ জাবিত থাকেন, আমি প্রত্যাগমন করিলে ইহার ফল অবশ্যই প্রাণত হাবনে।

দেবী কৌশল্যা রামের এইর্প প্রবাধজনক বাক্য প্রবণ করিয়া দ্র্থিত মনে সজলনয়নে কহিলেন, রাম! তুমি বনগমনে কৃতনিশ্চর হইয়ছ, তোমাকে ক্লান্ত করা আর আমার সাধ্য নহে। বােধ হয় অবশ্যান্তাবী বিয়ােগকাল অতিক্রম করা নিতান্তই স্কাঠিন। যাহাই ইউক, তুমি একণে একাগ্রমনে গমন কর, তোমার মণ্যল হউক। তুমি প্রত্যাগমন করিলে আমার সকল দ্রভাবনা দ্র হইবে। তুমি এই চতুর্দশ বংসর রভপালনপ্র্বক পিতৃথণ হইতে ম্রু হইলে আমি পরমস্থে নিদ্রা যাইব। বংস! আমার অন্রেরাধ না রাখিয়া অচিন্তনীয় দৈবই তোমায় অরণাবানে প্রেরণ করিজেছেন। একণে হন্দের কর, নিবিষ্মে আসিয়া হ্দয়হারী সাম্পনায় আমাকে আনন্দিত করিঞ্জিল। ভাগো কি সেই দিন উপন্থিত হইবে, বে-দিনে দেখিব তুমি জ্যাবিক্সমারণপ্রেক বন হইতে আগমন করিলে? এই বলিয়া কৌশল্য সাদরমনে ক্রিকে দর্শন করিতে লাগিলেন।

হ্দরহার। সাম্পনার আমাকে আনান্দত কার্প্ত্রাছা! ভাগো কে সেই দিন উপস্থিত হইবে, বে-দিনে দেখিব তুমি জটাবক্সমারণপর্কে বন হইতে আগমন করিলে? এই বিলয়া কোশল্যা সাদরমনে করিকে দেশন করিতে লাগিলেন।

পঞ্চীবংশ সগায় অনুভার কেন্দ্রের মুখ্যান শোক সুবরণপূর্ক পবিদ্র সলিলে আচমন করিয়া রামের নিমিন্ত নান্ত্রির মুখ্যান্তরণ করিয়ে লাগিলেন। কহিলেন, বংস! আমি তোমাকে কিছুতেই নিবারণ করিয়া রাখিতে পারিলাম না। এক্ষণে তুমি প্রস্থান কর, কিন্তু শীঘ্রই প্রত্যাগমন করিও। তুমি প্রীতিভরে নিরমসহকারে যে-ধর্ম প্রতিপালনে প্রবৃত্ত হইয়াছ সেই ধর্ম তোমায় রক্ষা কর্নন। তুমি দেবালয়ে যে-সমস্ত দেবতাদিগকে প্রতিনিয়ত প্রণাম করিয়া থাক, বনমধ্যে তাঁহারা তোমায় রক্ষা কর্ন। ধীমান বিশ্বামিত্র ভোমাকে যে-সমস্ত অস্ত্র প্রদান করিয়াছেন, তাঁহারাও তোমায় রক্ষা কর্ন। বংস! পিতৃসেবা মাতৃসেবা ও সত্যপালনের প্রভাবে রক্ষিত হইয়া চিরজীবী হও। সমিধ কুশ পবিত্র বেদি আয়তন স্পণ্ডিল পর্বত বৃক্ষ হুদ পতংগ প্রগে ও সিংহসকল তোমায় রক্ষা করন। সাধা বিশ্বদেব মরত ইন্দ্রাদি লোকপাল বসন্তাদি ছয় ঋতু মাস সংবংসর দিনরাতি মৃহতে কলা এবং বিরাট বিধাতা পূ্ষা ভগ অর্থমা লুতি স্মৃতি ও ধর্ম তোমায় রক্ষা কর্ন ৷ ভগবান স্কন্দ সোম বৃহস্পতি স্তিষি নারদ ও অন্যান্য মহািষ্গণ তোমায় রক্ষা কর,ন। প্রসিম্ধ অধিপতির সহিত দিকসম্বদয় আমার স্তৃতিবাদে প্রসন্ন হইয়া বনমধ্যে প্রতিনিয়ত তোমায় রক্ষা করুন। তুমি বখন মুনিবেশে অটবীমধ্যে পর্যটন করিবে, তখন কুল পর্বত, বর্ণদেব, স্বর্গ, অন্তরীক্ষ, প্থিবী, স্থির ও অস্থির বায়, সমুস্ত নক্ষর, অধিষ্ঠারী দেবতার সহিত গ্রহসম্বায় এবং উভয় সম্ব্যা তোমায় রক্ষা করিবেন । দেবতা ও দৈত্যেরা তোমাকে নিরশ্তর সূথে রাখিবেন। ক্রেকর্মপরায়ণ অতিভীষণ রাক্ষস পিশাচ ও মাংসভোজী অন্যান্য হিংস্র জন্ত হইতে যেন তোমার অন্তরে ভরসণ্ডার না

হয়। বানর বৃণিচক দংশ মশক সরীস্প ও কীটসকল বন্ধধ্যে তোমার যেন কোনর্প অনিভাটরণ না করে। হস্তী ব্যাল্প বিশালদশন ভল্ল্ক শৃল্পসম্প্র করালদশন মহিষ এবং অন্যান্য মন্য্যমাংসভোজী ভয়ত্বর জল্তুসকলকে আমি এই স্থান হইতে প্লা করিব, তাহারা বেন তোমার প্রাণে বিনাশ না করে। তোমার পরাক্রম সিম্থ হউক, পথের বিঘা দ্র হউক। তুমি পর্যাপ্ত পরিমাণে ফলম্ল প্রাণ্ড হইয়া নিরাপদে প্রস্থান করে। অল্তরীক্ষচর ও পার্থিব প্রাণিসম্দের এবং বে-সমস্ত দেবতা তোমার প্রতিক্ল তাহারা তোমার মণ্যলবিধান কর্ন। শ্রু সোম স্ব্র্ ক্বের যম অণিন বায়্ ধ্ম এবং খ্রিম্থোচ্যেরিত মন্ত্রসকল স্নানকালে ভোমার রক্ষা কর্ন। সর্ব্লোকপ্রভর্ ভ্তভাবন জগবান স্বয়স্থ্ এবং অন্যান্য দেবতারা তোমার রক্ষা কর্ন।

বিশাললোচনা কৌশল্যা রামকে এইর্প আশীর্বাদ করিয়া মাল্য গদ্ধ ও
স্কৃতিবাদ দ্বারা দেবগণকে অর্চনা করিতে লাগিলেন। তংপরে বিপ্রগণের
সাহায্যে বহিস্থাপনপূর্বক রামের শ্ভোশ্দেশে হোম করাইবার সক্ষপ
করিলেন এবং এই কার্যের উপযোগী ঘৃত দ্বেতমাল্য সমিধ ও সর্বপ আহরণ
করিয়া দিলেন। তথন উপাধ্যায় শান্তি ও আরোগ্য উল্লেশ করিয়া বিধানান,সারে
প্রজ্বলিত হৃতাশনে আহ্তি প্রদান করিতে ল্রিটালন এবং হৃতাবশেষ দ্বায়া
লোকপালাদি বলি সমাধান ও ব্রাহ্মণগণ্বে মধ্পক প্রদান করিয়া রামের
বনবাসোশ্দেশে স্বস্তিবাচন করাইলেন।
অনন্তর যশান্তিবাটন করাইলেন।

আনতর যশান্তিনী রামজননী উল্লেখিকে ইচ্ছান্র্প দক্ষিণা দান করিয়া রামকে সন্বোধনপূর্বক কহিলেন করিয়াছিল, তোমার তাহাই হউক। পূর্বে বিনতা অমৃতপ্রাথাঁ বিহগরাজ গ্রুজন যে শৃভ কামনা করিয়াছিলেন, তুমি তাহাই প্রাণত হও! অম্তোশ্যার সিমরে বছ্রপ্র ইন্দ্র দৈতাদলনে প্রবৃত্ত হইলে দেবী আদিতি তাহার নিমিত্ত যে শৃভ অন্ধান করিয়াছিলেন, তুমি তাহাই লাভ কর। অতুলবল বামন যথন স্বর্গ মত্য পাতাল আক্রমণ করেন, তংকালে তাহার যে শৃভ উপস্থিত হইয়াছিল, তুমি তাহাই প্রাণত হও। এক্ষণে মহাসাগর বাপ তিলোক বেদ ও দিকসম্দর তোমার মণ্যল কর্ন। এই বলিয়া দেবী কৌশল্যা রামের মন্তকে অক্ষত প্রদান, স্বাধ্যে গন্ধলেপন এবং মদ্যোচ্যারণ-পূর্বক পরীক্ষিত ওর্ষাধ ও শৃভ বিশ্লাকরণী হন্তে বন্ধন করিয়া দিলেন।

তংপরে তিনি বারংবার রামকে আলিজন এবং তাঁহার মুক্তক আনয়ন ও আয়াণ করিতে লাগিলেন। অনুক্তর বালপগদগদ কন্টে, মনের সহিত নহে, বালমাতে দুঃখিতা হইয়াও ফেন হৃদ্টার নায়ে কহিলেন, বংস! এক্ষণে তোমার ফ্যায় ইচ্ছা প্রদথান কর। তুমি নীরোগে অভীক্ট সাধনপূর্বক অযোধ্যায় আসিয়া রাজা হইবে, আমি পরম সূথে তাহাই দর্শন করিব। তুমি আবার নিবিঘা প্রত্যাগমন করিয়া বধ্ জানকীর বাসনা পূর্ণ করিবে। আমি রুদ্রাদি দেবগণ ভ্তগণ ও উরগগণকে অর্চনা করিয়াছি, তুমি এক্ষণে বহুদিনের নিমিত্ত বনবাসী হইতেছ, ইংহারা তোমার শৃভসাধন কর্ন। এই বলিয়া কৌশল্যা দ্বস্তায়ন সমাপনপূর্বক জলধারাকুললোচনে রামকে প্রদক্ষিণ করিলেন এবং তাঁহাকে বারংবার আলিজ্যন করিয়া একদ্নেট নিরীক্ষণ করিলেন এবং

ষড়বিংশ সর্গা। অনন্তর রাম জননীকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া দেহপ্রভাষ জনসংকুল রাজপথ স্থোভিত এবং গ্রেগ্রামে তত্ততা সকলের হ্দয় চমকিত করত তথা হইতে জানকীর আবাসাভিম্থে গমন করিতে লাগিলেন।

এদিকে জানকী রামের বনবাসব্তাল্ত কিছুই জানিতে পারেন নাই, অদ্য় তাঁহার যৌবরাজ্য হস্তগত হইবে মনের এই উল্লামেই মণন হইয়া আছেন। তিনি ঐ সময় রাজধর্মের অনুরূপ আচার অবলম্বনপূর্বক প্রতিমনে কৃতন্ত হুদয়ে দেবপূজা সমাপন করিয়া তাঁহার প্রতীক্ষা করিতেছিলেন, এই অবসরে রাম লজ্জাবনত বদনে তথায় প্রবেশ করিলেন। তখন জানকী প্রিয়তমকে একাশ্ড চিশ্তিত ও শোকসন্তশ্ভ দেখিয়া কম্পিত কলেবরে উথিত ইইলেন। জানকীর সমক্ষে রামের মনোগত শোক আর গোপন রহিল না, আকার ইণ্গিতে যেন স্ক্রণ্টই প্রকাশ পাইতে লাগিল।

অন্তর জানকী রামের মুখকাণিত মলিন দেখিয়া দুঃখিত মনে কহিলেন.
নাথ! এখন কেন তোমার এইর্প ভাবাণতর উপস্থিত? অদ্য চন্দের সহিত
প্র্যা নক্ষরের যোগ হইরাছে, এই শ্ভলণেন ব্হস্পতি দেবতা আছেন বিজ্ঞা
রাক্ষণেরা কহিতেছেন, আজিকার দিনই রাজ্যাভিষেকে প্রশস্ত, তবে কেন তুমি
এইর্প বিমনা হইয়াছ? শতশলাকারচিভ শ্বেভ্রিক তোমার এই স্কুমার
মুখকমল কেন আব্ত নাই! শশাণক ও হংস্ক্রিরার ধ্বল চামরযুগল লইরা



ভ্তোরা কি নিমিত্ত ইহা বীজন করিতেছে না! স্ত মাগধ ও বিদিশণ প্রতিমনে মজালগীতি গান করিয়া আজ কৈ তোমায় স্তৃতিবাদ করিল। বেদপারগ বিপ্রেরা স্নানাতে কেন তোমার মস্তকে মধ্ ও দিধ প্রদান করেন নাই! গ্রাম ও নগরের প্রজাবর্গ এবং প্রধান প্রধান সমস্ত প্যারিষদ বেশভ্ষা করিয়া অভিষেকাতে কি কারণে তোমার অনুসরণ করিলেন না! সর্বোৎকৃষ্ট প্রপর্থ চারিটি স্সাভ্জিত বেগবান অত্যে যোজিত হইয়া কি নিমিত্ত তোমার অগ্রে অগ্রে ধাবমান হইল না! মেঘের ন্যায় কৃষ্ণবর্গ পর্বতাকার স্কৃদ্যা স্লেক্ণাজানত হস্তী কেন তোমার অগ্রে নাই! পরিচারকেরা স্বণনিমিত ভদাসন স্কন্ধে লইয়া কৈ ভোমার অগ্রে অগ্রে আগ্রমন করিল। ধ্যন অভিষেকের সমস্তই প্রস্তৃত তোমার মৃখ্যী কেন মলিন হইল! কেনই বা সেইর্প মধ্র হাস্য আর দেখিতে পাই না!

রাম জানকীর এইর্প কর্ণ বিলাপ কর্ণগোচর করিয়া কহিলেন, জানকি! প্জাপাদ পিতা আমাকে অরণ্যে নির্বাসিত করিতেছেন। আজ যে সাত্রে আমার ভাগ্যে এই ঘটনা উপস্থিত হইল, কহিতেছি, শ্রবণ কর।

সত্যপ্রতিজ্ঞ পিতা প্রে দেবী কৈকেয়ীকে দুইটি বর অগ্যাকিরে করিরাছিলেন। আজ তিনি আমার রাজ্যে নিয়োগ করিবার বাসনায় সকল আয়োজন কবিলে কৈকেয়ী তাঁহাকে বরসংক্রান্ত প্রে কথা স্মরণ করাইয়া দেন। মহারাজ ধর্মতঃ প্রতিজ্ঞা করিয়াছিলেন, স্তরাং তদ্বিষয়ে আর ন্বির্ছি করিতে পারেন নাই। এক্ষণে সেই বরপ্রভাবে আমার চতুর্দশ বংসর দশ্ভকারণা বাস আদেশ হইষাছে। যোবরাজ্য ভরতেরই হইল। প্রিরে! আমি এক্ষণে বিজন বনে গমন করিব, এই কারণেই তোমায় একবার দেখিতে আইলাম।

দাবধান, তুমি ভরতের নিকট কদাচ আমার প্রশংসা করিও না, যাহারা বিভবশালী হয়, অনোর গ্ণান্বাদ কথনই সহা করিতে পারে না। তুমি যদি সর্বাংশে অনুক্ল হইতে পার, তবেই ভরতের নিকট ভিন্ঠিতে পারিবে। মহারাজ তাঁহাকে রাজ্য প্রদান করিলেন, এক্ষণে তিনিই রাজা, স্তরাং তাঁহাকে প্রসম রাখা তোমার কর্তব্য। জানকি! আমি পিতার অপানিররেজ্যপর্থ এখন বনে চলিলাম, কিছুমার চিন্তা করিও না। আমি অরগ্যবাস আশ্রয় করিলে তুমি ব্রত উপবাস লইয়া থাকিবে। প্রতিদিন প্রভাতে গারোখানপ্রকি বিধানান্সারে দেবপ্রা করিয়া আমার সর্বাদিশতে পিতার পাদবন্দন করিবে। আমার জননী অতিদ্যুখিনী, বিশেষ তাঁহরের শেষ দশা উপস্থিত, তুমি কেবল ধর্মের মুখ চাহিয়া তাঁহাকে সেবাজুলি করিবে। আমার মাতৃগণের মধ্যে সকলেই আমাকে একর্পে ন্যেই ক্রিমা। প্রাণাধিক ভরত ও শর্মাকে প্রতিত পারিলে তাঁহাদিগকে প্রণাম করিমে। প্রাণাধিক ভরত ও শর্মাকে প্রতিত পারিলে মহাপালস্কা প্রসম হইয়া থাকেন, বৈপরীতা ঘটিলে কুপিত হন। তাঁহারা আপনার উরসজাত প্রকে অহিতকারী দেখিলে তৎক্ষণাং পরিত্যাগ করেন, কিন্তু স্থোগ্যা হইলে একজন নিঃসম্বন্ধ লোককেও আদর করিয়া থাকেন। জানকি! আমি এই কারণেই কহিতেছি, তুমি রাজা ভরতের মতে থাকিয়া এই স্থানে বাস কর। আমি অরণো চলিলাম, আমার অনুরোধ এই, আমি তোমায় যে-সকল কথা কহিলাম, তাহার একটিও যেন বিফল না হয়।

সম্ভবিংশ সর্গ । প্রিরবাদিনী জানকী রামের এইর্প বাকা প্রবণ করিয়া প্রণয়কোপ প্রকাশপূর্বক কহিলেন, নাথ! তুমি কি জঘন্য ভাবিরা আমায় ঐর্প কহিতেছ? তোমার কথা শানিয়া যে আর হাস্য সম্বরণ করিতে পারি না। তুমি যাহা কহিলে ইহা একজন শাস্ত্তে মহাবীর রাজকুমারের নিতান্ত অযোগ্য, একান্তই অপ্যশের, বলিতে কি একখা শ্রবণ করাই অসম্পত্ত বোধ হইতেছে। নাথ! পিতা মাতা শ্রাতা পার ও পারবধ্ ইহারা আপন আপন কর্মের

ফল আপনারাই প্রাণ্ড হয়, কিন্তু একমার ভার্যাই ন্বামীর ভাগ্য ভোগ করিয়া থাকে। সতেরাং যখন ভোমার দশ্ডকারণ্যবাস আদেশ হইয়াছে, তথন ফলে আমারও ঘটিতেছে। দেখ, অন্যান্য ন্বসম্পকীরের কথা দূরে থাক, দ্বীলোক,

১২ দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আপনিও আপনাকে উন্ধার করিতে পারে না, ইহলোক বা পরলোকে কেবল পতিই তাহার গতি। প্রাসাদশিশব, স্বগের বিমান ও আকাশগতি হইতেও বিশুত হইয়া স্বামীর চরণছায়ায় আশ্রয় লইবে। পিতামাতাও উপদেশ দিয়াছেন যে, সম্পদে বিপদে স্বামীর সহগামিনী হইবে। অতএব নাথ! তুমি যদি অদাই গহন বনে গমন কর, আমি পদতলে পথের কুশকণ্টক দলন করিয়া তোমার অগ্রে অগ্রে যাইব। অনুরোধ রহিল না বলিয়া ক্রোধ করিও না। পথিকেরা যেমন পানাবশেষ সলিল লইয়া যায়, তদ্র্প তুমি অশাণকত মনে আমায় সংগী করিয়া লও। আমি তোমার নিকট ক্রমন এমন কোন অপরাধই করি নাই, যে আমায় রাখিয়া যাইবে। আমি গ্রিলোকের ঐশ্বর্য চাহি না, তোমার সহবাসই বাঞ্চনীয়। তোমায় ছাড়িয়া স্বর্গের স্থেও আমার স্প্রণীয় নহে। এক্ষণে এই উপস্থিত প্রসাপ্তের আমি বাহা করি, আমায় কোন কথাই কহিও না।

জাবিতনথে! আমার একাশ্তই অভিলাষ যে, যে স্থানে মৃগ ও ব্যায়সকল বাস করিতেছে, প্রশেপর মধ্নগণ চারিদিক আমোদিত করিতেছে, সেই নিবিড় নিজন অরণ্যে তাপসী হইয়া নিয়ত তোমার চরণ সেবা করি। যে জলাশরে কমলদল প্রস্ফুটিত হইয়া আছে, হংস ও কারণ্ডব কলরব করিতেছে, প্রতিদিন নিয়মপ্র্বক তথায় গিয়া অবগাহন করি। সেই বন্ধুক্ত কুল বারণবহলে প্রদেশে পিতৃগ্রের ন্যায় অক্রেশে তোমার চরণব্যল গ্রহণ সেই আজান্বতিনী হইয়া থাকি এবং তোমার সহিত নিজয়ে বৈজি সরোবর ও পন্বলসকল দর্শন করিয়া কৃতার্থ হই। জানি, তুমি আমাকে বন্ধি সর্খে প্রতিপালন করিতে পারিবে। আমার কথা দ্বে থাকুক, অসংখা জেনিজন ভার লইলেও তোমার কোন আলওকা হইবে না। এই কারণে কহিতেছি পৌজ কিছুতেই তোমার সংগ ছাড়িব না। তুমি কোনমতেই আমাকে প্রাম্বিধি করিতে পারিবে না। জর্ধা পাইলে বনের ফলম্ল আছে, আমি উৎকৃত্ব অলপানের নিমিত্ত তোমায় কোন কণ্টই দিব না। তোমার অগ্রে অগ্রে যাইবি এবং তোমার আহারান্তে আহার করিব। এইর্পে বহুকাল অতিক্রান্ত হইলেও দ্বেখ কিছুই জানিতে পারিব না।

নাথ! আমি একাশ্তই তংসংক্রাশ্তমনা ও অনন্যপরারণা হইরা আছি। যদি আমার ত্যাগ করিয়া যাও, এ প্রাণ আর কিছুতেই রাখিব না। এখন আমার অনুরোধ রক্ষা কর, আমাকে সমভিব্যাহারে লইরা চল, দেখ আমারে লইলে তোমার কিছুই ভার বোধ হইবে না।

জাতীবংশ সার্গ ॥ অনন্তর ধর্মবংসল রাম মনে মনে বনবাসের দৃঃখসকল আলোচনা করিয়া সীতাকে সমভিব্যাহারে লইতে অভিলাষী হইলেন না এবং তাঁহাকে এই বিষয়ে বিরত করিবার আশায়ে সান্ধনা করিয়া কহিলেন, জানকি! তুমি অতি মহৎ বংশে জন্মগ্রহণ করিয়াছ, তোমার ধর্মনিন্ঠাও আছে; এক্ষণে আমার প্রতীক্ষায় এই স্থানে থাকিয়া ধর্মাচরণ কর, তাহা হইলেই আমি স্থী হই। যাহাতে তোমার মণ্গল হইবে, আমি সেই বিবেচনা করিয়াই কহিতেছি, তুমি বনগমনের বাসনা এককালেই পরিত্যাগ কর। প্রিয়ে! অরণ্যে বিস্তর ক্লেশ সহা করিতে হয়। তথার গিরিকন্দর্বিহারী সিংহ নিরন্তর গর্জন করিতেছে। উহা নির্ধারজ্লের পতনশন্দে মিশ্রিত হইয়া কর্ণক্ষর বিধির করিয়া তুলে। দুর্দান্ত হিংপ্র জন্তুসকল উন্মন্ত হইয়া নির্ভবে সর্বগ্



বিচরণ করিতেছে, তাহারা সেই জনশ্ন্য প্রদেশে আমাদিগকে দেখিলেই বিনাশ করিতে আসিবে। নদীসকল নক্তকুল্ভীরসংকুল, নিতান্ত প্ৰতিকল্প মাভগেরাও সহজে পার হইতে পারে না। গম্বপথে অনবরত কুরুটেরব শ্রুতিগোচর হয়, এবং উহা কণ্টকাকীর্ণ ও ল্যুক্টিল আচ্চন হইয়া আছে, পানীয় জলও দর্বত স্লভ নহে। সমসত দিয় প্রতিনের পর রাতিতে ব্লের গলিতপত্রে শ্যা প্রস্তৃত করিয়া ক্লান্তক্ত্রে শরন এবং মিতাহারী হইয়া ভোজনকালে স্বয়ংপতিত ফলে ক্ষ্যাশ্র্য জিরতে হয়। শক্তি অনুসারে উপবাস, জ্ঞটাভার বছন, বলকল ধারণ, এর প্রেটিটাদন দেবতা পিতৃ ও অতিথিগণকে বিধিপ্রেক অর্চন করা আবৃশক্ষ বহিরে দিবাভাগে নিয়মাবলদ্বন করিয়া থাকেন তাঁহাদিগকে প্রতিদিন কিলিটান স্নান এবং স্বহস্তে কুস্মে চয়ন করিয়া বানপ্রস্থাদিগের প্রণালী (ফুট্রসারে বেদিতে উপহার প্রদান করাও কর্তব্য। তথায় বায়; সততই প্রবদ্বৈগে বহিতেছে, কুশ ও কাশ আন্দোলিত এবং স্কণ্টকবক্ষের শাখাসকল কম্পিত হইতেছে। রজনীতে ঘারতর আধকার, ক্ষ্মধার উদ্রেক সর্বাক্ষণ হয়, আশঙ্কাও বিস্তর। তত্মধ্যে বিবিধাকার বহুসাংখ্য সরীসূপ আছে, তাহারা পথে সদপে ভ্রমণ করিতেছে। স্লোতের ন্যায় বরুগতি নদীগভাস্থ উরগেরা গমনপথ অবরোধ করিয়া রহিয়াছে। ব্শিচক কীট এবং পতংগ ও দংশ মশকের যন্ত্রণা সর্বদাই ভোগ করিতে হয়, কায়ক্রেশও বিশ্তর, এই কারণেই কহিতেছি, অরণ্য সংখের নহে। তথায় ক্রোখ লোভ পরিত্যাগ ও তপস্যায় মনোনিবেশ করিতে হইবে, এবং ভয়ের কারণ সত্ত্বেও নির্ভায় ছইতে হইবে, এই কারণেই কহিতেছি অরণ্য সংখের নহে। নিবারণ করি, তুমি তথায় বাইও না। বনবাস ভোমার সাজিবে না, জানকি! আমি এখন হইতেই দেখিতেছি তথায় বিপদেরই আশংকা অধিক।

একোনবিংশ সর্গ । অনশ্তর সীতা রামের নিবারণ না শ্নিরা দাংখিতমনে সঞ্জলনমনে কহিতে লাগিলেন, নাথ! তোমার দেনহ যথন আমার অগ্রসর করিয়া দিতেছে তথন এইমার বনবাসের যে-সকল দোষের উল্লেখ করিলে ঐগ্নলি আমার পক্ষে গ্লেরই হইবে। দেখ, তোমার সকলেই ভর করে; বনমধ্যে সিংহ ব্যাঘ হস্তী শর্ভ চমর গ্রয় প্রভৃতি যে-সকল বন্যজ্ব আছে তাহারা তোমাকে দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ দেখে নাই, দেখিলেই পলায়ন করিবে। আমি একণে গ্রেজনের অনুমৃতি লইয়া তোমার সংগে যাইব: তোমার বিরহ সহা হইবে না, নিশ্চয়ই আত্মহত্যা করিব। নাথ ! তোমার সন্মিহিত প্রাকিলে স্বেরাজ ইন্দ্রও আমান্ত পরাভব করিতে পারিবেন না। তুমি অরণো যে-সকল দঃখের কথা কহিলে, তাহা সতা; কিন্তু স্মীলোক ন্বামিবিরহে কিছুতেই জীবিত থাকিতে পারে না; উপদেশকালে তুমিই আমাকে এইরূপ কহিয়াছ, সূত্রাং তোমার সহিত গমন করা সর্বতোভাবে আমার শ্রেয় হইতেছে। আরও পার্বে পিত্রালয়ে দৈবজ্ঞদিগের মুখে শ্বনিয়াছি যে, আমার অদ্ৰুত্তে নিশ্চয় বনবাস আছে, ভদৰ্বাধ বনবাস বিষয়ে আমারও বিশেষ আগ্রহ রহিয়াছে। দৈবজ্ঞেরা যাহা সূচনা করিয়াছেন, তাহা অবশ্য ফলিবে; সময়ও উপস্থিত; একণে আমি কোনমতেই ক্লান্ড হইব না। তুমি বনুগমনে অনুমোদন কর, রাহ্মণগণের বাক্ষও যথার্থ 🛊 উক। নাথ! যে পরেষ জিতেন্দ্রিয় নহে, স্ত্রী সংগ্র থাকিলে তাহাকেই অরণ্যবাসের ক্লেশপরশ্পরা সহিতে হয়, কিন্তু তুমি নিলোভ, সতেরাং তোমার কোন আশু**ও্কাই নাই। শানিয়াছি, আমি যুখন বালিকা** ছিলাম, সেই সময় এক সাধুশীলা ভাপসী আসিয়া মাতার নিকট আমার এই বনগমনের কথা কহিয়াছিলেন। তিনি তপোবলে যাহা বলিয়াছিলেন তা**হা কি** অলাকি? তোমার সহিত বনবাসে আমার অতাশ্তই প্রস্থিলাব, আমি পরের্ব এমন অনেক দিন অন্নের করিয়া তোমার নিকট ইস্ক্রিপনা করিয়াছিলাম, তুমিও সমত হও, এই কারণেই একণে তথার তোমার সারিচর্বা করা আমার একাশ্ডই প্রতিকর হইতেছে। নাথ! স্বামী স্ত্রীলেন্ত্রত পরম দেবতা, স্তরাং প্রতিভাবে তোমার অন্গমন করিলে আমি নিম্পান্তর হইলা কের কথা কি, লোকাশ্ডরেও তোমার সমাগম আমার স্থের ক্রেড হইলা উঠিবে। যে স্ত্রী দানধর্মান্সারে যাহার হদেও জলপ্রোক্ষণপূর্ব ক্রিন হইয়াছে, পরলোকে সে তাহারই হইবে,
আমি যশস্বী রাহ্মণগণের বুলি এই পবিত গ্রুতি গ্রবণ করিয়াছি। অতএব
তুমি কি কারণে সুশীলা পতিব্রতা স্বীর দরিতাকে সংশে লইতে অভিলাধ করিতেছ না। আমি তেয়ের সুখে সুখী ও তোমারই দুঃখে দুঃখী হই; আমি তোমার একাশ্ত ভক্ত ও নিতাশ্তই অনুবক্ত, দীনভাবে কহিতেছি, আমারে সমভিব্যাহারে লইয়া চল। যদি তুমি এই দুঃখিনীকে না লইয়া যাও, তাহা হইলে নিশ্চযই বিষপান, অণ্নি বা স্লিলে প্রবেশ করিয়া প্রাণত্যাগ করিব।

জানকী বনগমনের নিমিত্ত এইর্প বহ্প্রকার কহিলেও রাম কোনমতেই সমত হইলেন না। তখন সীতা প্রিয়তমকে একাণ্ড অসম্মত দেখিয়া অতিশয় দ্বংখিত ও চিণ্ডিত হইলেন। নয়নজলে তাঁহার বক্ষঃম্থল স্থাবিত হইয়া গেল। তংকালে রামও তাঁহাকে বনবাসর্প অধ্যবসায় হইতে বিরত করিবার নিমিত্ত সাম্থনা করিতে লাগিলেন।

রিংশ সর্গা। অনন্তর উৎকণিঠতা সীতা প্রীতিভরে অভিমান সহকারে মহাবীর রামকে উপহাসপ্রক কহিলেন, নাম! আমার পিতা বদি তোমাকে আকারে প্রেষ ও ন্বভাবে স্থালোক বলিয়া জানিতেন, তাহা হইলে তোমার হন্তে কখনই আমার সম্প্রদান করিতেন না। লোকে কহিয়া খাকে যে, রামেব যের্প তেজ প্রথম স্থের্ব সে-প্রকার নাই, এই কথা এক্ষণে ব্থা প্রলাপ হইয়া উঠিবে। তুমি কি কারণে বিষয় হইয়াছ, কিসেরই বা এত আশংকা যে

অনন্যপরায়ণা পত্নীকে ত্যাগ করিয়া ষাইতে প্রস্তৃত হইতেছ? তুমি আমাকে দ্যুমংসেন-তনয় সত্যবানের সহর্যার্মণী সাবিত্রীর ন্যায় তোমারই বশবতিনী জানিবে। আমি কুলকলজ্বিনীর ন্যায় তোমা ভিন্ন অন্যপ্রেষকে কখন মনেও দর্শন করি নাই। এই কারণে কহিতেছি, আমি তোমার সমভিব্যাহারে গমন করিব। তুমি আমাকে অনন্যপূর্বা জানিয়াই আমার পাণিগ্রহণ করিয়াছ, বহুদিন হইল, আমি তোমার আলয়ে অবস্থান করিতেছি, এক্ষণে জায়াজীবের ন্যায় আমাকে কি অন্য প্রেষের হস্তে সমর্পণ করা তোমার শ্রেয় হইতেছে?

নাথ! সতত বাহার হিতাভিলায় করিছে, বাহার নিমিন্ত রাজালাভে বন্তিত হইলে তুমিই সেই ভরতের বশবতাঁ হইরা খাক, আমাকে তদিবমরে কিছ্তে সম্মত করিছে। পারিবে লা। ভ্রোভ্রেঃ কহিতেছি, আমি তোমার সমভিবাহারে গমল করিছে। তোমার সহিত তপদ্যা হউক, অরণ্য বা স্বর্গই হউক, কোনটিভে সংকৃতিত নহি। আমি যখন তোমার পশ্চাং পশ্চাং ঘাইব, বিহার-শহ্যার ন্যার পথমধ্যে কোনর প ক্লান্ত অনুভব করিব না। কুশ কাশ শর ও ইবীকা প্রভৃতি বে-সকল কণ্টকবৃক্ষ আছে, আমি ভাহা ভ্রেল ও ম্গাচমের ন্যার স্থাক্শর্শ বোধ করিব। প্রবন্ধ বার্রার আছের করিবে, তাহা অত্যন্তম চন্দনের ন্যার জাল করিব। আরি রখন বনমধ্যে তৃণ্যামল ভ্রেমিশ্রার শহন করিরা থাকিব, পর্যাভের করিব। আর্থি রখন বনমধ্যে তৃণ্যামল ভ্রেমিশ্রার শরন করিরা থাকিব, পর্যাভের করিব। আর্থি রখন বনমধ্যে তৃণ্যামল ভ্রেমিশ্রার দিবে, আমি অন্তের ন্যার ভাল করিব। আর্থি রখন বনমধ্যে তৃণ্যামল ভ্রেমিশ্রার শরন করিরা থাকিব, পর্যাভের রিক্তেশ্র তির্বিত্ব তির্বিত্ব করিব। বসন্তানি ধাতুর ফলপ্রণ ভোগ করিরা বার্মিশ্র করিব। এই সমহত ভাগে করিরা বান্তমে থাকিব বালরা তোমার কিছ রার্মিশ্রে দিব না। এই কারণেই কহিতেছি, তুমি আমাকে সমভিবাহারের কর্মান্তন। তোমার সহবাস স্বর্গ, বিক্রেম্বই নরক, এইটি তোমার হ্দরশ্যম হউক। ভ্রিক কি, আমি বনবানে কিছ্ই দোব দেখিতেছি না, বাদি তুমি আমার না লইরা যাও, আমি বিব পান করিব, কোনমতেই বিপক্ষ ভরতের বশ্বতিনী হইরা এই প্রানে থাকিব না। নাথ! তুমি বনে গমন করিলে তোমার বিরহে জীবন ধারণ করা আমার স্ক্রিটন হইবে। চতুর্দশ বংসরের কথা দ্বের থাকুক, আমি মূহ্তেকের নিমিত্তর তোমার শোক স্বরণ করিতে প্রারিব না।

জনকনন্দিনী বিষান্ত-বাণ-বিশ্ব করিণীর নায়ে, রামের প্রতিষেধবাকো একাশ্ত আহত হইয়াছিলেন। তিনি সন্তশতমনে কর্ণবচনে এইর্প বিলাপ ও পরিতাপ করিয়া প্রিয়তমকে গাঢ়তর আলিক্সনপর্বেক মৃত্তকটে রোদন করিতে লাগিলেন। অরণি কান্ট যেমন অন্দি উদ্পার করিয়া থাকে, সেইর্প তাঁহার নেয় হইতে বহ্কালসন্থিত অল্লা উদ্পাত হইল; কমলদল হইতে যেমন নীর্বিন্দ্ম নিঃস্ত হয়, তদ্রপ ঐ সময় স্কটিক্ষবল জলধারা দ্রদ্রিতধারে প্রবাহিত হইতে লাগিল এবং প্রবল শোকানলে সেই বিশাললোচনার প্রতিন্দ্ম-সন্দের বদনমণ্ডল বৃত্তছিয় প্রক্ষের ন্যায় একাশ্ত দ্লান হইয়া গেল্।

তখন রাম জ্বানকীকে দুঃখণোকে বিচেতনপ্রার দেখিয়া কণ্ঠালিগান ও আশ্বাস প্রদানপূর্বক কহিলেন, দেবি! তোমার ফ্রগা দিয়া আমি স্বর্গও প্রার্থনা করি না। স্বরুদ্ধ বুদ্ধার ন্যার আমার কুর্যাপি ভর সম্ভাবনা নাই। তোমার প্রকৃত অভিপ্রার কি, আমি তাহা জ্বানিতাম না, তোমাকে রক্ষা করিতে

আমার সামর্থ্য থাকিলেও কেবল এই কারণে আমি এতক্ষণ সম্মত হই নাই। একণে ব্ৰিংলাম, ভূমি আমার সহিত বনগমনে সমাক্ প্ৰস্তুত হইয়ছ, স্তরাং আত্মন্তর যেমন দয়া ত্যাগ করিতে পারেন না, সেইর্প আমিও তোমায় ত্যাগ क्रिया गाँठेरा भारत ना। भूरत जानाजभवायन वास्त्रिश्चन अन्तीक हरेया এই বানপ্রন্থ ধর্ম অবলম্বন করিয়াছিলেন, আমি ভাহাই করিব: তুমি স্যান্সারিণী স্বর্চলার ন্যায় আমার অনুগমন কর। পিতা সত্যপাশে কথ হইরা যথন আমায় আদেশ করিতেছেন, তখন আমি আর নিশ্চিন্ত থাকিতে পারি না। জানকি! পিতামাতার বশ্যতা স্বীকার করাই পত্রের পরম ধর্ম; আমি তাহা লঞ্চন করিয়া জীবন ধারণ করিতে চাহি না। দৈব অপ্রতাক্ষ, ধাান ধারণাদি সাধন দ্বরো তাঁহার আরাধনা করিভে হয়, কিন্তু পিতা প্রত্যক্ষ দেবতা, তাঁহাকে অতিক্রম করিয়া দৈবের শরণাপম হওয়া প্রেয়স্কর নহে, এই কারণে পিস্থতাজ্ঞায় উপেক্ষা ও দৈবের মুখাপেক্ষা করিয়া এই স্থানে বাস করা উচিড বোধ করি না। পিতার উপাসনা করিলে চিলোকের উপাসনা করা হয় এবং ধর্ম অর্থ ও কাম এই তিনই উপলম্প হইরা থাকে, এই জীবলোকে ইহা অপেক্ষা পবির বিষয় আর কিছুই নাই; এই কারণেই আমি পিতার আদেশ পালনে বছবান হট্য়াছি। দেখ, পিত্সেবার ন্যার সত্য দার সুস ও ভ্রিদক্ষিণ যঞ্জ পরলোকে হিতকর হয় না। পিতার চিত্তবৃত্তি ক্ষ্মিনীত করিলে স্বর্গ ধন ধান্য বিদ্যা পূরু ও সংখ সংলভ হইয়া থাকে। যে স্কৃতি মহাস্থা মাতাপিতার শরণাগত বিদ্যা সূত্র ও সূত্র সূত্রত হহরা আকে। বে স্থাতে মহাস্থা মাত্যাসতার শরণাগত হন, তাহাদিগের দেবলোক গণ্ধর লোক রেজনোক ব্রহ্মলোক ও অন্যানা উৎকৃষ্ট লোক লাভ হয়। স্তরাং সত্যপরায়গুর্ত্বাতা বেরপে অন্দেশ করিতেছেন, আমি তাহাই করিব, ইহাই আমার ইথাও বর্ম। জ্ঞানকি! তোমার দশ্ভকারণ্য গমনে আমার অভিলাষ ছিল না, কিন্তু তুমি হখন তান্ববেয়ে দৃঢ় সংকলপ করিয়াছ, তখন অবশাই সংশ্যে লাইক্ ক্মি হামি কহিতেছি, বাহা আমার ধর্ম, তুমিও তাসোধনে প্রবৃত্ত হও। প্রিয়ে! তুমি যেরপে সিন্ধান্ত করিয়াছ, তাহা স্বাংশে উত্তম এবং আমাদের বংশেরও অন্তর্প হইয়াছে। এক্ষণে তুমি বনগমনের উপয্ত অনুষ্ঠানে প্রবৃত্ত হও। ব্রাহ্মণগণকৈ রন্ধ এবং ভক্ষণার্থী ভিক্ষ্কিদিগকে ভোজা প্রদান কর। মহাম্ল্য অল•কার উংকৃষ্ট কন্দ্র ক্রীড়াসাধন রমণীর উপকরণ শব্যা যান এবং আমার ও তোমার অন্যান্য যা-কিছ, আছে, বিপ্রগণকে দান করিয়া অবশিষ্ট সমাদয়ই ভাতাগণকে বিতরণ কর। আর বিলম্বে প্রয়োজন নাই, এথনই প্রস্তৃত হও।

তথন জানকী বনগমনে রামের সম্মতি পাইরা অবিলম্বে হৃষ্টমনে সমস্ত দান করিতে লাগিলেন।

একরিংশ সর্গা। মহাবার লক্ষ্যণ রামের অগ্রেই তথার আগমন করিরাছিলেন, তিনি উভরের এইর প কথোপকখন শ্রবণ করিয়া রোদন করিতে লাগিলেন এবং রামের বিরহদঃখ সহিতে পারিবেন না ভাবিয়া তাঁহার চরণ গ্রহণপূর্বক কহিলেন, আর্য! মৃগমাত গসতকুল অরগো যদি একাল্তই আপনার যাইবার ইচ্ছা হইয়া থাকে, তাহা হইলে আমিও ধন্ধারণপূর্বক আপনার অগ্রে অগ্রে গমন করিব। যে স্থান পত্তগ ও মৃগক্ষের কণ্ঠস্বরে প্রতিধ্নিত হইতেছে, সেই রমণীর প্রদেশে আপনি আমার সহিত বিচরণ করিবেন। আপনাকে ছাড়িয়া আমি

উৎকৃষ্ট লোক কি অমরত্ব কিছুই চাহি না, গ্রিলোকের ঐশ্বর্য ও প্রার্থনা করি না।
তখন রাম লক্ষ্মণকে অনুগমনে একান্ত সমূৎসূক দেখিয়া সান্ধনাবাকো
বারংবার নিবারণ করিতে লাগিলেন। লক্ষ্মণ নিরদ্ত হইলেন না, কৃতাঞ্জলিপ্টে প্নেরায় কহিলেন, আর্ব! প্রেব আপনি আমাকে আপনারই অন্সরণ করিতে আজ্ঞা দিয়াছেন, তবে কি কারণে এখন নিবারণ করিতেছেন? বলান, এবিষয়ে আমার অতিশয় সংশয় উপস্থিত হইল।

অনশ্বর রাম স্থীর লক্ষ্মণকে কহিলেন, বংস! তুমি ধর্ম পরায়ণ শাশ্তম্বভাব ও সংপথাবলম্বী। আমি ভোমায় প্রাণাধিক প্রিয় জ্ঞান করিয়া থাকি এবং তুমি আমার বণা ও সথা। আজ তুমিও যদি আমার সহিত বনে যাও, তবে যণাম্বনী কোশলা ও স্ম্মিশ্রাকে কে প্রতিপালন করিবে? বিনি কামনা প্রেণ করিবেন, সেই মহীপাল কামের বশবর্তা হইয়া কৈকেয়ী-সংক্রান্ত অন্রাণে আসম্ভ হইয়াছেন। কৈকেয়ী রাজ্য হস্তগত করিলে দ্য়েখিত সপদ্মীদিশের যন্ত্রণার আর পরিশেষ রাখিকেন না; ভরতও রাজপদে প্রতিন্ঠিত হইয়া মাতারই পক্ষ হইবেন, কোশলা ও স্মিশ্রাকে সমরণও করিবেন না। এই কারণেই কহিতেছি তুমি নিজে বা রাজ্যর অন্ত্রহে যের্পেই পার, এই স্থানে থাকিয়া উহাদিগকে ভরণপোষণ কর। এইর্প অন্তানে আমার প্রতি তোমার যথকে ই ভার প্রদর্শিত হইবে। বংস! গ্রেলাকের সেবা করিলে সবিশেষ ধর্ম কি হইয়া থাকে; অতএব তুমি আমার জন্য আমার জননার ভার গ্রহণ করিপ সাম্থী হইজে পারিবেন না।

আমার জন্য আমার জননীর ভার গ্রহণ কর্ম থাকে; অতএব তুমি আমার জন্য আমার জননীর ভার গ্রহণ কর্ম থালি আমরা সকলেই তাঁহাকে তাঁগা করিয়া যাই, তাহা হইলে তিনি করির পে স্মুখী হইতে পারিবেন না। লক্ষ্মণ রামের এইর, প বাকা করিবেশ কিনীতভাবে কহিলেন, বীর! ভরত আপনারই প্রতাপে ভীত প্রতিপ্রতির ইয়া আর্ষা কৌশল্যা ও স্থামিশ্রকে প্রতিপালন করিবে, যদি সে রাজ্য হৈতগত করিয়া কুপর্যগামী হয়, দ্রাভিনিধক্রমে ও গর্বপ্রভাবে যদি ই'হার্কিকের রক্ষণাবেক্ষণে যয় না করে, তাহা হইলে সেই দ্রাশাম রুরকে নিঃসংশরের সংহার করিব: হিলোকের সমসত ব্যাল্প তাহার পক্ষ হইলেও আমি সকলকেই বিনাশ করিব। আর দেখনে, যিনি উপজীবাদিশকে বহুসংখ্য গ্রাম প্রদান করিয়াছেন, সেই দেবী কৌশল্যা আম্যাদিগের ন্যায় সহস্ত্র লোকের ভরণপোষণ করিতে পারেন; স্ত্রাং তিনি নিজের ও আমার মাতা স্থামিশ্র করিবের নিমিত্ত যে লালায়িত হইবেন, ইহা কিছুতেই সক্ষব হয় না। অতএব এক্ষণে আপনি আমাকে আপনার অনুসরণে অনুমতি প্রদান কর্ন, এই কার্যে বিধর্ম কিছুই নাই; প্রত্যুত ইহাতে আপনার স্বার্থ সিন্ধি হইবে এবং আমাত্র কৃতার্থ হইব। আর্য! আমি খনিশ্র প্রেতিদন তাপসসপ্রের আহারোপ্রাণার কন্যকল আনিরা দিব। আপনি দেবী জানকীর সহিত গিরিশ্বপো বিহাব করিবেন, জাগরিত বা নিদ্রিতই থাকুন, আপনকার সকল কমই আমি সাধন করিবে।

রাম লক্ষ্যপের এই বাক্যে সবিশেষ প্রতি হইয়া কহিলেন, লক্ষ্মণ! তবে তুমি আত্মীয়-শ্বজনের অনুমতি লইয়া আমার সপ্রে আইস। মহাত্মা বর্ণ রাজিষি জনকের মহাযজে ভীষণদর্শনি দিবা শরাসন দুর্ভেদ্য বর্ম ত্বিণ অক্ষয় শর এবং স্থের ন্যায় নিমলি কনকর্যচিত খল্প এই সকল অন্ত্র দ ই প্রম্প প্রদান করিয়াছিলেন। যৌতুকন্বর্প সকলই আমাদিগের ইস্তগত হইয়াছে। আমি আচার্যের গ্রে আচার্যকে প্রে করিয়া তৎসমুদ্র রাখিয়া আম্রাছি। এক্ষণে

তুমি ঐগ্রলি লইয়া শীঘ্রই আগমন কর।

অনশ্তর মহাবীর লক্ষ্মণ বনবাসে দ্চুসঙ্কলপ হইয়া স্বজনবর্গের নিকট বিদায় গ্রহণ করিলেন। তংপরে গ্রহ্গৃহে গমন এবং আর্চিত মালাসমলঙকৃত অস্থ্রহণপূর্বক রামের নিকট উপস্থিত হইলেন। তন্দর্শনে রাম বংপরোনাস্তি প্রীত হইয়া কহিলেন, লক্ষ্মণ! আমার ব্যক্তিত সময়েই তুমি আসিয়াছ। এক্ষণে আমি তোমার সহিত একত্রে আমার সমস্ত ধনসম্পত্তি তপস্বী ও বিপ্রাদিশকে বিতরপ করিব। স্দৃঢ় গ্রহ্ভিভিপরায়ণ অনেক ত্রাহ্মণ আমার আগ্রয়ে রহিয়াছেন। তাঁহাদিশকে ও অন্যান্য পোষাবর্গকে অর্থ দান করিতে হইবে। তুমি বিশিষ্ঠতনয় আর্য স্বত্তকে শীঘ্র আনয়ন কর। আমি তাঁহাকে ও অপরাপর ত্রাহ্মণগণণকে সম্বিত অর্চনা করিয়া অরণ্যযাতা করিব।

ছারিংশ সর্গা । তথন স্নিরাতনর লক্ষ্মণ রামের এই হিতজনক আদেশ শিরোধার্থ করিয়া স্বজ্ঞের আয়তনে গমন করিলেন এবং অপনহোর গ্রে তাঁহাকে অধ্যাসীন দেখিয়া অভিবাদনপ্র্বাক কহিলেন, সথে! আর্যা রাম্ম রাজ্য পরিত্যাগ করিয়া বনে গমন করিবেন, অতএব তৃমি একবার শীল্ল ভ্রিয়া আলমে আইস।

দোখনা আভবাদনপ্রেক কাহলেন, সংখা আবা রাম রাজা পারত্যাগ কার্মা বনে গমন করিবেন, অতএব তুমি একবার শীল্ল তাইনে আলারে আইস।
অনন্তর বেদবিদ্ স্যুক্ত মধ্যাহসন্ধ্যা সমাপ্র জীর্মা লক্ষ্যণের সহিত রামের রমণীয় সন্পদপ্রণ নিকেতনে সম্পদ্পিত ইইলেন। সেই হৃতহৃতাশনের ন্যায় প্রদীশত ঋষিকুমার তথায় উপন্থিত ইইলামার রাম কৃত্যঞ্জলিপ্টে সীতার সহিত গালোখানপ্রেক তাইার অভ্যঞ্জী করিলেন এবং তাইাকে উৎকৃত্য অণগদ, কৃত্তল, ন্বর্ণস্ত্রগ্রিত মাজাহার ক্রের, বলার ও নানাবিধ রর প্রদান করিয়া সাতার অভিপ্রায়ক্তমে কহিলেন বিশ্বে! তুমি তোমার ভার্যাকে গিরা এই হার ও কণ্ঠমালা দেও; আমার ক্রেটিইচেন। এবং উৎকৃত্য আশ্তরণের সহিত নানারম্বর্ণচিত পর্যত্ব প্রদান করিলেন। আমি মাত্লের নিকট শর্পার নামে বে হনতী প্রাশ্ত হইয়াছি, এক্ষণে নিক্ত-সহন্ত দক্ষিণার সহিত তাহাও তোমাকে অপণি করিলাম।

খবিতনয় স্যজ্ঞ ধনরত্বসম্পর প্রতিগ্রহ করিয়া হ্পুমনে তাঁহাদিগকে আশাবিদি করিলেন। তথন ব্রহ্মা যেমন ইন্দুকে তদ্রূপ রাম প্রিয়ংবদ লক্ষ্মণকে কৃহলেন, লক্ষ্মণ। তৃমি অতঃপর মহর্ষি অগস্ত্য ও বিশ্বামিরকে আহ্নেন এবং অর্চনা সহকারে গোসহস্র, স্বর্ণ, রক্তত ও মহাম্ল্যে রক্ত প্রদান করিয়া পরিতৃত্ব কর। যিনি দেবা কোশল্যাকে প্রতিনিয়ত আশাবিদে করিতে আইসেন, সেই তৈত্তিরীয় শাখার অংগপক, প্রশংসনীয় ব্রাহ্মণকে পরিতোষপ্রক কোষের বন্ধ, বান ও পরিচারিকা প্রদান কর। আর্ব চিত্ররথ অ্যাদিগের মন্ত্রী ও সার্রাথ, তিনি অত্যন্তই বৃত্থ হইয়াছেন, তাঁহাকে বহুম্লা বন্ধ, রক্ত, পশ্র ও সহস্র গো দান কর। আমার আশ্রের কঠ-শাখাধ্যায়ী দল্ডধারী বহুসংখ্য ব্রহ্মচারী আছেন। তাঁহারা বেদান্শীলনে সভতই ব্যাপ্ত থাকেন বলিয়া কোন কার্যই করিতে পারেন না। স্ক্রাণ্ট্র খাদ্যে তাঁহাদের যথেক্ট প্রয়াস আছে, কিন্তু তাঁহারা অত্যন্তই অলস। তুমি সেই সমন্ত সাধ্যমত মহাত্মাদিগকে রক্তভারপূর্ণ অশীতি উত্তর সহস্র বলীবর্ণ চলক মন্ত্র্যা এবং দ্যি-দ্রুপের নিমিত্র বহুসংখ্য ধেন্ব প্রদান কর। আমার জননীর নিকটেও ঐর্প অনেক ব্রহ্মণ আসের ঘাকেন, তাঁহাদিগের প্রত্যেককে সহস্র নিশ্ব দেও। এবং ধাহাতে মাতার মনস্কৃতি জন্মে, সেই পরিমাণে

উ'হাদিগকে দক্ষিণা দান কর।

তখন লক্ষ্যণ রামের নিদেশান্সারে ধনাধিপতি কুবেরের ন্যায় বিপ্রগণকে ধনদান করিতে লাগিলেন। ঐ সময় ভ্তেরো তাঁহাদের বনগমনের এইর প উদ্যোগ দেখিয়া দৃঃখিত মনে রোদন করিতেছিল। রাম তাহাদিগকে জাঁবিকার উপযোগী অর্থ প্রদান করিয়া কহিলেন, দেখ, যতদিন না আমি প্রত্যাগমন করি, তাবং তোমরা আমার ও লক্ষ্যণের প্রত্যেক গ্রে কমান্বয়ে বাস করিবে। রাম অন্তর্রাদগকে এইর প অনুমতি দিয়া ধনাধাক্ষকে ধন আনয়নার্থ আদেশ করিলেন। তাঁহার আজ্ঞামাত্র পরিচারকেরা ধন আনিয়া ভথায় সত্পাক্ষের করিল। রাম লক্ষ্যণের সহিত দীনদ্ঃখা আবালব্দ্ধ সকলকেই অকাতরে তাহা বিতরণ করিতে লাগিলেন।

ঐ প্রদেশে হিজ্ঞট নামে গর্গ-গোর-সম্ভূত পিশালকলেবর এক বৃদ্ধ ব্রাহ্মণ বাস করিতেন। ফাল কুন্দাল ও লাগাল ন্বারা বনমধ্যে ভ্রিম খনন করিয়া তাঁহাকে দিনপাত করিতে হইত। হিজ্ঞটের পদ্দী তর্পী, দারিদ্রাদ্বংথে যংপরোনাহিত কণ্ট পাইতেছিলেন। রাম ধন দান করিতেছেন এই সংবাদ পাইবামার তিনি শিশ্ম সম্ভান সপ্যে লইয়া রাজাণকে গিরা কহিলেন, দেখ, তুমি এক্ষণে ফাল কুন্দাল পরিত্যাগ করিয়া আমি ধাহা কহিতেছি, শ্রবণ কর। আজ রাজকুমার রাম ধনে যাইবেন, এই উন্দেশে তিনি দান দ্বেখাদিগকে ধন দান করিতেছেন। তুমি বদি এই সময় তাঁহার সাক্ষিত সাক্ষাং করিতে পার, তোমার অবশাই কিঞ্চিং লাভ হইবে।

অনশতর ভ্গন্ ও অণিগরার নাম্ন তেজঃপ্রকালেবর মহান্ধা গ্রিজট এক ছিল্ল শাটী ন্বারা সর্বাণ্গ আছোদেশের ক ভাষার সহিত রামের আবাসাভিন্ন্থ বারা করিলেন এবং অনিবাস প্রদিন রাজভবনে প্রবেশপন্ত রামের সালহিত হইয়া কহিলেন, রাজকুমার বিশিন আনকগালি সন্তান-সন্ততি হইয়াছে, ছাম খনন করিয়াই আমার কি দিনপার্ত করিতে হয়, অতএব ত্মি আমার প্রতি একবার কটাক্ষপাত কর। তখন রাম বিপ্রকে পরিহাসপর্ত করিছেনন, দেখ, আমার অসংখ্য খেন, আছে, কিন্তু তন্মখ্যে এক সহস্তও বিতরণ করা হয় নাই। একাল ত্মি যতদার এই দেও নিক্ষেপ করিতে পারিবে, ততদার যে পরিমাণে খেন, থাকিবে সম্দর্মই তোমার। তখন রাক্ষণ সন্ধর কটিতটে শাটী বেন্টনপ্রকি দশতকাপ্ট ঘালিত করিয়া প্রাণপণে নিক্ষেপ করিলেন। দণ্ড নিক্ষিণ্ড হইবামার মহাবেগে সরযার পরপারবর্তী ব্রভবহাল গোণ্ডে গিয়া পতিত হইল।

তদর্শনে বর্মপরায়ণ রাম নদীর অপর পার পর্যন্ত বত ধেন, ছিল সম্দর্মই বিজ্ঞটের আশ্রমে প্রেরণপূর্বক তাঁহাকে আলিখনন ও সাল্যনা করিয়া কহিলেন, রহান ! আমি তোমায় পরিহাস করিতেছিলাম, এই বিষয়ে তুমি কিছুমায় জাধ করিও না। দরে দন্তনিক্ষেপদান্ত তোমার আছে কিনা, ইহা জানিবার নিমিত্ত আমি তোমায় ঐর্প কার্যে প্রবৃত্ত করিয়াছিলাম। এক্ষণে তোমার আর যদি কোন অভিলাষ থাকে প্রকাশ কর। সতাই কহিতেছি, তুমি ইহাতে কিছুমায় সঞ্চোচ করিও না। আমায় ষা কিছু ধনসম্পত্তি আছে, সম্দয়ই বিপ্রবর্গের স্বার্থাসিন্ধির নিমিত্ত নিয়োগ করিতে প্রস্তৃত আছি। ধর্মান্সারে সণ্ডিত এই সমস্ত অর্থা তোমাদিগকে দান করিলে অবশ্যই সাথ্যক হইবে।

তখন বিজ্ঞ হৃষ্টমনে বহু,সংখ্য ধেন, প্রতিগ্রহ করিয়া যশ, বল, প্রীতি ও সূত্র বৃদ্ধির নিমিন্ত রামকে আশীর্বাদপূর্বক ভাষার সহিত প্রস্থান করিলেন।

তিনি প্রস্থান করিলে প্রবলপৌর্ষ রাম বান্ধবগণের নির্বাচনে প্রবৃতিতি হইয়া ধর্মবিলোপাজিতি অর্থ রাহ্মণ ভূতা স্হৃৎ এবং ভিক্ষোপজীবী দরিদ্র সকলকেই আদর সহকারে দান করিতে লাগিলেন।

সশ্ভেদাবিংশ সর্গা। এদিকে শর্বরী প্রভাত হইলে প্রেবাসিগণ রামের অদর্শনে শোকে আক্রান্ত ও কিংকর্তব্যবিষ্ট্ হইরা সজ্জনরনে চারিদিকে চাহিতে সাগিল, কিন্তু তাঁহার রথধ্নিও আর দেখিতে পাইল না। অনন্তর সকলে বিবাদে শান হইরা কর্ণ বাক্যে কহিতে লাগিল, নিদ্যাকে ধিক! আমরা এই নিদ্রারই প্রভাবে হতক্সনে হইরা আজ সেই বিশালবক্ষ বৃহৎবাহাকে আর দেখিতে পাইলাম না। তিনি এই সমন্ত অনুরক্ত লোকদিগকে পরিবাধিক করিয়া কির্পে তাপস্বেশে প্রবাসে গমন করিলেন! পিতা বেষন বিশালব করিতেন, একণে সেই রষ্প্রনীর কি বলিয়া সকলকে ফেলিয়্ করিগো গেলেন! আজ আমরা মহা-প্রদান বা এই শ্বানেই তন্তাগ করিয়া এই তম্মাতীরে স্প্রেচ্র শ্বক কার্ম রহিয়াছে, ইহা শ্বারা চিতা প্রস্তুত করিয়া অনলপ্রবেশ করিব। আমরা মহা-প্রমান বা এই শ্বানেই তন্তাগ করিয়া এই তম্মাতীরে স্প্রচর্ শ্বক কার্ম রহিয়াছে, ইহা শ্বারা চিতা প্রস্তুত করিয়া অনলপ্রবেশ করিব। আমরা বখন রামশ্না হইয়াছি, তখন অনু সামাদের জীবনে প্রয়োজন কি? লোকে বখন রামশ্না হইয়াছি, তখন অনু সামাদের জীবনে প্রয়োজন কি? লোকে বখন রামশ্বার হইয়াছিলাম, একণে তাঁহাকে হায়াইয়া কির্পে নগরে বাইব। প্রকাতগণ তংকালে স্বঃখিত মনে হলেতান্তোলনপূর্ব হ হ্তবংসা ধেন্র ন্যায় এইর্প ও অন্যান্য রূপ বিলাপ ও পরিতাপ করিতে লাগিল।

অনশ্চর উহারা রথের গ্রমনপথ লক্ষ্য করিয়া তথা হইতে যাত্রা করিল। বাইতে বাইতে আর পথ দেখিতে পাইল না, তখন বিষয় মনে সকলে কহিতে লাগিল, হা! একি! কি করিব! দৈবই আমাদের প্রতিক্ল হইরাছেন! এই বলিতে বলিতে আবার সেই পথ অনুসারে প্রতিনিক্ত হইল, এবং ক্লান্ড মনে অষোধ্যায় ফিরিয়া গেল। অষোধ্যায় রাম-বিরহে সকলেই আকুল, তন্দর্শনে উহাদের মনও যারপরনাই বিকল হইয়া উঠিল এবং উহারা শোকাবেগে অনগল চক্ষের জল বিসর্জন করিতে লাগিল। পতগরাজ বাহার গর্ভ হইতে সপ বাহির করিয়া লইয়াছেন, সেই নদীর নাায়, শশাক্ষহীন আকাশের নাায় ও বারিশনে সাগরের নাায় ঐ পরেমী নিতান্তই হতন্ত্রী হইয়াছিল। পৌরেয়া প্রবেশ করিয়া দেখিল, উহাতে আনন্দের লেশমান্ত নাই। তংকালে সকলে দ্বংশে ক্ষিতপ্রায় হওয়াতে প্রতিক্তে আত্মপরিচারে সমর্খ হইল না, এবং অতিকন্টে গৃহপ্রবেশ করিলেও হবগ্রহ ও পরগৃহ নির্বাচন করিয়া লইতে পারিল না।

অণ্টচড়ারিংশ সর্গা শা পোরজন পনের্বার নগরে আগমন করিল। সকলেই দ্বংখে বিষয় ও শাকে আচ্ছা হইয়াছে, সকলেই বিমনায়মান ও মৃতপ্রায়। উহারা দ্ব-দ্ব গ্রে প্রবেশপর্বক প্রেকলতে পরিবৃত হইয়া নিরবচ্ছিল রোদন করিতে লাগিল। আমোদ-আহ্মাদ বিল্পত হইয়া গেল। বণিকেরা আর আপণ প্রসারিত করিল না, করিলেও পণ্যদ্বা যেন সকলের বিষবং বোধ হইতে লাগিল। গ্রেশ্থেরা রন্ধনকার্যে বিরত হইলেন। অপহৃত অর্থ প্নঃপ্রাণ্ড হইলেও আর কেহ হৃত্ট হইল না এবং জননী প্রথমজাত প্রেকে গাইয়াও নিরানন্দে রহিল।

অন্তর পৌরুষ্টারা ভর্তুগণকে প্রত্যাগত দেখিয়া দ্রুখিত মনে গলদগ্রু-**रमा**हरन छ९ मना कीत्रया कीहरल माशिन, यादावा वाघरक आव मर्भन कीतरल না পাইল, তাহাদিগের স্থা পার গাহ ধন ও সংখে প্রয়োজন কি? জগতে এক লক্ষ্যণই সাধ, এবং জানকীই সাধনী, তাঁহারা সেবাপর হইয়া রামের অন,সরণ করিলেন। রাম যে পথ দিয়া যাইবেন, তথায় যে-সকল নদী ও সরোবর থাকিবে ভাহারাই ধনা, কারণ রাম উহাদের নিমলি সলিলে অবগাহন করিবেন। তাঁহার প্রসাদে স্বম্য বৃক্ষপূর্ণ কানন এবং সশৃঙ্গ পর্বত স্থোভিত হইবে এবং উহারা প্রিয় অতিথির ন্যার তাঁহাকে পাইয়া সেবা করিবে। তিনি দেখিবেন, ব্লে বিচিত্র পা্ম্পসকল বিকশিত ও মঞ্জরী টুর্নিড হইয়াছে এবং ভ্রেগেরা মধ্বগন্ধে তাহাতে গিয়া উপবেশন করিতেছে জিপল পক্তবশ্য্যা দিয়া রামকে আরামে রাখিবে। পর্যতসকল কৃপা করিয়া তিলালের উৎকৃষ্ট ফল প্রথপ এবং প্রস্তুবণ স্বছ পানীয় জল প্রদান করিবে। যিখানে রাম তথার ভয় ও পরাভব কিছুই নাই। একণে চল, সেই মুকুদ্রের বহুদ্রে বাইতে না বাইতে আমরা তাঁহার অনুগমন করি। তাদ্শ স্বাধ্বার চরণছারা আমাদিগের সুখজনক হইবে। তিনিই সকলের গতি ও আসুম্বির্বির্বায় আমরা জানকীর সেবা করিব ও তোমরা রামের পরিচর্যা করিবে। ব্যাহ ইংতে তোমাদিগের এবং জানকী হইতে আমাদিগের অলব্ধলাভ ও লব্দরকা ইইবে। দেখ, সকলেই উৎকণ্ঠিত, হর্ষ আর নাই, মনও উদাস হইয়াছে, বল দেখি এখন এই গ্যহে থাকিয়া আর কে সন্তৃষ্ট হইবে? যদি কৈকেয়ীর রাজ্যে ধর্মাধর্মের বিচার না থাকে, যদি ইহা নিতাশ্ত অরাজকের ন্যায় হইয়া উঠে, ভাহা হইলে ধনপতের কথা দ্রে থাক, জীবনেই বা ফল কি? যে ঐশ্বর্যের নিমিত্ত পতিপুর পরিত্যাগ করিল, সেই কুলকল্ডিকনী অতঃপর আর কাহাকে পরিত্যাগ করিবে? আমরা প্রের উল্লেখ করিয়া শপথ করিতেছি যে, কৈকেয়ী যতদিন জীবিত থাকিবে, আমরা প্রাণসত্তে তাহার পোষ্য হইয়া এই রাজ্যে বাস করিব না। যে নিলম্প্রি রাজার এমন গণের পত্রেকে নির্বাসিত করিতে পারিল, তাহার আশ্রমে কে সংখে থাকিবে? এই রাজ্য অরাজক হইল: অতঃপর ইহাতে বিস্তর উপদূব ঘটিবে, যাগ-ষজ্ঞও বিলক্ষত হইবে; বলিতে কি, কৈকেয়ী হইতে এই সমদেয়ই নণ্ট হইয়া যাইবে। রাম বনবাসী হইলেন, মহারাজ আর বাঁচিবেন না, তিনি দেহত্যাগ করিলে সবই ছারখার হইবে। অতএব আইস, আমরা শিলায় পেষণ করিয়া বিষপান করি, অথবা রামের অনুগমন কিন্বা যথায় কৈকেয়ীর নামগন্ধও নাই, সেই স্থানে প্রস্থান করি। রাম, সীতা ও লক্ষ্যণের সহিত অকারণ নির্বাসিত হইলেন, এক্ষণে আমরা ঘাতক সল্লিধানে পশ্রে ন্যায় ভরতের নিকট নিবন্ধ হইলাম। জলদশ্যমে রাম, চন্দ্রের ন্যায় প্রিয়-দর্শনি, তাঁহার জন্ত্রবয় গড়ে এবং বাহতু আজানত্রান্বিত; সেই পদমপলাশলোচন অত্যন্ত মধ্রুস্বভাব, সভাবাদী ও সাধ্য। দেখা হইলে তিনি অগ্রেই আলাপ

করিয়া থাকেন, মন্ত মাতভগের ন্যায় তাঁহার বিক্রম, এক্ষণে অরণ্য তাঁহার পাদস্পশে অল•কৃত হইবে, সন্দেহ নাই।

পোরস্থারা নিতাস্ত দ্বাখিত হইয়া এই বলিয়া বিলাপ ও পরিতাপ করিতে স্থাতিল এবং ভয়ঙ্কর মড়ক উপস্থিত হইলে বের্প হয়, সকলেই সেইর্প কাতর হইয়া উঠিল।

ইত্যবসরে দিবাকর যেন উহাদের দুঃখ সহ্য করিতে না পারিয়াই অস্তশিখরে আরোহণ করিলেন, রজনীও আগত হইল। তৎকালে নগরমধ্যে হোমাণিন আর প্রজন্তিত হইল না, অধায়ন ও শাস্তালাপের সম্পর্ক রহিল না, অধ্যয়ন যেন চারিদিক অবগৃহিণ্ঠত করিল। নৃত্য গাঁত বাদ্য বিলুক্ত হইল। সকলেই বিষম্ম, নিরাল্লয়, আপণসকল অবর্ত্থ, অযোধ্যা শৃত্ত সমুদ্রের নাার তারকাশ্না আকাশের নাায় পরিদ্শামান হইতে লাগিল। রাম পোরনারীগণের গর্ভেব সম্ভান অপেকাও অধিক ছিলেন; উহারা তাঁহার নিমিত্ত অত্যত্ত কাতর হইয়া প্র বা লাভাকে নির্বাসিত করিলে বের্প হর, সেইভাবে আর্তন্বরে ক্রন্দন করিতে লাগিল।

একোনপদ্ধাশ দর্গ ॥ এদিকে রাম পিতৃআজ্ব প্রাদান উদ্দেশে সেই রাহিশেষে বহুদ্রে অতিক্রম করিলেন। পথিমধ্যে প্রভাত হেইল। তিনি প্রাতঃসন্ধ্যা সমাপন-পূর্বক দেশান্তরে প্রবেশ করিলেন এই মাহার প্রাদেত হলকর্ষিত ক্ষেত্রসকল শোডা পাইতেছে, এইর্প গ্রাম ক্রিডে কানন অবলোকনপ্র্বক গমন করিতে লাগিলেন। তৎকালে রখ্মক্রবিগে বাইতেছিল, কিল্কু ঐ সমস্ত রমণীয় দ্শাদশ্নপ্রসঞ্গে তিনি উহ্দ স্কৃতিব করিতে পারিলেন না।

গমনপথে গ্রাম্য লোক্সি তাঁহাকে দেখিয়া কহিতে লাগিল, কামপরারণ রাজা দশরথকে ধিক! তাঁহার প্রেন্ডেন্ছ কিছুমার নাই, বিনি প্রকৃতিগণের প্রতি কখন কোনরূপ অপ্রিয় আচরণ করেন না, তিনি তাঁহাকেই পরিত্যাগ করিলেন। পাপীয়সী কৈকেয়ী নিতান্ত ক্রুক্তভাবা, তিনি অতি ন্শংস ব্যাপারে প্রবৃত্ত ইইয়াছেন, তিনি ধর্মমর্যাদা লঞ্চন করিয়া রাজার এমন গ্রেবান, দয়াশীল, ধার্মিক, জিতেন্দ্রিয় প্রতক্তে বনবাস দিলেন!

রাম ঐ সমশত গ্রাম্য লোকের এইর্প বাক্য শ্রবণপ্রেক কোশলদেশের অনত্য সামায় উপনীত হইলেন। এবং পবিশ্রসলিলা স্রোক্তনতী বেদপ্রতি পার হইয়া দক্ষিণাভিম্থে যাইতে লাগিলেন। অদ্রে সাগরগামিনী গোমতী প্রবাহিত হইতেছে। উহার কছদেশে গোসকল সঞ্জন করিতেছিল, রাম উহা পার হইয়া হংস-ময়্র-ম্থারিত স্যান্দিকা নদী অভিক্রম করিলেন। প্রে রাজা মন্ ইক্ষ্যাকৃকে যে জনপদপরিবৃত প্রদেশ প্রদান করিয়াছিলেন, রাম স্যান্দিকা উত্তীর্ণ হইয়া সীতাকে তাহা দেখাইতে লাগিলেন।

অনশতর তিনি বারংবার স্মশ্রকে সন্বোধন করিয়া কহিলেন, স্মশ্রণ আমি আবার কবে পিতামাতার সহিত সমাগত হইয়া সরব্র কুস্মকাননে ম্গয়া করিব। ম্গয়া আমার তাদৃশ প্রীতিকর নহে, কিশ্চু ইহা রাজ্ববিগণের সন্মত বিলয়া নিষিশ্বও বিলতে পারি না। রাম মধ্র বাক্যে স্মশ্রের সহিত এইর্প ও অন্যান্য র্প নানাপ্রকার কথোপক্থনপূর্বক গমন করিতে লাগিলেন।

পঞ্চাশ সগাঁ। অনশ্তর তিনি রাজধানী অযোধ্যার দিকে কৃতাপ্তালি ইইয়া কহিলেন, হে রঘ্কুলপ্রতিপালিতে! আমি তোমাকে এবং বে-সমস্ত দেবতা তোমাতে বাস ও তোমায় রক্ষা করিতেছেন, তাঁহাদিগকে আমল্রণ করিতেছি। আমি ঋণমছে, বন হইতে প্রত্যাগত এবং পিতামাতার সহিত মিলিত ইইয়া প্নেরায় তোমায় দশন করিব। রাম এই বলিয়া অযোধ্যাকে সম্ভাষণপূর্বক দক্ষিণ বাহা উত্তোলন করিয়া অপ্র্পূর্ণ লোচনে জনপদবাসীদিগকে কহিলেন, দেখ, তোমরা আমায় যথোচিত আদর ও কৃপা করিলে, অতঃপর বহাকণ দৃঃখ সহা করা আর শ্রেয় নহে, অতএব প্রতিনিব্ত হও, আমরাও স্বকার্যসাধনে গমন করি।

তখন জনপদবাসীরা রামকে প্রণাম করিয়া ফিরিয়া চলিল। যাইতে যাইতে তাঁহাকে দেখিবার আশয়ে এক একবার দাঁড়াইয়া রহিল। উহারা যতই তাঁহাকে দেখিতে লাগিল, নেত্রের ভৃণিভলাভ করিতে পারিল না।

ক্রমে সায়ংকালীন সূর্যের ন্যায় রাম অদৃশ্য হইলেন এবং যথায় বিশ্তর বদান্য লোকের বসতি আছে, চৈত্য ও যুপসকল শোভা পাইতেছে এবং নিরুত্রর বেদধর্নি হইতেছে, যথায় সকলেই হাউপাউ, যে স্থান আয়ুকাননে পরিপার্ণ, জলাদয়-শোভিত এবং ধনধানা ও ধেন,সম্পল্ল, রাম ক্রমণঃ সেই রাজগণের দর্শনীয় রমণীয় কোশল দেশ অতিক্রম ক্রিলেন এবং মৃদ্ধিরূপে স্বেম্যোদ্যানশোভিত ন্সম্ম শ্লাবের পূরে উপনীত হইলেন। বিশ্বাসনী শার্মান্ত শ্রাবের স্থার ভস্পাত হংগেন। ত্রাস দোখলের, ত্রিপথগামনা পাপনাশিনী জাহবী কলকল শব্দে প্রবাহিত হেতেছেন। জাহবীর জল মণির ন্যার নির্মান শীতল ও পবিত্ত। উহাতে ক্রিডেরির গৈবাল নাই। মহার্ষরা ঐ জলে স্নান ও পানক্রিয়া সম্পাদন করিছেরের নিকটে উৎকৃত আশ্রম এবং তটে দেবগণের উদ্যান ও ক্রীড়াপর্যত। এই সংগ্যা দেবলোকে স্বত্রহিংগ্যা মন্দাকিনী নাম ধারণ করিয়াছেন। তথার দেবলাক স্বত্রহিংগ্যা মন্দাকিনী নাম ধারণ করিয়াছেন। তথার দেবলাক স্বত্রহিংগ্যা করিতেছেন। জাহবী কোন গণের জিলার ও অংক্রিটের যেন ভবিণ অট্নাস্যা করিতেছেন। জাহবী কোন স্থলে জিলার তথার স্বত্রির স্থলের করিতেছেন। জাহবী ভাসিতেছে, কোন স্থলে প্রবাহ বেণীর আকারে চালয়ছে, কোথাও বা আবর্ত হইতেছে। এক স্থলে স্থির ও গস্ভীর, আর এক স্থলে অত্যন্তই বেগ। কোধাও প্রবাহশব্দ আঁত সমেধ্রে, কোথাও বা একান্ডই কঠোর। স্থানে স্থানে কিন্ডীগ বালুকাময় স্থান, স্থানে স্থানে হংস সারস ও চক্রবাক প্রভৃতি জ্লচর পক্ষিগণের কলরব। কোন স্থলে তীরের ভরুপ্রেণী যেন মালার ন্যায় শোভা পাইডেছে, কোথাও বা পদ্ম কুম্দ ও কহ্যারসকল মৃকুলিত ও বিকসিত হইয়া আছে এবং প্রুপপরাগ প্রবাহবেগে ভাসিয়া চলিয়াছে। এই পবিত্ত নদী রাজা ভগীরথের তপোবলে বিষ্ণুপাদচ্যত ও হরজ্ঞটাপরিদ্রন্ট হইয়া সাগরে মিলিত হইতেছেন। ইহাতে শিশ্মার নক্ত কুম্ভীর ও উরগাগণ বাস করিতেছে। উহার তীর তর্বতা-গ্রুক্মে একান্ড গহন হইয়া রহিয়াছে, তন্মধ্যে দিগ গব্দ বন্য গব্দ ও স্বুরুমাতখ্য-সকল অনবরত গর্জন করিতেছে। রাম ভাগীরখীকে দর্শন করিয়া স্ম**ন্যকে** কহিলেন, স্মান্ত্র! ঐ দেখ, এই নদার অদ্রে পল্সবকুস্মাস্থােডিড ইণ্যাদী বৃক্ষ রহিয়াছে, আজ আমরা ঐ স্থানেই বাস করিব। তখন জক্ষাণ ও স্মেশ্র উভয়েই তাঁহার বাকো সম্মত হইলেন।

অনশ্তর রথ অবিলম্বে বৃক্ষের নিকট উপস্থিত হইল। রাম, জানকী ও লক্ষ্যণের সহিত অবতীর্ণ হইলেন। তাঁহারা অবতীর্ণ হইলে স্মৃদ্র অধ্বগণকে মোচন করিয়া দিলেন এবং রামকে ইঞ্চাদী বৃক্ষমূলে উপবিষ্ট দেখিয়া তাঁহার

সেবা করিবার নিমিত্ত কৃতাঞ্চলিপ্টে সন্নিহিত হইলেন।

ঐ স্থানে গৃহ নামে নিষাদ-জাতীয় এক বলবান রাজা বাস করিতেন। তিনি রামের প্রাণসম স্থা ছিলেন। রাম নিষাদরাজ্যে আসিয়াছেন শ্নিরা গৃহ বৃষ্ধ অমাতা ও জ্ঞাতিগণে পরিবৃত হইয়া তাঁহার নিকট গমন করিলেন এবং ষংপরোনাস্তি দ্বংখিত হইয়া তাঁহাকে আলিশ্যনপূর্বক কহিলেন, স্থে। তুমি আমার এই রাজধানী অধ্যোধ্যার ন্যায় তোমারই বিবেচনা করিবে। বল, এক্ষণে তোমার কি করিব? ভবাদৃশ প্রিয় অতিথি ভাগাক্তমেই উপস্থিত হইয়া থাকেন।

এই বলিয়া নিষাদাধিপতি গৃহ শীন্ত নানাবিধ স্ক্রাদ্ব অল ও অর্থা আনয়নপ্রেক কহিলেন, সথে! তুমি ত স্থে আসিয়াছ? এই নিষাদরাজ্য সমগ্রই তোমার,
তুমি আমাদিগের ভর্তা, আমরা তোমার ভ্রতা। এক্ষণে এই সমস্ত ভক্ষা, ভোজা,
উৎকৃষ্ট শব্যা এবং অশ্বের খাস আনীত হইয়াছে, গ্রহণ কর। রাম গৃহের এইর্প
বাক্য শ্রবণ করিয়া কহিলেন, নিষাদরাজ! তুমি যে দ্রে হইতে পাদচারে আগমন
এবং ক্রেই প্রদর্শন করিলে, ইহাতেই আময়া সংকৃত ও সন্তুক্ট হইলাম। এই
বলিয়া তিনি বর্তুল বাহ্যুগল ল্বায়া গৃহকে গাঢ়তর আলিজ্যন করিয়া কহিলেন,



গৃহ। ভাগ্যবশতই তোমাকে বন্ধ্-বান্ধবের সহিত নীরোগ দেখিলাম, এক্ষণে তোমার রাজ্য ও অরণ্য ত নিবিধ্যা আছে? তুমি প্রীতিপ্রিক আমাকে যে-সকল আহারদ্রর উপহার দিলে, আমি কিছুতেই প্রতিগ্রহ করিতে পারি না। এক্ষণে চীরচর্ম-ধারণ ও ফলমলে ভক্ষণপ্রেকি তাপসরত অবলম্বন করিয়া অরণ্যে ধর্ম-সাধন করিতে হইবে, স্তরাং কেবল অশ্বের ভক্ষ্য ভিন্ন অন্য কোন দ্রাই লইতে পারি না। এই সমন্ত অন্ব পিতা দশরধের অত্যন্ত প্রির, ইহারা তুম্ত হইলেই আমার সংকার করা হইল। গৃহ রামের এইর্প আদেশ পাইবামাত্র অধিকৃত প্র্বিদিগকে অশ্বের আহার-পান শীদ্র প্রদান করিবার অন্মতি করিলেন।

অনশ্তর রাম উত্তরীয় চীরগ্রহণপূর্বক সায়ংসন্ধ্যা সমাপন করিলেন। তাঁহার সন্ধ্যা সমাপত হইলে লক্ষ্মণ পানার্থ জল আনিয়া দিলেন এবং রাম জল পান করিয়া জানকীর সহিত ভ্রিশ্ব্যার শ্রন করিলে তিনি তাঁহাদের পাদ প্রকালন করিয়া তর্ম্বে আশ্রয় লইলেন। একপঞ্চাশ সগ্নি লক্ষ্যণ রামকে রক্ষা করিবার নিমিন্ত অকৃত্রিম অন্রাগে রাত্রি জাগরণ করিতেছেন দেখিরা গৃহ সদত্তত মনে কহিলেন, রাজকুমার ! তোমার জন্য এই স্থেশয়া প্রস্তৃত হইরাছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াসে ক্রেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না; এক্ষণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথপ্র্বক সভাই কহিতেছি, রাম অপেক্ষা প্রিরতম আমার আর নাই। ই'হার প্রসাদে ধর্ম অর্থ কামের সহিত ইহলোকে ধণোলাভ হইবে, ইহাই আমার বাঞ্চা। এই স্থানে বহ্সংখ্য নিষাদ আসিয়াছে, ইহাদিগের সহিত মিলিত হইয়া শরাসন গ্রহণপ্র্বক পত্নীসহ প্রিয় স্থাকে রক্ষা করিব। আমি নিরন্তর এই অরণ্যে বিচরণ করিয়া থাকি, ইহার কিছুই আমার অবিদিত নাই, যদি অনোর চতুরপা সৈন্য আসিয়া আক্রমণ করে, সহজেই তাহা নিবারণ করিতে পারিব।

তখন লক্ষ্মণ গ্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, নিষাদরাজা! তোমার ধর্মদৃণ্টি আছে; তুমি যখন রক্ষাভার গ্রহণ করিতেছ, তখন আমাদিগের কোন বিষয়েই ভয় সম্ভাবনা নাই। কিল্তু দেখ, এই রঘ্যুকুলাভিলক রাম জ্ঞানকীর সহিত ভূমি-শ্যায় শ্রন করিয়া আছেন, আর আমার আহার-নিদ্রায় প্রয়োজন কি? কি বলিয়াই বা স্থভোগে রত হইব? রগ্ধ্যে সমসত স্রাস্র যাঁহার বিক্রম সহ্য করিতে পারে না, আজ তিনিই পঙ্গার প্রতিটত পর্ণশিষ্যা গ্রহণ করিলেন! পিতা মন্ত তপস্যা ও নানাপ্রকার দৈবক্রিয়ার স্ক্রিসান শ্বারা ই হাকে পাইয়াছেন, ইনি আমাদের সকলের শ্রেষ্ঠ। ই হাকে ব্রুজাস দিয়া তিনি আর অধিক দিন দেহধারণ করিতে পারিবেন না; ক্রেই বস্মতীও অচিরাং বিধবা হইবেন। নিবাদরাজ । বোধ হয় এতক্ষণে ব্রেমারীগণ আর্তরবে চাংকার করিয়া প্রাণ্ডি নিবাদরাজ । বোধ হয় এতক্ষণে ব্রেমারীগণ আর্তরবে চাংকার করিয়া প্রাণ্ডি নিবাদরা নির্মণ্ড হইয়াহেন, ক্রেট্রনও নিস্তব্ধ হইরা আসিরাছে। হা ! দেবী কৌশল্যা, জননী সূমিত্র ক্রিন্ত দশরথ যে জীবিত আছেন, আমি এর্পে সম্ভাবনা করি না, বাদ ব্রেকেন, তবে এই রাত্রি পর্যন্ত। জামার মাতা দ্রাতা শহুঘের মুখ চাহিয়া বাঁচিতে পারেন, কিন্তু বীরপ্রস্বা কৌশল্যা যে প্রেশোকে প্রাণত্যাগ করিবেন, এইই আমার দুঃখ! দেখ, আর্য রামের প্রতি প্রবামিগণের বিশেষ অনুরাগ আছে; এক্ষণে পুত্রবিয়োগে রাজা দশরথের মৃত্যু হইলে তাহারা অত্যন্তই কন্ট পাইবে। হায়! জানি না, জ্রোষ্ঠ পত্রের অদর্শনে পিতার ভাগ্যে কি ঘটিবে। তিনি রামকে রাজ্যভার দিতে না পারিয়া ভণ্নমনোরথে 'সর্বনাশ হইল! সর্বনাশ হইল!' কেবল এই বলিয়াই মত্যলীলা সংবরণ করিবেন। তাঁহার দেহান্তে দেবী কৌশল্যার লোকান্তর লাভ হইবে। তৎপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবনত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে ঘাঁহারা তংকালে উপস্থিত থাকিয়া তাঁহার আন্দেসংস্কার প্রভৃতি সমস্ত প্রেতকার্য সাধন করিবেন, তাঁহারাই ভাগ্যবান। কথায় রম্পীয় চম্বর ও প্রশস্ত রাজপথসকল রহিয়াছে, যে স্থানে হম্যপ্রাসাদ উদ্যান ও উপবন শোভা পাইতেছে এবং বারাগ্যনারা বিরাজ করিতেছে, যথায় হস্তী অশ্ব রথ স্প্রচার আছে ও নিরস্তর তার্যধর্নি হইতেছে, যে স্থানে সকলেই হৃষ্টপুষ্ট এবং সভা ও উংসবে সতত্তই সন্নিবিষ্ট, ঐ সমস্ত ব্যক্তি আমার পিতার সেই মঙ্গলালয় রাজধানী অযোধ্যায় পরম সংখে বিচরণ করিবে। হা! পিতা কি জীবিত থাকিবেন? আমরা অরণ্য হইতে প্রতি-নিব্রুত্ত হইয়া তাঁহাকে কি আর দেখিতে পাইব? আমরা সত্যপ্রতিজ্ঞ রামের সহিত নির্বিঘ্যে অযোধ্যায় কি প্রনরায় আসিতে পারিব?

লক্ষ্মণ জাগরণ-ক্রেশ সহ্য করিয়া দ্বংখিত মনে এইর্প বিলাপ ও পরিতাপ করিতেছেন, এই অবসরে রজনী প্রভাত ইইয়া গেল। নিষাদরাজ লক্ষ্মণের এই সমসত প্রকৃত কথা শ্রবণ করিয়া বন্ধ্যুদ্দিবন্ধন অধ্কুশাহত মাতথেগর ন্যায় অত্যন্ত ব্যথিত ইইয়া অজপ্র অশ্রম বিসর্জনি করিতে লাগিলেন।

দিপঞ্চাশ সর্গা। শর্বরী প্রভাত হইলে রাম শৃভলক্ষণ লক্ষ্মণকে কহিলেন বংস ; রান্ত্রি অতীত ও স্বৈদিয়কাল উপস্থিত হইল। ঐ দেখ, অরণো কৃষ্ধবর্ণ কোকিল কুহারব করিতেছে এবং ময়্রগণের কণ্ঠধননি শ্রুতিগোচর হইতেছে। আইস, আমরা এক্ষণে গণ্গা পার হই।

লক্ষ্মণ রামের অভিপ্রার অনুসারে গৃহ ও স্মশ্যকে নৌকা আনরনের সপ্তেত করিয়া তাঁহারই সম্মুখে দশ্ভায়মান রহিলেন। তথন গৃহে সচিবগণকে আহ্মান-প্র্বক কহিলেন, দেখ, তোমরা কর্ণ ও ক্ষেপণীযুদ্ধ নাবিকসহিত একখানি স্মৃদ্য তরণী শীঘ্র এই তাঁথে আনরন কর। নিবাদগণ গৃহের আজ্ঞামান্র প্রস্থান করিল এবং এক রমণীয় নৌকা আনরনপূর্বক তাঁহাকে সংবাদ দিল।

অনশ্তর নিষাণরাজ কৃতাঞ্জলিপ্টে রামকে কহিছের, সংখ! তরণী আনীত হইরাছে, এক্ষণে আরোহণ কর; বল, অতঃপর করির আর কি করিতে হইবে? রাম কহিলেন, গহে! তোমার প্রয়ন্ত আয়ি প্রেকাম হইলাম, এক্ষণে আমার এই সমস্ত দ্রব্যু নোকায় তুলাইয়া দেও। এই সালয়া রাম বর্ম ধারণ এবং ত্ণীর খজা ও শ্রাসন গ্রহণ করিয়া, সীতা ও ক্রিল্লেনের সহিত অবতরণপথ দিয়া নামিতে লাগিলেন। ইতাবসরে সম্মন্ত তাঁহরে সম্মুখে গিয়া কৃতাঞ্জলিপ্টে বিনীতভাবে কহিলেন, রাজকুমার! এক্ষণে করিব, আদেশ কর। তথন রাম দক্ষিণ করে তাহাকে স্পর্শ করিয়া কহিলেন, স্মুমন্ত! তুমি প্রনায় স্বরায় রাজার নিউট যাও, আমাকে রথে আনয়ন করা এই পর্যন্তই

তখন রাম দক্ষিণ করে । তামি কি শাল করিয়া কহিলেন, স্মান্ত ! তুমি প্নরায় ধরায় রাজার নিউট যাও, আমাকে রথে আনয়ন করা এই পর্যন্তই শেষ হইল; অতঃপর আমি পদরজে গহন বনে প্রবেশ করিব। স্মান্ত রামের এইর্প আদেশ পাইয়া কাতরভাবে কহিলেন, রাজকুমার! সামান্য লোকের ন্যায় দ্রাতা ও ভার্যায় সহিত তুমি যে বনবাসী হইতেছ, ইহাতে অযোধ্যায় কাহায়ই অভিলাষ নাই। তোমায় যখন এইর্প দ্বঃখ ভোগ করিতে হইল, তখন বোধ হয় জগতে রক্ষচর্য, অধায়ন, মৃদ্তো ও সরলতায় কোন ফলই নাই, কিন্তু বলিতে কি এই কার্যে তুমি বিভ্রেন পরাজয় করিয়া সর্বোৎকর্য লাভ করিবে। এক্ষণে তুমি আমাদিগকে বন্ধনা করিয়া চলিলে, স্তরাং আমরাই কেবল বিনন্ট হইলাম। হা! অতঃপর এই হতভাগ্যদিগকে পাপীয়সী কৈকেয়ীয় বন্ধীভ্ত হইতে হইবে। সার্রথি স্মান্ত রামকে দ্রেদেশে ষাইতে উদ্যুত দেখিয়া এইর্প স্মান্ত্যত বাক্য প্রেয়াগপ্রিক দ্বঃখিভ মনে রোদন করিতে লাগিলেন।

অন্নতর তিনি বাষ্প বিসন্ধানপূর্বক আচমন করিয়া পবির হইলে রাম বারংবার তাঁহাকে কহিতে লাগিলেন, স্মৃষ্ট ! ইক্ষ্ণাকু-বংশে তোমার সদৃশ স্হৃৎ আর কাহাকেই দেখি না। এক্ষণে পিতা ধাহাতে আমার নিমিত্ত অধীর না হন, তুমি তাহাই কর। আমার বিয়োগ-দৃঃখে তিনি একান্তই আক্রান্ত হইয়াছেন, এবং আমাকে রাজ্যে অভিষিক্ত করিতে পারেন নাই বলিয়া অভান্তই বিষয় হইয়াছেন, তিনি বৃদ্ধ এই কারণেই আমি তোমাকে ঐর্প কহিতেছি। সেই মহীপাল দেবী কৈকেশ্বীর শুভোন্দেশে তোমার ধা-কিছ্ আদেশ করিবেন.

তুমি নিঃশংকচিত্তে তাহার অনুষ্ঠান করিবে। দেখ, কাম-ক্রোথ কৃত যে-কোন কার্যই হউক, তাহাতে অন্যে প্রতিক,লাচরণ করিবে না, এই কারণেই মহীপালগণ রাজ্যশাসন করিয়া খাকেন। এক্ষদে পিতা যাহাতে কোন বিষয়ে অসুখী না হন এবং আমার শোকে একান্ড আকুল হইয়া না উঠেন, তুমি তাহাই করিও। তুমি তাঁহাকে আমার প্রণাম নিবেদন করিয়া আমার নিমিত্ত এই কথা কহিবে, আমরা যে নগর হইতে নির্বাসিত হইলাম এবং আমাদিগকে যে অরণ্যবাস আশ্রয় করিতে হইল, তালিমিত্ত আমি দঃখিত নহি, লক্ষ্যণও কিছুমার কাতর নহেন। চতুদাশ বংসর অতীত হইলেই তিনি জানকীর সহিত আমাদিগকে প্নেরায় দেখিতে পাইবেন। স্মান্ত! তুমি আমার জনক-জননীকে এইবুপ কহিয়া অন্যান্য মাতা ও কৈকেয়ীকে অধিকল ইহাই কহিবে। তংপরে কৌশল্যাকে আমাদিগের প্রণাম জ্ঞানাইয়া সর্বাপণীণ মঞাল জ্ঞাভ করিবে। মহারাজকেও বলিবে, তিনি ধেন ভরতকে শীঘ্রই আনয়ন করেন এবং আসিলে তাঁহাকেই যেন রাজপদে স্থাপিত করেন। তিনি তাঁহাকে যৌবরাজ্যে অভিষেক ও আলিগ্যন করিয়া আমাদিগের বিয়োগ-দঃখে আর অভিভতে হইবেন না। প্রাণাধিক ভরতকেও কহিবে বে. তিনি যেমন মহারাঞ্জের প্রতি আচরণ করিবেন, মাতৃগ্ণের প্রতিও বেন সেইর্প করেন। কৈকেরীকে বেমন দেখিকেন, স্থামিতা ও ক্রেজ্যাকেও যেন সেইর্প দেখেন। তিনি পিতার ছিতোন্দেশে যৌবরাজ্য শার্ম) সার্ম ইহলোক ও প্রলোকে অবশাই শ্রেয়োলাভ করিতে পারিবেন।

অবশাহ শ্রেয়োলাভ কারতে পাারবেন।

সন্মন্দ্র রামের এইর্পে বাক্য প্রবণ্ধ করিয়া লেনহভরে কহিতে লাগিলেন, রাজকুমার! তোমার সহিত আমার ক্রিনান্দ্র করেবেও আমি প্রগলভ হইরা লেনহপ্রযুক্ত যে কথা কহিব, ভক্ত ক্রিয়া তাহা ক্রমা করিবে। দেখ, ভোমার বিরহে নগরের তাবং লোক ফ্রেক্টিলোকে আকুল হইয়া আছে, এখন বল দেখি, তোমায় রাখিয়া তথায় ক্রিকেই প্রবেশ করিব। তুমি বখন নগর হইতে নিগতি হও, তংকালে প্রবাসীরা তামায় এই রথে নিরীক্ষণ করিয়াছিল, এখন ইহাতে তোমায় দেখিতে না পাইলে উহাদের হৃদয় বিদীর্ণ হইয়া যাইবে। বে রথের রথী রণে নিহত হইয়াছে, কেবল সার্রথমাত্র অবশিষ্ট আছে, তাহা দর্শন করিলে স্বপক্ষ সৈনোরা যেমন কাতর হয়, পোরগণ এই রথ দেখিয়া তদ্রপেই হইবে। তুমি যদিও বহুদুরে আসিয়াছ, কিন্তু কন্সনা-বলে উহারা ফেন তোমায় সম্মুখেই অবলোকন করিতেছে, আজ তুমি না ষাইলে নিশ্চয়ই উহাদের প্রণেসংশয় ঘটিবে ৷ রাম ৷ নিজ্ঞমণকালে তোমার শোকে উহারা যেরূপ বিষম ব্যাপার উপস্থিত করিয়াছিল, তুমি ও তাহা স্বচক্ষেই প্রতাঞ্চ করিয়া আসিয়াছ। ঐ সময় সকলে তোমার বিরহ-দঃখে যংপরোনাসিত দঃখিত হইয়া বের প চীংকার করে একণে কেবল আমায় দেখিলে ভদপেক্ষা শতগুণে অধিক ক্রিবে। হা! আমি দেবী কৌশলাকে গিয়া কি কহিব, আমি ডোমার রামকে মাতুল-কুলে রাখিয়া আইলাম, আর কাতর হইও না, তাঁহাকে কি এই বলিয়া প্রবোধ দিব? না, আমি প্রাণালেড এইর্প অসত্য কথা মুখাগ্রে আনিতে পারিব না। তোমার বনে ত্যাগ করিয়া যাওয়া যদিও অলীক নহে, কিন্তু অভান্তই অগ্রিয় ইহা আমি কোন সাহসে তহিরে নিকট প্রকাশ করিব। রাম! আমার নিয়োগন্থ এই সমন্ত অধ্ব তোমার স্বজনবর্গকে বহন করিয়া থাকে, ইহারা এক্ষণে এই শ্ন্যু রখ লইয়া কির্পে যাইবে? যদি কাননে তুমি ইহাদিগকে আপনার পরিচর্যায় নিয়ক্ত কর, ইহাদের পরম গতি লাভ হইবে। বাহাই হউক, আমি তোমায় ফেলিয়া কদাচই অবোধ্যায়

ষাইতে পারিব না, তুমি আমাকে তোমার অনুসরণে অনুষতি প্রদান কর।
আমি বারংবার প্রার্থনা করিতেছি, বদি তুমি আমার না লইয়া যাও তংক্ষণাং
এই রথের সহিত অণিপ্রবেশ করিব। দেখ, অরণ্যে তোমার তপোবিধা ঘটিতে
পারে, কিন্তু আমি থাকিলে রথী হইয়া তংসমুদর নিবারণ করিতে পারিব।
তোমার জন্য রথচর্যা-কৃত স্থেলাভ করিয়াছি, আবার তোমারই প্রসাদে বনবাসস্থে প্রাণ্ত হইব, এই আমার বাসনা। প্রসল্ল হও, অরণ্যে তোমার সলিহিত থাকি,
ইহাই আমার ইছ্মা হইয়াছে। আমি তথার প্রাণপণে তোমার সেবা করিব, অযোধ্যা
কি স্রলোকের নামও করিব না। এক্ষণে, অধিক আর কি, আজ আমি তোমায়
ছাড়িয়া কোনমতে নগরে প্রবেশ করিতে পারিব না। বনবাস-কাল অতিক্রাণত
হইলে, আমার অভিলাব এই বে, আমি এই রথে প্রবায় তোমাকে লইয়া
অযোধ্যার যাইব। তোমার সপো থাকিলে চতুর্দশ বংসর বেন পলকে অতিবাহিত
হইয়া যাইবে, নচেৎ উহা শতগণে বোধ হইবে সদেহে নাই। ভূত্যবংসল! প্রভ্রপ্রের নিকট ভ্রত্যের যের্প থাকা আবশ্যক, আমি সেইর্পই আছি; আমি
তোমার একজন ভন্ক, তুমিও আমায় ভ্রেয়াচিত মর্যাদা প্রদান করিয়া থাক;
এক্ষণে আমাকে উপেকা করা তোমার উচিত হইতেছে না।

রাম স্মল্টের এইর্পে বাক্য শ্রবণ করিয়া ক্রিটের, ভর্ত্বংসল! আমাতে যে তোমার অন্রাগ আছে, আমি তাহা জানি এক্রিল যে করেণে তোমায় নগরে প্রেরণ করিতেছি, শ্রবণ কর। দেখ, তুমি প্রতিনিক্তি হইলে কনিন্দা মাতা কৈকেয়া, আমার বনবাসে সম্পূর্ণ নিঃসংগর হইকে কিন্দু তুমি প্রতিনিক্ত না হইলে, তিনি বিরস মনে ধার্মিক রাজাকে বিশ্বানাদী বলিয়া অযথা আশ্বন্ধ ক্রিবেন। আমার মুখ্য অভিপ্রারই এই বে, কৈনিবা ভরতের রাজ্য পরম স্থে ভোগ করেন। অতএথ তুমি আমার ও মহার্মের জন্য অধোধ্যায় গমন কর। আমি তোমায় বাহা বাহা কহিয়া দিলাম তিরা সেইগ্রেল সকলকে অবিকল কহিত্ত।

এই বলিয়া, রাম স্মেট্রকৈ সান্থনা করিয়া গৃহকে কহিলেন, গৃহ। অতঃপর এই সঙ্গন বনে থাকা আর আমার কর্তব্য হইতেছে না, আশ্রম-বাস ও তদঃপ্রবৃত্ত বেশ আবশাক। অতএব আমি পিতার হিতকামনায় নিরম অবলন্দনপূর্ব ক সীতা ও লক্ষ্যণের মতানাসারে তাপসের নাায় গমন করিব। এক্ষণে তুমি আমার জটা প্রশত্ত করিবার নিমিত্ত বটনির্যাস আনাইয়া দেও।

অনশ্তর বর্টানর্যাস আনতি হইল। ঐ চারধারী বার্য্গল বানপ্রদথ-ধর্মা অবলম্বনার্থা তদ্বারা মদ্তকে জটা প্রদত্তত করিয়া ঋষির নায়ে শোভা পাইতে লাগিলেন। পরে প্রদ্থানকাল সামহিত হইলে রাম পরম সহায় গ্রহকে কহিলেন, সধে! রাজ্য অতি দৃঃথে রক্ষা করিতে হয়, অতএব তুমি সৈনা কোষ দৃঃর্গ ও জনপদে সততই সাবধান হইয়া থাকিবে। তিনি গ্রহকে এইর্প কহিয়া তাঁহার সম্মতিক্রমে অনতিবিলন্দেব ভাগারখাতীরে গমন করিলেন এবং তথায় নোকা দশন করিয়া লক্ষ্মণকে কহিলেন, বংস! তুমি অগ্রে জানকীকে নোকায় আরোহণ করাইয়া পশ্চাং দ্বয়ং উত্থান কর। তথন লক্ষ্মণ অগ্রে সীতাকে উঠাইয়া পশ্চাং স্বয়ং উত্থিত হইলেন। তংশরে রামও আরোহণ করিতে লাগিলেন। লক্ষ্মণও যথাবিধি আচমন করিয়া সীতার সহিতে জাহ্বীকে প্রতিজ্ঞান প্রণম করিলেন।

অনশ্তর রাম, স্মন্য ও গা্হকৈ প্রতিগমনে অনুমতি করিয়া নাবিকদিগকে পার করিয়া দিতে বলিলেন। তরণী ক্ষেপণীপ্রক্ষেপবেগে শীয় বাইতে সাগিল।

জানকী গণগার মধ্যম্থলৈ গিয়া কৃতাঞ্জলিপটে কহিলেন, গণ্গে ! এই রাজকুমার তোমার কৃপায় নিবিধ্যে এই নিদেশ পূর্ণ কর্ন। ইনি চতুর্দশ বংসর অরণ্যে বাস করিয়া প্রেরায় আমাদের সহিত প্রত্যাগমন করিবেন। আমি নিরাপদে আসিয়া মনের সাধে তোমার পূজা করিব। তুমি সম্দ্রের ভার্যা, ম্বয়ং রক্ষলোক ব্যাপিয়া আছ। দেবি ! আমি তোমাকে প্রণাম করি। রাম ভালয় ভালয় পেণছিলে এবং রাজ্য পাইলে আমি রাক্ষণগণকে দিয়া তোমারই প্রীতির উদ্দেশে তোমাকে অসংখ্য গো ও অশ্ব দান করিব, সহস্র ফলস স্কুরা ও পলায় দিব। তোমার তীরে যে-সকল দেবতা রহিয়াছেন, তাঁহাদিগকে এবং তীর্থস্থান ও দেবালয় অর্চনা করিব।

অনতিবিলন্বে নৌকা নদীর দক্ষিণ তীরে উপনীত হইল। তখন সকলে তাহা হইতে অবতীর্ণ হইলে রাম লক্ষ্যণকে কহিলেন, বংস! সজন বা বিজনই হউক সীতাকে রক্ষা করিবার নিমিত্ত সাবধান হও। তুমি সর্বাগ্রে গমন কর, সীতা তোমার অনুগমন কর্ন, আমি, পশ্চাতে থাকিয়া তোমাদের উভয়েরই রক্ষক হইয়া যাই। দেখ, এখন অবধি আমাদিগকে অতি দৃষ্কর কার্য সংসাধন করিতে হইবে, স্তরাং, এইর্পে পরম্পর পরম্পরকে রক্ষা করা আবশ্যক হইতেছে। যে স্থানে জনমান্বের সম্পর্ক নাই, ক্ষেত্র ও উদ্যান ক্রিটাগাচর হয় না এবং গর্ত ও নিদ্নোল্লত ভ্রিই অধিক, জানকী আজ বিটাবনে প্রবেশ করিবেন এবং বনবাসের যে কি দৃঃখ আজই তাহা জানিতে প্রেরবেন।

বনবাসের যে কি দৃঃখ আজই তাহা জানিতে প্রেরবেন।
লক্ষ্মণ রামের এইর প বাক্য শ্রবণ ক্রিয়া সর্বাগ্রে চলিলেন। রামও সকলের
পশ্চাং পশ্চাং গমন করিতে লাগিলেন চিনানকে সংমশ্য এতক্ষণ রামকে নিনিমেরলোচনে নিরীক্ষণ করিতেছিলেন বিজি দৃষ্টিপথ অতিক্রম করিবামার ব্যথিতমনে
অশ্র বিসর্জনে প্রবৃত্ত হইলেন
অন্তর রাম স্মুস্কুসম্বহ্ল বংসদেশে উপস্থিত হইয়া লক্ষ্মণের

অনন্তর রাম স্সম্ধ্রিসিরবন্ত বংসদেশে উপন্থিত হইয়া লক্ষাণের সহিত বরাহ খ্যা প্যত ও মহার্র্ এই চারি প্রকার ম্গ বধ করিলেন এবং উহাদের পবিত্র মাংস গ্রহণপ্রিক সায়ংকালে অত্যন্ত ক্ষ্যার্ত হইয়া বনমধ্যে প্রবিষ্ট হইলেন।

য়িপণ্ডাশ সর্গায় অনন্তর রাম সারংসন্ধ্যা সমাপন করিয়া লক্ষ্মণকে কহিলেন, বংস! জ্বনপদের বাহিরে সবে এই প্রথম নিশা দর্শন করিলাম, আজ আর স্মান্দ নাই, এক্ষণে তুমি নগর স্মরণ করিয়া উৎকন্তিত হইও না। অদ্যাব্যি আমাদিগকে আলস্যশ্ন্য হইয়া রাগ্র জাগরণ করিতে হইবে: সীতার অলম্পলাভ ও লম্পরকা আমাদিগেরই আয়ত। আইস, আজ আমরা ন্বয়ংই তৃণ-পত্র আনিয়া ভ্তেশে শয়্যা প্রদত্ত করিয়া কন্টেস্তে শয়ন করি।

এই বলিয়া রাম ভ্রমিতে শয়ন করিয়া প্রনরায় কহিলেন, বংস! আজ
মহারাজ' অতি দ্বংখে নিদ্রা বাইতেছেন, কৈকেয়ীর মনোবাঞ্ছা প্রণ হইয়াছে,
স্তরাং তিনি অবশ্যই সন্তুন্ট হইবেন। কিন্তু বোধ হয়, ভয়ত উপপ্থিত
হইলে তিনি তাঁহাকে মহারাজ্যে অভিষেক করিবার নিমিত্ত রাজ্ঞাকে আর
প্রাণে বাঁচিতে দিবেন না। হা! পিতা বৃদ্ধ হইয়াছেন এবং আমিত্ত তাঁহাকে
পরিত্যাগ করিয়া আসিয়াছি, স্তরাং তিনি অনাথ, জানি না, অতঃপর কামের
অন্রোধে তিনি কৈকেয়ীর বশবতী হইয়া কি করিবেন। রাজার মতিয়ম

এবং এই বিপদ উপস্থিত দেখিয়া আমার নিশ্চয় প্রতীতি হইতেছে যে, ধর্ম ও অর্থ অপেক্ষা কামই প্রবল। দেখ, পিতা বেমন আমাকে পরিত্যাগ করিলেন, এইরূপ দ্বীর প্রবর্তনায় মূর্যাও কি আজ্ঞান,বতী পরেকে ত্যাগ করিতে পারে? ভার্যার সহিত ভরতই সুখী, তিনি একাকী অধিরাজের নায় সমগ্র কোশল রাপ্তা উপভোগ করিকেন। পিতা জীর্ণ হইয়াছেন, আমিও অরণ্য আশ্রয় করিলাম, স্কুতরাং তিনি একাকীই রাজা হইবেন। যিনি ধর্ম ও অর্থ পরিত্যাগ করিয়া কামের অনুসরণ করেন, তিনি শীঘ্রই রাজা দশরথের ন্যায় এইরুপ বিপন্ন হন, সন্দেহ নাই। লক্ষ্মণ! আমার বোধ হইতেছে যে, ভরতকে রাজ্যে নিয়েজিত আমাকে নিৰ্বাসিত ও পিতার প্রাণান্ত করিবার নিমিত্তই কৈকেয়ী আসিয়াছেন। এখন কি তিনি সৌভাগামদে মোহিত হইয়া কেবল আমার দঃখিত করিবার জন্য কৌশল্যা ও সূমিহাকে ফ্রগা দিবেন? তোমার জননী আমাদের নিমিত্ত ক্লেশ ভোগ করিবেন, অতএব তুমি কল্য প্রাতে এ স্থান হইতে অযোধ্যার প্রতি-গমন কর। আমি একাকী জানকীর সহিত দণ্ডকারণ্যে বারা করিব। কৌশল্যা নিতানত নিরাশ্রয় ৷ কিন্তু কৈকেয়ী একান্তই নীচাশয়, তিনি বিশ্বেষবশতঃ অন্যায় আচরণ করিতে পারেন; বলিতে কি আমাদের জননীর প্রাণবিনাশ করিবার নিমিন্ত বিষপ্রয়োগেও কুণ্ঠিত হইবেন না। দেবা কোশলাদ জন্মান্তরে নিশ্চরাই অনেক স্ত্রীলোককে প্রহান করিয়াছিলেন, সেই জন্ম জাইর এইর প দ্র্ঘটনা উপদ্থিত হইল। তিনি আমায় এতদিন লুক্তি-পালন করিলেন, বহু, দুঃখে বাড়াইলেন, কিণ্তু সূখী করিবার সমূহে তাঁহাকে ত্যাগ করিয়া আইলাম!
লক্ষ্যাণ! আমায় ধিক! আমি জননাক্তি বিশ্তর মন্ত্রণ দিলাম, অতঃপর আর
কোন সমিশ্তিনী যেন আমার ন্যাম্বিশ্রেকে গভে না ধারণ করেন। বোধ হয়,
আমা অপেকা সারিকা মাতার নির্মাধক স্নেহের পার হইবে, তিনি উহার মুখে
শ্রুনির্যাতন করিবার কথা ক্রিনিডে পান, কিণ্ডু আমি তাঁহার পুর হইয়া কি উপকার করিলাম! তিনি√নিতাত দুভাগ্যা, এক্ষণে আমার বিয়োগে শোকে নিমণন ও যংপরোনাস্তি দুঃখিত হইয়া শরান রহিয়াছেন। মনে করিলে আমি রোষভরে একাকী শর্মানকরে অযোধ্যা কি সমগ্র প্রথিবীও নিষ্কণ্টক করিতে পাবি, কিন্ত নির্থাক বল প্রদর্শন শ্রেয় নহে। ভাই! আমি কেবল পরলোকভন্ন ও অধমভিয়েই রাজা গ্রহণ করিলাম না। মহাবীর রাম নির্জ্বনে করুণ মনে এইর প ও অন্যান্যর প নানাপ্রকার বিলাপ ও পরিতাপ করিয়া অগ্র.পূর্ণমুখে মৌনাবলম্বন করিয়া রহি*লে*ন।

অনশ্তর লক্ষ্মণ জনালাশ্না হৃতাশনের ন্যার, ইতবেগ সাগেরের ন্যায় রামকে নিস্তব্ধ দেখিয়া আশ্বাসপ্রদানপূর্বক কহিতে লাগিলেন,—আর্য! আজ আপনি নিস্কানত ইওয়াতে অযোধ্যা নিশ্চরই শশাংকহীন শর্বরীর ন্যায় একান্ত নিম্প্রভ ইইয়া গিয়াছে। কিন্তু এক্ষণে আর এইর্প দৃঃখিত হইবেন না, আপনি দৃঃখিত হইলে আমরাও বিষয় হই। জল হইতে মংস্য উম্পৃত হইলে যেমন জীবিত থাকিতে পারে না, সেইর্প আপনার বিয়োগে আমরা ক্ষণকালও প্রাণধারণ করিতে পারিব না। আপনাকে পরিত্যাগ করিয়া পিতা, মাতা, তাতা ও ন্বর্গই বা কি. কিছুই অভিলাধ করি না।

রাম লক্ষ্মণের এইরূপ দৃঢ় সঙ্কল্প দেখিয়া তাঁহাকে বনবাসরত অবলন্দনে অনুমতি করিলেন এবং অদ্রে বটবৃক্ষমূলে পর্ণশিষ্যা রচিত হইয়াছে দেখিয়া সাঁতার সহিত তথায় গিয়া বিশ্রাম করিতে লাগিলেন। অরণা জনসঞ্চারশ্ন্য,

তাঁহাদের সপো কেহ নাই, কিন্তু গিরিশ্পাগত সিংহ ষেমন নির্ভারে থাকে, তাঁহারা সেইর্প অকুতোভয়ে তর্তলে শয়ন করিয়া রহিলেন।

চতুঃপণ্ডাশ সর্গ ॥ অনন্তর রাত্তি অতীত ও স্বা উদিত হইলে তাঁহারা তথা হইতে গালোখান করিলেন এবং যথার যম্না গণগার সহিত মিলিত চইতেছেন, সেই প্রদেশ লক্ষ্য করিয়া বনপ্রবেশপূর্বক গমন করিতে লাগিলেন। যাইতে যাইতে বিবিধ ভ্বিভাগ, অদৃষ্টপূর্ব রমণীয় দেশ এবং নানাপ্রকার কুস্মিত বৃক্ষ ডাঁহাদের নয়নগোচর হইতে লাগিল।

ন্তমশঃ দিবা অবসান ইইয়া আসিলে রাম লক্ষ্যণকে কহিলেন—বংস! ঐ দেখ, প্ররাণের অভিমন্থে ধ্য উলিত ইইতেছে; বোধ হর, ঐ স্থানে কোন শ্ববি বাস করিয়া আছেন। আমরা নিশ্চরই এক্ষণে গণ্গাযমন্নাস্পামে উপস্থিত ইইলাম, এস্থান ইইতে দুই নদীর প্রবাহস্থবর্ষশব্দ কেমন স্পুস্ট শানা বাইতেছে। অদ্রেই আশ্রমপদ, বনজীবীরা আশ্রমবৃক্ষ ইইতে কাণ্ঠ ভেদ করিয়া স্ট্রাছে,—তাহাও দেখা বাইতেছে।

অনন্তর স্থানত হইলে রাম ও লক্ষ্যণ মৃগুনিকাণের ভয়োৎপাদনপ্রক কিরন্দরে অভিক্রম করিয়া গণ্যা ও বম্নার ক্রিবিদিতে মহর্ষি ভরন্বাক্রের আশ্রম প্রাণত হইলেন। দেখিলেন উগ্রতপা বিকলিক মহর্ষি অণিনহোর অনুষ্ঠান-প্রেক শিষ্যগণের সহিত একাগ্রমনে উপরেশ্বি আছেন। রাম তাঁহাকে দর্শন করিয়া লক্ষ্যণের সহিত কৃতাঞ্জালিপ্রে অভিবাদন করিলেন এবং জানকীকেও প্রণাম করাইলেন। পরে মহর্ষিকে অভ্যাপরিচয় প্রদানপূর্বক কহিলেন,—ভগবন! আমরা মহারাজ দশর্পের স্থাক, আমাদের নাম রাম ও লক্ষ্মণ। রাজবি জনকের কন্যা কল্যাণী স্থান আমারই ভাষা। ইনি এক্ষণে বিক্রম বনে আমার অনুসরণ করিতেছেন। অনুজ লক্ষ্মণও রতধারণপূর্বক আমার সংগ্র যাইতেছেন। আমরা পিতার নিদেশে বনবাসে কাল্যাপন এবং ফল্মন্ল ভক্ষণপূর্বক ধর্ম নাধন করিব।

মহার্ষ ভরদ্বাজ রামের এইর্প বাকা প্রবণ করিয়া তাঁহাকে স্বাগতপ্রদান্ প্রক অহা, ব্র, নানাপ্রকার বনা ফল-মূল ও জল প্রদান করিলেন এবং তাঁহার অবস্থিতির নিমিত্ত স্থান নির্পণ করিয়া অন্যানা ম্নিগণের সহিত্ত তাঁহাকে বেণ্টনপূর্বক উপবিষ্ট হইলেন। অনুনতর কথাপ্রস্পা করিয়া তাঁহাকে কহিলেন, রাম! বহুদিনের পর তোমার এই আশ্রমে দেখিলাম; তোমাকে যে অকারণ নির্বাসিত করা হইয়াছে, আমি ভাহা শ্নিয়াছি। যাহাই হউক, এই গণ্গা-বম্না-সংগমক্ষেত্র নির্জন, পবিত্র ও রমণীয়, তুমি এক্ষণে পরমস্থে এই স্থানে অবস্থান কর্।

রাম কহিলেন, ভগবন্ । এই তপোবনের অদ্রে পোর ও জানপদ লোকসকল বাস করিয়া থাকে; বোধ হয়, তাহারা আমাকে ও জানকীকে অনায়াসে দেখিতে পাইবে. জানিলে সততই গমনাগমন করিবে—এই কারণে এই স্থান আমার তাদ্শ প্রীতিকর হইতেছে না। জানকী বথায় স্থে থাকিতে পারেন আপনি এমন কোন জ্বনশূন্য আগ্রম আমায় দেখাইয়া দিন।

ভরম্বান্ত কহিলেন,—রাম! এই স্থান হইতে দশ ক্লোশ দ্বে গন্ধমাদনতুল্য চিত্রক্ট নামে এক পর্বত আছে। ঐ পর্বতে বিস্তর গোলাঞ্জাল, ভল্লুক ও

বানর বাস করিয়া থাকে। উহার শৃশ্য দর্শন করিলে মণ্যল হয় এবং মোহপাশ হইতে ম্রিলাভ করা বায়। তথায় বহুসংখ্য বৃষ্ণ মহর্ষি শত বংসর তপঃসাধন করিয়া স্বর্গে আরোহণ করিয়াছেন। আমার বোধ হয়, চিত্রকটেই তোমার পক্ষে নির্দ্ধন ও স্থকর হইবে। অথবা বদি তোমার ইচ্ছা হয়, এই আশ্রমে আমারই সহিত কালাতিপাত কর।

এই বলিয়া মহর্ষি ভরন্বাক্ত প্রিয় অতিথি রামকে দ্রাতা ও ভাষার সহিত পরিতুষ্ট করিয়া সকল প্রকার উপচারে সংকার করিলেন। রঞ্জনী উপস্থিত হইল, রাম
অত্যন্তই পরিশ্রান্ত ছিলেন, তিনি সীতা ও লক্ষ্যণকে লইয়া ঐ তপোবনে
পরম সুথে রাহিযাপন করিতে লাগিলেন।

অনন্তর শর্বরী প্রভাত ইইলে রাম তেজঃপ্রেজকলেবর ভরন্বাঞ্চের সহিহিত হইয়া কহিলেন,—ভগবন্! আজ আমরা আপনার আশ্রমে নিশাযাপন করিলাম, এক্ষণে আপনি চিত্রকটেগমনে আমাদিগকে অনুমতি কর্ন। ভরন্বাজ কহিলেন, রাম। চিত্রকটেবাস সর্বাংশেই তোমার বোগ্য। ঐ পর্বতে ফল, মূল ও মধ্ব প্রচর পরিমাণে প্রাণ্ড ইইবে। তথার বিস্তর বৃক্ষ আছে, কিল্লর ও উরগ নিরন্তর বাস করিতেছে। কোকিলের কুহ্রব, ময়্রের কেকাধর্নি সততই শানা ঘাইতেছে। টিট্রিভকুল কুলারে বসিরা ক্জন করিতেছে, মত্ত মুশ্র স্বান্থ দলবন্ধ হইয়া বেড়াইতেছে। রাম! ঐ প্রানে তুমি সীতার স্তিতি নদী, প্রপ্রবণ ও গিরিগ্রহায় পরিশ্রমণ করিয়া অত্যান্তই আনন্দিত ইইবে এক্ষণে সেই শাভুজনক স্থাকর প্রদেশে গিয়া স্বছন্দে বাস কর।

প্রদেশে গিয়া ন্বছন্দে বাস কর।

পশ্পঞ্জাশ সর্গ ॥ অন্যতর করে ও লক্ষ্যণ ইহার্য ভরন্বাজকে অভিবাদনপ্রেক চিত্রক্টে বাতা ক্রিমের নিমিত্র উদ্যত হইলেন। তথন পিতা যেমন
উরস্কাত প্রেকে স্থানাস্ট্রে প্রস্থান করিতে দেখিলে ন্বস্তায়ন করিয়া থাকেন
সেইর্পে মহর্ষি তাঁহাদিগের উল্দেশে ন্বস্তায়ন করিয়া কহিলেন,—রাম! তুমি
এই স্পামতীর্থে গিয়া পশ্চিমবাহিনী বম্নার তীর অবলন্বনপ্রেক গমন
করিবে। কিয়্দার অতিক্রম করিয়া এক তীর্থ দেখিতে পাইবে। সেই তীর্থে
অবতীর্ণ হইয়া ভেলান্বায়া নদী পার হইতে হইবে। পথে শ্যাম নামে অত্যুচ্চ
এক বটবৃক্ষ আছে। উহার দলগুলি হরিন্বর্ণ, চারিদিক বিবিধ পাদপে পরিবেন্টিত; ম্লে সিম্প প্রেবেয়া বাস করিয়া আছেন। গমনকালে সীতা
কৃতাঞ্জলিপ্রেট ঐ বৃক্ষকে প্রণাম করিবেন। উহার শীতল ছায়ায় ডোমরা বিশ্রাম
কর আর নাই কর, তথা হইতে এক কোশ অন্তরে গিয়া, শল্পকী ও বদরীয়াও
এবং যম্নাতীরজ অন্যান্য বহুবিধ বৃক্ষে পরিব্যান্ত নীল্বর্ণ এক কানন দেখিতে
পাইবে। আমি অনেকবার চিত্রক্টে গিয়াছি, ঐ পথা দিয়াই তথায় গমনাগমন
করা যায়। উহা অতিস্কৃশ্য ও বাল্কাময় এবং উহার কুরাপি দাবনেল নাই।

মহার্ষ ভরশ্বাজ এইর পে চিত্রক্টের পথ নির্দেশ করিয়া দিলে রাম তাঁহাকে অভিবাদন করিয়া কহিলেন, ভগবন্! আমরা আপনকার নিদিশ্ট পথ অন্সারেই চলিলাম। এক্ষণে আপনি প্রতিনিব্ত হউন।

অন্তর ভরদ্বাজ প্রতিগমন করিলে রাম লক্ষ্যণকে কহিলেন, বংস! ম্নিয়ে এইর্প অন্কম্পা করিলেন ইহা আমাদের পরম সোভাগ্যের বিষয় সন্দেহ নাই। এই বলিয়া রাম সীতাকে অগ্রে লইয়া লক্ষ্যণের সহিত যম,নাভিম,থে



চলিলেন এবং ঐ বেগবতী নদীর সন্নিহিত হইয়া উহা কি প্রকারে পার হইবেন ভাবিতে লাগিলেন।

অন্তর তাঁহারা বন হইতে শ্রুক কাঠে আহরণ এবং উশীরদ্বারা তাহা



বেন্টন করিয়া ভেলা নির্মাণ করিলেন। মহাবল লক্ষ্যণ জন্ব, ও বেতসের শাখা ছেদনপ্র্বিক জ্ঞানকীর উপবেশনার্থ আসন প্রস্তুত করিয়া দিলেন। তথন রাম সাক্ষাং লক্ষ্যীর নাায় অচিন্তাপ্রভাবা ঈষং লান্জ্বতা বিশ্লদরিতাকে অগ্রে ভেলায় ত্লিলেন এবং তাঁহার পাশ্বে বসনভ্ষণ, যতি এবং ছাগ্রচম সংবৃত পেটক রাখিয়া লক্ষ্যণের সহিত করিং উথিত হইলেন এবং সেই ভেলা অবলন্বন করিয়া প্রতিমনে সাবধানে পার হইতে লাগিলেন সানকী যম্নার মধান্থলে আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিলেন, দেবি ক্রেমাম তোমায় অতিক্রম করিয়া যাইতেছি, এক্ষণে যদি আমার ক্রামা স্মুক্তির রত পালন করিয়া অযোধ্যায় প্রত্যাগমন করিতে পারেন, তাহা হইলে প্রস্তুর গো ও শত কলস স্ক্রা দিয়া তোমার প্রভা করিব। সাঁতা কৃতাঞ্জ্বিকি স্টে এইর্প প্রার্থনা করত তরশ্ববহ্লা কালিন্দার দক্ষিণ তীরে উত্তীর্ণ হইটেন।

পরে সকলে সেই ভেঁলা পরিত্যাগপ্র ক যম্নতেটের বনস্থল অতিক্রম করিয়া শ্যাম বটের সিলিহিত হইলেন। জানকী তাঁহাকে প্রণাম করিয়া কৃতাজলি-প্রটে কহিলেন, তর্বর! আমার পতি বতকাল পলেন কর্ন, আমরা আবার আসিয়া যেন আর্যা কোঁশল্যা ও স্মিত্রাকে দেখিতে পাই, তোমাকে নমস্কার, এই বলিয়া তিনি বটবৃক্ষকে প্রদক্ষিণ করিলেন।

অনশতর রাম লক্ষ্যাণকে কহিলেন, বংস! তুমি সীতাকে লইয়া অল্লে গমন কর, আমি সশস্ত্র হইয়া সকলের পশ্চাতে যাইব। দেখ, গমনকালে জানকী ষে ফল এবং যে প্রুপ চাহিবেন, যে বস্তুতে ই'হার স্প্রা হইবে, তুমি তৎক্ষণাং তাহা আনিয়া দিবে।

সীতা যাইতে যাইতে বৃক্ষ, গুল্ম এবং অদৃষ্টপূর্ব প্রুপ্পগ্রেছস,শোভিত লতা যাহা কিছু দেখেন অমনি রামকে জিল্ঞাসা করেন, লক্ষ্যপত ব্যুদ্তসমুস্ত হইযা তাহা আনিয়া দেন। তৎকালে তিনি সেই নিমলিজলবাহিনী হংস্পারসনাদিনী যমুনাকে দেখিয়া অত্যানতই আন্দিত হইতে লাগিলেন।

অনন্তর রাম ও লক্ষাণ তথা হইতে ক্রোশমাত্র গমনপূর্বক বহুসংখ্য পবিচ মুগ বধ করিয়া বনমধ্যে ভোজন করিলেন এবং মাতজ্গসঙ্কুল বানরবহুলে বিপিনে সুধে বিচরণ করিয়া নিশাকালে সমতল নদীতীরে আশ্রয় লইলেন। **ষট্পণ্ডাশ সর্গা। রজনী প্রভা**ত হইলে রাম লক্ষ্মণকে জার্গারত অথচ তন্দ্রায় আচ্ছন্ন দেখিয়া মৃদ্বচনে প্রবোধিত করত কহিলেন,—লক্ষ্যুণ! ঐ শ্রন, বনের পক্ষিসকল মনোহর স্বরে কলরব করিতেছে। এক্ষণে আমাদিগের প্রস্থানের সময় হইয়াছে, চল আমরা গমন করি। তখন লক্ষ্যণ যথাসময়ে প্রবৃষ্ণ হইয়া প্রেদিনের পর্যটনশ্রম পরিত্যাগ করিলেন। অনন্তর সকলে যম্নার জলে স্নান করিয়া খাষ-নিষেবিত পথে চিত্রক্টাভিমুখে বাইতে লাগিলেন। গমনকালে রাম কমললোচনা জানকীকে কহিলেন, প্রিয়ে! দেখ, বসন্তে পূষ্প-বিকাশ-নিবন্ধন কিংশ্ব বৃক্ষ যেন মাল্য ধারণ করিয়াছে এবং বোধ হইতেছে যেন উহার চতুর্দিক দাবানলে প্রজন্তিত হইয়া উঠিয়াছে। ঐ দেখ, ভল্লাতক, বিক্ব ফলপ্যদেপ অবনত হইয়া আছে, কিন্তু ভোগ করিবার কেহ নাই। প্রতি বৃক্ষে দ্রোণপ্রমাণ মধ্রুম লম্বমান রহিরাছে। দাড্যুহ চীংকার করিতেছে, ময়্র ভাকিতেছে এবং বনম্থল ব্বেদর স্বরংপতিত প্রদেপ আছল হইয়া আছে। ঐ অদুরে চিত্রক্ট পর্বত। উহার শৃংগ অতিশয় উচ্চ, উহাতে হৃষ্পিতসকল দলবন্ধ হইয়া পরিভ্রমণ করিতেছে এবং বিহঙ্গেরা কোলাহল কবিয়া চারিদিক প্রতিধন্নিত করিয়া তুলিয়াছে। লক্ষাণ! আমরা এই চিত্রক্টের সমতল রমণীয় কাননে পরম সংখে বিহার করিব।

অন্তর তাঁহারা পাদচারে কিয়ন্দরে অভিন্য করিয়া চিত্রক্টে উপন্থিত হইলেন। উপন্থিত হইয়া রাম লক্ষ্যাকে ক্ছিলেন, বংস! এই পর্বতে ফল-মূল প্রচর পরিমাণে উপলব্ধ হইবে, ইহার লুক্টে অতি স্কুলাদ্। বেয়ে হয়, এখানে জাবিকার নিমিন্ত আমাদিগকে ক্রেপ্টেলার করিতে হইবে না। এই স্থানে বহ্সংখ্য ক্ষি বাস করিয়া আছের হহা বাস করিবার বোগ্য স্থান আইস, আমরা এই চিত্রক্টেই আশ্রম ক্ষিব। এই বলিয়া তাঁহারা মহার্ম বাদ্মীকির আশ্রমে উপন্থিত হইয়া স্ক্রমালিপ্টে তাঁহাকে আশ্রনিবেদন ও অভিবাদন করিয়া নাম্মীকও ছাইনাদগকে স্বাগতপ্রদনপ্রক অভার্থনা ও সংকার করিয়া সম্ভূন্ট হইলেন।

অনন্তর রাম লক্ষ্যণকে কহিলেন, বংস! তুমি এক্ষণে দৃঢ় উৎকৃষ্ট কাষ্ঠ আনিয়া গৃহ প্রস্তুত কর, চিত্রকটো বাস করিতে আমার অত্যন্তই অভিসাহ ইইয়াছে। লক্ষ্যণ রামের আদেশমাত্র অরণ্য হইতে নানাপ্রকার বৃক্ষ আনিয়া এক্থানি গৃহ নির্মাণ করিলেন। ঐ গৃহের চতুদিক কাষ্ঠাবরণে আবাত উপরিভাগ প্রশ্বারা আছোদিত এবং উহা অতি স্কৃশ্য হইয়াছে,—দেখিয়া রাম পরিচারণপর লক্ষ্যণকে কহিলেন, বংস! এক্ষণে আমাদিগকে মৃগমাংস আহরণ করিয়া গৃহ্যাগ করিতে হইবে। বাঁহারা বহুদিন জীবনধারণের বাসনা করেন, তাঁহাদিগের বাস্তুশান্তি করা আবশাক। অভএব তুমি অবিলম্বে মৃগবধ করিয়া আন। শাস্ত্রনিদিণ্ট বিধি পালন করা স্বতোভাবেই শ্রেয় হইতেছে।

তখন লক্ষ্মণ বন হইতে মৃগ বধ করিয়া আনিলেন। তন্দর্শনে রাম প্রেরায় তাঁহাকে কহিলেন, বংস! তুমি গিয়া এই মৃগের মাংস পাক কর; আমি দ্বয়ংই বাস্তুশান্তি করিব। দেখ, অদ্যকার দিবসের নাম ধ্রেব এবং এই মৃহ্তেও সৌমা, অতএব তুমি এই কার্ফে বছবান হও। তখন লক্ষ্মণ প্রদীশত বহিমধ্যে পবির মৃগমাংস নিক্ষেপ করিলেন এবং উহা শোণিতশ্লা ও অত্যন্ত উত্তপত হইয়াছে দেখিয়া রামকে কহিলেন, আর্ম! আমি এই সর্বাদ্যপূর্ণ কৃষ্ণবর্ণ মৃগ অণিনতে পাক করিয়া আনিলাম, আপনি এক্ষণে গহেষাগ আরন্ত কর্ন।



অনশ্তর দৈবকার্যনিপণে গণেবান রাম দ্নান করিয়া যাগসমাপক মন্তুদ্বারা বাদতুশাদিত করিলেন এবং দেবগণের প্রেলা সমাধানান্তে পরিত্র হইয়া গ্রেছ প্রিভিট হইলেন। তিনি গ্রপ্তবেশ করিয়া পাপহর রোল, বৈষ্ণব ও বৈশ্বদেব বলি প্রদান করিয়া বাস্তুদোষপ্রশমন নানাপ্রকার মহিলক কার্বের অন্তান ও জপ করিতে লাগিলেন।

এইর্পে দৈব কার্যসকল সম্পন্ন হইলে আরু প্রতিমনে বিধিপ্রাক নদীতে মনান করিয়া তথায় আশ্রমের অন্রাপ্রাক্তি আয়তন ও বেদি প্রস্তৃত করিয়া রাখিলেন এবং দেবতারা যেমন স্থেমি সানানী দেবসভায় প্রবেশ করেন, সেইর্প জানকী ও লক্ষ্যণের সহিত যোগ্য সানি প্রস্তৃত বার্সভার-বিরহিত মনোহর পর্ণকৃটীরে প্রবেশ করিয়া করে করিডে লাগিলেন। রমণীয় চিত্রকাট এবং উংকৃট অবতরণপথবার ক্রিটাক্ষিমা রহিল না। তিনি যে অবোধাা হইতে নির্বাসিত হইয়াছেন, তংকালে সেই দুঃখ সম্পূর্ণ বিক্ষাত হইয়া গেলেন।

সশ্ভণগাদ সগা। এদিকে রাম দৃঃখিত মনে বহুক্রণ স্মান্তরে সহিত কথোপকথন করিয়া ভাগারিথীর দক্ষিণ ভীরে উপনীত হইলে, নিষাদরাজ গৃহ স্বগ্রে প্রতিগমন করিলেন। স্মান্তও শুয়াগে রামের মহর্ষি ভরুত্বাঞ্জের আশ্রমে গমন, তথার আভিথ্য গ্রহণ এবং চিত্রক্ট পর্বতে অবস্থান—গাছ-প্রেরিত লোক-মান্থে এই সকল সমাক্ জ্ঞাত হইলেন এবং গাহের অন্জ্ঞান্তমে রথে অন্ব্রেজনা করিয়া দীনমনে শীল্প অযোধ্যাভিমানে বাত্তা করিলেন। পথিমধ্যে গ্রাম, নগর, সরিং, সরোবর এবং কুস্মিত কাননসকল তাহার নেতগোচর হইতে লাগিল। পরে শৃত্যবের পরে হইতে যে দিবস নিজ্ঞান্ত হন, তাহার ন্বিতীয় দিনে সায়াহকালে অযোধ্যায় উপস্থিত হইয়া দেখিলেন, উহা জনশানা স্থানের নায়ে নিঃশব্দ ও নিরানন্দ। তদ্দর্শনে স্মান্ত শোকে আল্লোন্ড ও একানত বিমনারমান হইয়া মনে করিলেন, বৃথি এই নগরী রামের শোকানলে হন্তী অন্ব্রাজা প্রজা সকলেরই সহিত দেখ হইয়া গিয়াছে। এই ভাবিয়া তিনি মহাবেগে নগরত্বারে উপনীত হইয়া শীল্প তক্ষধ্যে প্রবেশ করিলেন। প্রব্যিসগণ স্মান্ত

আগমন করিতেছেন দেখিয়া, 'এক্ষণে রাম কোথার'—কৈবল এই কথা জিজ্ঞাসা করত রখের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিল। তখন স্মেশ্র তাহাদিগকে কহিলেন, দেখ, গশ্গাতীরে ধর্মপরারণ মহান্যা রাম আমার অন্ভা করিলে আমি তাহাকে সম্ভাষণ করিয়া প্রভ্যাগমন করিলাম, ইহার অধিক তাহার বিষয় আর কিছুই জানি না।

তখন প্রবাসীরা রাম গণ্যা পার হইয়া গিয়াছেন জানিয়া, বাদপপ্ণ-লোচনে হা হতোহদিম বলিয়া, দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগপ্রক রোদন করিতে লাগিল। তংকালো উহারা স্থানে দ্থানে দলবন্ধ হইয়া কহিতে লাগিল, হা! আমরা এই রথে আর রামকে দেখিতে পাইলাম না। দান, ষজ্ঞ, বিবাহ, সমাজ ও উৎসবে তাঁহার দর্শনিলাভ নিভান্তই দ্র্লভি হইল। তিনি পিতার ন্যায় আমাদিগকে প্রতিপালন করিতেন, আমাদিগের উপব্যক্ত কি, ইণ্ট কি, কির্পেই বা আমরা স্থা হইব,—তিনি সততই এই চিন্তায় আকুল হইতেন। ঐ সময় স্থালোকেরাও গবাকে দশ্ভায়মান হইয়া রামের শোকে বিলাপ ও পরিতাপ করিতেছিল, স্মন্ত বিপণীপথে গমনকালো তাহাও শ্নিতে পাইলেন এবং বস্থানারা ম্থ আছোদন করিয়া রাজপ্রাসাদাভিম্বেশ্ বাইতে লাগিলেন।

অনন্তর তিনি অবিশ্বে তথার উপস্থিত হইকের এবং রথ হইতে অবতীর্ণ হইরা মহাজনপ্রণ সাতটি ককা অতিক্রম ক্রিয়া চলিলেন। তংকালে প্রাসান হইতে প্রেনারীগণ স্মান্তকে দেখিরা রাজ্য অদর্শনে হাহাকার আরম্ভ করিলেন এবং বংপরোনান্তি কাতর স্থান অতি বিশাল, ধবল, জলধারাকুল লোচনে অস্পন্তভাবে পরস্পর পরত্রির প্রতি চাহিতে লাগিলেন। রাজ্যহিনীরা হুমা হইতে অবতরণ্ঠিক শোকাকুল মনে ম্দ্রেচনে কহিলেন, হা! স্মান্ত রামের সহিত বিশ্বাল হুইয়াছিলেন কিন্তু তাহাকে পরিতাগ করিয়া নগরে আইলেন; ছুট্টিনা, এখন কাতরা কৌশল্যাকে কি বলিয়া প্রবোধ দিবেন। রাম রাজ্যাভিত্তি উপেকা করিয়া নিগতে হইলে বখন কৌশল্যা প্রাণ ধারণ করিয়া আছেন, তখন বোধ হয়, জীবন কেবলই দ্বংথের এবং মৃত্যুও সহজে হয়, না।

স্মন্ত মহিষীগণের এইর প স্সঞ্গত বাকা প্রবণপূর্বক শোকে প্রদীশৃত হইয়া অভ্যম কক্ষায় প্রবেশ করিলেন, দেখিলেন, তথায় রাজা দশরথ পরেশোকে লান হইয়া পাণ্ড্রাগশোভিত গৃহে দীনমনে উপবেশন করিয়া আছেন। তথন স্মন্ত তাঁহার সিমিহিত হইয়া তাঁহাকে অভিবাদন করিলেন এবং রাম যের প কহিয়া দিয়াছেন, অবিকল সেই কথা কহিতে লাগিলেন। দশরথ নিশ্তব্যভাবে তংসম্দয় প্রবণ করিয়া প্রশোকে ভ্তলে ম্ছিতি হইয়া পাড়লেন। তিনি ম্ছিতি হইলে রাজমহিষীরা দ্বংসহ দ্বংখে আহত হইয়া বাহ্ উত্তোলনপূর্বক রোদন করিতে লাগিলেন।

অনন্তর কৌশল্যা ও স্থামিয়া অবিলাদেব ধরাতল হইতে তাঁহাকে উত্থাপনপ্র্বাক কহিলেন, মহারাজ! সেই দ্বুকর কার্যসম্পাদক রামের বার্তাহারক বন
হইতে প্রত্যাগমন করিয়াছেন, তুমি কেন ই'হার সহিত আলাপ করিতেছ না?
রামকে বনবাস দিয়া তোমার কি আজ লজ্জা হইয়াছে? এক্ষণে উত্থিত হও।
তুমি এইর প কাতর হইলে তোমার পরিজনেরা আর বাঁচিবে না। তুমি যাহার
ভয়ে স্মান্তকে কোন কথা জিজ্ঞাসিতেছ না, সেই কৈকেয়ী এখানে নাই। এক্ষণে
অশ্তিকত মনে ই'হার সহিত বাক্যালাপ কর।

শোকাকুলা কৌশল্যা বাষ্পাদগদ বাক্যে মহারাজ দশর্থকে এইর্প কহিয়াই ভ্তলে ম্ছিত হইয়া পড়িলেন। তখন আর আর মহিষীরা তাঁহাকে পতিত এবং পতিকে অত্যতই বিষয় দেখিয়া রোদন করিতে লাগিলেন। অযোধ্যার আবালব্ধ্ধবিনতারা নৃপতির অন্তঃপর্রে আর্তরিব উথিত হইয়াছে দেখিয়া রোদন করিতে লাগিলে; প্নরায় অযোধ্যায় ভূম্ল ব্যাপার উপস্থিত হইল।

আন্টেপন্থাশ সর্থা। অনন্তর বীজনাদি ন্বারা দশরখের সংজ্ঞালাভ হইলে তিনি রামের ব্রান্ত জানিবার নিমিন্ত স্মন্ত্রকে আহ্বান করিলেন। তংকালে ঐ বৃশ্ধ রাজা দ্বংখলাকে নিভাল্ত কাতর হইয়া অচিরধ্ত হস্তীর নায়ে ঘন ঘন নিশ্বাস পরিতালপ্র্বিক কথন রামের নিমিন্ত পরিতাপ এবং কথন বা চিন্তা করিতেছিলেন। ইত্যবসরে স্মন্ত্র ধ্লিধ্সরিত কলেবরে সজলনয়নে তাহার নিকট উপস্থিত হইলে তিনি কাতর মনে কহিলেন,—স্ত! ধর্মপরারণ রাম তর্ম্জ আশ্রয় করিয়া কোন্ স্থানে আছেন? তিনি অতাল্ড স্থানী, এক্ষণে কি আহার করিবেন? দ্বংখ তাহার বেংগা নহে, কির্পে তাহা সহ্য করিতেছেন? উত্তম শ্রমা শর্মন করিয়া থাকেন? গমনকালে বাহার স্মিত্রের নাায় কেমন করিয়া ছত্তেল শয়ন করিয়া থাকেন? গমনকালে বাহার স্মিত্রের করিয়াছে, তিনি লক্ষ্মণের সহিত কির্পে তথায় থাকিবেন? হার করিলেন? স্ক্রমারী জানকীকে লইয়া রথ হইতে কির্পে পদর্কে সমন করিলেন? স্তাহারা স্ক্রমারী জানকীকে অরণো প্রবেশ করিছে দেশির্মা আসিয়াছ, তুমিই ধনা। আমার রাম কি কহিয়াছেন? লক্ষ্মণ করিছে সমন করিলেন? স্কাত্র বা বনে গিয়া কি কথা বলিয়া দিলেন? তুমি রামের শয়্রম করিরা থাকিব।

স্মান্ত রাজা দশরখের এইরূপ বাক্য শ্রবণ করিয়া বাৎপগদগদ বচনে কহিতে লাগিলেন, মহারাজ! রাম কৃতাঞ্চালপুটে আপনাকে প্রধাম করিয়া ধর্মে মনোনিবেশপ্রাক কহিয়াছেন, স্মন্ত! তুমি আমার কথান,সারে সেই স্বিখ্যাত মহাত্মা পিতার চরণে গিয়া প্রণাম করিবে। অন্তঃপ্রের সকল স্মালোককে আমার নমস্কার ও মঞালসমাচার নিবিশেষে জানাইবে। জননী কোশলাকে আমার অভিবাদন ও সর্বাঞ্গীণ কুশল নিবেদন করিয়া আমি ধর্মপথে যে অটল আছি এই কথা কহিবে; আরও বলিবে, দেবি! তুমি ধর্মশীলা হইয়া যথাকালে অস্ন্যাগারে অস্নি-পরিচর্যা করিবে এবং আমার পিতার চরণযুগল দেবতার ন্যায় দেখিবে। আমার মাতৃগণের সহিত ব্যবহারকালে মানাভিমান কিছুই মনে আনিও না এবং আর্যা কৈকেয়ীকে মহারাজ অপেক্ষা কোন অংশে ন্যুন বলিয়া বিবেচনা করিও না। নৃপতিরা জ্যোষ্ঠ না হইলেও প্জ্যে হইয়া থাকেন, অতএব তুমি রাজধর্ম ক্ষরণ করিয়া কুমার ভরতকে রাজার ন্যায় সমাদর করিও। সুমন্ত ! তুমি জননীকে এইর্প কহিয়া ভরতকে আমার মণাল জানাইবে এবং আমার ব্যক্যান্সারে বালবে—তিনি মেন মাতৃগণের মধ্যে সৰুলের সহিত ন্যায়ান্সারে ব্যবহার করেন এবং যৌবরাজে প্রতিষ্ঠিত হইয়া পিতাকে যেন রাজ্যেশ্বর **ক্রিয়া রাখেন। পিডা বৃন্ধ হইয়াছেন, তাঁহাকে রাজ্যচ**্যত করা অকর্তব্য,

অতএব তাঁহারই আছা প্রচার করিয়া তাঁহাকে যেন সম্ভূষ্ট করেন। মহারাজ! রাম সকলকে এইরপে কহিয়া দিয়া গলদপ্র,লোচনে আমার বলিলেন, সম্মন্ত! তুলি আমার মাতাকে স্বায় জননীর ন্যায় দেখিও। সেই পদ্মপলাশলোচন এই কথা কহিয়াই রোদন করিতে লাগিলেন।

অনন্তর ধাক্ষাণ ক্রোধাবিষ্ট হঁইয়া দীর্ঘনিঃন্বাস পরিত্যাগপ্রক কহিলেন, সার্থ! মহারাজ এই রাজকুমাবকে কোন্ অপরাধে নির্বাসিত করিলেন? কৈকেরীর লগ্ন আদেশে এইরাপ কার্যান্টোন ভাঁহার যোগ্য ব্য অযোগ্যই হউক, কিন্তু ইহাতে আমরা অত্যন্তই ব্যথিত হইয়াছি। আর্য রামের নির্বাসন কৈকেরীর লোভনিবন্ধন বা বন্তুতই বরদানবন্দতঃ ঘটিয়া থাকুক, মহারাজ যে অকার্য করিয়াছেন তাহাতে আর সন্দেহ নাই। যদি ঈন্বরেচ্ছার এইর্প হইয়া থাকে তাহাতে আর বন্তব্য কি, কিন্তু রামকে ত্যাগ করিতে হয়, এইর্প কোন কারণই আমি দেখিতেছি না। মহারাজ কেবল ব্লিখ-লাঘবহেতু কর্তব্যাকর্তব্য অবধারণ না করিয়া এই কর্ম করিয়াছেন, ইহাতে ইহকাল ও পরকালে তাঁহাকে ক্রেশ ভোগ করিতে হইবে। আমি তাঁহাতে পিতৃভাব অনুমান্ত দেখিতে পাই না; রামই আমার হাতা, প্রভাব, বন্ধা ও পিতা। বিনি সক্র লোকের হিতসাধনে নিবিন্ট এবং সকল লোকেরই প্রির, তাঁহাকে পরিত্রেরা, করিয়া মহারাজ কির্পে সকলকে অনুরক্ত করিবেন। বিনি প্রজাগণের স্প্রত্রির, সেই ধার্মিককে নির্বাসন ও সকলের সহিত বিরোধ উৎপাদনপূর্বক ডিল্সিকর্পেই বা রাজা হইবেন।

রামই আমার প্রাতা, প্রভা, বন্ধা ও পিতা। বিনান সকল লোকের হিতসাধনে
নিবিন্ট এবং সকল লোকেরই প্রির, তাঁহাকে পরিত্যকা করিয়া মহারাজ কির্পে
সকলকে অনুবন্ধ করিবেন। যিনি প্রজাগণের স্পূর্ণের, সেই ধার্মিককে নির্বাসন
ও সকলের সহিত বিরোধ উৎপাদনপূর্ব ক তিনি কির্পেই বা রাজা হইবেন।
মহারাজ! এ সময় জানকী ঘন ঘন বিশিষ্ট বিস্ময়াবেশে স্তথ্য হইয়া দাঁড়াইয়া
রহিলেন। দৃঃথ কাহাকে বলে বিশ্বি তাহা জানেন না, তৎকালে ভাগো এই
বিপদ উপস্থিত দেখিয়া অনুবন্ধ রোদন করিতে লাগিলেন। আমাকে কিছুই
কহিলেন না, কেবল শৃত্তু কি স্বামার প্রতি দৃষ্টিপাত করিয়া রহিলেন এবং
আপনার এই রথ ও আমাকৈ বারংবার নিরীক্ষণ করিতে লাগিলেন।

ওকোনৰভিতম লগা। অনুভাৱ আমি রাম ও লক্ষ্যণের বিরোগ-দ্বংখে বংপরোনাদিত কাতর হইরা কৃতার্জালপ্টে তাঁহাদিগকে অভিবাদনপ্তাক তথা হইতে রথ লইরা প্রশ্বান করিলাম। মহারাজ! যদি রাম আমাকে প্নরার আহ্বান করেন, এই প্রত্যোশার শ্লগবের প্রে নিষদেপতি গ্রের সহিত বহুক্রণ অবস্থান করিরাছিলাম, কিন্তু আমার সে আশা প্র্যাহিলাম। আমিবার সময় আমার অন্বর্গণ রামের বনগমনে দ্বাথিত হইরা উষ্ণ অন্ত্র্ মোচন করিতে লাগিল, প্র্বিং আর রথ বহন করিতে পারিল না। দেখিলাম, আপনার অধিকারে কৃক্ষসকল প্রুপ, অন্ত্রর ও ম্কুলের সহিত দ্বংশে জ্বান হইরা গিয়াছে। নদী, পল্বল ও সরোবরের জল অত্যুন্ত আবিল ও উত্তুন্ত, কমলদল সন্ত্রিত এবং বন ও উপবনের প্রত্রেসকল শ্রুক হইরাছে। মংস্য ও জলচর পক্ষীরা সলিলে লান রহিরাছে, প্রাণিসকল নিস্পন্দ, হিংস্ত জন্তুগণ্ও সঞ্চরণ করিতেছে না, বন রামের শোকে বেন নীরব হইয়া আছে। জলজ ও স্থলম্ব প্রেণ্ডির গন্ধ পর্বেণ আর নাই এবং ফলও বিস্বাদ হইয়া গিয়াছে। প্রশ্বনর রমণীয়তাও বিদ্বিত হইয়াছে। মহারাজ! আমি যখন অবোধ্যার প্রবেশ করি,



তংকালে কেহই আমাকে অভিনন্দন করিল না এবং রামকে দেখিতে না পাইয়া ঘন ঘন নিঃখবাস পরিত্যাগ করিতে লাগিল। পথের লোকেরা দ্র হইতে রথে রামকে না দেখিয়া অবিরল্ধারে অপ্র্বিসর্জনে প্রব্ হইল। প্রাসাদ হইতে সমস্ত পৌরল্রী প্রমধ্যে রথ উপস্থিত দেখিয়া রিমর অদর্শনে হাহাকার আরুভ করিল এবং বংপরোনাস্তি কাতর হইয় অসিল। ঐ সমর দেখিলাম, সকল লোকনে অস্পর্ভাবে পরস্পরের প্রতি চাহিতে অসিল। ঐ সমর দেখিলাম, সকল লোকই কাতর, স্কুতরাং কে মির, কে বি কেই বা উদাসীন—ইহার কিছুই আমি ব্বিতে পারিলাম না। রাজন প্রালব কি, অবোধারে অধিবাসীরা বিষয় হইয়া দীঘনিঃশ্বাস ফেলিতেছে করিতেছে। দেখিয়া বোধ হর, যেন নগরী প্রহীনা কোশল্যারই নায়ে সামর সালনীয় হইয়াছে।

মহীপাল দশর্থ স্মাট্রের এইরূপ বাক্য শ্রবণ করিয়া দীনমনে বাংপগদগদ বচনে কহিতে লাগিলেন, সূমন্ত্র! আমি বখন পাপকুলোৎপলা কৈকেয়ীর কথায় রামের নির্বাসন অপগীকার করি, তখন মন্ত্রণানিপরে বৃন্ধগণের সহিত এই বিষয়ের কিছু,ই বিচার করি নাই। আমি অমাত্য ও সু,হু,দগণের প্রামশ না লইয়া স্ক্রীর অনুরোধে মোহের বশীভাত ইইয়াই সহসা এই কার্য কবিয়াছি। এক্ষণে নিশ্চয় বোধ ইইতেছে যে, ভবিতবাতা ও দৈবের ইচ্ছাবশতঃ এই কুল উৎসম হইবে, এইজন্য আমার ভাগ্যে এই বিপদ ঘটিয়াছে। সংমশ্য ! আমি যদি কখনও ভোমার কিছুমার প্রিয়কার্য সাধন করিয়া খাকি, তবে এক্ষণে তুমি আমাকে শীঘ্ন রামের নিকট লইয়া চল: তাঁহাকে না দেখিয়া আমার প্রাণ ওষ্ঠাগতপ্রায় হইয়াছে। অথবা এখনও আমি আজ্ঞা দান করিতেছি, তুমি রামকে প্রত্যানয়ন কর, তাঁহার বিয়োগে মাহতে কালও আর দেহ ধারণ করিতে পারি না। আমার বেধে হইতেছে, এতদিনে তিনি বহুদুর গিয়া থাকিবেন, অতএব অবিলম্বে আমাকেই রথে লইয়া তাঁহাকে দেখাইয়া আন। হা! এক্ষণে সেই কুন্দকুট্যালদন্ত মহাবীর কোথার আছেন? যদি ভাগ্যে জীবিত থাকি, তবে জানকীর সহিত তাঁহাকে দেখিতে পাইব। আমার মৃত্যুকলে আসম হইয়াছে, এ সময়েও যদি তাঁহার দর্শন না পাইলাম, তবে বল দেখি, ইহা অপেক্ষা আমার আরু কি কট আছে? হা রাম! হা লক্ষ্যণ! হা জানকি! আমি অনাথের ন্যায় দৃঃখে প্রাণত্যাগ করিতেছি, কিন্তু তোমরা তাহা জানিতেছ না।

অনন্তর দশরথ প্তিবিয়োগ-দুঃথে জ্ঞানশ্না হইয়া শোকাকুল মনে কৌশল্যাকে কহিলেন, দেবি! আমি রাম বিনা বে দুঃখসাগরে নিপতিত ইইয়াছি, জীবদ্দশায় ভাহা হইতে উদ্ধার ইইতে পারিব, এর্প সম্ভাবনা করি না। রামের শোক এই সাগরের বেগ, নিঃশ্বাস উহার তরণগ্রহ্ল আবর্ত, বাহ্-বিক্ষেপ মংসা, রেদেন গভার কজ্লোলশব্দ, বিক্ষিণ্ড কেশঞাল শৈবাল. কৈকেয়ী বড়বানল, ক্জার বাক্য নক্তকুলভার, প্রাথিত বর তারভামি এবং রামের নির্বাসনই বিস্তার। এই সাগর বাল্পর্প-নদাজলে সত্তই আবিল হইতেছে এবং উহা আমার নেত্রনীরেই উৎপল্ল। দেখ, আজ আমার রাম ও লক্ষ্যাক্ষে দেখিবার অত্যাতই অভিলায হইতেছে, কিন্তু তাঁহাদিগকে দেখিতে পাইতেছি না, ইহা আমার পাপ ভিল্ল আর কিছাই নহে। এই বিলিয়া রাজা দশরথ তংক্ষাং ম্ছিতি হইয়া শ্যায় নির্পতিত হইলেন। কৌশল্যাও তাঁহাকে ভদবন্ধ দেখিয়া এবং তাঁহার এইর্প কর্ণ ব্যক্য প্রবণ করিয়া যারপরনাই শঙ্কত হইয়া উঠিলেন।

মানিত্র সগা। অনন্তর তিনি ভ্তাবিশ্টার নামে রারংবার কান্পত হইতে লাগিলেন এবং ধরাতলে নিপতিত ও মৃত্রক্ত হইয়া স্মন্ত্রকে কহিলেন, স্মন্ত্র! বথার রাম, লক্ষ্মণ ও সীতা অবস্থাম সারতেছেন, তুমি আমাকে তথার সাইয়া চল। আজ আমি তাঁহাদের বিশ্বেষ্ণি মাতনার আর প্রাণ ধারণ করিতে পারি না। তুমি রথ ফিরাইয়া আন ক্রিমাকেও শাঁর দন্দকারণাে লইয়া বাও; বিদ আমি তাঁহাদের অন্সরণ না ক্রিম্ আমার প্রাণ কিছ্তেই রক্ষা হইবে না। তথন স্মন্ত কৃতাঞ্জলিপ্রে বান্পগদগদ বাক্যে তাঁহাকে আন্বাস প্রদান-প্রক কহিতে লাগিলেন ক্রিমাকেও মানি এক্ষণে শোক মোহ ও দ্বংখাবেগ পরিত্যাগ কর্ন। রাম অম্বিতিত মনে বনে বাস করিতেছেন। জিতেন্দিয় লক্ষ্মণ

তথন স্মণ্ড কৃতাঞ্জলিপুর বিশ্বগদগদ বাক্যে তাঁহাকে আণ্বাস প্রদানপর্বক কহিতে লাগিলের কবি! আপনি এক্ষণে শোক মোহ ও দ্বঃখাবেগ পরিত্যাগ কর্ন। রাম অষ্টিশত মনে বনে বাস করিতেছেন। জিতেদ্রির লক্ষ্যাণ তাঁহার চরণসেবার নিব্যন্ত হইয়া পরলোকের শ্ভসগুর প্রবৃত্ত আছেন। জানকী রামসংক্রাণ্ডমনা হইয়া নির্জন অরণ্ডেও গৃহবাসের অন্বর্গ প্রণিত লাভ করিতেছেন। বনে আছেন বলিয়া কিছ্মাত্র কাত্র নন। বোধ হয়, তিনি মেন প্রবাসে থাকিবার সম্পূর্ণই যোগ্য হইয়াছেন। দেবি! বলিব কি, জানকী প্রের্ব এই নগরের উপবনে গিয়া যেমন বিহার করিতেন, গহন কাননেও সেইর্গে করিতেছেন। সেই প্র্ণচন্দ্রাননা বালিকার ন্যায় অক্রেশে রামসহবাসে রহিয়াছেন। রামেই যাঁহার হ্দয়্মনন আসভ্ত এবং রামেই যাঁহার জ্বীবন আয়ত্ত রহিয়াছে এই রামহীন অযোধ্যা তাঁহার পক্ষে অরণ্যবং হইত। তিনি নদী, গ্রাম, নগর ও বিবিধ বৃক্ষ দর্শন করিয়া, রামকে বা লক্ষ্যণকেই হউক, জিজ্ঞাসিতেছেন এবং জিজ্ঞাসা করিয়া তৎসমন্দর সম্যক্ জ্ঞাত হইতেছেন। তিনি এক্ষণে যেন অযোধ্যার ক্রোলাল্তরে বিহারক্ষেত্র আশ্রয় করিয়া আছেন। দেবি! জানকীর বিষয় এই প্র্যন্তই জানি, আর তিনি যে কৈকেয়াসংক্রান্ত কথা আমায় কহিয়াছিলেন, তাহা এখন আমার আর স্বরণ হইতেছে না।

প্রমাদবশতঃ কৈকেরীর কথা উপস্থিত হইবামাত্র, স্মেশ্য তাহার আর উল্লেখ না করিয়া কৌশল্যার <mark>যাহাতে তুল্টিলাভ হ</mark>ইতে পারে, এইর্প বাক্যে কহিলেন, দেবি! পর্যটনশ্রম, বায়ুবেগ, আবেগ ও রৌদ্রের উত্তাপেও সীতার চন্দ্রাংশ্সদৃশী কান্তি মলিন হ**ইতেছে** না। তাঁহার সেই পূর্ণ শশধর ও শতদল-

তুল্য আনন স্লান হয় নাই। তাঁহার চরণযুগল এক্ষণে অলন্তকরাগশ্ন্য, কিন্তু স্বভাবতঃ অলন্তকেরই ন্যায় রন্তবর্ণ, স্যুতরাং আজিও ক্ষলকলিকাসদৃশ প্রভা-সম্পন্ন দৃষ্ট ইইয়া থাকে। তিনি এখনও অনুরাগনিবন্থন ভ্ষণ ধারণ করেন এবং ন্পার স্বারা হংসের লীলা অপহেলা করিয়াই যেন সবিলাসে গমন করিয়া থাকেন। তিনি অরণ্যে রামের বাহ্য আশ্রয় করিয়া আছেন, স্তরাং সিংহ, বাছে বা হস্তী যাহাই কেন দেখন না, তাঁহার অস্তরে কিছ্ই ভয় হয় না। দেবি! এক্ষণে রাম, লক্ষ্মণ ও জানকীর নিমিত্ত শোক করা উচিত নহে এবং আপনি ও মহারজে—আপনারাও শোচ্য হইতেছেন না। রামের এই চরিত্র অন্যতকাল ক্ষীবলোকে বিদ্যমান থাকিবে। তাঁহারা এক্ষণে শোক পরিত্যাগ করিয়া প্রদাকত মনে মহার্ষণণের পথ আশ্রয় করিয়াছেন এবং বন্য ফলম্লে তুপ্তিলাভ করিয়া পিতৃকৃত প্রতিজ্ঞা প্রতিপালন করিতেছেন।

প্রশোকার্তা দেবী কৌশল্যা স্মন্তের প্রকৃত কথার নিবারিতা হইয়াও বিরত হইলেন না। তিনি হা রাম! হা রাম! বলিয়া অনবরত ক্লন্দন করিতে লাগিলেন।

একৰণিউতম সগ'৷ অনশ্তর কৌশল্যা অবির্গৃৎ @ জলধারাকুল লোচনে কাতর মনে রাজা দশরথকে কহিলেন, মহারাজ! হিলেকের সর্ত তো্মার যশ যোগিত যানে রাজা গণন্ধতক কাহলেন, মহারাজ। চিত্রেকের স্বর্থ তোরার বন খোবিত হইয়া থাকে। তুমি প্রিয়বাদী ও বদান্য বিদ্বেশ বল দেখি, তুমি সীতার সহিত রাম ও লক্ষ্যণকে কির্পে পরিত্যাগ ক্রিলে? তাহারা স্থে প্রতিপালিত হইয়া আসিয়াছেন, এখন কি প্রকারে হিছে তোগ করিবেন? জানকী অতি স্কুমারী ও তর্গী, এখন কি প্রকারে প্রতিভাগে সহিয়া থাকিবেন? তিনি ব্যঞ্জনসহিত উত্তম অল ভোজন করিয়া এই কর্পে নীবার ধান্যের অল আহার করিতেছেন? তিনি গতিবাদ্য প্রবণ করিয়া এখন কির্পে অশোভন সিংহের গজন শ্নিবেন? ইন্দ্রধ্বজের ন্যায় আনন্দপ্রদ মহাবীর রাম অর্গলসদ্শ ভ্রজদন্ড উপাধান করিয়া কোথায় শয়ন করেন? তাঁহার বদনমণ্ডল পশ্মবর্ণ, লোচনযুগল পশ্মপলাশের ন্যায় বিস্তীর্ণ, নিঃশ্বাসবায়, পদেমর ন্যায় স্কুর্ণান্ধ এবং কেশপ্রান্ত অতি স্কুর, হা। আবার কবে আমি সেই মৃথখানি দেখিতে পাইব। রামকে না দেখিয়া যখন আমার হৃদয় সহস্রধা বিদীর্ণ হইতেছে না, তখন ইহা যে বঞ্জের ন্যায় কঠিন, তাহার আর কোন সন্দেহ নাই। চতুর্দশ বংসর অতীত হইলে যদি রাম প্রেরায় আগমন করেন, তথন ভরত যে রাজ্য ও ধনসম্পদ পরিভ্যাগ করিবেন, ইহা কিছুতেই সম্ভব হইতেছে না। কেহ কেই শ্রাম্বকালে ৱাহ্মণগণকে নিমন্তণ করিয়া অগ্রে আপনার বান্ধবদিগকে আহার করান, পরে তদ্বিষয়ে কৃতকার্য হইয়া অন্যান্য ব্রাহ্মণদিগকে ভোজন করাইবার নিমিত্ত চেষ্টা করিয়া থাকেন, কিন্তু যে-সকল রাহ্মণ দেবতুল্য বিদ্বান্ ও গ্ৰবান্ ভংকালে তাঁহারা স্ধা-সদৃশ স্ক্রাদ্র অল্লও স্পর্শ করেন না। শৃত্যচ্ছেদ যেমন ব্যদিগের অসহা হইয়া থাকে, অন্যের ভোজনাবসানে ভোজন ই^{*}হাদিগের পক্ষেও সেইর্প। মহারাজ ! কনিষ্ঠ দ্রাতা যে-রাজ্য ভোগ করিল, সর্বশ্রেষ্ঠ জ্যোষ্ঠ তাহা কির্পে গ্রহণ করিবে? দেখ, ভোজ্য দ্রব্য অন্যে আহরণ করিলে, বাঘ্রে তাহা কদাচই ভক্ষণ করে না, যে ব্যক্তি সর্বাংশে সর্বাপেক্ষা উত্তম, পরাস্বাদিত বিষয়ে তাঁহার প্রবৃত্তি কদাচই হইতে পারে না। ঘৃত, প্রুরোডাশ, কুশ ও খদির কান্ডের য্প-এই

সকল দুব্য এক বজ্ঞে ব্যবহৃত হইলে, বজ্ঞান্তরে নিয়োগ করা নিষিশ: স্তরাং রাম হৃতসার স্রাসদৃশ পীতসোম যজের অন্রপ ভরতভা্ত রাজ্য কির্পে গ্রহণ করিবেন? প্রবল শার্দা বেমন প্রচ্ছমর্দন সহ্য করিতে পারে না, তন্ত্রপ তিনি এতাদৃশ অসম্মান কখনই সহিবেন না। স্বাস্র সহিত সম্দয় লোক রণম্থলে তাঁহার পরাক্রমে ভাত হন। লোকে অধর্মে প্রবৃত হইলে যে ধর্ম শাল ভাহাদিগকে ধর্মে সংস্থাপন করিয়া থাকেন, তিনি স্বয়ং কি প্রকারে অধর্মের অনুষ্ঠান করিবেন? সেই মহাবল মহাবাহা যুগাল্ড কালের ন্যায় স্বর্ণপা্ত্থ শর ম্বারা সম্পয় প্রাণীকে সংহার এবং মহাসাগরকেও শাুম্ক করিতে পারেন। মংস্য যেমন আপনার সম্ভতিকে নন্ট করে, তদুপে তুমি তাঁহাকে স্বয়ংই বিনাশ করিয়াছ। স্নাত্ম খাষিগণ শাস্থে যে ধর্ম সংস্থাপন করিয়াছেন, ব্রাহ্মণেরা যাহা প্রতিপালন করিয়া থাকেন, তাহা বাদি তোমার সত্য বোধ হইত, তাহা ইইলে তুমি রামকে কখনই নির্বাসিত করিতে না। দেখ, স্ত্রীলোকের তিনটি গতি; তক্মধ্যে প্রথম পতি, দ্বিভীয় পত্তি, ভৃতীয় জ্ঞাতি, এত শ্ভিল ভাহার গতাস্তর নাই। কিন্তু তুমি আর আমার আপনার নও, রমেকে নির্বাসিত করিয়াছ, এক্ষণে বনে গমন করাও আমার পক্ষে সংগত হইতে পারে না, স্বতরাং তোমা হইতেই আমার প্রাণান্ত হইল। তুমি রাজ্য নাশ ও পৌরপুঞ্জেসর্বনাশ করিলে, মন্ত্রীরা এককালে গেলেন এবং আমিও প্রের সহিত্ত খেসিয় হইলাম; একাণ কেবল

দশরথ কোশল্যার এইর প দার গ ক্রিয়া শবণপূর্ব ক হা রাম! বলিয়া দ্রেখিত ও বিমোহিত হইলেন। প্রবল শোক ভারার অন্তরে প্রবেশ করিল এবং প্রবৃত দক্তে বারংবার স্মরণ করিতে ব্রিকলেন।

িবর্ষান্টিডম নগা। শোক্টিপুরা কৌশল্যা রোষাবেশে এইর প পর,ষবাক্য প্রয়োগ করিলে, রাজা দশরথ বংপরোনাদিত দুঃখিত ও অত্যন্ত চিন্তিত হইলেন। মোহপ্রভাবে তাঁহার জ্ঞান বিলাপ্ত হইল। তিনি বহাক্ষণ চিন্তা করিয়া আপনার এই দঃখের কারণ উপলব্ধি করিলেন এবং কৌশল্যাকে পাশ্বে অবলোকনপূর্বক দীর্ঘ ও উষ্ণ নিঃশ্বাস পরিত্যাগ করিয়া প্ররার ভাবিতে লাগিলেন। পূর্বে অজ্ঞানতাপ্রযুক্ত শব্দমাত লক্ষ্য করিয়া মুনিকুমার-বধর্প যে অকার্য অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা তাঁহার স্মরণ হইল। প্রশোক ও ম্নিকুমার-বধর্জনিত দুঃখ তাঁহাকে যারপরনাই পরিতশ্ত করিতে লাগিল। তখন তিনি অধোম্বথে কৃতাঞ্জলি হইয়া কৌশল্যাকে প্রসম করিবার নিমিত্ত কম্পিতকলেবরে কহিতে লাগিলেন, দেবি ! তুমি শন্ত্রকেও ক্রেহ এবং তাহার সহিত সরল ব্যবহার করিয়া থাক, এক্ষণে আমি কৃতাঞ্জাল হইয়া কহিতেছি, প্রসম হও। যে-সকল স্ত্রীলোকের ধর্মজ্ঞান আছে, স্বামী গাণবান বা নিগাণিই হউন, ভাঁহাকে সাক্ষাৎ দেবতা বলিয়া জ্ঞান করা তাঁহাদের কর্তব্য। তুমি অতি ধর্মশীলা, সং ও অসংই বা কি তাহাও জান, অভএব বিশেষ দঃখিত হইলেও এই শোকের উপর আমার প্রতি কঠোর বাক্য প্রয়োগ করা তোমার উচিত হয় না।

कोमना ममतरथत এই रूभ मीन वाका श्रवण करिया श्रमाली स्थान वर्षात জলধারা বহন করে সেইর প নেত হইতে বাষ্প্রারি বিসর্জন করিতে লাগিলেন। পরে দশরখের সেই পক্ষকলিকাকার অঞ্চলি স্বহস্তে গ্রহণ ও মসতকে ধারণ-

পূর্বক বাস্তসমুদ্ত হইয়া ভীতমনে কহিলেন, মহারাজ! আমি ভোমায় সান্টাণেগ প্রাণিপত করিতেছি, প্রসম হও। তুমি আমার নিকট কৃতাপ্রণি হইলে ইহাতে নিশ্চয়ই আমার সর্বনাশ হইবে। অতঃপর আমি আর ভোমার ক্ষমার যোগা নহি। ইহলোক ও পরলোকের শ্লাঘনীয় পতি বাহাকে প্রসম করেন, সে কখনই কুলম্বী বালয়া পরিগণিত হইতে পারে না। নাথ! আমার ধর্মজ্ঞান আছে, তুমি যে সভাবাদী, ভাহাও জানি; আমি কেবল প্রশোকে কাতর হইয়াই ডোমায় ঐর্প অপ্রিয় কথা কহিলাম। দেখ, শোক হইতে থৈর্য, শাস্ত্রজান প্রভাৱ প্রহার আমারাসে সহা করা যায়া শোকের সদৃশ শাহ্ আর নাই। বিপক্ষের প্রহার আনায়াসে সহা করা যায়া, কিশ্তু বাদ শোক অলপমাত্রও উপস্থিত হয়া, ভাহা সহিয়া থাকা সহজ নহে। আজ পাঁচ দিন হইল রাম বনে গিয়াছেন, কিশ্তু শোকে নিতাশ্ত নিয়ানন্দ আছি বলিয়া, এই পাঁচ দিন যেন আমার পাঁচ বংসর বোধ হইতেছে। নদীর বেগে সমুদ্রের জল যেমন পরিবর্ধিত হয়া, সেইর্পে রামের চিন্তার হ্লয়মধ্যা শোক জমশই বৃদ্ধি পাইতেছে।

কোশলায় এইরূপ কহিতেছেন, ইত্যবসরে দিবাকর অস্তশিথরে আরোহণ করিলেন, রজনী উপস্থিত হইল। লোকাকুল রাজা দশরথও কোশলার বাক্যে আহ্মাদিত হইয়া নিপ্লিত হইলেন।

তিহালিত হহয়া নাপ্তত হহলেন।

তিহালিত ম লগা আনশতর তিনি মৃহত্ত আরা জাগারিত হইয়া চিল্তা করিতে লাগিলেন। রাম ও লক্ষ্যপের নির্বাসনির্বাসনির মনকে আব্ত করিল। প্রেনির্বাসনের ঘণ্ট রজনীর অর্থ বামে মুক্তিরিল বির্বাসনির পালানার দক্তের্ম তাঁহার সমরণ হইল। সেই ব্রাল্ড স্মৃতিরিল উদিত হইলে তিনি শোকাকুলা কোলালাকে কহিলেন, দেবি! মন্যা মুডি বা অশ্ভ যের্প কার্ম কর্ন, তাহার অন্র্প্ ফল তাহাকে অবশ্যই প্রাণ্ড হইতে হয়। যে ব্যক্তি কোন কার্যের প্রারশ্ভে ক্মান্করা গোরব লাঘব, দোষগুল বিচার না করে, সে বালক। যে আম্লানন ছেন্ন করিয়া পলাশ ব্লে জলসেক করে, সে প্রপশোভা দর্শনে ফলকুত্র হয় বিলয়া ফলকালে হতাশ হইয়া থাকে। আমি অতি নির্বাধ, আমিও আম্লবন ছেন্ন করিয়া পলাশ ব্লে জলসেক করিয়াভিলাম, এক্ষণে প্র লইয়া স্থা হইবার সময়ে প্রেকে পরিত্যাগ করিয়া অন্তাপ করিতেছি। দেবি! যে কারণে আমার অদ্পেট এইর্প ঘটিল, কহিতেছি শ্রবণ কর।

আমি যখন কৌমারাবস্থার ধন্বিদ্যা শিক্ষা করি, তংকালে শব্দমার শন্নিয়া লক্ষ্য বিন্দ করিতে পারিতাম, এই জন্য লোকে আমার শব্দবেধী বলিত। এ সমরেই আমি এই পাপের অনুষ্ঠান করি। আমার যে এই দৃঃখ, ইহা স্বকৃত কমনিবন্ধনই ঘটিয়াছে। বালক অজ্ঞানতাবশতঃ বিষপান করিলে বিষপ্রভাব কি বিন্দু হয়? আমার ভাগ্যে সেইর্পই হইয়াছে। যেমন কেহ না জানিয়া পলাশ প্রেপ মোহিত হয়, আমি তদুপে না জানিয়াই শব্দান্সারে লক্ষ্য বিন্দু করিতে শিখিয়াছিলাম। দেবি! যখন তোমার বিবাহ হয় নাই, আমি খ্বরাজ, এই অবস্থায় আমার কামোদ্দীপক বর্ষাকাল উপস্থিত হইল। সূর্য ভ্মির রস আকর্ষণপূর্বক কঠোর কিরণে সমস্ত জ্বং পরিতশ্ত করিয়া দক্ষিণ দিকে গমন করিলে তংক্ষণাৎ উত্তাপ দূর হইয়া গেল; স্নিশ্ব মেঘ নভোমণ্ডলে দৃষ্ট

হইল। তেক, চাতক ও ময়্বগণ হর্ষ প্রকাশ করিতে লাগিল। বৃক্ষশাখাসকল বৃষ্টির পতনবেগ ও বায়্ভরে কণিপত হইয়া উঠিল; বিহণেরা বর্ষাজনে দনাত ও পক্ষের উপরিভাগ সিস্ত হওয়াতে অতি কণ্টে তথায় গিয়া আশ্রম লইল। মন্তময়্রশোভিত পর্বত নিরল্তরনিপতিত জলধারায় আচ্ছয় হওয়াতে জলরাশির নায়ে পরিদৃশামান হইল। জলপ্রোত স্বভাবতঃ নির্মাল হইলেও গৈরিকাদি ধাতুসংযোগে কোথায় পাণ্ড্রপা, কোথায় রন্তবর্ণ, কোথায়ও বা ভঙ্মানিশ্রত হইয়া তথা হইতে ভ্রজ্পাবং বরুগতিতে প্রবাহিত হইতে লাগিল। দেবি! এই স্থেময়কালে ম্য়য়াবিহারে আমার ইচ্ছা হইল। তথা আমি রাহিন্যোগে নিপানে জলপানার্থ আগত মহিষ, হঙ্গী বা বেন্কোন জন্ত হউক, তাহাদিগকে বিনাশ করিবার নিমিন্ত শর্মাসন গ্রহণ ও র্থারোইণপ্রাক্ সর্যাক্তি উপন্থিত হইলাম।

অন্তর অন্ধকারে চতুর্দিক আব্ত হইলে, ঐ অদুশ্য সরযার জলমধ্যে করিক টেল্বরের ন্যায় কৃশ্ভপ্রেণরব শ্নিনতে পাইলাম। শ্নিনায় আমার নিশ্চরই হুল্টা বোধ হইল। তথন আমি ভাহাকে বধ করিবার নিমিত্ত সেই শব্দ লক্ষ্য করিয়া ভাজপের ন্যায় ভাষণ স্তুলিকা শর ত্ণার হইতে গ্রহণপ্রেক পরিত্যাগ করিলাম। শর পরিত্যক্ত হইবামায় একজন বন্বাসার ক্রিয়োলার স্কুল্পট শ্নিতে পাইলাম। তিনি আমার শরে মর্মে আহত ও স্বিন্তা নিপতিত হইয়া কহিলেন, আমি একজন ভাপস, কি করেণে আমার উত্তে শহ্দ নিপতিত হইল আমি রাহ্রিকালে নিজন নদাতে জল লইতে ক্রিরাছিলাম, এ সমর কে আমায় শর প্রহার করিল? কাহার কি অপকার ক্রিরাছিল আমি বনমধ্যে বন্য ফলম্লে জাবন ধারণ করিয়া থাকি, যাহারে ক্রিয়াছি? আমি বনমধ্যে বন্য ফলম্লে জাবন ধারণ করিয়া থাকি, যাহারে ক্রিয়া কির্পে সঞ্গত হইল? আমি মহতকে জটাভার বহন করিতেছি, বজুর ও চর্মই আমার পরিধান, আমাকে বধ করিতে কাহার ইচ্ছা হইল? জামি কি কতি করিবাছিলাম? যেমন গ্রুদারগমন সাধারণের বিশ্বন্ট, এই নিজ্ফল কার্য ও ভদুপ হইয়াছে। প্রাণনাশ হইল বলিয়া আমি অন্তাপ করি না, আমার বিনাশে আমার বৃদ্ধ গিতামাত্যের যে দৃদ্দশা হইবে তির্মান্তই দৃর্গতি হইভোছ। আমি ভাহান্তিককে চিরকাল ভরণপোষণ করিয়া আসিতেছি, এক্ষণে আমার অভাবে ভাহারা কির্পে দিনপাত করিবেন? হা! এক শরে আমরা সকলেই বিনণ্ট হইলাম। এমন ল্ব্শুন্তাব বলেক কে আছে, যে আমানিগকে বধ করিল?

দেবি! সেই নিশাকালে ম্নিকুমারের এইর প কর গ বাক্য শ্রবণ করিয়া আমার হসত হইতে শরকার্ম ভ্তলে স্থালত হইয়া পড়িল। আমি অত্যন্তই ভাতি ও শোকারেগে বিমোহিত হইলাম এবং একান্ত বিমনস্ক ও নিবাঁর্য হইয়া তথায় গমনপূর্বক দেখিলাম, সর্য্তীরে একজন তাপস শরবিদ্ধ হইয়া ভ্তলে শরনে আছেন। তাহার জটাসকল বিক্ষিণত, অধ্যপ্রতাপা ধ্লি ও শোণিতে লিণ্ত এবং জলপূর্ণ কলস ভ্মিতে পতিত হইয়াছে।

তখন তিনি আমাকে সম্মুখে নিরীক্ষণপূর্বক স্বতেজে দণ্ধ করিয়াই ধেন কঠোর বাক্যে কহিতে লাগিলেন, মহারাজ! আমি বনবাসী, পিতামাতার নিমিত্ত জল দেইতে সরযুতে আসিয়াছি, তুমি কেন আমায় প্রহার করিলে? আমি তোমার কি অপকার করিয়াছিলাম? তুমি এক শরে আমাকে বিন্ধ করিয়া আমার অন্ধ পিতামাতারও প্রাণনাশ করিলে। তাঁহারা দ্বলি, অন্ধ ও

পিপাসার্ত হইয়া নিশ্চরই আমার প্রতীক্ষা করিতেছেন। আমি জল লইয়া যাইব, বহুক্ষণ এইর্প প্রত্যাশার আছেন; একণে তৃষ্ণা সংবরণ করিয়া থাকিবেন। বোধ হয়, আমার জ্ঞান ও তপস্যার কোন ফলই নাই। আমি সে ভ্তলে পতিত ও শয়ান রহিয়াছি, পিতা তাহা জানিলেন না, জানিলেই বা কি করিবেন, তিনি শ্বয়ং অশক্ত এবং অশ্বস্থানিবন্ধন গমনে সম্পূর্ণাই অক্ষয়। একটি বৃক্ষ বায়্ত্রেগে ভিদামান হইলে আর একটি বৃক্ষ ভাহাকে কির্পে রক্ষা করিবে? যাহাই হউক, তুমি এক্ষণে স্বয়ংই আমার পিতার নিকট গিয়া এই বৃত্তান্ত তাহাকে জ্যাত কর। কিন্তু সাবধান, আন্দা পরিবার্ধত হইয়া বেমন সমগ্র ঘন দংশ করে, সেইর্প তিনি যেন তোমাকে দংশ না করেন। তুমি এই স্ক্রয় করিও, কিন্তু দেখিও, তিনি জোধাবিত ইইয়া যেন তোমাকে অভিনাত তাহাকে প্রসল করিও, কিন্তু দেখিও, তিনি জোধাবিত ইইয়া যেন তোমাকে অভিশাপ প্রদান করেন না। মহারাজ! নদাঁকেগ যেমন অন্তঃম্ফতি বালাকাবহাল তারিজ্মিকে আহত করে, সেইর্প ভোমার এই স্তাক্ষা শর আমার মর্মদেশে বন্দ্রণা দিতেছে, অতএব তুমি এক্ষণে আমার বক্ষ হইতে শল্য উন্ধার করিয়া লও।

দেবি! ক্ষিকুমার আমাকে শর আকর্ষণ করিতে বলিলে ভাবিলাম, বদি শলা থাকে অধিকতর বেদনা দিবে; বদি উত্তোলক করি, এখনই প্রাণবিরোগ হইবে; এই ভাবিরা আমি যংপরোনাদিত শোরেকি ও দঃখিত হইলাম।

অন্তর ম্নিক্মার কমশঃ অবসল হত্যা পড়িলেন। তাঁহার নেত্রব্য় উবতিত হইয়া গেল এবং অভগপ্রতাহ্য নিক্সার হারাজ! আমি থৈবের সহিত চিত্তের কৈবাম বিলয়া অতি কন্টে কহিলেই মহারাজ! আমি থৈবের সহিত চিত্তের সৈথা সম্পাদন এবং শোক সংগ্রিকার্বিক কহিতেছি, প্রবণ কর। প্রস্লাহত্যা করিলাম বিলয়া তোমার মনে হে সেতাপ উপস্থিত হইয়াছে, তৃমি এফণে তাহা পরিত্যাণ কর। আমি ব্যক্ত্যা সাহ, বৈশ্যের উরসে শ্লেরে গর্ভে আমার জন্ম হইয়াছে। ম্নিক্মার কথালৈ এই কথা কহিলে আমি তাহার বক্ষ হইতে শল্য উন্ধার করিয়া লইলাম। তাহার সর্বাহণ হণিত ও কম্পিত হইতে লাগিল এবং অধিকতর ফল্যায় আকৃষ্ণিত হইয়া গেল। তিনি অত্যান্ত ভীত হইয়া আমার প্রতি দ্ভিত্যাত্ত্ব্বিক প্রাণ্ড্যাণ করিলেন। আমিও যারপরনাই বিষয় হইলাম।

চতুঃশতিতম সগঁ॥ দেবি ! অজ্ঞানতঃ এই পাপকারের অন্তান করিয়া আমার মনে অত্যাতই ক্ষোভ উপস্থিত হইল। এখন ইহার সদ্পোর কি, তংকালে আমি একাকী কেবল ইহাই ভাবিতে লাগিলায়। পরিশেষে সেই ব্যরিপার্শ কলস লইয়া নির্দিণ্ট পথ অনুসারে আশ্রামে প্রবেশ করিলায়। দেখিলায় তথায় দুর্বল বৃদ্ধ অন্ধ তাপসদম্পতী ছিল্লপক্ষ বিহগমিখনের ন্যায় উপবিষ্ট আছেন। তাহাদিগকে উত্থান করাইয়া স্থানান্তরে লইয়া যায়, এমন আর কেহ নাই। ঐ সময় তাহারা প্রের কথা আন্দোলন করিতেছিলেন, তাল্লবন্ধন তাহাদের কিছুমাইেই প্রান্তি ছিল না। আমি যদিও আশা ছেদন করিয়াছি, তথাচ প্রে ছল আনয়ন করিবে, অনাথের ন্যায় এইর্প প্রত্যাশাপল ইইয়া আছেন। দেবি! আমি একে ত ভীত ও শোকালান্ত হইয়াছিলাম, আশ্রমে প্রবেশ করিবামান্ত আমার অধিকতর ভয় ও শোক উপস্থিত হইল।

অনন্তর মানি আমার পদশব্দ শ্রব্দ করিয়া পাত্রত্থে কহিলেন. বংস! দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তোমার কেন এত বিলম্ব হইল? তুমি শীঘ্র জল আনয়ন কর। বহুক্ষণ নদীতে ক্রীড়া করিতেছিলে বলিয়া ভোমার মাতা অতিশর উৎকণ্ঠিতা ইইয়াছেন। এক্ষণে তুমি দ্বরিতপদে আশ্রমে আইস। আমরা যদিও কোনর্প অপ্রিয় ব্যবহার করিয়া থাকি, তিলিমিন্ত তুমি কিছু মনে করিও না। তুমি এই অগতিদিগের গতি, এই অন্ধদিগের চক্ষ্ম। আমাদের জীবন তোমাকে অবশাবন করিয়াই রহিয়াছে। বংস! তুমি কেন আমার কথার প্রত্যন্তর করিতেছ না?

ম্নি ব্যঞ্জনাক্ষরবিরহিত গদগদ ও অস্কুট স্বরে এইর্প কহিলে আমি
অত্যান্তই তীত হইলাম এবং সবিশেষ যরসহকারে তাংকালিক ভাব গোপন
করিয়া কহিলাম, তপোধন! আমি ক্ষান্তবংশীর দশর্থ, আমি আপনার প্রে
নহি। সাধ্লোকে যে বিষরে ঘ্লা করেন, আমি এইর্প একটি কার্য করিয়া
এক্ষণে অত্যান্তই দ্বেখিত ও পরিতাপিত হইরাছি। ভগবন্! অদ্য নিপানে
ক্ষাপান করিবার নিমিত্ত হস্তী বা যে-কোন জ্ব্তুই আস্ক, আমি তাহাদিগকে
বিনাশ করিবার বাসনায় শরাসনহস্তে সরব্তীরে আসিয়াছিলাম। ইত্যবসরে
নদীর জলমধ্যে কুন্তপ্রণরব আমার শ্রাতগোচর হইল। সেই শব্দ শ্রবণে হস্তী
আসিয়াছে মনে করিয়া আমি শর নিক্ষেপ করিয়াছিলাম। পরে নদীতীরে গিয়া
দেখিলাম একজন তাপসের বক্ষে শর বিশ্ব হইয়েছেল তিনি মৃতক্ষপ হইয়া
ভ্তেলে শয়ান রহিয়াছেল। তথন আমি সামিহিত হেরা তহিবরই আদেশান্সারে
তাহার বক্ষ হইতে শল্য উন্ধার করিয়া লাইল্ছিস শল্য উন্ধৃত হইবামান্ত তিনি
পিতামাতা বৃশ্ব বিলয়া শোকাকুল মনে বিশ্ব প্রবিনাশ করিয়াছি। এক্ষণে
যাহা হইবার হইয়াছে, অতঃপর বিহা কর্ত্বা হয়, আপনি আমাকে আদেশ
কর্ন।

আমি কৃতাঞ্চলিপ্টে স্ক্রিক এইর্প কঠোর কথা শ্রবণ করাইবামার তিনি আমারে তংক্ষণাং ভস্মসার্চ করিতে পারিতেন, কিন্তু করিলেন না, কহিলেন, মহারাজ! যদি তুমি এই অকার্যের বিষয় প্রায়ং আসিয়া না জানাইতে, তাহা হইলে তোমার মস্তক সদাই সহস্রধা প্রণিত হইয়া পড়িত। ক্ষরিয়ের কথা দ্রের থাক, অনাথ অথা বানপ্রপ্রকে হত্যা জ্ঞানকৃত হইলে উহা ইন্দ্রকেও প্রানচাতে করিতে পারে। আমার পত্র তপঃপরায়ণ ও রন্ধবাদী, তাদ্শ লোকের প্রতি জ্ঞানপ্র্বক শস্তা নিক্ষেপ করিলে, ভোমার মস্তক স্পত্র্য বিশীণ হইয়া যাইত। তুমি অজ্ঞানতঃ এই কার্য করিয়াছ বিলয়া জ্যীবিত রহিয়াছ, যদি জ্ঞানিয়া করিতে তাহা হইলে কেবল তুমি নও, সবংশেই ধ্রংস হইয়া যাইতে। যাহাই হউক, এক্ষণে তুমি আমাদিগকে তথায় লইয়া চল। যিনি শোণিতলিপ্ত দেহে প্রতিবলকলে ভ্তলে মৃত পতিত রহিয়াছেন, আমরা সেই প্রের শেষ দেখা দেখিয়া লইব।

অনন্তর আমি একাকী তাঁহাদিগকে সর্যুতীরে লইয়া গিয়া সেই মৃতদেহ স্পর্শ করাইলাম। স্পর্শ করিবামার তাঁহারা তদ্পরি পতিত হইলেন। পরে ম্নি সকাতরে কহিতে লাগিলেন, বংস! আন্ধ কেন তুমি অন্মাকে অভিবাদন করিতেছ না? কেন আমার সহিত কথা কহিতেছ না? কি নিমিত্তই বা ভ্তলে শরন করিয়া আছ? তুমি কি ক্রোধ করিলে? বাছা! আমি বদি অপ্রির হইরা থাকি, তবে তোমার এই ধর্মশালা জননীর প্রতি একবার দ্ভিপাত কর। তুমি কি কারণে আলিংগন ও কোমল বাক্যে সম্ভাবণ করিলে না? আমি অতঃপর

রাতিশেষে আর কাহার হৃদয়হারী মধ্র শাস্তাধ্য়ন শ্রবণ করিব? আমাকে প্রশাকভয়ে নিতানত কাতর দেখিয়া আর কৈ সন্ধ্যাবন্দনাবসানে হৃতাশনে আহ্তি প্রদানপ্র্বিক আমায় দ্নান করাইবে? আমি একান্ত অকর্মণা, দরিপ্র ও সহায়হীন, এঞ্চলে কন্দ মূল ফল আহরণপ্র্বিক আর কে আমায় প্রিয় অতিথির ন্যায় আহার করাইবে? বংস! আমি তোমার এই অন্ধ ও বৃষ্ধ মাতাকে কির্পে ভরণপোষণ করিব? নিবারণ করি, তুমি একাকী যমালয়ে যাইও না, কল্য আমাদের উভয়েরই সহিত তথায় গমন করিবে। আমরা শোকার্তা, অনাথ ও দীন ইইলাম, তোমাবিহীনে আমাদিগকেও অচিরাং মৃত্যুর প্র আশ্রয় করিতে হইবে। বংস! আমি যমালয়ে গিয়া, য়মের সহিত সাক্ষাং করিয়া এইর্পে কহিব, ধর্মরাজ! তুমি আমাকে ক্ষম কর, আমার এই প্রত আমাদিগকে ভরণপোষণ কর্ম; তুমি লোকপাল, অত্ঞব অনাথের এই এক অক্ষয় অভয় দক্ষিণা দান করা তোমার কর্তব্য হইতেছে।

হা! তুমি নিল্পাপ, কিন্তু এই পাপাচারী ক্ষাঁচর তোমার বিনাশ করিয়াছে, অভএব তুমি আমার সভাের বলে অবিলন্ধে বারলাকে লাভ কর। বার প্রেয়েরা সমরপরাশ্য না হইয়া সন্ম্থব্যের দেহতাাগ করিছে যে গতি লাভ করিয়া থাকেন, তুমি তাহাই প্রাণ্ড হও। মহারাজ স্বান্তি, বে গতি লাভ করিয়া থাকেন, তুমি তাহাই প্রাণ্ড হও। মহারাজ স্বান্তি, তুমি তাহাই প্রাণ্ড হও। স্বাধায়, তপসাা, ভ্রিমান, এভপরারত প্রাণ্ডের প্রাণ্ডের প্রাণ্ডের এবং প্রারোপবেশনাদি ভারা তন্তাগি এই ক্রিমান করিল বার্থে বার্তি নির্দিত্য আছে, তুমি তাহাই প্রাণ্ড হও। আহিত্যিকির যে গতি, সকল প্রাণীর যে গতি, তুমি তাহাই অধিকার কর। যে অফ্রান্তির যে গতি, সকল প্রাণীর যে গতি, তুমি তাহাই অধিকার কর। যে অফ্রান্তির বালে ক্যান্তির করে, অণ্ভ গতি তাহার ক্রাচই হয় না, ক্রিতু বংস্থা বিশেষাকে বিনাশ করিল, ঐ প্রকার গতি তাহার হইবে। এই বলিয়া ম্নি প্রার সহিত জল লইয়া প্রের তপ্ণ করিতে লাগিলেন।



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অনশ্তর মুনিকুমার স্বকর্মপ্রভাবে দিব্য রূপ পরিগ্রহ করিয়া স্বরাজ ইন্দের সপ্যে অবিলন্দের স্বর্গে আরোহণ করিলেন এবং প্রনায় ডাঁহার সহিত প্রত্যাগমন করিয়া বৃদ্ধ পিতামাতাকে আন্বাসপ্রদানপূর্বক কহিলেন, আমি আপনাদের পরিচর্যা করিয়া দিব্যস্থান অধিকার করিয়াছি, এক্ষণে আপনারাও আর বিলন্দ্ব না করিয়া আমার নিকট আগমন কর্ন। এই বলিয়া মুনিকুমার স্থাশ্যত দিব্য বিমানযোগে স্বর্গে আরোহণ করিলেন।

অনশ্তর তাপস ভাষা সমভিব্যাহারে প্রের উদকক্রিয়া সম্পাদনপ্রবিক আমায় কহিলেন, মহারাজ! তুমি আজই আমাকে বিনাশ কর: আমার সবেমার এক প্র ছিল, তুমিই তাহার প্রাণ সংহার করিলে, স্তরাং মৃত্যুতে আমার আর কোন যশ্রণা হইবে না। তুমি নাজানিরা আমার সেই বালকটিকে নন্ট করিয়াছ, এই কারণে আমি নিদার্ণভাবে ভোমার এই অভিশাপ দিতেছি বে, সম্প্রতি আমার যেমন প্রশোক হইরাছে, এইর্প প্রশোকে তোমাকেও দেহপাত করিতে হইবে। তুমি ক্রিয় হইরা অজ্ঞানতঃ এই কার্য করিরাছ, স্তরাং এইক্লে রক্ষহত্যাসদৃশ পাপ তোমার স্পাশিতেছে না বটে, বিশ্বু অচিরাংই প্রবিয়োগদৃশ্যে মৃত্যুম্থে প্রতিত হইতে ছইবে।

ম্নি আমায় এইর প অভিশাপ দিয়া ভাষার সৃষ্টি বহুবিধ বিলাপ ও পরিতাপ করত চিতার আরোহণ ও শ্বগে গমন ক্রিলেন। দেবি! বালকছ-নিবন্ধন শব্দান্সারে লক্ষ্যে শরক্ষেপ করিয়া আমি রে পাপ সগুর করিয়াছিলাম চিন্তাসহকারে তাহা আমার স্মরণ হইরাছে। স্থাপ বাঞ্চনের সহিত অল্ল ভোজন করিলে বেমন ব্যাধি জন্মে, তালুপ সেই দুক্তির ফল ফলিত হইল। উদারাশ্য থাবি যে প্রকার কহিয়াছিলেন, এক্ষণে হাইছি ঘটিল।

এই বলিয়া দশরথ ভীতমনে প্রিক্স,লোচনে কোশল্যাকে কহিলেন, দেবি!



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রশোকে আমার প্রাণি প্রেশোকে আমার আশার রোগার হইবে; আমি আর তোমায় চক্ষে দেখিতে পাই না, তুমি আমাকে স্পান কর; দেখ, মৃত্যু হইলে কাহারই সহিত সাক্ষাৎ হওয়া এক্ষণে রাম যদি আমায় একবারও প্পর্শ করেন এবং ও যৌবরাজ্য গ্রহণ করেন, তাহা হইলে বোধ হয় আমি বাঁচিতে মি রামের প্রতি ষেব্প আচরণ করিয়াছি, তাহা আমার উচিত হয় নাই, ব্রুতিনি যের্প ব্যবহার করিয়াছেন, তাহা তাঁহারই উপয্ত হইয়াছে। ^{পু}রু দুর্ব,ত হইলেও এই জীবলোকে বিচক্ষণ হইয়া কোন**ু ব্যক্তি তাহাকে** পরিত্যাগ করিতে পারে? আর কোন্ প্রেই বা নির্বাসনের আদেশ পাইয়া পিতার প্রতি অস্যা প্রদর্শন না করে? দেবি! আমি আর তোমাকে দেখিতে পাই না, আমার ক্ষাতিশক্তি বিলাম্ত হইয়া আসিতেছে; এক্ষণে এই সকল যমদ্ত আমার দ্বরা দিতেছে। হার! প্রাণাশ্ত হইলে সত্যনিষ্ঠ রামকে যে আর দেখিতে পাইব না, ইহা অপেক্ষা দঃখের আর কিছুই নাই। রৌদ্র যেমন বারিবিশ্ব, শতুক করিয়া ফেলে, তদ্রুপ রামের অদর্শন-শোক আমার প্রাণ শতুক করিতেছে। চতুদ'ণ বংসর অতীত হইলে যাঁহারা রামের কুণ্ডলশোভিত মুখ-মণ্ডল সন্দর্শন করিবেন, তাঁহারা মন্ব্য নহেন—দেবতা! রামের লোচন পদ্ম-পলাশের ন্যায় আয়ত, ভ্যেগল বিস্তৃত, দশন স্মৃতির ও নাসিকা অতি মনোহর; মাহারা ধন্য ও কৃতপ্রণ্য তাঁহারাই সেই স্থান্তিটীয় শশা কত্ল্য, প্রফ্লেল কমল-সদৃশ মুখ অবলোকন করিবেন। যাঁহার জিলস্থানস্থ শাক্তগ্রের ন্যায় রামকে আসিতে দেখিবেন তাঁহারাই ভাগ্নিক কাশলো! মোহবশতঃ আমার মন অবসম হইয়া আসিতেছে, ইন্দিক সংযোগে শব্দ, স্পাদ, রস-কিছ,ই অন,ভব করিতে পারিতেছি না। তৈর্বিশী হইলে ভস্মীভ্তে দীপবার্ত যেমন অবশ হয়, তদুপ জ্ঞানবৈলকণ্ডে পুরুষকল অবশ হইয়া বাইতেছে। প্রবাহবেগ যেমন



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪০
নদীতীরকে নিপাতিত করে, সেইর্প আত্মকৃত শোষ বাব নাথ, এখন কোথার হা রাম! হা দঃখবিনাশন! হা পিতৃপ্রিয়! তুমি আম সমিতে! হা নৃশংসেরহিলে? হা কৌশলো! আর যে দেখিতে পাই না। হা সমিতে! হা নৃশংসে কুলকর্লাঙ্কনী কৈকেয়ি! ভূই আমার পরম শত্রু। রাজা দশরী স্মিতার সমক্ষে এইরূপ পরিতাপ করিয়া, রজনী ম্পিপ্রহর অত প্রাণত্যাগ করিলেন।

পথৰণিততম সৰ্গা। রান্নি প্রভাত হইয়া গেল। প্রাতঃকালে স্যাশিকিত স্ত, কুলপরিচয়দক্ষ মাগধ, ডল্মীনাদনিশায়ক গায়ক ও স্তুতিপাঠকগণ রাজভবনে আগমন করিল এবং স্ব-স্ব প্রণালী অন্সোরে উচ্চৈম্বেরে রাজা দশরথকে আশীর্বাদ ও স্তৃতিবাদ করিয়া প্রাসাদ প্রতিধর্ননত করিতে **লা**গিল। পাণিবাদকেরা ভাতপার্ব ভাপতিগণের অভ্যত কার্যসকল উল্লেখ করিয়া করতালিপ্রদানে প্রবৃত্ত হইল। সেই করতালিশবেদ বৃক্ষশাখার ও পঞ্জরে যে-সকল বিহণ্গ বাস করিতেছিল, তাহারা প্রতিবৃষ্ধ হইয়া কোলাহল করিয়া উঠিল। পবিত্ত স্থান ও তাঁথের নামকতিনি আরম্ভ হইল বিশাধননি হইতে লাগিল। বিশামধাচার সেবানিপাণ বহাসংখ্যা সতীলোক তেনিবর প্রভাতি পরিচারকগণ আগমন করিল। স্নানবিধানকেরা যথাকালে স্বৰ্ণ বর প্রভাত পারচারকর্গণ আগমন করিল। স্নানবিধানকেরা যথাকালে স্বৰ্ণকল্পে হরিচন্দন-স্রভিত সিলিল লইয়া উপস্থিত হইল। বহ্সপ্রে আরী ও সাধনী স্থারি মগ্যলার্থ স্পর্ণনীর ধেন, পানীর গণ্যোদক ক্রেম্ পরিধের করু ও আভরণ আন্য়ন করিল। প্রতিকোলে ন্পতির নিমিকে ক্রে-সম্ভত পদার্থ আহ্ত হইল, তৎসম্দরই স্লেকণ, স্কল ও উৎকৃষ্টা ব্রিক্রি সকলে সেই সকল দ্বা লইয়া স্থোদর কাল পর্যত রাজাদেশনাও তিনি, ক হইয়া রহিল, পরিদেষে তাদ্বয়য় হতাশ হইয়া মনে মনে নানাপ্রকৃষ্টি আশংকা করিতে লাগিল।

অন্তর যে-স্কল মহিষীয়া রাজা দশর্থের শ্যাসিল্ধানে ছিলেন, তাঁহারা মূদ্য ও বিনয়বাকো তাঁহাকে প্রবেষিত করিতে লাগিলেন, কিন্তু তাঁহার শব্যা স্পর্মা করিয়া হাদয়, হস্ত ও মূল নাড়িতে স্পন্দনাদি কিছাই দেখিতে পাইলেন না। তখন তাঁহারা রাজার জীবনে অতান্তই শৃৎ্কিত হইয়া প্রবাহের প্রতিস্রোতোগত তৃণাগ্রভাগের ন্যায় কম্পিত হইতে লাগিলেন। প্রেরাচিতে রাজা যে অনিন্টের আশুকা করিয়াছিলেন, তংকালে তাহা সত্য বলিয়াই তাঁহাদের প্রত্যর জন্মল।

কৌশল্যা ও সামিতা প্রশোকে কাতর হইয়া নিদ্রিত ছিলেন, রাতিজাগরণ-<mark>নিব•ধন তখনও প্র</mark>বোধিত হন নাই। রামজননী তিমিরাব্ত তারকার ন্যায় প্রভাশন্য, শোকে অবসন্ন ও বিবর্ণ হইয়া হস্তপদ সংকোচনপূর্বক রাজার পাশ্বে শ্যান আছেন এবং স্কাম্তা তাঁহারই সন্মিহিত রহিয়াছেন। স্কাম্তার মৃথকমল নেরজলে মলিন হইয়াছে এবং শোভাও পূর্ববং আর নাই। অন্তঃপুরের অন্যান্য স্বীলোক তাঁহাদিগকে নিদ্রিত এবং রাজা দশর্থকে নিদ্রাবস্থায় মৃত দেখিয়া অরণ্যে যুখপতিবিরহিত করেণ্রে ন্যায় আর্ডান্সরে কাঁদিয়া উঠিলেন। তাঁহাদের ক্রন্দনশব্দে কৌশল্যা ও সূমিত্রার চেতনালাভ হইল। তাঁহারা গাত্রোখান করিয়া মহারাজকে দর্শন ও দপর্শ করিয়া হা নাথ!-এই বলিয়া ধরাতলে নিপতিত হইলেন। কৌশল্যা ভ্তলে বিল্কেণ্ঠত ও ধ্লিধ্সরিত হইয়া

আকাশচন্ত তারার ন্যায় নিষ্প্রভ হইলেন। অল্ডঃপারের সকলে দেখিলেন ধেন তিনি নিহত করিণার ন্যায় ধরাশায়িনী হইয়াছেন। কৈকেয়ী প্রভাতি মহিধীগন ভর্তাশাকে রোদন করিতে করিতে জ্ঞানশানা হইয়া পড়িলেন। ই'হাদের রোদনশক্ষ কৌশল্যাদির রোদনশক্ষে মিলিত ও বিধিত হইয়া পানরায় গৃহকে প্রতিধানিত করিয়া তুলিল। রাজভবনের সকলেই ভীত, সকলেই তটক্থ এবং সকলেই পূর্ব ব্রাণ্ড জ্ঞানবার নিমিত্ত উৎসাক হইয়া উঠিল। সর্বাহই তৃমাল রোদন-ধানি, আত্মায়নবজন সণতাপে অত্যন্ত কাতর, কাহায়ই মনে আনক্ষ নাই এবং দুশ্যা আতিশয় মিলন বোধ হইতে লাগিল। মহিবীয়া রাজা দশরথের মৃতদেহ পরিবেণ্ডন এবং তাঁহার বাহাল্বয় গ্রহণপূর্বক করণে মনে রোদন করিতে লাগিলেন।

ষ্ট্রণিউঅ স্থানি অনতর শোকাকুলা কেশিলায় লোকান্তরিত রাজা দশ্রথকে প্রশানত হাজাশনের ন্যায় শান্তক সাগরের ন্যায় নির্নাক্ষণ এবং তাঁহার মন্তক আণেক গ্রহণপূর্বক অশ্রুপ্রণালাচনে কৈকেয়নকৈ কহিলেন, নৃশংসে! এক্ষণে তোমার মনোবাঞ্ছা পর্ণ হউক, মহারাজকে বিসর্জন দিরা তন্যতমনে নিবিদ্যের রাজ্যভোগ কর। রাম আমাকে পরিত্যাগ করিলেন, আমার স্বামীও দেহত্যাগ করিলেন, অতঃপর অরগ্যে সন্পাহ দিরি ন্যায় আর আমি প্রাণ ধারণ করিতে পারি না। সাক্ষাৎ দেবতান্তর করামীকে ত্যাগ করিয়া ধর্মপ্রতা কৈকেয়ী ব্যতিরেকে আর কোন্ নুর্বিতিবার বাসনা করিবে? তুমি যে রঘ্কুল উৎসম করিলে, ইহার মূল্য ক্রিবতে পারে না, তোমার পক্ষে তদুপ্রই ঘটিয়াছে। মহারাজ অনুষ্ঠিক কারে নিব্রু ইইয়া সীতার সহিত রামকে নিবাসিত করিয়াছেন, এই ক্রিনেট কারে নিব্রু ইইয়া সীতার সহিত রামকে নিবাসিত করিয়াছেন, এই ক্রিনেটিকার করিয়া থাকে, তাহা শ্রিনিয়া সীতা অত্যক্ত তীতা হইয়া, তাঁহাকে আশ্রয় করিবেন। রাজবি জনক বৃন্ধ হইয়াছেন, সন্তানের মধ্যে তাঁহার এ একটিমার কন্যা, তিনি তাহার চিন্তার শোকাকুল হইয়া নিন্চয়ই শরীরপাত করিবেন। যাহাই ইউক, আমি পতিরভা, আজ্ব আমি স্বামীর এই দেহ আলিংগনপূর্বক অনলে প্রবেশ করিব।

কৌশল্যা রাজা দশরথের দেহ আলিজনপূর্বক দ্রন্থিত মনে এইর্প বিলাপ ও পরিতাপ করিতেছেন দেখিয়া অমাত্যেরা তাঁহাকে তথা হইতে অন্যর লইয়া গেলেন এবং বশিষ্ঠ প্রভৃতি শ্বিকাতিগণের আদেশে সেই দেহ তৈলপূর্ণ কটাহে সংস্থাপনপূর্বক সাবধানে রক্ষা করিতে লাগিলেন। কিন্তু তংকালে পুত্রব্যতিরেকে অল্ডোন্টিরিয়ার অনুষ্ঠান শ্রেয়ন্কর জ্ঞান করিলেন না।

অমাতাগণ তৈলদ্রেণিমধ্যে রাজাকে শয়ন করাইলেন দেখিয়া মহিষীয়া তাঁহার মৃত্যু অবধারণপূর্বক বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন এবং শোকাকুল হইয়া বাহ্ উত্তোলনপূর্বক দীন মনে গলদশ্রলোচনে কহিলেন, মহারাজ! আমরা সত্যপ্রতিজ্ঞ প্রিয়বাদী রামকে হারাইয়াছি, আবার তৃমি কেন আমাদিগকে ভাগে করিলে? আমরা বিধবা হইলাম; অতঃপর রামশ্না হইয়া

দৃষ্টা সপন্নী কৈকেয়ীর নিকট কির্পে বাস করিব? রাম তোমার এবং আমাদের সকলেরই প্রভ্, তিনি রাজপ্রী পরিত্যাগ করিয়া অরণ্যে গিয়াছেন। তাঁহাকে ও তোমাকে বিসর্জন দিয়া আমরা কি প্রকারে কৈকেয়ীর তিরস্কার সহা করিয়া থাকিব। যে নারী রাজার ম্খাপেক্ষা না করিয়া জানকীর সহিত রাম-লক্ষ্মণকে পরিত্যাগ করিল, সে আর কাহাকে না দ্র করিতে পারে? মহিষ্বীরা শোকাবিষ্ট হইয়া অপ্রস্প্র্ণলোচনে নিরানন্দ মনে এই বলিয়া ভ্তলে ল্মিণ্টত হইতে লাগিলেন।

এদিকে নগরী অরাজক হইয়া নক্ষরশ্না শর্বরীর ন্যায়, ভর্তৃহীনা নারীর ন্যায় নিতাশত মলিন হইয়া গেল। সকলেই রোদন করিতে প্রবৃত্ত হইল, কুলক্ষ্মীরা হাহাকার করিতে লাগিল, নরনারী দলবন্ধ হইয়া কৈকেয়ীর নিন্দাবাদ আরুভ করিল, চত্বর ও গ্রসম্দর শ্না, কাহারই মনে আনন্দের লেশমার রহিল না। ইতাবসরে দিনকর কর্নাকর সঞ্জোচ করিয়া অস্তশিশরে আরোহণ করিলেন এবং রক্ষনীও গঢ়েতর তিমিরে চতুদিক আব্ত করিয়া উপস্থিত হইল।

লশ্তরণিত ল লগা ছ অন্তর দ্বংখের সেই সুস্থি রাল্লি অতাত ও স্থা উদিত হইলে মহবি মার্কণ্ডের, মৌশ্যল্য, বামুদ্ধ কাশ্যপ, গোতম এবং মহাযশা জাবালি এই সমস্ত ল্লাজন রাজসভার অপ্রমন করিলেন। আগমন করিয়া অমাত্যগণের সহিত রাজকার্যসংক্রান্ত কিলা ভিলা বিভাগের কথা কহিতে লাগিলেন। কিন্তু তাঁহারা কোন বিভাগের কিছাই নিশ্র করিতে না পারিয়া. পরিশেষে প্রধান প্রোহিত বিশ্বক্রের অভিমুখীন হইরা বলিলেন, তপোধন। রাজা দশর্থ প্রশোকে ক্রেক্টেরিত ইইলে, বে রাল্লি শত বংসরের ন্যায় প্রতীয়মান হইতেছিল, অতিক্রে তাহা অতাত ইইয়াছে। মহারাজ মত্যলালা সংবরণ করিলেন, রাম অরুণ্যে গিয়াছেন, লক্ষ্মণ তাহার সহগামী ইইয়াছেন এবং



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভরত ও শুরুষাও রাজগৃহে মাতামহের আলরে অবস্থান করিতেছেন; অতএব এই অবস্থায় ইক্ষ্বাকুবংশের এক ব্যক্তিকে রাজা করা কর্তবা হইতেছে: আমাদিগের রাজ্য অরাজক থাকিলে নিশ্চয়ই উচ্ছিল্ল হইয়া বাইবে। যে রাজ্যে রাজা নাই, তথায় মেদ বিদ্যুৎমালা বিস্তার করিয়া গভীর গর্জনসহকারে বর্ষণ করে না, বীজ-রোপণ হয় না, পত্ন পিতার ও ভার্যা ভর্তার অবাধা হইয়া উঠে এবং ধন ও স্ত্রী রক্ষা করা অত্যন্তই কঠিন হয়। অরাজক হইলে লোকের এই সকল অনিষ্ট তো হইয়াই থাকে, এতািল্ডন্ন অন্যান্য অপকার যে ঘটিবেক তাহার আরে অসম্ভাবনা কি? দেখুন, অরাজক রাজ্যে সভাস্থাপনে এবং সংরুষ্য উদ্যান ও প্রাগ্হ নির্মাণে কাহারই প্রবৃত্তি জন্মে না; যজ্ঞশীল জিতেনিয় রামাণের যজ্ঞান, ষ্ঠানে বিরত হন; ধনবান যাজ্ঞিক ক্ষত্মিদগকে অর্থস্থান করেন না; উৎসব বিল,পত ও নট-নত'ক অহ্ণী হর এবং দেশের উল্লাতসাধক সমাজের দ্রীবৃন্ধিও রহিত হইয়া যায়। অরাজক রাজ্যে ব্যবহারাথীরে অর্থসিন্ধিবিষয়ে সম্পূর্ণই হতাশ হন; পৌরাণিকেরা গ্রোতার অভাবে পরুরাণ কীর্তানে বীতরাগ হইয়া থাকেন; কুমারীসকল সায়াহে মিলিত ও স্বর্ণালংকারে অলংকৃত হইয়া উদ্যানে ক্রীড়া করিতে যায় না; গোপালক কৃষকেরা কুপাট উল্হাটনপ্তিক শরন করে না; এবং বিলাসীরাও কামিনীগণের সহিত ক্রেমিস বাহনে আরোহণপ্রেক বনবিহারে নিগতি হয় না।

অরাজক রাজ্যে দ্রেগামী বণিকেরা বিপ্রে পণ্যন্তব্য লইরা দ্র পথে যাইতে ভীত ও সংকৃতিত হয়; অল্টাশকায় নিক্তি বীরপ্রের্বিদ্ধের তলশন্দ আর কেহ শ্নিতে পায় না; অলথে লাভ কেলথে রক্ষা দ্বকর হইয়া উঠে; রণম্থারে শাল্র বিক্রম সৈন্যগণের একালত দ্বিত্র হয়: বিশালদশন র্যাই বংসারের মাতংগসকলে কণ্ঠে ঘণ্টা বন্ধনপ্রে রক্ষাপথে ভ্রমণ করে না; কেহ উংকৃত্য অশেব বা স্সালিজত রথে আরোহণ্যকের সহসা বহিগতে হইতে সাহসা হয় না শাল্রজ্ঞ স্থানীগণ বন বা উপবনে গিয়া শাল্রবিচার করিতে বিরত হন এবং ধর্মশীল লোকেরাও দেবপ্জার উদ্দেশে দক্ষিণা দান ও মালা, মোদক প্রস্তুত করিতে সংশ্রার্ড হইয়া থাকেন। অরাজক রাজ্যে রাজকুমারেরা চন্দন ও অগ্রের্যাণে রিজত হইয়া থাকেন। অরাজক রাজ্যে রাজকুমারেরা চন্দন ও অগ্রের্যাণে রিজত হইয়া বস্তক্লালীন বৃক্তের ন্যায় পরিদ্শামান হন না; যাহারা একাকী প্রতিন করেন এবং থথার সায়ংকাল প্রাণ্ড ইন সেই স্থানে বিশ্রাম করিয়া থাকেন, সেই স্ফত জিতেশিয় মন্নিও ব্রুক্ষে চিত্ত সমাধানপ্রেক ভ্রমণ করিতে পারেন না; অধিক আর কি, যেমন জলশন্য নদী, তৃণশ্না বন এবং পালকহীন গো, অরাজক রাজ্যও তদ্প।

এই অবস্থায় জাবন রক্ষা করা নিতাশ্তই দ্বুকর হয়, এবং এই অবস্থায়
মন্বেররা মংস্যের ন্যায় প্রতিনিয়ত পরস্পর পরস্পরকে ভক্ষণ করিয়া থাকে।
বে-সমস্ত নাস্তিক ধর্মমর্বাদা লক্ষ্মন করিয়া রাজদন্তে দক্তিত ইইয়াছিল,
তাহারাও এই সময়ে প্রভাষ প্রদর্শন করে। চক্ষ্ ষেমন শরীরের হিতসাধন ও
অহিতানিবারণে নিয়য় আছে, প্রজাদিগের পক্ষে রাজাও তদ্র্প। তিনি সত্য
ও ধর্মের প্রবর্তক, কুলানিদিগের কুলপালক; তিনি পিতা ও মাতা, তাঁহা হইতে
সকলের শৃভ সম্পাদন ইইয়া থাকে। সদাচারসম্পন্ন রাজা ধম, কুবের ইন্দ্র ও
বর্ণকেও অতিক্রম করেন। এই জাবিলোকে সং ও অসভের ব্যবস্থাপক রাজা
যদি না থাকিতেন, তাহা হইলো গাঢ়তর অন্ধকারে ষেমন কিছ্রেই অভিব্যক্তি হয়
না, তদুপে কোন বিষয়েরই বিশোধ অনুভব হইত না। ষেমন ধ্য় ও ধ্রজদন্ত

অন্দি ও রথের প্রকাশক, সেইর প মহারাজ দশরথও আমাদিগের প্রতি রাজ্যভার প্রতিষ্ঠার জ্ঞাপক ছিলেন, এক্ষণে তিনি স্বর্গে আরোহণ করিয়াছেন। ভগবন্! তিনি জাবিত থাকিতেই আমরা আপনার বাক্য অতিক্রম করি নাই, এক্ষণে নৃপতিবিরহে আমাদিগের কার্য উচ্ছিলপ্রায় এবং রাজ্য অরণাপ্রায় পর্যালোচনা করিয়া আপনি কুমার ভরত বা অনা যাহাকেই হউক অভিষিক্ত কর্ন।

অন্টরণিউতম সর্গা। মহার্ষ বশিষ্ঠ বিপ্রগণের এইর্প বাকা প্রবণ করিয়া তাঁহাদিগকে এবং মির ও অমাত্যগণকে কহিলেন, দেখ, মহারাজ দশরথ বাঁহাকে রাজাদান করিয়াছেন, সেই ভরত প্রাতা শত্রাহার সহিত পরম কৃত্হলে মাতৃলালয়ে বাস করিতেছেন, এক্ষণে আমরা অধিক আর কি বিবেচনা করিব, দ্তেরা দুত্তগামী অশ্বে আরোহণপর্বক শীঘ্র তাঁহাদিগেই আনরন কর্ক।

বিশিষ্ঠ এইরপে কহিবামার সকলেই তশ্বিষয়ে সম্মত হইলেন। তাঁহারা সম্মত হইলে তিনি সিন্ধার্থ, বিজয়, জয়ন্ত ও অশোকনন্দন—এই কয়েকজন দৃতকে আহ্নানপূর্বক কহিলেন, দেখ, এখন যাহা কর্তবা আমি তাহার আদেশ করিতেছি, শ্রবণ কর। তোমরা শোক পরিত্যাগ ক্রিছে কেকররাজ ও ভরতের নিমিত্ত কোঁষের বন্ধ ও উৎকৃষ্ট অলখ্কার লইয়া ক্রিসামী অন্দেব আরোহণপূর্বক শীঘ্র রাজগৃহে গমন কর। গিয়া আমার বাক্মিক্রাারে ভরতকে এই কথা কহিও, রাজকুমার! প্রেরাহিত এবং অন্যান্য অপিবর্গ তোমার কুশল জিল্পাসা করিয়াছেন, জিল্পাসিয়া কহিয়াছেন কে ক্রিয়াছেন কিন্তু সাবাধান, তোমরা তথায় কিন্তু পারে, এমন একটি কার্ম উপস্থিত। কিন্তু সাবধান, তোমরা তথায় কিন্তু সাবধান, তোমরা তথায় কিন্তু সাবধান, তোমরা তথায় কিন্তু নাইও না। অনন্তর দৃত্তেরা কেন্তুর দেশে যাত্রা করিতে কৃতস্থকলপ হইরা পাথের গ্রেম্বর ক্রিকে ক্রেম্বর স্থান বিশ্বর স্থান করিতে কৃতস্থকলপ হইরা পাথের গ্রেম্বর ক্রিকে ক্রেম্বর স্থান বিশ্বর স্থান করিতে কৃতস্থকলপ হইরা পাথের গ্রেম্বর ক্রিকে ক্রেম্বর স্থিত স্থান বিশ্বর স্থান স্থান বিশ্বর স্থান স্থান স্থান বিশ্বর স্থান স্থান

গ্রহণপূর্বক বেগবান অনেব স্ব-স্ব আবাসে গমন করিল এবং প্রস্থানের উপযোগী কার্যাবদেষ সমাধান করিয়া বশিষ্ঠের অনুজ্ঞাক্তমে তথা হইতে নিজ্ঞানত হইল। নিম্ক্রান্ত হইয়া মালিনী নদী অতিক্রমপ্রেক অপরতাল নামক দেশের পশ্চিম ভাগ দিয়া প্রলম্ব দেশের উত্তরে ষাইতে লাগিল। অনন্তর পঞ্চাল দেশে উপনীত ও হ সিতনাপুরে গণ্গা উত্তীর্ণ হইয়া পশ্চিমাভিমুখে কুরুজাপালের মধ্য দিয়া চলিল। তথায় প্রফ্রেলকমলস্লোভিত সরোবর এবং স্বচ্ছসলিলা নদী দেখিতে দেখিতে কার্যগৌরব নিবন্ধন মহাবেগে গমন করিতে লাগিল। ষাইতে যাইতে স্লোভম্বতী শরদ^ডার সন্মিহিত হইল। ঐ নদীতে নান্যবিধ বিহুল্য নিরুত্র ক্রীডা করিতেছে এবং উহার জল অতি নিমল। দূতেরা শরদ-ডা অতিক্রমপূর্বক উহার পশ্চিম তীরে সন্ত্যোপযাচন নামক এক দিব্য বৃক্ষকে প্রদক্ষিণ ও প্রণাম করিয়া কুলিপা নগরীতে প্রবেশ করিল। পরে অভিকাল ও তেজেভিভবন নামক দুইটি গ্রাম উত্তীর্ণ হইয়া ইক্ষনাকুদিগের পৈতৃক নদী ইক্ষ্মতী পার হইল এবং ঐ নদী-তীরে অঞ্চলিজলপায়ী বেদপারগ ব্রাহ্মণগণকে দর্শনপূর্বক বাহ্মীক দেশের মধ্য দিয়া সুদামন পর্বতে গমন করিল। তথার ভগবান্ বিষ্কুর যে এক পদচিহ্নছিল, উহারা তাহা নিরীক্ষণ করিয়া বিপাশা ও শাল্মলী নামক দুই নদী, দীঘিকা, তড়াগ, পণ্বল ও সরোবর এবং সিংহ, ব্যাঘ্ন, হস্তী ও নানাপ্রকার মূগ দেখিতে লাগিল। বহুদ্রে পর্যটন নিবন্ধন উহাদের বাহনসকল একান্ত ক্লান্ত ও

পরিশ্রানত হইয়া পড়িল; রাগ্রিও উপস্থিত হইল। তখন তাহারা বাশস্তের প্রাতি সম্পাদন, প্রজাগণের রক্ষাসাধন এবং রাজকার্বে ভরতের হস্তাবলম্বন— এই কয়েকটি অনুরোধে নিরাপদে কিয়ন্দ্রে হাইয়া গিরিরজ নগরে বিশ্রাম করিতে কাগিল।

একোনসম্ভতিত্ব সর্গ । যে রাত্তিতে দ্তেরা নগর-প্রবেশ করিল, সেই রাত্তিশেষে ভরত একটি দ্বংশ্বন দেখিলোন। দেখিয়া তাঁহার মন অত্যুক্ত ব্যাকুল হইয়া উঠিল। তখন তদীয় প্রিয়বাদী বয়সোরা তাঁহার অশ্তরে সম্তাপ উপস্থিত জানিয়া তাহা অপনোদন করিবার নিমিত্ত সভামধ্যে নানাপ্রকার কথার প্রসংগ করিতে লাগিলেন। কেহ কেহ বীণাবাদনে প্রবৃত্ত হইলেন, কেহ কেহ নতাঁকী-দিগকে নৃত্য করাইতে লাগিলেন এবং কেহ কেহ বা হাস্যরসপ্রধান নাটকপাঠ আরুদ্ভ করিলেন। কিম্তু ভরত ঐ সকল বয়স্যের গোষ্ঠীসম্বিচ্ত ক্রীড়াকোতুক বা হাস্যপরিহাসে কিছুতেই হুণ্ট হইলেন না।

অনশ্তর তাঁহার এক প্রিয়সখা তাঁহাকে জিজ্ঞাসা কুরিলেন, বয়স্য ! সূহ্দেরা তোমার মনের ভাবাল্তর সম্পাদনের নিমিত্ত এত ক্রেড্র করিতেছেন, কিল্ডু তুমি তোমার মনের ভাবান্তর সম্পাদনের নামন্ত এত ক্রেড্ কারতেছেন, ক্রিক্ত তুমে কি কারণে উদাসীন হইরা আছ? ভরত কহিলেও সংখ! বে কারণে অদ্য মনের এইর্প আকুরতা উপস্থিত হইরাছে, শুবু কর। আমি আজ রাত্রিশেষে স্বশ্নাবেশে পিতাকে দেখিয়াছি। তাঁহার বিশ্ব মিলন হইরা গিয়াছে, তিনি এক পর্বতের শিখর হইতে ম্বভকেশে ক্রের্প্ণ হুদমধ্যে নিপতিত হইতেছেন। দেখিলাম, তিনি সেই গোময়হুদে ক্রিসতেছেন এবং বেন হাসিতে হাসিতে অঞ্জালিন্বারা তৈল পান করিতেছেন অন্তর্কা অন্তর তিনি প্রেঃ প্রেঃ অধঃশিরা হইয়া তিল্মিপ্রিত অল ভোজনপ্রের তৈলাভ দেহে তৈলমধ্যে প্রবেশ করিলেন। আরও দেখিলাম, যেন সমগ্র সাগ্রি শ্বুক্ত, চন্দ্র ভ্ততলে নিপতিত, সম্বন্ধ বিশ্ব গায়তের অধ্যকারে আব্ত এবং প্রজন্লিত অণিন অকস্মাৎ নিৰ্বাণ হইয়া গিয়াছে : মেদিনী বিদীর্ণ, সধ্ম পর্বতসকল ধরংদ এবং বৃক্ষসম্দর নীরস হইয়াছে। যে হস্তী মহারাজের বাহন ছিল, তাহারও দস্ত খণ্ড খণ্ড হইয়া ভাতলে নিপতিত আছে। আবার দেখিলাম, পিতা কৃষ্ণবর্ণ ক্ষ পরিধান করিয়া কৃষ্ণলোহময় পীঠের উপর উপবিষ্ট আছেন এবং কৃষ্ণকলেবর পিলালদেহ প্রমদা-সকল তাঁহাকে প্রহার করিতেছে। তিনি রক্তদদনে চর্চিত ইইয়া রক্তমাল্য ধারণপূর্বক গদভিয়েজিত রথে দক্ষিণাভিম্থে দুভবেগে বাইতেছেন। রন্তবসনা কামিনী তাঁহাকে দেখিয়া হাসিতেছে এবং বিকৃতবদনা রাক্ষ্সী তাঁহাকে আকর্ষণ করিতেছে। আমি ভীষণ রাতিশেষে এই দুঃস্বান দেখিরাছি। এক্ষণে রাম, রাজা, আমি বা লক্ষ্যণ, যে কেই হউন, একজনকে নিশ্চয়ই মৃত্যুম্খ দেখিতে হইবে। ম্বশ্নে যে মনুষ্যকে গর্দভযোজিত রথে যাইতে দেখা যায়, অচিরাংই তাহার চিতার ধূর্মশিখা পরিদৃশামান হইয়া থাকে। বয়স্যা! এক্ষণে কেবল এই কারণে দ্বঃখিত হইয়া তোমাদিশের বাক্যে অভিনন্দন করিতেছি না। আমার কণ্ঠ শৃত্ত হইতেছে, মনও অসমুস্থ হইরাছে। আমি আপাততঃ ভয়ের কারণ কিছুই দেখিতেছি না, তথাচ পদে পদে বিলক্ষণ ভন্ন সম্ভাবনা করিতেছি। আমার স্বর বিকৃত, কান্তিও মলিন হইয়া গিয়াছে এবং অকারণ জীবনে ধিকার উপস্থিত হইতেছে। সথে! এই অচিন্তিতপূর্বে দুঃন্বণন দর্শন এবং বাঁহার সক্ষোৎকার



লাভের আর প্রত্যাশা নাই, সেই রাজাকে স্মরণ করিয়া, আমার অন্তর হইতে কিছুতেই শঙ্কা অপনীত হইতেছে না।

সম্ভতিতম সর্গা। রাজকুমার ভরত বয়সাগণের নিকট স্বান্ত্রান্ত কাঁতনি কবিতেছেন, এই অবসরে ন্তেরা পরিশ্রান্তবাহনে স্নৃদ্ট অর্গলসম্পন্ন স্রমার রাজগ্রে প্রবেশপ্রকি কেকররাজ ও ব্যাজিতের সন্নিহিত হইল এবং তাঁহাদিগের কৃত সংকারে সবিশেষ প্রতি হইয়া ভরতের সন্নিধানে গিয়া তাঁহাকে দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অভিবাদনপূর্ব ক কহিল, রাজকুমার! কুলপা্রোহিত বশিষ্ঠ এবং মিল্রগণ আপনকার কুশল জিল্ঞাসা করিরাছেন। জিল্ঞাসিয়া কহিয়াছেন বে, 'কালাতিরুমে বিঘা ঘটিতে পারে এমন কোন কার্য উপস্থিত, তোমাকে তাহা সাধন করিতে হইবে।' এক্ষণে আমরা বহুমূল্য কন্ম ও আভরণ আনয়ন করিয়াছি, আপনি এই সকল লইয়া মাতামহ ও মাতুলকে প্রদান কর্ন। এই সমস্ত দ্রব্যের মধ্যে বিংশতি কোটি আপনার মাতামহের এবং দশ কোটি আপনার মাতুলের।

ভরত বশিষ্টপ্রেরিত ক্যাভরণ গ্রহণ এবং দ্তদিগকে অভীষ্ট বস্তু প্রদান-প্রবিক জিল্পাসিলেন, দ্তগণ! মহারাজ তো কুশলে আছেন? আর্য রাম ও লক্ষ্যণের ত কোনা বিদ্যা ঘটে নাই? ধর্মজ্ঞা, ধর্মপরারণা দেবী কোশলা। ও স্মিতার ত মধ্পল? আমার প্রজ্ঞাভিমানিনী জোধনস্বভাবা আত্মশুরী মাতাই বা কির্পে? তিনি কি তোমাদিগকে কোন কথা কহিয়া দিয়াছেন?

তথন দ্তেরা বিনীতভাবে কহিল, রাজকুমার! আপনি যাঁহাদিগের কুশল কামনা করিতেছেন, তাঁহারা সকলেই কুশলে আছেন। এক্ষণে দেবী কমলা আপনাকে প্রার্থনা করিতেছেন, আপনি অবিলম্বেই রখ বোজনা করিতে অনুমতি কর্ন। ভরত কহিলেন, দ্তগণ! তোমরা বে আমুকে গমনের ধরা দিতেছ, আমি অগ্রে এই বিষয় মহারাজের গোচর করি।

কর্ন। ভরত কহিলেন, দ্তগণ! তোমরা যে আমাকে গমনের ধরা দিতেছ, আমি অপ্রে এই বিষর মহারাজের গোচর করি।

অনশ্তর তিনি মাতামহকে গিয়া কহিলেন মহারাজ। দ্তেরা আমায় লইতে আসিয়াছে; আমি এক্ষণে পিতার নিকাই মন্ত্রা করিব, আবার যখন আপনি আমাকে শ্বরণ করিবেন, উপন্থিত হুইটা তথম কেকয়রাজ ভরতের মন্তক আদ্বাণপূর্ব ক কহিলেন, বংল। কৈনিতাছ, প্রশ্বনে কর। তুমি গিয়া তোমার মাতা ও পিতাকে আমাদের পাল কহিও, প্রেরাহিত বিশ্চি ও অন্যান্য বিপ্রগণকে এবং তোমার স্থাতা রাম ও লক্ষ্মণকেও অনাময় জানাইও। এই বিলয়া কেকয়রাজ ভরতকে সবিশেষ সংকার করিয়া উৎকৃষ্ট হলতী, বিচিত্র কর্মর, দ্বই সহল্ল নিন্দ্র এবং যোড়ল শত অন্ব উপহার দিলেন। পরিশেষে ভরতের অন্তর হইবার নিমিত্ত কতকগ্রিল গ্রেবান, বিশ্বাস্য় মনোমত অমাত্য প্রদান করিলেন। তাহার মাতুল য্যাজিংও তাহাকে ইন্দ্রশির দেশে ঐরাবত নাগের বংশোৎপল্ল বহুনংখ্য স্দৃশ্য হলতী এবং শীঘ্রগামী গর্মভ দিলেন। কিন্তু ভরত গ্রমনম্বাবশত তৎকালে কেকয়রাজপ্রদত্ত ধনলাভে সবিশেষ হল্ট হইলেন না। দ্বেন্দ্রাক্রণ ত্রংকে লাগিলেন।

অন্তর তিনি স্বগৃহ হইতে নিগতি হইয়া হস্তাম্বসম্পুল লোকবহ্ল রাজপথ অতিক্রমপূর্বক মাতামহের অস্তঃপ্রোভিম্থে চলিলেন এবং অবারিত গমনে তন্মধ্যে প্রবেশ করিয়া মাতামহ, মাতুল য্ধাজিং ও অন্যান্য আত্মীয়-স্বজনকৈ সম্ভাষণ ও শন্ধারে সহিত রখারোহণপূর্বক তথা হইতে যাত্রা করিলেন। প্রস্থানকালে ভ্রত্যেরা বহ্সংখ্য রথ যোজনা করিয়া এবং উষ্ট্র, গো, অম্ব ও গর্দভ লইয়া তাঁহার অন্গমন করিতে লাগিল। তিনি মাতামহের সৈন্যসম্হে পরিরক্ষিত এবং অমাতাগলে পরিবৃত হইয়া ইন্দ্রলোক হইতে সিন্ধপ্রেধের ন্যায় গমন করিতে লাগিলেন। একসপ্ততিত্বস সর্গা। মহাবীর ভরত রাজগৃহ হইতে প্রাভিম্থে নিগতি হইয়া সর্বাগ্রে স্দামা নাম্নী এক নদী পার হইলেন। পরে হ্রাদিনী নামে পশ্চিম্বাহিনী অতি বিশ্তীর্ণা এক নদী উত্তীর্ণ হইয়া শত্দ্র লন্ধন করিলেন। অনন্তর ঐলধান নামক প্রামে আর একটি নদী পার হইয়া অপরপর্বত নামে জনপদসকল অতিক্রম করিয়া চলিলেন। পরে শিলা ও আকুর্বতী নাম্নী দূই নদী সন্তরণ করিয়া, অণিনকোণে শলাকর্ষণ নামক এক দেশে উপস্থিত হইলেন। এই দেশে শিলাবহা নাম্নী এক নদী প্রবাহিত হইতেছিল; সত্যপ্রতিক্ত ভরত পবিত্র হইয়া সেই নদী সন্দর্শন ও অনেকানেক পর্বত লন্ধন করিয়া চৈত্ররথ কাননে গমন করিলেন। অনন্তর গংগা-সরন্বতীসংগমে উপস্থিত হইয়া বারমংস দেশের উত্তরে যে-সকল গ্রাম ছিল, তংসম্দের অতিক্রম করিয়া ভারত্ত নামক বনে উপনীত হইলেন। পরে পর্বতপ্রির্ভা বেগবতী স্লোভস্বতী কুলিগ্যা উত্তীর্ণ হইয়া দেখিলেন, অদ্ধে কালিন্দী প্রবাহিত হইতেছেন। তিনি সেই কালিন্দী-তীরে গিয়া সৈন্যগণকে ক্লান্তি দ্র করিতে অন্মতি প্রদানপ্রেক পরিপ্রান্ত অধ্বসকলকে জলসেকে শীতেল করাইতে লাগিলেন এবং স্বরংও তথায় ন্নান করিয়া লইলেন।

অনন্তর তিনি ঐ বম্নার জল পান ও কল্পে বহণ করিয়া নভামণ্ডলে দেবতার ন্যায় উৎকৃষ্ট যানে শ্নাপ্রায় অরণ্যে করিলেন। পরে অংশ্বান প্রামে গমনপূর্বক তথার গণ্যা পার হওয়া দৃত্রে দেখিয়া প্রাণ্যটপুরে চলিলেন এবং ঐ প্রানে গণ্যা পার হইয়া কৃতিকোতিকা নদাতে উপনাত ও সৈন্যগণের সহিত তাহা উত্তীর্ণ হইয়া ধর্মবর্ধন প্রাক্তে বাইতে লাগিলেন। তদনন্তর তোরণ নামক প্রামের দক্ষিণ ভাগ দিয়া কিনুপ্রকেথ, ক্ষর্পপ্রহতে বর্থ জনপদে উপন্থিত হইলেন এবং ঐ ক্রিকের এক স্রয়া বনে বিপ্রাম করিয়া যথায় প্রিয়ক নামক বৃক্ষসকল মুক্তিরেই, উল্জিহানা নগরীর সেই উদ্যানে চলিলেন। অনন্তর তিনি ঐ সকল মুক্তের সমিহিত হইয়া এক বেগগামী অন্বে আরোহণ করিলেন এবং সৈন্যদিগকে পশ্চাৎ পশ্চাৎ আসিতে অনুমতি দিয়া একাকী প্রত্যাতিতে গমন করিতে লাগিলেন। পরে সর্বতীর্থ প্রামে উপনীত হইয়া বহুসংখ্য পার্বত্য তুরগের সহিত প্রোভন্তবতী উত্তরগা ও অন্যান্য নদী পার হইলেন। অদ্রেই হিল্ডপৃত্তিক গ্রাম, তথায় কৃতিকা নদী বহিতেছিল, তিনি তাহাও উত্তীর্গ হইয়া লোহিতা গ্রামে কপানতী, একসাল গ্রামে প্রাণ্যমতী এবং বিনত গ্রামে গোমতী অতিক্রম করিলেন। অনন্তর কলিপা নগরে শাল্বন পার হইয়া রান্তিশেষে পরিপ্রান্ত অন্বে অযোধ্যার সমিহিত হইলেন।

ভরত সাত রাত্রি কেবল পথে পথেই আসিয়াছেন, তিনি সন্ধানে অযোধ্যা নিরীকণ করিয়া সার্রথিকে কছিলেন, দেখ, আজ এই বশস্বিনী অযোধ্যাকে দরে হইতে নিতাশত নিরানন্দ বোধ হইতেছে। এই নগরী গণেবান যাজিক বেদপারগ রান্ধণ ও বহুসংখ্য ধনী লোকে পরিস্পূর্ণ এবং প্রধান রাজ্বির যঙ্গে প্রতিপালিত হইলেও আজ যেন শ্ন্য শ্ন্য দেখিতেছি, ইহার ম্তিকাও পাশ্ত্বর্ণ লক্ষিত হইতেছে। পর্বে এই নগরীতে নরনারীগণের তুম্বে কোলাহল চতুদিকৈ শুভিগোচর হইত, আজ যেন নীরব। পর্বে বিলাসীরা ইহার যে-সমুন্ত উদ্যানে সায়াকে প্রবেশ করিয়া প্রাতে নির্মাত হইত, সেই সকল এখন অনার্শ বোধ হইতেছে। তাঁহারা আইসেন নাই বিলয়া যেন রোদনই করিতেছে। সার্রথি! আমি আজ এই রাজধানীকে অরণ্যময় দেখিতেছি:

এই দ্থানের প্রধান প্রধান লোকেরা প্রবিং হস্তী অন্ব বা অন্য কোন যানে গমনাগমন করিতেছেন না। লতাগৃহ প্রভৃতি বিলাসের দুরা আছে বিলয়া বে-সকল উপবন বিহারকালে সর্বাংশেই অনুক্ল বোধ হয়, যথায় মদিরামত্ত নায়ক-নার্যকারা আসিয়া আশ্রয় লইয়া থাকে, আজ সেইগালি যেন নিস্তব্ধ রহিয়াছে। প্রতি পথের বৃক্ষ হইতে পত্রসকল স্থলিত হইতেছে, কলকণ্ঠ বিহুল্গ ও মত্ত ম্গাণগের মধ্র ধর্নি আর শ্না যাইতেছে না। নির্মল বায়্ চন্দ্র, অগ্রন্ ও ধ্পে স্গান্ধ হইয়া প্রবিং বহন করিতেছে না। কি কারণেই বা ভেরী মৃদণ্য ও বীণারব বিরত হইয়া আছে? এক্ষণে চতুদিকেই অশ্ভ-স্চক বিবিধ পক্ষী এবং অপ্রীতিকর নিমিত্ত দৃন্ট হইতেছে, আমার আছারসকলের নিরবিছিল কৃশল লাভ দ্লেভি বটে, কিন্তু অমণ্যলের কারণ না থাকিলেও আজ আমার হৃদয় অবসল হইয়া আসিতেছে।

অই বলিতে বলিতে ভরত উৎকণ্ঠিত মনে শ্রান্তবাহনে বৈজয়ণত লার দিয়া আয়োধায় প্রবেশ করিলেন। তখন ল্বারপালের। গাল্রোখানপূর্বক বিজয়প্রশেন তাঁহাকে সন্বর্ধনা করিয়া তাঁহারই সমভিব্যাহারে চলিল। তিনি সাদরে তাহাদিগকে প্রতিগমনের অনুমতি দিয়া অস্থিরচিত্তে বাইতে লাগিলেন। বাইতে বাইতে কেকররাজের সার্থিকে কহিলেন, ক্রুণ্ড! দ্তেরা কি নিমিত্ত অবারণ আমায় দ্বা প্রদর্শন করিয়া আনিল ইতিসার অন্তরে সততই অশ্বভ আশ্বকা উপন্থিত হইতেছে, আমি ক্রমশঃই অধির হইতেছি; রাজার মৃত্যু হইলে বের্প ল্নিতে পাওয়া যায়, সেই সকল মান্তারই চতুদিকে দেখিতেছি। দেখ, গ্রুপেথর বাস্তুসকল অপরিচ্ছন প্রতিস্কৃত্তের কপাটে উল্ঘাটিত রহিয়াছে, সম্পর্ম হতপ্রা, দেবতাদি বলি ও ধ্পাবাস কোন স্থলেই নাই, এবং অনাহারে সকলেই হতজ্ঞান হইয়া আছে। দেবলুক শোভাহনি ও শ্না এবং উহা প্রপানালা অনলংকত, উহার অপ্যান করিলে বিলাভাহনি ও শ্না এবং উহা প্রপানালা অনলংকত, উহার অপ্যান করিলে বিলাল বিলার বিলার বিশ্বেরা আপ্যানকল রুখ করিয়াছে। প্রে ইহাদিগের বের্প উৎসাহ দেখিতাম আজ ভাহার কিছুই দৃষ্ট হইতেছে না, সকলেই বেন ব্যাকুল। এই সকল দেবায়তন ও টেতা ব্লে মৃণ্য ও পক্ষিণ দানভাবে রহিয়াছে। বলিতে কি, অদ্য নগরের ক্রী-প্রের্থ সকলকেই উৎকণ্ঠিত চিনিতত দানবদন অশ্বপ্রত্বাচন মলিন ও কুশ দেখিতেছি।

ভরত সারখিকে এইর্প কহিয়া রাজপ্রাসাদে প্রবেশ করিলেন। তংকালে তিনি সেই ইন্দ্রনগরী অনরাবতীর তুলা প্রবীর এইর্প দ্রবস্থা দর্শন করিয়া যারপরনাই দ্রাখিত হইলেন। উহার চতুষ্পথ ও রখ্যায় জনসঞ্চার নাই এবং কপাট ও স্বারয়সকল ধ্লিধ্সের হইয়াছে। ভরত পিতার জীবন্দশায় যে-সমস্ত অপ্রিয় অবলোকন করেন নাই, একাণে সেই সকল প্রত্যক্ষ করিয়া অবনতবদনে দীনমনে পিতৃগ্রে প্রবেশ করিলেন।

শ্বিস্তাততন স্থা। তিনি পিতৃগ্হে পিতার দশনি না পাইয়া মাতৃগ্হে মাতার নিকট গমন করিতে লাগিলেন। তখন কৈকেরী প্রেকে প্রবাস হইতে আসিতে দেখিয়া প্রফ্লেমনে স্বর্ণাসন পরিত্যাগপ্রেক উথিত হইলেন। ভরতও ংহেপ্রবেশ করিয়া তাঁহাকে প্রণাম করিলেন।

অনন্তর কৈকেয়ী তাঁহাকে আলিগ্যন ও তাঁহার মস্তকায়াণ করিয়া অঞ্চে গ্রহণপূর্বক জিজ্ঞাসিলেন, বংস! বল, আজ কয় রাত্রি মাতামহের আবাস হইতে নিগতি হইয়ছ? দ্রুতগতিতে রখে আসিতে কি তোমার পথশ্রম হয নাই? তোমার মাতামহ ও মাতুলের কুশল ত? তুমি প্রবাসী হইয়া অবধি স্থে ছিলে কি না?

কমললোচন ভরত কহিলেন, জননি! আজ সাত রাত্রি হইল, আমি মাতামহের রাজ্ঞ্যানী পরিত্যাগ করিয়াছি। তোমার পিতা ও দ্রাতা উভয়েই কুশলে আছেন। কেকয়রাজ আমাকে যে ধনরত্র প্রদান করিয়াছেন তাহা বহন করিতে বাহনেরা পথে ক্লান্ড ইইয়া পড়িয়াছে, এই কারণে আমি অগ্রে আগমন করিলাম। বাহাই হউক, এক্ষণে তোমাকে একটি কথা জিজ্ঞাসা করি, পিতার বার্তাহারকেরা কেন আমাকে দ্বরা প্রদর্শন করিয়া আনিয়াছে? তোমার এই শরন করিবার স্বর্ণময় পর্যাওক শ্না, ইক্রাকুকুলের কেহই প্রফ্লেল নহেন; পিতা তোমার এই গ্রেই থাকেন, আমি আজ আসিয়া তাঁহাকেও দেখিলাম না: ইহার কারণ কি? এক্ষণে আমি তাঁহার চরণ বন্দনা করিব, বলা তিনি এখন কোথায় রহিয়াছেন? তিনি কি জ্যোন্টা মাতা কৌশল্যার গ্রেই কারণ্যপন করিতেছেন?

তথন রাজ্যলোভমোহিত কৈকেয়ী ঘোর অপ্রিম জ্বা প্রিয়জ্ঞানে কহিলেন, বংস! সেই যজ্ঞশীল সন্জনশরণ মহারাজ জ্বিসবারণের যে গতি এক্ষণে তাহাই অধিকার করিয়াছেন।

ভরত এই কথা প্রবণ করিবামার বংশক্রের্নাসত কাতর হইরা হা হতোহিন্ম! বিলিয়া বাহ্ প্রসারণপর্বক ভ্তলের ভূরিছত হইয়া পড়িলেন এবং অত্যান্ত দ্বংখিত হইয়া প্রাক্তির রজনীতে দ্বংখিত হইয়া প্রাক্তির রজনীতে নির্মাণ চন্দ্র বেমন নভোমণ্ডলকে স্বংশাভিত করেন, পিতা থাকিতে এই শব্যা সেইর্পই স্বংশাভিত ছিল্পি আজ তাহার অভাবে ইহার আর প্রভা নাই। একশে ইহা শশাভকহীন আকাশ ও সলিলশ্না সাগরের ন্যায় নির্মাক্তিত হইতেছে। এই বলিয়া মহাবীর ভরত বসনে বছন আছাদনপ্রক রোদন করিতে লাগিলেন।

তথন কৈকেয়ী সূর্যচন্দ্রসংকাশ মাতংগসদৃশ অমরপ্রভাব শোকার্ত প্রে ভরতকে অরণ্যে কুঠারছিল শালব্দের শাখার নাার ভ্তলে নিপতিত দেখিয়া শ্বাং তাঁহাকে উত্থাপনপূর্বক কহিলেন, বংস! তুমি কি কারণে ধরাসনে শায়ন করিয়া আছ? গাত্রোখান কর; দেখ, তোমার নাায় স্সভ্য সাধ্লোকেরা কদাচই শোকে অভিভ্ত হন না। তোমার বৃদ্ধি শ্রুতি শীল ও তপস্যার অনুগামিনী এবং দান ও যজের সম্পূর্ণই অধিকারিণী। স্ব্যাস্ভলে প্রভার ন্যায় ইহা তোমার অন্তরে সততই বিরাজ করিতেছে।

অনতর ভরত ভ্তলে অল্য পরিবর্তনপূর্বক বহুক্ষণ রোদন করিয়া শোকাকুল মনে জননীকে কহিলেন, অন্ব! পিতা আর্য রামকে রাজ্যে অভিষেক্ ও যাগযঞ্জের অনুষ্ঠান করিবেন, এই ভাবিয়া আমি মহা আনদেন রাজগৃহে গিয়াছিলাম, কিন্তু যা ভাবিয়াছিলাম তাহার সম্পূর্ণ বিপরীত ঘটিয়াছে। আমি যে প্রিয়কারী পিতাকে দেখিতেছি না, ইহাতেই আমার মন বিদীর্ণ হইয়া যাইতেছে। জননি! আমার অনুপশ্বিতিকালে পিতা কোন্ ব্যাধিতে আক্রাত হইয়া দেহত্যাগ করিলেন? সেই কীর্তিমান রাজা আমি যে আসিয়াছি তাহা নিশ্চয়ই জানিতেছেন না, জানিলে সম্বর আমার মন্তক সম্রত করিয়া আঘাণ

করিতেন। আমার অভ্য ধ্লিধ্সর হইলে যে স্বেশ্পশ হন্ত মার্ক্রনা করিয়া দিত, হা! এখন তাহা কোথার রহিল? বলিতে কি ধাঁহারা পিতার দেহান্তে অণিনসংস্কারাদি কার্য করিয়াছেন, তাঁহারাই ধন্য। যাহাই হউক মাতঃ! অতঃপর তুমি রামকে শীপ্ত আমার আগমন সংবাদ দেও। তিনি আমার প্রাতা, পিতা, বন্ধ্ এবং আমি তাঁহার প্রিয় দাস। যে ব্যক্তি ধার্মিক ও বিপ্ত, জ্যেষ্ঠ প্রাতাকে পিতার তুল্য দেখা তাহার কর্তব্য। আমি এক্ষণে রামের চরণে প্রণাম করিব, তিনিই আমার আশ্রয়। আর্থে! অন্তকালে সেই ধর্মজ্ঞ, ধর্মশীল সত্যানরত, দ্যুব্রত মহারাজ কি কহিয়া গিয়াছেন? বল, শ্নিতে আমার অত্যন্তই ইচ্ছা হইতেছে।

কৈকেয়ী কহিলেন, বংস! তোমার পিতা 'হা রাম! হা লক্ষ্যণ ! হা সীতা!' কেবল এই বলিতে বলিতে লোকাণ্ডরে গিরাছেন। হস্তী বেমন রুজ্যবন্ধ হয়, সেইর্প তিনি মৃত্যুপাশে সংবত হইয়া পরিশেবে কেবল এইমার কহিলেন যাহারা জানকীর সহিত রাম ও লক্ষ্যুণকে প্নেরায় অবোধ্যায় আগমন করিতে দেখিবে, তাহারাই ধনা।

ভরত এই দ্বিতীয় অপ্রিয় কথা শ্নিয়া বিষয় বদনে প্নরায় জিল্পাসা করিলেন, জননি! সেই ধর্মপরায়ণ রাম এক্ষণে লক্ষ্মপ্ত সাঁতার সহিত কোথায় আছেন? তখন কৈকেরী রামের বনবাসে ভর্ত সুখী হইবেন জ্ঞান করিয়া কহিলেন, বংস! সেই রাজকুমার চীর পরিধানি সুবাক লক্ষ্মণ ও সাঁতার সহিত দশ্তকারণ্যে যাল্লা করিয়াছেন।

ভরত আপনার কুর্লানয়ম সমার্ক্র স্বগত ছিলেন, তিনি জননীর মুখে এই বাক্য প্রবণ করিবামাত রামের ইউচ্চদোষ আশুকা করিয়া কহিলেন, মাতঃ! রাম কি কোন কারণে রক্ষান্ত করিয়াছেন? সম্পন্ন বা অসম্পন্নই হউক্ নিরপরাধে কি কাহারো ক্ষান্ত করিয়াছেন? পরস্তীতে ত তাঁহার অভিলাষ হয় নাই? বলা, এক্ষণে কি কারণে তাঁহাকে দভকারণ্যে নির্বাসিত করা হইল?

তখন তাঁহার প্রজ্ঞাভিমানিনী চণ্ডলা জননী স্তাশ্বিভাব-নিবন্ধন প্রশাক্ত মনে কহিতে লাগিলেন, বংস! রাম রক্ষণ্ড হরণ করেন নাই, সম্পন্ন বা অসম্পন্নই হউক, নিরপরাধে কাহারও ক্ষতি করেন নাই, এবং পরস্থিত চক্ষে দেখেন নাই। কিন্তু বংস! আমি তাঁহার অভিষেকের কথা শ্লিনাই নৃপতির নিকট তোমার রাজ্য ও তাঁহার বনবাস প্রার্থনা করিয়াছিলাম। রাজা প্রে আমাকে দ্ইটি বর দিবেন অধ্যাকার করিয়াছিলেন, স্তরাং তিনি সভারক্ষার জন্মরাধে তোমাকেই রাজ্য দিয়াছেন। এক্ষণে রাম সোমিত্রি ও সীতার সহিত নির্বাসিত হইয়াছেন। মহারাজ সেই প্রিয়পত্তের অদর্শনে শোকে আকল হইয়া দেহপাত কবিয়াছেন। অতঃপর তুমি রাজ্য গ্রহণ কর; আমি কেবল তোমারই নিমিত্র এই কান্ড ঘটাইয়াছি। এই নগরী ও সমস্ত সায়াজ্য তোমারই হইয়াছে। তুমি শোকসন্তাপ বিস্তর্জন কর এবং বিধানজ্ঞ ব্রাহ্মণগণ্ডের সাহাব্যে মহারাজের অন্তর্ভিকার্য করিয়া রাজ্যে অভিষ্কিত্ত হও।

তিস*ততিত্ব স্থাঁ। তখন ভরত পিত্যরণ এবং রাম ও লক্ষ্যবের নির্বাসন এই দ্ই অপ্রীতিকর কথা শ্রবণ করিয়া সল্ভ*তমনে কহিলেন, হা! আমি পিতা এবং পিতৃতুল্য শ্রাতা উভয়কেই হারাইয়াছি, এক্ষণে এই হতভাগ্যের রাজ্যে

আর কি হইবে? পাপীয়সি! তুই আমার পিতাকে নাশ ও দ্রাতাকে তাপসবেশে বনবাস দিয়া দুঃখের উপর দুঃখ এবং ক্ষতের উপর যেন ক্ষার প্রদান করিয়াছিস। তুই আমাদিগের কুলক্ষর করিবার নিষিত্ত কালরাত্রিস্বরূপ উপস্থিত হইয়াছিল। আমার পিতা না ব্রাঝিয়াই অগ্যারকে আলিগ্যান করিয়াছিলেন। কুলকলাংকান! তুই আপনার বুন্ধিদোষে এই বংশে সুখের পথে কণ্টক দিয়াছিস। মহারাজ আজ তো হইতেই দঃখে দেহত্যাগ করিয়াছেন। এক্ষণে বল, তুই কি কারণে আমার ধর্মবংসল পিতার প্রাণান্ত করিলি? কি কারণে রামকে বনবাস দিলি? কেনই বা তিনি অরণ্যে গেলেন? শোকাতুরা কৌশল্যা ও স্ক্রিয়রা যদিও প্রাণ ধারণ করিতে পারিতেন, কিন্তু তোর জন্য তাহা ঘটিবে না। ধর্মপরায়ণ রাম মাতৃনিবিশৈষে তোকে শ্রম্থাভন্তি করিতেন, এবং জ্যেন্টা মাতা দ্রদর্শিনী কৌশল্যাও ডাগনার তুল্য দেনহ করেন, কিন্তু তুই তাঁহারই প্রেকে অক্ষ্যুত্তমনে বল্কল পরাইয়া বনবাসী করিয়াছিস। রাম সাধ্দেশী বশস্বী ও মহাবীর, তাঁহাকে নিৰ্বাসিত করিয়া তোর কি ইন্টলাভ হইল? তুই অভ্যন্ত লা, অস্বতাৰ, আমি রামকে কিরুপ চক্ষে দেখিতাম, বোধ হর তাহা জানিতে পারিস নাই, সেই কারণেই রাজ্যের নিমিত্ত এতদ্র অনর্থ ঘটাইয়াছিল। একণে আমি পার্বপ্রধান রাম ও লক্ষ্যণকে না দেখিয়া কোন্ শক্তিপ্রভাবে বাজারক্ষার সমর্থ হইব। সন্মের, বেমন আত্মরক্ষার্থ স্বলিথর্সঞ্জাত ব্যক্তিয় করিয়া থাকে, তদুপ ন্নের, বেমন আখরকাথ স্বাল্থরসভাত বন সাপ্রর কাররা থাকে, তদুপ্ মহারাজও প্রতিনিয়ত সেই মহাবীরকে অক্র করিতেন। স্তরাং আমি প্রকাশ্ত ভার কোন্ সাহসে বহন করিব সিবোগপ্রভাব বা ব্লিথবলে বদিও এই বিষয়ে সমর্থ হই, তথাচ তোর স্কিন্সকামনা প্রাণাল্ডেও পূর্ণ করিব না। এক্ষণে যদি তোর উপর রামের মুখ্রি মর্বাদা না থাকিত, তাহা হইলে আমি তোকে পরিত্যাগ করিতেও ক্রিডে হইতাম না। রে দঃশীলে! আমাদের কুলবিগহিত এই পাপব্যাধ্য কির্পে তোর উপস্থিত হইল? আমাদের বংশে জ্যোন্ডেরই রাজ্যাধিকার হয় এবং অন্যান্য প্রাত্তার তাহার অধীন হইয়া থাকেন। এক্ষণে বোধ হইতেছে, তুই এই রাজধর্ম কিছুই জানিস না এবং রাজধর্মের অব্যভিচারিণী গতিও জ্ঞাত নহিস। রাজকুমারদিগের মধ্যে জ্যেণ্ঠই রাজা হন এই ব্যবহার সকল রাজকুলে, বিশেষতঃ ইক্ষরাকুদিগের বিশেষ আদরণীয়, কিন্তু আজ তুই সেই সকল ধর্মারক্ষক কুলাচার প্রতিপালকদিগের চরিত্রগর্ব থর্ব করিয়া দিলি। রাজবংশে তোর জন্ম হইয়াছে, বল দেখি, এইরূপ গহিতি বৃদ্ধি-দ্রংশ কির্পে উপস্থিত হইল? পাপে! তুই-ই আমার প্রাণাস্তকর বিপদ ঘটাইয়াছিস, আমি কোনমতেই তোর ইচ্ছা সম্পন্ন করিব না। আমি এখনই তোর অনিণ্ট করিবার নিমিত্ত সকলের প্রিয় রামকে ফিরাইয়া আনিব! তাঁহাকে আনিয়া স্বচ্ছদে তাঁহার দাস হইরা থাকিব।

ভরত শোকে নিভাশত নিপাঁড়িত ইইয়া এইর্প অপ্রতিকর কথার কৈকেয়ীর মর্মাচ্ছেদপূর্বক মন্দর পর্বতের কন্দরগত সিংহের ন্যায় গর্জন করিতে লাগিলেন ৷

চতুঃসম্ততিতম সর্গা। তংকালে ভরত মাতাকে এই প্রকার তিরস্কার করিয়া ক্রোধভরে পনেরায় কহিলেন, নৃশংসে! তুই এখনই এ রাজা তাাগ করিয়া দ্র হইয়া যা। তুই অধমী, লোকাম্তরিত স্বামীর উদ্দেশে তোব রোদন

করিবার অধিকারই নাই। রাম এবং ধর্মশীল রাজা তোরে এমন কোন্ বিষয়ে দোষী করিয়াছিলেন, যে তোর জনা একজন বনে গেলেন, আর একজন কালগ্রাসে পতিত হইলেন। এই কুলনাশের নিমিত্ত তোর নিশ্চয়ই ব্রন্ধহত্যাপাতক ঘটিয়াছে। তুই নরকে যা, পিতার যে লোকে গতি হইয়াছে, তোর কদাচই তাহা না হউক। তুই সর্বলোকপ্রিয় রামকে বনবাস দিয়া যে পাতক সঞ্চয় করিয়াছিস তাহাতে তেরে পত্র বলিয়া আমার মনেও লোককলঙ্কের আশৎকা জন্মিয়াছে। তো হইতেই পিতা দেহত্যাগ করিলেন, রাম বনচারী হইলেন এবং আর্মিও ইহলোকে অবশস্বী হইয়া রহিলাম। রাজ্যকাম্কি! তুই আমার মাত্র্পিণী শত্ন। পতিঘাতিনি ! দ্বব্ৰে ! তুই আমার কথা মুখেও আনিস না। ডোরই জন্য কৌশল্যা সূমিরা এবং অন্যান্য মাতৃগণ বংপরোনাম্তি দৃঃখ পাইতেছেন। তুই ধর্মরাজ অধ্বপতির কন্যা নহিস, তাঁহার আলয়ে আমার পিতৃকুলনাশিনী রাক্ষসী জান্মরাছিস। তুই অত্যন্ত পাপিন্ঠা, তোর পাপেই আমি পিতৃহীন ও দ্রাতৃহীন এবং লোকের ঘূণার পার হইলাম। তুই ধর্মশীলা কৌশল্যাকে পতিপার্চবিহান করিয়া, বল দেখি আজ কোন্ নরকে বাইবি? ক্রে! সর্বজ্ঞোষ্ঠ পিতৃত্ন্য আর্য রাম যে সকলেরই আশ্রয়, তুই কি তাহা জানিস না? অংগ-প্রত্যাপা সম্পেল পত্র হ্দয়প্তরকি হইতে স্থাত হয়, এইজনা সে যে অন্যান্য স্বসম্প্রকীয় অপেকা মাতার অধিকত্ত প্রতির পাল হইয়া থাকে, এক্ষণে এইটি সপ্রমাণ করিবার নিমিত্ত আমি এক উপাধ্যান কীর্তান করিতেছি, প্রবণ কর।

ধ্বন কর্।
কোন এক সময়ে স্থপ্তভাব স্কৃতি আকাশপথে বাইতে বাইতে দেখিলেন,
তাঁহার দুইটি প্র বলাবদ প্রিক্তি হল বহন করিতেছে। উহারা দিবসের
অধভাগ পর্যন্ত হলবহনে এক্তি ক্লোন্ড ও নিতান্ত পরিপ্রান্ত হইয়া বিচেতনপ্রায়
হইয়াছিল। তল্পন্ন স্কৃতি স্বান্ত বিভাগত ও নিতান্ত পরিপ্রান্ত হইয়া বিচেতনপ্রায়
হইয়াছিল। তল্পন্ন স্কৃতি স্বান্ত কাতর হইয়া বাল্পাকুললোচনে রোদন
করিতে লাগিলেন। ইত্যবসূরে স্বরাজ ইন্দ্র তাঁহার নিন্দ দিয়া গমন করেন।
ইন্দের দেহে স্বরাজর ঐ স্ক্রা স্বরাজ ইন্দ্র তাঁহার নিন্দ দিয়া গমন করেন।
হন্দের দেহে স্বরাজর ঐ স্ক্রা স্বর্গান্ধ বাল্পবিন্দ্র সহসা নিপতিত হইল।
তথন ইন্দ্র উধের্ব দ্বিতপাতপ্রেক দেখিলেন, আকালে স্বরাজ শোকাকুল ও
দ্বংখিত মনে রোদন করিতেছেন। দেখিয়া তিনি বংপরোনান্তি উল্বিন্ন হইয়া
কৃতাজালিপ্রেট কহিলেন, স্বর্জি! দেবগণের ত কুরাপি ভয়সন্ভাবনা নাই?
এক্ষণে বল তুমি কি কারণে এইরপে কাতর হইলে?

তখন কামধেন, স্রভি ধীরভাবে কহিলেন. স্ররজে! অমণাল দ্র হউক, কুরাপি ভোমাদিগের ভয় নাই সতা, কিন্তু ঐ দেখ, আমার দ্রইটি প্রে বলীবর্দ উল্লভানত ভূমিতে অবস্থিত হইয়া অত্যন্ত দ্রখ পাইতেছে। একে উহাবা কৃশ, হলভারপর্নিভ্ত ও রৌদ্রে উস্তশ্ত হইয়াছে, তাহাতে আবার দ্রাত্মা কৃষক উহাদিগকে তাড়না করিতেছে। উহারা আমার দেহ হইতে উৎপন্ন হইয়াছে বলিয়াই এক্ষণে উহাদিগের দ্রবস্থায় আমি যারপরনাই পরিতশ্ত হইতেছি। দেবরাজ! প্রত্রের তুল্য প্রিয় আর কিছন্ই নাই।

যাঁহার সন্তান-সন্তািত দ্বারা সমগ্র জগৎ ব্যাশত হইয়া আছে, ইন্দ্র সেই স্বেভিকে রোদন করিতে দেখিয়া প্রতকে অধিকতর প্রিরবােধ করিলেন এবং তদবািধ স্বেভিকেও সর্বাপেক্ষা উৎকৃষ্ট জ্ঞান করিতে লাগিলেন। এক্ষণে দেখ, যাঁহার প্র অসংখ্য, সেই সাধ্যশীলা শ্রীমতী গ্রণবতী স্বরভিও প্রার্থ শোহ করিয়া থাকেন, স্তরাং কৌশল্যা যে রাম ব্যতিরেকে প্রাণভ্যাগ করিবেন,

ইহাতে আর বন্ধব্য কি আছে। ভাঁহার একটি মার পুত্র, কিন্তু তো হইতেই তিনি নিঃসন্তান হইরাছেন; বলিতে কি এই পাপে তোরেও অচিরাং ইহকাল ও পরকালে কণ্ট পাইতে হইবে। এক্ষণে আমি পিতার ঔধর্বদেহিক কার্য অনুষ্ঠান করিয়া আর্য রামকে বন হইতে প্রত্যানয়ন করিব। তাঁহাকে আনিয়া ম্বরংই ম্নিজনসেবিত অরণ্যে প্রবেশপূর্বক যশ্দ্বী হইব। কিন্তু রে পাপশীলে! পৌরগণ সজলনয়নে আমায় নিরীক্ষণ করিবে, আর আমি যে তোর পাপকার্যের ভার বহন করিব, ইহা কখনই হইবে না। অভঃপর তুই অণিনতে প্রবিদ্ধ হ, বা দশ্চকারণোই যা, অখবা কণ্ঠে রক্ষ্য় বন্ধন করিয়া প্রাণত্যাগ কর, ভোর গতাশ্তর নাই। এক্ষণে রাম অ্যোধ্যা রাজ্যে আগমন করিলে আমি কৃতকার্য হইব এবং আমার কলণ্কও দুর হইয়া যাইবে।

এই বলিয়া ভরত অঞ্কুশাহত আরণ্য মাতথ্যের ন্যার জ্যোধাবিণ্ট ভ্রজপোর
ন্যার ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিলেন। তাঁহার নেত রোবে আরছ
হইয়া উঠিল, এবং কটিতটের বন্দ্র শিখিল হইয়া গেল। তিনি অংশের সমস্ত
আভরণ দ্রের নিক্ষেপ করিয়া উৎসবাবসানে শক্তধন্তের ন্যার ভ্তেলে পতিত
ও হতজ্ঞান ইইয়া রহিলেন।

পশ্বসাভাভতম পর্য ॥ অনন্তর তরত বহু তুরের পর চেত্নালাভ করিয়া গারোধানপূর্বক অশুপুর্গলোচনে দুর্গলিতা মাতার প্রতি দ্গিউপাত করত অমাতাগণ-মধ্যে কহিতে লাগিলেন, জান্ম কখন রাজ্য কামনা করি না, এবং রাজ্য গ্রহণার্থ জননীকেও প্রেরণ কঠি নাই। আমি শর্বেরর সহিত ভতিদ্রতর প্রদেশে বাস করিতেছিলাম, স্তেরের মহারাজ বে অভিবেকের কল্পনা করিয়াছিলেন, ভাহাও জানিতে বুরি নাই, এবং লক্ষ্মণ ও জানকীর সহিত আর্য রাম বের্পে নির্বাসিত বুইরাছেন, ভাহাও জ্ঞাত নহি।

হখন ভরত জননীকে ভংগনা করিতেছিলেন, তংকালে দেবী কৌশল্যা তাঁহার কণ্ঠের শব্দ পাইয়া স্মিয়াকে কহিলেন, দেখ, রুরুন্বভাবা কৈকেরীর প্র ভরত আসিরাছেন। ভরত দ্রদশী, একণে আমি তাঁহার সহিত একবার সাক্ষাং করিব। এই বলিয়া কৌশল্যা বিবর্গম্থে কশ্পিতদেহে যথায় ভরত সেই শ্যানে চলিলেন। ঐ সময় ভরতও তাঁহার দর্শনাথী হইয়া শর্ঘের সহিত তাঁহার আলরে ষাইতেছিলেন, পথিমধ্যে তাঁহাকে আসিতে দেখিরা অগ্রন্থেনিলানে আলিগেন করিলেন। তখন কৌশল্যা দ্বংখভরে কাঁদিতে কাঁদিতে ভরতকে কহিতে লাগিলেন, বংস! তুমি রাজ্যাভিলাষী, একণে নিক্কণ্টক রাজ্য পাইয়াছ। তোমার জননী কৈকেয়ী অতি নিক্ট্রে উপারে উহা হস্তগত করিরাছেন। জানি না, সেই ক্রেদিশিনী আমার রামকে চীরবসনে বনে পাঠাইয়া কি ফল লাভ করিতেছেন? যাহাই হউক, স্বর্গবর্ণ—নাভিসম্পন্ন রাম বখায় আছেন, কৈকেয়ী সেই স্থানে আমাকেও শীগ্র প্রেরণ কর্ন। অথবা আমি স্বয়ংই স্মিয়ার সহিত অগিনহোর লইয়া পর্যস্থে তথায় বারা করি। কিন্বা, বংস! রাম যে স্থানে ভপস্যা করিতেছেন, তুমিই আমাকে তথায় লইয়া চল। দেখ, এই হস্ত্যেব্বহ্ল ধনধান্যপূর্ণ বিস্তীণ রাজ্য তোমারই হইয়াছে।

কৌশল্যা এই প্রকার কঠোর বাক্যে ভর্ৎসনা করিলে ক্ষতস্থানে স্টিবিস্থ করিলে যেমন হয়, ভরত সেইরূপই ব্যাধিত হইলেন এবং তাঁহার চরণে নিপতিত

হইয়া বহুবিধ বিলাপ ও পরিভাপপূর্বক কিয়ংক্ষণ বিচেতন হইয়া রহিলেন। অনন্তর তিনি সংজ্ঞা লাভ করিয়া কৃতাঞ্চলিপ্টে কহিতে লাগিলেন, আর্ষে! আমি এই বৃত্তানত কিছুই জানি না, এই বিষয়ে আমি সম্পূর্ণ নিরপরাধ, আর্পান অকারণ কেন আমায় ভর্ণসনা করিতেছেন? আর্য রামের প্রতি আমার বে অবিচলিত প্রীতি আছে, আপনি তাহা কি জানেন না? এক্ষণে ত'ধক আর কি কহিব, সেই সভাপ্রতিভৱ রাম বাহার মতক্রমে বনে গিয়াছেন, তাহার বুঞ্চি বেন কদাচই শিক্ষিত শাস্ত্রের অনুগামিনী না হয়; সে পাপচোরীদিংগর দাস হইয়া থাকুক; স্থের অভিমুখে মলম্ত্রাদি পরিত্যাগ ও নিদ্রিত ধেনুর দেহে পদাঘাত করক; কর্মসমাধানান্তে যে ব্যক্তি ভূত্যকে বেতন প্রদান না করে, তাহার বে অধর্ম সে ভাহাই প্রাণ্ড হউক; প্রেনিবিশেষে বে রাজা প্রজাদিগকে প্রতিপালন করিতেছেন, বে দুরাচার তাঁহার অনিন্ট চেন্টা করে, তাহার যে পাপ, সে তাহাই অধিকার কর্ক, এবং ফিনি ফঠাংশ কর লইয়া প্রজাদিগকে পালন না করেন তাঁহার বে অধর্ম, সে তাহাতেই লিণ্ড হউক। আর্যে ! যাহার মতক্রমে রাম বনে গিরাছেন, তাপসগদকে যজ্ঞীর দক্ষিণা অঞ্গীকার করিয়া যে তাহার অপলাপ করে উহার পাপ ভাহাকে স্পর্শ কর্ক; সে বেন হস্ডান্বসংকুষ শৃশ্চসমাকুল সংগ্রামে পরাঙ্মন্থ হয়; ব্দিখমান স্থ্যের বে স্ক্রাথ শাস্তে উপদেশ দিয়াছেন, ঐ দ্মতি তাহা বিপর্যক ক্রিয়া কেল্ক, এবং সে সেই আজান্লদ্বিতবাহ, বিশালস্ক্ষ স্বতিদ্বত্বস্থা মহাবীর রামের রাজ্যাধিকার পর্যক যেন জীবিত না থাকে। আর্বে স্থাহার মতলমে রাম বনে গিয়াছেন, সেই নির্দ্ধ প্রাম্থাদিনিমিত্ত ব্যতিক্তিক পায়স কৃশর ও ছাগমাংস ভোজন কর্ক, গ্রেলাকের অবধাননা নিক্তি ও মিন্দ্রেরে প্রবৃত্ত ইউক; কেচ বিশ্বাস-বশতঃ কাহারও কোন অপবনের কথা কহিলে ঐ দ্যুত্তি তাহা প্রকাশ করিয়া দিক এবং সে অকৃতক্ত স্কৃত্তিবাতাক ও সকলের বিশেষবভাজন হইয়া থাকুক। আবে'! বাহার মতক্রমে জীম বনে গিয়াছেন, বে স্বগ্হে প্রবল্পভাত্য পরিবৃত হইয়া একাকী স্কাংস্কৃত আম ভোজন কর্ক; অনুর্প ভার্বা না পাইয়া এবং ধর্মকর্ম না করিয়া নিঃসন্তান অবস্থার অকালে ইছলোক হইতে অপস্ত হউক; রাজা দ্যী বালক ও বৃন্ধকে বধ করিলে যে পাপ হয়, এবং ভূতাতাগে যে পাপ হয়, সে তাহাই লাভ কয়ক। আর্যে! বাহার भणकाम दाम दान शियात्कन, तम माका लोह मध्य माश्म ও विव विक्रय कविता পোষ্যবর্গের ভরণপোষণে প্রবৃত্ত হউক; অতি ভীষণ সংগ্রাম হইতে পলায়ন করত শত্রহস্তে নিহত হউক; উম্মত্তের ন্যায় চীরবস্ত্র পরিধান ও নরকপাল গ্রহণপূর্বক ভিক্ষার্থী হইয়া প্রিবী প্র্যটন কর্ক, এবং প্রতিনিয়ত মদ্য দ্বী ও অক্ষর্রাভার আসম্ভ ও কামক্রোধে অভিভ,ত হইয়া থাকুক। আর্বে! বাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, তাহার যেন ধর্মদূল্টি না থাকে; সে অধর্মের আশ্রয় গ্রহণ ও অপাত্রে অর্থ বিতরণ কর্ক; তাহার বাহা কিছু ধনসম্পদ আছে, দস্যুগণ তাহা অপহরণ করিয়া লউক; উভয় সন্ধ্যা ব্যাপিয়া যে নিদ্রিত থাকে তাহার যে পাপ, ঐ দূরাচার তাহাই অধিকার কর্ক; অণ্নিদায়কের যে পাপ, গুরুদারগামীর যে পাপ এবং মিত্রদ্রোহীর যে পাপ, সে তাহাই প্রাণত হউক, ঐ পামর দেবগণ পিতৃগণ এবং পিতামাতার যেন শ্রেছা না করে; সে আঞ্চি সাধ্যণের লোক, সাধ্যণণের কীতি এবং সাধ্জনসেবিত কার্য হইতে পরিপ্রকট হউক; নানাপ্রকার অনর্থাকর বিষয়ে তাহার যেন আসন্তি জন্মে; সে বহু,

পোষ্যবর্গে পরিবৃত জ্বররোগগ্রুত ও দরিদ্র হইয়া নিরবচ্ছিল ক্লেণভোগ কর্ক এবং যে-সমস্ত যাচক মুখের প্রতি দুটিনিক্ষেপপূর্বক দীনভাবে স্কৃতিবাদ করিয়া থাকে, সে তাহাদেরও আশা নিষ্ফল করকে। আর্যে! যাহার মতক্রমে রাম বনে গিয়াছেন, সেই অধার্মিক, র্ক্সম্বভাব খল অশ্বচি ও রাজভারে ভণিত হইয়া সকলকে প্রতারণা করিবে; সাধনী সহধর্মিণী ঋতু-স্নানানতর সন্মিহিত হইলে ঐ দুর্মতি তাহাকে উপেকা করিবে; আহারাদি প্রদান না করাতে যে ব্রাহ্মণের সন্তানাদি বিনন্ট হইয়াছে, তাঁহার যে পাপ, ঐ ব্যক্তি তাহাই প্রাণ্ড হইবে: সে বিপ্রগণের অর্চনার ব্যাঘাত এবং বালবংসা ধেনাকে দোহন করাক; সে ধর্মানারাগ পরিত্যাগ করিয়া ধর্মপত্নী পরিহারপূর্বক পরদারে আসম্ভ হউক; যে পানীয় জল দূষিত করে এবং যে বিষ প্রয়োগ করিয়া থাকে, তাহার যে পাপ, সে তাহাই লাভ কর্ক, জল থাকিতে যে ব্যস্তি পিপাসার্তকে বণ্ডনা করে, ডাহার যে পাপ, সে ডাহাই প্রাশ্ত হউক, যাহারা শাস্ত্র আশ্রয়পূর্বক ভব্তিযোগ সহকারে স্ব-স্ব দেবতাকে লক্ষ্য করিয়া বিবাদ করে, তাহাদের যে পাপ, এবং যে ব্যক্তি ঐ বিবাদে কর্ণপাত করিয়া থাকে তাহার বে পাপ, সে তাহাই লাভ কর্ক। রাজকুমার ভর্ত এইর্প শপথ করিয়া পতিপ্রহীনা আর্যা কৌশল্যাকে আশ্বাস প্রদার্শ্বইক দুর্যথতমনে ভ্তলে নিপতিত হইলেন।

অন্তর শোকার্তা কোশলা ভরতকে কহিলেন, বংস! তুমি এইরপে শপথ করিয়া আমার অভতরে মর্মবেদনা প্রদান করিলে, একণে আমার দঃথ আরও প্রবল হইয়া উঠিল। ভাগাক্তমেই তেম্মির বভাব ধর্মপথ হইতে প্রভট হয় নাই। একণে যদি তোমার প্রতিজ্ঞা সূর্বাইছে, তাহা হইলে তুমি সাধ্লোক প্রাণ্ড হইবে সন্দেহ নাই। এই বলিটি কৌশলাা প্রাত্বংসল ভরতকে অভক গ্রহণ ও আলিকানপূর্ব ক ব্যাক্তর কৈরে রোদন করিতে লাগিলেন। তংকালে প্রবল শোক ও মোহপ্রভাবে ভর্তিরও মন ছিল্লভিন্ন হইয়া গেল, ঘন ঘন নিঃশ্বাস বহিতে লাগিল। তিনি বারংবার বিলাপ ও পরিতাপ করিতে প্রবৃত্ত হইলেন, তাহার ব্লিখও বিকল হইয়া উঠিল।

ষট্ল ততিত্ব লগা। অনন্তর রজনী প্রভাত হইলে বাশিষ্ঠদেব ভরতকে কহিলেন, রাজকুমার! বৃথা আর শোক করিয়া কি হইবে, রাজা দশরথের দেহ দাহ করিবার সময় হইয়াছে, এক্ষণে তোমায় ভাহারই উদ্যোগ করিতে হইবে।

তখন ভরত বশিষ্ঠকে সান্ধাশে প্রণিপাত করিয়া পিতার প্রেতকৃত্য সাধনে উদ্বৃত্ত হইলেন এবং তাঁহাকে তৈলদ্রোদ হইতে উল্তোলনপূর্বক ভ্তলে সিনিবেশিত করিলেন। দশরখের মুখমন্ডল পান্ডবর্গ হইয়াছিল, তংকালে তাঁহাকে দেখিয়া বোধ হইতে লাগিল, যেন তিনি নিদ্রিত হইয়া আছেন। অনশ্তর ভরত নানারপথচিত উৎকৃষ্ট শয্যায় তাঁহাকে শয়ন করাইয়া দীনমনে কহিতে লাগিলেন, মহারাজ! আমি প্রবাসে ছিলাম, তথা হইতে প্রত্যাগমন না করিতে আপনি অ্যর্থ রাম ও মহাবল লক্ষ্মণকৈ নির্বাসিত করিয়া কি অকার্যই করিয়াছেন! আমি রামশ্যনা হইয়াছি, এক্ষণে এই দীনকৈ পরিত্যাগ করিয়া কেথেযে গমন করিবেন? রাম অরণ্যে গিয়াছেন, আপনারও লোকন্তর হইয়াছে, অতঃপর এই নগরে আর কে শ্বিরমানে প্রজাগণের অলব্ধ লাভ ও লব্ধরক্ষায়

যত্নবান হইবে? পিতঃ! এই বস্মতী আপনার অভাবে বিধবা হইয়াছেন, এবং নগ্রীও শশাংকহীন শর্ববীর ন্যায় একাশ্ত হতল্লী হইয়া গিয়াছে।

বাশিষ্ঠদেব ভরতকে দীনভাবে এইর্প পরিতাপ করিতে দেখিয়া প্নরাম্ন কহিলেন, রাজকুমার! দশরখের যে-সমস্ত ঔথর্নদেহিক কার্যসাধন করিতে হইবে, তুমি ব্যাকুল না হইয়া অবিচারিত চিত্তে তাহার অনুষ্ঠান কর। তথন ভরত বাশিষ্ঠের আদেশ শিরোধার্য করিয়া, আচার্য ঋত্বিক ও প্ররোহিতদিগকে তাশ্বিয়ে ত্রা দিতে লাগিলেন। অশ্ন্যাগার হইতে রাজার যে আশ্ন অগ্রে বহিদ্কৃত করা হইয়াছিল, ঋত্বিক ও যাজকেরা বিধানক্রমে উহাতে আহ্যুতি প্রদানে প্রবৃত্ত হইলেন।

অনশ্ভর পরিচারকেরা মৃত দশরথকে শিবিকায় আরোপণপূর্বক বাল্পকণ্ঠে শ্নাহ্দরে সরয্তীরে লইরা চলিল। বহুসংখ্য লোক, গমনপথে দবর্ণ রৌপ্য ও বিবিধ বস্ত্র নিক্ষেপপূর্বক অগ্রে অগ্রে যাইতে লাগিল। ইত্যবসরে অনেকে চলন অগ্রের্ ও গ্লগর্ল প্রভৃতি নানাপ্রকার গন্ধরেরা এবং সরল পূল্মক ও দেবদার্ প্রভৃতি কাল্ঠ আহরণপূর্বক চিতা প্রস্তুত করিরা রাখিয়াছিল। খাছিকেরা উপস্থিত হইয়া রাজা দশরথকে ও চিতামধ্যে স্থাপন করাইলেন এবং জনুলন্ড অনলে আহ্তি প্রদানপূর্বক তাঁহার পরলোকশ্রেক্তি নিমন্ত মন্ত্র জ্প করিতে লাগিলেন। সামবেদগায়কেরা শাস্তান্সারে স্কৃতি বানে আরোহণপূর্বক নগর হইতে নিক্ষান্ত হইয়াছিলেন, তাঁহার প্রদান আগমনপূর্বক শোকসন্তণ্ড মনে ক্রোক্তির ন্যায় কর্লকণ্ঠে ব্লেক্তি করিতে করিতে খাছিকগণের সহিত রাজাকে প্রদক্ষিণ করিতে লাগিলেন

পরে মহিষীরা বান হইছে সরিষ্তীরে অবতর্ণপর্বক ভরতের সহিত প্রেডোন্দেশে তপণ করিষের অবং তপণ সমাপনান্তে মন্দ্রী ও পর্রোহিত সমভিব্যাহারে বাম্পাকুলনেন্দ্রন প্রপ্রবেশ করিয়া ভ্তলে শয়ন ও অতিক্রেশে দশাহ অতিবাহন করিতে লাগিলেন।



সশ্ভসশ্ভতিতম সর্গা। অনশ্ভর দশাহ অতীত হইলে ভরত শ্রাম্থ করিয়া পবিত্র হইলেন এবং ম্বাদশাহে ম্বিতীয় মাসিক প্রভৃতি সপিশ্ভীকরণ পর্যশভ্ সমস্ত অনুষ্ঠান করিয়া পিভার পারলৌকিক ফল আকাঞ্চার ব্রাহ্মণগণকে ধনরত্ব প্রচুর ভক্ষ্য ভোজ্য ছাগ বহুসংখ্য গো দাসী দাস বাসভবন ও ধান প্রদান করিতে লাগিলেন।

পরে ব্রয়েদেশাহে তিনি প্রভাতকালে চিতাভস্ম উত্তোলনপূর্বক স্থলস্ক্রি

করিবার নিমিত্ত সরষ্তটে গমন করিলেন এবং পিতৃশোকে একানত বিহ্নল হইয়া পিতার চিতাম্লে দ্বিখিতমনে ম্কেকণ্ঠে ক্রন্সন করিতে করিতে কহিতে লাগিলেন, তাত! আপনি যে রামের হলতে আমায় অর্পণ করিয়াছিলেন, তিনি এক্ষণে বনে, স্তরাং আপনি আমায় শ্নো রাখিয়া গিয়াছেন। হা! যে অনাথার আশ্রেমবর্প প্রকে আপনি বনে নির্বাসিত করিয়াছেন, এক্ষণে সেই কৌশল্যাকে ফেলিয়া আপনি কোথায় গমন করিলেন?

এই বলিয়া ভরত যথায় দশরথের অস্থিসকল দশ্ধ হইয়া দেহনির্বাণ হইয়া গিয়াছে, সেই ভস্মাকীর্ণ অর্ণবর্ণ চিতাস্থান দর্শন করিয়া বিষাদভরে অতাস্ত কাতর হইলেন এবং তৎক্ষণাৎ ভ্তলে মৃছিত হইয়া পড়িলেন। লোকে ইন্দ্রধান্তকে যেমন উন্ডোলিত করে, তৎকালে সকলে তাঁহাকে সেইয়্পে উত্থাপিত করিল। অনন্তর অমাতোরা ভত্বিরোগলোকে মৃছিত হইলেন। শর্মাও ভরতকে শোকাকুল দেখিয়া ও পিতাকে মনে করিয়া জ্ঞানশ্না হইয়া রহিলেন এবং পিত্গণ্-সমরণে উন্মন্তের নাায় বিক্ষিণতচিত্ত হইয়া কাতরভাবে কহিতে লাগিলেন, হা! মন্থরা হইতে বে শোকসাগর উৎপদ্ম হইলা, কৈকেয়ী যাহায় জলজন্ত, আমরা সকলেই সেই বরদানর্প অগ্রেম্ব সমৃদ্রে নিমণন হইলাম। পিতঃ। এই স্কুমার বালক ভরতকে আপান মৃত্তেই লালন পালন করিয়াছেন, এক্ষণে ইনি আপনার উন্দেশে বিলাপ ক্রিটেইছেন, আপনি ইংহাকে ত্যাগ করিয়া কোথায় গমন করিলেন? পান, ক্রেজন, বসন, ভ্রমণ সকলই আপনি আমাদিগকে আদর করিয়া দিতেন, অক্লিকার সের্প কে করিবে? এই প্রিবী আপনার নাায় ধর্মপরায়ণ পতিকে কিলিকান দিয়া প্রকৃত সময়েই বিদীর্ণ হইল না। হা! পিতার লোকান্তর সতে ইইয়াছে, য়াম অরণো গিয়াছেন, এক্ষণে আর আমার প্রাণধারণের সামথাই ক্রিমায়ায় কদাচ প্রবেশ করিব না, এক্ষণে নিশ্বরই তপোবনে যাইব।

অনন্তর অনুগামিগণ ভরত ও শনুষ্মের এইর্প বিলাপ প্রবণ এবং এই বিপদ দর্শন করিয়া প্নরায় কাতর হইয়া উঠিল। ঐ উভয় রাজকুমারও ভণ্ন-শৃংগ বৃষ্ঠের ন্যায় বিষয় ও প্রান্ত হইয়া ধরাতলে ল্রণ্টিত হইতে লাগিলেন।

ইত্যবসরে সত্প্রকৃতি সর্বজ্ঞ ইক্ষ্মাকুকুলগ্ন্ন বশিষ্ঠ ভরতকে ভ্তলহইতে উত্থাপনপূর্বক কহিলেন, রাজকুমার! আজ গ্রয়াদশ দিবস হইল, তোমার
পিতার অফ্নিসংস্কার সম্পন্ন হইরা গিরাছে: এক্ষণে কেবল অফ্থিসন্তয়ন কার্য
অবশেষ থাকিতে তুমি কেন তদ্বিষয়ে কার্লাবিলম্ব করিতেছ? দেখ, ক্ষ্মণিপাসা,
শোকমোহ ও জরাম্ত্যু এই তিনটি নির্বিশেষে শরীর ধারণে সাধারণের ঘটিয়া
থাকে, ইহা যখন জীবের অপরিহার্য হইতেছে, তখন দৃঃখে এককালে অভিভ্
হওরা তোমার উচিত হর না। তত্ত্বদশী স্মুক্ত শর্মাকে উত্থাপনপূর্বক
প্রসাল করিয়া জীবের উৎপত্তিবিনাশের বিষয়ে নানাপ্রকার কহিতে লাগিলেন।

তখন ভরত ও শন্ত্যা অশুক্রল মার্ক্সনা করত আরক্তলোচনে গালোখান করিয়া বর্ষা ও উত্তাপ-প্রভাবে যে ইন্দুধ্যক্ত শ্লান হইয়া গিয়াছে তাহার ন্যায় সংশোভিত হইলেন। অমাতোরাও অস্থিসন্তর্মন কার্মের নিমিত্ত তাহাদিগকে বারংবার হরা দিতে লাগিলেন।



অন্তর সর্গা আনন্তর স্থানিতাতনর শান্ত্র শোকার্ত ভরতকে রামের সামিধানে যাত্রা করিতে কৃতসংকলপ দেখিরা কহিলেন, আর্য! সংকটকালে যিনি সকলকেই আশ্রয় দিয়া থাকেন, সেই রাম যে নিজের ও আমাদের গতি, তাহাতে আর কোন সন্দেহ নাই। একণে একজন স্তীলোক তাঁহাকে অরগ্যে নির্বাসিত করিল? আর্য লক্ষ্মণ মহাবলপরাক্তানত, তিনি পিতৃনিগ্রহ করিয়া উহাকে কেন বনবাসদ্বেশ হইতে বিমৃত্ত করিলেন না? যে রাজা স্থালোকের কথায় অসং পথ অবলম্বন করিলেন, ন্যায়ান্যায় বিচার করিয়া তাঁহাকে অগ্রেই নিগ্রহ করা উচিত ছিল।

শন্মা ভরতকে এইর্প কহিতেছেন, ইতার্বট্র কুম্মা স্বারদেশে উপস্থিত হইল। সে রাজযোগ্য কল পরিধানপর্বক স্বস্থা চম্দনে চচিত ও ভ্রণে বিভ্রিত করিয়া রম্মারশ্য বানরীর সামার শোভা পাইতেছিল। ভরত সেই পাপকারিণী কুম্মাকে স্বারদেশে দম্পী করিয়া নিদ্যাভাবে গ্রহণ ও শন্মার্ম নিকট আনয়নপূর্বক কহিলেন, বংসি বাহার নিমিত্ত রামের বনবাস ও আমাদের পিতার প্রাণনাশ হইয়াছে, প্রতিষ্ঠি পাপরিসী কুম্মা, এক্ষণে তোমার যা অভির্নিচ হয়, তাহাই কর

শর্মা ভরতের বাক শৈরোধার্য করিয়া দ্ঃখিতভাবে অন্তঃপ্রচরদিগকে কহিলেন, দেখ, এই কুইকিনী আমার পিতা ও প্রাত্গণের মনে মর্মবেদনা দিরাছে, স্তরাং এ এখনই এই কুর কার্যের ফলভোগ কর্ক। এই বলিয়া তিনি সেই সখাজনপরিবৃতা কুজ্ঞাকে বলপ্রেক গ্রহণ করিলেন। কুজ্জা আর্তনাদে গৃহ প্রতিধর্নিত করিতে লাগিল। তাহার সখারা বংপরোনাস্তি সন্তন্ত ইইল, এবং শর্মাকে কুল্ধ দেখিয়া চতুদিকে পলায়ন করিতে লাগিল। পলায়নকালে পরস্পর মন্ত্রণা করিল, দেখ, শর্মার বের্প উপক্রম করিয়াছেন, হয়ত আমাদিগকেও নিঃশেষ করিবেন। এখন আইস, আমরা সকলে গিয়া ধার্মিতা বদান্যা কৌশল্যার শরণাপল হই, এক্ষণে তিনিই আমাদিগের গতি।

এদিকে শর্ঘা জােধভরে কুজাকে ভ্তলে আকর্ষণ করিতে লাগিলেন।
কুজা আর্তাব্রে চাংকার করিতে প্রবৃত্ত হইল, ইতস্ততঃ আকর্ষণে তাহার
নানাপ্রকার অলংকার স্থালিত হইয়া পড়িল। স্থালিত ভ্রণে স্ণোভন গৃহ
শারদীয় আকাশের ন্যায় শােভা পাইতে লাগিল। মহাবল শার্ঘা প্রবল কােধে
তাহাকে গ্রহণ করিয়া কঠাের বাকাে কৈকেয়াকৈ ভংসনা করিতে লাগিলেন।
কৈকেয়া শার্ঘার কথায় যারপরনাই দ্থেখিত ও তাহার ভয়ে অতান্ত ভাত
হইয়া ভরতের শারণাপাল হইলেন। তখন ভরত শার্ঘাকে জােধাবিত্য দেখিয়া
কহিলেন, বংস! স্থালাককে বধ করিতে নাই, ক্ষমা কর। দেখ, যদি রাম
মাত্যাতক বলিয়া আমার উপর জােধ না করিতেন, তাহা হইলে আমি এই



দ্বটা কৈকেয়ীকে কিনাশ করিতাম। এক্ষণে ডুমি এই কুস্ফাকে বধ করিলে তিনি আর কখনই আমাদের সহিত বাক্যালাপ পর্যন্ত করিবেন না।

শর্মা ভরতের আদেশে ঐ দোষকর কার্য হইতে নিব্স হইলেন এবং ম্ছিতা মন্থরাকেও পরিত্যাগ করিলেন। কাতরা মন্থরা পরিত্যক্ত হইবামার উথিত হইরা উধ্বন্ধিনে কৈকেয়ীর চরগতলে নিপতিত হইল এবং অত্যন্ত দ্বংখিত হইরা কর্ণভাবে রোদন করিতে লাগিল। কৈকেয়ীও তাহাকে শর্মের আকর্ষণে হতজ্ঞান দেখিয়া আন্বাস প্রদান করিতে লাগিলেন।

একোনাশীতিতম সগা। অনন্তর চতুর্দাণ দিবসের ক্রিন্ত্রে বহুসংখ্য বিচক্ষণ লোক একত হইরা ভরতকে কহিলেন, রাজকুমার তির্যান আমাদিণের গ্রেত্রর গ্রের্ছিলেন, সেই মহীপাল রাম ও লক্ষাগ্রেনির্বাসিত করিয়া লোকান্তরে গিয়াছেন, অন্য তুমিই আমাদিণের রাজতিক ও এই রাজ্য অরাজক হইরাও অমাত্যগণের ঐকমত্যে রক্ষিত হইলে ক্রিট্র উচ্ছিল্ল হইবে না। এক্ষণে মন্ত্রীরা পোরগণের সহিত অভিষেকার্থ ক্রিমন্ত উপকরণ লইরা তোমার প্রতীক্ষা করিতেছেন। তুমি অভিষিপ্ত রুমান পৈতৃক রাজ্য গ্রহণ ও আমাদিগকে এই বিপদ হইতে পরিত্রাণ কর

তখন ভরত অভিষেকের দ্রবাসকল প্রদক্ষিণ করিয়া তাঁহাদিগকে কহিলেন, দেখ, জ্যেন্ডের রাজ্যাধিকার হওয়া আমাদিগের কুলব্যবহার; তাঁদ্বধয়ে আমায় অন্রেরাধ করা তোমাদিগের উচিত হইতেছে না। আর্য রাম আমাদিগের জ্যেন্ড, অতঃপর তিনিই রাজা হইবেন, আর আরম গিয়া অরণ্যে চতুর্দণ বংসর অবস্থান করিব। এক্ষণে চতুর্বগ সৈনা স্সাক্তিত কর, আমি স্বয়ং বন হইতে রামকে আনয়ন করিব। অভিষেকের নিমিত্ত বে-সকল সামগ্রী আহরণ করা হইয়াছে, রামের জনা তংসমাদয় অগ্রে করিয়া লইব, এবং বনমধ্যেই তাঁহাকে অভিষিক্ত করিয়া যজ্জশালা হইতে বেমন অগ্রনকে আনয়ন করে, তাঁহাকে সেইর্পেই আনিব। বলিতে কি, এই নামমার জননার মনোরথ কোনজমেই প্রে করিব না। এক্ষণে শিল্পারা আমার বনগমনের পথ প্রস্তুত কর্ক, বে-সমস্ত ভ্রিম অত্যন্ত উল্লেক্ত ইয়া আছে, তংসমাদয় সমতল করিয়া দিক্ এবং বাহায়া দ্র্গম স্থানে সপ্তরণ করিতে পারে, এইর্প রক্ষকসকল সমভিব্যাহারে চল্কে।

ভরতের এই প্রকার কথা শ্রনিয়া তরতা সকলে কহিলেন, রাজকুমার! তুমি সর্বজ্যেন্ট রামকে রাজ্যদানের সংকল্প করিয়াছ, তোমার প্রাইলাভ হউক। এই বলিয়া আনন্দাল্ল, বর্ষণ করিতে লাগিলেন। ইতাবসরে অমাত্য ও পারিষদেরা বীতশোক হইয়া কহিলেন, যুবরাজ! তোমার বাক্যান্সারে শিল্পী ও রক্ষক-দিগকে আদেশ করা হইয়াছে। উহারা তোমার গমনের পথ প্রস্তৃত ও দ্র্গম স্থানে রক্ষা করিবে।

অশীতিভম সগাঁ॥ অনশ্তর স্ত্রকমপির, ভ্ভাগজ্ঞ, বৃক্ষতক্ষক, সাদক্ষ ধনক, অবরোধক, স্থপ্তি, বর্ধকী, স্পকার, স্থাকার, বংশকার, চর্মকার, যন্ত্রনির্মাতা কর্মান্তিক ভূত্য ও পথপ্রীক্ষকেরা যাত্রা করিল। বহ**্সংখ্য লোক হ**র্ষ*ভ*রে নির্গাত **হইলে পর্নিশমার খরবেগ মহাসাগরের তর**ঞ্গরাশির ন্যায় শোভা পাইতে **ল্যাগিল। পথশোধকেরা সর্বাগ্রে দলবল সমাভিব্যাহারে কুন্দালাদি অস্ত্র** লইয়া চলিল এবং তর্ম্মলতা গ্রেম স্থাণ্ড প্রস্তরসকল ছেদন করিয়া পথ প্রস্তুত क्रिंडिंग लागिला। त्य न्थात्न तृष्क नारे, जात्नक जथाय तृष्क त्वाभन क्रीतल এবং অনেকে कुठांत, हेन्क ও দাত न्यांता नानान्यात्नत वृक्त एएनन कतिया किन्न। कान কোন মহাবল বন্ধমূল উশীরের গুচ্ছ উৎপাটন করিল, এবং অনেকেই উল্লভ স্থান সমতক ও গভীর গর্ভ পূর্ণ করিয়া দিল। কেহ সেতুবন্ধন, কেহ কর্ত্র চূর্ণ **এবং কেহ কেহ বা क्रम निर्शाभार्य मृश्लायागामि एउम क**ित्र कार्शिक । स्वल्लकाल মধোই স্ক্রে প্রবাহসকল জলপূর্ণ ও সাগরের ন্যায় বিস্তীর্ণ হইয়া গেল এবং **বে প্রদেশে জল নাই তথা**য় বেদি-পরিশোভিত ক্পাদি প্রস্তৃত করিল। ব্যক্ষ প্রুপ ফুটিতে লাগিল, পক্ষিসকল আহ্মাদে কোলাহল করিতে প্রবৃত্ত হইল। কোথায় কৃত্তিম সুধাধবলিত, কোথায় চন্দনজলে সংসিত্ত, কোথায় কুস্মসমূহে অলংকৃত, কোম্বারও বা পতাকা উন্ডান হইল। এইবুসুসে সৈনাগণের গমনপথ

দেবপথের ন্যায় রমণীয় হইয়া উঠিল।

অনন্তর ষাহারা শিবিরাদি সন্নিবেশে অন্তর পাইয়াছে, তাহারা ন্বাদ্ফল-বহলে প্রদেশে প্রশন্ত নক্ষত ও মাহাতে ভ্রম্তর ইচ্ছান্র্প শিবিরাদি স্থাপনে অন্চরদিগকে প্রবিত্ত করিল এবং ক্রেড্র ইচ্ছান্র্প শিবিরাদি স্থাপনে অন্চরদিগকে প্রবিত্ত করিল এবং ক্রেড্র ইচ্ছান্র্প তিবিধ সজ্জায় স্পোভিত করিয়া দিল। পরে ঐ কিট্র নিবেশের চর্তাদিক ধ্লিধ্সারিত সগতা প্রশতিতি বারা পরিব্যুক্ত করিলা ইন্দ্রনীলমণিনিমিত প্রতিমায় স্পোভিত ও প্রশন্ত রথায় পরিব্যুক্ত করিল। স্থানে স্থানে প্রাসাদ, প্রাকার, এবং যাহার শিথরে কপোতগৃহ রহিয়ার্তি, এইর্প উন্নত সম্ভত্মিক ভবন নিমিত হইল। ফলতঃ তংকালে ঐ সকল নিবেশ শিলিপগণের প্রধন্নে ইন্দ্রপ্রীর ন্যায় রমণীয় হইয়া উঠিল। যাহার তীরে নানা প্রকার ক্ক ও কানন শোভা পাইতেছে, যাহার জল শীতল নিমলে ও সংস্থাপ্রি, সেই জাহ্নবী অর্বাধ ঐ উৎফুট রাজপথ এইর্পে প্রস্তুত হইয়া চন্দ্রতারামন্তিত নজোমন্ডলের ন্যায় শোভা পাইতে লাগিল।

একাশীতিত্য সর্গা। অনশ্তর যে দিবস অভিষেকার্থ নান্দীমূথ প্রভৃতি কার্যের অনুষ্ঠান হইবে, উহার প্রেরািরর শেষভাগে স্ত ও মাগ্রেরা মধ্যল-প্রতিপাদক স্কৃতিবাদ দ্বারা ভরতের স্তব আরশ্ভ করিল। নিশাবসানস্চক দ্বন্থিভ স্বর্থময় দন্দ্বারা আহত হইয়া ধ্বনিত ও বহুসংখ্য শৃত্থ বাদিত হইতে লাগিল। ত্র্যাঘোষ ও অন্যান্য বিবিধ বাদ্যে নভোমন্ডল পরিপূর্ণ হইয়া গেল।

তখন শ্যেকসন্তশ্ত ভরত প্রবৃদ্ধ ও অধিকতর শোকাকুল হইয়া বাদ্যরব নিবারণপূর্বক বাদকদিগকে কহিলেন, দেখ, আমি রাজা নহি। এই বলিয়া তিনি শত্র্বাকে কহিলেন, শত্র্বা! কৈকেয়ী হইতেই ইহারা এইর্প অন্চিত কার্যে প্রবৃত্ত হইয়াছে, এবং রাজা দশর্থও আমার উপর দ্বংখভার অর্থণপূর্বক

লোকান্তরে গিয়াছেন। একলে সেই ধর্মব্যক্তির ধর্মমনুলা রাজগ্রী, প্রবাহোপরি কর্ণধার্রবিহীন নৌকার ন্যায় দ্রমণ করিতেছে। আর মিনি আমাদিগের প্রভ্র, তাঁহাকে আমার এই জননী ধর্মমর্যাদা উল্লেখ্যনপূর্বক নির্বাসিত করিয়াছেন। তিনি থাকিলে এইর্প বিশৃত্থলা ঘটিবার সম্ভাবনা ছিল না। এই বলিয়া ভরত ধারপরনাই পরিভণ্ড হইয়া বিমোহিত হইলেন। তদ্দর্শনে তত্রতা স্বীলোকেরা দীনমনে মন্তক্তেঠ রোদন করিতে লাগিলেন।

অনশতর রাজধর্মজ্ঞ বিশিষ্ঠ শিষ্যগণ সমভিব্যাহারে স্বসভাসদৃশ স্বর্গনির্মিত মণিথচিত সভামণ্ডপে প্রবেশপ্রেক উৎকৃষ্ট আশতরণসংঘ্র হেমময়
পীঠে উপবেশন করিয়া দ্তদিগকে কহিলেন, দেখ, তোমরা এক্ষণে রাহ্মণ,
ক্ষরিয়, অমাত্যে, সেনাপতি ও বোল্খগেণের সহিত ভরত শন্ত্যা ও অন্যান্য
রাজপত্ত, এবং যথেজিং স্মশ্ত ও অপরাপর হিতকারী ব্যক্তিকে শীঘ্র আনয়ন
কর, বিলাশ্বে বিঘা ঘটিতে পারে, এমন কোন কার্য উপশ্বিত হইয়াছে।

মহার্ষ বশিষ্ঠ এইর্প আদেশ করিবামার সকলেই হস্তা অন্ব ও রথে আরোহণপ্রক আগমন করিতে লাগিলেন। উহাদিগের আগমনে চড়ার্দকে তুম্ল কোলাহল উত্থিত হইল। প্রজারা রাজকুমার ভরতকে আসিতে দেখিরা রাজা দশরথের ন্যার তাঁহার সন্বর্ধনা করিল। ইন্তা সেই তিমিনাগসক্ল স্বর্ণবহ্ল স্থির হুদের ন্যার রাজসভা ভরত সাহ্ব। কর্তৃক স্লোভিড হইরা প্রের রাজা দশরথ থাকিতে যের্প্ছিক্তি সেইর্পই পরিদ্শামান হইল।

রাজা দশর্থের ন্যায় তাহার সন্বধনা কারল। ক্রাল সেই তিমিনাগসকল
স্বশ্বহ্ল স্থির প্রদের ন্যায় রাজসভা ভরত ক্রিল সেই তিমিনাগসকল
স্বশ্বহ্ল স্থির প্রদের ন্যায় রাজসভা ভরত ক্রিলের কর্ত্ব স্পোভিত
ইয়া প্রে রাজা দশর্থ থাকিতে যেয়্প ভিত্র সেইর্পই পরিদ্শামান ইইল।

ম্বাদীভিত্র স্থাম ধীমান ভরত ক্রি বিন্দ্রক্রনপূর্ণ রাজসভায় প্রবেশ করিয়া
দেখিলেন, সভাস্থলে বে-স্ক্রি আর্য সাসনে উপবেশন করিয়া আছেন,
তাহাদিগের কন্য ও অধ্যামি প্রভাল ভাইতভা উল্ভাসিত ইইয়া প্র্চিন্দ্রমণিভত
শারদীয় শর্বরির ন্যায় দেভা পাইতেছে। তিনি প্রবেশ করিলে ধর্মজ্ঞ বিশিষ্ঠ
প্রজাগণকে অবলোকন করিয়া ম্দ্রোকো তাহাকে কহিলেন, বংস! রাজা দশর্থ
স্তাপালনর্প ধর্মসাধন করিয়া এই ধনধান্যতী বস্মতী তোমায় অপ্রণ-প্রেক স্বর্গারোহণ করিয়াছেন। সভাপরায়ণ রামও সাধ্রগারের ধ্য স্মর্বণ
করিয়া তাহার নিদেশান্রপ কার্য করিতেছেন। এক্রণে তৃমি অভিষিত্ত ইইয়া
পিতা ও দ্রাভার প্রদন্ত রাজ্য নির্বিঘ্যে উপভোগ কর। উত্তর দক্ষিণ পূর্ব ও
পশ্চিম দেশের রাজগণ এবং ন্বীপ্রামী ও সাম্নিদ্রক বিণ্কেরা তোমায় উপহার
দিবার নিমিত্ত অসংখ্য ধনরক্র আনয়ন কর্ত্ব।

রাজকুমার ভরত মহার্য বিশিষ্ঠের বাক্যে শোকে একাশ্ত অভিভা্ত হইলেন এবং ধর্ম কামনার মনে মনে রামকে স্মরণ করিতে লাগিলেন। অনশ্তর তিনি কলহংসদ্বরে বালপগদগদবচনে বশিষ্ঠকে কহিলেন, তপোধন! বিনি রন্ধাচর্যের অন্টান ও অধ্যয়নাশ্তে দ্নান করিরাছেন, সেই ধর্মশালি ধীমান রামের রাজ্য মাদৃশ লোকে কির্পে গ্রহণ করিবে? কির্পেই বা আমি রাজা দশরথের উরসে জন্ম পরিগ্রহ করিয়া রাজ্য অপহরণে প্রবৃত্ত হইব? এই রাজ্য ও আমি উভরেই রামের। তপোধন! এই সকল অনুধাবন করিয়া ধর্মসংগত কথা বলা আপনার উচিত হইতেছে। দিলীপতুল্য নহুষসদৃশ আর্য রাম্ব আমাদিপের জ্যেষ্ঠ এবং সর্বাপেক্ষা শ্রেষ্ঠ, পিতার ন্যার তিনিই রাজ্য অধিকার করিবেন। এক্ষণে বদি আমি এই অসাধ্যেনিত নরকপ্রদ পাপকর্মের অনুষ্ঠান করি, তাহা

হইলে আমাকে নিশ্চয়ই ইক্ষ্মাকুবংশের কলজ্কস্বর্প থাকিতে হইবে। আমার জননী যে অসংকার্য সাধন করিয়াছেন, তদ্বিয়া কোনমতে আমার অভিরুচি নাই। আমি এ স্থান হইতেই সেই বনদ্র্গস্থ রামকে কৃতাঞ্জলি হইয়া প্রণাম করি। তিনি এই রাজ্যের রাজা, তিনি গ্রৈলোকারাজ্যেরও রাজা, অভঃপর আমি তাঁহার অনুসরণ করিব।

তখন রমোন্রাগী সভাস্থ সমস্ত ব্যক্তি ভরতের এই ধর্মান্গত কথা শ্রবণ করিয়া হর্ষভরে অশ্রুমোচন করিতে লাগিলেন।

অনন্তর ভরত প্রেরার কহিলেন, যদি রামকে বন হইতে প্রত্যানয়ন করিতে না পারি, তবে ভাঁহার ও লক্ষ্যণের ন্যার আমিও ভথার অবস্থান করিব। তাঁহাকে প্রতিনিব্ত করিবার জন্য আপনাদিগের সমক্ষে আমার সমস্ত উপায়ই অবলম্বন করিতে হইবে। অভ্তিক কর্মক্র, কর্মান্তিক ভ্তা, পথশোধক ও রক্ষকদিগকে অগ্রে প্রেরণ করিয়াছি, এক্ষণে আমার যাত্রা করা আবশ্যক।

এই বলিয়া দ্রাত্বংসল ভরত সন্ধিহিত স্মেশ্যকে কহিলেন, স্মশ্ত! আমি আদেশ করিতেছি, তুমি শীন্ত গিয়া অরণ্যবাতা ঘোষণা কর এবং অবিলন্দে এই স্থানে সৈন্যগণকৈ আন। স্মশ্ত আদেশমাত্র প্রকিক্সতিত্তে এই স্মাচার সর্বত্ত প্রচার করিলেন। প্রকৃতিগণ ও সৈন্যাধ্যক্ষেরা ক্রেন্টিলাকে রামের আনয়নার্থ প্রস্থানের অন্তল্জা প্রদত্ত হইয়াছে শ্রনিয়া অক্সিই সম্তৃত্ত হইল। প্রতিগ্রেই সিক্সেণরে গ্রহণীরা এই সংবাদ পাইয়া কর্তৃগণকে হৃত্মনে হরা প্রদান করিতে লাগিল।

অনন্তর সেনাপতিরা অন্যানা ফ্রেক্ট্রেরে সহিত সৈন্যাদিগকে অশ্ব গোষান ও মনোবেগ রথে আরোপণপর্ক জরতের সিমধানে প্রেরণ করিল। তদ্দর্শনে ভরত বিশন্তের সমক্ষে পাশ্বর্কী স্মুদ্রকে কহিলেন, স্ত! তুমি সত্তর আমার রথ আনয়ন কর। স্মুদ্রক্তিরামার হৃত্তমনে উৎকৃত্ত অশ্বরোজিত রথ লইয়া উপস্থিত হইলেন। তথন সত্যান্রাগী সত্যপরাক্তম ভরত প্নরায় কহিলেন, স্মুদ্র! তুমি শীঘ্র বাইয়া সৈন্যাধ্যক্ষিদগকে সৈন্যসংযোগের নিমিত্র আদেশ কর; আমি জগতের হিতসাধনের জন্য আর্য রামকে প্রসম করিয়া এ স্থানে আনিবার বাসনা করিয়াছি। তথন স্মুদ্র পূর্ণমনোরথ হইয়া সেন্যাধ্যক্ষিদগকে সেন্যসংযোগের আজ্ঞা জ্ঞাপনপর্বক প্রকৃতিপ্রধান ও স্কুদ্রগণকে বনগমনার্থ আহ্মান করিলেন। প্রতিগ্রহে সকলেই উদ্বুদ্ধ হইয়া উৎকৃষ্ট জ্ঞাতীয় অশ্ব, উদ্মু হস্তী, গর্দভ, ও রথসকল যোজনা করিতে লাগিল।



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ন্তঃশীতিভ্রম সংগ্রা অনন্তর রাত্রি প্রভাত হইলে ভরত রথে আরোহণ করিয়। রামের দর্শনে কামনায় যাত্রা করিলেন। তাঁহার অগ্রে অগ্রে মন্ত্রী ও প্রোহিতেরা চলিলেন। স্ক্রান্ডত নয় সহস্র হস্তী, লক্ষ্ম অশ্বারোহী, রাষ্ট্র সহস্র রথ ও বিবিধ আয়্ধধারী বীরপ্রের্ধেরা তাঁহার অন্তুমনে প্রবৃত্ত হইল। যশস্বিনী কৌশল্যা, স্মিত্রা ও কৈকেয়ী হৃষ্টমনে উল্জবল যানে গমন করিতে লাগিলেন। আর্বেরা যাত্রাক্যলে প্লোকিত চিত্তে রামের অত্যাশ্চর্য কথাসকল কহিতে আরম্ভ করিলেন। নগরবাসীরাও হর্যভরে পরস্পর পরস্পরকে আলিশ্যনপর্বেক কহিতে লাগিলেন, আমরা কখন সেই জগতের শোকনাশন ঘনশ্যাম রামকে দর্শন করিব। যেমন দিবাকর উদিত হইয়াই অন্থকার নিরাস করেন, সেইর্প তিনি দ্ষ্টিনাত্রই আমাদিগের শোকসম্ভাপ অপনীত করিবেন। ই'হাদিগের পশ্চাং নগরের স্প্রিসম্প বাণক, মানকার, কুল্ডকার, তল্তুযায়, কর্মার, মায়্রক, ক্রাকচিক বেধকার, রোচক, দণতকার, স্থাকার, গল্থোপজাবী, স্বর্ণকার, কন্বলকার, কন্পেক, অগ্রামর্শক, বৈদ্য, ধ্পক, শোণিডক, রক্তক, তুমবায়, স্বীগণের সহিত নট ও কৈবতেরা স্বেশে শান্ধবসনে কুজ্মাদিমিল্রিত অন্যেপন ধারণপ্রেক গোষানে যাইতে লাগিলা। বহুসংখ্য বেদবিং ব্রাহ্মণও অন্যেমনে প্রতৃত্ত হইলেন।

অনন্তর সকলে হস্তান্ব রথে বহুদুর অতিকা করিয়া শৃংগবের পুরে গণগার সমিহিত হইলেন। নিষাদপতি গৃহ ঐ কিন শাসন করিতেছেন এবং জ্ঞাতিগণে পরিবৃত ইইয়া তথার অপ্রমাদে বৃদ্ধি করিয়া আছেন। সকলে তথার উপস্থিত ইইলে ভরতের অনুযায়িনী সেন্ট ঐ চক্রবাক-শোভিত ভাগীরথীর তীর আশ্রয়পুর্বক অবস্থান করিতে স্কৃতিল। ভরত সৈন্যগণকে গমনে উদ্যোগ-শ্ন্য দেখিয়া এবং প্রণাসলিলা স্কুত্রাকে নিরীক্ষণ করিয়া অমাত্যবর্গকে কহিলেন, দেখ, আজ আমরা এই শোনে বিশ্রাম করিয়া কলা এই সাগরগামিনী নদী পার ইইব, এই সংবৃত্তি সরা একণে সৈন্যসকল সামবেশিত কর। আর আমিও এই নদীতে অবস্থান ইইয়া স্বর্গস্থ মহারাজের পারলোকিক স্থের নিমিত্ত তর্পণ করিব।

তথন অমাত্যেরা ভরতের আজ্ঞাক্রমে সৈন্যগণের মধ্যে যাহার যে স্থানে ইচ্ছা তাহাকে তথার নিবেশিত করিলেন। ভরত বিবিধ উপকরণযুক্ত সৈন্য-সকলকে গণগাতীরে স্বাবস্থার স্থাপন করাইয়া রামকে কি প্রকারে প্রতিনিব্র করিবেন, চিস্তা করিতে লাগিলেন।

চতুরশীতিতম সর্গা। এদিকে নিষাদপতি গৃহ, গংগাতীরে সৈনাসকলকে সীমিবিল্ট ও নানাকার্যে ব্যাপ্ত দেখিয়া জ্ঞাতিবর্গকে কহিলেন, দেখ, ঐ গংগাতীরে সাগর-সংকাশ বহুসংখ্য সৈন্য দৃষ্ট হইতেছে, আমি ভাবিয়াও ইহার



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অন্ত পাইতেছি না। যখন রথের উপর মহাপ্রমাণ কোবিদার ধ্রজ উচ্ছিত্রত হইয়া আছে, তখন নিশ্চয়ই নির্বোধ ভরত দ্বয়ং আসিয়াছেন। এক্ষণে বােধ হয় ইনি অগ্রে আমাদিগকে পাশে বন্ধন বা বধ করিয়া, পশ্চাৎ নির্বাসিত রামকে বিনাশ করিবেন। ইনি মহারাজ রামের দ্র্লভি রাজশ্রী সম্পূর্ণ অধিকার করিবার বাসনায় তাঁহার নিধন কামনা করিতেছেন। রাম আমার প্রভ্রু ও মিয়্র, এক্ষণে তোমরা তাঁহার জন্য বর্ম ধারণপর্বক ভাগীরখার উপক্লে অবস্থান করন বলবান দাসেরা মাংস ও ফলম্ল লইয়া ভরতের নদী পার হইবার পথে বিঘা আচরণ করিবার নিমিস্ত প্রস্তুত হইয়া থাকুক। বহুসংখ্য কৈবর্ড ব্রো পাঁচশত নোকায় আরোহণ ও কবচ ধারণ করিয়া স্থিতি কর্ক। যদি ভরত রামসংক্রাণ্ড কোন অসং সংকল্প সাধনের অভিসন্ধি করিয়া না থাকেন, ভাহা হইলে ইবার সৈন্য আজ নির্বিদ্যে গণ্গা পার হইতে পাইবে। নিষ্যাপতি জ্ঞাতিবগ্রিক এইর্প অনুমতি করিয়া মংস্য মাংস ও মধ্য উপহার লইয়া ভরতের নিকট চলিলেন।

এদিকে স্মৃত্য গৃহকে আগমন করিতে দেখিয়া বিনয়সহকারে ভরতকে কহিলেন, রাজকুমার! রামের প্রিয়সখা গৃহ জ্ঞাতিগণে পরিবৃত হইয়া এই স্থানে আসিতেছেন। ইনি আসিয়া তোমার সহিত সাক্ষাৎ কর্ন। এই বৃশ্ধ দশ্ডকারণ্যবৃত্তান্ত সম্পূর্ণ জ্ঞাত আছেন এবং প্রকৃত্য রাম ও লক্ষ্যণ যথায় অবস্থান করিতেছেন, তাহাও জানেন। স্মৃত্য ক্রিকা কহিলে ভরত তংক্ষণাং তান্বিষয়ে সম্মৃত হইলেন।

অনন্তর নিষাদরাজ অন্জা লইয়া ক্রিটিতগণের সহিত হ্লটমনে ভরতের নিকট গমন করিলেন এবং তাঁহাকে জিল্লাদনপূর্বক কহিলেন, রাজকুমার! এই দেশ তোমার গৃহবিশেষ, কিন্তু জিল্লাদের অগেমনসংবাদ না দিয়া আমাদিগকে বন্ধনা করিয়াছ। এক্ষণে আমর জিলাদের যথাসর্বন্দ তোমাকে অর্পণ করিতেছি, তুমি দ্বীর দাসগৃহে দ্বকুলে নাস কর। নিষাদেরা বন্য ফলম্ল আহরণ করিয়া রাখিয়াছে, আর্র্র ও শৃদ্ধ মাংস এবং অরণাস্লেভ অন্যান্য খাদ্যও সংগৃহতি আছে। প্রার্থনা, তোমার সৈন্যেরা আজিকার রাগ্রিতে প্রচার আহার করিয়া কল্যা

পঞ্চাশীতিতম সর্গা। ভরত কহিলেন, গৃহ! তুমি আমার এই সকল সৈনাকে আচনা করিবার ইচ্ছা করিয়াছ, ইহাতেই আমার যথেন্ট সংকার করা হইল। এই বিলিয়া তিনি পথের দিকে অভ্যালি নির্দেশপূর্বক কহিলেন, দেখ, গঙ্গার এই কছেদেশ নিতান্ত গহন ও দৃষ্প্রবেশ; বল এক্ষণে আমি কোন্ পথ দিয়া ভরন্বাজাশ্রমে গমন করিব?

তখন গ্রহ কৃতাঞ্চলি হইরা কহিলেন, রাজকুমার! নিষাদেরা সকল স্থানই অবগত আছে, প্রয়াণকালে তাহারা তোমার সঙ্গে ধাইবে এবং আমিও ঘাইব। এক্ষণে জিজ্ঞাসা করি, তুমি কি কোন অসং সঙ্কল্প করিরা রামের নিকট চলিয়াছ? বলিতে কি, তোমার এই বহুসংখ্য সেনা আমার মনে এই আশংকাই বলবং করিয়া দিতেছে।

গ্রহের এই কথা শ্রবণ করিয়া গগনতলের ন্যায় নির্মাল ভরত মধ্যের বাক্যে কহিতে লাগিলেন, নিধাদরাজ! যে-কালে রামের কোন অনিষ্টাচরণ করিতে হইবে, এর্প সময় যেন কখনো না আইসে। তিনি আমার জ্যেষ্ঠ ও পিতৃতুল্য,

এক্ষণে আমি তাঁহাকে বন হইতে প্রভ্যানয়ন করিবার নিমিত্তই চলিয়াছি। সত্যই কহিতেছি, তুমি এই বিষয়ে কিছুমাত্র সন্দেহ করিও না।

নিষাদপতি ভরতের এই কথা শ্রনিয়া অতিশর সন্তৃষ্ট হইলেন, কহিলেন, রাজকুমার! তুমি যখন অষত্বসন্ত্রভ রাজ্য পরিত্যাগের বাসনা করিয়াছ, তথন তুমিই ধনা; এই প্রিবীতে তোমার তুলা আর কাহাকেও দেখি না। তুমি বিপশ্ন রামকে প্রত্যানয়নের ইচ্ছা করিয়াছ বলিয়া তোমার এই কীতি অনন্তকাল-স্থায়িনী হইয়া তিলোকে সন্তরণ করিবে।

উভরে এইর্প কথোপকথন করিতেছেন, এই অবসরে স্থা নিশ্প্রভ হইরা অস্তাশিখরে আরেছেন করিলেন, রজনীও উপস্থিত হইল। তথন ভরত নিষাদ-পতির পরিচর্যায় সবিশেষ প্রীত হইয়া শন্ত্রের সহিত শয়ন করিলেন। রামচিন্তজেনিত শােক সেই চিরস্থা ধমনিরত রাজকুমারকে আক্রমণ করিল। কোটরন্থ অণিন যেমন দাবানসাশোষিত বৃক্ষকে দেখ করে, ভদ্রপ ঐ শােকবিষ্ট চিন্তানলসন্তণত ভরতকে দেখ করিতে প্রবৃত্ত হইল। হিমাচল যেমন স্থেরি উত্তাপে তুষার ক্ষরণ করিয়া থাকেন, তদ্রপ উহার প্রভাবে ভরতের দেহ ইইতে ঘর্ম নির্গতি হইতে লাগিল। ঐ সময় যে শােকর্প শৈল তাঁহাকে নিপাঁড়িত করিল, রামের চিন্তা উহার অথন্ড শিলা, নিঃশ্রাম্বার্মিত, বিষয়বিয়াগ বৃক্ষ, দ্বঃথক্রেশ—শৃভগ, মােহ—বনাজন্ত, এবং সন্তাপ তির্মি ও বেণ্ড। ভরত তন্দ্রায়া আক্রান্ত হইয়া নিতান্ত বিমনায়মান হইলেন তিংকালে তিনি মানসিক জর্রে একান্ত অভিজ্ত হইয়া যথেল্রন্থ মাতপের নাায় শান্তিলাভ করিতে পারিলেন না। তাঁহার চেতনা বিলম্পত হইলে প্রতিন রামের নিমিত্ত অতানত ব্যাকুস হইলেন। তথন নিষাদরাজ ভর্তের অইর্প অবস্থা দর্শন করিয়া তাঁহাকে বারংবার আশ্বাস প্রদান করিছে সাম্বাগলেন।

ষড়শীতিতম দর্গা। অন্তর তিনি লক্ষ্যণের সদ্গ্ণের প্রসংগ করিয়া ভরতকে কহিলেন, যুবরাজ! আমি লক্ষ্যণকে শরশরাসন গ্রহণপূর্বক রামের রক্ষা বিধানার্থ রাচি জাগরণ করিছে দেখিয়া কহিয়াছিলায়; রাজকুমার! তোমার জন্য এই সূত্রশব্যা রচিত হইয়াছে, তুমি ইহাতে বিশ্রাম কর। আমরা অনায়াসে ক্রেশ সহিতে পারি, কিন্তু তুমি পারিবে না। দেখ একণে রামকে রক্ষা করিতে আমরাই রহিলাম। আমি শপথপূর্বক সতাই কহিতেছি, রাম অপেকা প্রিয়তম আমার আর নাই। ইহার প্রসাদে ধর্মার্থ কামের সহিত ইহলোকে যশোলাভ হইবে, ইহাই আমার বাঞ্ছা। এই স্থানে বহুসংখ্য নিষাদ আসিয়াছে, ইহাদিগকে লইয়া আমি কার্মন্ক গ্রহণপূর্বক জানকীর সহিত প্রিয়সখাকে রক্ষা করিব। নির্নতর এই অরশ্যে বিচরণ করি বিলয়া ইহার কিছুই আমার অবিদিত নাই, যদি অন্যের চতুরগ্য সৈন্য আসিয়া আক্রমণ করে, আমি সহজেই তাহা নিবারণ করিতে পারিব।

তথন লক্ষ্যণ আমার এইর প বাক্য শ্রবণ করিয়া আমাকে অন্নয়প্র্বিক কহিলেন, নিষাদরাজ! এই রঘ্কুলতিলক রাম জানকীর সহিত ভ্রিমশ্যায় শয়ন করিয়া আছেন, এখন আর আমার আহার-নিদার প্রয়োজন কি, কি বলিয়াই বা সুখভোগে রত হইব। রণস্থলে সমুহত সুরাস্ত্র যাঁহার বিক্রম সহ্য করিতে পারে না, আজ তিনিই পঙ্গীর সহিত পর্ণশ্যা গ্রহণ করিলেন। পিতা

মন্ত্র তপস্যা ও নানাপ্রকার দৈব জিয়ার অনুষ্ঠান ন্বারা ই'হাকে পাইয়াছেন, ইনি আমাদের সকলের শ্রেষ্ঠ। ই হাকে বনবাস দিয়া তিনি আর অধিক দিন দেহ ধারণ করিতে প্যারিবেন না: দেবী বসমেতীও অচিরাৎ রিধব্য হইবেন। নিষাদরাজ ! বোধ হয় এতক্ষণে পরেনারীগণ আর্তস্বরে চীংকার করিয়া শ্রানিত-নিবন্ধন নিরুত হইয়াছেন: রাজভবনও নিস্তব্ধ হইয়া আসিয়াছে। হা! দেবী কৌশল্যা, জননী স্মিয়া ও পিতা দশরণ যে জীবিত আছেন, আমি এর প সম্ভাবনা করি না যদি থাকেন, তবে এই রাত্রি পর্যন্ত! আমার মাতা দ্রাতা শনুঘার মুখ চাহিয়া বাঁচিতে পারেন, কিন্তু বীরপ্রসবা কৌশলায যে পরেশোকে প্রাণত্যাগ করিবেন, এই-ই আমার দুঃখ। দেখ, আর্য রামের প্রতি পরেবাসিগণের বিশেষ অনুরোগ আছে, এক্ষণে আবার পত্রবিয়োগে রাজা দশরথের মৃত্যু হইলে তাহারা অত্যতই কণ্ট পাইবে। হার! জানি না, জ্যেষ্ঠ পুত্রের অদর্শনে পিতার ভাগো কি ঘটিবে। তিনি রামকে রাজ্যভার দিতে না পারিয়া ভণ্নমনোরখে 'সর্বনাশ হইল, সর্বনাশ হইল' কেবল এই বলিয়াই মত্লিলিয় সংবরণ করিবেন। তাঁহার দেহান্তে দেবী কৌশল্যার লোকান্তরলাভ হইবে। তৎপরে আমার জননীও পতিহীনা হইয়া জীবন ত্যাগ করিবেন। পিতার মৃত্যু হইলে যাঁহারা তংকালে উপস্থিত থাকিয়া তাঁহার অন্নিসংস্কার্ ক্রিচ্ছিত সমস্ত প্রেতকার্য সাধন করিবেন, তাঁহারাই ভাগ্যবান। যথার রমপুরি বর ও প্রশস্ত রাজপথসকল নাবন কারবেন, তাহারাহ ভাগাবান। বখার রমণ্ নার্চাপর ও প্রশ্নত রাজপথসকল রহিয়াছে, যে প্রানে হম্য প্রাসাদ উদ্যান ও উপন্ধে আছে এবং বারাপানারা বিরাজ করিতেছে, যথায় হসতী অন্ব রথ সংগ্রহ ও বিরুত্তর ত্র্ধানি হইতেছে, যে প্রানে সকলেই হ্ল্টপ্র্ট এবং স্ভিন্ত উৎসবে সততই সন্মিবিল্ট, আমার পিতার সেই মপালালয় রাজধানী প্রকাধ্যায় ঐ সমস্ত ব্যক্তি পরম স্থে বিচরণ করিবেন। হা! আমরা সভাহাতির রামের সহিত নিবিহ্যে অযোধ্যায় কি প্রবায় আসিতে পারিব।

লক্ষ্যাণ এইর্পে পারিতাপ করিতেছিলেন, ইত্যবস্বে রাত্রি প্রভাত হইয়া

গৈল। অনন্তর সূর্য উদিত হইলে তাঁহারা এই জাহ্নবীতীরে মুস্তকে জটাভার প্রস্তৃত করিয়া আমার সাহাষ্যে পরম সূথে নদী পার হইয়া ধান।



সম্ভাশীতিতম সর্গাঃ মহাবল মহাবাহ, ক্মললোচন প্রিরদর্শন ভরত গৃহের নিকট এই অপ্রিয় কথা শ্রবণ করিয়া যারপরনাই চিশ্তিত হইলেন এবং মৃহ্ত কাল দুঃখিত হইয়া আশ্বাসলাভপূর্বক অঙ্কুশাহর্ত মাত্রুগের ন্যায় সহসা শোকভরে প্রনরায় মূছিতি হইয়া পড়িলেন। তদ্দর্শনে নিধাদপতি গ্রহের মুখ বিবৰ্ণ হইয়া গেল এবং তিনি ভূমিকম্পকালীন ব্কের ন্যায় নিতানত ব্যাথিত হইলেন। সন্মিহিত শনুঘাও শোকাকুলিত ও বিমোহিত হইয়া ভরতকে আলিপানপূর্বক মৃক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন। ইতাবদরে উপবাসকৃশ ভত্বিরহপরিতাপিত কৌশল্যা প্রভাতি রাজমহিষীরা দীনমনে ভরতের সমিধানে উপস্থিত হইলেন এবং তাঁহাকে পরিবেষ্টনপূর্ব ক ক্রন্সন করিতে লাগিলেন।

দেবী কৌশল্যা কিন্তিং অপ্তসর হইয়া তাঁহাকে আলিজনপূর্বক জলধারাকুল-লোচনে কহিলেন, বংস! তোমার শরীরে কি কোনরূপ পীড়া উপস্থিত হইয়াছে? এই সকল রাজপরিবার আজ তোমাকে লইয়া প্রাণ ধারণ করিয়া আছে। রাম লক্ষ্মণের সহিত বনে গিয়াছেন, এখন আমি কেবল তোমাকে দেখিয়াই বাঁচিয়া আছি। মহারাজ দেহত্যাগ করিয়াছেন, আজ তুমিই আমাদিগের রক্ষক। বাছা! লক্ষ্মণের কি কিছ্ অমজ্যল শ্নিয়াছ? এই একপ্রার প্রে, ভার্যার সহিত বনবাসী হইয়াছেন, তাঁহার কি কোন অশ্ভ সমাচার পাইয়াছ?

অন্তর ভরত মৃহ্তিমধ্যে আশ্বন্ত হইয়া কৌশল্যাকে সান্ত্রনা করত গৃহকে সজলনৈত্রে কহিলোন, নিষাদরাজ! আর্য রাম কোথার রাত্রি যাপন করিয়াছিলেন? জানকী ও লক্ষ্যাণই বা কোথার ছিলেন? তাঁহারা কি আহার করিলেন এবং কোন্ শ্যাতেই বা শরন করেন? তথন গৃহ প্রির অতিথি রামের সহিত ষের্প আচরণ করিয়াছিলেন, হৃষ্টমনে কহিছে লাগিলেন, রাজকুমার! আমি রামের আহারের নিমিন্ত নানাবিধ ফলম্ল ও নানাপ্রকার ভক্ষা ভোজা প্রচ্রের,প উপহার দিয়াছিলাম। কিন্তু তিনি ক্রিরধর্ম অনুসারে প্রতিগ্রহ না করিয়া তংসম্প্র আমাকেই প্রতার্পণ করেন এবং তংকালে এই বলিয়া অনুনম করিলেন, সথে! সর্বদা দানই আমাদিগের কর্তব্য, প্রতিগ্রহ করা বিধের নহে। পরে লক্ষ্যাণ জাহবী হইতে জল আনমন করিলে তাঁহা পান করিয়া সীতার সহিত উপবাস করিলেন; লক্ষ্যাণও ঐ ক্রেন্ত্রনাবশেষ সলিল পান করিয়া রহিলেন।

অনতর তাঁহারা সমেশের সহিত ক্রমাইতচিত্তে মোনভাবে সন্ধ্য় উপাসনা করিতে লাগিলেন। সন্ধ্যা সমাশত করিল লক্ষ্যাণ শীল্প কুশ আহরণ করিয়ারামের নিমিন্ত শব্যা প্রন্তুত করিকা নিমন্ত লব্যা প্রন্তুত করিকা নিমন্ত লব্যা প্রন্তুত করিকা নিমন্ত লব্যা প্রক্রমান এবং রাম ও জানকী তাহাতে শ্রন করিলে তিনি তাহাদের প্র্ক্রিকালনপ্র্বক তথা হইতে অপস্ত হইলেন। রাজকুমার! ঐ সেই ইপ্যুদ বিক্রের মূল, এই সেই তৃণ, ইহাতেই রাম ভার্যার সহিত বাহিবাপন করিয়াছিলেন। ঐ সময় মহাবীর লক্ষ্যাণ সগাল শ্রাসন অংগ্রিলিয়াণ এবং প্রেট শরপর্ণ ত্ণীরন্বয় ধারণ করিয়া রামের চতুর্দিক রক্ষা করেন। আমিও ভাতিবর্গের সহিত শরকার্মাক গ্রহণপূর্বক তথায় অবস্থান করি।

জানীশীতিত্বম সাগা। ভরত নিষাদরাজ গ্রের মুখে এই সমসত কথা প্রবণ করিয়া মন্ত্রীদিগের সহিত ইল্প্লেটিলেল গমন ও রামের শষ্যা দেশনিপ্রবিক্ষ মাতৃগণকে কহিলেন, দেখ, এই ভ্রিতে মহাত্মা রাম শয়ন করিয়া রাচিষাপন করিয়াছিলেন, এই তাঁহার শষ্যা। রাজকেশরী দশরণ হইতে যিনি জনমগ্রহণ করিয়াছেন, ভ্তলে শয়ন করা তাঁহার কর্তব্য নহে। যিনি চমাস্তরণকলিপত শ্যায় নিশা অতিবাহন করিয়াছেন, তিনি এখন কির্পে ভ্তলে শয়ন করেন? যিনি বিমানসদৃশ প্রাসাদ, ক্টাগার উত্তরছদসম্পন্ন স্বর্ণ ও রজতময় কৃট্রিম এবং স্বর্ণভিত্তিশাভিত অগ্র্চন্দনগান্ধী কৃস্মসমলন্দ্রত শ্কেকুলম্খরিত শ্রেমেঘসবলাশ স্শাতল হম্যে শয়ন করিয়া প্রভাতে পরিচারিকাগণের ন্প্রেরব ও গীতবাদ্যের শব্দে প্রতিবোধিত হইতেন, বিদ্বর্গ অন্র্ণ্ণ গাথা ও স্তৃতিবাদে যাঁহার বন্দনা করিত, তিনি এখন কির্পে ভ্তলে শয়ন করিয়া

থাকেন। রামের ভূমিশষ্যা কাহারই বিশ্বাসযোগ্য হইতেছে না; ইহা সত্য বলিয়াই আমার বোধ হইল না, শ্রনিয়া বিমোহিত হইতেছি, জ্ঞান হইতেছে যেন ইহা স্বশ্ন। কাল যে দৈব অপেক্ষা বলবান, তাহাতে আর কোন সন্দেহ নাই: তাহা না হইলে দশর্থতনর রাম ভূতেলে শ্রন করিতেন না, এবং বিদেহ-রাজের কন্যা রাজা দশরখের পত্রেবধ্ প্রিয়দর্শনা জানকীকেও ভূতলে শয়ন করিতে হইত না। এই আমার দ্রাতা রামের শ্ব্যা; সায়ংকালে তিনি দ্রান্তি-নিবন্ধন যে অংগ পরিবর্তন করিয়াছিলেন, এই তাহার চিহ্ন। ঐ দেখু তাঁহার অঞ্চাঘর্ষণে কঠিন মাত্রিকার উপর তৃণসকল মর্দিত হইয়া রহিয়াছে। বোধ হয়, এই শষ্যাতে অলৎকৃতা সীতা শয়ন করিয়াছিলেন, কারণ ইহার ইতস্ততঃ স্বর্ণচূর্ণ পতিত হইয়া আছে। শয়নকালে সীভার উত্তরীয় এই স্থানে নিশ্চয়ই আসম্ভ হইয়াছিল, ইহাতে এখনও কোষের বসনের তন্তুসকল সংলগন রহিয়াছে। ম্বামীর শব্যা যের পই হউক, স্ত্রীলোকের স্থেকর হইয়া থাকে, নতুবা সেই স্কুমারী সতী কি কারণে দঃখ অন,ভব করেন নাই। হার! কি ছইল! আমি কি পামর, কেবল আমারই নিমিত্ত ভ্রাতা রাম ভার্যার সহিত অনাথের ন্যায় পর্ণ শব্যার শয়ন করিতেছেন। যিনি সর্বাধিপতির কুলে উৎপন্ন হইয়াছেন, যিনি সকল লোকেরই হিতকারক ও স্বেজনক, বিনি ক্রিই দ্বেখভোগ করেন নাই, সেই ইন্দীবরশ্যাম আরম্ভলোচন প্রিরদর্শন ক্রিকেট্ন। ভ্তলে শর্ম করিতেছেন। লক্ষ্মণই ধনা, তিনি এই সংকটকালে তাঁহাছ প্রনাসরণ করিয়াছেন, জানকীও তাঁহার সংগ গিয়া কৃতার্থ ইইয়াছেন করিয়াছেন করিয়াছেন, জানকীও তাঁহার সংগ গিয়া কৃতার্থ ইইয়াছেন করিয়াছেন করিয়াছেন, রাম বনবাসী হইয়াছেন, এক্ষণে এই বস্বুধরাকে বিশ্বরারিহীন নোকার নামর নিতান্ত নিরাল্লয় বোধ হইতেছে। অরণ্যগত মহাজা রামের বাহাবলরক্ষিত এই প্রথিবীকে মনেও কেই আকাৎকা করিতেছে বা একণে অস্মাধ্যার চতুৎপান্ব প্র প্রাকারে প্রহরী নাই, প্রশ্বার অনাব্ত, ক্রিভান্বসকল উন্মান্ত, সৈনাসমূদ্র বিষন্ধ, আজ বিষ্ মিপ্রিত অহের ন্যার ইহাকে শনুরাও প্রার্থনা করিতেছে না। অদ্যাবধি আমি জ্ঞাচীর ধারণ ও ফলম্ল ভক্ষণপূর্বক ভ্তলে বা তৃণশ্ব্যায় শয়ন করিব। রামের রত স্বয়ং গ্রহণ করিয়া চতুদ'শ বংসর পরম সংখে অরণ্যে থাকিব, ইহাতে তাঁহার সংকলেপর কোনরূপ ব্যতিক্রম ঘটিবে না। বনবাসকালে শত্রুছা আমার সংগ্যে থাকিবেন, আর আর্য রাম লক্ষ্যণের সহিত অহোধ্যা রক্ষণাবেক্ষণ করিবেন। তিনি ব্রাহ্মণগণের সাহায্যে রাজ্যে অভিষিক্ত হন, এই আমার অভিসাধ, দৈববলে ইহা সফল হউক। এক্ষণে আমি গিয়া তাঁহাকে প্রত্যানয়ন করিবার নিমিত্ত তাঁহার চরণে ধরিয়া নানাপ্রকারে প্রসক্ষ করিব, যদি তিনি স্বীকার না করেন, তবে আমাকেও তাঁহার সঙ্গে বনে বাস করিতে হইবে, এই বিষয়ে তিনি আমাকে কোনমতেই উপেক্ষা করিতে পারিবেন না।

একোননৰভিত্তন লগ ॥ অনন্তর তরত ঐ গণগাতীরে রাগ্রিষাপন করিয়া প্রভাতে গাত্রোখানপূর্বক শত্রুঘাকে কহিলোন, শত্রুঘা! আর কেন শয়ন করিয়া আছ, একণে উখিত হইয়া অবিলাশ্বে নিষাদপতি গৃহকে আহ্বান কর। তিনি আসিরং আমার সৈন্যদিগকে পার করিয়া দিকেন। শত্রুঘা কহিলোন, আর্য! আমি আপনারই নাার দ্রুভাবনায় সমস্ত রাগ্রি নিদ্রা বাই নাই, জাগরিতই রহিয়াছি।

তাঁহারা এইর্প কথোপকথন করিতেছেন, এই অবসরে নিষাদরাজ তথার আগমন করিয়া কৃতাঞ্জলিপ্টে কহিলেন, রাজকুমার! এই নদীতটে সূথে ত নিশা যাপন করিয়াছ? সসৈনো ত কুশলে আছ? ভরত গাহের এই স্নেহপ্শ বাক্য শ্রবণ করিয়া কহিলেন, গহে! শর্বরী সূথে অতিযোগে অতিবাহিত হইয়াছে, অতঃপর তোমার দাসেরা আসিয়া নৌকাদিগকে পার করিয়া দিক।

গৃহ ভরতের আদেশমাত্র দ্রুতগমনে নগর প্রবেশ করিয়া জ্ঞাতিদিগকে কহিলেন, নিষাদগণ! জাগরিত হও; আমি এক্ষণে ভরতের সৈন্যাদগকে গশ্যা পার করিব, তেয়েরা গালোখান করিরা নৌকা আনয়ন কর; তোমাদের মধ্পল হউক। তথন নিষাদেরা অধিপতি গৃহের আক্সার উথিত হইরা চারিদিক হইতে পাঁচ শত নৌকা আনিল। ঐ সমস্ত নৌকা ব্যতাত স্বাস্তকা নামক পতাকা ও ক্ষেপণীয়াই স্দৃঢ় নৌকাসকল লইরা আইল। উহার মধ্যে একথানি স্বার্থ থিচিত ও পাশ্চ্বর্গ ক্ষরলে পরিবৃত, উপরে নিষাদেরা মধ্যলবাদ্য বাদন করিতেছিল। গৃহ সেই স্বাস্তকা লইরা ভরতের নিকট উপনীত হইলেন। ভরত শত্রের সাহিত উহাতে আরোহণ করিলেন। স্বার্থে গ্রের্থ ও প্রোহিতেরা নৌকার উঠিয়াছিলেন, পরে কৌলল্যা প্রভৃতি রাজপত্রা, পশ্চাৎ প্রধান প্রধান অন্চর্রাদগের গৃহিণীরা উত্থিত হইলেন। প্রয়ণকালে সৈনোরা ক্রিস্টুহে অন্নিপ্রদান করিল, অনেকে শকট ও পণ্যদ্রব্য তুলিতে লাগিল, শ্রেসকৈ তীর্থে অবতরণ এবং অনেকেই নানাপ্রকার উপকরণ সংগ্রহে প্রবৃত্ত হল। ঐ সমর উহাদের তুম্লে কোলাহলে আকাশ পৃণ হইয়া গেল।

অনন্তর নোকাসকল আরোহীদিন্ত প্রিয়া মহাবেগে ভাগাঁরথাঁর পরপারে উত্তীর্ণ হইল। উহার মধ্যে কেন্দ্রিক স্থালাক, কোনখানিতে অদ্ব, এবং কোনখানিতে বহুমূল্য শক্ট বিলাবর্ণ ছিল। তীরে সমস্ত অবরোপিত হইলে, নাবিকেরা জলমধ্যে নোকার বিলামন দেখাইতে লাগিল। ধ্রেজদন্ডধারী মাতপের নারে শোভমান হইল। আরোহীপ্রেরিত ও সন্তর্ন্তর্ত্ত হইয়া সন্ত্র পর্বতের নাার শোভমান হইল। তংকালে কেহ নোকা, কেহ ভেলা, কেহ কুল্ড এবং কেহ বা কেবল বাহুন্বরের সাহাযে তাঁরে উঠিল। সৈনোরা এইর্পে গণ্যা উত্তীর্ণ হইয়া প্রাতঃসন্ধ্যার তৃতীয় মৃহত্তে প্রয়াগের বনে উপস্থিত হইল। তথা হইতে ভরম্বাজের তপোবন এক ল্লোশ ব্যবধান ছিল; পাছে আশ্রমপীড়া জন্মে, এই আশংকায় ভরত বনমধ্যে সৈন্যাদিগকে শ্রান্তিত দূর করিবার আদেশ দিলেন এবং ভরম্বাজকে সন্দ্রনার্থ একানত উৎসূক ইইয়া ঋষিক ও সদস্যাগণের সহিত গমন করিতে উদ্যুক্ত ইইলেন।

নৰতিতম সর্গা। যাত্রাকালে ভরত অস্ত্র ও পরিচ্ছদ পরিত্যাগ করিয়া কোঁবেয় বস্তু পরিধান করিলেন এবং বাশিষ্ঠকে অগ্রবতী করিয়া মন্ত্রিবর্গ সমভিব্যাহারে পদর্বজে যাইতে লাগিলেন। পরে আশ্রম সন্নিহিত দেখিয়া মন্ত্রীদিগকেও রাখিলেন এবং কেবল বশিশ্ঠের পশ্চাৎ পশ্চাৎ তথার প্রবেশ করিলেন।

অনশ্তর ভরদ্বাজ বশিষ্ঠাকে দেখিবামান্ত শিষ্যগণকে অন্তর্গ আনরনের আদেশ-পার্বক আসন হইতে উপিত হইলেন। ভরতও নিকটম্প হইয়া তাঁহাকে প্রণিপাত কবিলেন তখন ভরদ্বাজ বশিষ্ঠের সহিত আগমন-নিক্ধন, তিনি যে রাজা দখরথের পার, ভাহা ব্রিণতে পারিজেন এবং তাঁহাদিগকে পাদা অন্ত্যা ও বিবিধ

ফলম্ল প্রদানপূর্বক অন্ক্রমে আশ্রমের ও অযোধ্যার সৈন্য ধনাগার মির ও মন্ত্রীসংক্রান্ত কুশল জিজ্ঞাসা করিতে লাগিলেন। রাজা দশরথ যে দেহত্যাগ করিয়াছেন, ইহা তাঁহার পরিজ্ঞাতই ছিল, এই কারণে তিনি তাঁহার আর কোন প্রসংগ করিলেন না। অনন্তর বাশিন্টদেব ও ভরত তাঁহাকে অনাময় প্রশন করিয়া, আশিন শিষ্য কৃষ্ণ মৃগ ও পক্ষীর কুশল জিজ্ঞাসিলেন। মহাযশ্য মহর্ষিও আন্পর্বিক সমস্ত জ্ঞাত করিয়া রামন্দেহে কহিলেন, ভরত! তুমি রাজ্য শাসন করিতাছিলে, তোমার এ স্থানে আগ্রমন করিবার প্রয়োজন কি? বল, এক্ষণে আমার মনে নানপ্রেকার সংশয় উপস্থিত হইতেছে। রাজ্মহিষী কৌশল্যা যাঁহাকে প্রস্ব করিয়াছেন, মহারাজ দশরথ স্ত্রীর অন্ব্রোধে যাঁহাকে চতুদশি বংসরের জন্য অরণ্যবাস দিয়াছেন, সেই নিষ্পাপ রামের রাজ্য নিষ্কণ্টকে ভোগ করিবরে নিমিত্ত, তুমি কি তাঁহার কোন অনিন্টের ইচ্ছা করিতেছ?

ভরত ভরন্দাজের এইর্প কথা শ্লিবামান্ত নিতালত দ্রেথিত হইয়া বাল্পাকুললোচনে গদগদবচনে কহিলেন, ভগবন্! যদি আপনিও আমার এইর্প জ্ঞান করিয়া থাকেন, তবে উৎসল্ল হইলাম। আমা হইতে কোন দোষকর কার্য ঘটিবে, আপনি এর্প আশংকা করিবেন না, এবং আমার এইর্প কঠোর বাক্য আর বলিবেন না। জননী আমার জন্য থাহা ক্রিক্টছলেন, আমি তাদ্বরয়ে সন্তুষ্ট নহি। এক্ষণে আমি রামের চরণবন্দ্র তি প্রসল্লতা প্রার্থনা করিয়া তাহাকে লইতে আসিয়াছি। আপনি আমার বলের ভাব এইর্প ব্রিয়া আমার প্রতি নিঃসংশয় হউন। সেই মহারাজ ক্রম্ম এক্ষণে কোথার আছেন, আপনি আমাকে বলিয়া দিন।

প্রতি নিঃসংশয় হউন। সেই মহারাজ রাম এক্ষণে কোথায় আছেন, আপনি আমাকে বলিয়া দিন।

অনন্তর ভরশ্বাজ বশিশ্টাদি কিসাণের অনুরোধে প্রসম হইয়া ভরতকে কহিলেন, রাজকুমার! তুমি রহুক্তিল জন্মগ্রহণ করিয়ছে: এই গ্রুস্বা, লোডাদি ইলিয়সংয়য়, ও সংপথে প্রতি, তোমার উচিতই হইতেছে। আমি তোমার অভিপ্রায় জ্ঞাত আছি, লেয়কর সমকে তাহা আরও দৃঢ় হইবে বলিয়া তোমার কাতিবর্ধনের নিমিত্ত, ঐরুপ জিজ্ঞাসা করিলাম। আমি রামকে জানি: তান একণে লক্ষ্মণ ও জানকীর সহিত ঐ চিত্রক্ট পর্বতে বাস করিয়া আছেন। কল্য তুমি তথায় মন্ত্রগণের সাহত যাত্রা করিবে, অদা আমার এই আশ্রমে অবস্থান কর। তথন উদারদর্শন ভরত ভরল্বাজের প্রার্থনায় সম্মত হইয়া তথায় নিশা যাপনের অভিসাষ করিলেন।


একনবভিত্তম সর্গা। অনন্তর মহার্ষ ভরত্বাঞ্জ ভরতকে আতিথ্যে নিমন্ত্রণ করিলেন। ভরত কহিলেন, তপোধন! বনে বাহা সন্লভ, তন্দারা এই তো আতিথ্য করিলেন? তথন ভরত্বাঞ্জ ঈশং হাস্য করিয়া কহিলেন, ভরত! তুমি যে বনের ফলম্লে প্রতি হইয়াছ এবং যংকিঞ্জিং পাইয়াই যে সন্তোষ লাভ করিয়া থাক, আমি তাহা জানি। এক্ষণে তোমার সেনাগণ কর্মিত হইয়াছে, আমি উহাদিগকে ভোজন করাইব, আর তুমিও আমার বাসনান্রপে আতিথ্য গ্রহণ কর। তুমি কি জন্য বহুদ্রে সৈন্য রাখিয়া এ-স্থানে আইলে? কি কারণেই বা স্বল্বাহনে আগম্ন করিলে না?

তথন ভরত কৃতাঞ্জলিপ্টে কহিলেন, তপোধন! আমি আপনারই ভয়ে সসৈনো আসিতে পারিলাম না। রাজা হউন, বা রাজপুরই হউন, তাপসগণের

অধিকার যরপ্রিক পরিহার করা সকলেরই কর্তব্য: এক্ষণে উৎকৃষ্ট অশ্ব, প্রমন্ত হৃতী ও মন্ব্যেরা প্রশাসত ভূমিখণ্ড আবৃত করিয়া আমার সঞ্জে চলিয়াছে। উহারা পাছে বৃক্ষসকল ভগন ও জল নগট করিয়া তপোবনের বাধা জনমায়, এই আশেংকায় আমি একাকীই আসিয়াছি। তখন ভরদ্বাজ কহিলেন, বংস' তুমি সেনাগণকে এই স্থানে আনয়ন কর। ভরতও তাঁহার বাক্যে তৎক্ষণাং সম্মত হইলেন।

অনন্তর মহর্ষি জান্দশালায় প্রবেশ করিয়া সালল ন্বারা আচমন ও দুইবার ওঠ মাজনিপ্রেক আতিখ্যের নিমিত্ত বিশ্বকর্মাকে এইরূপে আহ্বান করিলেন,—আমি তক্ষণাদি কার্যকুশল বিশ্বকর্মাকে আহ্বান করিতেছি, তিনি আমার এই অতিথিসংকারের ইচ্ছা সম্পন্ন কর্ন। আমি ইন্দ্রাদি তিনজন লোকপালকে আহ্বান করিতেছি, তাঁহারা আমার এই অতিথি সংকারের ইচ্ছা সম্পন্ন কর্ন। যাঁহাদের স্রোভ পশ্চিমাভিম,খী এবং যাঁহারা তির্যকগামী, প্রথিবী ও অন্তরীক্ষের সেই সকল নদী চতুর্দিক হইতে এই ন্থানে আস্ন। তাঁহাদের মধ্যে কেহ কেহ মৈরেয় মদা, কেহ কেহ স্বসংস্কৃত স্বরা এবং কেহ কেহ বা ইক্ষ্রস-স্বাদ, স্থাতিল জল প্রবাহিত কৃত্তিত থাকুন। আমি অন্যান্য দেবগণ্ধর্ব দেবী ও গণ্ধবীদিগকে আহ্বান ক্রিতেছি, ব্তাচী, বিশ্বাচী, মিশ্রকেশী, অলম্ব্রুষা, নাগদভা, হেমা ও ক্রিতবাসিনী সোমাকে আহ্বান ক্রিতেছি;—স্বরাজ প্রেম্বর ও পদ্মফ্রেম্ব্রেসার নিকট ধাঁহারা গমনাগমন করিয়া থাকেন, সেই সকল অম্পরাদ্ধ আহ্বান করিতেছি, তাঁহারা এক্ষণে স্বাক্ষিত হইয়া তুম্ব্রার সহিত্র পানে আগমন কর্ন। উত্তরকুর্তে ধে দিব্য বন আছে, বসনভাষণ যাহার সহ, সংন্দরী নারী যাহার ফল, তাহা এখানেই দৃষ্ট হউক। এই স্থানে ভূষ্বীয় সোম, ভক্ষা ভোজা প্রভৃতি চতুর্বিধ অলপ্রদান কর্ন। ব্কচন্ত বিচিত্র ফ্রেই, স্রা প্রভৃতি পানীয় ও নানাপ্রকার মাংস স্কভ করিয়া দিন। মহার্ষ ভরন্বাজ, তপ ও সমাধি প্রভাবে শিক্ষাস্বর প্রয়োগপূর্বক এইর,প কহিয়া বিরত হইলেন, এবং পশ্চিমাভিম,খী হইয়া ঐ সমুদ্ত দেবতার আবিভাব কামনা করিতে লাগিলেন।

অনশ্তর আহতে দেবতারা প্রত্যেকে পৃথক প্থক আসিয়া উপস্থিত



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



হইলেন। সমীরণ, মলায় ও দদরে পর্বত হইতে বিশ্বন্দ ও স্কান্ধ গ্লে প্রীতিপদ ও স্থাদ হইয়া বহিতে লাগিল; মেঘসকল বলেব নি আরম্ভ করিল; চতুদিকে দেবদ্দের্ভিরব; অনুসরাসকল ন্তা এবল সিংধর্বেরা গান করিতে প্রবৃত্ত হইল; বীণাধর্নি হইতে লাগিল। উহস্তে তাললয়সংগত মধ্র ন্বর ভ্লোক ও অন্তরীক্ষে গিয়া প্রবেশ করিল। ব সমুদ্ত শোরস্থকর শব্দ উথিত হইলে রাজকুমার ভরতের সৈনোরা বিশ্বকর্মার আন্চর্য রচনাসকল দেখিতে লাগিল। সেই ভ্রিম চারিদিকে ক্রিমেলেন হইয়াছে, সমুভল ও নীলবৈদ্ব্র্মাণতুলা হরিংবর্ণ তেণে সমাজ্রা; বিন্ব কপিখ পনস স্কেশর আমলকী ও আয় এই সকল ব্লুফ ফলভারে অবনত হইয়া আছে। উত্তরকুর্ হইতে দিবাভোগপ্রদ চৈর্ব্য কানন আসিয়াছে। তীরতর্মমাকীর্ণ তর্মাপাণী প্রবাহিত হইতেছে। ধ্বল চতুশাল গ্রু, মুদ্রেরা, হয়র্স, এবং শ্রুমেলভ্লা তোরণশোভিত চতুক্ষেণ স্কুশাল গ্রুমালো অলন্কত স্কুগন্ধ সলিলে স্বাসিত রাজপ্রাদাদ প্রস্তৃত হইয়াছে। উহার মধ্যে স্বাচিত শ্ব্যা, আশ্তীর্ণ আসন, বান, উৎকৃত্ত ভোলা, ধ্বাত পার, বন্দ্র, ও নানাপ্রকার ন্বাদ্র রসও সঞ্জিত আছে।

রাজকুমার ভরত মহর্ষি ভরদ্বাজের অন্জ্ঞা লইরা মন্দ্রী ও প্রেছিত-গণের সহিত গৃহপ্রবেশ করিলেন। বাস-ব্যবস্থা দর্শনে তংকালে সকলেরই মনে হর্ষ জন্মিল। তথায় রাজসিংহাসন, দিব্য বাজন ও ছন্ন ছিল, ভরত মন্দ্রিগণের সহিত তংসম্দয় প্রদক্ষিণ করিয়া উদ্দেশে রামকে প্রণাম করিলেন, এবং ঐ সিংহাসন প্রা করিয়া চামরহন্তে সচিবের আসনে উপবিষ্ট ইইলেন। তাঁহার পর মন্দ্রী, প্রোহিত, সেনাপতি ও শিবিররক্ষকেরাও আন্প্রিক বসিলেন।

ঐ সময়ে প্রজার্পাত-প্রেরিত বিংশতি সহস্র এবং কুবের-প্রহিত বিংশতি সহস্র রমণী, মণিম্ক্তাপ্রবালে ভ্যিত হইয়া তথার উপস্থিত হইল। উহারা ধে প্রেইকে হস্তগত করে, সে উস্মন্তের ন্যায় হইয়া উঠে। অন্তর নন্দনকানন



হইতে বিংশতি সহস্র অপসরা আগমন ক্রিন্ত। গন্ধর্বরাজ্ক নারদ ভূম্বার ও গোপ আসিয়া ভরতের অগ্রে গান করিতে ক্রিটোলেন। অলম্বারা মিশ্রকেশী প্রভরীকা ও বামনা নৃত্য আরুভ করিলেন। উবিলোকে ও চৈত্ররথ কাননে বে মালা আছে, ভরত্বাজের প্রভাবে প্রয়াগ্রেক্তি তাহা নিরীক্তি হইতে লাগিল। বিক্ববৃক্ত ম্দণগবাদক, বিভাতিক সম্প্রিইশী ও অধ্বধেরা নর্তকি হইল। সরল, তাল, তিলক ও তমাল, কুম্জা ও বামনৈর রূপ ধারণ করিল। মিংশপা আমলকী জম্ব প্রভৃতি পাদপ এবং মন্সিকাদি লতা প্রমদার্পে উপস্থিত হইল। কহিতে ল্যাগল, স্বাপায়িগণ ! স্বাপান কর। ক্ষ্তিগণ ! স্ক্সংস্কৃত মাংস ও পায়স প্রচারর্প আহার কর। তংকালে প্রত্যেককে সাত-আটম্বন **স্ত্রীলোক স**ূরমা নদীতীরে লইয়া গিয়া স্নান এবং কেছ কেছ মধ্য পান করাইতে লাগিল। কোন কোন মহিলা পাদমর্দন এবং কেহ কেহ বা অভ্যমার্থন আরম্ভ করিল। পালকেরা হস্তী অন্ব উদ্ধ গর্দভ ও বৃষ্ভদিগকে আহার করাইতে প্রবৃত্ত হইল। কোন কোন মহাবল ষোম্পুগণের বাহনদিগকে ইক্ষ্মধ্ ও লাজ যথেণ্ট ভোজন করিতে দিল। ঐ সময় সকলেই মধ্যুপানে মন্ত, স্তরাং অধ্বরক্ষক অদেবর এবং হস্তিপকেরা হস্তীর কোন বার্তাই রাখিল না। সৈনেরো পান-ভোজনে পরিতৃশ্ত রম্ভচন্দনে রঞ্জিত ও অস্পরাদিগের সহিত মিলিত হইয়া কহিতে লাগিল, অতঃপর আমরা আর আযোধ্যা কি দশ্ডকারণা কুলাপি গমন করিব না, এক্ষণে রাম ও লক্ষ্যণের জয়জয়কার হউক। ফলতঃ সকলে এইর্প ম্বেচ্ছান্র্প আহারবিধি লাভ করিয়া বারপরনাই পরিভূষ্ট হইল। কেহ কেহ ইহাকেই স্বৰ্গ মনে করিয়া হৰ্ষভরে নিনাদ পরিত্যাগ করিতে লাগিল। কেহ ন্তা, কেহ গান, ও কেহ বা হাস্য আরম্ভ করিল এবং কেহ কেহ বা গলে মাল্য ধারণপূর্বক ইতস্ততঃ ধাবমান হইল। যাহারা একবার আহার করিয়াছে, ঐ

সমস্ত উৎকৃষ্ট ভোজ্য দর্শনে তাহাদের প্রেনরায় ভোজনেচ্ছা জন্মিল। দাস-দাসী ও বধ্দিগের মধ্যে সকলেরই নৃতন বন্দ্র পরিধান এবং সকলেই সন্তৃষ্ট। পশ্পক্ষিসকল স্পুষ্ট হইল, দ্রব্যান্তর গ্রহণে উহাদের আর প্রবৃত্তি রহিল না। তথার প্রত্যেকের বন্দ্র ধবল, কেই ক্ষর্নিত বা মলিন নহে এবং কাহারই কেশ ধ্রণিতে অপরিচ্ছন্ন নাই। সকলে কুস্মুস্তবকস্পোভিত শ্কান্তপূর্ণ স্বর্ণ ও রক্ষতময় বহু,সংখ্য পাত্র বিস্ময়সহকারে দেখিতে লাগিল। ঐ সমস্ত পারে ফলরসাসন্থ স্থান্থ স্প, উৎকৃষ্ট ব্যঞ্জন এবং ছাগ ও বরাহের মাংস রহিয়াছে। বনবিভাগম্থ ক্পসমূহে পায়সের কর্দম দৃষ্ট হইল। ধেনুগণ অভীষ্ট প্রদান এবং বৃক্ষসকল মধ্যক্ষরণ করিতে লাগিল। পরিত্তত পিঠরপর মৃগ ময়র ও কুক্টের মাংস এবং মদ্যে দীঘিকাসকল পরিপূর্ণ হইয়াছে। অব্যাধার, ব্যঞ্জনস্থালী ও হেমমর হস্তপ্রকালন পার খত সহস্র সঞ্চিত আছে। কুম্ভ ও করম্ভে দুধি, হুদে স্ক্রিহিত স্কান্ধ কেশরগোর তক্ত, রসাল, দুস্ধ ও শর্করা। স্নানঘট্টে চ্র্ণাকষায়, কল্ক প্রভৃতি বিবিধ স্নানীয় দ্রব্য সাসন্ধ্যিত আছে। নির্মাল কুচিতিমাখ দশ্তকাষ্ঠ, করণেক শ্বেতচন্দনকক, পরিদ্কৃত দর্পণ, বসন, পাদ্কা, উপানহ, কন্জলকরণিডকা, কংকত, কূর্চা, ছনু, ধন্য, বর্মা, শব্যা ও আসনসকল প্রস্তৃত। হস্তী অধ্ব ধর ক্রিট্রদিগের প্রতিপান হুদ, ক্মলদল-স্থাোভিত স্বচ্ছসলিলসম্পন্ন আকামেত সার শ্যামল সরোবর এবং

নীলবৈদ্ধবর্ণ কোমল তৃপসকলও প্রতাক্ষ তৃত্তে লাগিল।

সৈন্যেরা এই স্বাংশকলপ অতাস্ভ,ত স্থাতিধাবাাপার দর্শন করিয়া যারপরনাই বিস্মিত হইল এবং নন্দনকানতে স্থানগণের ন্যার ঐ আশ্রমে রাত্রি যাপন
করিল। অনুস্তর গণ্ধব ও অনুস্থানকল মহর্ষ ভরুত্বাজের অনুমাত লইয়া
প্রস্থান করিলেন। সৈন্যেরা ম্বিরামন্ত এবং মালাসকল মদিত ও ইতস্ততঃ
বিক্ষিত হইরা রহিল।

শ্বিনৰভিতম দর্গায় অনন্তর ভরত সপরিবারে আতিথাসংকারে প্রতি হইরা রামের দর্শনলাভার্থ মহার্য ভরন্থাজের সলিধানে উপন্থিত হইলেন। ভরন্থাজ আনিহোত অনুষ্ঠানপূর্বক আশ্রম হইতে নিজ্ঞানত হইতেছিলেন, তিনি ভরতকে কৃতাজলিপ্টে উপন্থিত দেখিরা জিল্ঞাসিলেন, বংস! তুমি ত আমার আশ্রমে সুথে রাত্রিবাপন করিরাছ? তোমার সৈন্যেরা ত আতিথো তুম্তিলাভ করিয়াছে?

তখন ভরত তাঁহাকে অভিবাদনপ্র'ক কৃতাঞ্চলি হইয়া কহিলেন, ভগবন্
আমি সবলবাহনে পরম স্থে নিশা অতিবাহন করিয়াছি। আমাদের শরীরে
কিছুমার শ্লানি নাই। আমরা উৎকৃষ্ট গৃহ, প্রচুর অলপান, আপনার প্রসাদে
প্রাশ্ত হইয়াছি। একশে আমি রামের সালধানে চলিলাম, আপনাকে আমশ্যণ
করিতেছি, আপনি আমার স্নিশ্বদৃষ্টিতে দর্শন করিবেন। সেই ধর্মপরায়শ
রামের আশ্রম কতদ্র এবং উহা কোন্দিক দিয়াই বা যাইতে হইবে আপনি
তাহাও বলিয়া দিন।

ভরন্বাজ প্রাতৃদর্শনাথী ভর্মতকে কহিলেন, বংস! এই প্থান হইতে সার্ধ ন্বিলোশ অস্তর নিবিড় কাননমধ্যে চিন্নকটে নামক এক পর্বত আছে। উহার বন ও প্রস্লবণ অতি মনোহর। ঐ পর্বতের উত্তর পার্শ্ব দিয়া ভাগীরথী প্রবাহিত হইতেছেন। তোমার শ্রাতা ঐ চিন্নকটে পর্ণশালা প্রস্তৃত করিয়া বাস

করিয়া আছেন। তুমি এক্ষণে ষমূনার দক্ষিণ তীর দিয়া কিয়ন্দরে গমন কর। পরে ঐ পথের বাম ভাগে দক্ষিণাভিম্বী যে পথ গিয়াছে তাহা ধরিয়া এই চতুর্পা সৈনা লইয়া যাও, তাহা হইলেই তুমি রামকে দেখিতে পাইবে।

অনন্তর রাজমহিধীরা গমনের কথা শুনিয়া যান হইতে অবতরণপ্র্বক মহর্ষি ভরদ্বাজ্বকে পরিবেষ্টন করিলেন। দেবী কৌশল্যা, সূমিত্রার সহিত দীনভাবে কম্পিতকলেবরে উ²হার চরণে প্রাণপাত করিলেন। সর্বলোকনিম্পিতা কৈকেয়ার মনোরথ পূর্ণে হয় নাই, তিনি অত্যন্ত লক্ষিত হইয়া প্রণাম করিলেন এবং তাঁহাকে প্রদক্ষিণ করিয়া অদুরে দীন মনে ভরতের সালধানে দন্ডায়মান রহিলেন। তখন ভরন্বান্ধ ভরতকে ক্রিজ্ঞাসিলেন, বংস! আমি তোমার মাতগণের বিশেষ পরিচয় লইতে ইচ্ছা করি। ভরত কৃতাঞ্চলিপটে কহিলেন, ভগবন্। যাঁহাকে শোক ও অনশনে কুল দেখিতেছেন, ইনি পিতার মহিষী, ইন্থারই গর্ভে রাম জন্মগ্রহণ করিয়াছেন। দেবী অদিতি বেমন উপেন্দুকে, ইনি সেইর্প রামকে প্রসব করিয়াছেল। যিনি শীর্ণকৃস্ম কর্ণিকার শাখার ন্যায় ই'হার বামপাদের্ব বিরস মনে রহিয়াছেন, ইনি মহারাজের মধ্যমা মহিষী সামিলা। মহাবীর লক্ষ্যণ ও শত্রুবা ই'হারই পাত। আর বহিার নিষিত রাম ও লক্ষ্যণ মৃত্যুতুল্য আপদে পতিত হইয়াছেন এবং মহারাজু ছিগরখ প্রেবিহান হইয়া শ্বগে অধিরোহণ করিয়াছেন, এই সেই আর্থ্যালী অনার্যা কৈকেয়ী, ইনি অতাশ্ত নির্বোধ জোধনন্বভাব সোভাগাগৃথিত ও করে। এই পাপীরসীই আমার জননী, ই'হা হইতেই আমার আইউনির্গ বিপদ ঘটিয়াছে। ভরত বাষ্প্রগদ্যাদ বচনে এই বলিয়া আরক্তিন্দর্ভনে ক্রম্ম ভ্রমণ্ডের ন্যার ঘন-ঘন নিঃশ্বাস ফেলিতে লাগিলেন। তথ্যথিকামতি ভরত্বাজ তাহাকে কহিলেন, বংস!
তুমি তোমার জননীর উপর মেরিলোপ করিও না। রামের এই নির্বাসন সন্মল
প্রদর্শন করিবে; এই ঘটনাম সৈব দানব ও থাবিগণের হিতকর কার্য অবশ্যই সাধিত হইবে।

অনশ্তর ভরত মহার্য ভরত্বাজকে অভিবাদন, প্রদক্ষিণ ও আমল্রণ করিয়া সৈন্যসংযোগের আদেশ করিলেন। তাঁহার আদেশমার বহুসংখ্য লোক অধ্বরথ স্কান্সকত করিয়া প্রশ্বানার্থ আরোহণ করিল। করী ও করেণ্ ত্বর্ণশ্ব্ধলসংযত ও পতাকাশোভিত ইইয়া বর্ষাকালীন জলদের ন্যায় গর্জনসহকারে গমন করিতে লাগিল। লখুভারষ্ত্র বিবিধ হানসকল চলিল। পদাতিরা পদরজে যাইতে প্রবৃত্ত ইইল। কৌলল্যা প্রভৃতি রাজমহিষী রামদর্শন-মানসে
হ্তমনে উৎকৃতি যানে আরোহণপূর্বক গমন করিতে লাগিলেন। রাজকুমার ভরত পরিজেদ পরিধানপূর্বক নবোদিত চল্ডস্থের ন্যায় উল্জ্বল শিবিকায় উথিত ইইয়া চলিলেন। এইর্পে ঐ চতুরুলা সৈন্য দক্ষিণ দিক আবৃত করিয়া উদিত মহামেঘের ন্যায় প্রশানে প্রবৃত্ত হইল এবং ক্রমশঃ গণ্গার পশ্চিম তাঁর দিয়া মৃগ ও পক্ষীদেগকে চাকত ও ভাত করিয়া অতি নিবিড় বনে প্রবেশ করিল।

তিনৰভিতম সগা। অনশ্তর অরণ্যে যুখপতিসকল ঐ সমস্ত সৈন্যের কোলাহলে ব্যতিবাসত হইয়া মৃগমুখের সহিত পলায়নে প্রবৃত্ত হইল। প্রত, রুরু ও ভল্লুকেরা গিরিনদী ও কাননে নিরীক্ষিত হইতে লাগিল। ভরতের সাগর-

প্রবাহসদৃশ সৈন্য বর্ষার মেঘ বেমন আকাশকে আচ্ছন্ন করে, তদুপে বনভূমিকে আবৃত করিল, এবং উহাদের গমনকালে মহাবল হস্তী ও অন্তের পূর্ণ হইয়া উহা বহুকণ অদৃশ্য হইয়া রহিল। ক্রমশঃ ভরত বহুদূর অতিক্রম করিলেন। তাঁহার বাহনসকলও ক্লান্ত ও পরিশ্রান্ত হইয়া পড়িল। অনন্তর তিনি বাশ্চিকে কহিলেন, তপোধন! এই স্থান ষের্প দেখিতেছি, যে-প্রকার শ্রনিয়াও ছিলাম. ইহাতে বোধ হইতেছে, আমরা সেই ভরদ্বাজ-নিদিপ্ট প্রদেশে উপস্থিত হইলাম। এই চিত্তকটে পর্বত, ইহার নিম্নে মন্দাকিনী প্রবাহিত হইতেছেন। অদ্রেই নিবিড় মেঘের ন্যায় বন। এক্ষণে আমার পর্বতাকার মাতগগগণ সূরমা গিরি-শৃঙ্গা মার্দাত করিতেছে, তাল্লবন্ধন স্থানীল মেঘ যেমন জলধারা বর্ষণ করে. তদুপ শিখরজ্ঞাত বৃক্ষসকল প্রুণপবৃণিট আরম্ভ করিয়াছে। শনুদা ! ঐ সমস্ভ কিমরজাতির অধিকার, উহা সাগরগর্ভে মক্রের ন্যায় অন্বে আকীণ রহিয়াছে। মুগেরা প্রেরিত হইয়া চারিদিকে শারদীর অন্তের ন্যায় বায়ুবেগে ধাবমান হইয়াছে। চর্মধারী বীরগণ দাক্ষিণাত্যদিগের ন্যায় কুস্কের শিরোভ্রণ ধারণ করিতেছে। তুরগক্ষরেন্ডৌন ধ্লিজাল গগনতল আবৃত করিয়া আছে, বায়ু শীঘ্র তাহা অপসারিত করিয়া যেন আমার ইন্টসাধনুই করিতেছে। এই অরণ্য জনশ্ন্য ও যোরদর্শন হইলেও আজ আমি ইহুব্রিস লোকসংকুল অযোধ্যার ন্যায় দেখিতেছি। বনমধ্যে রথসকল অশ্বসাহারেতিক্রন শাীল্ল যাইতেছে এবং রথশব্দে প্রিয়দর্শন ময়্রগণ ভীত হইয়া বিহুপ্তের বাসভ্মি পর্বতে আসিতেছে। ঐ সমসত মৃগ ও মৃগী কি স্কুনর, উহাক্ত দেহ বেন কুস্মে চিন্নিত হইরাছে।
এই স্থান অত্যত মনোহর, এই তার্স্ট্রনিবাস নিশ্চরই স্বর্গ। এক্ষণে আমার
সৈন্যসকল যথোচিত গমন কর্ত্ব, তবং শহাতে রাম ও লক্ষ্মণকে দেখিতে
পায়, সর্বত্ব এইর্প অন্সম্পর্কি প্রিত্ত হউক।
ভরতের আদেশমান্ত শক্তবাসী বীরপ্রেব্বেরা অরণ্যে প্রবেশ করিয়া দেখিল,

ভরতের আদেশমার শ্রুইরে বীরপ্র্বেরা অরণ্যে প্রবেশ করিয়া দেখিল, এক স্থান হইতে ধ্মশিখা উলিখত হইতেছে। তদ্দর্শনে উহারা ভরতের সামিছিত হইয়া কহিল, লোকালয়শ্না স্থানে আন্দ্র থাকা অসম্ভব, এক্ষণে নিশ্চয় কহিতেছি, রাম ও লক্ষ্যণ এই বনে বাস করিয়া আছেন। অথবা তাহারা নাও হইতে পারেন, বোধ হয়, রামসদৃশ তাপসেরা অবস্থান করিতেছেন। তথন ভরত উহাদিগকে কহিলেন, এই স্থানে তোমরা নীরবে থাক, অতঃপর আর অগ্রসর হইও না। আমি সুমন্দ্র ও ধ্তি আমরাই কেবল এক্ষণে গমন করিব।

অনশ্তর সৈন্যেরা এইরপে আদিণ্ট হইবামার নিশ্তশ্বভাবে রামের দর্শন প্রতীক্ষায় আনন্দমনে তথায় কাল্যাপন করিতে লাগিল। ভরতও্ যেদিকে ধ্যশিখা সেই দিক লক্ষ্য করিয়া যাইতে লাগিলেন।

চতুর্নবিত্তম সগা। এদিকে রাম বহুদিন চিত্রক্টে আছেন, তিনি আপনার চিত্রবিনাদন এবং জানকীর তুথিসম্পাদন উদ্দেশে কহিলেন, জানকি! এই রমণীয় শৈলদশনে রাজ্যনাশ ও স্হৃদিবিছেদ আর আমায় তাদ্শ কাতর করিতেছে না। পর্বতের কি আশ্চর্ম শোভা; ইহাতে বিহণ্গেরা নিবন্তর বাস করিতেছে; শ্গসকল আকাশভেদী; গৈরিকাদি নানাপ্রকার ধাতু আছে বলিয়া ইহার কোন স্থান রক্তবর্ণ, কোন স্থান রক্তবর্ণ, কোন স্থান রাজ্যারাগ্যন্ত, কোথাও নীলকাশ্ত মাণির ন্যায় প্রভা, কোথাও বা দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ম্ফটিক ও কেতক প্রশেষ ন্যায় আভা, এবং কোন কোন স্থানে নক্ষয় ও পারদের সদৃশ জ্যোতিও দৃষ্ট হইতেছে। এই পর্বতে অহিংস্রক নানাপ্রকার মাগ এবং ব্যাঘ্র ও তরক্ষা ইতস্ততঃ সঞ্চরণ করিতেছে। আয়, জন্ব, অসন, লোগ্ধ, পিয়াল, পনস, ধব, অংগ্রাল, ভব্যতিনিশ, বিল্ব, তিন্দুক, বেণ্টু, কাম্মরী, অরিষ্ট, বরণ, মধ্ক, তিলক, বদরী, আমলক, নীপ, বের, ইন্দুরব, ও বীজক প্রভূতি ফলপ্রন্পে-স্বশোভিত ছায়াবহাল মনোহর বৃক্ষসকল বিরাজিত রহিয়াছে। ঐ সমস্ত স্বরমা শৈলপ্রদেথ কিল্লরমিথ্ন প্রমস্থে বিহার করিতেছে। অদ্রে বিদ্যাধরীদিগের ক্রীড়াম্থান। ঐ স্থানে উৎকৃষ্ট বস্ত ও খণ্ডাসকল ব কশাথায় সংলাক আছে। কোথাও জলপ্রপাত, কোথাও উৎস, এবং কোথাও বা নিঃসাল, স্তরং শৈল যেন মদস্রাবী মাতপের ন্যায় শোডা পাইতেছে। গ্রাগর্ভ হইতে সমীরণ ঘাণতপণ কুস্মগন্ধ বহন করিয়া সকলকে পলেকিত করিতেছে। জানকি! তোমার ও লক্ষ্যণের সহিত যদি আমি বহুকাল এই পর্বতে বাস করি, শোক কোনমতেই আমায় আভভ্ত করিতে পারিবে না। এই ফলপ্পেপ্রণ বিহুপাকুল-ক্জিত স্বম্য গিরিশ্পে আমি যথেষ্টই প্রীতিলাভ করিতেছি। তুমি আমার সহিত চিত্রকটে পর্যতে বাক্য মন ও দেহের অন্কুলু নানাপ্রকার বস্তু দর্শন করিয়া কি আনন্দিত হইতেছ না? আমার পরে পিতামুহতুর দেহাতে সংসারক্লেশ-শাশ্তির নিমিত্ত বনবাসকেই মোক্ষসাধন বলিয়া কিশে করিরছেন। বাহাই হউক, এক্ষণে অরণ্য আশ্রয় করিয়া পিতার শ্লুপ্রস্তি ও ভরতের প্রীতি উভয়ই প্রাণ্ত হইলাম। এই পর্বতে রজনীতে ওষ্ট্রিস্পের স্বকান্তিপ্রভাবে আঁণনিশ্যার ন্যায় দৃশ্যমান হইয়া থাকে। ইহার স্থান কে নানাবর্ণের বিশাল শিলাসকল রহিয়াছে, ইহার কোন স্থান গৃহ্দু তি ও কোন স্থান উদ্যানতুল্য। ঐ সমস্ত বিলাসিগণের আস্তরণ; উহা ক্ষের, প্লোগ, ভ্রুপার ও উৎপলে বিরহিত হইয়াছে। ঐ দেখ, উহারা ক্ষেত্র ভক্ষণ করিয়াছে এবং পদ্মের মাল্য দলিত ও বিক্ষিণ্ড করিয়া ফেলিয়াছে 🕅 প্রয়ে! বোধ হইতেছে বেন, এই চিত্রকটে প্রথিবী



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভেদ করিয়া উধের উল্লিভ হইয়াছে। ইহার শিশর অতি স্ক্রের। কুবের নগরী বন্ধোকসারা, ইন্দ্রপরী নলিনী, ও উত্তরকুর্কেও অতিক্রম করিয়া ইহা স্পোভিত আছে। এক্ষণে আমি স্নির্ম অবলম্বনপর্কে সংপথে অবস্থান করিয়া এই চতুদশি বংসর লক্ষ্যণ ও তোমার সহিত যদি এই স্থানে অভিবাহিত করিতে পারি, তাহা হইলে কুলধর্মপালনজনিত স্থ অবশ্যই প্রাণ্ড হইব, সন্দেহ নাই।

পশ্চনবিত্তম সগঁ। অনন্তর পদ্মপলাশলোচন রাম চিত্রক্ট হইতে নিজ্ঞানত হইয়া চন্দাননা জ্ঞানকীকে কহিলেন, অয়ি প্রিয়ে! এই স্থানে মন্দাকিনী প্রবাহিত হইতেছেন। এই নদীর প্রেলন অতি রমণীয়, ইহাতে হংস ও সারসের নিরন্তর কলরব করিতেছে। তীরে ফলপ্রন্থপণ্ণ নানাবিধ বৃক্ষ শোভা পাইতেছে। ইহার অবতরণপথ অতি মনোহর। এক্ষণে তটের সনিহিত জল্ল অত্যন্ত আবিল হইয়াছে এবং তৃষ্ণার্ত মনোহর। এক্ষণে তটের সনিহিত জল্ল অত্যন্ত আবিল হইয়াছে এবং তৃষ্ণার্ত মনোহর। আকাল করিতেছে। ঐ দেখ, জটাজিনধারী ঝিষণণ যথাকালে এই নদীতে অবগাহন করিতেছেন। উধন্বাহ, মনুনিরা স্বেশিস্থান এবং অন্যান্য সকলে জপ করিতেছেন। উবর্গাছন। তীরস্থ বৃক্ষসকল প্রণ্প ও পালবে অলাক্ষত, উহাদের স্থায়া বায়্বতরে পরিচালিত হইতেছে; তদ্দানি বোধ হয়, যেন পর্বত করিয়াছে। মন্দাকিনীয় কোন স্থালে জল যেন মণিয় লায় নির্মাণ, কোন স্থালে করিয়াছে। মন্দাকিনীয় কোন স্থালে জল যেন মণিয় লায় নির্মাণ, কোন স্থালে করিয়াছে। বায়্বেগে প্রাহিত হইয়া বারংবার জলে নির্মাণ হইতেছে। চক্রবাকসকল কলরব করিয়া প্রালনে আরোহণ করিছেছে। প্রিয়ে! বোধ হয় মন্দাকিনী ও চিত্রক্ট, প্রবাস ও তোমার দর্শন মন্দাকি আরাহণ করিছেছে। প্রিয়ে! বোধ হয় মন্দাকিনী ও চিত্রক্ট, প্রবাস ও তোমার দর্শন মন্দাকি আরাহণ করিয়া প্রিলনে করিয়া থাকেন, তুমি স্থার নায়র আমার সহিত ইহারে জলে প্রতিনিরত সনানাদি করিয়া থাকেন, তুমি স্থার নায় আমার সহিত ইহারে অব্যাহন এবং রক্ত ও শ্বেতপ্রসকল



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উত্তোলন কর। তুমি হিংস্র জন্তুসকলকে পৌরজনের ন্যায়, পর্বতকে অযোধ্যার ন্যায় এবং মন্দাকিনীকে সর্য্র ন্যায় অনুমান কর। ধর্মপরায়ণ লক্ষাণ আমার আজ্ঞাকারী এবং তুমিও আমার অনুকল, এই উভয় কারণে এক্ষণে আমি যারপরনাই আনন্দিত ইইতেছি। এই নদীতে বিকালীন স্নান, বনের ফলমাল ভক্ষণ ও মধ্পান করিয়া আমি আজ তোমার সহিত অযোধ্যা কি রাজ্য কিছুই অভিলাষ করি না। বলিতে কি, নদীতে অবগাহন করিয়া গতক্রম না হয়, এমন কেইই নাই। রাম মন্দাকিনী প্রসংশ্যে জানকাকে এইর্প কহিয়া তাঁহারই সহিত কক্ষলের ন্যায় নীলপ্রভ চিত্রক্টে পাদচারে পরিক্রমণ করিতে লাগিলেন।

শার্মবান্ততম সর্থা। অনন্তর রাম পর্যতশ্বেশ উপবিষ্ট হইয়া সীতাকে কহিলেন, প্রিয়ে! দেখ এই ম্গমাংস অত্যন্ত স্বাদৃ ও পবিত্র এবং ইহা অণ্নিতে সংস্কার করা হইয়াছে। এই বলিয়া তিনি সীতার চিত্ত বিনোদন করিতেছেন, এই সময়ে সৈনোর চরগোখিত রেণ্ নভোমণ্ডলে দৃষ্ট হইল, দিগন্তব্যাপী তুম্ল কোলাহলও শ্রুতিগোচর হইতে লাগিল। তখন রাম অকস্মাৎ এই ঘোরতর শব্দ শ্রনিতে পাইয়া এবং ম্গায়্থপতিদিগকে চতুর্দিকে মহাবেশে গমন করিতে দেখিয়া লক্ষ্মণকে আহ্নানপর্বক কহিলেন, লক্ষ্মণ! দেখ ক্রিটি কে মের্ঘানর্ঘোষের নাায় ভয়ন্তর গম্ভীর রব শ্না যাইতেছে এবং মৃগ্ স্কুটা ও মহিষেরা সিংহের ভয়ে ধাবমান হইয়াছে, ইহার কারণ কি? এক্ষণে কি কেন রাজা বা রাজপার বনে মৃগয়া করিতে আসিয়াছেন? না, আর ক্রিন দৃষ্ট জন্তুর উপদ্রব উপস্থিত। ভাই! এই চিত্রকাট পক্ষিগণেরও অস্কুটি অকস্মাৎ কেন এই প্রকার ঘটিল, তুমি শীষ্ট ইহার কারণ অন্যুক্ষান ক্রে

তখন লক্ষ্যণ অবিলব্দে ক্রিক্সিন্মিত শালব্দে আরোহণপ্রেক ইতস্ততঃ
দ্থিট নিক্ষেপ করিতে লাইছেন। দেখিলেন, প্রদিকে হস্তাশ্বরথপূর্ণ বহ্সংখ্য স্ক্রিজ্জত সৈন্য আলিতেছে। অনন্তর তিনি রামকে এই ব্তঃন্ত জ্ঞাপন
করত কহিলেন, আর্থ! এক্ষণে অভিন নির্বাণ করিয়া ফেল্নে; জানকী গ্রমধ্যে ।
প্রবিষ্ট হউন, আর আপনি বর্ম ধারণ, কার্মকে জ্যা আরোপণ ও শ্র গ্রহণ করিয়া
প্রস্তুত হইয়া থাকুন।

রাম কহিলেন, লক্ষ্যণ! এই সমস্ত সৈন্য কাহার বোধ হয়, তুমি অগ্রে তাহাই অন্সন্ধান করিয়া দেখ। তখন লক্ষ্যণ ক্রোধে হ্তাশনের নাায় প্রজন্পিত হইয়া সৈন্যগণকে দক্ষ করিবার মানসেই যেন কহিতে লাগিলেন, আর্য: কৈকেয়ীর প্রত জরত অতিষিক্ত হইয়া রাজ্য নিক্তণ্টক করিবার বাসনায় আমাদের নিধন কামনায়



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

উপস্থিত হইয়াছে। সম্মূখে এই যে অত্যুচ্চ বৃক্ষ দেখিতেছেন, উহার অন্তরালে রথের উন্নত কোবিদার-ধ্রক্ত দৃষ্ট হইতেছে। ঐ সমস্ত অশ্বারোহী বেগগামী তুরগে আরোহণপূর্বক এই দিকে আসিতেছে। হস্তিপূষ্ঠেও বহুসংখ্য লোক হুন্টমনে আগমন করিতেছে। আর্য! এক্ষণে আমরা শরাসনগ্রহণপূর্বক পর্বত আশ্রয় করিয়া ধ্যাকি: অথবা কর্ম ধারণ ও অস্ত্র উত্তোলন করিয়া এই স্থানেই অবস্থান করি। অদ্য ভরত কি যুদ্ধে আমাদের বশীভূত হইবে? যাহার জন্য আমরা সকলে এইরূপ দুঃখ পাইতেছি, আজ আমি তাহাকে দেখিব। যাহার নিমিত্ত আপনি রাজ্যচয়ত হইলেন, এক্ষণে সেই শুরু উপস্থিত হইয়াছে, সে আমাদের বধ্য: তাহাকে বধ করিতে আমি কিছুমার দোষ দেখি না। যে ব্যক্তি অগ্রে অপকার করিয়াছে, ভাহার বিনাশে কখন অধর্ম স্পশিবে না। ভরত প্রাপরাধী, ভাহাকে সংহার করিলে আমাদের ধর্মলাভ হইবে সদেহ নাই। এক্ষণে আপনি ঐ দৃষ্টকে বধ করিয়া সমগ্র পৃথিবী শাসন কর্ন। অদা রাজ্যদৰ্শা কৈকেয়ী দঃখিতচিত্তে ভরতকে আমার হলেত হলিতদত্তবিদাপি ব্লের ন্যায় নিহত দেখিবে। অদ্য আমি মন্ধরার সহিত কৈকেরীকেও বিনাশ করিব। অদ্য বসমেডী মহাপাপ হইতে বিমান্ত হউন। যেমন তুণরাশিতে অন্নি নিক্ষেপ করে, তদুপে আমি আজ্ব শরুসৈন্যে সঞ্জিত ক্রোধ ও অসংকার পরিত্যাগ করিব। অদ্য শাণিত শরসমূহে শত্র-শরীর ছিল্ল-ভিল্ল করিয়া ⁄ ছিইজুটের কানন শোণিতার করিয়া ফেলিব। এক্ষণে আমার শরদন্ডে বে-সমস্ত্র ক্রেস্টী অথব ও মন্ত্রা খণ্ড খণ্ড হইয়া পড়িবে, শ্বাল ও কুরুরসকল তার প্রিসাকে আকর্ষণ করুক। আসি নিশ্চয়ই কহিতেছি, ভরতকে সসৈন্যে নিহ্ত ক্ষিয়া অদা শরকার্যকের খণ পরিশোধ করিব।

সশ্তনমতিতম সগঁ ॥ অনুষ্ঠানীম, লক্ষ্যণকে ভরতের প্রতি একান্ত ফ্রোধাবিদ্য দেখিয়া সান্দ্রনাবাক্যে কহিছে লাগিলেন, বংস! মহাবল ভরত স্বয়ং উপন্থিত হইয়ছেন, এক্ষণে সচর্ম অসি ও শরাসনে কি প্রয়েজন? আমি পিতৃসত্য পালনের অগানির করিয়াছি, স্তরাং বৃদ্ধে ভরতকে সংহার করিয়া কলিকত রাজ্যেই বা আমার কি হইবে? আত্মীয় স্বজন ও বন্ধ্বান্ধ্বকৈ বিনাশ করিলে বে-সমস্ত দ্বেরের অধিকার সন্ভব, আমি বিষমিশ্রিত অফ্রের নায় তাহা কদাচ প্রতিগ্রহ করিব না। এক্ষণে আমি শপথ করিয়া কহিতেছি, ধর্ম অর্থ কাম এবং প্রথিবীকেও কেবল তোমাদের নিমিত্ত অভিলাষ করি। অন্দ্র স্পর্শা করিয়া কহিতেছি, লাতৃ-গণকে পালন ও ভাহাদের স্বেবর্ধনের জনাই আমার রাজ্যলাভের বাঞ্চা, লক্ষ্যণ!



এই সাগরাম্বরা বস্কুরা আমার পক্ষে দূর্লভ নহে, কিন্তু আমি অধর্মান্সারে ইন্দুত্বও প্রার্থনা করি না। অধিক কি তোমাদিগকে উপেক্ষা করিয়া আমি যে স্থের স্পূহা করিব, অণ্নি ষেন তাহা তংক্ষণাৎ ভঙ্গাসাৎ করিয়া ফেলেন। বংস! এক্ষণে বোধ হয়, প্রাণাধিক ভরত মাতৃলগৃহ হইতে অযোধ্যায় আসিয়াছেন। আসিয়া আমার জ্বটাচীরধারণ এবং জ্বানকী ও তোমার সহিত নির্বাসন এই অপ্রীতিকর সংবাদে যারপরনাই কাতর হইরা স্নেহভরে কেবল আমায় দেখিবার জন্য উপস্থিত হইয়াছেন। তাঁহার আসিবার অন্য কোন অভিপ্রায় সম্ভাবনা করিও না। এক্ষণে তিনি জননী কৈকেয়ীর প্রতি ক্লোধ ও কট্রিন্ত করিয়া পিতার সম্মতিক্রমে আময়ে রাজ্য সমর্পণ করিবেন। তিনি দ্রাতা ভরত, সূতরাং আমাদিগের সহিত সাক্ষাৎ করা তাঁহার উচিতই হইতেছে। তিনি মনেও কখন আমাদের অহিতাচরণ করিবেন না। লক্ষ্যুণ! তুমি বে আজ তাঁহাকে শণ্কা করিতেছ, ইহার কারণ কি ? তিনি কি কখন তোষার কোন অপকার করিয়াছেন? এইরূপ ভয়ঞ্কর কথা কি কখন তোমায় কহিয়াছেন? তাঁহার প্রতি কোনপ্রকার নিষ্ঠ্যে বাক্য আর প্রয়োগ করিও না। ভরতকে রূঢ় কথা কহিলে আমাকেই লক্ষ্য করা ইইবে। জানি না, সংকটকালে পার পিতাকে এবং ভ্রাতা প্রাণসম ভ্রাতাকে কি প্রকারে সংহার করে? যদি রাজ্যের নিমিত্ত ঐ প্রকার কহিয়া থাক, বিহা হইলে আমি ভরতের সাক্ষাতে বলিব, তুমি ই হাকে রাজ্য দেও। আমি ক্রিমে প কহিলে তিনি কখনই অস্বীকার করিবেন না।

লক্ষ্যণ ধর্ম পরাররণ রামের এই কথা বুলিয়া লক্ষ্যার বেন দেহমধ্যে প্রবেশ করিলেন এবং মনে মনে অভ্যন্ত সংকৃদ্যি হবরা কহিলেন, আর্ম! বোধ হর পিতা শ্বরংই আপনাকে দেখিবার জন্য অন্ত্রেমিছেন। তখন রাম লক্ষ্যাণকে বংপরোনাদিত অপ্রস্তুত দেখিয়া তাঁহার ভাবাতকে সম্পাদনের নিমিন্ত কহিলেন, ভাই! জ্ঞান হয়, পিতা এখানে ঐ নিমিত্তই ক্রিমিন্ত হইয়াছেন। দেখ, ভোগবিলাসে কালক্ষেপ করা আমাদের অভ্যাস, বিনি তাহা জ্ঞানেন; একণে আমরা অরণ্যবাসে ক্রেশ পাইতেছি তিনি ইহা অনুধাবন করিয়া আমাদিগকে গ্রে শইয়া যাইবেন সন্দেহ নাই! ঐ সেই বায়্বেগগামী মহাবল দ্ব অন্ব পরিদ্শামান হইতেছে। ঐ সেই শার্প্তর নামে বৃহৎকায় বৃদ্ধ হস্তী সৈন্যগণের অগ্রে আগমন করিতেছে। কিন্তু তাঁহার সেই প্রখ্যাত শ্বত ছত্ত দেখিতেছি না; যাহাই হউক, এক্ষণে আমার মনে বিশেষ সংশ্র উপস্থিত হইল। লক্ষ্যণ! তুমি আমার কথা শান এবং বৃক্ষ হইতে অবতরণ কর। অনন্তর লক্ষ্যণ রামের আদেশমাত্র বৃক্ষ হইতে অবতাণ হইয়া ক্রতাঞ্জলিপটে তাঁহারই পাশ্বের্ণ দন্ডায়মান রহিলেন।

এদিকে ভরত লোকের সংমর্দ না হয়, এইজন্য সৈন্যগণকে পর্বতের ইতস্ততঃ অবস্থান করিতে অনুমতি করিলেন। উহারাও তথায় সাধ্যোজন অধিকার করিয়া বাস করিতে লাগিল।

জন্দনবিভিত্স সর্গা। অনশ্তর ভরত গ্রেজনসেবক রামের নিকট পদর্জে গমন করিতে অভিলাষী হইরা শরুষাকে কহিলেন, বংস! তুমি বহুসংখা লোক ও নিষাদগণকে লইরা শীঘ্র অরণাের চতুদিকি অনুসন্ধানে প্রবৃত্ত হও। গুহু শর-শরাসনধারী জ্ঞাতিগণে পরিবৃত হইয়া রাম ও লক্ষ্যাণকে অন্বেষণ কর্ন এবং আমিও প্রেবাসী, অমাতা, গুরু, ও রাক্ষণের সহিত পাদ্চারে পরিপ্রমণে প্রবৃত্ত

হই। বলিতে কি, বতক্ষণ না আমি রাম লক্ষ্যণ ও জানকীর দর্শন পাইতেছি যতক্ষণ না রামের সেই পদ্মপলাশলোচন চন্দ্রানন দেখিতেছি, যতক্ষণ না তাঁহার ধ্বজবজ্ঞাপ্কুশলাঞ্চিত চরণযুগল মদতকে গ্রহণ করিতেছি, এবং যতক্ষণ না তিনি অভিষেক-সলিলে সিক্ত হইয়া পৈতৃক রাজ্য অধিকার করিতেছেন, তাবং আমার মনে শান্তিলাভ হইতেছে না। লক্ষ্যণই ধনা, তিনি আর্য রামের সেই নির্মাল মুখকমল নিরণতর অবলোকন করিতেছেন। জানকীই ধনা, তিনি স্সাগরা,বস্কুধরার অধিপতি রামের অনুগ্রমন করিয়ছেন। এই গিরিরাজসদৃশ চিত্রক,টই ধন্য, যক্ষেণ্বর কুবের যেমন নন্দন কাননে তদ্রুপে রাম এই স্থানে বাস করিয়া আছেন। এই হিংস্র জনতুপরিপ্রেণ দুর্গম জরণাই ধনা, স্বয়ং রাম ইহা আশ্রম্ম করিয়া আছেন।

এই বলিয়া ভরত পদন্তকে গহন বনে প্রবেশ করিলেন এবং প্রতিশ্বাসঞ্জাত কুস্মিত ব্ক্লপ্রেণীর মধ্য দিরা গমন করিতে লাগিলেন। যাইতে যাইতে শীহ এক শালব্দ্ধে আরোহণ করিয়া দেখিলেন, রামের আশ্রমগত অগ্নির ধ্মশিখা উথিত হইয়াছে। তদ্দর্শনে তিনি, রাম এই স্থানেই আছেন, ব্বিয়া স্বান্ধ্রে যারপরনাই আনন্দিত হইতে লাগিলেন। জ্ঞান হইল, বেন তিনি পারাবার উত্তীর্ণ হইলেন। পরে অন্বেষণ-প্রবৃত্ত সৈন্যদিগকে তথায়া স্থানন করিয়া গ্রহের সহিত রামের আশ্রমাভিম্থে চলিলেন।

নৰনৰতিত্য সগাঁ। গমনকালে ভরত বিশ্বতিক কহিলেন, তপোধন! আপনি বিশ্বতিক না করিয়া আমার মাতৃগণ্ডের সিন্মন কর্ন। তিনি বিশ্বতিক এই কথা বিশ্বতা উৎস্ক মনে শত্রাকে বৈশ্বতা আশ্রম-চিহ্নসকল প্রদর্শনিপ্রিক প্রতিপদে যাইতে লাগিলেন। রামদশানের ইচ্ছা তাঁহার ন্যার স্মন্তেরও হইয়াছিল, সত্তরাং স্মন্ত্রও শত্রের অন সক্ষেত্র প্রকৃত্ত হইলেন। রুমশঃ ভরত কিয়্বন্র আত্রম করিয়া তাপসনিবাসসদ্শ এক পর্ণশালা দেখিতে পাইলেন। উহার সম্ম্থে ভ্রুন কান্ঠ এবং দেবার্চনার্থ আহ্যুত প্রেপ রহিয়াছে, অভান্তরে শতি-নিবারণের জন্য মৃগ ও মহিষের করীষ সঞ্জিত আছে। আরও দেখিলেন, স্থানে স্থানে আ্রমস্থ ব্রেক কুশ ও বন্ধলের অভিজ্ঞানও প্রদত্ত হইয়াছে।

তখন ভরত অতিমাত্র হৃষ্ট ইইয়া শত্র্যা ও মন্টাদিগকে কহিলেন, দেখ, মহর্ষি ভরন্বাল্প যে ন্থান নির্পণ করিয়া দিয়াছেন, এক্ষণে আমরা তথায় উপস্থিত ইইলায়। বোধ হয়, ইহার অদ্রেই মন্দাকিনী প্রবাহিত ইইতেছেন। এই সকল বৃক্ষে বনকল নিরন্থ দেখিতেছি; জ্ঞান ইইতেছে, লক্ষ্যাণকে অসময়ে আশ্রমের বহিভাগে আসিতে হয়, এই কারণে তিনি পথ পরিজ্ঞানের নিমিত্ত চিহ্ন স্থাপন করিয়া রাখিয়াছেন। ঐ শৈলপাশের বিশালদশন মাতজাগনের গমনপথ, উহারা পরস্পর পরস্পরের প্রতি তর্জন-গর্জন করিয়া ঐ স্থান দিয়াই ধাবমান ইইয়া থাকে। ম্নিনরা বনমধ্যে নিরন্তর যাহা রক্ষা করেন, ঐ সেই আন্নর নিবিড় ধ্ম উব্যিত ইইতেছে। আমি এখানেই সেই গ্রেশ্মের্যান্রাগী মহির্যিসদৃশ আর্য রামকে দেখিতে পাইব।

অনন্তর ভরত মন্দাকিনীর নিকট চিত্রক্ট প্রাশ্ত হইরা কহিলেন, আর্য রাম নিজানে বীরাসনে বসিয়া আছেন, এক্ষণে আমার জন্ম ও জীবনে ধিকা তিনি আমারই নিমিত্ত বিপল্ল ও বিষয়বাসনাশ্ন্য হইয়া বনবাসী হইয়াছেন, অতঃপর

এই লোকাপবাদ আমায় সহিতে হইবে। আজ রামকে প্রসন্ন করিবার নিমিত্ত তাহার পদতলে পড়িব, এবং লক্ষ্যণ ও জানকীরও চরণে ধরিব।

ভরত এইর প পরিতাপ করিতে করিতে নিকটম্থ হইয়া দেখিলেন, রামের পবিত্র পর্ণাকুটীর শাল, তাল ও অশ্বকর্ণোর পত্রে আচ্ছাদিত, বিশাল অম্প-বিস্তীর্ণ ও অতি সূন্দর। তন্মধ্যে ইন্দ্রায়ুখাকার মহাসার শগ্রনাশক গ্রেকার্য-সাধক শরাসন আছে, উহার পূষ্ঠ স্বর্ণপট্টে নিবন্ধ। ষেমন পাতালপরেরী সপে, তদুপ ত্ণীর স্থের ন্যায় উজ্জ্বল প্রদীপ্তমুখ তীক্ষা শবে পরিপূর্ণ রহিয়াছে। কোন স্থলে হেমময় কোষে অসি, স্বর্ণবিন্দ্রচিত্তিত চর্ম ও অর্গ্যাল-শ্রাণ। যেমন সিংহের গহরুর মূগের অগম্য, ডদ্রুপ ঐ পর্ণকুটীর শত্রুবর্গের একান্ত দুষ্প্রবেশ্য ছইয়া আছে। তথায় এক প্রশম্ভ বেদি প্রমৃত্ত ছিল, উহার উত্তরপূর্বাস্য ক্রমশঃ নিন্দ এবং উহাতে সতত আন্দ প্রজর্মানত হইতেছে। ভরত এইসকল নেত্রগোচর করিয়া পরে দেখিলেন, পদ্মপলাশলোচন হৃতাশনকণপ রাম, সাক্ষাৎ স্বয়স্ভ্র ন্যায় পর্ণকুটীর মধ্যে চর্মাসনে সীতা ও লক্ষ্যণের সহিত উপবিষ্ট আছেন। তাঁহার পরিধান চার বল্কল ও কুফাজিন, মস্তকে জটাভার। ভরত সেই সসাগরা প্রথিবীর অধিপতি ধার্মিককে দর্শন করিয়া দঃখাবেগে ধাবমান হইলেন এবং তংকালে অত্যন্ত অধীর হইয়া বাষ্পগদগদবাকো কহিতে লাগিলেন, হা! প্রজারা রাজসভার ঘাঁহার আরাধনা করিবে, একণে বন্য হার্টার তাঁহাকে বেন্টন করিয়া আছে। বহুমূল্য বস্তা পরিধান করা বাঁহার অক্সে তিনি এক্স্পে মৃগচর্ম ধারণ করিতেছেন। বিচিত্র মাল্যে বেশনিবাস করা বাঁহার সম্চিত তিনি এক্স্পে মৃগচর্ম ধারণ করিতেছেন। বিচিত্র মাল্যে বেশনিবাস করা বাঁহার সম্চিত তিনি এক্স্পে করিতেছেন। বিকর্পে মসতকে জটাভার বহন করিতেছেন। বাজার বেশনি এক্স্পে করিতেছেন। বাজার বােগ্য বিতান এক্স্পে করিতেছেন। বাজার বােগ্য বিতান এক্স্পে রিজত থাকিত, এক্ষণে তাহা কির্পে মললিশত আছে। বাংগ্রিমি কবল আমারই জনা এই ক্লেশ স্বীকার করিয়াছেন, অতঃপর এই ক্লেম্ স্থানত জীবনে ধিক!

এই বলিতে বলিতে ছিরত ঘমান্তম্থে রামের নিকট গমন করিলেন এবং সমিহিত না হইতেই রোদন করিতে করিতে ভত্তলে নিপতিত হইলেন। তাঁহার অশ্তরে দঃখানল জনলিয়া উঠিল। তিনি দীনভাবে কহিলেন, আর্য !—একবার মাত্র সম্বোধন করিয়াছেন, আর্মনি বাষ্পভরে তাঁহার কণ্ঠরোধ ইইয়া গেল, তিনি আর বাকাস্ফার্তি করিতে পারিলেন না। পরে পানরায় রামের প্রতি দ্যিতীপাত করিয়া কহিলেন, আর্য !—এবারেও তদুপে স্বরবন্ধ ইইয়া গেল।

অনশ্তর শার্ঘা সজললোচনে রামের পাদবন্দনা করিলেন। রামও তাঁহাকে আলিংগনপ্রক রোদন করিতে লাগিলেন। চন্দ্র ও সূর্য যেমন নভামেডলে শাক্ত ও বৃহস্পতির সহিত মিলিত হন, তদুপে রাম ও লক্ষ্মণ, স্মন্দ্র ও গ্রের সহিত সমাগত হইলেন। অরণ্যবাসীরা ঐ চারিজন রাজকুমারকে দেখিয়া বিষাদে অনগলি নেত্রজল মোচন করিতে লাগিল।

শততম সর্গা। এদিকে ভরত কৃতাঙ্কলি হইয়া ভ্তলে পতিত আছেন, তাঁহাব ম্খকান্তি মলিন, এবং তিনি যারপরনাই কৃশ হইয়া গিয়াছেন। রাম সেই ব্যান্তকালীন সূর্যের ন্যায় নিতান্ত দ্বিরীক্ষ্য জ্টাচীরধারী মহাবীরকৈ কথণিও চিনিতে পারিলেন এবং তাঁহার মুস্তকান্তাণ, হুস্তধারণ এবং তাঁহাকে



আলিশ্যন ও অঞ্চে গ্রহণ করিয়া সাদরে জিজ্ঞাসিলেন, বংস! এক্ষণে পিতা কোথায়? তুমি যে বনে আইলে? তাঁহার জীবন্দশার তোমার এ ন্থানে আগমন করা উচিত হয় নাই। আমি বহুদিনের পর তোমায় মাতৃলালয় হইতে আসিতে দেখিলাম। এক্ষণে বল, এই দুর্জের অরণ্যে তুমি কি কারণে উপন্থিত হইলে? মহারাজ কি জীবিত আছেন? না, আমার বিয়োগে শোকাকুল হইয়া লোকান্তরে গিয়াছেন? তুমি বালক, রাজ্য ত বিহন্ত হয় নাই? পিতৃসেবায় ত রত আছ? যিনি রাজসায় ও অন্বমেধ যজের অনুষ্ঠাতা, আমাদিগের সেই ধমাপরায়ণ পিতা ত কুশলে আছেন? কুলগ্রহ্ বিশিষ্ঠ ও যথোচিত আদর প্রাণ্ড হইয়া থাকেন? দেবী কৌশল্যা ও স্থিমিরার ত মঞ্চল? আর্যা কৈকেষী ত আনন্দে

কাল্যাপন করিতেছেন? মহাকুলোৎপল কার্যপরিদর্শক বিনয়ী বহু,জ্ঞ আয স্ব্যক্ত ত সংকৃত হইয়া থাকেন? ধীমান মন্ধ্যেরা ত তোমার অণ্নিকার্যে নিযুক্ত আছেন? উ°হারা যথাকালে হোমের সংবাদ তোমায় ত ভ্রাপন করিয়া থাকেন? তুমি ত দেবতা. পিতৃ, পিতৃতুল্য গ্রু, বৃন্ধ, বৈদ্য, ব্রাহ্মণ ও ভূতাগণকে সবিশেষ সম্মান কর? যিনি অমন্ত ও সমন্ত্রক শর প্রয়োগ করিতে সমর্থ, সেই অর্থশাস্ত্রবিৎ উপাধ্যায় সা্ধন্বার ত অবমাননা কর না? মহাবল বিজ্ঞ জিতেন্দ্রিয় সংকূলপ্রস্ত ইঞ্গিতজ্ঞ ও আত্মসম লোকদিগকে ত মন্ত্রিজে নিষ্ট্র করিয়াছ? দেখ, শাস্ত্রবিশারদ অমাত্যগণের প্রযত্নে মন্ত্র স্কুরক্ষিত হইলে নিশ্চয়ই জয়লাভ হয়। বংস! তুমি ত নিদ্রার বশীভাত নও? যথাকালে ত জাগরিত হইয়া থাক? রানিশেষে অর্থাগমের উপায় ত অবধারণ কর? তুমি একাকী বা বহু লোকের সহিত ত মন্ত্রণা কর না? যে বিষয় নিশাত হয়, তাহা ত গোপনে থাকে? যাহা অক্পায়াসসাধ্য এবং বহুফলপ্রদ এইরূপ কোন কার্য অবধারণ করিয়া শীয়ই ত তাহার অনুষ্ঠান করিয়া থাক? তোমার যে কার্য সমাহিত হইয়াছে এবং যাহা সম্পন্নপ্রার, সামন্তরাজগণ সেইগুলিই ত জ্ঞাত হইয়া থাকেন? যে-সমস্ত বিষয় অবশিষ্ট আছে, উ'হারা ত তাহা জানিতে পারেন না? তুমি ও তোমার মন্দ্রী, তোমরা, বাহা গোপন করিয়া রাখ 😿 ও বর্তির স্বারা তাহ। ত কেহ উল্ভাবন করিতে পারে না? সহস্র ম ক্ত্রি উপেক্ষা করিয়া একটিমার পণিডতকে ত প্রার্থনা করিয়া থাক? দেখু অপুস্কুকট উপস্থিত হইলে বিজ্ঞালোকই সর্বভোডাবে শভুসাধন করিয়া প্রকৃত্তিনা খাদ নুপতি সহস্র বা অব্তেম্বর্থে পরিবৃত হন, তাহা হইলে উস্প্রেক্তি স্বারা তাঁহার কোন বিষয়েই বিশেষ সাহাযালাভ হয় না। বালতে কি, সেইটি সহাবল স্বেক্তি বিচক্ষণ একজন অমাতাই, রাজা বা রাজকুমারের যথোচিত প্রদুদ্ধ করিতে পারেন। বংস! উন্নত শ্রেণীতে উন্নত, মধ্যম শ্রেণীতে মধ্যম গ্রেণীতে মধ্যম শ্রেণীতে মধ্যম গ্রেণীতে স্বাধ্য শ্রেণীতে অধ্য ভ্রেডা ত নিয়োগ করিরাছ? বে-সকল অ্যাত্য কুলকুমানত ও সচ্চরিত্ত, এবং বাঁহারা উৎকোচ গ্রহণ করেন না, তুমি তাঁহাদিগকে ত প্রধান প্রধান কার্যের ভার প্রদান কর? প্রজারা অতি কঠোর দশ্ভে নিপাড়িত হইয়া ত তোমার অবমাননা করে না? বেমন মহিলারা বল-প্রয়োগপর কাম,ককে ঘূণা করে, তদূপ বাজকেরা ত্যেমার পতিত জানিয়া ত অগোরব করিতেছেন না ? সামাদিপ্রয়োগকুশল রাজনীতিজ্ঞা, অবিশ্বাসী ভাতা, ও ঐশ্বর্যপ্রার্থী বীর, ইহাদিগকে যে না বিনাশ করে. সে শ্বরংই বিনণ্ট হয়, তুমি ত এই সিম্পান্তের অনুসরণ করিয়া থাক? যিনি মহাবীর ধীর ধীমান সং-কুলোদ্ভব স্কুদক্ষ ও অনুবস্তু, তুমি এইরূপ লোককে ত সেনাপতি করিয়াছ? যাঁহারা মহাবল পরাজানত শ্রেণীপ্রধান ও যুম্পবিশারদ এবং বাঁহারা লোকসমক্ষে আপনার পৌরুষের পরীক্ষা দিয়াছেন, ভূমি তাঁহাদিগকে ত সমাদর কর? ভূমি ত যথাকালে সৈন্যগণকে আনে ও বেতন প্রদান করিয়া থাক ? তান্বিষয়ে ত বিলন্দ্র কর না? অন্ন ও বেডনের কাল্যাতিকম ঘটিলে ভাত্যেরা স্বামীর প্রতি রুষ্ট ও অসম্তৃণ্ট হইয়া থাকে, এবং এই কারণেই তাঁহার নানা অনর্থ উপস্থিত হয়। বংস! প্রধান প্রধান জ্ঞাতিরা ডোমার প্রতি ত বিশেষ অনুরক্ত আছেন? এবং তাঁহারা তোমার নিমিত্ত প্রাণ পরিত্যাগেও ত প্রস্তৃত? যাহারা জনপদবাসী বিদ্যান অন্ক্ল প্রত্যুৎপশ্নমতি ও ধধোন্তবাদী, এইরূপ লোকদিগকে ত দৌতাকার্যে নিয়োগ করিয়াছ? তুমি অনোর অন্টাদশ ও স্বপক্ষে পণ্ডদশ, প্রত্যেক তীর্থে তিন তিন গৃহ্ণতচর প্রেরণ করিয়া ড সম্বদর জ্ঞানিতেছ? যে শত্র দ্রেরীকৃত

হইয়া প্নের্বার আগমন করিয়াছে, দূর্বল হইলেও তাহাকে ত উপেক্ষা কর না? নাস্তিক ব্রহ্মণ্দিগের সহিত তোমার ত বিশেষ সংস্তব নাই? ঐ সমস্ত পণ্ডিতাভি-মানী বালকেরা কেবল অনর্থ উৎপাদনেই স্পেট্। উৎকৃষ্ট ধর্মশাস্ত্র থাকিতে ঐ সকল কটেবোন্ধা ভকবিদ্যাজনিত বৃদ্ধি অবলম্বন করিয়া, নির্থক বাক্বিত•ডা করিয়া **থাকে। বং**স! বথার বহ_ুসংখ্য হস্তাশ্ব ও রখ আছে, প্রন্বার দৃঢ় ও দৃভেদ্যি, স্বকর্মপর উৎসাহশীল জিতেন্দ্রিয় আর্যগণ বাস করিতেছেন, এবং রমণীয় প্রাসাদসকল শোভা পাইতেছে, আমাদিগের পূর্বপূর্য্ব-গণের বাসভ্মি সেই স্প্রাসন্ধ অষোধ্যা ত তুমি রক্ষা করিতেছ? বথায় বহুসংখ্য চৈত্য, দেবস্থান, প্রপা ও তড়াগ রহিয়াছে, স্থীপ,র,্য সকলে হৃষ্ট ও সম্তুষ্ট, সমাজ ও উংসব সততই অন্যান্তিত হইতেছে, বে স্থানে বিস্তর রক্লের খনি, সীমান্তে ক্ষেত্রসকল হলক্ষিতি ও শস্য স্প্রচরে, বথায় দ্রাচার পামরেরা স্থান পায় না, হিংসা ও হিংস্ল জম্ভু নাই, এবং নদীজলেই কৃষিকার্য সম্পন্ন হইতেছে, সেই স্বস্থ জনপদ ত এক্ষণে উপদূবণ্না? কৃষক ও পশ্পালকেরা ত তোমার প্রিয়পার হইয়াছে? এবং উহারা স্ব-স্ব কার্যে রত থাকিয়া সূখস্বচ্ছদে ড কালযাপন করিতেছে? ইন্টসাধন ও অনিন্টানবারণপূর্বক তুমি ত উহাদিগকে প্রতিপালন করিয়া থাক? অধিকারে যত লোক স্থাক, ধর্মান,সারে সকলকে রক্ষা করাই তোমার কর্তব্য। বংস! স্থালোকেরা ত্রিয়ান যতে সাবধানে আছে? উহাদিগকে ত সমাদর করিয়া থাক? বিশ্বস্থি করিয়া উহাদের নিকট কোন গ্রুত কথা ত প্রকাশ কর না? তোমার তিসেংগ্রহে আগ্রহ কির্পে? রাজ্যের অনেক বন হলতীর আকর, তংসম্পরের ত তত্ত্বাবধান করিয়া থাক? রাজবেশে সভামধ্যে ত প্রবেশ কর? প্রতিধি পর্বাহে গাত্রোভান করিয়া রাজপথে ত পরিপ্রমণ করিয়া থাক? ভ্রেটি কি নিভায়ে তোমার নিকট আইসে, না— এককালেই অন্তরালে রহিম্বেই? দেখ, অতিদর্শন ও অদর্শন—এই উভয়ের মধ্যরীতিই অর্থপ্রাণ্ডির করিগ। বংস! দর্শসকল ধনধানা জল বন্য অন্য শন্ত এবং শিক্ষী ও বীরে ত পরিপূর্ণ আছে? তোমার আয় ত অধিক, বায় ত অক্ষ? অপাত্রে ত অর্থ বিতরণ কর না? দৈবকার্য, পিতৃকার্য, অভ্যাগত ব্রাহ্মণের পরিচর্যা, যোখা ও মিত্রগৈ তি তুমি মৃত্তহুল্ত আছু? কোন শুন্ধুল্বভাব সাধুলোকের বিরুদ্ধে অভিযোগ উপস্থিত হইলে, ধর্মশাস্ত্রবিং বিচারকের নিকট দোষ সপ্রমাণ না করিয়া তুমি ত অর্থালোডে তাঁহাকে দণ্ড প্রদান কর না? বে ভঙ্কর ধৃত, লোপ্রের সহিত পরিগৃহীত এবং বহ^{্বিধ} প্রদেন স্পৃষ্ট হইয়াছে, ধনলোভে তাহাকে ত মোচন করা হয় না? ধনী বা দরিদ্র যাহারই হউক না, বিবাদর্প সংকটে তোমার অমাতোরা ত অপক্ষপাতে বাবহার পর্যালোচনা করেন? দেখ, যাহাদের মিখ্যাভিষোগের সম্বর্তিচার না হয়, সেইসকল নিরীহ লোকের নের হইতে যে অপ্রুবিন্দ্র নিপর্যতত হইয়া থাকে, তাহা ঐ ভোগাডি-লাবী রাজার প্রে ও পশ্বসকল বিনন্ট করিয়া ফেলে। বংস! তুমি বালক, বৃন্ধ, বৈদ্য, ও প্রধান প্রধান লোকদিগকে ত বাক্য ব্যবহার ও অর্থে বশীভতে করিয়াছ ? গুরু, বৃষ্ধ, ডপম্বী, দেবতা, অতিথি, চৈতা, ও সিম্ধ ব্রাহ্মণকে ত নমস্কার কর? অর্থ স্বারা ধর্ম, ধর্ম স্বারা অর্থে, এবং কাম স্বারা ঐ উভয়কে ত নিপর্নীড়িত কর না? <mark>তুমি ত বথাকালে ধর্ম অর্থ ও কাম সমভাবে সে</mark>বা করিয়া থাক? বিন্বান ব্রাশ্বাপেরা, পৌর ও জনপদবাসীদিগের সহিত ভোমার ত শাভাকাঞ্চা করেন? নাস্তিকতা, মিধ্যাবাদ, অনবধানতা, ক্রোধ, দীর্ঘস্তুতা, অসাধ্সংগ,

আলস্য, ইন্দ্রিয়েন্বা, এক ব্যান্তর সহিত রাজ্যচিন্তা, ও অনর্থদশীদিগের সহিত পরামর্শ, নিগাঁত বিষয়ের অনন,্তান, মন্ত্রগাপ্রকাশ, প্রাতে কার্যের অনারম্ভ এবং সম্দর শত্র উদ্দেশে এককালে যুম্থবারা, তুমি ত এই চতুর্দশ রাজদোষ পরিহার করিয়াছ? দশবর্গা, পঞ্চবর্গা, চতুর্বার্গা, সম্ভবর্গা, অন্টবর্গা ও চিবর্গোর ফলাফল ত জানিয়াছ? ত্রুয়ী বার্তা ও দশ্চনীতি এই তিন বিদ্যা ত তোমার অভাস্ত আছে? ইন্দিয়ন্ত্র, যাড়গুণো, দৈব ও মানা্য বাসন, বিংশতিবর্গ, প্রকৃতিবর্গ, মন্ডল, ধারা, দন্ডবিধান, দ্বিয়েনি, সন্ধি ও বিগ্রহ এই সমাদয়ের প্রতি তোমার ত দ্বন্টি আছে? বেদোম্ভ কর্মের ত অনুষ্ঠান করিতেছ? ক্রিয়াকলাপের ফল ত উপলব্ধি হইতেছে? ভার্যাসকল ত বংখ্যা নহে? শাস্তজ্ঞান ড নিম্ফল হয় নাই? আমি বের্প কহিলাম, তুমি ত এইপ্রকার ক্স্থির অন্সারে চলিতেছ? ইহা আর্ত্কর বদস্কর এবং ধর্ম অর্থা ও কামের পরিবর্ধাক। আমাদিগের প্রীপতামহগদ বে প্রণালী অবলম্বন করিয়াছিলেন, তুমি ত তাহারই অন্সরণ করিয়াছ? স্বাদ্য ভক্ষা ভোজা তুমি ও একাকী ভোজন কর না? যে-সকল মিত্র আকাঞ্জা করেন, তাঁহাদিগকে ত উহা প্রদান করিয়া থাক? বংস! দেখ, প্রজাগণের দশ্ভদাতা মহীপাল ধর্মান্সারে সমস্ত পালন ও সমগ্র প্রিবী লাভ করিয়া অন্তে স্বর্গপ্রাণ্ড হইরা থাকেন্ত্রি

একাধিকশভভদ লগা। রাম প্রাত্তবংসল ভর্তকে প্রথনজনে এইর,প উপদেশ দিয়া কহিলেন, বংস! তুমি রাজ্য পরিত্যাগুরুত্বক জটাচীর ধারণ করিয়া কি কারণে এই স্থানে আইলে? স্পন্ট বল, প্রভিতে আমার অত্যন্ত ইচ্ছা হইতেছে। তখন ভরত কথাণ্ডং সোমেনেগ সংবরণ করিয়া কৃতাঞ্জলিপটে কহিতে

তখন ভরত কথাঁঞ্চং দেন্দ্রিলেগ সংবরণ করিয়া কৃতাঞ্জলিপ্টে কহিতে লাগিলেন, আর্থ! পিতা কৈন্দ্রীর নিয়াগে অতি দৃশ্কর কার্য সাধন করিয়া প্রশোকে সমন্ত পরিত্য পূর্বক ন্বগারোহণ করিয়াছেন। বলিতে কি, আমার জননী হইতেই এই অয়শন্তর গ্রন্থতর পাপ আচরিত হইয়াছে। রাজ্যভোগের কথা দ্রে থাক, তিনি বিধবা ও শোকার্তা হইয়া অতঃপর ঘার নরকে নিমন্দর হইবেন। আর্য! আমি আপনার দাস, আপনি আমার প্রতি প্রসম হউন, এবং ন্বরং দেবরাজের ন্যায় রাজ্য অধিকার কর্ন। এই সমন্ত প্রজা ও বিধবা মাতৃগণ আপনার সমিধানে আসিয়াছেন, একণে প্রসম হউন। আপনি সর্বজ্যেন্ঠ, অভিবেক আপনাকেই অর্শে, একণে আপনি ধর্মান্সারে রাজ্যগ্রণ করিয়া আদ্বীয়ন্মজনের কামনা পূর্ণ কর্ন। বস্মতী অপনাকে পতিথে লাভ করিয়া বৈধবা হইতে বিম্বত্ত হউন। আমি মন্ত্রিগণের সহিত আপনার চরণে ধরি, আমি আপনার প্রতা শিষ্য ও দাস, আপনি প্রসম হউন। এই সমন্ত অমাত্য প্র্বেপরন্পরাগত, ই'হারা কথন উপেক্তিত হন নাই, ই'হাদিগকে অতিক্রম করা আপনার উচিত হইতেছে না। এই বিলয়া ভরত বাম্পাকুললোচনে রামের পদতলে নিপ্তিত হইলেন।

তথন রাম ভরতকে দৃঃখভরে মন্ত মাতশ্যের ন্যায় খন খন উচ্ছবাস পরিত্যাগ করিতে দেখিয়া তাঁহাকে আলিজানপূর্বক কহিলেন, বংস! দেখ, আমি সং-বংশোশ্ভব ও তেজকবী, রাজ্যের নিমিত্ত মন্তিখ লোক কির্পে পাপ আচরণ করিবে? আমার বনবাস বিষয়ে তোমার অণ্মান্ত দোষ নাই। তুমিও অজ্ঞানতা নিবশ্বন তোমার জননীর প্রতি অকারণ দোষারোপ করিও না। উপযুক্ত প্র

ও কলতে গ্রুজনের স্বেচ্ছাচার অবিহিত নহে। ইহলোকে সাধ্রা ভার্যা, প্র ও শিষ্যদিগকে যেমন স্বৈরনিয়োগের পার বলিয়া জানেন, মহারাজের পক্ষে আমরাও তদুপ। তিনি আমাকে চীর পরিধান করাইয়া বনে দিতে পারেন এবং রাজ্য অপণেও তাঁহার সম্পূর্ণ প্রভাতা আছে। পিতার ষতদ্র গোরব, মাতারও তদুপ, আমাকে যথন তাঁহারা বনবাসে নিয়োগ করিয়াছেন, তথন কির্পে অন্য প্রকার আচরণ করিব? এক্ষণে তুমি অযোধ্যার গিয়া রাজ্য শাসন কর, আর আমি বলকল পরিধান করিয়া দশ্ভকারণাে অবস্থান করি। মহারাজ সর্বজন সমক্ষে এইয়্প ব্যবস্থা ও আদেশ করিয়া স্বর্গারোহণ করিয়াছেন। এক্ষণে তাঁহার বাক্য রক্ষা করা তোমার কর্তবা। তিনি তোমার যে ভাগ নির্দেশ করিয়া দিয়াছেন, তুমি গিয়া ভাহা উপভোগ কর। সেই ইন্দ্রতুলা মহান্যা আমার ষাহা কহিয়াছেন, তাহা আমার হিতকর, রাজ্য কোনমতেই প্রীতিকর হইতেছে না।

ব্যাধনশত তম লগা। ভরত কহিলেন, আর্য! আমি ধর্ম প্রত্য হইয়াছি, স্কুতরাং রাজধর্মে আর আমার প্রয়োজন কি? জ্যেষ্ঠ সত্ত্বে কনিষ্ঠের রাজ্যাধিকার নিষিধ্ধ, এই ব্যবহারই আমাদের প্র্র্বপরম্পরার আদ্ত হইয়া আসিতেছে। অতএব এক্ষণে আপনি আমার সহিত অবোধ্যার চল্লে অপ বংশের অভ্যাদরকামনার রাজ্যভার গ্রহণ কর্ন। যাহার কার্য ধর্মান্গাছি অলোকসামন্যে সকলে যদিও সেই রাজাকে মন্যা বিলয়া নির্দেশ করে কিব্ তির্কু তিনি দেবতা। আর্য! আমি যখন কেকয় দেশে, আপনি অরণ্যবাহত এই অবকাশে সেই যজ্ঞালি রাজা দেহত্যাগ করিয়াছেন। অযোধ্যা হুইছে জানকী ও লক্ষ্মণের সহিত আপনার নিম্ত্রণত হইয়া অব্যবহিত প্রেই তিনি শোকভরে অভিভ্ত হইয়া লোকলীলা সংবরণ করেন; এক্ষণে আপনি তিখিত হইয়া তাহার তপণে কর্ন; আমরা প্রেই এই কার্য অনুর্বৃত্তি করিয়াছি। আপনি পিতার অত্যন্ত প্রিয় ছিলেন, প্রিয়প্রত্র কর্স্ক পিত্লোকৈ অক্ষর হইয়া থাকে। হা! মহীপাল আপনার দর্শন লালসায়, উদ্দেশে কতই শোক করিয়াছেন; তিনি কোনমতে আপনা হইতে চিত্ত প্রতিনিব্ত করিতে পারিলেন না, আপনার বিয়োগেই রুণন হইলেন, এবং আপনাকে ক্ষরণ করিতে করিতেই প্রণেত্যাগ করিলেন।

চ্যাধিকশততম কর্স ॥ রাম ভরতের মূথে এই বজ্রপাতসদৃশ নিদার্ণ বাক্য প্রবণ করিয়া বাহ্প্রসারণপূর্বক পরশ্লিছেল কুস্মিত ব্যক্তর ম্যায় ভ্তলে ম্ছিত হইয়া পড়িলেন। তখন তদীর প্রাত্তগণ ও জানকী উৎখাতকেলি-পরিপ্রান্ত মাতথের ন্যায় তাঁহাকে ধরাশারী দেখিয়া বাল্পাকুললোচনে তাঁহার চৈতন্য সম্পাদনের নিমিত্ত জলসেক করিতে লাগিলেন। ক্রমশঃ রামের সংজ্ঞালাভ হইল। তিনি রোদন করিতে করিতে দীনভাবে কহিলেন, ভরত! পিতা দ্বর্গারোহণ করিয়াছেন, এক্ষণে আমি অযোধ্যায় গিয়া কি করিব? সেই রাজকুলকেশরীবিরাহিত নগরীকে অতঃপর আর কেইন্বা প্রতিপালন করিবে? আমি অতি অশ্ভজন্মা, আমা হইতে পিতার কোন্ কার্য সাধিত হইবে? বিনি আমার শোকে দেহপাত করিয়াছেন, আমি তাঁহার অলিনসংস্কারাদি কিছুই করিতে পারিলাম না। ভরত! তুমি ধনা, তুমি ও শত্রেছা তোমরা পিতার অন্তেতিট

ক্রিয়া সম্পাদন করিয়াছ। এক্ষণে বনবাসকাল অতিক্রান্ত ইইলেও আমি আর সেই নিরাশ্রয় বহুনায়ক অযোধ্যায় যাইব না; পিতা দেহত্যাগ করিয়াছেন, সত্তরাং যাইলেও অতঃপর কে আমায় হিতাহিত উপদেশ দিবে? আমি কোন কার্য সত্তার্রপে নির্বাহ করিলে তিনি আমাকে যে-সমুস্ত বাক্যে অভিনন্দন করিতেন, এক্ষণে সেই প্রকার শ্রভিস্কুষকর কথাই বা আর কে শ্নাইবে?

অনত্র রাম প্রতিদ্যাননা জানকীর সম্মুখীন হইয়া শোকাকুলমনে কহিলেন, সীতে! তোমার শ্বশ্র দেহত্যাগ করিয়াছেন। লক্ষ্যণ! তুমি পিতৃহীন হইয়াছ। অদ্য প্রাত্তা ভরত এই শোক-সংবাদ প্রদান করিলেন!

রাম এইর্প কহিলে তৎকালে সকলেরই নের হইতে প্রবলবেগে বাজ্পবারি বহিতে লাগিল। তথন তাঁহারা রামকে সাজ্জনা করিয়া কহিলেন, আর্য! আর্পনি এক্ষণে মহারাজের তর্পণ কর্ন।

শ্বশারের স্বর্গারোহণ-বার্তা প্রবণে জানকীর নয়ন্যুগল বাষ্পভরে অবর্শধ হইয়াছিল, তাল্লবন্ধন তিনি আর রামকে নিরীক্ষণ করিতে পারিলেন না। তখন রাম তাঁহাকে সাম্থনা করিয়া দৃঃখিত মনে লক্ষ্মণকে কহিলেন, বংস! তুমি ইখ্যুদীফল ও নতন বল্কল আনরন কর, আমি একণে মন্দাকিনীতে গিয়া পিতার তপণি করিব। জানকী অগ্রে অগ্রে গমন ক্রিক্রে, তুমি ই'হার অন্সরণ করিবে, আমি স্বশােষে যাইব। দেখ, শােককালে ক্রিকে গমন করাই শান্তসংগত।

আন্তর চিরান, চর স্মৃত্য রামের হস্ত্যাবিশ্ব তিহাকে সাক্ষ্যা করিছে করিতে মন্দ্রনা তিথি আনরন করিলেনা পরত প্রভাৱি অন্যান্য সকলেও তথার উপস্থিত হইলেন। তথান রাম দক্ষিণ্টো হইয়া অঞ্জলিপ্র্য জল লইয়া গলদশ্র-লোচনে কহিলেন, পিতঃ! আপনি ক্রিলেনে গমন করিয়ছেন, একণে মংপ্রদন্ত এই নিমলি জল আপনাকে প্রতিশ্ব কর্ক। পরে তিনি দ্রাত্যাণ সমিভিব্যাহারে নদীতীরে উত্তীর্ণ ইইলেন করিছে কর্ক। পরে তিনি দ্রাত্যাণ সমিভিব্যাহারে নদীতীরে উত্তীর্ণ ইইলেন করিছে করিছে করিছে করিছে ইংগান্দীপিন্ড সংস্থাপনপ্র্রক দ্রুখিতম্বৈ রোদন করিতে করিতে কহিলেন, পিতঃ! আপনি প্রতি হইয়া এই পিন্ড ভক্ষণ কর্ন। আমরা একণে বনমধ্যে এইর্প বস্তুই ভোজন করি। প্রেমের যে বস্তু ভোগের, তাহার পিত্লোকেরও তাহাই উপযোগের হইয়া থাকে।

পরে তিনি নদীতট পরিত্যাগপ্রক ষে পথে আসিয়াছিলেন সেই পথ দিয়া পর্বতে উথিত হইলেন, এবং পর্ণকৃটীরন্বারে উপস্থিত হইয়া দুই হতে ভরত ও লক্ষ্মণকে গ্রহণ করিলেন। ঐ সময় তাঁহারা পিতৃশোকে অধিকতর অধীর হইয়া উঠিলেন, এবং জানকীর সহিত মিলিত ইইয়া রোদন করিতে লাগিলেন। উত্থাদের রোদন-শব্দ সিংহনাদের ন্যায় পর্বত প্রতিধ্বনিত করিয়া তুলিল। ঐ তুম্ল ধ্বনি শ্রবণে ভরতের সৈন্যগণ মনে মনে নানা আশ্ভনা করিয়া অত্যত ভীত হইল এবং পরস্পর কহিতে লাগিল, বোধ হয়, ভরত রামের সহিত সমাগত হইয়া থাকিবেন। তাঁহারা পিতার উদ্দেশে শোক করিতেছেন, তাহারই এই মহাকোলাহল উথিত হইয়াছে। এই বলিয়া অনেকে অন্ব পরিত্যাগপ্রক সেই শব্দমাত্র লক্ষ্য করিয়া অনন্যমনে ধাবমান হইল। যাহারা অত্যতে স্কুমার তাহাদের মধ্যে কেহ হসতী, কেহ অন্ব, এবং কেহ বা রথে আরোহণ করিয়া যাইতে লাগিল। অল্পদিন হইল রাম বনবাসী হইয়াছেন, কিন্তু সকলেই যেন তাঁহাকে চিরপ্রবাসীর ন্যায় অনুমান করিল এবং তাঁহার দর্শন লাভার্থ অত্যত উৎস্কে হইয়া ছরিংপদে আশ্রমাভিম্থে চলিল। বনভূমি রথচকে দলিত ও

তুরগন্ধনে সমাহত হইয়া মেঘাজ্য়ে পগনের ন্যায় গভীর শব্দ করিতে লাগিল। করেণ্-পরিবৃত মাতগেরা অতিশয় ভীত হইয়া মদগন্থে চতুর্দিক আমেদিত করত বনাশ্তরে প্রবেশ করিল। বরাহ, মৃগ, মহিষ, সিংহ, স্মর, ব্যান্ত্র, গোকর্ণ, গবয় ও গ্রেতসকল শব্দিকত হইয়া উঠিল। চক্রবাক, বক, হংস, কোকিল, ও ক্রোগুগণ বাস্তসমস্ত হইয়া চতুর্দিকে পলায়ন করিতে লাগিল এবং ভ্লোক ও দ্যুলোক মন্যা ও পক্ষিগণে আকীর্ণ ইইয়া অপূর্ব এক শোভা ধারণ করিল।

অনন্তর ভরতের অন্চরগণ আশ্রমে প্রবেশপ্র্বিক দেখিল, নিন্কলন্ধ রাম চমরে উপবেশন করিয়া আছেন। দেখিয়াই উহাদের নের অশুপূর্ণ হইল এবং উহারা মন্থরার সহিত কৈকেয়ীর যথোচিত নিন্দা করিতে করিতে তাঁহার নিকট গমন করিল। তখন রাম উহাদিগকে দেখিয়া গারোখানপ্র্বিক বাংসলাভাবে আলিগনে করিলেন; উহায়াও তাঁহাকে প্রণাম করিল। অনন্তর সকলে মিলিড হইয়া রেদন করিতে প্রবৃত্ত হইলেন। ঐ ম্দেগনাদসদৃশ রেদনধর্নন প্রথবি ও অন্তরীক্ষ প্রতিধর্নিত করিতে লাগিল।

চতুরথিকশতভ্য লগা n এদিকে মহাবা বাশিন্ত রামদশ্বনিভিলাবে রাজমহিবাদিগকে অগ্রে লইয়া আশ্রমের সালাহিত হইলেন। মহিবার কাতিট দিয়া ম,দ,পদে গমন করিতেছেন, দেখিলেন, মন্দাকিনার এক স্থানে বি লক্ষ্যাণের অবতরণার্থ সোপানপথ রহিয়াছে। তদ্দশানে কোল্ল্যা সজলন্মনি ক্তেক্ষ্যখে দীনা স্মান্তা ও অন্যান্য সপত্নীকে কহিলেন, দেখ যাঁহারা রাজ্য হিতে নিবাসিত হইয়ছেন, এইটি সেই অনাথদিগেরই তীর্থা স্মান্তা তেলের পত্রে লক্ষ্যাণ স্বয়ং নিরলস হইয়া রামের জন্য এই সোপানপথ দিয়া জব্দ ক্রয়া যান। তিনি বদিও নাচকার্যে নিব্তু আছেন, তথাচ নিন্দ্রীয় হাজ্যছেন না, যাহা জ্যোন্তের অনাবশ্যক, তাহাই তাহার গহিতে। যাহা হত্ত প্রক্রমণ লক্ষ্যণ বে ক্রেশ স্বীকার করিতেছেন, ইহা কোনও মতে তাহার যোগ্য নহে, তিনি আজ এই দ্বেশজনক জয়ন্য কারিতাক কর্ন।

এই বলিয়া কোশল্যা গমন করিতেছেন, ইতাবসরে ভ্তলে দক্ষিণাভিমাখ দর্ভেপিরি ইপ্যানিছের পিন্ড নিরক্ষিপপ্রক সপদ্ধীগণকে কহিলেন, দেখ, এই ম্থানে রাম যথাবিধানে মহান্তা ইক্ষ্যাকুনাথের পিন্ড দান করিয়াছেন। যিনি বিবিধ ভোগ উপভোগ করিয়াছিলেন, সেই দেবতুল্য মহারাজের কিছ্তেই এইর্প দুর্য ভোজন করা যোগ্য হইতেছে না। যাঁহার প্রভাব ইন্দের ন্যায় এবং যিনি সসাগরা প্থিবীর রাজা ছিলেন, এক্ষণে তিনি ইপ্যান্দীফল কির্পে ভক্ষণ করিবেন। রাজকুমার রাম এই প্রকার পিন্ড দান করিলেন, ইহা অপেক্ষা অস্থের আর আমার কিছ্ই নাই। যাহার যের্প অল্য তাহার পিত্লোককে তাহাই আহার করিতে হয়, এই লোকপ্রসিন্ধ কথা এক্ষণে সত্যবোধ হইল। যাহাই হউক, এই শোচনীয় ব্যাপার দেখিয়া আজ আমার হৃদ্য কেন সহস্রধা বিদীর্ণ হইল না!

অনন্তর মহিষীরা নিতান্ত কাতর হইয়া কৌশল্যাকে নানাপ্রকারে সন্থেনা করত আশ্রমে প্রবেশ করিলেন। দেখিলেন, ভোগপরিশ্না স্বর্গদ্রুক্ট দেবতা-সদৃশ রাম তন্মধ্যে অকথান করিতেছেন; দেখিয়াই শোকে অধীর হইলেন এবং সন্বরে রোদন করিতে লাগিলেন।

তখন রাম গাত্রোখান করিয়া উ'হাদিগকে প্রাণিপাত করিলেন। তিনি প্রণাম করিলে উ'হারা স্থপশা স্কোমল পাণিতল দ্বারা তাঁহার প্রেণ্ঠর ধ্লি মার্জনা করিতে প্রবৃত্ত হইলেন। অনন্তর লক্ষ্মণ দুঃখিতমনে ভব্তিসহকারে উ'হাদিগকে অভিবাদন করিলেন। উ'হারা রাম নির্বিশেষে তাঁহাকেও সবিশেষ বন্ধ ও দেনহ করিতে লাগিলেন। পরে বনবাসকৃশা জানকী অশ্রুপ্রিলাচনে দ্বশ্রেগণের পাদবন্দনা করিয়া সম্মুখে দন্ডায়মান রহিলেন। তদ্দর্শনে কৌশলাা নিতান্ত দুঃখিত ইইয়া তাঁহাকে দুহিতার ন্যায় আলিশ্যনপ্র্বক কহিলেন, হা! বিদেহরাজের কন্যা, দশরথের প্রেবখ্, রামের ভাষা কির্পে এই নির্দান বনে দুঃখ ভোগ করিতেছেন! বংসে! তোমার মুখখানি শ্রুক কমলের ন্যায়, দলিত রক্তোংপলের ন্যায়, ধ্লিজিপ্ত কাগনের ন্যায় এবং মেঘান্তরিত চন্দের ন্যায় মিলন দেখিয়া অণ্নি যেমন কান্ডকৈ দশ্য করে সেইর্প শোক আমার অন্তর্শাহ করিতেছে।

অনন্তর স্রপতি যেমন ব্হস্পতিকে, তদুপ রাম অন্নিতৃল্য বিশিষ্ঠকে নমস্কার করিয়া তাঁহারই সহিত উপবিষ্ট হইলেন। ভরতও মন্দ্রী সেনাপতি ও ধর্মপরায়ণ পোরগণের সহিত তাঁহার পশ্চাশ্বাপ্তা কৃতাঞ্জালপটে উপবেশন করিলেন। তিনি রামকে বথোচিত সংকার করিছা কি বলিবেন, তংকালে সকলেরই মনে এই এক কোত্হল হইতে লাগিল। এ বিশ্ব ও তিন প্রাতা স্হ্লাণে পরিবৃত হইয়া সদস্যসহিত তিন অন্নির নাই শোভা পাইতে লাগিলেন। রন্ধনীও উপস্থিত হইল।

পঞ্চাধিকশততম সগা। বিজ্ঞারগণ আত্মীরস্বজনে পরিবেণ্টিত হইয়া পিতার উদ্দেশে শোক করিছেন, ইতাবসরে রাহ্র প্রভাত হইয়া গেল। তখন উহারা ও অন্যান্য সকলে মন্দাকিনীতীরে প্রাতঃকালীন হোম ও সাবিত্রী জপ সমাপন করিয়া রামের সন্নিহিত হইলেন এবং ত্রুকীন্ভাব অবলন্বনপূর্বক অবস্থান করিতে লাগিলেন।

অনশ্তর ভরত স্হ্ল্জনসমক্ষে রামকে কহিলেন, আর্য! পিতা যে রাজ্য দিয়া আমার জননীকে সাম্পনা করিয়াছিলেন, আমি এক্ষণে তাহা আপনার হলতে সমর্পণ করিতেছি, আপনি নিম্কণ্টকে ভোগ কর্ন। বর্ষাকালে প্রবল্প জলবেগ-ভান সেতুর ন্যায় এই রাজ্যখন্ড আপনি ভিল্ল আর কে আবরণ করিয়া রাখিতে পারিবে? যেমন গর্দভ অন্বের এবং পক্ষী বিহগরাজ গর্ডের গতি অনুকরণ করিতে পারে না, আপনার নিকট আমাকেও তদুপে জানিবেন। আর্য! অন্যে যাহার অনুবৃত্তি করে, তাহার জীবন স্থের, অর যে ব্যক্তি অপরের ম্থাপেক্ষা করিয়া থাকে, তাহার জীবন যারপরনাই অস্থের; স্তরাং রাজ্যভার গ্রহণ আপনারই সম্চিত হইতেছে। কেহ একটি বৃক্ষ রোপণ ও যমের সহিত পোষণ করিজে লাগিল; উহার স্কাধ্ ও শাখাপ্রশাখাসকল বিস্তীর্ণ এবং উহা থবাকার প্রাধের একান্ত দ্রারোহ হইয়া উঠিল; এক্ষণে ঐ বৃক্ষ প্রিপত হইয়া যদি ফল প্রসব না করে, তবে যে ব্যক্তি রোপণ করিয়াছিল, তাহার কির্পে সন্তোষলাভ হইবে? আর্য! এই দৃষ্টান্ত আপনারই নিমিত্ত প্রদর্শিত হইল। দেখ্ন, আপনি আমাদের রক্ষক, আমরা আপনার আশ্রেত ভ্তা, পালন করিবার প্রকৃত সময়ে আপুনি যখন উদাসীনা অবলম্বন করিয়াছেন, তথন পিতার সমস্ত দ্রিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রয়াস যে ব্যর্থ হইল, তাহাতে আর বক্তব্য কি আছে? অতঃপর নানা শ্রেণীর প্রধান লোকেরা আপনাকে প্রথর স্বর্ধের ন্যার রাজ্যে প্রতিষ্ঠিত দর্শন কর্ন; মত্ত ম্যতংগসকল আপনার অনুগমনার্থ আনন্দনাদ পরিত্যাগ কর্ক, এবং অনতঃপ্রের মহিলারাও ধারপরনাই আহ্মাদিত হউন। ভরত এইর্প কহিবামাশ্র তংকালে তত্ত্য সকলেই তাঁহাকে যথোচিত সাধ্বাদ প্রদান করিতে লাগিলেন।

তখন স্থাীর রাম প্রবোধবাক্যে তাঁহাকে কহিলেন, বংসু! জীব অস্বতন্ত্র, সে স্বেচ্ছান,সারে কোন কার্য করিতে পারে না, এই কারণে কৃতাশ্ত ইহকাল ও পরকালে তাহ্যকে আকর্ষণ করিয়া থাকেন। সম্যুদর বস্তুর নাশ আছে, উন্নতির পতন আছে। সংযোগের বিরোগ ও জীবনেরও মৃত্যু আছে। যেমন স্কুপঞ্চ ফলের বৃক্ষ হইতে পতন ভিন্ন অন্য কোনরূপ ভর নাই, তন্ত্রপ মৃত্যু ব্যতীত মন্ব্রের আর কোনও আশব্দা দেখি না। বেমন দ্টুস্তম্ভলম্বিত গৃহ জীর্ণ হইলেই ভঙ্গপ্রবণ হয়, তদুপে মন্ত্র জরাম্ভাবশে অবসল হইয়া পড়ে। যে রাচি অতিক্রান্ত হইল, তাহা আর প্রতিনিব্ত হইবে না; যম্নার স্লোত প্রণ সম্দ্রে বাইতেছে, তাহাও আর ফিরিবে না। বেমন গ্রীম্মের উত্তাপ জলাশয়ের জলশোষ করে, সেইরপে গমনশীল অহোরাত্ত মনুষ্ঠের আরুক্তৃয় করিতেছে। তুমি এক প্থানেই থাক, বা ইতস্ততঃ পর্যটন কর, তোমকে স্থায়, ক্রম্শঃ হ্রাস হইয়া শানেহ খাক, বা হত্তত প্রধান কর, তোমার ক্রায়, ক্রমণঃ হ্রাস হইরা আসিতেছে। স্তরাং তুমি আপনার অন্শোচন কর, অন্যের চিন্তায় তোমার কি হইবে? মৃত্যু তোমার সহিত গমন করিতেছে, তোমার সহিত উপবেশন করিতেছে এবং তোমারই সহিত বহু পথ সাজিল্লমণ করিয়া প্রতিনিব্ত হইতেছে। জ্রানিবন্ধন দেহে বলী দৃষ্ট হইল, ক্রেমণালা শ্রু হইরা গেল, এবং প্রবৃষ্ঠ জার্ণ হইরা পড়িল, বল দেখি, বি স্পারে এইসকল নিবারিত হইবে? মন্য্যু স্থোদরে আনন্দিত হয়, রক্ষ্মির্মাসমে প্রেক্ত হইয়া থাকে, কিন্তু তাহার যে আয়্কর হইল, তাহা কি ব্লিক অভ্যত হ্ট হইয়া থাকে; কিন্তু ঋতুপরিবর্তে যে তাহার আহ্রেছ আহ্রেছ হটল তাহা যে জ্বানিতে প্রতিল লা। বখন সম্প্রে ক্রেছ্ ঋতুপরিবর্তে যে তাহার আহ্রেছ হটল তাহা যে জ্বানিতে প্রতিল লা। ব্রুষ্ট ব্রুষ্ট ক্রেছ অভ্যানিতে যে তাহার আয়,ক্ষয় হইল, তাহা সে জানিতে পারিল না। যেমন মহাসম্দ্রে কান্ডে কান্ডে সংযোগ, আবার কালবশে বিয়োগ হইয়া থাকে, ধনজন, স্মীপত্তের বিষয়ও সেইর্প জানিবে। এই জীবলোকে জন্মমৃত্যশৃংখল অতিভ্রম করা অসম্ভব, স্বতরাং যে অন্যের দেহান্তে শোক করিজেছে, আপনার মৃত্যু নিবারণে তাহার সামর্থ্য নাই। যেমন একজন পথিক আর একজনকে অশ্রে যাইতে দেখিয়া তাহার অনুসরণ করিয়া থাকে, সেইর্প প্রপ্রুষেরা যে পথে গিয়াছেন সকলকেই তাহা আশ্রয় করিতে হইবে। অতএব যখন তাহার ব্যতিক্রম দৃঃসাধ্য, তখন মৃত লোকের নিমিত্ত শোক করা কি উচিত হয়? জলপ্রবাহের ন্যায় যাহার প্রত্যাবৃত্তি নাই, সেই বয়সের হ্রাস দেখিয়া আপনাকে স্বে-সাধন ধর্মে নিয়োগ করা শ্রেয় হইতেছে, কারণ সৃথই সকলের লক্ষ্য। বংস! সেই সক্জন প্রিজত ধর্মপরায়ণ পিতা বজ্ঞান,ন্ঠানবলে স্বর্গলাভ করিয়াছেন, তাঁহার নিমিত্ত শোক করা উচিত হইতেছে না। তিনি জীর্ণ মন্যাদেহ পরিত্যাগ করিয়া ব্রহ্মলোক-বিহারিণী দৈবী সম্দিধ অধিকার করিয়াছেন। এক্ষণে তাঁহার উল্দেশে শোক করা তোমার বা আমার তুলা জ্ঞানী বৃদ্ধিমানের সঞ্চাত হইতেছে না; সকল অবস্থাতেই শোক বিলাপ ও রোদন পরিভাগে করা স্থীর লোকের কর্তব্য। অতঃপর তুমি পিতৃবিয়োগ-দুঃখে অভিভূত হইও না, রাজধানীতে গিয়া বাস কর; পিতা তোমাকে এইর পই অনুমতি করিয়াছেন। আর আমি রথায় যে কার্যে

নিষ্ক হইয়ছি তথায় তাহারই অনুষ্ঠান করিব। তিনি আমাদের পিতা ও বন্ধ, তাঁহার আদেশ অতিক্রম করা আমার শ্রেয় হইতেছে না. তাঁহাকে সম্মান করা তোমারও উচিত। দেখ, বিনি পারলৌকিক শৃভ সণ্ডয়ে অভিলাষ করেন, গ্রুলোকের বশীভ্ত হওয়া তাঁহার বিধেয়। বংস। পিতা স্বকর্ম প্রভাবে সন্গতিলাভ করিয়াছেন, তুমি তাস্বিধয়ে স্পিরায়ণ রাম ভরতকে এই বলিয়া ত্ষশিভাব অবলম্বন করিলেন।

দড়বিকশতভয় সর্গাঃ অনন্তর ভরত কহিলেন, আর্যা: আপনি যের্প, এই জীবলোকে এপ্রকার আর কৈ আছে? দর্ভা অ্যাপনাকে ব্যাথিত এবং সূত্র্যও প্রকাকিত করিতে পারে না। আপনি বৃন্ধগণের নিদর্শনম্থল হইলেও ধর্মসংশয়ে উ'হাদের পরামশ গ্রহণ করিয়া থাকেন। আপনার নিকট জীবন ও মৃত্যু এবং সং ও অসং উভয়ই সমান: যখন আপান এইর প ব্যাশ্ব ধারণ করিতেছেন, তখন আপনার আর পরিত্যপের বিষয় কি? বলিতে কি. যিনি আপনার ন্যায় সপ্রপঞ্চ আপ্নার আর পারতাপের বিধর কি? বালতে কি, বিনান আপনার ন্যায় সপ্রপণ্ড আত্মতত্ত্ব অবগত আছেন, বিপদ উপস্থিত হইলেক তুইহাকে বিষয় হইতে হয় না। আপনি দেবপ্রভাব সর্বদশী সতাপ্রতিজ্ঞ ও কিছে; জীবের উৎপত্তি-বিনাশ আপনার অবিদিত নাই: স্তরাং দ্বিষহ দুঃখ ত্রাদ্শ ব্যক্তিকে কির্পে অভিভ্ত করিবে? আর্য! আমি যখন প্রবাদে ছিলাম ঐ সময় ক্রাণ্ডারা জননী আমার জান্তরেও লহে। একণে প্রসম হউন, আমি কেবল ধর্মান,রেছির সদ্শ অপরাধেও ঐ পাপীয়সীর প্রাণদশ্ভ করিলাম না। প্র্ণ্ডশীল গ্রাজ্য দির্ঘ্থ হইতে জন্মগ্রহণ এবং ধর্মাধর্ম অনুধাবন করিয়া কির্পে গহিত অহিছি করিব? আর্য! মহারাজ আমাদের গার্ পিতা ও দেবতা, কেবল এইসকল কারণে একণে আমি তাহার নিন্দা করিলাম না, কিন্ত যে ব্যক্তি ধর্মের মর্মন্তি স্থান হিতকামনায় এইবাপ কামপ্রধান পাপকর্ম কিন্তু যে ব্যক্তি ধর্মের মুমুদ্ধি স্ত্রীর হিতকামন্যর এইরূপ কামপ্রধান পাপকর্ম করা কি তাঁহার উচিত? প্রসিদ্ধি আছে যে, আসমকালে লোকের বৃদ্ধি-বৈপরীত্য ঘটিয়া থাকে, মহারাজের এই বাবহারে এঞ্চণে তাহা সত্য বলিয়াই বিশ্বাস ইইতেছে। যাহাই হউক, ক্লোধ মোহ ও অবিম্যাকারিতা নিবন্ধন তাঁহার যে ব্যতিক্রম হইয়াছে, শভে সংসাধনোন্দেশে আপনি তাহার প্রতিবিধান কর্ন। পতন হইতে পিতাকে রক্ষা করে বলিয়াই পূত্রের নাম অপতা, এই বাক্য সার্থক হউক। পিতার দূর্ব্যবহার অনুমোদন করা আপনার উচিত নহে: ডিনি যে কার্য করিয়াছেন, তাহা নিতাল্ড ধর্মবহিভত্তি ও একাল্ডই গহিত। এক্ষণে আমার অনুরোধ রক্ষা করিয়া আপনি সকলকে পরিগ্রাণ করুন। কোথায় অরণা, কোথায় বা ক্ষত্রিয় ধর্ম, কোথায় জটা, কোথায় বা রাজ্যশাসন, এইর,প বিসদৃশ কার্য কোনও মতে আপনার উপযুক্ত হইতেছে না। প্রক্রাপালন ক্ষরিয়ের প্রধান ধর্ম, কোনা ক্ষরিয়াধম এই প্রত্যক্ষ ধর্মে উপেক্ষা করিয়া সংশ্বাস্থক ক্রেশদায়ক বার্ধক্য ধর্ম আচরণ করিবে? যদি ক্লেশসাধ্য ধর্ম আপনার এতই অভিমত হইয়া থাকে, আপনি ধর্মান,সাবে বর্ণচতুষ্টরকে পালন করিয়া ক্রেশ ভোগ কবুন। ধার্মিকেরা কহেন যে, চার আশ্রমের মধ্যে গাহস্থ্যি সর্বোংকৃষ্ট, আপনি কি নিমিত্ত তাহা পরিত্যাগের বাসনা করিয়াছেন? আর্য! আমি বিদ্যায় আপন্যর নিকট বালক, এবং জন্মেও কনিষ্ঠ, আপনি বিদায়ানে রাজ্যপালন করা আমার

কৈর্পে সম্ভব হইবে? আমি ব্দিংহীন, আপনার সাহাব্য ব্যতীত প্রাণ ধারণ করিতেও পারি না। এক্ষণে আপনি বন্ধ্বর্গের সহিত সমগ্র প্থিবী শাসন কর্ন। বশিষ্ঠ প্রভৃতি মন্ত্রবিং ঋদিকেরা প্রকৃতিগণের সহিত এই স্থানেই আপনাকে অভিষেক করিবেন। অভিষেকান্তে আপনি অধােধ্যায় গমনপ্র্বক তিদশাধিপতি ইন্দের নায় বাহ্বলে প্রতিপক্ষদিগকে পরাভ্ত করিয়া রাজ্যরক্ষায় প্রবৃত্ত হউন। দৈব পৈত্র প্রভৃতি তিন ঝণ হইতে আজ্মােচন, শত্র্বর্গের দ্ঃখবর্ধন্ ও স্হ্দগণের স্থসাধনপ্রক আমাকে শাসন কর্ন। এবং আমার জননী কৈকেয়ীর কলঙক দ্র করিয়া প্রভাগাদ পিতা দশর্থকে পাপ হইতে রক্ষা কর্ন। আমি আপনার চরণে প্রনিপাতপ্রক বারংবার প্রার্থনা করিতেছি, ঈশ্বর যেমন সমস্ত ভ্তের প্রতি কৃপা করিতেছেন, ভদুপে আপনি আমার প্রতি কৃপা বিতরণ কর্ন। যদি আপনি আমার অন্রোধ না রাখিয়া বনান্তরে প্রবেশ করেন, নিশ্চয়ই কহিতেছি, আমিও আপনার সমাভব্যাহারে গমন করিব।

ভরত প্রণিপাতপূর্বক এইর্প প্রার্থনা করিলে রাম তাল্ববরে কিছ্তেই সম্মত হইলেন না। তখন তত্ততা সকলে তাঁহার পিতৃ-আজ্ঞা পালনে দ্যুতর অন্রাগ ও অল্ভ্ত শৈথর্য দর্শনে করিয়া, ব্গপৎ হর্ব ও বিষাদ প্রাণ্ড হইল; অপানির রক্ষায় বিশেষ আগ্রহ দেখিয়া হর্ব এবং বিশিষ্টগমনে অসম্মতি দেখিয়া বিষাদ উপস্থিত হইল। অনন্তর প্রবাসী, খাতি ও কুলপতিগণ এবং রাজ-মহিষীয়া বাদ্পাকুললোচনে ভরতের ভ্রমী প্রশংসা করিলেন এবং রামকে প্রতিগমনের নিমিত্ত বারংবার অন্রোধ ক্রিম্ক লাগিলেন।

সম্তাধিকশততম সগাঁ॥ তখন বাল কহিলেন, ভরত! তুমি রাজা দশরথ হইতে জন্মগ্রহণ করিরাছ, এক্ষণে ভূতি কহিলে তাহা তোমার সম্চিত হইতেছে। কিন্তু দেখ, পূর্বে পিতা তোমার মাতার পাণিগ্রহণকালে কেক্য়রাজকে প্রতিজ্ঞাপ্রেক কহিয়াছিলেন, রাজন্ ! তোমার এই কন্যাতে যে পত্রে উৎপল্ল হইবে, আমি তাহাকেই সমস্ত সাম্রাজ্য অপণি করিব। অনন্তর দেবাসরে সংগ্রাম উপস্থিত হইলে তিনি তোমার জননীর শুদ্রায়ায় সম্ভূষ্ট হইরা দুইটি বর অঞ্চাকার করেন। তদন্সারে তোমার জননী তোমার রাজ্য ও আমার বন এই দুই বর প্রার্থনা করিয়াছিলেন। মহারাজও অগত্যা তাম্বেষয়ে সম্মত হন, এবং আমাকে চতুর্দশ বংসরের নিমিত্ত বনবাসে নিয়োগ করেন। এক্ষণে আমি তাঁহার সত্য পালনার্থ জানকী ও লক্ষ্যণের সহিত এই স্থানে আসিয়াছি, তুমিও পিতার নিদেশে এবং তাঁহারই সতা রক্ষার উন্দেশে অবিলন্দের রাজ্য গ্রহণ কর। বংস! আমার প্রীতির জন্য মহারাজকে খণমূল্ভ করা এবং দেবী কৈকেরীকে অভিনন্দন করা তোমার উচিত হইতেছে : দেখ, গয়া প্রদেশে মহাস্থা গয় বজ্ঞকালে পিতৃলোকের প্রীতিকামনায় এই শ্রুতি গান করিয়াছিলেন, "যিনি প্রং নামে নরক হইতে পিতাকে পরিতাণ করেন, তিনি পুত্র এবং যিনি তাঁহাকে সকলপ্রকার সধ্কট হইতে রক্ষা করেন, তিনিও পুত্র। জ্ঞানী গুণবান বহুপুত্রের কামনা করা কর্তব্য, কারণ ঐ সমন্টির মধ্যে অন্ততঃ একজনও গয়া যাত্রা করিতে পারে।" ভরত! পূর্বতন রাজিযিগণের এইর্পই বিশ্বাস ছিল। অতএব তুমি এক্ষণে পিতাকে নরক ইইতে রক্ষা কর, এবং অযোধ্যায় গিয়া ব্রাহ্মণগণ ও শন্তুছোর সহিত প্রজারপ্তনে প্রবৃত্ত হও। অতঃপর আমায়ও অবিলম্বে জানকী ও লক্ষ্মণের সহিত দ'ডকারণ্যে প্রবেশ করিতে হইবে।

ভাই! তুমি মন্ধ্যের রাজা হও, আমি বন্য মৃগগণের রাজাধিরাজ হইয়া থাকিব; তুমি আজ হৃষ্টাচন্তে মহানগরে গমন কর, আমিও প্লেকিডমনে দশ্ডকারণ্যে বাতা করিব; শেকভছত আতপ নিবারণপূর্বক তোমার মস্তকে শীতল ছারা প্রদান কর্ক, আমিও এই সকল বন্য ব্যক্ষের তদপেক্ষাও শীতল ছারা আশ্রয় করিব; ধীমান শত্যো ভোমার সহার, লক্ষ্যণও আমার প্রধান মিত। এক্ষণে আইস, আমরা চারি জনে মিলিরা এইর্পে পিত্সত্য পালনে প্রবৃত্ত হই।



জন্টাধিকশতভম কর্মা অনন্তর জাবালি কহিলেন, রাম! তুমি অতি স্ববোধ, সামান্য লোকের ন্যায় তোমার বৃদ্ধি বেন অন্থাদিশিনী না হয়! দেখ, কে কাহার বন্ধ;? কোন্ ব্যক্তিরই বা কোন্ সন্বন্ধে কি প্রাপ্য আছে? জীব একাকী ক্ষনমগ্রহণ করে এবং একাকীই বিনন্ট হয়। অতএব মাতা পিতা বলিয়া যাহার স্মেহাসন্তি হইয়া থাকে, সে উষ্মন্ত। যেমন কোন ক্রিড় প্রবাসে গমন করিবার কালে গ্রামের বহিদেনে বাস করে, আবার পর্রাদ্ধ ক্রেই আবাস-সম্বন্ধ পরিত্যাগ-পর্বক প্রদান করিয়া থাকে, পিতা মাতা, গৃহ প্রথম তদ্রপ্রই জানিবে; সক্জনেরা কোনও মতে উহাতে আসম্ভ হন না। সক্রেমি পিতার অনুরোধে পৈতৃক রাজ্য পরিত্যাগ করিয়া দ্বংখজনক দ্বর্গম কুক্টিপর্ণ অরণা আগ্রয় করা তোমার কর্তব্য হইতেছে না। একণে ত্রিমির্সমন্থ অবোধ্যায় প্রতিগমন কর; সেই একবেণীধরা নগরী তোমার প্রকাশ করিতেছেন। ত্রিম তথায় রাজভোগে কালক্ষেপ করিয়া দেবলাকে স্বর্গমন্ত ইন্সেরাজ ইন্দের ন্যায় পরমস্থা বিহার করিবে। দশর্প তোমার কেহ নহেনি ত্রমিও তাঁহার কেহ নও, তিনি অন্য, ত্রমিও অন্য, স্তরাং আমি বের প কহিতেছি তুমি তাহারই অনুষ্ঠান কর। দেখ, জন্মবিষয়ে পিতা নিমিত্তমার বলিরা নিদিশ্ট হন, বস্তুতঃ মাতা ঋতুকালে গভে যে শা্ক্রশোণিত ধারণ করেন, তাহাই জীবোৎপত্তির উপাদান। একণে রাজা দশরও ফেথানে যাইবার গিরাছেন, ইহাই মন্যোর স্বভাব। কিন্তু বংস! তুমি স্বব্লিখদোধে বৃথা নন্ট হইতেছ। বাহারা প্রত্যক্ষসিম্প প্রেরুষার্থ পরিত্যাগ করিয়া কেবল ধর্ম লইয়া থাকে, আমি তাহাদিগের নিমিত্ত ব্যাকুল হইতেছি, তাহারা ইহলোকে বিবিধ যন্ত্রণা ভোগ করিয়া অন্তে মহাবিনাশ প্রাণ্ড হয়। লোকে পিতৃদেবতার উদ্দেশে অপ্টকা শ্রাম্থ করিয়া খাকে। দেখ, ইহাতে কেবল অল অনর্থক নন্ট করা হর কারণ কে কোথার শ্বনিয়াছে যে, মৃত ব্যক্তি আহার করিতে পারে? যদি একজন ভোজন করিলে অন্যের শরীরে উহার সঞ্চার হয়, তবে প্রবাসীর উদ্দেশে এক ব্যক্তিকে আহার করাও, উহাতে কি ঐ প্রবাসীর ভূশ্তিলাভ হইবে? কথনই না। যে-সমস্ত শাস্ত্রে দেবপ্জা, বজ্ঞ, দান ও তপস্যা প্রভূতি কার্যের বিধান আছে, ধীমান মনুষ্যেরা কেবল লোকদিগকে বশীভূত করিবার নিমিত্ত সেইসকল শাস্ত্র প্রস্তুত করিয়াছেন। অভএব, রাম! পরলোকসাধন ধর্মানামে কোন পদার্থই নাই, তোমার এইরূপ বৃদ্ধি উপ^{্র}থত হউক। তুমি প্রতাক্ষের অনুষ্ঠান এবং পরোক্ষের অনন্সাধানে প্রবৃত্ত হও। ভরত তোমাকে অন্রোধ করিতেছেন, তুমি সর্বসম্মত ব্দিধর অন্সরণপূর্বক রাজ্যভার গ্রহণ কর।

নবাধিকশতভ্য সর্গা। জাবালির এই কথা শ**্**নিয়া রামের কিছু,মার ভাব-বৈপরীতা ঘটিল না, তিনি তখন ধর্মবিশিষ অবলম্বনপূর্বক কহিতে লাগিলেন. তপোধন! আপনি আমার হিতকামনায় এক্ষণে যাহা কহিলেন, তাহা বস্তুতঃ অকার্য, কিন্তু কর্তব্যবং প্রতীয়মান হইতেছে, কন্তুভঃই অপথ্য, কিন্তু পঞ্জের ন্যায় সপ্রমাণ হইতেছে। যে প্রেষ পামর ও বিপথগামী এবং যে জনসমাজে শাদ্রবির ২ মত প্রচার করিয়া থাকে, সে সাধুলোকের নিকট কথনই সম্মান পায় না। উচ্চ কি নীচবংশীয়, বীর কি পোর্যাভিমানী, শুচি কি অপবিত্র. চরিত্রই তাহার পরিচয় দিয়া থাকে। এক্ষণে আপনি ষেরূপ কহিলেন, তদনুরূপ আচরণ করিলে নানা অনর্থ ঘটিবে। আপনার মত অত্যন্ত অপ্রশস্ত। ইহার বলে লোক কার্যতঃ অনার্য হইলেও বেন ভদু, কদাচার হইলেও বেন শু-ধ-স্বভাব এবং দুর্দর্শন হইলেও যেন লক্ষণাক্তান্ত বলিয়া আপনাকে অনুমান করিয়া থাকে। আমি যদি এইর্প লোকদ্বণ অধর্মকে ধর্মবেশে গ্রহণ করি এবং প্রকৃত শ্রেয় পরিত্যাগপ্র্বক অবৈধ ব্যবহারে প্রবৃত্ত হই, তাহা হইলে বিজের নিকট অনাদৃত ও কুলাচার হইতে পরিপ্রণ্ট হইব। প্রতিজ্ঞালব্যন জন্য উৎকৃষ্ট গতি লাভের আর প্রত্যাশ্য থাকিবে না এবং প্রকৃতিরাও আমায় ধর্ম-বিশ্ববকারী ও স্বেচ্ছাচারী দেখিয়া, আমার অন্করণ করিব, করেব রাজার যেরপে আচার, প্রজার তদুপই হইরা থাকে। অত্পতি উপোধন! আপনি যেরপ

কহিলেন, তাহা কোনও মতে প্রতিকর বোধ হতুক্তছে না।

দেখন, অনাদি শাক্তাসিম্প দয়াপ্রধান স্কর্জের করংসতা, এই নিমিত্ত লোকে
রাজাকে সতাস্বর্প বলিয়া নির্দেশ করিলা থাকে। সতোর প্রভাব অতি চমংকার,
সমসত লোক সতো বিধৃত রহিশ্বিক, দেবতা ও শ্বিগণ সতোরই সবিশেষ
সমাদর করেন, সভাবাদীর বৃদ্ধিকি লাভ হয়, সত্যানিষ্ঠ ধর্ম সকলের ম্ল,
সত্য ঈশ্বর, সতো ধর্ম প্রতিক্তিত আছেন, সকল বিষয়ই সতামলেক এবং সত্য
অপেক্ষা পরম পদ আর কিছাই নাই। দান বন্ধ হোম ও তপঃপ্রতিপাদক বেদশাস্ত্র সত্যকে আশ্রর করিয়া আছে। যে ব্যক্তি সত্যপরায়ণ, তাঁহাকেই ভূমি যশ ও কীতি প্রার্থনা করিয়া থাকে। অতএব সত্যপর হওয়া সর্বতোভাবেই কর্তব্য। ক্ষ্দ্র নীচাশয় নৃশংস ল্বন্থ পামরেরা যাহার সেবা করে, আমি অতঃপর সেই নামমার ধর্ম ক্ষত্রিয় ধর্ম পরিত্যাগ করিব। কর্মপাতক তিন প্রকার—কায়িক. বাচিক ও মানসিক: ক্ষান্তরবৃত্তি সামান্যতঃ দেহসাধ্য হইলেও নিজের চিন্তা ও অন্যের সহিত পরামর্শ এই সম্বন্ধে অপর দুই পাতকেরও অন্তর্গত হইতেছে। একজনই কুল রক্ষা করে, একজনই নরকম্থ হয় এবং একজনেই দেবলোকে আদৃত হইয়া থাকে; এইরূপ ব্যবস্থাসন্তে, আমার সত্যসম্থ পিতা, গ্রিসত্যে বন্ধ হইয়া প্রতিজ্ঞারক্ষার্থ আমার যাহা আজ্ঞা করিয়াছেন, আমি কেন তাহা অবহেলা করিব? আমি তাঁহার নিকট সত্যে প্রতিশ্রুত আছি, এক্ষণে ক্রোধ লোভ মোহ বা জ্ঞানতাবশতঃই হউক, কোনমতে গ্রেলাকের সতাদেত ভেদ করিব না। যে ব্যক্তি অসত্যপ্রতিজ্ঞ ও অম্থিরমতি, শ্রনিয়াছি তাহার নিকট দেবতা ও পিড়লোক কিছুই গ্রহণ করেন না। এই আধ্যান্থিক সত্যপালনধর্ম সর্বাপেক্ষা উৎকৃষ্ট, সাধুলোকেরা ইহার ভার বহন করিয়া আসিয়াছেন বলিয়া আমি তাঁশ্বষয়ে এইরূপ আগ্রহ প্রকাশ করিতেছি। এক্ষণে আপনি সবিশেষ অবধারণ ও হেত্বাদ প্রদর্শন-পূর্বক আমায় যে কথা কহিলেন, তাহা নিতাল্ড গহিতি বোধ হইতেছে। আমি পিতার অস্ত্রে অপ্পীকার করিয়া অরণ্যবাস আশ্রয় করিয়াছি, সূতরাং ভরতের

কথার কির্পে সম্মত হইব। আরও আমি সত্যে বন্ধ হইরাছি বলিয়া কৈকেরী অত্যন্ত সন্তৃষ্ট হইরাছিলেন, এক্ষণে কির্পেই বা তাঁহার অসন্তোষ উৎপাদন ক্রিব। অতএব অতঃপর আমাকে শ্রন্থাবান শ্রন্থসত্ত ও মিতাহারী হইরা ফলম্লে দেবতা ও পিতৃলোকের তৃণ্ডিসাধনপূর্বক লোকষারা নির্বাহ করিতে হইবে। এই কর্মভ্মিতে আসিয়া বাহা শৃভ তাহারই অনুষ্ঠান শ্রেয়। অণ্নি বায়, ও সামে ই হারা শৃভ কর্মের প্রভাবে স্ব-স্ব পদ প্রাণ্ড হইরাছেন। দেবরাজ ইন্দ্র শতসংখ্য করে আহরণপূর্বক দেবলোক লাভ করিয়াছেন এবং মহর্ষিগণও তপস্যার বলে উৎকৃষ্ট লোকে বাস করিতেছেন।

তপোধন! সত্য, ধর্ম, তপস্যা, দয়া, প্রিয়বাদিতা এবং দেবপ্জা ও অতিথিসংকার এইসকল স্বর্গের পথ, রান্ধাপেরা ঐগ্লিকে ম্খ্যফলপ্রদ বলিয়া প্রবণ
এবং তর্ক বারা সমাক অবধারণ করিয়া যথাবিহিত ধর্মাচয়পপ্রেক, উৎকৃষ্ট
লোক আকাক্ষা করিয়া থাকেন। আপনার ব্লিখ বেদবিরোধিনী, আপনি ধর্মপ্রষণ
নাস্তিক, আমার পিতা বে আপনাকে বাজকত্বে গ্রহণ করিয়াছিলেন, আমি তাঁহার
এই কার্যকে যথোচিত নিন্দা করি। যেমন বোল্খ তস্করের ন্যায় দশ্ডাহ্র,
নাস্তিককেও তদুপ দশ্ড করিতে হইবে, অতএব বাহাকে বেদবহিল্কৃত বলিয়া
পরিহার করা কর্তব্য, বিচক্ষণ ব্যক্তি সেই নাস্তিকের করিহত সল্ভাষণও করিবেন
না। আপনার অপেক্ষা উৎকৃষ্ট রাক্ষণেরা নিক্কাম হিল্পি সাভকার্য সাধন করিয়াছেন,
এবং এখনও অনেকে অহিংসা, তপ ও যহিসের অনুষ্ঠান করিয়া থাকেন।
ফলতঃ যাঁহারা ধর্ম পরায়ণ, দানশীল, অনিক্ষিক ও পবির সেইসকল মহর্ষিরাই
লোকে প্রেনীয় হইয়া থাকেন।

লোকে প্রনীয় হইয়া থাকেন।
রাম রোষভরে এইরপে বাকা বিশ্বাসি করিলে জাবালি বিশ্ববিচনে কহিলেন,
রাম! আমি নাম্তিক নহি, নাম্ভিকের কথাও কহিতেছি না। আর পরলোক
প্রভাতি যে কিছুই নাই, তাতি নহে। আমি সময় ব্রিয়া আম্তিক হই, আবার
অবসরক্রমে নাম্তিক হইয়া বাকি। যে কালে নাম্তিক হওয়া আবশাক, সেই কাল
উপস্থিত, এক্ষণে তোমাকে বন হইতে প্রতিনয়ন করিবার নিমিত্ত ঐর্প কহিলাম
এবং তোমাকে প্রসন্ন করিবার নিমিত্তই আবার তাহার প্রতাহার করিয়া লইলাম।

দশাধিকশততম লগা। অনন্তর মহার্ষা বাশিন্ঠ রামকে জোধাবিন্ট দেখিয়া কহিলেন, বংস! জাবালি লোকের গতাগতির বিষয় সমাক্ জ্ঞাত আছেন। এক্ষণে তোমাকে প্রতিনিব্ত করিবার নিমিত্ত ইনি ঐর্প কহিলেন। যাহা হউক, অতঃপর আমি লোকোংপত্তির বিষয় কীর্তন করিতেছি, শ্রবণ কর।

অত্যে সম্দরই জলময় ছিল, ঐ জলমধ্যে এই প্রিবী নিমিত হয়। পরে স্বয়ন্ত্ ব্রহ্মা দেবগণের সহিত উৎপন্ন হইলেন এবং ব্রাহর্প পরিগ্রহ করিয়া, জল হইতে বস্থারাকে উন্ধারপর্বিক প্রজাগণের সহিত সমন্ত চরাচর স্থিট করিতে লাগিলেন। এই ব্রহ্মা স্বয়ং ঈন্বর হইতে জন্মগ্রহণ করেন। ইনি নিত্য ও অবিনাশী। ই'হা হইতে মরীচি, মরীচি হইতে কশ্যুপ জন্মেন। কশ্যুপের আত্মজ বিবন্ধ। বিবন্ধং হইতে মন্ উৎপন্ন হইয়াছেন। এই মন্ই প্রজাপতি নামে অভিহিত হইয়া থাকেন। মন্র প্র ইক্ষ্বাকু। ইক্ষ্বাকু পিতা হইতে সমন্ত প্রিবী অধিকার করেন। ইনিই অযোধ্যার আদি রাজ্য। ইক্ষ্বাকুর কৃক্ষি নামে এক প্র জন্মে। কুক্ষির প্র বিকৃক্ষি, বিকৃক্ষির প্র মহাপ্রতাপ বাণ, বাণের প্র মহাতপা



তেজদবী অনরণ্য, ই'হার শাসনকালে অনাব্লি কি কুলি ক কিছুই হয় নাই, এবং তদকরের নামও ছিল না। অনরণ্যের প্রে শ্রু, পৃথ্র প্রে তিশংকু; ইনি দ্বীয় সত্যের বলে সশরীরে দ্বগলাভ করেন। মহারাজ তিশংকুর ধ্নধ্মার নামে এক প্র জলেম। ধ্নধ্মারের প্রে মহারাথ য্বনাশ্ব, য্বনালেবর প্র মাধাতা। মান্ধাতার প্র স্মানিষ্ধ, ক্রিটার দ্বই প্র প্রকাশ্ধ ও প্রসেনজিং। তন্মধ্যে প্রকাশ্ধ হইতে যাদ্ধা করেত উৎপল হন। ভরতের প্র মহাতেজা অসিত। হৈহয় তালজংঘ ও শ্রেকিদ্র, ইহারা এই অসিতের প্রতিপক্ষ হইয়াছিল। দ্বল অসিত ইহাদিগের সভিত যাভেগ প্রবৃত্ত হন এবং ঐ ফ্লেশ পরাভ্ত ও রাজ্যচন্যত হইয়া মহিষীদ্বদ্ধের সহিত হিমাচলে গমনপ্রেক মানবলীলা সংবরণ করেন। এইর্প প্রবাদ আছে যে, মহারাজ অসিতের দুই মহিষী সসত্য ছিলেন। ই'হাদিগের মধ্যে একজন অপর্যাটর গর্ভা নন্ট করিবার নিমিন্ত ভক্ষ্য দ্বেয় বিষ সংযোগ করিয়া দেন।

ঐ রমণীয় হিমাচলে ভ্গনেশন ভগবান্ চাবন বাস করিতেন। রাজমহিষী কালিশী সপত্নীর অত্যাচারে বংপরোনাশ্তি ভীত হইয়া তাঁহাকে গিয়া অভিবাদন করেন। তথন মহর্ষি প্রসন্ন হইয়া ভাঁহার প্রেরাংপত্তির উন্দেশে কহিয়াছিলেন, মহাভাগে! তোমার গর্ভে এক প্রবলপরাক্রম প্রে অচিরাং গরলের সহিত জন্মিধেন এবং তাঁহা হইতেই বংশরক্ষা হইবে।

অনশ্তর কালিন্দী ভগবান চাবনকৈ প্রদক্ষিণ ও প্রণাম করিয়া গ্রে প্রতিনিব্রত্ত হইলেন। অচিরকালমধ্যে তাঁহার গর্ভে পদ্মপলাশলোচন পদ্মকোষসদৃশপ্রভ এক প্রে জন্মগ্রহণ করিলেন। তাঁহার সপত্নী গর্ভাবিনাশ বাসনায় যে বিষ প্রয়োগ করিয়াছিলেন, প্রে ভ্রিফ ইইবার কালে তাহাও নিগতি হয়, এই কারণে উ'হার নাম সগর হইল। ইনিই দীক্ষিত হইয়া সকলের মনে ভয় উৎপাদনপ্র্বক সাগর খনন করেন। ই'হার প্রে অসমগ্র। অসমগ্র অতি পাপান্ধা ছিলেন, এই নিমিত্ত ই'হার পিতা জীবন্দশাতেই ই'হাকে নগর হইতে নিৎকাশিত করিয়া

দেন। অসমগ্র হইতে অংশ্যান উৎপন্ন হন। অংশ্যানের পাত দিলীপ, দিলীপের পাত ভগীরথ, ভগীরথের পাত ককুৎস্থ। ককুৎস্থ হইতে রঘা জন্মগ্রহণ করেন। রঘার পাত তেজস্বী প্রবৃদ্ধ। ইংহার অপর নাম কন্মাষপাদ। ইনি শাপপ্রভাবে মাংসাশী রাক্ষস হন। প্রবৃদ্ধের পাত শত্থান। শত্থানের পাত মানুন মর্র পাত প্রশালির পাত আন্নবর্ণ, আন্নবর্ণের পাত শালিগ, শালিগের পাত মরা, মর্র পাত প্রশালিক, পাত অন্বরীষ। অন্বরীষ হইতে নহ্ষ উৎপন্ন হন। নহাষের পাত যালি, যাতির পাত নাভাগ, নাভাগের পাত অজন পাত দশরথ। রাম! তুমি সেই রাজা দশরথেরই জ্যোন্ঠ পাত, অতএব এক্ষণে রাজাল্লহণ এবং রাজান্য সমাদের পর্য বেক্ষণ কর। ইক্ষাকুবংশীর্ষদিগের মধ্যে সর্বজ্যেন্ঠই রাজা হন, জ্যোন্ঠ সত্ত্বে কনিন্ঠ কথন সিংহাসনে অধিরোহণ করিতে পারেন না, এই চিরপ্রচলিত বংশাচার পরিহার করা তোমার কর্তব্য হইতেছে না। তুমি রাজা দশরথের ন্যায় ধনরক্ষপ্রক্র রাজীবহাল প্রিথিক শাসন কর।

একাদশাধিকশততম সগা ॥ বাশন্ত পনেবার কহিলেন, বংস! আচার্য, পিতা ও মাতা, প্থিবীতে এই তিন জন গ্রে। পিতা ক্রেদান করেন, এই নিমিত্ত তিনি গ্রে, এবং আচার্য জ্ঞান প্রদান করেন, এই সারণে তাঁহাকেও গ্রে, বলা বায়। রাম! আমি তোমার পিতার ও তেমির আচার্য, আমার কথা রক্ষা করিলে সম্পতিলাভ হইবে। এই তোমার ক্রিকাসাধন এই সকল বন্ধ্বান্ধব, এবং এই সমস্ত অধীন রাজা, ইহাদিগের সক্ষাসাধন করিলে সদ্গতিলাভ হইবে। তোমার জননী কৌশল্যা ধর্মশীলাই ক্রিকাসাধন করিলে সদ্গতিলাভ হইবে। তোমার জননী কৌশল্যা ধর্মশীলাই ক্রিকাসাধন করিতেছেন, ইহাকে উপেক্ষা করাও সংগত হইতেছে না

রাম মহর্ষি বশিতে বৈ এই মধ্র বাক্য প্রবণপ্রেক কহিলেন, তপোধন মাতাপিতা সাধ্যান্সারে দ্বাধাদি দান করেন, নিদ্রা আহরণ ও অংগ মার্জন করিয়া দেন, এবং প্রিয়োজি প্রয়োগ ও ক্রীড়ার নিয়োগ করিয়া থাকেন। এইর্পে তাঁহারা নিরণ্ডর সম্ভানের যে উপকার সাধন করেন, তাহার প্রতিশোধ কর। অত্যান্ড স্কৃতিন। স্ভ্রাং আমার জনিয়তা পিতা যাহা আজ্ঞা করিয়াছেন, আমি তাহার অন্যথাচরণ করিতে পারিব না।

তখন ভরত নিতালত বিমনা হইয়া সন্নিহিত স্মন্তকে কহিলেন, স্মন্ত! তুমি শীঘ্র এই প্রানে কুশাসন আদতীর্ণ করিয়া দেও, যাবং আর্য রাম প্রসন্থ না হন, তদব্যি আমি ই'হার উন্দেশে প্রত্যুপবেশন করিব। উত্তমর্ণ রাহ্মণ যেমন স্ব্যন গ্রহণের নিমিত্ত অধমর্শের ভ্রাররোধ করে, তদ্র্শ আমি সর্বাণ্য অবগ্রনিষ্ঠত করিয়া যতক্ষণ না ইনি প্রতিগমন করিবেন, অনাহারে এই পর্ণকুটীরের সম্মন্থে শর্মন করিয়া থাকিব।

স্মন্ত আদিন্ট হইলেও রামের মুখাপেক্ষা করিতে লাগিলেন। তন্দর্শনে ভরত স্বয়ংই কুশাসন আস্তীর্ণ করিয়া ভূতলে শয়ন করিলেন। তখন রাম কহিলেন, বংস! আমি এমন কি করিতেছি বে, তুমি আমার জন্য প্রতাপবেশন করিলে? দেখ, এইর্প বিধি ব্রাহ্মণেরই বিহিত হইয়াছে, ক্ষতিয়ের ইহাতে অধিকার নাই। অতএব তুমি এক্ষণে এই দার্ণ রত পরিত্যাগপ্রেক গাতোখান করিয়া মহানগরী অবোধ্যায় গমন কর।

অনশ্তর ভরত চারিদিকে দৃষ্টি প্রসারণপূর্বক গ্রাম ও নগরের অভ্যাগত সমস্ত লোকদিগকে কহিলেন, তোমরা কি জন্য আর্যকে কিছু বলিতেছ না? উহারা কহিল, আপনি ই'হাকে যাহা কহিলেন, ভাহা কোন অংশে অসশ্যত নহে। আর এই মহান্ভবও যে পিতৃ-আজ্ঞা পালনে নির্বাধ প্রদর্শন করিতেছেন, তাহাও অন্যায় হইতেছে না। এই কারণে আমরা এই বিষয়ে নির্ভর হইয়া আছি। তখন রাম কহিলেন, ভরত! তুমি ত এই সকল সাধ্দদর্শী সূহ্দের কথা শ্নিলে? এক্ষণে ই'হারা উভর পক্ষ আশ্রয় করিয়া যের্প আত্মমত কল্প করিলেন, তুমি তাহা সম্যক্ বিচার করিয়া দেখ, এবং গাক্রোখানপূর্বক আমার অঞ্চা লপ্যা করিয়া আচমন কর।

তখন ভরত ভ্মিশ্যা ইইতে উখান ও আচমন করিয়া কহিলেন, সভাগণ! শ্রবণ কর, মন্ত্রিকা! তোমরাও শ্ন, আমি পৈতৃক রাজ্য প্রার্থনা করি নাই, জননীকেও অসং অভিসন্ধি সাধনের পরামর্শ দিই নাই, এবং ধর্মপরারণ রাম যে অরণ্য আশ্রয় করিবেন, তাহাও জানিতাম না। এক্ষণে পিতার বাঝ্যপালন এবং এইর্পে কাল্যাপন যদি ই'হার অভিমত হইয়া থাকে, তাহা হইলে আমিই প্রতিনিধির্পে চতুর্দশ বংসর বনবাসী হইয়া থাকিব।

ভরত এইর্প বলিলে রাম নিতান্ত বিদ্যিত হৈছেন এবং গ্রাম ও নগরের সকল লোককে অবলোকনপূর্বক কহিলেন, দেতি পতা জাবন্দশায় যাহা ক্রয়, বিক্রয়, অথবা বন্ধকন্বর্প অপণ করিয়াছেন তাহার অপলাপ করা আমার বা ভরতের উচিত হইতেছে না। স্তরাং ক্রেক্টে অরণাবাস বিষয়ে প্রতিনিধি নিয়োগ আমার পক্ষে অত্যত অপযশের হইকে দেবা কৈকেয়া বাহা কহিয়াছেন, তাহা সন্পূর্ণ সংগত এবং পিতা যের কিলা আচরণ করিয়াছেন, তাহাও ন্যায়োপেত হইতেছে। আমি ভরতকে জ্বার্কি, হান ক্রমান্ত্রীল ও গ্রেক্তনের মর্যাদারক্ষক ই'হার কোন অংশে কিছুই বিশ্বীয় নহে। আমি বন হইতে প্রতিগমন করিলে ই'হারই সহিত প্রথিবীর রাজা হইব। ভাই ভরত! কৈকেয়ী আমার যাহা আজ্ঞা করিয়াছিলেন, আমি তদন্র্প কার্য করিয়াছি, এক্ষণে তুমিও পিতাকে প্রতিজ্ঞাধণ হইতে মৃত্ত কর।

বাদশাধিকশততম সার্গ। রাম ও ভরত এইর্প কথোপকথন করিতেছেন, এই অবসরে দেবর্ষি রাজ্যি ও গন্ধর্বগণ তথার আগমন করিয়া প্রচ্ছরভাবে অবস্থান করিতেছিলেন। উত্যারা ঐ উভয় দ্রাতার সমাগম দশনে ষংপরোনাস্তি বিস্মিত হইয়া উত্যাদের যথেন্ট প্রশংসা করিতে লাগিলেন। কহিলেন, এই দ্ই ধর্মবার ষাঁহার পরে তিনিই ধনা। ইত্যাদের বাক্যালাপ শর্নিয়া অদা আমরা সবিশেষ প্রতি হইলাম। অনন্তর তাঁহারা মনে মনে রাবণের নিধনকামনা করিয়া ভরতকে কহিলেন, বার! তুমি সংবংশোল্ভব বশক্ষী ও বিজ্ঞ। এক্ষণে যদি পিতার ম্বাপেক্ষা করা তোমার অভিমত হয়, তাহা হইলে রাম যাহা কহিতেছেন, তাহাতে সম্মত হও। ইনি সত্যপালনপূর্বক পিতৃয়ণ হইতে মৃক্ত হন, ইহাই আমাদের অভিলাষ। ইনি প্রতিজ্ঞা করাতেই দশর্থ কৈকেয়ার নিকট অঞ্বণী হইয়া স্বর্গারোহণ করিয়াছেন। এই বলিয়া উত্যারা স্ব-স্ব স্থানে প্রস্থান করিলে প্রিয়দর্শনে রাম প্রফ্লেমনে উত্যাদগকে বারংবার সাধ্বাদ প্রদান করিতে লাগিলেন।

অনন্তর ভরত কৃতাঞ্জলিপ্টে স্থলিতবাক্যে সভরে কহিলেন, আর্য! আপনি আমাদিগের কুলক্রমান্র্প রাজধর্ম পর্যালোচনা করিয়া জননী কৌশল্যার মনোবাঞ্ছা পূর্ণ কর্ন। আমি একাকী সেই বিস্তীর্ণ রাজ্য শাসন করিতে পারিব না, এবং প্রজারঞ্জনও আমা হইতে হইবে না। কৃষিজ্ঞীবী মেমন মেঘের প্রতীক্ষা করে, তদুপে সমস্ত প্রকৃতি জ্ঞাতি ও বন্ধ্-বান্ধবেরা আপনারই প্রতীক্ষা করিতেছেন। অতএব আর্থান রাজ্য গ্রহণ করিয়া কোন ব্যক্তির হস্তে অর্পণ কর্ন। আপনি বাহাকে অর্পণ করিবেন, সে অবশাই প্রজাপালনে সমর্থ হইবে।

নীরদশ্যাম পদ্মপলাশলোচন ভরত এই বলিয়া রামের পদতলে নিপাতিত হইলেন, এবং তাঁহার সালিধানে বারংবার ইহাই প্রার্থনা করিতে লাগিলেন। তথন রাম তাঁহাকে অওক গ্রহণপার্থক কলহংসসদৃশ মধ্যর ব্বরে কহিলেন, বংস! যাহা শিক্ষাপ্রভাবোংপল ও ব্যাভাবিক, তোমার সেই ব্যাহ্ম উপন্থিত হইয়াছে। তুমি রাজ্যভারবহনেও সাহসী হইতেছ। এক্ষণে ব্যাহ্মমান মন্ত্রী ও স্হ্দগণের পরামর্শ লইয়া তংকার্যে প্রবৃত্ত হও। চন্দ্র হইতে শোভা অপনীত হইতে পারে, হিমালয় হিম পরিত্যাগ করিতে পারেন এবং সাগরও হয়ত বেলাভ্মি লওমন করিবেন, কিন্তু আমি পিতৃসতা ব্যাহ্মনে কথনই বিরত হইব না। বংস! তোমার জননী তংসংক্রান্ত স্নেহ ব্যাহ্মনি ভারত করিতে হয়, তাহাই করিবে।

অনশ্তর ভরত দিবাকরের ন্যায় বৃত্তি বি দ্বিতীয়া-চন্দের ন্যায় স্দেশনি রামের এইর্প বাক্য শ্রবণ করিয়া কিছলৈন, আর্য! এক্সপে আপনি পদতল হইতে এই কনকথটিত পাদ্কেরিল উল্মান্ত কর্ন, অতঃপর ইহাই লোকের যোগক্ষেম বিধান করিবে। স্থাম রাম পাদ্কা উল্মান্ত করিয়া তাঁহাকে প্রদান করিলেন। ভরত প্রণিপ্রতিরঃসর উহা গ্রহণ করিয়া কহিলেন, আর্য! আমি সমস্ত রাজ্যব্যাপার এই পাদ্কাকে নিবেদনপ্র্বক জটাচীর ধারণ ও ফলম্ল ভক্ষণ করিয়া আপনার প্রতীক্ষায় চতুর্দশ বংসর নগরের বহিদেশে



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বাস করিব। পশুদশ বংসরের প্রথম দিবসে যদি আপনার দর্শন না পাই, তাহা হইলে নিশ্চয়ই আমায় হৃতাশনে আত্মসমপূর্ণ করিতে হইবে।

রাম ভরতের কথার সম্মত ইইলেন এবং তাঁহাকে সম্নেহে আলিপান করিয়া কহিলেন, বংস! আমি ও জানকী আমরা তোমায় দিব্য দিতেছি, তুমি জননী কৌশল্যাকে রক্ষা করিও, তাঁহার প্রতি কদাচ রুষ্ট হইও না। এই বলিয়া তিনি সজল নয়নে তাহার প্রতি চাহিয়া রহিলেন।

অনন্তর স্শীল ভরত ঐ উল্জ্বল পাদ্কা এক মাতল্যের মুস্তকে অবস্থাপন-প্রেক রামকে প্রদক্ষিণ করিলেন। তখন ধর্মে হিমাচলের ন্যায় অটল রাম কুলগ্রে বশিষ্ঠকে ধর্মোচিত অর্চনা করিয়া অন্ক্রমে ভরত ও শর্মাকে এবং মন্ত্রী ও প্রকৃতিগণকে বিদায় দিলেন। ঐ সময় তদীর মাতৃগণের কণ্ঠ বাদপভরে অবর্থ ইইয়াছিল, তামবন্ধন তাঁহারা আর বাক্যুক্ত্রতি করিতে পারিলেন না! রামও তাঁহাদিগকে অভিবাদন করিয়া রোদন করিতে করিতে পর্ণকৃটীরে প্রবেশ করিলেন।

চয়োদশাধিকশন্ততম সর্গান্ধ অনন্তর ভরত মালুকে রামের পাদ্র লইয়া
শন্বের্র সহিত রথারোহণপ্রক হুত্মনে ত্রিনা বাল্ল করিলেন। মহর্ষি
বিশিষ্ঠ, বামদেব ও জাবালি ই'হারা অল্ল করিলেন। উত্তরে মালুকিনী,
সকলে তথা হইতে প্রাভিম্খী হইকেই এবং গিরিবর চিত্রক্টকে প্রদক্ষিণ
করিয়া বিবিধ ধাতু অবলোকনপ্রক্তি হইল। ভরত তথার উপনীত হইয়া রথ
হইতে অবতরণপ্রক তাঁহাকে বিরা প্রণম করিলেন। তখন ভরণ্রাজ প্রতিমনে
জিজ্ঞাসিলেন, বংস! রামের মালুক তোমার ত সাক্ষাং হইয়াছিল? কার্ম ত সফল
হইয়াছে? ভরত কহিলেমা তপোধন! আমি ও বিশিষ্ঠদেব, আমরা রামকে
আনিবার নিমিন্ত বারংবার অন্রোধ করিয়াছিলাম, কিন্তু তিনি তাহাতে সবিশেষ
সাক্ষা হইয়া বিশ্রুকে কহিলেন, পিতা প্রতিজ্ঞা করিয়া আমার বাহা আদেশ
করিয়াছেন, আমি চতুর্দশ বংসর তাহাই পালন করিব। তখন গ্রের্দেব কহিলেন,
তবে তুমি এক্ষণে প্রসলমনে এই স্বর্ণোন্জনেল পাদ্রকার্গল অর্পণ কর, এবং
ইহা ন্বারা অযোধ্যায় যোগক্ষেকর হও। তাপস! রাম এইর্প অভিহিত হইবামান্ত প্রতিসা হইয়া রাজ্যের রক্ষাবিধানার্থ আমার পাদ্রকা প্রদান করিলেন।
আমি এক্ষণে তাহা লইয়া ভাঁহারই আদেশে অযোধ্যায় চলিয়াছি।

ভরশ্বাজ ভরতের মূখে এই কথা শ্রবণ করিয়া কহিলেন, বংস! তুমি অতি স্মালি ও সচ্চরিত্ত, রামও লোকের স্বভাব বিলক্ষণ ব্রিতে পারেন, তিনি বে তোমার প্রতি সম্বাবহার করিবেন, ইহাতে আর আশ্চর্য কি, উৎস্থ জল ত নিম্নাভিম্মী হইয়াই থাকে। একণে বোধ হইতেছে, তোমার ন্যায় ধর্মবংসল প্রে বাহার বিদ্যমান, মৃত্যু সেই দশরথকে এককালে লাম্ভ করিতে পারে নাই।


অনন্তর ভরত মহার্ষ ভরদ্বাজকে কৃতাঞ্জলিপ্টে আমন্তণ, অভিবাদন, ও প্নেংপ্নঃ প্রদক্ষিণপ্রাক মনিত্যণের সহিত অযোধ্যাভিম্থে গমন করিতে লাগিলেন। তাঁহার সৈন্যসকল হস্তাশ্বে রথে ও শকটে আরোহণপ্রাক নানা পথানে বিস্তীর্ণ হইয়া চলিল। সম্মুখে উমিমালিনী যম্না, উহারা ঐ নদী উত্তীর্ণ হইয়া নিমাল-সলিলা জাহ্বীকে দেখিতে পাইল। তথন ভরত সসৈন্য

উহা পার হইয়া শৃঞ্চাবের প্রের প্রবেশ করিলেন এবং তথা হইতে অযোধ্যাভি-মুখী হইলেন। যাইতে যাইতে অযোধ্যাকে নিরীক্ষণ করিয়া দৃঃখিত মনে স্মশ্রকে কহিলেন, স্মশ্র !দেখ, এই নগরী অত্যন্ত শোভাহীন হইয়া আছে, আজ ইহাতে আনন্দ নাই, কোলাহলও শ্রুতিগোচর হইতেছে না।

চতুর্দ'শাধিকশতভম সর্গা।৷ এই বলিয়া ভরত রথের গম্ভীর রবে চারিদিক প্রতিধ_বনিত করিয়া অযোধ্যায় প্রবেশ করি**লেন। দে**খিলেন, উহার ইতস্ততঃ বিড়াল ও উল্কেসকল সঞ্জণ করিতেছে, গৃহন্বারসম্বন্ধ অবর্শ্ধ, তিমিরাচ্ছ্য শর্বরীর ন্যায় যেন উহা প্রভাশন্যে হইয়া আছে। শশা কশ্রীলাঞ্চিতা রোহিণী উদিত রাহার উৎপাতে যের অশরণা হইয়াছেন। আবিদ্য-সনিলা উত্তাপ-সন্তপত-বিহুজ্জকুল-সমাকুলা ক্ষীণপ্রবাহা লীনগ্রাহা গিরিনদীর ন্যায় দৃত্ট হইতেছে। অনলশিখা ধ্মশ্না ও স্বৰ্ণবৰ্ণ ছিল, পশ্চাৎ বেন জলসেকে নিৰ্বাণ হইয়া গিয়াছে। যথায় যান-বাহন চূর্ণ, বর্ম ছিল্লভিল, বীরেরা মৃতদেহে নিপতিত এবং অবশিষ্ট সৈন্যসকল বিষয়, এই নগরী সেই সমরাধ্যনের ন্যায় পরিদ্শামান অবাশত সেন্যুসকল বিষয়, এই নগরা সেই সমরাপানের ন্যার পারদ্শামান হইতেছে। সম্দ্রের তরণা মহাশব্দে ফেন উপারপারক উথিত ইইয়াছিল, একণে ফেন সমারণের মৃদ্দদদ হিল্লোলে নারবে ক্রিত ইইতেছে। স্লুক-স্লুবাদি কিছু নাই, বেদজ্ঞ খাছিক নাই, ইহা ফেন যজ্ঞান্তিনের সেই বেদির ন্যায় নিস্তব্ধ। মেন্ ব্যবিরহে গোডে একাল্ড উৎকাপ্তিত ই কাতর ইইয়া ফেন ন্তন তৃণে নিস্প্র ইইয়া আছে। মস্ণ উল্জুবল ক্রিকট পদ্মরাগ প্রভৃতি মণিহান নবর্রচিত ম্লুবলার ন্যায় ইহা নিভাল্টই পেক্টেবিহান। তারকা প্রেক্তর্জন-নিবল্ধন নিজ্প্রভ ইইয়া ফেন গগনতল হইতে স্প্রিক ইইয়াছে। বসন্তের অবসানে কুস্মণোভিত আলকুলসপ্তল বনলতা ফেন্ এবল দাবানলে জ্লান ইইয়া গিয়াছে। রাজপথে লোকের সমাগম নাই, আগুলসকল নির্দ্ধে নভোমণ্ডল ফেন মেঘাছয়ের ও চন্দ্র-তারকা অন্তর্হিত স্ক্রিটাছে। সাবা নাই শ্বাবসকল জ্বল এবং ম্বাপায়ীবাধ্ব তারকা অন্তহিত হইয়াছে। স্বা নাই, শ্বাবসকল ভণ্ন এবং মদ্যপায়ীরাও মৃত্যুমুখে নিমণন, সেই অপরিচ্ছল পানভ্মির ন্যায় ইহাকে অত্যন্ত শোচনীয় বোধ হইতেছে। ভানম্ংপালপূর্ণ এবং ভানস্তম্ভ-সমাকীর্ণ বিদীর্ণতল শাংকজ্ঞল সরোবরের ন্যায় ইহা পরিদৃশ্যমান হইতেছে। পাশসংঘৃত্ত অতিবিশাল মৌবী যেন শর্রাচ্ছন্ন হইয়া শরাসন হইতে স্থালিত হইয়াছে। বড়বা যেন সমর্বানপ্রে আরোহীর প্রযন্তে পরিচালিত ও প্রতিপক্ষীর সৈনাহন্তে নিহত হইয়া পতিত আছে।

স্মন্ত! আজ অযোধ্যাতে প্র্বিং গতিবাদ্যের গভার শব্দ কেন শ্রুতিগোচর হইতেছে না। মদ্যের উন্মাদকর গন্ধ, মাল্য ধ্প ও অগ্রের সৌরভ সর্বাহ্র কেন বাহতেছে না। রথের ঘর্ষার শব্দ, অন্দের হেষারব, এবং মন্ত হলতার ব্যহিতধর্নন কেন শ্রনিতেছি না। তর্ণবরক্ষেরা রামের বিরোগে একান্ত বিমনা হইরা আছেন, একণে তাঁহারা চন্দন লেপন ও মাল্য ধারণ করিয়া বহিগতি হন না, এবং উৎসবেরও আর আয়োজন নাই। ফলতঃ অযোধ্যার সেই প্রী প্রাতা রামের সহিত এ প্রান হইতে অপস্ত ইইয়াছে। মেঘাব্ত শ্রুপক্ষার যামিনীর নায় একণে ইহার আর কিছুমার শোভা নাই। হা! কবে রাম সাক্ষাৎ উৎসবের নায়, নিদাঘের মেঘের নায় উপস্থিত হইয়া সকলের মনে হর্ষ উৎপাদন করিবেন!

রাজকুমার ভরত এইর্প আক্ষেপ করিতে করিতে নগরপ্রবেশ করিয়া মৃগরাজবিরহিত গিরিগ্রহাসদূশ পিতৃগুহে উপনীত হইলেন এবং উহা সংস্কার-



শ্না ও শ্রীহান দেখিয়া দঃখভরে অনবরত রোদন করেতে লাগিলেন।

পশুদশাধিকশততম সর্গায় অনশ্তর তিনি রাত্গণকে অবোধ্যার রাখিয়া শোক-সদত্যত মনে বাশন্ট প্রভাতি প্রোহিত্বপূর্ণে কহিলেন, বিপ্রগণ! আমি নালিয়ামে যাইব, তজ্ঞন্য আপনাদের সকলকে অমিল্যাণ করিতেছি। তথার গিয়া প্রাত্তিবিরোগ-জনিত সমস্ত দৃঃখ সহিব। বিশ্বী স্বর্গারোহণ করিরাছেন, গার, রাম অরণ্যে আছেন, ইহা অপেক্ষা অস্ক্রিট আর আমার কিছ্ই নাই। একণে রাজ্যের নিমিত্ত রামেরই প্রতীক্ষা করিয়া থাকিব, তিনিই রাজা।

তখন বশিষ্ঠ ও মন্ত্রিগণ ভরতের কথা শ্নিরা কহিলেন, রাজকুমার ! তুমি দ্রাতৃদ্দেহে বাহা কহিলে, উহা সর্বাংশেই প্রশংসনীয় ও তোমারই অন্বর্গ হইতেছে। তুমি অতি সাধ্, শ্বজনান্রাগ ও দ্রাত্বাংসলা তোমার বিলক্ষণট আছে, স্তরাং তোমার এই বাকো কে না অন্মোদন করিবেন?

ভরত তাঁহাদের মূখে অভিলাষান্র্প প্রতিকর কথা শ্রবণ করিয়া সার্থিকে কহিলেন, সূত। তুমি রখে অশ্বয়েজনা করিয়া আনয়ন কর। অনন্তর অবিলাদের রথ আনীত হইল। তিনি মাভূগণকে সম্ভাষণ করিয়া শত্রুঘের সহিত উহাতে আরোহণ করিলেন এবং মন্ত্রী ও প্রোহিতবর্গে পরিবৃত হইয়া প্রতিমনে নিদ্দ্রামে গমন করিতে লাগিলেন। বাশ্চ প্রভৃতি দ্বজাতিগণ প্রামা হইয়া সকলের অগ্রে অপ্রে চলিলেন। হস্তাম্ববহৃল সৈনাসকল ও প্রেবাসীরা আহতে না হইলেও উহাদের অনুগমন করিতে লাগিল। নিকটে নিন্দ্রাম, ভরত রামের পাদৃকা মসতকে লইয়া তন্মধ্যে প্রবেশ করিজেন, এবং সম্বর রম্ব হইতে অবতীর্ণ হইয়া প্রোহিতগণকে কহিলেন, দেখুন, আর্য রাম অধ্যাধ্যারাজা ন্যাসম্বর্শ আমায় অর্পণ করিয়াছেন, একণে এই কনক্ষচিত পাদ্কা তাহা পালন করিবে। এই বলিয়া তিনি পাদ্কাকে প্রণিপাতপূর্বক দৃঃখিত মনে প্রকৃতিগণকে কহিলেন.

প্রকৃতিগণ! তোমরা শীঘ্র এই পাদ্কার উপর ছত্ত ধারণ কর, ইহা রামের প্রতিনিধি, এক্ষণে ইহারই প্রভাবে রাজ্যে ধর্মব্যবদ্ধা থাকিবে। রাম সদভাব-নিবন্ধন ন্যাসর্পে এই রাজ্য আমায় দিয়াছেন, এক্ষণে তাঁহার প্রনরাগমনকাল পর্যন্ত ইহার রক্ষা-সাধন করিতে হইবে। তিনি আসিলে আমি দ্বহদেত এই পাদ্কা প্রাইয়া তাঁহার শ্রীচরণ দর্শন করিব এবং তাঁহার উপর সমস্ত ভারাপ্রপ্র্ক তাঁহারই সেবায় বীতপাপ হইব।

এই বলিয়া সেই জটাচীরধারী স্থীর সসৈন্যে নন্দিগ্রামে বাস করিতে লাগিলেন এবং তথার পাদ্কাকে রাজ্যে অভিষেক করিয়া দ্বরংই উহার সম্মানার্থ ছত্রচামর ধারণ করিয়া রহিলেন। তৎকালে যা-কিছ্ রাজকার্য উপস্থিত হইতে লাগিল, অগ্রে উহাকে জ্ঞাপন করিয়া পশ্চাৎ তাহার যথাবং ব্যবহার আরম্ভ করিলেন, এবং ফা-কিছ্ উপহার উপনীত হইতে লাগিল, সমস্তই উহাকে নিবেদন করিয়া পরিশেষে কোষগৃহে সঞ্চয় করিতে লাগিলেন।

ষোড়শাধিকশক্তক সর্গ ॥ এদিকে রাম চিত্রক্টে আছেন, একদা দেখিলেন, যে-সমৃত তাপস পূর্ব হইতে তাঁহার আশ্রের মুক্তি কাল্যাপন করিতেছিলেন, তাঁহারা অতিশয় উৎকণ্ঠিত হইয়ছেন। ঐ সমুদ্ধ ইহারা রামকে নির্দেশ করিয়া সভয়ে নেয় ও শুকুটি-সঙ্কেতে একান্তে ক্ষেপকথন করিতেছিলেন। তদ্দর্শনে রাম অত্যন্ত শঙ্কিত হইলেন এবং কৃত্যাবিদিটে কুলপতিকে কহিলেন, ভগবন্! যাহাতে তাপসগণের মন বিকৃত হুইছে পারে আমার বাবহারে প্র্রাজগণের অনন্ত্র্প কি কিছ্ প্রতাক্ষ করিছেলেন? লক্ষ্যণ অসাবধানতা-নিবন্ধন কি কোন অবৈধ আচরণ করিয়াছেন? ক্রিটি সততই আপনাদের পরিচর্যা করিয়া থাকেন, একণে তিনি আমার সেইস্কুরাধে সেই স্থাজনোচিত কার্য হইতে কি বিরত হইয়াছেন?

তখন এক তপোবৃন্ধ জরাজীর্ণ তাপস কন্পিতদেহে কহিতে লাগিলেন, বংস! তপশ্বী সংক্রান্ত কোন বিষয়ে এই কল্যাণী সীতার কিছুমাত শৈথিল



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

র্দেখি না। এক্ষণে আমাদের উপর অত্যন্ত রাক্ষসের উপদ্রব আরম্ভ হইয়াছে, তির্মায়ত্ত আমরা উদ্বিশ্ন হইয়া নির্জনে নানাপ্রকার জল্পনা করিতেছি। এই স্থানে খর নামে এক নিশাচর বাস করিয়া থাকে. সে রাবণের কনিষ্ঠ। ঐ মাংসাশী অতি নৃশংস গবিতি ও নিভায়, সে জনস্থাননিবাসী ঋষিগণকে অত্যনত উৎপীড়ন করিতেছে তোমার প্রভাব উহার কিছুতেই সহ্য হইতেছে না। তুমি যদবধি এই স্থানে আসিয়াছ, ঐ দ্বাত্মা সেই পর্যন্ত অন্যান্য নিশাচরের সহিত আমাদের প্রতি নানাপ্রকার উৎপাত করিতেছে। কথন ক্রুর ও বীভৎস বেশে আসিতেছে, কখন বিকট মুডি পরিগ্রহ করিতেছে, কখন বা নানার পে বিরূপ হইয়া সকলের হাংকম্প জন্মাইতেছে। উহারা আদিয়া আমাদিগের উপর অপবিত্র বস্তুসকল নিক্ষেপ করে, এবং যাহাকে সম্মাণে পার তাহাকেই যদ্যণা দিরা থাকে। অলপপ্রাণ তাপসেরা নিদ্রায় অচেতন হইয়া আছেন, ইত্যবসরে উহারা নিঃশব্দপদস্ঞারে আগমন ও উ'হাদিগকে বাহ্যপাশে বন্ধনপূর্বক মহাহর্ষে বিনাশ করিয়া থাকে। যজ্ঞকালে যজ্ঞীয় দুবাসকল নন্দ করে, কলস চূর্ণ করিয়া ফেলে এবং অণিন নির্বাণ করিয়া দেয়। জ্ঞানি না, ঐ দুরাত্মারা আমাদের মধ্যে কবে কাহার প্রাণনাশ করিবে। এক্ষণে কেবল এই কারণে খবিরা আশ্রম ত্যাগের সংকৃষ্প করিয়া অন্যন্ত যাইবার নিমিত্ত বারংবার আমার স্বরা দিতেছেন। অদ্রের মার্চার্ব কবেরর এক স্রুরমা তপোবন আছে, ঐ স্থানে ফলমলে বিলক্ষণ মঞ্জেই, অতঃপর আমরা সকলেই তথার প্রস্থান করিব। বংস! এক্ষণে র্যাদ তোমার ইচ্ছা হর, তবে তুমিও আমাদের সমাভিব্যাহারে চল। ঐ দুরাত্মা তোমার উপুরুক উপদ্রব করিবে, তুমি সতত সাবধান ও উংপাত নিবারণে সমর্থ হইলেও ক্রমার সহিত এই স্থানে কখনই স্কুষ্ণে থাকিতে পারিবে না।

কুলপতি এইর্প কহিলে বার আর তাঁহাকে নিষেধ করিতে পারিলেন না।
তখন মহার্য তাঁহাকে সম্ভাবন অভিনন্দন ও সাম্বনা করিয়া স্বগণে তথা হইতে
যাত্রা করিলেন। প্রশানকালে তিনি রামকে প্নঃপ্নঃ স্থানত্যাগের পরামর্শ
দিতে লাগিলেন। রামও কিয়ম্প্র উভার অন্থামন করিলেন, এবং প্রণামান্তে
তাঁহার অনুজ্ঞা গ্রহণ করিয়া পর্ণ কুটারে প্রতিনিব্ত হইলেন। তিনি প্রতিনিব্ত
হইয়া অবধি তিলেকের নিমিত্তও কুটার পরিত্যাগ করিতেন না। তৎকালে
যে-সকল ক্ষার ঐ আপ্রমে ছিলেন, তাঁহারা উভার বিপত্তিনাশের শক্তি আছে
জানিয়া উভাকেই আপ্রয় করিয়া রহিলেন।

সশ্তদশাধিকশততম সার্গ ॥ অনশতর নানা কারণে রামের তথার বাস করিতে আর প্রবৃত্তি রহিল না। ভাবিলেন, আমি এখানে ভরত মাতৃগণ ও পারবাসীদিগকে দেখিতে পাইলাম, উ'হারা সকলেই আমার শোকে একান্ত আকুল, আমি কোনমতে উ'হাদিগকে বিস্মৃত হইতে পারিতেছি না। বিশেষতঃ ভরতের সকল্যাবার স্থাপনে এবং হস্তাঁ ও অস্বের করীবে এই স্থান অত্যন্ত অপরিচ্ছন্ন হইয়া গিয়াছে. স্বতরাং একণে অন্যৱ প্রস্থান করাই শ্রের হইতেছে।

এই চিন্তা করিয়া রাম জানকী ও লক্ষ্মণের সহিত তথা হইতে মহর্ষি অতির আশ্রমে চলিলেন এবং তথার উপস্থিত হইরা তাঁহাকে প্রণিপাত করিলেন। তথন অতি তাঁহাকে প্রতিনিবিশামে গ্রহণ ও আতিথ্য করিয়া সীতা ও লক্ষ্মণকে সন্দেহে দেখিতে লাগিলেন। ইত্যবসরে তাঁহার সহধর্মিণী ধর্মপরায়ণা অনস্যা

তথার আগমন করিলেন। তপোধন সেই সর্বজনপ্জনীয়া তাপসীকে আমদন্ত্র ও সীতাকে প্রদর্শনপ্রক কহিলেন, প্রিয়ে! তুমি এক্ষণে এই সীতাকে প্রতিগ্রহ কর। অতি অনস্যাকে এই কথা বলিয়া রামকে কহিলেন, বংস! দশ বংসর অনাব্দিপ্রভাবে লোকসকল নিরুত্র দশ্ধ ইইতেছিল, তংকালে এই অনস্যাফলম্ল স্থি করিয়াছিলেন এবং আশ্রমমধ্যে গল্গাকেও প্রবাহিত করিয়া দেন। তপ ও রতে ইহার অতান্ত নিন্ঠা। ইহার তপস্যায় দশ সহস্র বংসর অতীত হইয়া যায় এবং কঠোর রতে তাপসগণের তপোবিঘা নিবারিত হয়। একদা মহর্ষি মান্ডব্য এক ক্ষমিপত্নীকে "রাত্রিপ্রভাতে বিধবা হইবি" বলিয়া অভিসম্পাত করিয়াছিলেন। তথন এই তাপসী প্রতিশাপে দশ রাত্র পরিমিতকাল এক রাত্রতে পরিগত করেন। বংস! তুমি ইংহাকে জননীর ন্যায় দেখিও। ইনি অতি শান্তশালা, প্রেনীয়া ও বৃন্ধা। এক্ষণে অন্রোষ করি, তোমার সহচারিগী জানকী ইংহার সাম্বাহিত হউন।

মহর্ষি অতি এইর্প কহিলে রাম জানকীকে নিরীক্ষণপূর্বক কহিলেন, রাজপূতি! তুমি ত মহর্ষির কথা শ্লিকে? একণে আর্থাহতের নিমিত্ত শীঘ্র খবিপদ্নীর নিকটে যাও। যিনি স্বকার্যপ্রভাবে অনস্যা নামে খ্যাতিলাভ করিয়াছেন, তুমি শীঘ্র তাঁহার নিকটে যাও।

তখন সাঁতা অনস্থার সাঁহাহত হইলেন। তিনারী অত্যত বৃন্ধা, সর্বাণ্য বালরেখার অভিকত, সাঁধ্বন্ধল একাল্ড শিথিব এবং কেশজাল জরাপ্রভাবে শ্রুজ হইরা গিরাছে। তিনি বার্ত্রের কদলীতবৃদ্ধ সারে অনবরত ক্লিপত হইতেছেন। সাঁতা স্বনাম উল্লেখপূর্বক সেই প্রিক্তর্যাকে প্রণাম করিলেন, এবং কৃত্যঞ্জাল-প্রেট তাঁহার সকল বিষয়ের ক্লিট জিজ্ঞাসিলেন। তখন অনস্থা তাঁহাকে অবলোকনপূর্বক সাক্ষনাবাকের ক্লিইলেন, জানকি! তোমার ধর্মদৃষ্টি আছে। তুমি আত্মান-স্বজন ও অভিকান বিসর্জন করিরা ভাগ্যক্রমেই বনচারী রামের অন্সরণ করিরাছ। স্বাদ্ধি অনুক্ল বা প্রতিক্লেই হউন, নগরে বা বনেই থাকুন, যে নারী একমাত্র তাঁহাকে প্রিয় বোধ করেন, তাঁহার সদৃগতি লাভ হয়। পতি দৃঃশাল, স্বেছাচারী বা দরিন্তই হউন, প্রজাস্বভাব স্থালাকের তিনিই পরম দেবতা। সেই সন্তিত তপস্যার ন্যায় সর্বাংশে স্পৃহণীর স্বামী হইতে বিশেষ বন্ধ আমি ভাবিরাও আর দেখিতে পাই না। যাহারা কেবল ভোগ সাধন করিতে তাঁহাকে অভিলাষ করে, সেই সকল স্বৈরণীরা এই সমস্ত গুল্ দোষ কিছুই হ্লরণ্ডম করিতে পারে না। জানকি! তাদ্ধা দ্বাত্রিতাসকল অধর্মে পতিত ও অযশপ্রাশত হয়। কিল্ডু তোমার তুলা যাহাদের হিতাহিত জ্ঞান আছে, সেই সমস্ত গুল্বতী, প্রাণীলার ন্যায় স্বর্গে প্রিজত হইয়া থাকে। অতএব এক্ষণে তুমি সকল বিষরে পতিরই অন্ত্রতা হইয়া থাক।

আন্দর্শাধিকশতভ্য সর্গা। জানকী অনস্থার এইরূপ কথা শানিয়া মৃদ্দ্বরে কহিলেন, আপনি যে আমার শিক্ষা দিবেন, আপনার পক্ষে ইহা আর আশ্চর্যের কি! কিন্তু আর্থে! স্বামী যে স্বীলোকের গ্রু, আমি তাহা বিশেষ জানিয়াছি। তিনি যদিও দৃশ্চরিত্র ও দরিদ্র হন, তথাচ কিছুমাত্র দ্বিধা না করিয়া তাহার পরিচারণায় নিব্রন্ত থাকিতে হইবে। কিন্তু যিনি জিতেন্দ্রির গণেবান দ্যালা স্থিরানার্রাগী ও ধার্মিক এবং যিনি মাতৃসেবাপর ও পিতৃবংসল, তাহার বিষরে

আর বলিবার কি আছে। রাম বেমন কোশল্যাকে, সেইর্প অন্যান্য রাজপদ্পীকেও শ্রন্থা করিয়া থাকেন। রাজা দশরথ বে নারীকে একবার নিরীক্ষণ করিয়াছেন, রাম অভিমানশ্না হইয়া তাঁহার প্রতি মাতৃবং ব্যবহার করেন। তাপসি! আমি যথন এই ভীষণ অরণ্যে আসি, তখন আর্যা কোশল্যা আমায় যাহা উপদেশ দেন, আমি তাহা বিস্মৃত হই নাই এবং বিবাহের সময় জননী অশ্নিসমক্ষে বে প্রকার আদেশ করেন, তাহাও ভূলি নাই। ফলতঃ পতিসেবাই স্থালোকের তপস্যা, আত্মীয়সবন্ধন একথা আমার বিলক্ষণ হ্লোথ করিয়া দিয়াছেন। সাবিত্রী ইহার বলে স্বর্গো প্রিজত হইতেছেন। আপনি উহারই ন্যায় উৎকৃষ্ট লোক আয়ত্ত করিয়াছেন এবং রমণীর অগ্রগণ্যা রোহিণীও শশাভক ব্যতাত মৃহ্তেকাল আকাশে উদিত হন না। দেবি! বলিতে কি, এইর্প বহ্সংখ্য পতিরতা প্রাফলে স্বরোক অধিকার করিয়াছেন।

অনস্য়া সীতার এইর্প বাকা শ্রবণে প্রেকিত হইয়া তাঁহার মদতক আঘাণপূর্বক কহিলেন, বংসে! আমি নিয়মপরতল্য হইয়া বিদতর তপঃসঞ্য



করিয়াছি। বাসনা, সেই তপোবল আশ্রর করিরা তোমার বর প্রদান করিব। তুমি বাহা কহিলে তাহা সর্বাংশে সংগত, শূনিরা আমি অত্যান্ত প্রতিলাভ করিলাম। এক্ষণে তোমার সংকলপ কি, প্রকাশ কর। তখন সাতা অতিমান্ত বিশ্মিকা ইইরা হাস্যমুখে কহিলেন, দেবি! আপনার প্রসন্ততাতেই আমি কৃতার্থ হইলাম।

তখন অনস্য়া জানকীর এই কথায় অধিকতর প্রীত হইয়া কহিলেন, বংসে! আমি তোমার দিবা বিভবে আজ আপনাকে চরিতার্থ করিব। একণে এই স্বর্চির মাল্য কল্ম আভরণ ও অল্যরাগ প্রদান করিতেছি, ইহাতে তোমার দেহে অপ্রে প্রী হইবে। এই সমস্ত তোমারই যোগ্য, উপভোগেও এ সম্বয় কখন মস্থ বা শ্লান হইবে না। তুমি এই অল্যরাগে সর্বাল্য রঞ্জিত করিয়া দেবী কমলা যেমন নারায়ণকে সেইর্প রামকে স্থাোভিত করিবে।

তথন সীতা অনস্যার প্রীতিদান গ্রহণপূর্বক কৃতাঞ্জালিপটে তাঁহারই সমীপে উপবেশন করিয়া রহিলেন। অনন্তর তপস্বিনী তাঁহাকে জিংলাসিলেন, বংসে! শ্রনিয়াছি, এই বশস্বী রাম স্বয়ংবরে তোমাকে প্রাণ্ড হইয়াছেন এক্ষণে তুমি সেই ব্তান্ত সবিস্তরে কীর্তান কর, শ্রনিতে আমার অত্যন্ত কোত্হল হইতেছে। তথন জানকী কহিলেন, দেবি। প্রবণ কর্ন। জনক নামে এক ধর্মপরয়গ



মহাপাল ন্যায়ান্সারে মিথিলায় রাজ্যশাসন করেন। একদা তিনি লাপালহদেত বজকের কর্ষণ করিতভিলেন, ঐ সময় আমি ভাষি উদ্ভেদ করিয়া উভিত হই। তংকালে তিনি মাভিকামানি নিকেপ করিয়া তিম প্রল সমতল করিতে প্রব্ত হইয়াছিলেন, দেখিলেন, আমি ধালিধ্সরদেই তথায় নিপতিত আছি। তদ্দশনে তিনি নিতালত বিশ্নিত হইলেন, এবং কিপেল্ডান বলিয়া দেনহপ্রেক আমায় লোড়ে লইলেন। ইত্যবসরে অল্ডবালি হইতে বেন মন্ব্যকঠলরে এই কথা উচ্চারিত হইল, "মহারাজ! ধর্ম বিশ্লারে এই কন্যা তোমারই তনয়া হইলেন।" শ্নিয়া জনক যারপরনাই স্ক্রিকারে এই কারেলন এবং আমাকে পাইয়া অবিধি সম্ভিশালী হইয়া উঠিলেন

পরে তিনি আমার দুর্তুর্মী প্রাথিনী জ্রোণ্ডা মহিষীর হল্ডে অর্পণ করিলেন। প্র্যাশীলা দিনপথহ্দরা রাজমহিষীও মাত্দনহে আমাকে লালন-পালন করিতে লাগিলেন। ক্রমশঃ আমার বিবাহযোগ্য বরস উপস্থিত হইল। তন্দশনে, অর্থনাশে দরিদ্র যেমন চিন্তিত হয়, রাজা জনক সেইর্প চিন্তিত হইলেন। কন্যার পিতা যদিও ইন্দের ন্যায় প্রভাবসম্পন্ন হন, তথাচ কন্যার বিবাহকাল উপস্থিত হইলে, সমকক্ষ বা অপকৃষ্ট হইতেও তাঁহাকে অবমাননা সহ্য করিতে হয়। জনক সেই অবমাননা অদ্রেবার্তিনী দেখিয়া অপার চিন্তা-সাগরে নিমাল হইলেন। আমি তাঁহার অযোনসম্ভবা কন্যা, তিনি আমার জন্য কুল্মীলে স্মুসদ্গ ও রূপগ্ণে অনুর্পুণ পাল বিশেষ অনুসন্ধানেও নির্ণয় করিতে পারিলেন না। তথন ভাবিলেন, ধর্মতঃ কন্যার স্বয়ন্বরের অনুষ্ঠান করাই লেয় হইতেছে।

দেবি! প্রে মহাত্মা বর্ণ প্রতি হইয়া বজ্ঞকালে রাজর্ষি দেবরাতকে এক উৎকৃষ্ট শরাসন, জক্ষর শর ও দৃই ত্ণীর প্রদান করিয়াছিলেন। ঐ শরাসন অত্যনত ভারসম্পল্ল ছিল; মহীপালগণ বহুষত্নে ম্বশ্নেও উহা সল্লত করিতে পারিতেন না। আমার সত্যবাদী পিতা সেই কার্ম্ক প্রাণ্ড হইয়া ন্পতিসমবায়ে সকলকে আমন্ত্রণপূর্বক কহিলেন, বিনি এই শরাসন উত্তোলনপূর্বক ইহাতে জ্যাগন্ব যোজনা করিতে পারিকেন, আমি তাহাকেই আমার কন্যা অপনি করিষ। পরে ন্পতিগণ গ্রন্থে পর্বত্ত্লা সেই ধন্ দর্শন করিয়া উহাকে প্রিণপাতপূর্বক প্রতিনিব্ত হইলেন। এইর্পে বহুকাল অতীত হইয়া গেল।



মনিতার উপস্থিত হইলেন এবং প্রিক্তির হইয়া আমার পিতাকে কহিলেন মহারাজ! মহাত্মা দশরথের পরে রাম ও লক্ষ্মণ, কার্মক দশন করিবার অভিলাবে এখানে আসিয়াছেন। পিতা এই ক্রে শ্রবণ করিবামাত্ত সেই দেবদন্ত ধন, আনয়ন করাইয়া রামকে দেখাইলেন। করিবার মহাবেগে আকর্ষণ করিবেত লাগিলেন। ধন্ত তদন্তে দিবখন্ড হইয়া গেল। উহা ভান হইবামাত্ত বহুনিপাতের ন্যায় এক ভাষণ শব্দ হইল। তখন সত্যপ্রতিজ্ঞ পিতা জলপাত্র গ্রহণপূর্বক রামের সহিত আমার বিবাহ দিতে প্রস্তুত হইলেন। কিন্তু স্থোল রাম তংকালে মহারাজ দশরথকে না জানাইয়া পাণিগ্রহণে সম্মত হইলেন না। অনন্তর রাজা জনক আমার বৃত্ধ শ্বশ্রকে অযোধ্যা হইতে আনাইলেন এবং তাহাকে আমানত করিয়া রামের হস্তে আমায় সম্প্রদান করিলেন। উমিলা নাম্নী আমার এক প্রিয়দর্শনা ভাগনী আছেন, পিতা তাহারও লক্ষ্মণের সহিত বিবাহ দিলেন। দেবি! সেই অবধি আমি ধর্মতঃ শ্বামীর প্রতি অনুরক্তই রহিয়াছি।

একোনবিংশাধিকশততম সর্গা ধর্মপরারণা অগ্রিপত্নী অনস্রা সীতার মুখে এই কথা শ্রবণ করিরা তাঁহাকে আলিখ্যন ও তাঁহার মুদ্তক আত্মাণপূর্বক কহিলেন, জানকি! তুমি অতি মধ্রে বাক্যে দ্বরুদ্বর-ব্তান্ত বর্ণন করিলে। শ্রনিয়া আমি অত্যন্ত প্রতি ইইলাম। এঞ্চণে সূর্য রক্তনীকে নিকটে আনিয়া দ্বরং অস্তাশ্বরে আরোহণ করিলেন। ঐ শ্রন, বিহঞ্গেরা সমুস্ত দিন আহাবান্বে-



ষণে পর্যটন ও সম্প্রাকালে বিশ্রামার্থ কুলারে বিশ্বানগ্র্বক মধ্র ধর্নি করিতেছে। মহার্যগণ অভিষেক-সলিলে সিস্ত বিশ্বা সকথে জলপ্রণ কলস গ্রহণপ্র্বক আর্ল বনকলে আসিতেছেন। বর্থানিসেই ত অণিনহোর হইতে কপোত-কণ্ঠের ন্যায় অর্ণবর্গ ধ্যা বার্বশে উক্তি হইতেছে। বে ব্লের পর্ন অতি বিরল, অন্ধকার প্রভাবে তাহা যেন ক্রিউট্ড হইয়েছে। এই সমস্ত আশ্রমম্প বেদিমধ্যে শয়ান। রারিচর জাবিকজিপ ইতস্ততঃ সপ্তরণ করিতেছে। দ্রতর প্রদেশে দিকসকল আর অনুজ্ঞি হইতেছে না। একণে নিশাকাল উপস্থিত, চন্দ্র জ্যোৎসনায় অবগ্রনিস্কৃতি হইয়া আকাশে উদিত হইয়াছেন, নক্ষরও দৃষ্ট হইতেছে। জানকি! এখন জামি তোমায় অন্মতি করিতেছি, তুমি গিয়া পতিস্বায় প্রবৃত্ত হও। তুমি আজ মধ্র কথা কর্তিন করিয়া আমার পরিত্তট করিলে। একণে আবার আমার সমক্ষে বেশভ্ষায় স্ক্রিজত হইয়া সন্ত্ত কর।

অনশ্তর স্রকন্যার পিণী সীতা নানাল কারে অল ক্তা হইয়া তাপসীর পাদবন্দনপূর্বক রামের নিকট গমন করিলেন। রাম তাঁহাকে দর্শন করিয়া অনস্যার প্রীতি-দানে অতিশয় প্রীত হইলেন। তাপসী যে বসন-ভ্রণ ও মাল্য দিয়াছেন, সীতা তাহা তাঁহার গোচর করিলেন। তংকালে উহার অমান, ধস্লভ সংকার নিরীক্ষণে লক্ষ্যাণের আর আহ্যাদের পরিসীমা রহিল না।

অনশ্বর রাম তাপসগণ কর্তৃক সংকৃত হইয়া অন্তির আশ্রমে নিশা যাপন করিলেন। পরে রাত্রি প্রভাত হইলে লক্ষ্যণের সহিত কৃতৃস্নান হইয়া মহির্মিগণকে বনাশ্বর প্রবশের পথ জিল্পাসিলেন। তখন ঐ সমস্ব বনবাসী খ্যিগণ তাঁহাদিগকে প্রস্থানার্থ উদ্যুত দেখিয়া কহিলেন, রাজকুমার! এই বনবিভাগ রাক্ষ্যে পরিপূর্ণ। মনুষাশী নানাপ্রকার রাক্ষ্য ও শোণিতপায়ী হিংস্ত জ্বতুসকল এই মহারণ্যে নিরন্তর বাস করিয়া থাকে। তাপসেরা অশ্যুচি বা অসাবধান থাকুন উহাবা আসিয়া তাঁহাদিগকে ভক্ষণ করে। অতএব এক্ষণে তুমি উহাদিগকে নিবারণ কর। এই পথ দিয়া তুমি দুর্গম বনে প্রবেশ করিতে পারিবে।

তাপসগণ কৃতাঞ্জলিপ্টে এইর্প কহিলে রাম ও লক্ষ্মণ তাঁহাদের আশীর্বাদ গ্রহণপ্রেদুরিজ্বাস্থ্রক্ষীপ্তর্মাহান্ত্রসমূহাণ্ডলে সূর্যের নায় গহন কাননে প্রবেশ করিলেন। গ্রহণপ্রেদুরিজ্বাস্থ্রক্ষীপ্তর্মাহান্ত্রসমূহাণ্ডলে স্ক্রের নায় গহন কাননে প্রবেশ করিলেন।

আরণ্যকাণ্ড

প্রথম সার্গ ম মহাবীর রাম মহারণ্য দশ্ডকারণ্যে প্রবেশ করিয়া তাপসগণের আশ্রমসকল দেখিতে পাইলেন। রান্ধী শ্রী সতত বিরাজমান বিলয়া
ঐ সমস্ত আশ্রম গগনতলে প্রদাশিত স্বমিশ্ডলের ন্যায় নিতাশ্ত দুনিরিকা ইইয়াছে।
তথায় চীরচম্ধারী ফলম্লাহারী অনলস্থাল বেদজ্ঞ বৃন্ধ তাপস্গণ বাস করিতেছে।
মর্বায় কুশ্চীর, প্রাণ্গণসকল পরিচ্ছয়, মৃগ ও পদ্দিগণ স্পরণ করিতেছে।
প্রশাস্ত অণিনহোর গৃহসম্দর প্রস্তৃত; স্রাগ্ভাশ্ড, মৃগ্চম্ন, সমিধ ও জলকলস
শোভিত ইইতেছে, ফলম্ল সঞ্চিত আছে, অনবরত বেদধ্যনি হইতেছে, কোথায়
প্রজাপহার রহিয়াছে, কোথায়ও হোম ইইতেছে, স্থানে স্থানে ক্মল্লসমল্প্র্ত
সরোবর, কোথায়ও বা স্থাদ ফলপ্র্ণ বিবিধ বন্য বৃক্ষ; নির্মাল্য-প্রণ ইতস্ততঃ
বিক্ষিণ্ড ইইয়াছে এবং অশ্সরাসকল প্রতিনিয়্রত নৃত্য করিতেছে। রাম সেই
সর্বভিত্তশরণ্য প্রাশ্রমসকল দর্শন করিয়া শ্রাসন ইইতে জ্যাগ্রণ অবরোপণপ্রবি প্রবেশ করিলেন।

অনন্তর ঐ সমস্ত পবিশ্বস্থভাব তপাস্বী উদয়োহাই শাশাণেকর ন্যায় প্রিয়দর্শনি রাম এবং জানকী ও লক্ষ্যাপকে নিরীক্ষণ ক্রিক্রি প্রতি মনে প্রত্যুদ্গমন এবং মণ্যালাচারপূর্বক গ্রহণ করিলেন। উত্থারা রামুদ্রর স্ত্রুপ, স্কুমারতা, লাবণা ও স্বেশ দর্শনে অতান্ত বিস্মিত হইলেন বাম অনিমেবনরনে উত্থাদিগকে দেখিতে লাগিলেন। পরে তাঁহারা রামকে এক প্রশালার উপবেশন করাইয়া, ফলম্লে জল ও প্রশালার অব্যালিক সংকার করিলেন, এবং তাঁহার জন্য স্বতন্ত্র এক গৃহ নির্দিণ্ট করিয়া ক্রাজালিপটে কহিলেন,—রাম! তুমি ধর্মারকক, শরণা, প্রদার, মানা, দ্বিদ্রাল ও গ্রুর্। স্ত্ররাজ ইন্দ্রের চতুর্থাংশত্ত ন্পতি ধর্মান্সারে প্রকৃতিগণের রক্ষণাবেক্ষণ করেন, এই কারণে সাধারণে তাঁহার নিকট প্রণত হয় এবং এই কারণেই তিনি যাবতীয় উৎকৃষ্ট ভোগ উপভোগ করিয়া থাকেন। এক্ষণে তুমি নগরে বা বনেই থাক, আমাদের রাজা; আমরা তোমার অধিকারে বাস করিয়া আছি। আমাদিগকৈ রক্ষা করা তোমার কর্তব্য। আমরা জিতেন্দ্রিয়, কখন কাহাকে নিগ্রহ করি না, ক্রোধণ্ড সম্যুক্ বশীভ্ত করিয়া রাখিয়াছি; স্ত্ররাং জননীর গর্ভক্ষ শিশ্বে নায় আমরা স্বাংশে তোমারই রক্ষণীয় হইতেছি।

এই বলিরা সেই সকল তপোধন উত্থাদিগকে ফলমলে প্রভাতি বনা আহার-দ্রবা ও নানাপ্রকার প্রত্থপ উপহার দিলেন। পরে সিম্পদ্ধকণে অফিনকলপ অন্যান্য তাপসেরাও বিবিধ প্রীতিকর কার্যে ভাঁহাদের সন্তোষ সাধন করিতে লাগিলেন।

ছিতীয় সর্গাঃ পর্যাদন রাম স্থোদরকালে ম্নিগণকে সম্ভাষণ করিয়া সীতা ও লক্ষ্মণের সহিত বনপ্রবেশ করিলেন। দেখিলেন তক্ষধ্যে নানাপ্রকার মৃগ আছে, ব্যায় ভক্ষ্মকসকল সঞ্জব করিতেছে, তর্লভাগাক্ষ ছিল্লভিল, জলাশ্যসমূহ



আবিল, বিহংগেরা কলরব করিতেছে এবং নিরুল্ডর বিশ্লিকাধ্যনি হইতেছে । উ'হারা সেই ভীষণ ঘোরদর্শন স্থানে উপস্থিত হইয়া গিরিশ্গের ন্যায় স্দীর্ঘা, বিকট ও বীভংসবেশ এক রাক্ষমকে দেখিতে পাইলেন। উহার অস্যাদেশ অতিবিশ্ত, নের কোটরান্তর্গত, সর্বাঞ্গ নিন্দোলত এবং উদর স্ফীত। সে শোণিত-লিশ্ত বসাদিশ্ধ ব্যাল্লচর্ম পরিধান করিরাছে। তিনটি বিংহ, দুইটি বৃক, চারিটি ব্যাল্ল ও দর্শটি হরিণ এবং করালদশন বসাবাহী স্কুট্টে এক গল্পমুল্ড লোহময় শ্লে বিন্দ করিয়া কৃতান্তের ন্যায় মুখব্যাদানপ্রিক্তি তেরব রবে চাংকার করিতেছে। এ মন্ব্যাশী রাক্ষ্ম উহাদিগকে দেখিবামার ক্রোধভরে ব্যাল্ডকালীন অত্তকের ন্যায় ধাবমান হইল এবং ঘোররবে প্রিপ্রেক্তি কন্পিত করত সাতাকে হরণ করিয়া কিলিও অপস্ত হইল; কহিল,—ব্রুক্তিপপ্রাণ! তোরা কে? কি কারণে পত্নীর সহিত দন্ডবারণ্যে আসিয়াছিস বিক্তানের মন্তকে জটাল্ট, পরিধান চীরবাস এবং করে কার্মক; তোরা তপন্বি ক্রিমা কি কারণে উভরে এক ভার্যা লইয়া আছিস ? এবং কি কারণেই বা ম্নিক্তিশ বেশ ধারণ ও পাপাচরণ করিতেছিস ? এই নারী পরমস্কুদ্রী, এক্ষণে এ আমারই ভার্যা হইবে। আমি রাক্ষ্ম, আমার নাম বিরাধ; আমি প্রতিনিয়ত খবিমাংস ভক্ষণ করিয়া সশন্ত এই গহন কাননে পর্যটন করিয়া থাকি। এক্ষণে আমি সংগ্রামে নিন্দয়ই তোদের র্থের পান করিব।

সীতা দৃষ্ট নিশাচরের গবিত বাক্য শ্রবণে অত্যন্ত ভীত হইলেন এবং বায়্বেগে কদলীতর্র ন্যায় উদ্বেগে অনবরত কদ্পিত হইতে লাগিলেন। তখন রাম যারপরনাই বিষয় হইয়া শৃদ্ধমূখে লক্ষ্যণকে কহিলেন,—বংস! দেখ, রাজা জনকের দ্হিতা, আমার দয়িতা সীতা রাক্ষসের অঞ্চদ্ধা হইয়াছেন। কনিষ্ঠা মাতা কৈকেয়ী আমাদিগের জন্য যেরূপ সক্ষ্রণ করিয়াছিলেন এবং যে-প্রকার শ্রীতিকর বর প্রার্থনা করিয়া লইয়াছেন, অদ্যই তাহা প্রেণ হইল। যে দ্রদিশিনী প্রের রাজ্যাভিষ্কেমান্তে পরিত্বট হন নাই, সকলের প্রিয় আমারেও বনবাসী করিলেন, অদ্যই তাহার মনোরথ সফল হইল। বংস! বলিতে কি, আজ আমি পিতৃত্বনাশ ও রাজ্যনাশ অপেক্ষাও জানকীর পরপ্রক্ষপণ্যে অধিকতর শোকাক্ষ্য হইতেছি।

তথন লক্ষ্যণ দ্বেখিতমনে সজলনয়নে জ্বন্থ হইয়া রুখ্থ মাতংগের ন্যায় ঘন ঘন নিঃশ্বাস পরিত্যাগপূর্বক কহিতে লাগিলেন,—আর্য! এই চির্রাকঙ্কর আপনার সহচর, শ্বয়ং সকলের নাথ, এক্ষণে অন্যথের ন্যায় কেন শ্যেক করিতেছেন? আজ আমি রোযভরে একমাত্র শরে এই দুষ্ট নিশাচরের প্রাণ সংহার করিব।

আজ বস্মতী ইহার শোণিত পান করিবেন। রাজ্যলোলাপ ভরতের প্রতি আমার যে ক্রোধ হইয়াছিল, স্ররাজ ইন্দ্র বেমন পর্বতে বজ্পপাত করিয়াছিলেন, তদুপ আজ এই বিরাধের প্রতি সেই ক্রোধ নিক্ষেপ করিব। শরদাও আমার বাহ্বলে বেগবান হইয়া রাক্ষ্যের বিশাল বক্ষে পড়্ক, দেহ হইতে প্রাণ হরণ কর্ক এবং ইহাকে বিঘ্লিতি করিয়া ধরাতলে নিপাতিত কর্ক।

তৃতীয় সগা। অনন্তর জনলাকরালম্থ রাক্ষস কণ্ঠস্বরে অরণ্যের আভৈগে পরিপ্রা করিয়া কহিল,—বল, তোরা কে, কোথায় গমন করিবি? রাম কহিলেন,—আমরা ইক্ষনাকৃবংশীর ক্ষণ্ডির, সচ্চরিত্ত, কোন কারণে বনে আসিয়াছি। এক্ষণে এই দন্ডকারণ্যে তুই কে সঞ্চরণ করিতেছিস? বল, তোর পরিচয় জানিতে আমাদেরও ইচ্ছা হইতেছে।

বিরাধ কহিল,—শোন, আমি ধবের পরে, আমার জননী শতন্তুদা, নাম বিরাধ।
আমি তপ অনুষ্ঠানপূর্বক রন্ধাকে প্রসাম করিয়াছিলাম। তাঁহার প্রসাদে
অস্ত্রাখাতে ছিল্লভিল্ল করিয়া কেহ আমাকে বধ করিতে পারিবে না। এক্ষণে
তোরা এই প্রমদার আশা পরিত্যাগ করিয়া শীঘ্র ক্রান হইতে পলায়ন কর,
নচেং আমি তোদিগকে বিনাশ করিব।

নচেং আমি তোদিগকে বিনাশ করিব।

তখন রাম রোষার্ণলোচনে পাপাঝা বিশ্বক কহিলেন,—রে ক্ষ্রে! তুই
আতি দ্রাচার, তোরে ধিক, তুই নিশ্চর স্থানের মৃত্যু অনুসম্পান করিতেছিস;
এক্ষণে থাক, জীবিত থাকিতে আমার করি হইতে পারিবি না।
এই বলিয়া তিনি শরাসনে জ্যু বির্নাপণ ও সাতিট স্শোণিত শর সম্পান
করিয়া বিরাধের প্রতি পরিজ্ঞা করিলেন। স্বর্ণপ্র্থ অণ্নির নাায় ভাষ্ণর
শর পরিত্যক্ত ইইবামার ব্যাহকিগে উহার দেহ ভেদপ্র্ক শোণিতাক্ত ইইয়া
ভ্তলে পড়িল। তখন বিরাধে তথায় জানকীকে রাখিয়া, ক্লোধভরে সিংইনাদ
পরিত্যাগপ্র্ক শত্তধ্বজসদ্শ এক শ্লে উদ্যুত করত উহাদিগের প্রতি
মহাবেগে ধাবমান ইইল। ঐ সময় বিরাধকে ব্যাদিতবদন অতিভীষণ কৃত্যতের
ন্যায় বোধ ইইতে লাগিল। রাম ও লক্ষ্মণ উহার প্রতি অনবরত শরবর্ষণে
প্রবৃত্ত ইইলেন। তখন প্রচণ্ডম্তি বিরাধ একস্থলে দাঁড়াইল এবং হাস্য করিয়া
গার্হভা করিল। সে গার্গভা করিবামার তাহার দেহ ইতে শর্জাল প্রিলত
ইইয়া গেল। পরে সে বন্ধার বরে প্রাণ রোধ করিয়া শ্লে উর্ভোলনপ্র্ক প্নরায়
ধাবমান ইইল। মহাবীর রাম সেই বন্ধুসভকাশ জ্বজনসদ্শ শ্লে দ্ই শরে
ছেদন করিলেন। শ্লে ছিল ইইবামার স্মের্ ইইতে বন্ধানিদ্বিশি শিলাখন্ডের
ন্যায় ভ্তলে পতিত হইল। অনন্তর রাম লক্ষ্মণের সহিত কৃক্ষদর্শের ন্যায়
ভীবণ থঙা উদ্যুত করিয়া উহার সন্মিহিত ইইলেন এবং বল প্রয়োগপ্রক
উহাকে প্রহার করিতে লাগিলেন।

ইত্যবসরে বিরাধ উ'হাদিগকে বাহ্মধ্যে গ্রহণ্সূর্বক প্রস্থানের উপক্রম করিল। তথন রাম উহার অভিপ্রায় অন্ধাবন কয়িরা লক্ষ্মণকে কহিলেন,—বংস! এই রাক্ষ্স স্বেচ্ছাক্তমে আমাদিগকে লইয়া যাক, এ যে স্থান দিয়া যাইতেছে, ইহাই আমাদের গমনপথ।

তথন বলদৃশ্ত বিরাধ রাম ও লক্ষ্যণকে বালকবং বাহ্বলে উংক্ষিণ্ড করিয়া স্কন্ধে লইল এবং ঘোর গর্জনসহকারে অরণ্যাভিম্বশে চলিল। ঐ

অরণ্য ঘন মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ ও বিবিধ পাদপে পরিপ্রণ; তথ্যয় বিহওগেরা নিরুতর কলরব করিতেছে, শৃগাল ধাবমান হইতেছে এবং বহুসংখ্য হিংশ্র জুন্তু বিচরণ করিতেছে। বিরাধ তুন্মধ্যে প্রবেশ করিল।

চতুর্থ সর্গা। তন্দর্শনে জানকী বাহায়গুল উদ্যত করিয়া উচ্চৈঃস্বরে কহিতে স্লাগিলেন, ভীষণ নিশাচর এই স্থানীল সতাপরায়ণ রাম ও লক্ষ্মণকে লইয়া যাইতেছে। এক্ষণে ব্যায় ভল্লাক আমার ভক্ষণ করিবে। রাক্ষসরাজ! তোমাকে নমস্করে, তুমি উহাদিগকে ত্যাগ করিয়া আমাকে লইয়া যাও।

তথন রাম ও লক্ষ্যণ জানকীর বাক্য প্রবদ করিয়া সম্বর বিরাধের বধসাধনে প্রবৃত্ত হইলেন। লক্ষ্যণ উহার বাম বাহ্ এবং রাম দক্ষিণ বাহ্ বলপ্র্বক ভাগিগয়া ফেলিলেন। জলদকার বিরাধ ভগনবাহ, হইয়া তংক্ষণং বজ্রবিদালত পর্বতের ন্যায় ফল্রণায় ম্ছিত হইয়া পড়িল। উহারা তাহার উপর ম্যালিপ্রহার ও পদাঘাত আরভ্ত করিলেন এবং প্রনঃ প্রানঃ উংক্ষিত্ত করিয়া ভ্তলে নিচ্পিট করিছে লাগিলেন। কিল্ডু বিরাধ শরবিদ্ধ, খলাহত ও ভ্তলে নিচ্পিট হইয়াও কিছ্তে প্রাণত্যাগ করিল না। তখন সর্বভ্তরুরণ্য রাম উহাকে শন্তের একাল্ড অবধ্য দেখিয়া লক্ষ্যণকে কহিলেন,—বংক্তির নিশাচর তপোবলসম্পার, শস্তাঘাতে কোনমতে ইহার প্রাণ নাল করিছে পারিব না, এক্ষণে ইহাকে ভ্গতে প্রোথত করিয়া বধ করাই কর্তে হততেছে। ইহার দেহ কুঞ্জরবং বৃহৎ, স্ত্তরাং তুমি ইহার জন্য একটা সাল্ভ গর্ড অবিলন্দে প্রস্তুত করিয়া দেও। মহাবীর রাম লক্ষ্যণকে একটা আদেশ দিয়া চরণদ্বায়া রাক্ষনের কণ্ঠ আন্তমণ করিয়া রহিলেন।

তখন বিরাধ রামের ক্রিক ক্রিমানের করিয়া কহিতে লাগিল,—প্রাধিসংহ! বৃত্তি নিহত হইলাম! ক্রিম মোহবশতঃ অগ্রে ভোমার জানিতে পারি নাই, তুমি ক্রেল্লাফার রাম লাক্ষাণ ক্রিমা মোহবশতঃ অগ্রে ভোমার জানিতে পারি নাই, তুমি ক্রেল্লাফার রাম লাক্ষাণ ক্রিমা বামন্ত প্রস্তুত করিয়া ক্রিমা করিলাফার রাম্বন্ত বামন্ত প্রস্তুত করিয়া ক্রিমা করিলাকার করিয়া করিছেল লাগিল,—প্রাক্রিমা নাই, তুমি ক্রেল্লাফার রাম লাক্ষাণ্য ক্রেলাফার আমান ক্রিমা নাই, ক্রেল্লাফার রাম্বন্ত বামন্ত প্রস্তুত ক্রিমা

তখন বিরাধ রামের তথ্য কর্ণগোচর করিয়া কহিতে লাগিল,—প্রাধানংহ! বৃনিধ নিহত হইলাম! করিমি মোহবশতঃ অগ্রে তোমার জানিতে পারি নাই, তুমি কৌশল্যাতনয় রাম; লক্ষ্যণ ও দেবী জানকীকেও জানিলাম। আমি শাপ-প্রভাবে এই খোরা রাক্ষসী মূর্তি পরিগ্রহ করিয়া আছি। আমার নাম তুন্বর্ জাতিতে গন্ধর্ব; আমি রন্ভাতে আসন্ত হইয়া অনুপ্রিথত ছিলাম, তত্জন্য যক্ষেণ্বর কুবের ফ্রোধাবিন্ট হইয়া আমায় অভিশাপ দেন। অনন্তর আমি তাঁহাকে প্রসম করিলাম। তিনি প্রসম হইয়া শাপশান্তির উন্দেশে আমায় কহিলেন,— যখন রাজা দশরথের পত্রে রাম হুন্দে তোমায় সংহার করিবেন, তখন তুমি গন্ধর্বপ্রকৃতি অধিকার করিয়া প্রেরায় স্বর্গে আগমন করিও। রাজন্! এক্ষণে তোমার কৃপায় এই দার্ণ অভিশাপ হইতে মৃত্ত ইলাম, অতঃপর স্বলোকে অধিরোহণ করিব। এই স্থান হইতে সাধ্যোজন দ্রে শরভজ্য নামে এক ধর্মপরায়ণ স্যুসভ্কাশ মহর্ষি বাস করিতেছেন। তুমি শীয় তাঁহার নিকট গমন কর, তিনি তোমার মজ্গল বিধান করিবেন। রাম! অন্তিম কর। মৃত নিশাচর-গণের বিবরপ্রবেশই চিরবাবহার, ইহাতে আমাদের উৎকৃষ্ট গতি লাভ হইয়া থাকে।

তথন রাম বিরাধের কথা শ্রনিয়া লক্ষ্যণকে কহিলেন,—বংস! তুমি এই স্থানে একটি স্প্রশস্ত গর্ড খনন কর। লক্ষ্যণ তাঁহার আদেশমার খনির গ্রহণ-প্রকি ঐ মহাকার রাক্ষসের পাশ্বে এক গর্ত খনন করিলেন। বিরাধ কণ্ঠাক্রমণ

হইতে মৃক্ত হইল। মহাবল লক্ষ্মণ উহাকে উৎক্ষিণত করিয়া গর্তামধ্যে নিক্ষেপ করিলেন। গর্তো প্রবেশকালে বিরাধ ঘোর স্বরে বনবিভাগ নিনাদিত করিয়া তুলিল। রাম ও লক্ষ্মণও উহার বধসাধনপূর্বক নভোমণ্ডলে চন্দ্রসূর্যের ন্যায় তথার বিহার করিতে লাগিলেন।

পশুম সর্গা। তখন মহাবার রাম নিশাচর বিরাধকে বধ করিয়া জানকীকে আলিখ্যন ও সান্ত্রনা করত লক্ষ্মণকে কহিলেন,—বংস! এই বন নিতাস্ত গহন ও দুগাম, আমরা কখনও এইরূপে বনে প্রবেশ করি নাই, এক্ষণে চল, অবিলাদেব মহার্ষা শরভাগের নিকট প্রস্থান করি।

অনন্তর তিনি শরভংশের আশ্রমে উপস্থিত হইলেন এবং সেই অমরপ্রভাব শান্ধ্বভাব তাপসের সন্নিধানে এক আশ্চর্য দেখিতে পাইলেন। তথায় স্বয়ং স্বরাজ বিরাজমান, তাঁহার দেহ হইতে জ্যোতি নির্গত হইতেছে, পরিধান পরিছেন বন্দ্র; তিনি দিব্য আভরণে স্বেশাভিত আছেন এবং মহীতল স্পর্শ করিতেছেন না। বহ্নসংখ্য দেবতা তাঁহার অনুগমন ক্রিয়েছেন এবং অনেক মহাম্মা স্বেশে তাঁহার প্জা করিতেছেন। তিনি অক্রেমিছেন এবং অনেক মহাম্মা স্বেশে তাঁহার প্জা করিতেছেন। তিনি অক্রেমিছেন এবং অনেক মহামা স্বেশে তাঁহার প্জা করিতেছেন। তিনি অক্রেমিছে হরিশ্বর্ণ অশ্বসংখ্য তর্ণস্থাপ্রকাশ রথে; অদ্রে বিচিত্রমাল্যখাতি ধবল-জলদ-কাশ্তি শুশাংকছিবি নির্মাল ছিল। দ্বইটি রমণী কনকদ ভ্যাত্তি মহাম্লা চামর মন্তকে বীজন করিতেছে এবং দেব গান্ধর্ব সিন্ধ ও সুষ্টিস্বাণ স্তৃতিবাদে প্রব্যুত্ত আছেন। তংকালে তিনি শ্রভণেগর স্থিতি আলাপ করিতেছিলেন, রাম উত্থিক

তংকালে তিনি শরভংগের স্থিতি আলাপ করিতেছিলেন, রাম উত্থাকে অন্ভবে ইন্দ্র বোধ করিয়া লাভিকে কহিলেন,—বংস! ঐ দেখ কি আন্চর্য রথ, কেমন উত্জবল! কি স্থানর! উহা গগনতলে প্রভাবান ভাতকরের নাার



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরিদৃশ্যমান হইতেছে। পূর্বে আমরা দেবরাজের বের্প অশ্বের কথা শর্নিয়া-ছিলাম, নভামণ্ডলে নিশ্চয় সেই সঁকল দিব্য অশ্ব দৃষ্ট হইতেছে। ঐ সমস্ত কৃণ্ডলশোভিত য্বা কৃপাণহন্তে চতুদিকে আছেন, উত্থাদের বক্ষঃস্থল বিশাল এবং বাহ্ন অগলের ন্যায় আয়ত। উত্যাদিগকে দেখিয়া যেন ব্যায়প্রভাব বোধ হইতেছে। উত্যায় রক্তবসন পরিধান করিয়াছেন, অনলবং রত্থহারে শ্যোভিত হইতেছেন এবং পঞ্চবিংশতি বংসরের রূপ ধারণ করিতেছেন। বংস! ঐ সমস্ত প্রিয়দর্শন য্বা যেরূপ ব্য়ুস্ক, উহাই দেবগণের চ্রুস্থায়ী বয়স। এক্ষণে ঐ র্থোপরি দিবাকর ও অভিনর ন্যায় তেজঃপ্রস্কলেবর প্রেম্বটি স্পন্ট কে যাবং না জানিয়া আসিতেছি তাবং তুমি জানকীর সহিত্য এই স্থানে থাক। এই বলিয়া রাম তপোধন শরভংগর আশ্রমাভিমুখে চলিলেন।

তথন দেবরাজ রামকে আসিতে দেখিরা দেবগণকে কহিলেন,—দেখ, রাম এই দিকে আগমন করিতেছেন; একণে আমাকে সম্ভাষণ না করিতেই চল আমরা স্থানাশ্তরে যাই, তাহা হইলে ইনি আর আমাকে দেখিতে পাইবেন না। রাম যথন বিপদ উত্তীর্ণ হইয়া বিজয়ী হইবেন, তখন আমি ইংহাকে দর্শন দিব। যাহা অন্যের দৃষ্কর, ইংহাকে সেই কার্যই সাধন করিতে হইবে। শচীপতি স্বরগণকৈ এই বলিয়া শরভগাকে সম্মান ও আম্বর্থক দেবলোকে প্রস্থান করিলেন।

তথন রাম দ্রাতা ও ভার্যার সহিত আহ্মের্ম্যে প্রবেশ করিলেন। তংকালে
মহর্ষি শরভণ্য অন্নিহোচগ্রে আসীন ছিলেন, উহারা গিরা তাঁহাকে অভিবাদন
করিলেন এবং তাঁহার আদেশ পাইয়ারেশ্রেন উপবিষ্ট হইলেন। অনন্তর মহর্ষি
উহাদিগকে আতিখ্যে নিমন্তণ করিলেন এবং উহাদের নিমিত্ত স্বতন্ত এক
বাসন্থান নিদিশ্ট করিয়া দিলেন এইর্পে শিল্টাচার পরিসমাণ্ড হইলে রাম
তাঁহাকে জিল্প্রাসিলেন, তর্গেনি স্বররাজ কি কারণে তপোবনে আসিয়াছিলেন?
শরভণ্য কহিলেন,—বংস্থি আমি কঠোর তপঃসাধনপ্র্বিক সকলের অস্কৃলভ
বন্ধনাক অধিকার করিয়াছি। একণে এই বরদাতা ইন্দ্রদেব আমাকে তথায়
উপনীত করিবার জন্য উপস্থিত হইয়াছিলেন। কিন্তু আমি তোমাকে অদ্ববতাঁ
জানিয়া এবং তোমার ন্যায় প্রিয় অতিথিকে না দেখিয়া তথায় গমন করিলাম না।
তুমি অতি ধর্মশীল, তোমার সমাগ্যলাভে তৃণ্ত হইয়া পশ্চাৎ দেবসেবিত বন্ধলাকে
যাত্রা করিব। বংস! বহুসংখ্য লোক আমার আয়ত্ত হইয়াছে, এক্ষণে বাসনা,
তুমি তৎসম্বদর প্রতিগ্রহ কর।

শাস্ত্রবিশারদ রাম এইর্প অভিহিত হইয়া কহিলেন,—তপোধন! আমি শ্বয়ং তপোবলে দিব্য লোকসকল আহরণ করিব। এক্ষণে এই বনমধ্যে কোলায় গিয়া আশ্রয় লইতে হইবে, আপনি আমায় তাহাই বলিয়া দিন। তথন শরভণা কহিলেন,—বংস! এই স্থানে স্তাক্ষ্য নামে এক ধর্মপরায়ণ মহর্ষি বাস করিয়া আছেন, তিনি তোমার মণালবিধান করিবেন। অদ্রে কুস্মবাহিনী মন্দাকিনী বহিতেছেন, তুমি উহাকে প্রতিশ্রোতে রাখিয়া চলিয়া যাও, তাহা হইলেই তাঁহার আশ্রম প্রাম্ত হইবে। রাম! আমি ত তোমার গমনপথ নির্দেশ করিয়া দিলাম, এক্ষণে তুমি মহুত্রকাল অপেক্ষা কর: ভূজন্য যেমন জীর্ণ দক পরিত্যাগ করে, সেইর্প আমি তোমার সমক্ষে এই দেহ বিসর্জন করিব।

এই বলিয়া শরভঙ্গ বহি স্থাপন করিয়া মন্টোচ্চারণসহকারে আহুতি প্রদানপূর্বক তন্মধ্যে প্রবেশ করিলেন। হুতাশন তৎক্ষণাৎ তাঁহার কেশ, জীর্ণ

ত্বক, অস্থি মাংস ও শোণিত ভদ্মসাৎ করিয়া ফেলিলেন। তখন শরভংগ অনলের ন্যায় ভাদবরদেহ এক কুমার হইলেন এবং সহসা বহিষ্মধ্য হইতে উখিত হইয়া শোভা পাইতে লাগিলেন। অনন্তর তিনি সাগ্নিক ঋষিগণের লোক ও দেবলোক অতিক্রম করিয়া রক্ষালোকে আরোহণ করিলেন এবং তথায় অন্চরবর্গের সহিত সর্বলোকপিতামহ রক্ষার সাক্ষাৎকার পাইলেন। রক্ষাও তাঁহাকে অবলোকন করিয়া সন্তুষ্ট হইলেন।

बच्छे সর্গা। মহার্ষ শরভংগ স্বর্গারোহণ করিলে বৈথানস, বালথিত্য, সংপ্রকাল, মরীচিপ, অম্মকুট্, পাত্রাহার, দল্ভোল্খল, উন্মন্জক, গাত্রশ্য্যা, অশ্যা, অনব-কাশিক, সলিলাহার, বায়,ভক্ষ, আকাশনিলয়, স্থণিডলশায়ী ও আর্দ্রপট্রাস---**এই সমসত খবি ডেজস্বী রামের নিকট উপস্থিত হইলেন। ই'হারা জপপর** ও তপঃপ্রায়ণ এবং ব্রাহ্মীপ্রীসম্পন্ন। ই'হারা আসিয়া রামকে কহিলেন, রাম! যেমন দেবগণের ইন্দ্র সেইর্পে তুমি ইক্ষরাকুকুলের ও সমগ্র প্থিবীর প্রধান ও নাথ। তুমি যশ ও বিক্রমে হিলোকমধ্যে প্রথিত হইয়াছ, প্রিত্ত্তত ও সত্য তোমাতেই রহিয়াছে: দর্বাঞ্চাপূর্ণ ধর্ম তোমাকেই আশ্রর করিবে সাছে। তুমি ধর্মের মর্মজ্ঞ বার্তিই লিব লিব বিন্তুর বার্তিই পাল্লর করিয়া বার্তিই প্রাণ্ডির বার্তিই বিপ্রবিধ্বর বার্তিই প্রাণ্ডির বার্তিই বার্তি বানপ্রস্থগণের নাথ, এক্ষার্ক ই'হারা নিশাচরের হসেত অনাথের ন্যায় নিহত হইতেছেন। ঐ চল, ঘোররপু রাক্ষসেরা ষে-সকল তপম্বীকে নানা প্রকারে বিনাশ করিয়াছে, বনমধ্যে তাঁহাদের মৃতদেহ দেখিয়া আসিবে। যে-সকল মুনি পম্পার উপক্লে, মন্দাকিনী-তটে ও চিত্রকুটে বাস করিয়া আছেন, রাক্ষসেরা তাঁহাদিগকে অতান্ত উৎপীড়ন করিতেছে। ঐ সমস্ত দ্রাচার অরণ্যে তাপসগণের উপর যের্প ঘোরতর অভ্যাচার আরম্ভ কবিয়াছে, আমরা কোনমতে ভাহা সহ্য করিতে পাবিতেছি না। তুমি সকলের শরণা, তোমার শরণ লইবার জন্য আমরা আসিয়াছি। রাক্ষসেরা আমাদিগকে বধ করে, এক্ষণে রক্ষা কর। রাম! এই প্রথিবীতে তোমা অপেক্ষা উৎকৃণ্ট আশ্রয় আর আমাদের নাই।

তখন ধর্মশাল রাম উহাদের এইর প বাকা শ্রবণ করিয়া কহিলেন,—তাপসগণ! আপনারা আমাকে এইর প করিয়া আর বলিবেন না, আমি সততই আপনাদের আজ্ঞাধীন হইয়া আছি। এক্ষণে যখন আমাকে পিতৃসত্যপালনান্দেশে বনপ্রবেশ করিতে হইয়াছে, তখন এই প্রসংগে আপনাদের নিশাচরকৃত অত্যাচারেব অবশ্য প্রতিকার করিয়া যাইব। বলিতে কি, ইহাতে আমারও এই বনবাসে বিশেষ ফল দশিবে সন্দেহ নাই। অতঃপর আপনারা আমার ও লক্ষ্যণের বিক্রম প্রত্যক্ষ কর্ন, আমরা নিশ্চরই খ্যাকুলকণ্টক রাক্ষসগণকে নিহত করিব। প্রজ্যক্ষরহাবীর রাম মানিগণকে এইর প আশ্বাস প্রদানপূর্বক তাঁহাদিগের সমভিব্যাহারে স্তাক্ষার তপোবনে যাত্রা করিলেন।



সশ্তম সর্গা। অনন্তর তিনি বহু দ্র অতিক্রম করিলেন এবং অগাধসলিলা অনেক নদী লখ্যন করিয়া গিরিবর স্মের্র ন্যায় উন্নত পবিত্র এক শৈল দেখিতে পাইলেন। অদ্রে অতান্ত গহন ও ভীষণ এক কানন বিস্তৃত রহিয়াছে। তথায় নানা প্রকার বৃক্ষ কুস্মিত ও ফলভরে অবনত হইয়া আছে। রাম তক্মধ্যে প্রবিষ্ট ইইলেন এবং উহার একান্তে কুশচীরচিহ্তি এক তপোবন অবলোকন করিলেন। ঐ তপোবনে মলালিশ্ত পংকরিল জটাধারী মহর্ষি স্তীকঃ আসীন ছিলেন। রাম তাহার সলিহিত হইয়া বিনীতভাবে কহিলেন,—ভগবন্! আমি রাম, আপনার দর্শনকামনায় আগমন করিলাম। একলে আপনি মোনভাব ত্যাগ করিয়া আমাকে সম্ভাষণ কর্ন।

তখন তপোধন স্তাক্ষা রামকে নিরাক্ষণ করিয়া ক্রিলগানপ্র ক কহিলেন, ব্রি! তুমি ত নিবিন্যে আসিয়াছ? এই তপোবন ভেরের আগমনে একণে যেন সনাথ হইল। আমি কেবল তোমারই প্রতাক্ষায় ক্রিলে দেহ বিসন্ধানপ্র ক এ স্থান হইতে স্রলোকে আরোহণ করি নাই তুমি রাজ্যন্ত ইইয়া চিত্রক্টে কাল্যাপন করিতেছিলে, আমি তাহা স্ক্রিলাছি। আজ দেবরাজ ইন্দ্র আমার এই আশ্রমে আসিয়াছিলেন এবং আরি ইন্দ্রাবলে যে উৎকৃষ্ট লোকসকল অধিকার করিয়াছি তিনি আমায় এই সংবাদ প্রকৃষ্ট করিলেন। বংস! একণে আমি কহিতেছি, তুমি আমার প্রীতির উল্লেখ্য করে সমস্ত দেব্যিক্তিত মদীর তপোবললম্ব লোকে গিয়া জানকী ও লক্ষ্টের্মের সহিত বিহার করে।

তখন রাম ইন্দ্র বেমন ব্রহ্মাকে তদুপে সেই উগ্রতপা মহর্ষিকে কহিলেন, ভগবন্! আমি তপোবলে স্বয়ংই লোকসকল আহরণ করিব। এক্ষণে আপনি এই অরণ্যমধ্যে আমায় একটি বাসস্থান নির্দিষ্ট করিয়া দিন। গৌতমগোর্জাত মহাত্মা শরভণ্য কহিয়াছেন, আপনি সকলের হিতকারী ও সর্বর কুশলী।

অনন্তর সর্বলোকপ্রথিত স্তাক্ষ্য আহ্মানে প্রাকৃত হইয়া মধ্র বাক্ষে কহিলেন, রাম! তুমি আমারই আশ্রমে বাস কর। এ ম্থানে বহ্সংখ্য খবি আছেন এবং সকল সময়ে ফলম্লও বিলক্ষণ স্লেভ। কেবল এই তপোবনে মধ্যে মধ্যে কতকগ্রিল মৃগ আইসে; উহারা অত্যন্ত নিভার, কিন্তু কখন কাহাব কোনর্প অনিষ্ট করে না। উহারা আসিয়া নানা প্রকারে লোভ প্রদর্শনিপ্রেক প্রতিনিব্ত হইয়া থাকে। বংস! তুমি নিশ্চয় জানিও এতন্যতীত এ ম্থানে অন্য কোনর্প ভয় নাই।

স্থীর রাম স্তীক্ষাের এই কথা শ্রবণ করিয়া কহিলেন, তপােধন! আমি
শরাসনে বক্তপ্রভ স্শাণিত শর সন্ধান করিয়া যদি ঐ সমস্ত ম্গকে বিনাশ করি,
তাহা হইলে আপনি মনে অভাশ্ভ ক্রেশ পাইবেন। আপনাকে ক্রেশ প্রদান অপেক্ষা
আমারও যক্ষাণার আর কিছা হইবে না। স্তরাং এই আশ্রমে বহাকাল বাস
কোনমতেই অভিলাষ করি না।

রাম স্তীক্ষাকে এইর্প কহিয়া সায়ংসন্ধ্যা করিতে প্রবৃত্ত হইলেন এবং

সন্ধা সমাপনাকে সীতা ও লক্ষ্যণের সহিত তথার বাসের ব্যক্তর করিলেন। অন্তর রাত্তি উপস্থিত হইল, তম্মশনে মহর্ষি উ'হাদিগকে সমাদরপ্রে তাপসভোগ্য ডোজ্য প্রদান করিলেন।

অন্টম স্বর্গ রেম সেই তাপসজনশরণ অরণ্যে স্তেশক্ষার আশ্রমে রাহি যাপন করিয়া প্রভাতে প্রতিবোধিত হইলেন এবং জানকীর সহিত গাঢ়োখানপ্রবিক পদ্মগন্ধী স্শীতল সলিলে স্নান ও ব্যাকালে বিধিবং দেবতা ও আন্মর প্রা সমাধান করিলেন। সূর্বোদয় হইল। তদ্দর্শনে তিনি মহর্ষি সূতীক্ষাের সন্নিধানে গমন এবং ভাঁহাকে মধ্যুর কানে সন্বোধনপূর্বাক কহিলেন,—তপোধন! আমরা আপনার সংকারে তৃণ্ড হইরা সুথে বাস করিয়াছিলাম। এক্সপে আমন্ত্রণ করি, প্রস্থান করিব। এই দ-ডকারণ্যে প্রশালীল ক্ষরিগণের আশ্রমসকল দেখিতে আমাদের অতানত ইচ্ছা হইয়াছে। এই তাপসেরাও বারংবার আমাদিগকে ডান্বিষয়ে দ্রা দিতেছেন। ই'হারা জিতেন্দ্রির, ধার্মিক ও বিধ্যে পাবকের ন্যায় তেজস্বী: এক্ষণে প্রার্থনা, আপনি ই'হাদের সহিত আমাদিগকে গমনে অনুমতি প্রদান কর্ন। নীচ লোক অসং উপায়ে অর্থ সংগ্রহ করিছে বে প্রকার হর, স্বাদেব তদ্রপ উগ্রভাব ধারণ না করিতেই আমরা নিক্তান স্ক্রিরার সক্তন্প করিয়াছি। এই বলিয়া জানকী ও লক্ষ্মণের সহিত রাম ক্রিকাকে প্রণাম করিলেন। তথন তপোধন উত্যাদগকে উত্থাপনপূর্বক গাঢ় ক্রিপান করিয়া সন্দেহে কহিলেন,—
বংস! তুমি একণে এই ছায়ার ন্যায় অনুকৃতিই সীতা ও লক্ষ্যণের সহিত নিবিছা
যাও এবং এই দণ্ডকারণ্যবাসী তাপুরুষ্টের রমণীর আশ্রমসকল দর্শন কর। পথে
জান্টপণ্ডাশ দর্গা। অনন্তর ধর্মপরায়ণ রাম, লক্ষ্মণকে দনি ও সন্তোহহনি দেখিয়া জিল্পাসিলেন, বংস! যিনি দণ্ডকারণ্যে আমার অন্সরণ করিয়াছেন, তুমি যাঁহাকে পরিত্যাগপ্রক এ স্থানে আগমন করিলে, সেই জানকী এক্ষণে কোথায়? আমি রাজ্যচ্যুত হইয়া, দনিমনে বনে বনে প্রমণ করিতোছি, আমার সেই দৃঃখসহচরী জানকী এক্ষণে কোথায়? আমি যাঁহাকে চক্ষের অন্তরালে রাখিয়া এক পলকও প্রাণ ধারণ করিতে পারি না, আমার সেই জীবনসহায় জানকী এক্ষণে কোথায়? বংস! জানকী স্রকন্যার্পিণী ক্ষীণমধ্যা ও হেমবর্ণা, আমি তাঁহাকে ভিন্ন প্রিবীর আধিপতা কি ইন্দ্রের কিছুই চাহি না। এক্ষণে যথার্থ বল, আমার সেই প্রাণিধিক কি জীবিত নাই? আমার এই বনবাস-রত ত বিফল হইবে না? হা! জানকীর নিমিত্ত আমার মৃত্যু হইলে, এবং তুমি একাকী প্রতিগমন করিলে, কৈকেয়ী প্রের রাজ্যলাভে সিম্পুসক্তম্প ও স্থী হইবেন এবং মৃতবংসা তপদ্বিনী কোশল্যাও বিনয়ের সহিত তাঁহার সেবা করিবেন। লক্ষ্মণ! যদি সেই স্পালা জানকী জীবিত থাকেন, তবে আমি প্রবরায় আশ্রমে যাইব, যদি তাঁহার মৃত্যু হইয়া থাকে, তবে আমিও প্রণত্যাগ করিব। তিনি আমাকে উপস্থিত দেখিয়া,

হাসাম্থে বাক্যালাপ না করিলেও আমি প্রাণে মরিব। বল, তিনি কি জীবিত আছেন? না তোমার অসাবধানতায় রাক্ষসেরা তাঁহাকে ভক্ষণ করিয়াছে? হা! জানকী অতি তর্ণী ও স্কুমারী, ক্রেশ তাঁহার সহা হয় না; এক্ষণে তিনি নিশ্চয়ই আমার বিয়োগে যারপরনাই বিমনা হইয়া, শোক করিতেছেন। বংস! কৃটিল মারীচ, হা লক্ষ্মণ! বলিয়া উচৈঃশ্বরে চীংকার করাতে তোমারও মনে কি ভয় জিন্মল? বোধ হয়, জানকী আমার অন্রুপে ঐ শ্বর শ্নিয়া শাঁওকতমনে তোমায় প্রেরণ করিয়া থাকিবেন, তিয়বন্ধন তুমিও শীয় আমার দর্শনার্থ উপনীত হইলে। যাহাই হউক, সাঁতাকে বনে পরিত্যগে করিয়া আসা তোমার কর্তব্য হয় নাই। তুমি এই কার্বে নৃশংস রাক্ষসগণের অপকার করিতে অবসর দিয়াছ। ঐ খোর মাংসাশীরা খরের নিধনে অত্যান্ত দ্রুখিত রহিয়াছে, এক্ষণে তাহারাই যে সাঁতাকে সংহার করিবে, ইহাতে আর কিছুমান্ত সন্দেহ হইতেছে না। বাঁর! আমি অভ্যান্ত বিপাদে পড়িয়াছি, এখন আর কি করিব, বোধ হয়, ভাগ্যে এইর্পই নির্দিণ্ট ছিল।

রাম এই প্রকারে সীতাসংক্রান্ত চিন্তার অতিমাত্ত কাতর হইয়া অন্ত্রক লক্ষ্মণকে ভর্ৎসনা করত দ্রুতপদে জনস্থানে বাইতে লাগিলেন। ক্রুৎপিপাসা ও পরিশ্রমে তাঁহার মুখ শ্বন্ধ হইয়া গেল, তিনি স্থিতিশর বিষয় হইলেন, এবং ঘন ঘন নিঃশ্বাস ফেলিতে লাগিলেন।

একোনবল্টিকম সর্গা। অনন্তর রাম সুস্থাবেগে প্রেরার জিল্পাসিলেন, বংস! আমি যখন তোমাকে বিশ্বাস করিবে সন্মধ্যে জানকীকে রাখিরা আইলাম, তখন তুমি কি জন্য তাহাকে পরিত্রাস্থিক এ স্থানে আগমন করিলে? আমি দ্র হইতে তোমায় সীতাশ্না জ্বাকী আসিতে দেখিয়া অত্যন্ত ভাত ও ব্যথিত হইয়াছি। আমার বামনের ও বামবাহা স্পান্দিত এবং হাদয় নিরন্তর কম্পিত হইতেছে।

তথন লক্ষ্যণ শোকাকৃল রামকে দুঃখিতমনে কহিতে লাগিলেন, আর্য! আমি আপন ইচ্ছায় সীতাকে পরিত্যাগ করিয়া এখানে আসি নাই। তিনি কঠোর বাক্যে আমায় প্রেরণ করিলেন, তল্জনাই আমি আপনার নিকট আগমন করিলাম। আপনি "হা লক্ষ্যণ! রক্ষা কর" এই কথা মান্তুম্বরে সাম্পত্ট কহিয়াছিলেন; উহা জানকীর প্রাতিগোচর হয়। তিনি সেই আতম্বির শ্রিয়া সজলনয়নে ভীতমনে কেবল আপনারই স্নেহে বারংবার আমাকে নিগতে ইইবার নিমিত্ত স্বরা দিতে লাগিলেন। তথন আমিত্ত তাঁহার প্রতায় হইতে পারে, এইর্প বাক্যে কহিলাম, দেবি! আর্ষের মনে ভর জন্মাইয়া দেয়, এইর্প রাক্ষ্য আমি দেখিতেছি না। এক্ষণে তুমি নিশ্চিন্ত হও, এই কণ্ঠম্বর আর্ষের নহে, বোধ হয়, আর কাহারও হইবে। যিনি সা্রগণকেও রক্ষা করিতে পারেন, "পরিত্রাণ কর" এই ঘ্লিত নীচ বাক্য তিনি কির্পো বলিবেন? কেহ কোন কারণে তাঁহার অন্র্প স্বরে এইর্প কহিয়াছে। এক্ষণে তুমি সামান্য স্ত্রীলোকের ন্যায় দুঃখিত হইও না, উংকণ্ঠা দ্র কর, শান্ত হও। তাঁহাকে যুন্ধে জয় করিতে পারে, তিলোকে এইর্প লোক জন্মে নাই, জন্মিবেও না। তিনি ইন্যাদি দেবগণেরও অজেয়।

অনন্তর জানকী মোহবশতঃ রোদন করিতে করিতে নিদার্থ বাকো কহিলেন, দৃষ্ট ! রাম বিনন্ট হইলে তুই আমার পাইবি, মনে মনে এই পাপ অভিসন্ধি

করিয়াছিস, কিন্তু তোর এই সংকলপ সিন্ধ হইবে না। তুই নিন্চয়ই ভরতের সংক্তে রামের অন্সরণ করিতেছিস, এই জন্য তাঁহার আর্তস্বর শ্নিনয়ও সমিহিত হইলি না। তুই প্রচ্ছম্লচারী শত্র, এক্ষণে আমারই নিমিস্ত তাঁহার ছিদ্যান্বেষণে ফিরিতেছিস। আর্য! জানকী এইর্প কহিবামাত্র আমার অতিশম ক্রোধ জন্মিল, নেত্র আরক্ত হইয়া উঠিল এবং ওন্ট কন্পিত হইতে লাগিল। তখন আমিও বিলন্ধ না করিয়া আশ্রম হইতে নিন্ধানত হইলাম।

রাম লক্ষ্যণের মুখে এই কথা শ্রবণ করিয়া সন্তশ্তমনে কহিলেন, বংস! ত্মি সীতা ব্যতীত এ স্থানে আগমন করিয়া অতিশয় কুকর্ম করিলে। আমি য়াক্ষসগণকে নিবারণ করিতে পারি, ইহা জানিলেও জানকীর ফ্রোধবাক্যে নিগতি হওয়া তোমার উচিত হয় নাই। ইহাতে আমি অত্যন্তই অসম্তুশ্ট হইলাম। দেখ, সীতার নিয়োগে কুন্ধ হইয়া আমার আদেশ লগ্মন করা তোমার সন্পূর্ণই নীতিবির্ধ্ধ হইয়াছে। লক্ষ্মণ! বে আমাকে মায়াম্গরাপে আশ্রম হইতে দ্রে আনিল, এখন সেই য়াক্ষ্স আমার শরাঘাতে ভতুলে শয়ান। আমি শয়াসনে শয় সন্ধান ও ঈষৎ আকর্ষণ করিয়া প্রহার করিলাম, সে তৎক্ষণাৎ মৃগদেহ বিসর্জানপ্রকি কেয়য়রধারী রাক্ষ্স হইল, এবং আমার স্বর অন্করণ করিয়া কাতর বাক্যে স্কুপণ্ট চীংকার করিল। বৎস! এক্ষ্পেই ত্মি জানকীকে পরিত্যাগ করিয়া এ স্থানে আসিয়াছ।

ৰণ্টিতম স্থানি অনুভৱ পথমধ্যে রামের বাম নের স্ফারিত স্বাঞ্য কম্পিত এবং পদুস্থালন হইতে লাগিল। তিনি এই সমস্ত দূর্লক্ষণ দেখিয়া, লক্ষ্মণুক্তে বারংবার সীতার কুশল জিজ্ঞাসিতে লাগিলেন, এবং ডাঁহাকে দর্শন করিবার আশরে একান্ত উৎসূক হইয়া দ্রতগমনে চলিলেন। তাঁহার আশ্রমপদ অদ্বে। তিনি লক্ষাণের সহিত উপস্থিত হইয়া উহার সমীপদেশ শন্যে দেখিলেন, এবং উহার মধ্যে প্রবেশ করিয়া সীতার বিহারস্থানে গমন ও পূর্বব্তান্ত স্মরণ করিয়া যারপরনাই ব্যথিত হইলেন। তাঁহার সর্বাঙ্গা রোমাণ্ডিত হইয়া উঠিল। অনন্তর তিনি উদ্বিশন মনে ইতস্ততঃ শ্রমণ এবং হস্তপদ ক্ষেপণে প্রবৃত্ত হুইলেন। তংকালে হেমনেত পদ্মশ্রীবিরহিত সরোবরের ন্যায় পর্ণকুটীর সীতাশন্য রহিয়াছে; কৃক্ষসকল যেন রোদন করিতেছে; পৃষ্পসম্দর ব্লান এবং মূগ ও পক্ষিগণ মৌন: আশ্রম একান্তই হতশ্রী ও বিপর্যন্ত, বনদেবতারা তথা হইতে প্রদথান করিয়াছেন। এবং কুশ ও চম বিকীর্ণ ও কাশনিমিত কট চারিদিকে প্রক্ষিণ্ড। তখন রাম কুটার শূন্য দর্শন করিয়া এইর,পে বিলাপ করিতে লাগিলেন. হা! জানকীকে কি কেহ হরণ করিল, না তাঁহার মৃত্যু হইল; তিনি কি অন্তর্ধান করিলেন, না তাঁহার র্খিরে কেহ তৃশ্তি লাভ করিল; তিনি কি কোথাও প্রচ্ছন আছেন, না বনে গিয়াছেন; তিনি কি ফল প্রম্প চয়নের জন্য নির্গত, না জল

আনমনের নিমিত্ত নদী বা সরোবরে নিজ্ঞান্ত হইলেন।

অনশ্তর রাম শোকে আরম্ভনেত্র ও উন্মন্ত হইরা, ষণ্ণসহকারে সর্বত্র অন্,সন্ধান করিতে স্বাগিলেন, কিন্তু কুত্রাপি জানকীর দর্শন পাইলেন না। তখন তিনি দৃঃথে অতিমাত্র কাতর হইয়া বিলাপ ও পরিতাপপূর্বক বৃক্ষ পর্বত এবং নদ



নদী সমস্ত পর্যটন করত এইরূপ জিজ্ঞাসিতে লাগিলেন, কদম্ব! আমার প্রেয়সী তোমার অতিশর প্রীতি করেন, এক্ষণে যদি তুমি তাঁহাকে দেখিয়া থাক, ত বল। বিক্ব! যাঁহার স্তন্যুগল শ্রীফলের তুলা, সর্বাঞ্গ নবপল্পববং কোমল, এবং পরিধান পাঁত কোঁষের কন্ত্র, যাদ তুমি তাঁহাকে দেখিয়া থাক, ত বল। করবার! তুমি কুশাপা জ্বানকার অভ্যন্ত লেনহের হইতেছ, এক্ষণে তিনি জ্বাবিত আছেন কি না, ব**ল**৷ মর্বক! তুমি লতাসংকুল পকোবাকীর্ণ ও প্ৰুপ্পূর্ণ হইয়া অপূর্ব শোভা পাইতেছ, জানকীর ঊর্ম্বয় তোমারই ছকের ন্যায় স্দৃশা, এক্ষণে তিনি কোথায়, তুমি তাহা অবশ্যই জান। তিলক! তুমি বৃক্ষপ্রধান, শ্রমরেরা তোমার চতুর্দিকে গান করিতেছে, তুমি জ্বানকীর অত্যান্ত আদরের বস্তু, এক্ষণে তিনি কোথায়, তুমি তাহা অবশাই জান। অশোক! শোকনাশক! আমি শোকভরে হতচেতন হইয়া আছি, একলে তুমি স্থানকীকে দেখাইয়া আমার শোক নদ্ট কর। তাল! প্রেরসীর স্তন্যুগল সূপক তাল ফলের তুলা, যদি তুমি তাঁহাকে দেখিয়া থাক ত কুপা করিয়া বল। জম্বু! যদি তুমি সেই স্বৰ্ণবৰ্ণা সীতাকে জান, তবে নিৰ্ভায়ে বল। কৰিকার! তুমি কুস্মিত হইয়া অত্যন্ত শোভিত হইতেছ. সাশীলা জানকী তোমাতে একান্ড অনুৱন্ধ, এক্ষণে ষদি তুমি তাঁহাকে দেখিয়া থাক ত বল।

রাম এইর্পে চ্ত পনস দাভিম কদশ্ব মহানুত্তি পুরর বকুল চন্দন ও কেতক প্রভৃতি বৃক্তের নিকট সাঁতার বৃত্তান্ত জিল্পালিতে লাগিলেন। ঐ সমর অরণ্য মধ্যে তাঁহাকে ভ্রান্ত ও উদ্মন্তবং বোধ ক্রিকা অনন্তর তিনি বনা জন্তুগণকে সম্বোধনপূর্বক কহিতে লাগিলেন, স্ক্রিয়া তুমি ম্গনয়না জ্ঞানকীকে অবশাই জান, একণে জিল্ডাসা করি, তিনি কি মৃগীগণের সংগ্য আছেন? মাত্রুগ! বোধ হয়, করিকরজ্জনা জান্ত্রী তোমার পরিচিত, এক্ষণে বৃদি তুমি তাহাকে দেখিয়া থাক ত বল। বৃদ্ধী আমার প্রিয়তমার মূখ চল্টের ন্যায় প্রিয়দর্শন, একণে যদি তুমি তাঁহাকে দিবিয়া থাক ত অসংখ্কাচে বল, তোমার কিছুমাত আশ•কা নাই। কমললোচনে! তুমি কি কারণে ধাবমান হইতেছ, এই বে তোমাকে দেখিতে পাইলাম ; তুমি বৃক্ষের অত্তরাল হইতে কেন আমার বাকো উত্তর দিতেছ না। দাঁড়াও, এক্ষণে একাশ্তই নিদায় হইয়াছ, ভূমি ত পূর্বে এইরূপ পরিহাস করিতে না, তবে কি জন্য আমাকে উপেক্ষা কর। প্রিয়ে! আমি তোমাকে পাঁতবৰ্ণ পটুবসনে চিনিয়াছি, তুমি দ্ৰুতপদে যাইতেছ, তাহাও দেথিয়াছি, তোমার অশ্তরে যদি ক্ষেহসন্তার থাকে, তবে থাক, আর যাইও না। না, ইনি চার,হাসিনী জানকী নহেন, মাংসাণী রাক্ষসগণ আমার অসমক্ষে নিশ্চয়ই তাঁহার অভগ বিভাগপূর্বক ভক্ষণ করিয়াছে; নচেৎ এইরূপ ক্লেশে তিনি আমাকে কথন উপেক্ষা করিতেন না। হা! জ্বানকীর নাসিকা কি স্কুদ্শ্য, দশ্ত কি সন্দের, এবং ওষ্ঠই বা কি মনোহর। ভাঁহার সেই কুণ্ডলশোভিত পূর্ণচন্দ্রপ্রতিম মুখ্যানি রাক্ষসের গ্রাসে হড্দ্রী হইয়া গিয়াছে। তিনি আর্তর্য করিতে লাগিলেন, আর নিশাচরেরা তাঁহার চন্দনবর্ণ স্বর্ণহারের যোগ্য কোমল গ্রীবা ভক্ষণ করিল। তাঁহার **পলোবমৃদ**্ধ **অলংকৃত হ**স্ত ইতস্ততঃ বিক্ষিণ্ড এবং অগ্রভাগে কম্পিত হইতে লাগিল, আর উহারা তাহা ভক্ষণ করিল। হা! আমি রাক্ষসগণেরই জন্য তর্ণী সীতাকে ত্যাগ করিয়া গিয়াছিলাম। তি^ন ন্বজন সত্তেও যেন সন্গিহীনা ছিলেন। লক্ষ্যণ! তুমি কি আমার প্রেয়সীকে কোথাও দেখিয়াছ? হা প্রিয়ে! হা সীতে! তুমি কোথায় গমন করিলে?

রাম সীতার অন্বেষণপ্রসঞ্জে বনে বনে পর্যটন করিতে লাগিলেন। তিনি কোথাও বেগে উন্মিত, কোথাও স্বতেজে ঘূর্ণামান হইলেন এবং কোথাও বা একাশ্ডই উন্মন্ত হইয়া উঠিলেন। তিনি এইর্প অবিশ্রান্তে বন পর্বতি নদী ও প্রস্রবণসকল মহাবেগে বিচরণ করিতে প্রবৃত্ত হইলেন; কিন্তু ইহাতেও তহার আশা নিব্যত্তি হইল না। তিনি সীতার অনুসন্ধানার্থ প্রবরায় গাঢ়তর পরিপ্রম আরুভ করিলেন।

প্রকর্ষণ্টিওম সর্গা। রাম অনেক অন্সংখান করিলেন, কিন্তু কোথাও জানকীর দর্শনি পাইলেন না। তথন তিনি বাহ্বেষর উৎক্ষেপণপূর্বক হাহ্যকার করিয়া সক্ষাণকে কহিতে জাগিলেন, ভাই! সীতা কোথার? কোন্ দিকে গমন করিলেন? কে তাঁহাকে হরণ এবং কেই বা ভক্ষণ করিল? প্রিরে! তুমি যদি ব্কের অন্তরাল হইতে আমাকে পরিহাস করিবার ইচ্ছা করিয়া থাক. তবে ক্ষান্ত হও, আমি একান্ত দ্বংখিত হইয়াছি, শীয়ই আমার নিকট আইস। তুমি যে-সকল সরল ম্গশিশ্রের সহিত জীড়া করিতে, ঐ ভাহারা তোমার বিরহে সজলনয়নে চিন্তা করিতেছে। ভাই! আমার জানকী নাই, আমি আরু বাচিব না। পিতা পরলোকে নিশ্চয়ই আমাকে সীতাহরণশোকে বিনন্ত হেতিবন, এবং কহিবেন, আমি প্রতিপ্রায় বন্ধ হইয়া তোমার বনবাস দিয়াছিলাম, কিন্তু তুমি নির্দিত্ট কাল প্রণ না হইতে কি নিমিত্ত এ স্থানে ক্রিরে নিকট আগমন করিলে? লক্ষ্মণ! এই অপরাধে পিতা এই স্বেছ্যাক বিশ্বাবাদী ও নীচকে নিশ্চয়ই ধিয়ার করিবেন। জানকি! আমি তোমারে অধীন অতিদীন শোকাকুল ও হতাশ; কীতি যেমন কপটকে, সেইবুর তুমি আমাকে ফেলিয়া কোথার যাও? প্রিরে! ত্যাগ করিও না! ত্যাগ ক্রিডে লাগিলেন, কিন্তু তৎকালে তিনি আর তাঁহাকে দেখিতে পাইলেন না।

তখন লক্ষ্মণ বহুল পণ্ডে নিমণন হুল্ডীর তুলা রামকে শোকে অতিশয় অবসম দেখিয়া শূভসঙ্কদেপ কহিতে লাগিলেন, ধার! বিষয় হুইবেন না, আস্নুন অতঃপর দূই জনে যত্ন করি। ঐ অদূরে কন্দরশোভিত গিরিবর, অরণ্য প্রয়টন জানকার একান্তই প্রিয়; এক্ষণে বোধ হয়, তিনি বনে গিয়াছেন; কুস্মিত সরোবর বা মৎস্যবহুল বেতসসঙ্কুল নদাতে গমন করিয়াছেন; কিংবা আমরা কি প্রকার অনুসন্ধান করি ইহা জানিবার আশায়ে ভয় প্রদর্শনের জন্য কোথাও প্রছম রহিয়াছেন। আর্ষ! শোক করিবেন না, এক্ষণে অন্বেষণে প্রবৃত্ত হই। যদি মত হয়, ত সমুস্ত বনই দেখি।

অনশ্তর রাম লক্ষ্যণের সহিত সীতার অন্সক্ষান করিতে লাগিলেন। তাঁহারা শৈল কানন সরিং সরোবর এবং ঐ পর্বতের শিলা ও শিশর সমস্তই দেখিলেন, কিন্তু কোথাও সীতার সাক্ষাংকার পাইলেন না। তখন রাম লক্ষ্যণকে কহিলেন, বংস! আমি এই পর্বতে জানকীর দর্শন পাইলাম না। লক্ষ্যণ এই কথা শ্রবণ করিয়া দ্যথিতমনে কহিলেন, আর্য! মহাবল বিষ্কৃ ধেমন বলিকে বন্ধনপ্রক প্থিবী অধিকার করেন, তদুপ আপনিও এই দন্ডকারণো বিচরণ করিতে করিতে জানকীকে প্রাণ্ড হইবেন।

তখন রাম দুঃশিতমনে দীনবচনে কহিলেন, বংস! বন, প্রফালেসরোজ দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ সরোবর এবং এই শৈশের কন্দর ও নির্বার সমস্তই ভ্রমণ করিলাম, কিন্তু কোথাও প্রাণাধিক জানকীকে পাইলাম না।

অনশ্তর রাম কৃশ দীন ও শোকাকুল হইয়া বিলাপ করিতে করিতে মৃহ্তিকাল বিহৃত্ব হইয়া পড়িলেন। তাঁহার অঞ্গপ্রত্যক্ষ অবশ হইয়া গেল, এবং বৃদ্ধিদ্রংশ হইল। তখন তিনি দীঘ ও উষ্ণ নিঃশ্বাস পরিত্যাগপ্র্বক বাল্পগদগদ বাক্যে "হা প্রিয়ে!" কেবল এই বলিয়া রোদন করিতে লাগিলেন। তদ্দর্শনে বিনীত লক্ষ্মণ কাতর হইয়া কৃতাঞ্চলিপ্টে ঐ স্বজনবংসলকে নানা প্রকারে প্রবোধ দিতে প্রবৃত্ত হইলেন। কিল্কু রাম তাঁহার বাক্যে অনাদর করিলেন, এবং সীতাকে দেখিতে না পাইয়া অজন্ত অশ্রু বিস্কর্শন করিতে লাগিলেন।

ষিষণিতম সর্গা। কমললোচন রাম শোকে হতজ্ঞান এবং অনপ্রণারে নিপ্রীড়িত হইলেন। তিনি স্রান্তিক্তমে জানকীকে বেন দেখিতে পাইলেন এবং বাৎপকণ্ঠে কথান্তং এইর্পে বিলাপ করিতে লাগিলেন, প্রিরে! কুস্মে তোমার বিশেষ অনুরাগ, তুমি আমার শোক উন্দীপন করিবার নিমিত্ত অশোকশাখায় আবৃত হইয়া আছে। তোমার উর্য্গল কদলীকা-ডসপ্রে, উহা কদলীতে প্রছেম রাখিয়াছ বটে, কিন্তু কিছুতে গোপন করিছে সারিলে না, আমি স্মুস্পট্ট উহা দেখিতে পাইলাম। জানকি! তুমি কোর্তক্তলে কণিকার বনে ল্কাইয়াছ, কিন্তু একের উপহাস অনোর প্রাণনাশ, বিশ্বনা কানত হও, ইহা আশ্রমের ধর্ম নহে। তুমি যে কোতুকপ্রিয়, আমি ক্রিন বিলক্ষণ ব্রিকাম। বিশাললোচনে! আইস, তোমার এই পর্শক্তীর শ্রেক্তর্বাহয়াছে।

আইস, তোমার এই পর্ণ কুটীর শুরু রহিয়াছে।
লক্ষ্যণ! বােধ হয়, রাক্ষ্যে জানকীকে হরণ বা ভক্ষণ করিয়াছে, নচেং
তিনি আমাকে এইরপে কাড্যু সৌখয়া কখন উপেকা করিতেন না। এই ম্গাব্থই
আমার অনুমান সঞ্চানয়টো সপ্রমাণ করিয়া দিতেছে। জানকি! সাাধিব! কোথায় গমন করিলে? হা! আজ কৈকেরীর মনোরথ পূর্ণ হইল। আমি সীতার সহিত নিগতি হইয়াছিলাম, একণে সীতা বাতীত কি প্রকারে শ্ন্য অন্তঃপারে প্রবেশ করিব। বংস! অতঃপর লোকে আমাকে নির্দায় ও নিবর্ণীর্য ব্যেধ করিবে। আমার যে কিছুমান বীরম্ব নাই, জানকীর বিনাশে তাহা বিশক্ষণ প্রতিপন্ন হইল। একণে বনবাস হইতে প্রতিগমন করিলে, রাজা জনক আমায় কুশল জিজাসিতে আসিবেন, তংকালে আমি কিরুপে তাঁহার সহিত সাক্ষাৎ করিব। তিনি আমার সীতাকে না দেখিলে নিশ্চয়ই তাঁহার বিনাশশোকে বিমোহিত হইবেন। হা। পিতাই ধন্য, তাঁহাকে আর এ বন্দ্রণা সহিতে হইল না। ভাই! বল, একণে আমি সেই ভরতর্ক্ষত অবোধ্যায় কির্পে বাইব। সীভা বাতীত স্বর্গও আমার পক্ষে শ্ন্য বোধ হইবে। আমি সীতাকে না পাইলে আর কোনক্রমে প্রাণধারণ করিতে পারিব না। অতঃপর তুমি আমাকে এই অরণ্যে পরিত্যাগপ্র ক প্রতিগমন কর। গিয়া ভরতকে গাঢ় আলি•গনপূর্বক আমার কথার বলিও, রাম অনুক্রা দিয়াছেন, তুমি স্বচ্ছন্দে রাজ্য পালন কর। বংস! তুমি ভরতকে এই কথা বলিয়া কৈকের্মী সমিতা ও কৌশল্যাকে আমার আদেশে ক্রমান্বয়ে অভিবাদন করিও। আমার আন্তা পালনে তোমার অমনোষোগ নাই, অতএব সর্বপ্রথন্নে আমার জননীকে বৃক্ষা করিও এবং আমার ও জানকীর বিনাশব্তাশত তাঁহার সমকে সবিস্তরে কহিও।

রাম এইর্পে বিলাপ করিতে প্রবৃত্ত হইলে লক্ষ্মণ অত্যন্ত কাতর হইলেন। তাঁহার মুখ ভয়ে বিবর্ণ হইয়া গেল, এবং মনও একানত ব্যথিত হইয়া উঠিল।

ত্রিমণ্টিতম সর্গা। রাম শোক ও মোহে নিপাড়িত এবং বিষাদে নিতাম্ত অভিভাত হইলেন। তিনি দীর্ঘ ও উষ্ণ নিঃশ্বাস পরিত্যাগপর্বেক লক্ষ্যাণকে অধিকতর বিষয় করিয়া দীনমনে সজলনয়নে তংকালোচিত বাক্যে কহিতে লাগিলেন, বংস! বোধ হয়, আমার তুল্য কুকমী পূথিবীতে আর নাই। দেখ, শোকের পর শোক অবিচ্ছেদে আমার হাদর ও মন বিদীর্ণ করিতেছে। পার্বে আমি অনেক বার ইচ্ছামত পাপ করিয়াছি, আজ তাহারই বিপাক উপস্থিত, এবং তম্জনাই আমাকে দ্যঃখপর-পরা ভোগ করিতে হইতেছে। আমি রাজাদ্রন্ট হইয়াছি, স্বঞ্চনবিয়োগ, জননীবিরহ ও পিতার মৃত্যু ভাগ্যে সমস্তই ঘটিরাছে; এক্সণে তংসম্দর মনোমধ্যে আবিভূতি হইয়া আমার এই শোকবেগ পূর্ণ করিরা দিতেছে। ভাই! বনে আসিয়া সকল দঃথই শরীরে জ্যুড়াইয়াছিলাম, কিম্তু জ্ঞানকীবিচ্ছেদে কার্ডে অন্নি-সংযোগবং আজ আবার সেইগুলি হঠাং জর্বলিয়া উঠিক। হা! রাক্ষসেরা যখন জানকীরে হরণ করে, তখন সেই কলকণ্ঠী ভীত হিন্ত আকাশপথে নির্বচ্ছিয় অস্পত্টবরে না জানি কতই রোদন করিয়াছেন (১)সির বর্তুল সতনযুগল সতত ব্দাণাল্য হরিচন্দনরাগে রঞ্জিত থাকিত, এককি বোধ হর, তাহা শোণিতপথেক লিশ্ত হইরা গিরাছে, কিন্তু দেখ, আরুর প্রথনও মৃত্যু হইল না। বে মুখে কৃটিলকেশভার শোভা পাইত এবং মৃত্যু কোমল ও স্কুশন্ট কথা নিগতি হইত, একণে তাহা রাহ্রান্ত চন্দ্রের নার কাল্ত হতন্ত্রী হইরা গিরাছে। হা! বোধ হয়, শোণিতলোলাপ রাক্তস্কা নেই পতিপ্রাণার হারশোভিত গ্রীবা নির্জনে ছিন্নভিন্ন করিয়া রুবির বিটনপ্রেক আকর্ষণ করে, আর সেই আকর্শ লোচনা দীনা কুররীর ন্যায় আত্রব করিয়া থাকিবেন। বংস! তাঁহার স্বভাব অতি উদার, পূর্বে তিনি এই শিলাতলে আমার পাশ্বে বসিয়া, মধ্যে হাস্যে তোমার কথা কতই কহিতেন: একণে আইস, আমরা উভরে তাঁহার অনুসন্ধান করি, আমার বোধ হয়, তিনি এই সরিন্বরা গোদাবরীতে গমন করিয়াছেন। এই নদী তাঁহার একান্তই প্রিয়। কিন্বা সেই পদ্মপল্যশন্যনা পদ্ম আনয়নার্থ কোন সরোকরে গিয়াছেন, অথবা এই বিহঙ্গাসঙ্কল প্রতিপত বনে প্রবিষ্ট হইয়াছেন: মা, অসম্ভব, তিনি ভয়ে একাকী কখন কোথাও বাইবেন না। সূর্য! তুমি লোকের কার্যাকার্য সমস্তই জান, তুমি সত্যমিখ্যার সাক্ষী; একণে বল, আমার প্রিয়তমা জানকী কোখায় গিয়াছেন? বায়ু! তুমি নিরুতর চিলোকের ব্তান্ত বিদিত হইতেছ, এক্ষণে বল, সেই কুলপালিনীর কি মৃত্যু হইল? কি কৈহ তাঁহাকে হরণ করিল? না তুমি তাঁহাকে কোন পথে দেখিয়াছ?

তথন ন্যায়পর তেজস্বী লক্ষ্মণ রামকে শোকে এইর্প বিলাপ করিতে দেখিয়া প্রবোধবাক্যে কহিলেন, আর্য ! আপনি শোক পরিত্যাগপ্রকি ধৈর্যবিলম্বন কর্ন এবং জানকীর অশ্বেষণার্থ সবিশেষ উৎসাহী হউন। দেখনে উৎসাহশীল লোক অতি দাম্কর কার্যেও অবসন্ন হন না।

রাম প্রবলপৌর্য লক্ষ্যণের এই কাতর বাক্যে কর্ণপাত করিলেন না। তাঁহার থৈযালোপ হইল এবং তিনি যারপরনাই দুঃখিত হইলেন।

চ্ছুঃৰভিডৰ লগায় অনন্তর রাম দীনবচনে লক্ষ্মণকে কহিলেন, বংস! তুমি শীল্ল গোদাবরীতে গিয়া জান, জানকী পান আনিবার জন্য তথার গিরাছেন কিনা।

লক্ষ্মণ এইর্প অভিহিত হইবামার ছরিডপদে প্রায় তীর্থপ্রেণ স্বামা পোদাবলীতে গমন করিলেন এবং উহার সর্বত অন্সংধানপ্রেক অবিসদেব রামের মিকট আসিয়া কহিলেন, আর্ব, আগি সীতাকে পোদাবরীর কোন তীর্থেই দেখিলাম না, ভাকিলাম, উত্তর পাইলাম না, আমি না, এক্ষণে সেই ক্রেন্মাণিন্দী কোহায় গিয়াভিম।

অনণতর রাম অতিশয় সনতগত হইরা, ন্রয়ংই গোদাবরীতে গমন করিলেন এবং জানকীর কথা তথাকার সকলকেই জিজ্ঞাসিতে লাগিলেন; কিন্তু ঐ নদী এবং অন্যান্য প্রাণী, বধ্য রাবণ বে সীতা হরণ করিয়াছে, ভাহা উ'হার নিকট প্রকাশ করিতে সাহসী হইল না। তখন রাম শোকাকুল হইয়া, ঐ নদীকে প্রেঃ পর্নঃ জিজ্ঞাসিলেন, জীবজনতুগণও উহাকে অন্রোধ করিতে লাগিল, কিন্তু গোদাবরী কোনমতে কিছুই কহিল না। তংকালে দ্রাত্মা রাবণের মুপ ও কর্ম চিন্তা করিয়া ভাহার মনে অতিশয় ভয় জন্মিল, ভারবন্ধন সে কিছুই কহিল না।

তখন রাম হতাশ হইরা লক্ষ্যণকে কৃতিকের, বংস! এই গোদাবরী সাতাসংক্রান্ত কোন কথাই কহিল না। এক্ষরে আমি রাজ্য জনকের সমিধানে গিরা কি বলিব, এবং জানকীকে হারাইছে জননীকেই বা কিরুপে অপ্রিয় কথা শ্নাইব। লক্ষ্যণ! আমি রাজ্যত্রণ হটুরি বনের ফলম্লে প্রাণ রক্ষা করিতেছি, এ সমর জানকীই আমার শোক করি করিয়াছিলেন, একণে তিনি কোথায় গমন করিলেন? আমি জ্যাতিহ নি স্টাতারও আর দর্শন নাই, অতঃপর নিদ্যাবিরহে রজনী নিশ্চরই আমার পক্ষে করি দ্বি বোধ হইবে। বংস! বাদ সাতা লাভের কোন সম্ভাবনা থাকে, তাম এখন মন্দাকিনী জনন্থান এবং এই প্রস্তবণ শৈল সম্ভাই পর্যটন করি। ঐ দেখ ম্পেরা বারংবার আমার প্রতি দ্যিপাত করিতেছে, উহাদের আকার-ইণ্গিতে অন্মান হয়, যেন উহারা আমাকে কোন কথা কহিবে।

অনতের রাম ঐ সমসত মৃগ্যক লক্ষ্য করিয়া বান্পগদগদবাক্যে জিল্ঞাসিলেন, মৃগ্যগণ! জানকী কোথায়? মৃগ্যেরা এইরূপ অভিহিত হইবামান্ত তংক্ষণাং গাদ্রোদ্ধান করিল, এবং দক্ষিণাভিম্পী হইরা আকাশ প্রদর্শন ও সাতাকে যে পথে লইয়া গিয়াছে, তথায় গমনাগমনপূর্বক রামকে নিরীক্ষণ করিতে লাগিল। তখন লক্ষ্যুণ মৃগ্যেরা যে নিমিত্ত পথ ও আকাশ দেখাইরা দিতেছে এবং যে নিমিত্ত নিনাদ ছাড়িয়া ধাবমান হইতেছে, তাহা লক্ষ্য করিলেন। তিনি উহাদের বাক্যমানীর ইণ্গিত স্কৃত্যন্ত ব্রিতে পারিয়া রামকে কহিলেন, দেব! অপেনি জানকীর কথা জিল্ঞাসিলে মৃগ্যেরা সহসা গাদ্রোঘানপূর্বক দক্ষিণ দিক ও তদ্ভিম্পী পথ দেখাইরা দিতেছে: ভাল, আস্কৃত্য, আমরা ঐ দিকেই যাই। হয়ত, এবারে অম্যুরা জানকীর কোন চিহ্ন বা তাঁহাকেই পাইব।

অনশ্তর রাম লক্ষ্যণের এই বাক্যে সম্মত হইলেন্ এবং তাঁহারই সমাভিব্যাহারে চতুদিকৈ নিরীক্ষণ করত দক্ষিণাভিমানে বাইতে লাগিলেন। উবারা জানকীসংক্রান্ত কথার প্রসংগ করিয়া গমন করিতেছেন, ইতাবসরে দেখিলেন, পথের এক স্থানে অনেকগ্রনি প্রদেশ পতিত আছে। তদ্দশনে মহাবীর রাম লক্ষ্যণকৈ দ্বাধিও বাক্যে কহিলেন, লক্ষ্যণ আমি কাননে জানকীকে যে-সকল প্রশাদিয়াছিলাম্

২৬

তিনি কবরীতে যাহা কথন করিয়াছিলেন, চিনিয়াছি, এইগালি সেই প্তপ। বোধ হয়, বায়, সূর্য ও যশাস্বিনী প্রিথবী আমার উপকারার্থ এই সমস্ত রক্ষা করিতেছেন।

রাম লক্ষ্যণকে এই কথা বলিয়া প্রপ্রবণকে জিল্ডাসিলেন, পর্বত! আমি জানকীশ্না হইয়াছি; তুমি কি এই স্বয়া কাননে সেই সর্বাঞ্চাস্ক্রীকে দেখিয়াছ? পরে সিংহ বেমন ক্ষ্যু ম্গের প্রতি তর্জনগর্জন করিয়া থাকে, সেইর্পে তিনি ক্রেয়াবিন্দ ইইয়া উহাকে কহিলেন, তুই সেই স্বর্ণবর্ণা হেমাপারে দেখাইয়া দে, নচেৎ আমি তোর শৃংগ ছিল্লভিল্ল করিব। তৎকালে প্রপ্রবণ বেন সীতাকে দেখাইয়াও দেখাইল না। তখন রাম পানবার কহিলেন, পর্বত! তুই এখনই আমার শ্রাণিনতে ছারখার হইবি। তোর বৃক্ষ পল্লব ও তুণ কিছুই থাকিবে না, এবং সর্বাংশে লোকের অসেব্য হইয়া র্যহিবি। তিনি প্রপ্রবণকে এই বলিয়া লক্ষ্যণকে কহিলেন, বৎস! আজ যদি এই নদী সেই চন্দ্রাননার কথা না বলে, তবে ইহাকেও শুক্ষ করিয়া ফেলিব।

রাম নেরজ্যোতিতে সমসত দশ্ধ করিবার সংক্রণেই বেন রোবভরে লক্ষ্যাণ্ডে এইর্প কহিতেহেন, ইতাবসরে রাক্ষ্যের বিস্তাণি পদচ্ছপরন্পরা দেখিতে পাইলেন। সীতা নিশাচর কর্তৃক অন্স্ত ও ভাঁত হুইম্মরামের কামনায় ইতসতঃ ধাবমান হইয়াছিলেন, তাঁহার পদচ্ছিত্ব দেখিলেন) এবং ভণ্ম ধান্য ইতসতঃ ধাবমান হইয়াছিলেন, তাঁহার পদচ্ছিত্ব দেখিলেন) এবং ভণ্ম ধান্ত ত্বানীর ও চ্ণা রথও প্রত্যক্ষ করিলেন। তিনি এই দ্বান্ত দেখিরা, ব্যস্তসমসত চিত্তে লক্ষ্যণকে কহিতে লাগিলেন, দেখ, লাল্ডার্মি অলংভারসংক্রান্ত স্বণিবিদ্যু ও কণ্ডের বিচিত্র মাল্য রহিয়াছে, এবং ক্রান্ত পড় অণ্ড করিরা ভক্ষণ করিরা থাকিবে। এই ক্যানে দুইটি নিশাচর অনুষ্ঠি জনা বিবাদে প্রবৃত্ত হইরা ঘোরতর যুক্ষ করিরাছিল। ঐ দেখ, মৃত্রাক্তির মালমণিভত রমণার ধান্ত ভণ্ম ও পতিত আছে; এই তর্ণস্বপ্রকাশ রেন্দ্র ক্যানিত কর্তার কাঞ্চন কবচ ছিম্ভিম এবং ঐ শত্সলাকাসন্পম মাল্যসমলক্তৃত ভণ্মদণ্ড ছর রহিরাছে। এই সমসত হেমবর্মজভ্তি পিশাচম্যু ভামমূতি বৃহৎ ধর নিহত হইরাছে; এই দাণ্ড পাবকতৃলা উজ্জ্বল সমর্থকে, ঐ সাংগ্রামিক রও ভণ্ন হইরা বিপরীতভাবে প্রতিত আছে; এই স্নুদার্ঘক্রক কনকণোভা ভাষণ শর; ঐ শরপূর্ণ ত্লার, এবং এই সার্রাহও বল্গা ও ক্যা হল্ডে শ্রান্ত। বংসা এ ন্রহ্দের পামর্বাহে। বংসা এ ন্রহ্দের পামর্বাহে বাহ্মাছিল। বংসা এ ন্রহ্দের পামর্বাহের কান্ত ক্রান্ত কানা নিশাচরের হাবে। ঐ জুরহ্দের পামর্বাহের ইয়াছে। বংসা এ ন্রহ্দের না নিশাচরের হাবে। ঐ জুরহ্দের পামর্বাহের ইয়াছিল। একণে উহারা হয় জানকীরে অপহরণ, নম্ন ভক্ষণ করিরাছে। হা! ধর্ম এই মহারণ্যে সাতাকে রক্ষ্য করিলেন না এবং দেবগণ্ড আমার শ্রুচিন্তার বিমন্থ হাইলেন।

বংস! যিনি সৃষ্টি স্থিতি ও সংহার করিয়া থাকেন, যিনি দয়াশীল ও বার, লোকে মোহবশতঃ তাঁহাকেও অবজ্ঞা করিতে পারে। আমি মৃদ্দবভাব কৃপাপরতক্ষ লোকহিতাখাঁ ও নির্দোষ, অতঃপর স্রুগণ নিশ্চয় আমাকে নিবার্যি বাধ করিবেন। আমার ষে-সকল গণে আছে, ভাগ্যক্রমে সেগগেলও দোষে পরিণত হইল। এক্ষপে প্রলয়ের সূর্য ষেমন জ্যোৎসনা লা্শুত করিয়া উদিত হইয়া থাকেন, সেইর্প আমার তেজ গণ্ণসম্দয় ধ্বংস করিয়া প্রকাশ হইবে। আজ যক্ষ রক্ষ ক্ষর্য পিশাচ কিরের ও মন্বোরা স্থা হইতে পারিবে না। আজ আমি

নভামণ্ডল শরপ্ণ করিয়া, शিলোকস্থ সমস্ত লোককে নিশ্চেষ্ট করিব; গ্রহগণের গতিরোধ ও চন্দুকে আছেয় করিয়া রাখিব; সূর্য ও অণিনর জ্যোতি নণ্ট করিয়া, সম্পয় খোর অন্ধকারে আবৃত করিব; গিরিশ্লা চূর্ণ ও জলাশয় শা্লুক করিয়া ফেলিব; তর্লতাগলেম ছিয়ভিয় ও মহাসম্দুকেও এককালে নিম্লা করিব। বংস! খাদ দেবগণ প্রবং কুশালনী সীতাকে আমায় অপণ না করেন, তিনি হতে বা মৃতই হউন, যাদ এখন তাঁহাকে না দেন, তবে আমি সমস্ত সংসারই ছারখার করিব। এই মৃহ্তেই সকলে আমার বলবীবের পরিচয় পাইবে। গগনতলে আর কেহই সঞ্জব করিতে পারিবে না; জগৎ আকুল হইয়া মর্যাপা লখ্যন করিবে; এবং স্বেগণও আমার স্দ্রেগামী শরসমূহের বল প্রতাক্ষ করিবেন। লক্ষ্যাপ! এইয়্পে আমার জোধে গ্রেক্যাক উৎসয় হইলে উ'হারা দৈতা পিশাচ ও রক্ষেসের সহিত নণ্ট হইবেন এবং আমার দ্নিবার শরে উ'হাদের সকলেরই লোক খণ্ড খণ্ড হইয়া পড়িবে।

মহাবীর রাম এই বলিয়া, কটিতটে বল্কল ও চর্ম পরিবেশ্টনপর্নেক জটাভার বন্ধন করিলেন। তাঁহার নেশ্র ক্রোধে আরম্ভ হইয়া উঠিল এবং ওপ্ট ক্রিপত হইতে লাগিল। তখন গ্রিপ্রেরিবনাশকালে র্দ্রের মূর্তি বেমন শোভা পাইয়াছিল, তাঁহার মূর্তি তদুপই স্পোভিত হইল। অনন্তর তিনি ক্রমুপের হস্ত হইতে শরাসন মহণ ও স্পাত ম্বান্টি আরা ধারণ করিয়া, উস্তুত্তি ভ্রুপভাষ্টিরণ প্রদীশত শর সন্ধান করিলেন এবং ব্লান্ডকালীন অনুক্রেন্দিরার ক্রোধে প্রজন্তিত হইয়া কহিতে লাগিলেন, লক্ষ্মণ! আমি রোবা্রিকে ইইয়াছি, জয়া মৃত্যু কাল ও দৈবকে বেমন কেইই নিবারণ করিতে পারে ক্রিভে পারে বিশ্বত আমাকেও আজ কেইই প্রতিরোধ করিতে পারিবে না।

পশ্বশিষ্ট্রম স্থা। রাম প্রের্মাণিনর ন্যার লোকক্ষরে উদ্যত হইরা স্গৃণ শ্রাস্ন নিরীকণ করিতেছেন, এবং পুনঃপুনঃ দীর্ঘ নিঃশ্বাস ফেলিতেছেন। তাঁহার মুডি**র্** ষ্ণান্তে বিশ্বদহনাথী ভগবান রুদ্রের ন্যায় অতিশয় ভীষণ হইয়াছে। পূর্বে লক্ষ্মণ তাঁহার এই প্রকার ভাব কখন দর্শন করেন নাই। তিনি উ'হাকে ক্লোধে আকুল দেখিয়া, শু-ক্ষাখে কুতাঞ্জলিপুটে কহিলেন, আর্য! আর্পান অগ্রে মাদাস্বভাব দাণেচণ্টাশানা ও সকলের শ্রেরাথী ছিলেন, এক্ষণে রোষবণে প্রকৃতি বিসর্জান করা ভবাদৃশ লোকের উচিত হইতেছে না। বেমন চন্দের শ্রী, স্থোর প্রভা, বায়র গতি ও প্রথিবীর ক্ষমা আছে, সেইরূপ আপনার উৎকৃণ্ট যশ নিরতই রহিয়াছে। অতএব একের অপরাধে <mark>লোক নন্</mark>ট করা আপনার কর্তব্য হইতেছে না। ঐ একথানি স্ফুলিক্ষত সাংগ্রামিক রম্ব পতিত দেখিতেছি। জানিতেছি উহা কে কি জন্য ভাশ্গিয়া কেলিয়াছে। এই স্থানটিও অধ্বথ্যে ক্ষতবিক্ষত ও শোণিতবিন্দতে সিন্ধ, দেখিলে বোধ হয়, যেন এখানে ঘোরতর বৃত্থ ঘটিয়াছিল। এই যুস্থ একজন রখার, দূই জনের হইতে পারে না। আর এই স্থানে বহু, সৈন্যের পদচিহ্নও দেখিতেছি না। স্কুতরাং এক জনের অপরাধে বিশ্ব সংহার করা আপনার উচিত নহে। শাশ্তস্বভাব ভ্পালগণ দোষান্র্পই দর্ভবিধান করিয়া থাকেন। আর্ব ! আর্পনি নিয়তকাল লোকের গতি ও আশ্রয় হইয়া আছেন, এক্ষণে কোন্ ব্যক্তি আপনার স্থাবিনাশ সং বিবেচনা করিবে। যেমন ঋত্বিকরা যজমানের অনিষ্ট করিতে পারেন না, তদুপে নদী, পর্বাত, সমায় এবং দেবদানব

ও গশ্ববেরাও আগনার অগ্নির আচরণ করিতে সমর্থ হইবেন না। একণে আপনি ধন্ধারণপ্রেক আমার ও ঋবিগণের সহিত সেই ভাবাপেহারী শচ্র অন্সম্পান কর্ন। বাবং ভাহার দর্শন না পাইভেছি, ভাবং আমরা সাবধানে সম্মান, পর্ব ও, বন, ভাবণ গ্রহা, বিবিধ সরোবর এবং দেবলোক ও গন্ধবিলোক অন্যেশণ করিব। বিদি স্রাপ্তাবে আপনার পদ্দী প্রদান না করেন, তবে আপনি যের্প্ বিবেচনা হর, করিবেন। বাদ আপনি সম্বাবহার, সন্ধি, বিনর ও নীতিবলে আনকানে না পান, ভবে স্বর্গপ্রেক বছুসার শরুজালে সম্বত্তই উৎসল করিবেন।

ৰট্ৰণ্ডিভম স্থা। রাম শোকাকুল ও বিমোহিত, ক্ষীণ ও বিমনা হইয়া অনাথের ন্যার বিলাপ ও পরিতাপ করিতেছেন। তদ্দর্শনে লক্ষ্যুণ তাঁহার চরণ গ্রহণ ও তাঁহাকে আখ্বাস প্রদানপূর্বক কহিতে লাগিলেন, আর্য! বেমন দেবগণ আমৃত লাভ করিয়াছিলেন সেইর্প মহীপাল দশরথ অনেক তপস্যা ও যাগযুক্ত আপনাকে পাইয়াছেন। আমি ভরতের নিকট শানিয়াছি, তিনি আপনার গাণে বন্ধ হইয়া, আপনারই বিরহে প্রাণত্যাগ করিয়াহন্ত একণে এই বে দ্বঃখ উপস্থিত, আপনিও যদি ইহাতে কাতর হন, তৃত্তি সাহস্কৃতা কি সামানা অসার লোকে সম্ভবপর হইবে? অতঃপর আশ্বন্ত ইউন, বিপদ কাহার না ঘটিয়া থাকে। ইহা অগনবং স্পর্শ করে, কিন্তু ক্রম্পাল পরেই তিরোহিত হয়। ফলতঃ শরীরী জীবের পক্ষে ইহা যে একটি নের্দার্গিক ঘটনা, তাহা অবশ্যই ন্বীকার করিতে হইবে। দেখনে, রাজা ব্যাহি স্বর্গে গমন করিয়াছিলেন, কিন্তু পরিশেষে তাহার অধ্যার্গিত হইল। অফাটের কুলপ্রোহিত মহর্ষি বিশস্তের এক শত পরে জন্মে, কিন্তু এক দ্বিজ্ঞান নাট হইয়া গেল। বিনি জগতের মাতা ও সকলের প্জনীয়, সেই প্রথবী সময়ে সময়ে কম্পিত হন এবং যাঁহারা সাক্ষাৎ ধর্ম, বিশেবর চক্ষ্ম ও সকলের আশ্রয়, সেই মহাবল চন্দ্র-সূর্যাও রাহা্গ্রন্থ হইয়া थार्कन। यमण्डः कि मद्दर जीव कि एत्वण नक्वरक विशव नहा क्रिएण द्रा। শানা যায় যে, ইন্দ্রাদি সারগণও সাখদঃখ ভোগ করিয়া থাকেন। অতএব আপনি আর ব্যাকুল হইকেন না। যদি জানকীর মৃত্যু ঘটিয়া থাকে, বদি কেহ তাঁহাকে বিনাশও করিয়া থাকে, তথাচ আপনি সামান্য লোকের ন্যায় শোক করিবেন না। যাঁহারা আপনার তুল্য সর্বদশী এবং বাঁহারা অকাতরে তত্ত্ব নির্ণয় করেন, তাঁহারা অতি বিপদেও ধৈষাবলম্বন করিয়া থাকেন। অতএব আপনি ব্যাশ্বলে কর্তব্যাকর্তব্য অবধারণ কর্ম। ধীমান মহাত্মারা শ্বভাশ্বভ সমস্তই অবগত হন। ষাহার গুণা দ্বেষ অপ্রত্যক্ষ, ষাহার ফল অনির্ণের, সেই কর্মের অনুষ্ঠান ব্যতীত স্খদঃখ উৎপশ্ন হয় না। বীর! পূর্বে আপনিই আমাকে অনেক বার এইর্প কহিয়াছেন। এক্ষণে আপনাকে আর কে উপদেশ দিবে, সাক্ষাৎ বৃহস্পতিও সমর্থ হন না। আপনার বৃদ্ধির ইয়ন্তা করা দেবগণের অসাধ্য। আপনার যে জ্ঞান শোকে প্রচ্ছায় রহিয়াছে, আমি কেবল ভাহারই উন্বোধন করিতেছি। আপনি লোকিক ও অলোকিক এই উভয় প্রকার শক্তি অধিকার করিতেছেন, এক্ষণে ভাহা আলোচনা করিয়া শন্ত্রবধে ষত্রবান হউন। সর্বসংহার আবশ্যক কি: ষে প্রকৃত বৈরী, তাহাকেই নন্ট করুন।

সশ্ভবন্দিতম সর্থ ম সারগ্রাহী রাম লক্ষ্মণের ব্ভিস্পাত বাকো স্ক্ষত হইলেন, এবং প্রবৃদ্ধ জ্যোধ সংবরণ করিয়া বিচিত্র শ্রাসনে শ্রীরভার অপ্পপ্রবিক কহিলেন, বংস! এক্ষণে আমরা কি করিব, কোথার যাইব, এবং কোন্ উপায়েই বা এই স্থানে জানকীর দর্শন পাইব, চিন্তা কর।

লক্ষ্মণ কহিলেন, আর্ব ! এইটি ছনস্থান, বহু রাক্ষসে পরিপূর্ণ ও ব্কলতায় সমাকীর্ণ । এ স্থানে গিরিদুর্গ, বিদীর্ণ পাষাণ ও ম্গসন্কুল ভীষণ গুহা দৃষ্ট হইতেছে, এবং কিল্লর ও গন্ধর্বেরাও বাস করিতেছেন। এক্ষণে আমরা এই সমস্ত স্থান বিশেষ যত্ত্বে অন্সন্ধান করি। দেখুন, বিপদ উপস্থিত হইলে ভ্রাদৃশ ব্রিমান বায়্বেণে অচলের ন্যার অটলই থাকেন।

অনশ্তর রাম লক্ষ্যণের সহিত ঐ সমস্ত বনে পর্যটন করিতে লাগিলেন। দেখিলেন, এক স্থলে গিরিশ্পাকার জটার র্থিরে লিশ্ত হইয়া পতিত আছেন। তন্দশনে তিনি লক্ষ্যণকে কহিলেন, বংস! এই দ্রাখ্যা আমার জানকীরে ভক্ষণ করিরাছে। এ নিশ্চরই রাক্ষ্স, পক্ষির্পে অরণ্যে প্রমণ করিতেছে এবং আকর্ণলোচনা সীতাকে ভক্ষণপূর্বক এই স্থানে স্থে রহিয়াছে। এক্ষণে আমি সর্লগামী স্তীক্ষা শরে ইহারে সংহার করিব।

এই বলিয়া রাম কোদণ্ড ক্রেধার শর সন্ধানপুর্বিষ্ঠ জোধন্তরে সমূদ্র পর্যনত প্রিধী কদ্পিত করতই বেন উহার দর্শনার্থ প্রেরী কদ্পিত করতই বেন উহার দর্শনার্থ প্রেরী ক্রিলেন। তিনি নিকটপ্র হলে, জটার্ সফেন শোণিত উপ্যারপুর্বিক দানবচনে কহিতে লাগিলেন, আর্ক্ষন্। তুমি এই মহারণো মৃত্সঞ্জবিস্থা নাার বাহার অন্বেষণ করিতেছ, মহাবল রাবণ আমার প্রাণের সহিত ক্রেই দেবীকে হরণ করিয়াছে। তিনি অর্ক্ষিত ছিলেন, এই অবসরে ঐ দ্বর্বি ক্রিয়া তাহাকে বলপ্র্বিক লইয়া যাইতেছে, আমি দেখিতে পাইলাম। দেখিত তাহার রক্ষার্থ নিকটপ্র হইলাম এবং রাবণকেও ভ্রেলে ফেলিয়া দিলাম। মুক্ত এই তাহার ধন্ ও শর ভাশ্যিয়াছি, ঐ সাংগ্রামিক রথ ও ছব চ্র্য করিয়া রাষ্ট্রিয়াছি এবং এই সার্বাধিকে পক্ষাঘাতে নিহর্ত করিয়াছি। আমি বখন ব্রেথ একান্তই পরিশ্রানত হইয়াছিলাম, তখন সে আমার পক্ষছেদনপ্রেক সাতাকে গ্রহণ করিয়া আকাশপ্রের প্রশ্বান করিল। বংস! রাক্ষ্য একবার আমাকে প্রহার করিয়াছে, তুমি আর আমাকে মারিও না।

রাম বিহগরাক কটায়্র ম্থে সীতাসংক্রান্ত প্রির সংবাদ পাইয়া ন্বিগ্রা সনত হইয়া উঠিলেন, এবং শরাসন বিসর্জন ও অবশ দেহে তাঁহাকে আলিখনন প্রেক রোদন করিতে করিতে ভ্তলে পতিত হইলেন। তখন লক্ষ্যণও একাকী সভাকন্টকসক্রে পথের এক পাশ্রে পড়িয়া খন খন নিঃশ্বাস পরিত্যাগপ্রেক ক্রুপন করিতেছিলেন। তদ্দর্শনে রাম অভ্যন্ত দ্বাখিত হইয়া স্থার হইলেও কহিতে লাগিলেন, বংস! রাজ্যনাশ, বনবাস, সীতাবিয়োগ ও জটায়্র মৃত্যু, ভাগ্যে সমস্তই ঘটিল। বালতে কি, আমার ঈদ্শী অলক্ষ্যী অণিনকেও দংধ করিতে পারে। যদি আজ আমি প্র সমুদ্রেও প্রবেশ করি, ঐ অলক্ষ্যীপ্রভাবে তাহাও শ্রুক হইবে। হা! বখন আমি এইর্শ বিপদজালে জড়িত হইয়াছি, তখন আমা অপেকা হতভাগ্য ব্রি এই জগতে আর নাই। বংস! এক্ষণে আমারই ভাগাদোবে এই পিতৃবয়সা কটায়্রও মৃত্যু হইল।

এই বলিয়া রাম পিতৃনিবিশেষদেনহৈ ঐ ছিল্লপক্ষ শোণিতলিশ্ত জটায়্র সর্বাধ্য স্পর্শ করিতে লাগিলেন, এবং তাঁহাকে গ্রহণপ্র্বক আমার প্রাণসমা জানকী কোধার আছেন, মৃত্তকণ্ঠে এই বলিয়া ভূতলে পভিত ইইলেন।

অন্ট্রমন্তিম নগা। অনন্তর রাম লোকবংসল লক্ষ্যাণকে কহিলেন, লক্ষ্যাণ! এই বিহগরান্ধ আমারই কার্যে প্রবৃত্ত হইরা যুন্থে রাক্ষস-হল্ডে নিহত হইলেন। ই'হার দ্বর ক্ষ্যাণ হইরাছে, দেহে প্রাণ অল্পমান্তই অবশিষ্ট আছে এবং ইনি বিকল দ্ভিতে দর্শন করিতেছেন। জটারু! যদি আর বাঙ্নিশ্পত্তি করিবার শান্তি থাকে, ত বল, কির্পে তোমার এই দশা ঘটিল? আমি রাবণের কি অপকার করিয়াছিলাম, কি কারণেই বা সে জানকীরে হরণ করিল? জানকী কি কহিলেন? ভাহার শশাত্তস্পুদর মনোহর মুখ্বানিই বা কির্প ছিল? রাবণের বল কির্প? আকার কি প্রকার? সে কি করে? এবং কোথায়ই বা বাস করিয়া থাকে?

তখন ধর্মশীল জ্ঞার রামকে অনাথবং এইর প জ্ঞাসিতে দেখিয়া অস্ফাটবাক্যে কহিলেন, বংস! দ্রাজ্যা রাবণ মারাবলে বাত্যা ও দ্বাদিন সংঘটিত করিরা আকাশপথে জানকীকে লইরা গেল। আমি বৃদ্ধে নিতাশতই পরিপ্রাশত হইরাছিলাম, ঐ সময় সে আমার পক্ষেদনপূর্বক দক্ষিণাভিম্থে প্রস্থান করিল। রাম! আমার প্রাণ কণ্ঠগত হইরাছে, দ্বিট উন্দাশত হইতেছে, এবং আমি উশীর-কৃতকেশ স্বর্গ করে দর্মন করিতেছি। বংস! দ্র্ব্ প্রস্কাব বে মৃহ্তে জানকীকে হরণ করে, উহার নাম বিশ্ব। উহার প্রভাবে বস্তি খন শীল্ল অধিকারীর হস্তগত হয় এবং শত্র, বড়িশগ্রাহী মংসোর ন্যায় স্ক্রিলন্বে প্রাণত্যাগ করিয়া থাকে। কিন্তু তৎকালে রাবণ ইহার কিছুই ব্রিক্তি পারে নাই। অতএব বংস! জানকীর জন্য দ্বাধিত হইও না। তুমি ব্রেশ করের করিয়া শীল্লই তাঁহারে পাইবে।



মৃতকলপ জটার্ বিমোহিত না হইরা এইরূপ কহিতেছিলেন, ইতাবসরে সহসা তাঁহার মৃখ হইতে মাংসের সহিত জনবরত শোণিত উদ্পার হইতে লাগিল। বিশ্রবার প্রে, কুবেরের দ্রাতা—কথা শেষ না হইতেই কণ্ঠরোধ হইরা আসিল। রাম কৃতাঞ্জলিপ্টে 'বল বল' এই বাকো বাস্তসমস্ত হইরা উঠিলেন। দূর্ল'ভ প্রাণ ডংক্ষণাৎ জটার্র দেহ পরিত্যাগ করিল, মস্তক ভ্তলে ল্রণ্ঠিত হইরা পড়িল, চরণ কম্পিত হইতে লাগিল এবং তিনি অঞ্চ প্রসারণপূর্বক শ্রন করিলেন।

তামলোচন পর্বতাকার জটায়্র মৃত্যু হইলে, রাম যারপরনাই দুঃখিত হইয়া, কর্ণ বাক্যে লক্ষ্মণকে কহিতে লাগিলেন, বংস! বিনি বহুকাল এই রাক্ষসনিবাস দশ্ডকারণ্যে বাস করিয়াছিলেন, আজ তিনিই দেহতাাগ করিলেন। যাঁহার বয়স বহু বংসর, যিনি সভত উৎসাহী ছিলেন, আজ তিনিই মৃতদেহে শয়ন করিলেন। লক্ষ্মণ! কলে একাল্ডই দুর্নিবার; আমার এই উপকারী জটায়্ম জানকীর রক্ষাবিধানার্থ প্রবৃত্ত হইয়াছিলেন, প্রবলপরাক্রম রাবণ ই'হাকে বিনণ্ট করিল। এক্ষণে এই বিহণ্য কেবল আমারই জন্য বিস্তীণ গৈতৃক পক্ষিরাজ্য পরিত্যাগ্র্পক দেহপাত করিলেন। বংস! সকল জাতিতে, অধিক কি পক্ষিপ্রোণীতেও ধর্মচারী সাধ্দিগকে শ্র ও শরণাগতবংসল দেখা যায়। এক্ষণে এই জটায়্ম বিনাশে যেমন আমার ক্রেশ হইতেছে, সীতাহরণে ক্রেম্প হয় নাই। ইনি শ্রীমান রাজ্য দশর্মবেরই ন্যায় আমার মাননীর ও প্রো ক্রিই! এক্ষণে কাইভার আহরণ কর্ম, যিনি আমার ক্রম্য বিনল্ট হইলেন, আমি বর্মই আন্নি উৎপাদনপূর্যক তাঁহাকে দশ্য করিব। তাত জটায়্ম! যাজ্ঞিকের যে মৃত্যু আহিতান্দির বে গতি, অপরাক্ষ্ম্য যোন্দার যে গতি, এবং ভ্রিমদাতার ক্রেণ আহিতান্দির বে গতি, অপরাক্ষ্ম বিলন্দের তাহা আধিকার কর। এই বালরা রাম স্বজনবং জটায়্কে জ্বনত চিতায় স্থারীপাণ্ড্রেক দাহ করিতে লাগিলেন। অনন্তর তিনি লক্ষ্মন্ত্রী সহিত বনপ্রবেশ করিয়া স্থলে ম্গ্রমকল সংহার-

অনতর তিনি লক্ষ্যান্ত্রি সহিত বনপ্রবেশ করিয়া স্থলে ম্গসকল সংহারপ্রেক তৃণময় আলতরণে উত্থার পিশ্ডদান করিলেন, এবং ঐ সমল্ড ম্গের মাংস
উত্থার ও তত্ত্বারা পিশ্ড প্রলত্ত করিয়া তৃণশ্যামল রমণীয় ভ্ভাগে পক্ষীদিগকে
ভোজন করাইলেন। পরে রাক্ষণেরা প্রেতোজ্পেশে বে মন্ত জপ করিয়া থাকেন,
জটায়্র নিমিত্ত সেই স্বর্গসাধন মন্ত জপ করিতে লাগিলেন এবং লক্ষ্যণের
সহিত গোদাবরীতে স্নান করিয়া শাল্ডদৃষ্ট বিধি অন্সারে উত্থার তপণিও
করিলেন। জটায়্র অতি দৃষ্কর ও বশক্ষর কার্য করিয়া রাক্ষসহস্তে নিহত
হইয়াছিলেন, এক্ষণে থাষকলপ রাম আন্নসংস্কার করাতে অতি পবিশ্ব গতি
তথিকার করিলেন।

একোনসম্ভতিতম সর্গা। অনুনতর রাম ও লক্ষ্মণ শর শরাসন ও অসি গ্রহণপ্রেক জানকীর অন্বেষণার্থ নৈখতি দিকে যাত্রা করিলেন এবং দক্ষিণাতিম্থী হইয়া এক জনসন্তারণশূলা পথে অবতীর্ণ হইলেন। ঐ স্থান তর্লতাগ্লেম আছেয়, গহন ও ঘোরদর্শন। উহারা দ্রতপদে সেই ভীষণ পথ অতিক্রম করিলেন এবং জনস্থান হইতে তিন ক্রোশ গমনপ্রেক দ্র্গম ক্রোণারণ্যে প্রবিষ্ট হইলেন। ঐ অরণ্য নিবিদ্ধ মেঘের ন্যায় নীলবর্ণ এবং বিবিধ প্রুপ ও ম্গৃগ্রিক্সণে পরিপ্রেণ। বেধে হয় ফ্রেন, উহা হর্ধে সম্যক্ বিকসিত হইয়া আছে। উহারা তন্মধ্যে



প্রবেশ করিয়া, জানকীর অন্সংখানে প্রবৃত্ত হইলেন, এবং তাঁহার শোকে একাশ্তই দ্বল হইয়া, ইত্স্ততঃ বিশ্রাম করিতে লাগিলেন। শুরে ঐ রৌণ্ডারণ্য হইতে প্রাস্য তিন ক্রোশ গিয়া, পথমধ্যে ভীবণ মতপাশ্রে প্রাশ্ত হইলেন। ঐ স্থানে ব্লুসকল নিবিড্ভাবে আছে, এবং হিংপ্র মৃত্তি প্রিকাণ নিরণ্ডর সন্তর্গ করিতেছে। তথায় পাডালবং গভীর অন্যক্রের্ক্তর একটি গিরিগহ্বরও দৃষ্ট হইল। উহায়া সেই গহ্বরের সামিহিছ্ন স্থেমা, অদ্রে বিকটদর্শন বিকৃতবদন এক রাক্ষ্মীকে দেখিতে পাইলেন। ইত্রের আকার দীর্ঘ উদর লম্ব্যান কেশ আল্রালত দশ্ত তীক্ষা ও ছক ক্রিল্ডই কর্কশ। উহায় দর্শন্যার ক্ষ্মীণপ্রাণ দ্বলেরা অতিমার ভীত হইলা কাকে। ঐ ঘ্লিভ নিশাচরী ভীষণ, মৃগ ভক্ষণ করিতে করিতে উহাদের সিকট্ম্থ হইল এবং অগ্রবেতী লক্ষ্মণকে, আইস, উভয়ে বিহায় করি, এই বালয়া গ্রহণ ও আলিপান করিল। কহিল, আমার নাম অয়োম,খী। তুমি আমার প্রিয়তম পতি, আমিও তোমার রয়াদিবং লাভের হইলাম। নাথ! এক্ষণে তুমি আমার সহিত চিরক্ষীবন গিরিদ্রণ ও নদীতীরে স্থে ক্রীড়া করিবে।

বীর লক্ষ্মণ রাক্ষসীর এই বাক্যে অত্যন্ত কুপিত হইলেন এবং খন্সা উত্তোলনপূর্বক উহার নাসা কর্ণ ও স্তন ছেদন করিলেন। তখন ঐ ঘোরা নিশাচরী বিকৃতস্বরে চীংকার করিতে লাগিল এবং দ্রুতপদে স্বস্থানে প্লায়ন করিল।

অনশ্তর উব্যার তথা হইতে মহাসাহসে চলিলেন এবং গতিপ্রসংগ্য এক নিবিড় বনে প্রবেশ করিলেন। তখন সভাবাদী স্পৌল লক্ষ্মণ কৃত্পেলিপ্টে তেজস্বী রামকে কহিলেন, আর্য! আমার অতিশর বাহ্সপদ্দন হইতেছে, মন যেন উদ্বিশন, এবং আমি প্রায়ই দ্বেক্ষণ দেখিতেছি। এক্ষণে সাবধান, আমার কথা অগ্রাহ্য করিবেন না। কুলক্ষণ দ্বেট এখনই ভর সম্ভাবনা করিতেছি। কিন্তু ঐ দাব্দ বজ্লক পক্ষী ঘোরতর চীংকার করিতেছে, ইহাতেই বাধে হয়, যুদ্ধে জয়্মী আমাদেরই হইবে।

উ'হারা এইর পে সীতার অন্থেষণ করিতেছেন, ইতাবসরে একটি ভরণ্কর শব্দ উৎপত্ন হইল। ঐ শব্দে সম্দুদ্ধ বন যেন এককালে ভণ্ন ও প**্**ণ হইয়া

সেল। বাধ হইল, ফোন অরণাপ্রদেশ বার্মণ্ডলে বেণ্ডিত হইয়াছে। তখন রাম তংক্ষণাং খলা গ্রহণপূর্বক লক্ষ্মণ সমিভিব্যাহারে উহার কারণ অন্সন্ধানে প্রবৃত্ত হইলেন। দেখিলেন, সক্ষ্মথে একটা প্রকান্ড রাক্ষ্স। উহার কক্ষ বিস্তৃত, মস্তক ও গ্রীবা নাই, উদরে মুখ এবং ললাটে একটিমান্ত চক্ষ্ম। চক্ষের পক্ষাগ্রালিতছে এবং সমস্তই দেখিতেছে। ঐ মেঘবর্গ ক্যোশপ্রমাণ রাক্ষ্যের ন্যায় জনলিতেছে এবং সমস্তই দেখিতেছে। ঐ মেঘবর্গ ক্যোশপ্রমাণ রাক্ষ্যের দংখ্যা বিকট এবং জিহ্ম লোল, সর্বাণ্ণ তীক্ষ্ম রোমে ব্যাশ্ত এবং পূর্বতের ন্যায় উচ্চ; হস্ত এক যোজন ও অতি ভীষণ। সে মেঘবং গর্জনিপ্রেক উহা অনবরত বিক্ষেপ করিতেছে; কখন ভয়ন্তর সিংহ ভব্লুক মুগ ও পক্ষী ভক্ষণ, কখন যাল্যপিতিগণকে আকর্ষণ এবং ক্যান বা দ্রে নিক্ষেপ করিতেছে। তখন ঐ মহাবল রাক্ষ্য রাম ও লক্ষ্মণকে দেখিয়া, উহাদের পথ আবরণ করিয়া রহিল। তৎকালে উহারাও কিণ্ডিং অপস্ত হইয়া উহাকে দর্শন করিতে লাগিলেন।

অনশ্তর রাক্ষস বাহ্ প্রসারণপূর্ব ক উহাদিগকে বলে পাঁড়ন করিয়া ধরিল।

ঐ দুই মহাবাঁরের হস্তে স্কৃত্ অসি ও শরাসন; উহারা বেগে আকৃষ্ট হইতে
লাগিলেন। তংকালে রাম ধৈর্যবলে কিছুমান্ত ব্যথিত হইলেন না, কিন্তু লমন্ত্রণ
অলপবয়সক ও অধার বালিয়া অতান্ত ভীত হইলেন এবং ব্যরপরনাই বিষয়
হইয়া রামকে কহিতে লাগিলেন, বার! দেখুন, অতি শ্লাক্ষসের হস্তে অতিশর্র
বিবশ হইয়া পাঁড়য়াছি, একণে আপনি আম্পুর্ক উপহারশ্বর্প অপণি করিয়া
স্বেধ পলায়ন কর্ন। বোধ হইতেছে, অপেনি অচিরাৎ জ্ঞানকীরে পাইবেন
পরে পৈতৃক রাজা গ্রহণ এবং রাজসিংহাস্কে উপবেশন করিয়া এক একবার আমায়
স্মরণ করিবেন। রাম কহিলেন, বাঁর প্রকারণ ভাঁত হইও না। তোমার সদৃশ
লোক বিপদে কদাচ অভিভৃত হন্ত্র

তখন ঐ জুর কবন্ধ উ হৃষ্টির জিজাসিল, তোমরা কে? তোমরা ধন্ব ন ও থগো তীক্ষাশ্লা ব্রেক্সায়ে দৃষ্ট হইতেছ এবং তোমাদের স্কন্ধ ব্য-স্কন্ধেরই ন্যায় উন্নত। বলা এ স্থানে কি প্রয়োজন? তোমরা এই ভীষণ প্রদেশে



আসিয়াছ এবং দৈবগত্যা আমারও চক্ষে পড়িয়াছ। আমি ক্ষুধার্ত', স্তরাং আজু আর তোমাদের কিছুতেই নিস্তার নাই।

রাম দ্বৃত্তি কবন্ধের এই কথা শ্রেনিয়া ভীত লক্ষ্যাপকে কহিলেন, বংস! আমরা কণ্টের পর দার্ণ কণ্ট ভোগ করিতেছি, কিন্তু এক্ষণে জ্ঞানকীকে না পাইয়াই এই আবার প্রাণসন্কটে পড়িলাম। দৈবের বল একান্ত দ্রিবার, উহার অসাধ্য কিছু নাই। দেখ, আমরাও দ্বংখে অভিভূত হইলাম। যাঁহারা অস্ক্রবিং ও বীর, য দ্ধে তাঁহারাও বালাময় সেতুর নায়ে অবসল হইয়া থাকেন। প্রবলপ্রতাপ রাম লক্ষ্যাণকে এই বালিয়া, ব্রং সাহস অবলম্বন করিয়া রহিলেন।

অনতর ভাত লক্ষ্মণ বিক্রম প্রকাশে কৃতসংক্ষে হইয়া, বাঁরোচিত বাক্ষেরামকে কহিতে লাগিলেন, আর্য! এই নাঁচ রাহ্মে আমাদিগকে শাঁয়ই গ্রহণ করিবে। আসন্ন, একণে আমরা বিক্রম না ক্রিয়ে অপাঘাতে ইহার দুই প্রকাশ্ড বাহ্ ছেদন করিয়া ফোল। দেখিতেছি, এই ত্রমিণ নিশাচরের বাহ্বলই বল; এ সমস্ত লোক পরাস্ত করিয়াই যেন আমাটি কি বিনাশ করিতে উদ্যত হইয়াছে। যে অস্প্রপ্রের্গে অসমর্থা, বজ্ঞাথে স্ক্রিটি পশ্বং তাহাকে বধ করা ক্রান্তরের একান্ত গহিতি, স্ত্রাং একণে এই রাক্ষসকে এককালে নন্ট করা আমাদিগের উচিত হইতেছে না।

কবন্ধ উত্থাদের এইর ক্রিকা শ্রবণপূর্বক অত্যন্ত কূপিত হইল এবং ভবিশ আস্যা বিস্তারপূর্বক উত্থাদিগকে ভক্ষণ করিবার উপত্রম করিল। ঐ সময় দেশকালজ্ঞ রাম উহার দক্ষিণে ও লক্ষ্যণ বামে ছিলেন। উত্থারা প্রেলিকত মনে থকা ন্বারা মহাবেগে উহার দৃই হস্ত ছেদন করিলেন। কবন্ধ মেঘবং গন্ভীর রবে দিগন্ত প্থিবী ও আকাশ প্রতিধন্নিত করিয়া শোণিতলিশ্ত দেহে পতিত হইল এবং নিতান্ত দৃঃখিত হইয়া উত্থাদিগকে জিল্ঞাসিল, বার! তোমরা কে? তখন লক্ষ্যণ কহিলেন, রাক্ষ্য! ইনি ইক্ষ্যাকৃবংশীয় রাম; আমি ইত্যারই কনিষ্ঠ শ্রাতা, লক্ষ্যণ! মাতা রাজ্যাভিষেকের ব্যাঘাত সম্পাদনপূর্বক ইত্যাকে বনবাস দিয়াছেন। তেমিবংশন এই দেবপ্রভাব, পদ্মী ও আমাকে সমাভিব্যাহারে লইয়া বনে বনে বিচরণ করিতেছেন। ইনি নির্দানবাস আশ্রম করিয়াছিলেন, ইত্যবসরে এক রাক্ষ্য আসিয়া ইত্যার ভার্যাকে অপহরণ করিয়াছে। নিশাচর! আময়া তাঁহারই অন্বেষণপ্রসংগে এ স্থানে আসিয়াছি। এক্ষণে জিল্ঞাসা করি, তুমি কে? তোমার প্রদীত মুখ বক্ষে নিহিত এবং জন্মাও ভন্ম। বল, তুমি কি জন্য কবন্ধবং শ্রমণ করিতেছ?

তথন কবন্ধ ইন্দের বাক্য সমরণ করিল এবং অতিমার প্রীত হইয়া স্বাগত প্রশনপূর্বক কহিল, বীর! আমি ভাগাবলে আব্দু তোমাদের দর্শন পাইলাম এবং ভাগাবলেই আমার আব্দু বাহ, ছিল্ল হইল। এক্ষণে আমি নিজের অবিনয়ে রূপকে যেরূপে বিকৃত করিয়াছি, কহিতেছি, শ্রবণ কর।

একসশ্ভতিভ্রম সর্গা মারাম! যেমন ইন্দ্র চনদ্র ও স্বের্র রূপ, প্রের্ব আমারও ঐর্প বিলোকপ্রসিন্ধ ও অচিন্তনীয় রূপ ছিল। কিন্তু আমি ভীম রাক্ষস মূর্তি ধারণ করিয়া ইতস্ততঃ বনবাসী ক্ষাবাগদকে ভয় প্রদর্শন করিতাম। একদা স্থ্লাশরা নামে এক মুনি বন্য ফলম্ল আহরণ করিতেছিলেন, তৎকালে আমি ঐ ম্তিতি গিয়া তাঁহার সেইগ্রাল কাড়িয়া লই। তন্দর্শনে তিনি অতান্ত কুপিত হইয়া আমাকে এই বলিয়া অভিশাপ দেন, দ্ব্তি! তোর আকার এইর্পই ঘৃণিত ও ক্র হইয়া থাক।

অনন্তর আমি অপরাধকৃত শাপের শান্তির জন্য বারংবার প্রার্থনা করিলে. মহর্ষি আমাকে এইর প কহিলেন, যখন রাম তোমার বাহু ছেদনপূর্বক নির্জ্জন বনে তোমাকে দংশ করিবেন, তখনই তুমি স্বীয় রমণীয় মূর্তি অধিকার করিবে। লক্ষ্যণ! আমি শ্রী নামক দানবের পরে, আমার নাম দন্য। এক্ষণে তোমরা আমার যে আকার নিরক্ষণ করিতেছ, ইহা সংগ্রামে ইন্দের শাপপ্রভাবে ঘটিয়ালে আমি এক সময়ে অতিশর কঠোর তপস্যা করিরাছিলাম। তদ্দর্শনে পিতামহ ব্রহ্মা সন্তৃত্ট হইরা আমাকে দীর্ঘ আয়ু প্রদান করেন। তার্নবন্ধন আমি অত্যন্ত গবিত হইয়া উঠিলাম। মনে করিলাম, আমার ত দীর্ঘ আয়ু লাভ হইল, অতঃপর ইন্দ্র আর আমার কি করিবেন। তারি বিশ্ব ও মন্তক শরীরে প্রবিষ্ট করিয়া দিলেন। আমি বিশ্বর অন্যায় উরু ও মন্তক শরীরে প্রবিষ্ট করিয়া দিলেন। আমি বিশ্বর অন্যায় করিয়াছেন, একণে তাহার অন্যথা না হোক। তথ্যক করিমা কহিলাম, আপনি বন্ধ ন্বারা আমার উরু ও মন্তক ভাগিলাম না হোক। তথ্যক করিমা কহিলাম, আপনি বন্ধ ন্বারা আমার উরু ও মন্তক ভাগিলায় না হোক। তথ্যক করিমা কহিলাম, আপনি বন্ধ ন্বারা আমার উরু ও মন্তক ভাগিলায় দিলেন, অন্থিতির আমি অনাহারে দীর্ঘ কাল কির্পে প্রাণ ধারণ করিব।

অনন্তর ইন্দ্র আমার বিশ্বনপ্রমাণ দৃই হসত ও উদরে তীক্ষাদশন মৃথ সংযোজিত করিয়া দিলেন একশে আমি এই স্থানে প্রকাণ্ড বাহ্ স্থারা সিংহ ব্যাল্ল ও মৃগ প্রভৃতি বনচারী জীবজন্তুগণকে চতুদিক হইতে আহরণপূর্বক ভক্ষণ করিয়া থাকি। তংকালে ইন্দ্র এর্পও কহিয়াছিলেন, যখন রাম ও লক্ষ্মণ রণস্থলে তোমার বাহ্ ছেদন করিবেন, তখনই তুমি স্বর্গ লাভ করিতে পারিবে।

তাত! এখন আমি এই দেহে এই বনমধ্যে বাহা দেখি, তাহাই গ্রহণ করা সং বিবেচনা করিয়া থাকি। ভাবিরাছি, রাম এক সমরে অবলাই আমার হলেত আসিবেন এবং আমার এই শরীরও নত্ত করিবেন। বীর! তুমি সেই রাম, তোমার কুশল হউক। তপোধন স্থলেশিরা আমার কহিয়াছিলেন বে, রাম ব্যতীত আর কেহই তোমাকে বধ করিতে পারিবে না; বস্তুতঃ তাহাই সতা হইল। একশে তুমি আমার অপিনসংস্কার কর, আমি তোমাকে সংবৃদ্ধি দিব, এবং সহকারী মিত্তও প্রদর্শন করিব।

অনশ্তর ধর্মশীল রাম দন্র এই বাক্য শ্রবণপর্বক দ্রাতৃসমক্ষে কহিতে লাগিলেন, কবন্ধ! আমি লক্ষ্যণের সহিত জনস্থান হইতে নিম্কান্ত হইরাছিলাম, ঐ অবকাশে রাবণ অক্রেশে আমার পত্নী ষশস্বিনী সীতাকে হরণ করিয়াছে। আমি ঐ দ্রাস্থার কেবল নামটি জানি, তাল্ডিল তাহার রূপ বরস নিবাস ও প্রভাব কিছ্ই জানি না। দেখ, আমরা পরোপকারে দীক্ষিত, কিল্তু নিরাশ্রয় ও কাতর হইয়া এইর্পে পর্যটন করিতেছি, এক্ষণে তুমি আমাদিগের প্রতি যথোচিত কৃপা কর। বীর! আমরা এই স্থানে বিস্তীর্ণ গর্ত প্রস্করা, করিশ্বভেশন

শ্ব্ৰুক কাণ্ঠ আহরণপূর্বক ডোমার দক্ষ করিব। বল, কোন ব্যক্তি কোখার সীতাকে লইয়া গেল ? বদি ভূমি যথাখহি জান, তবে আমার শুভসাধন কর।

তখন বচনচতুর দন্ বক্কা রামকে কহিল, রাজকুমার! আমি জানকীকে জানি
না, আমার আর সে দিবা জান নাই। আমি দাহাতে প্র্রুপ অধিকার করিব
এবং বে তাঁহার ব্ভাল্ড বিদিত আছে, তাহাও বলিব। শাপবলে আমার জ্ঞান
নাই ইইয়াছে। আমি নিজের দেবেই এই ঘূলিত রূপ প্রাণ্ড ইইয়াছি। স্তরাং
দেহ দেখ না হইলে, কোন মহাবার্য রাক্ষ্য তোমার ভার্যাপহারী, তাহা জানিতে
পারিব না। অতএব বাবং সূর্য শ্রান্তবাহনে অল্ড না বাইতেছেন, এই অবসরে
তুমি জামার বিবরে নিক্ষেপ করিরা, বিধিপ্রেক দেখ কর। পরে বিনি সেই
রাক্ষ্যের পরিচর জানেন, আমি তাঁহার উল্লেখ করিব। রাম! তুমি তাঁহার
সহিত বন্ধ্য করিও। তিনি ন্যারপর, উপান্থত বিবরে তাঁহা হইতে অবন্ধাই
তোমার সাহাব্য হইবে। তিলোকে তাঁহার অজ্ঞাত কিছুই নাই। তিনি একসময়
কোন কারণবশতঃ সমন্ত লোকই প্রতিন করিরাছিলেন।

বিশ্বনাতিত্ব নগা। অনন্তর পর্বতোপরি একটি সৈতে চিতা প্রস্তুত হইল।
মহাবার লক্ষ্যণ জনল্পত উল্কা ন্যারা চিতা প্রদৃতি করিয়া দিলে, উহা চতুদিকে
জনলিয়া উঠিল এবং ঐ মেদপূর্ণ করন্থের য়্তুপিণ্ডত্লা প্রকাণ্ড দেহ মৃদ্মশ্দরুপে পণ্ধ হইতে লাগিল। ইতাবসরে সৈত্বাবল কর্মণ প্রেকিতমনে সহসা
চিতা হইতে বিধ্যু বহিল ন্যায় উভিত্র ইল। উহার পরিধান নির্মাল বন্দ্র, গলে
উৎকৃষ্ট মাল্য এবং সর্বাঞ্চা দির সেল্ডকার। সে হংস্বোজিত উল্জন্ন রুপে
আরোহণপূর্বক প্রভাপ্তেল দ্বা দিক শোভিত করিল এবং অন্তরীক্ষে উথিত
হইয়া রামকে কহিতে লুক্সিল রাম! তুমি বের্পে সাতাকে প্রাণ্ড হইবে,
কহিতেছি, প্রবণ কর। জার্কিলাকে সন্ধিবিহাহ প্রভৃতি ছর্মটি মান্র কার্য সাধনের
উপার আছে; উহা আপ্রর করিয়া সকল বিষ্যেরই বিচার হইয়া থাকে। যে ব্যক্তি
দ্বেশ্পর, দ্বংস্থের সংস্কর্গ করা ভাহার কর্তব্য। এক্ষণে তুমি লক্ষ্যণের সহিত
দ্বেশাপম ও হান হইয়াছ, এই জন্য ভার্যাহর্ণর্শ বিপদ্ও সহিত্তেছ। স্ত্রা:
এসময় কোন বিপার লোকের সহিত বন্ধ্যু কর, তিল্ডিল আমি ভাবিয়াও ডোমার
কার্যসিন্ধির উপার দেখিতেছি না।

রাম! সাগ্রীব নামে কোন এক মহাবীর বানর আছেন। তিনি ঋকরজার ক্ষেরজ ও স্বের উরস প্রা। ইন্দুতনর বালী উহার প্রাতা। ঐ বালী রাজ্যের জন্য জোরাবিন্ট হইরা তাঁহাকে দ্রীভ্ত করিরাছেন। একণে স্থাীব পম্পার উপক্লবতী ঋষ্যম্ক পর্বতে চারিটি বানরের সহিত বাস করিতেছেন। তিনি বিনীত বাশ্মমন দ্রুপ্রতিশ্ব স্বারীর ও দক্ষ। তাঁহার কান্তি অপরিচ্ছিল। একণে সেই স্থাীবই সীতার অন্বেষণে তোমার সহার ও মির হইবেন। তুমি আর শোকাকৃল হইও না। কাল একান্তই দ্রিবার; বাহা ঘটিবার তাহা অবশ্যই ঘটিবে। অতএব বাঁর! তুমি আজ সম্বর এ স্থান হইতে বাও। গিরা অনিন্ট পরিহারার্থ অন্ন সাক্ষী করিয়া, অবিলন্দে সেই কপান্ত্রের সহিত মিরতা কর: বানর বালিয়া তাঁহাকে অনানর করিও না। তিনি কৃতজ্ঞ কামর্পী ও সহায়াথী। তোমা হইতে তাঁহার সাহাষ্য হইবে; না হইলেও তিনি তোমার কার্যে উদাসীন থাকিবন না। বালীর সহিত স্থাীবের বিলক্ষণ শর্ভা। তিনি উহারই ভরে দ্বিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভীত হইরা পশ্পাতটে পর্যটন করিতেছেন।

রাম! একণে তুমি গিরা অণ্নিসমকে অন্ত স্থাপনপর্বক শীল্প সত্যবন্ধনে সেই বন্চরের সহিত সিত্ততা কর। তিনি বহুদর্শনবলে রাক্ষ্সম্থান সমস্তই আতে আছেন। তিলাকে তাঁহার অবিদিত কিছুই নাই। ব্যবং সূর্ব উত্তাপ নাম করেন, ততদ্বে পর্বন্ধ তিনি বানরগণের সহিত নদী পর্বত গিরিদ্র্য ও গহরের সীতার অনুসন্ধান করিবেন। সীতা তোমার বিরহে রাবণের গ্রেহ অত্যতই শোকাকুল ইইয়া আছেল, তিনি তাঁহার অনুবন্ধ করিবেন এবং এই উপদক্ষে বৃহৎ বানরগণ্ডেও চ্ছুদিন্তিক পাঠাইবেন। জানকী স্কুমের্শিখরে বা পাতালতলেই থাকুন, ঐ কপ্নিবর রাক্ষ্য বিনাশ করিয়া তাঁহাকে প্নব্যার তোমার হুস্তে সমপ্র করিবেন।

বিসম্ভাতিতম সর্গা। কবন্ধ রামকে সাতার অন্বেষণোপার নির্দেশপূর্বক কহিতে লাগিল, রাম ! বধার জম্ব্যু, প্রিয়াল, পনস, বট, তিন্দ্যক, অধ্বস্থ, কণিকার ও আয়ু প্রভৃতি প্রুপশোভিত মনোহর বৃক্ষ পশ্চিম দ্বিক আশ্রয় করিয়া আছে, সেই স্থানে বাইবার এই এক উৎকৃত পথ। ঐ হাই ধব, নাগকেশর, তিলক, নভ্তমাল, নাল অশোক, কদশ্ব, কুস্মিত কর্তির, অণিনম্খ্য, রভচন্দন ও মন্দার বৃক্ষ রহিয়াছে। তোমরা ঐ সমস্ত বৃক্ষে আরোহণ বা বেগে উহাদের শাখা ভ্রিতে আনত করিয়া অম্তত্লা কি ভক্ষণপূর্বক ঘাইও। পরে ঐ বন অতিক্রম করিয়া নন্দনসদৃশ অন্য বৃন্ধে করিও। বেমন কুবেরোদ্যান চৈত্রথে তদুপ ঐ বনে ঋতুসকল সর্ব কাল বিশ্বজ্ঞ করিতেছে। ব্ক্সমাই মেখ ও পর্বতের ন্যার ঘনীভাত, শাখা-প্রশাখায় শাভিত এবং ফলভরে সততই অবনত। লক্ষ্মণ ঐ সমসত ব্কে আরোহণ বি উহাদের শাখা ভ্রিতে আনত করিয়া তোমায় অম্তাম্বাদ ফল প্রদান ইরিবেন। তোমরা এইর্পে পর্বত হইতে পর্বত বন হইতে বন পর্যটনপূর্বক পশ্পা নদীতে উপস্থিত হইবে। ঐ নদী কর্করেশনো, বাল,কাকীর্ণ, অপিচ্ছিল ও শৈবলবিহীন। উহার সোপানগালৈ সমান, উহাতে রক্ত ও দেবত পদ্মসকল শোভা পাইতেছে, এবং হংস, মণ্ড ক, ক্রোণ্ড ও কুররগণ মধ্যুর স্বরে কোলাহল করিতেছে। ঐ সকল বিহুপ্প, বধ কাহাকে বলে জানে না এবং মন,ষ্য দেখিলেও ভীত হয় না। তোমরা গিয়া, পম্পানিবাসী ঘ্তপি ডাকার স্থাল পক্ষিগণকে ভক্ষণ করিবে। ঐ সরোবরে কণ্টকাকীর্ণ পূচ্ট ও উৎকৃষ্ট রোহিত এবং চক্রতুন্ড মৎস্য আছে। তোমার ভক্ত লক্ষ্মণ শরাঘাতে সেইগুল সংহার করিবেন এবং ত্বক ও পক্ষ ছেদনপূর্বক শ্লাপক করিয়া তোমায় আনিয়া দিবেন। পম্পার জল ম্ফটিকবং স্বচ্ছ পদ্মগন্ধি নির্মাল সূখসেব্য শীতল ও পধা; তুমি মংস্য ভক্ষণ করিলে লক্ষ্মণ পানার্থ পক্ষদলে সেই জল আনয়ন क्रियन। धे म्थान शिविशर्वतभाती वनठाती वृद्ध वृद्ध वतार कललाएड উপস্থিত হয় এবং পিপাসা শান্তি করিয়া, ব্রের ন্যায় চীংকার করিয়া থাকে। লক্ষ্মণ সায়াহে বিচরণকালে ভোমার তৎসমূদ্য প্রদর্শন করিবেন। রাম! তুমি প্রুপপূর্ণ কৃষ্ণ ও পম্পার নিমলি জল দেখিয়া নিশ্চয়ই বীতশােক ইইবে। ঐ স্থানে তিলক ও ন্তুমাল বৃক্ষ কুস্মিত এবং শ্বেত ও রক্ত পদ্ম বিকসিত রহিয়াছে। ঐ পড়প গ্রহণ করে তথায় এমন কেহ নাই এবং উহা কখন স্লান বা শীর্ণ ও হয় না। ঐ বনে মতংগশিষ্যগণের বাসম্থান ছিল। তাঁহারা গ্রের জন্য

প্রতিনিয়ত বন্য ফলম্ল আহরণ করিতেন। তৎকালে বহনপ্রমে তাঁহাদের দেহ হইতে যে অঞ্জপ্র দর্মবিন্দ্র ভূতেলে পড়িত, উত্থাদের তপোবলে তাহাই পর্কপর্পে উৎপল্ল হইয়াছে। এক্ষণে বহুদিন অতীত হইল, তাঁহারা লোকান্তরে গিয়াছেন, কিন্তু আজিও তথায় শবরী নামে একটি তাপসী বাস করিতেছেন। ঐ ধর্মপরারণা চিরন্ধীবিনী উত্থাদের পরিচারিকা ছিলেন। তুমি সকলের প্রেড্ডা ও দেবপ্রভাব, অতঃপর শবরী তোমায় দর্শন করিয়া স্বর্গারোহণ করিবেন।

রাম! তুমি ঐ পশ্পা নদীর পশ্চিম তার ধরিয়া, মহর্ষি মতগের তপোবন পাইবে। উহা আঁত রমণীয় ও অনিব'চনীয়। মহর্ষির প্রভাবে মাতগেরা তথায় প্রবেশ করিতে পারে না। যে বনে ঐ আশ্রম, এক্ষণে তাহা মতগেবন বলিয়াই প্রসিন্ধ। তুমি সেই দেবারণাসদৃশ পক্ষিসমাকীর্ণ বনে গিয়া অতাশ্তই স্পুর্ণী হইবে। ঐ পশ্পার অদ্রে ঋষাম্ক পর্বত। তথায় নানা প্রকার প্রভিপত বৃক্ষ আছে। গিশ্ব সপ্রে সমাকীর্ণ বলিয়া উহাতে কেহ আরোহণ করিতে পারে না। প্রেকালে ব্রমা ঐ পর্বত নির্মাণ করেন। উহার দানগান্ধ আঁত চমংকার। কেহ উহার শিখরে শয়ান থাকিয়া স্বান্ধোগে যত ধন পায়, জাগ্রাদ্বশ্বার তত্যা্ল অধিকার করিয়া থাকে। যদি কোন দ্রাচার উহাতে আরোহণ করে, সে নির্মাত হইলে রাক্ষলেরা সেই শ্রানেই তাহাকে লইয়া প্রহার করিয়া থাকে। মতপ্রিমার বে-সকল শিশ্বহশতী পশ্পাম বিহার করে, তাহাদের তুম্বল কলরব ঐ প্রেটার সিল হইয়া, দলে দলে ও প্রতন্ম স্বাত্নার দাহিবাকার মাতঞ্গ রন্তবর্ণ মধ্যারার সিল হইয়া, দলে দলে ও প্রতন্ম স্বাত্নার করিয়া অরণ্য প্রবিন্ধ স্বাত্নি স্বাহ্নার করে বামালীয় সালল পান করিয়া অরণ্য প্রবিন্ধ স্ক্রতিছে। ঐ স্থানে ভল্লক, ব্যান্থ এবং নালকান্তপ্রভ শান্তস্বভাব অচপল র্যান্থি আছে, তুমি তাহাদিগকে দেখিয়া শোকশ্বাহ্রা হবন। সেই পর্বতে গিলাজক কিবলৈ এক গ্রান্ধ র্যান্ধ দেখিয়া শোকশ্বাহ্রা হবন দেখিতে পাইবে। স্থান করে থবং উর্মান্ধ কমনীয় একটি হদ দেখিতে পাইবে। স্থান করে শাতল এবং উর্মার তারদেশে ব্ক্ষককল ফলপ্রেণ শোভিত হইতেছে। রামা! ধর্মাণাল স্কুত্রীব বানরগণের সহিত ঐ গ্রহামধ্যে বাস করেন এবং কথন কথন লৈকান্থেও অরন্ধিতি করিয়া থাকেন।

স্থাপ্রভ মাল্যধারী কবন্ধ উ'হাদিগকে এইর্প কহিয়া গগনতলে শোভা পাইতে লাগিল। তথন রাম ও লক্ষাণ গমনের উপক্রম করিয়া উহাকে কহিলেন, তুমি দিব্য লোকে প্রশ্থান কর। মহাভাগ ক্বন্ধও কহিল, তোমরাও তবে স্বকার্যসাধনোশেশে বাও।

চতুঃলশ্চতিতম লগা। তথন রাম ও লক্ষ্মণ স্ত্রীব দশনিথে ক্বন্ধনিদিণ্ট পথ আল্রয় করিলেন এবং পর্বতোপরি স্বাদ্ফলপূর্ণ ব্ক্সকল দেখিতে দেখিতে পশ্পার অভিমাথে পশ্চিমাস্য হইয়া ধাইতে লাগিলেন। দিবা অবসান হইয়া আসিল। উহারা পর্বতপূর্ণে রায়ি বাপন করিলেন এবং প্রাতে পশ্পার পশ্চিম তটে উপস্থিত হইলেন। তথায় তাপসী শ্বরীর আল্রম, বহু ব্কে পরিব্ত ও রমণীয়। উহারা তাহা নিরীক্ষণপূর্বক শ্বরীর নিকট্পা হইলেন। তথান ঐ সিন্ধা উহাদিগকে দেখিবামার তংক্ষাং কৃতাঞ্জালপুটে গারোখান করিলেন এবং উহাদিগকে প্রথম করিয়া বিধানান্সারে পাদ্য ও আচমনীয় দিলেন।

অনশ্তর রাম ঐ ধর্মচারিশীকে কহিলেন, অরি চার,ভারিণি ! তুমি ত তপোবিঘু! দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



জয় করিয়াছ? তপস্যা ত বিধিত হইতেছে? ক্রোধ ত বশীভূত করিয়াছ? আহার-সংবম কির্প? মনের স্থ কি প্রকার? নিয়ম ত পালিত হইয়া থাকে এবং গ্রেন্সেবাও ত সফল হইয়াছে?

তখন সিম্প্রসমত বৃষ্ধা শবরী সম্মুখনি হইরা কহিলেন, রাম! অদ্য তোমায় দেখিয়াই আমার তপদ্যা সফল, জন্ম দার্থক এবং গুরুদেবাও ফলবতী হইল। অদ্য তোমার প্রেলা করিরা আমার ন্বর্গ হইবে। তুমি বখন সোম্য দ্ভিত আমায় পবিত্র করিলে, তখন আমি তোমার কৃপার অক্ষর লোক লাভ করিব। আমি বে-সকল তাপসের পরিচারণা করিতাম, তুমি চিত্রক্টে উপন্থিত হইবামাত্র তাঁহারা এই আশ্রমপদ হইতে দিব্য বিমানে ন্বর্থে আরোহণ করিয়াছেন। ঐ ধার্মিকেরা প্রন্থানকালে আমারে কহিয়াছিলেন রাম তোমার এই প্র্ণাশ্রমে আসিবেন। তুমি তাঁহাকে ও লক্ষ্মণকে ব্যুক্তি ইইবে। রাম! অমি ম্নিনগণের এই ক্থা শ্রনিয়া তোমার জন্য পদ্পাত্তির কহিতে বন্য কলম্ল আহরণ করিয়াছি।

তখন ধর্মশীল রাম তিকালকা শিবরীকে কহিলেন, তাপসি! আমি দন্র মুখে তাপসগণের মাহান্য শুনির্দেছ। একণে যদি তোমার মত হর, তবে স্বচক্ষে তাহা দেখিবারও ইচ্ছা বার্

অন্তর শবরী কহিলেন, রাম! এই দেখ ম্গাপক্ষিপ্র নিবিড় মেখাকার মতলাবন। এই স্থানে শ্ব্পান্ত মহার্ষণাল মন্তোচারণপ্রক অনুলাত অনলে পবিত্র দেহপঞ্জর আহৃতি প্রদান করিয়াছিলেন। এই প্রত্যক স্থলা নাদনা বেদি; ইহাতে সেই সমস্ত প্রদার গ্রেন্দের শ্রমকল্পিত করে প্রেপাপহার প্রদান করিতেন। দেখ, তাহাদের তপোবলে আজিও এই অতৃলপ্রতা বেদি শ্রী সোল্বের্চ চতুদিক শোভিত করিতেছে। তাহারা উপবাসক্ষনিত আলস্যো প্র্যান করিতে পারিতেন না, ঐ দেখ, এই নিমিত্ত সম্ভ সমৃত্র স্মৃতিমাত্র এই স্থানে আসিয়াছেন। তাহারা সনানাতে বত্বলসকল বৃক্ষে রাখিতেন, আজিও সেগালি শ্বন্ধ হইতেছে না। উহারা পদ্মাদি প্রত্থ স্বারা দেবপ্রা করিরাছিলেন, এখনও সে-সকল জ্বান হর নাই। রাম! এই ত তৃমি সমস্ত বনই দেখিলে, যাহা শ্বনিবার তাহাও শ্বনিলে, একণে আজ্ঞা কর, আমি দেহ ত্যাগ করিব। যাহাদের এই আশ্রম, আমি যাহাদের পরিচর্ষা করিবতাম, একণে তাহাদিগেরই সিলিহিত হইব।

রাম শবরীর এই ধর্মসঞ্গত কথা শ্রিনয়া, ব্যরপরনাই সম্ভূষ্ট হইলেন, কহিলেন, আশ্চর্য!—ভদ্রে! তুমি আমাকে সম্রিচত প্র্জা করিয়াছ, একণে যথায় ইচ্ছা সূথে প্রস্থান কর।

তথন চীরচর্মধারিশী জটিলা শবরী রামের অন্জ্ঞাক্তমে অন্দিকুণ্ডে দেহ আহ্তি প্রদান করিলেন। উহার জ্যোতি প্রদৌশ্ত হৃতাশনের ন্যার উচ্জবল হইয়া উঠিল। উহার সর্বাক্তো দিব্য অলম্কার, দিব্য মাল্য ও দিব্য গান্ধ; তিনি দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ উৎকৃষ্ট বসনে বারপরনাই প্রিয়দর্শন হইলেন এবং বিদ্যুতের ন্যায় ঐ স্থান আলোকিত করিতে লাগিলেন। পরে বথার প্রুণ্যশীল মহার্বরা বিহার করিতেছেন, তিনি সমাধিবলে সেই পবিষ্য লোকে গমন করিলেন।

পশ্বসাধাতিত সাধাতিত পাণিলের তথাবলৈ স্বর্গারোহণ করিলে, রাম মহবিশিশের প্রভাব চিন্তা করিছে লাগিলের, এবং ছিডকারী ভারপ্রবর্গ লক্ষ্যুপতে কছিলের, বংলা! এই আগ্রন্থে বহুসংখ্য বিশ্বসত ছাল ও ব্যাপ্ত আছে, নানা প্রকার পক্ষী কোলাহল করিতেছে, এবং যিবিধ অভ্যুত পদার্থত রহিয়াছে। আমি স্বচক্ষেইহা দেখিলাম, সম্তসম্ভূতীর্থে স্নান এবং বিধানান্সারে পিতৃগণের তপ্পত করিলাম। একণে আমার অখ্ত নন্ট হইয়া গেল, এবং তারিবন্ধন মনও প্রাতি হইল। অতঃপর আইস, আমরা প্রিয়দর্শনা পন্পাতে যাই। পন্পার অদ্রে খধ্যম্ক পর্বত। তথার স্বতনর স্থাবি বালার ভরে চারিটি বানরের সহিত বাস করিয়া আছেন। জানকরি অন্সন্ধান তাঁহারই আরত। চল, একণে শীল্প যাই, গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করি।

লক্ষ্মণ কহিলেন, আর্য ! আমারও মন পশ্পাদশ্বি একানত উৎস,ক হইয়াছে। চল্মন, আমরা অবিলন্দেই এ স্থান হইতে যানু ক্রিয়।

অন্তর রাম লক্ষ্যণের সহিত ঐ আর্থ ইইতে নিজ্ঞান্ত হইলেন এবং যে স্থানে অত্যুক্ত প্রন্থিত বক্ষসকল বাহ্মাছে, কোর্যণি, অর্জ্ন, শতপত্র ও কীচক প্রভৃতি পক্ষিসকল কোলাহল কারতেছে, সেই বিস্তাণি বন ও বিবিধ সরোবর দেখিতে দেখিতে দ্রপ্রথান্ত পশ্পার দিকে গমন করিতে লাগিলেন। মতগাসর উহারই একটি প্রস্থানিশেষ, উহারা তথার উপস্থিত হইয়া পশ্পান্দর্শন করিলেন। ঐ নদী অতিয়ের রমণীয়, উহার স্থাটিকবং স্বচ্ছ সলিলে কমলনল বিক্সিত রহিয়ছে। সম্প্রি কোমল বাল্কেগা, মংস্য-কছপেরা নিবিড্ভাবে সঞ্চরণ করিতেছে। উহার কোন স্থান কহ্মারে তান্ত্রবর্গ, কোন স্থান ক্ষ্মারে লাভ্রবর্গ, কোন স্থান ক্ষ্মারে লাভ্রবর্গ গাজাসতরণ কলবলের নাার দৃষ্ট হইতেছে। উহার তীরে তিলক, অশোক, পায়াগ, বকুল ও উম্পালক; কোথাও স্বরমা উপবন, কোথাও লভাসকল সহচরী স্থার নাার বৃক্ষকে আলিগান করিতেছে, কোন স্থান ময়্বররে প্রতিধর্ননত হইতেছে, কোথাও কিয়র, উরগ, গন্ধর্ব, যক্ষ ও রাক্ষসেরা বিচরণ করিতেছে এবং কোথাও বা কুস্মিত আন্তরন। রাম ঐ পশ্পা নদী দর্শন করিয়া সীতাবিরহে বিলাপ করিতে লাগিলেন। কহিলেন, লক্ষ্মণ! এই পশ্পা নদী ভিলক, বীজপ্রক, বট, লোধা, কুস্ম্মিত করবীর, পায়াগ, মালতী, কুন্দ, বঞ্জল, অশোক, সম্ভপ্রণ কেতক ও অতিমান্ত প্রভৃতি কক্ষ ও লতাসমূহে অলম্কৃত প্রমদার নাায় শোভিত হইতেছে। কবন্ধ যাহা নির্দেশ করিয়া দিরাছে, ইহারই তীরে সেই ধাতুরঞ্জিত অধ্যমন পর্বত। মহাবা বন্ধণ ত্রিই ভাহার নিকট গমন কর।

রমে লক্ষ্মণকে এই বলিয়া পানবার কহিলেন, হা! জানি না জানকী আমার বিরহে কিরপে জীবিত থাকিবেন!

কামার্ত রাম সীভাসংক্রান্তমনে লক্ষ্মণকে এই বলিয়া শোক করিতে করিতে রমণীয় পশ্পা দশনি করিতে লাগিলেন।

কিন্ধিন্ধাকাণ্ড

প্রথম সর্গা ম রাম লক্ষ্মণের সহিত সেই মংস্যসংকুল পদ্মপূর্ণ পদ্পায় গিয়া ব্যাকুল মনে বিলাপ করিতে লাগিলেন। ঐ নদীতে দৃষ্টিপাতমাত্র তাঁহার মনে হর্ষ জন্মিল এবং ইন্দ্রিয়বিকারও সম্পৃত্থিত হইল। তিান অনজ্যের বশবতী इट्रेशा लक्क्यांगरक किंदलन, वरम! এই अम्भात छल देवप्रधित नाम निर्माल, <mark>ইহাতে পদ্মদল প্রস্ফ</mark>ূটিত হইয়াছে। ইহার তীরুম্ব বন অত্যশ্ত রমণীয়; এই বনে বৃক্ষগ্রিল শাখাসমূহে সশ্ভা পর্বতবং শোভা পাইতেছে। ইহা সপ্ প্রভাতি হিংস্ত জন্তুতে পূর্ণ এবং মৃগ ও পক্ষিগণে আকীর্ণ। যদিও আমি সীতাহরণে ও ভরতের দঃখন্সরণে লোকাকুল রহিয়াছি, তথাচ এই শৃভদর্শন। পদ্পা আমার অত্যন্তই স্কুলর বোধ হইতেছে। ঐ দেখ নীলপীতবর্ণ তৃণময় স্থান কি স্পৃন্য, ব্কের বিবিধ পঞ্প পতিত হওয়াতে উহা যেন চিত্র কম্বলে আম্ডীর্ণ রহিয়াছে। ইতদ্ততঃ পর্ণপদ্তবক-শোভিত লতা, ঐগর্থাল গিয়া পর্ণপভার-পূর্ণ ব্যক্ষের অগ্র শাখা আলিখ্যন করিতেছে। বংস! এক্ষণে কামোন্দীপক বসন্ত **উপস্থিত, সংখ্যপর্যা বায়, বহিতেছে; প্যুম্প প্রস্ফুর্রিড হইতেছে এবং সর্বচ্ছ** সংগন্ধ। ঐ দেখ, মেঘ বের্প জল বর্ষণ করে, সেইজের এই প্রতিপত বন প্রথ বর্ষণ করিতেছে। ব্রুক্সকল বায়,বেগে কম্পিত তর্মাতে স্রম্য শিলাতল প্রেপ সমাকীর্ণ হইয়াছে। অনেক প্রথপ পড়িয়াছে, অনেক প্রথপ পড়িতেছে, এবং অনেক পত্প বৃক্তে রহিয়াছে, সত্তরাং সুক্তিবায় বেন প্তপগ্লিকে লইয়া জীড়া আরম্ভ করিয়াছে। শাখাসকল বিক্সির্ছ প্রস্কৃত্য সমাছেয়, বায়্ তৎসম্পর কম্পিত করত বহিতেছে এবং প্রমরগণ প্রস্কৃত্য স্বরে উহার অন্সরণে প্রবৃত্ত হইয়াছে। ঐ দেখ, উহা গিরিগ্রেহা হইকে সম্ভীর রবে নিজ্ঞান্ত হইতেছে, বোধ হয়্ যেন ন্বয়ং সংগাঁত করিতেছে বিজ মদমত্ত কোকিলের কণ্ঠন্বর দ্বারা বৃক্ষগ্রালকে নৃত্য শিখাইতেছে। উহা क्रिन्मगीতল সূখস্পর্শ স্থান্ধি ও প্রান্তিহারক। উহার বেশে বৃক্ষসকল নীত হইয়া শাখাসংযোগে যেন পরস্পর গ্রাথত হইয়া যাইতেছে। বন মধ্যাধ্যে স্বাসিত, উহাতে জমরগণ ঝঞ্কার করিতেছে। শিখরোপরি রমণীয় বৃক্তে প**ুর্ণোবকাস নিবন্ধন পর্বত যেন শিরোভ্**ষণ বহিতেছে। কণিকারসকল প্রতিপত হইয়াছে এবং স্বর্ণাল কারয়ত্ত পীতাম্বরধারী মন্যের ন্যায় অপ্রে 🖺 ধারণ করিয়াছে। বংস! আমি জানকীবিহুনি, এক্ষণে বসন্ত আমার শোক উদ্দীপন এবং অনপাও যারপরনাই সম্ভশ্ত করিতেছেন। ঐ শ্বন, ক্যোকিল হর্যভরে কুহ,রব করিয়া যেন আমাকে ডাকিতেছে। আমি কামার্ড, ঐ সূরমা প্রস্লবণে দাত্যহ পক্ষী মধ্যুর ধর্নন করিয়া **আমাকে শোকাকুল করি**য়া তুলিতেছে। হাা প্রে জানকী আশ্রমসধ্যে ইহারই সংগীত শুনিয়া প্রেকিতমনে আমাকে আহ্বানপূর্বক কতই হর্ষ প্রকাশ করিতেন।

ঐ দেখ, কাননমধ্যে পক্ষিসকল বিভিন্ন স্বরে কোলাহল করিয়া চারিদিক হইতে বৃক্ষে গিয়া বসিতেছে। এই পম্পাতীরে বিহগমিথনে স্ব-স্ব জাতিতে সামিবিষ্ট ও হৃষ্ট হইয়া, দলে দলে ভ্রুগবং মধ্রে শব্দ করিয়া সঞ্জব করিতেছে। এই সমস্ত বৃক্ষ দাত্যুহের রতিজন্য রবে এবং প্ংস্কোকিলের বিরাবে যেন স্বারং শব্দ করিয়া আমার চিত্ত বিকৃত করিয়া দিতেছে। বংস! এক্ষণে এই বসন্তর্প অনল আমায় দশ্য করিতে লাগিল। অশোকস্তবক উহার অধ্যার, ভ্রুগরব শব্দ এবং পল্লবই আরক্ত শিখা। লক্ষ্মণ! আমি সেই স্ক্ষ্মপক্ষ্মযুত্তনারনা স্কেশী মৃদ্ভাষিণী সীতাকে আর দেখিতেছি না, এক্ষণে আমার জীবনে প্রয়োজন কি? এই বসন্ত সাঁতার অভ্যন্ত প্রীতিকর। তাঁহার কামপীড়ার্জানত কালবশাং বিধিত শোকানল বোধ হয় শীয়ই আমাকে দশ্য ক্রিবে। বংস! জানকীর আর দশনে নাই, স্নেরর বৃক্ষসকল চতুর্দিকে নিরীক্ষণ করিতেছি, স্ত্রোং এ সময় কাম অভ্যন্তই প্রবল হইবে। অদৃশ্যা সীতা ও স্বেদনাশক দৃষ্ট বসন্ত, উভয়ই আমার শোক প্রদীশ্ত করিয়া তুলিল। আমি জানকীর শোক ও চিন্তায় নিপাঁড়িত হইতেছি, এক্ষণে আবার এই নিন্ঠার বাসন্তী বায়ত্ত আমাকে পরিত্রণত করিল।

লক্ষ্মণ! এই সমস্ত উদ্মন্ত ময়্র ময়্রী সহিত স্ফাটিক গবাক্ষতুলা পবন-ক্ষিপত পক্ষ বিস্তারপ্র্বক ইতস্ততঃ নৃত্য আরশ্ভ করিয়ছে। আমি কামার্ত, ইহাদিগকে দেখিয়া, আরও আমার চিত্তবিকার উপস্থিত হইতেছে। ঐ দেখ, ময়্রী য়য়্রকে গিরিশিখরে নৃত্য করিতে দেখিয়া মদমধাবেগে সংগ্য মানোচিতেছে। ময়্রও স্রাচির পক্ষ প্রাবৃত ক্রিটা কেকারবে পরিহাস করতই মেন অনন্যমনে উহার নিকট য়াইতেছে। বংসে বোধ হয়, এই ময়্রের বনে রাক্ষস আমার জানকীরে হরণ করিয়া অক্রি মাই, তব্দনাই ইহারা স্রম্য কাননে নৃত্য করিতেছে। বাহাই হউক, এক্ষ্মি লাতা বাতীত বাস করা আমার অত্যতত স্ক্রিন। দেখ পক্ষিজাতিতেও ফ্রিমা দৃষ্ট হয়। ঐ য়য়্রী কামবেশে ময়্রের অন্সরণ করিতেছে। বাদ বিশ্বিলোচনা জানকীরে কেই অপহরণ না করিত, তাহা হইলে তিনিও অনুষ্ঠি বাস্বিতিনী হইতেন।

লক্ষ্মণ! এই বসন্ত ইলি বনকুস্ম আমার পক্ষে নিতান্ত নিভফল হইল। ব্বেদ্র যে-সকল প্রুপ অত্যন্তই স্কুদর, ঐ দেখ, সেগ্রিল ভ্রমরগণের সহিত নিরথকি ভ্তলে পড়িতেছে। আমার কামোন্দীপক বিহণ্গেরা দলকন্ধ হইয়া হ্লুমনে পরস্পরকে আহ্মানপ্রকিই খেন মধ্র রবে কোলাহল করিতেছে। যে স্থানে পরক্যা জানকী আছেন, বসন্ত যদি তথার প্রাদ্ভ্তি হইয়া থাকেন, তাহা হইলে তাঁহাকেও আমার নাায় শোক করিতে হইবে। যদিও তথায় বসন্তের



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রভাব কিছুমার না থাকে, তথাচ জানকী আমার বিরহে কিরুপে জীবিত থাকিবেন। অথবা ব্রিলাম, বসনত সে স্থানও অধিকার করিরাছেন, কিন্তু শর্ম যথন জানকীকে নিপাঁড়িত করিতেছে, তখন তিনি আর উ'হার কি করিবেন। আমার প্রিরতমা জানকী শ্যামা, পদ্মপলাশলোচনা ও মৃদ্রভাষিণী, তিনি এই বসন্তকালে নিশ্চরই প্রাণত্যাগ করিবেন। আমার মনে দৃঢ় বিশ্বাস হইতেছে বে, সেই সাধনী আমার বিরহে প্রাণ ধারণে সমর্থ হইবেন না। বলিতে কি, আমরা পরস্পর পরস্পরের প্রতি যথাপতিই অনুবন্ধ ছিলাম।

লক্ষ্যণ! আমি কেবলই জানকীরে চিন্তা করিতেছি, এখন এই কৃত্যুমস্বাসিত শতিল বায় আমার ধেন অগ্নিবং বোধ হইতেছে। পূর্বে আমি
জানকী সমাভিব্যাহারে ধে বায়ুকে স্থকর বোধ করিতাম, এই বিরহদশার তাহা
অতিশয় ক্লেশকর হইতেছে। পূর্বে ঐ পক্ষী আকাশে উখিত হইয়া মধ্র রবে
বিরাব করিত, কিন্তু এক্ষণে ব্লেগপরি উপবেশনপূর্ব ক হ্ন্টমনে ক্জন করিতেছে।
স্তুরাং এক সময় ইহা হইতে সীতাবিরোগ বাস্ত হইয়াছল, এখন আবার
ইহারই শ্বারা সীতাসংযোগ প্রকাশিত হইতেছে। লক্ষ্যণ! ঐ দেখ, প্রশিপত
ব্লে বিহণগগণ কোলাহল করিয়া সকলকে প্রেকিত করিতেছে। এই তিলকমঞ্জরী পবনে চালিত হইয়া, মদ্রশলিতগতি নারীর বাল শোভিত রহিয়াছে, এবং
প্রমরেরা উহার নিকট সহসা ধাবমান হইতেছে। ঐ বাল আমাকে তর্জন করিতেছে।

নালানা নিবলৈ চালাভ হংলা, নাল্লাভালাভ লালাগে বিলালাভাল রাহ্মাছে, এবং

স্থানি চালাভাভ হংলা, নাল্লাভালাভাল লালাগে কানালাভাল রাহ্মাছে, এবং

শোকবর্ধনা, উহা বায়াভারে আলোড়িত স্তবক্ষা হৈ বেন আমাকে ভর্জন করিতেছে।

বংস! ঐ মাকুলিত আয়া, উহা ক্রিনাগোলাভিত কামার্ত অপানার ন্যার

দ্বুট হইতেছে। ঐ দেখা, রমণীয় অবুরো কিন্তরগণ ইতস্ভতঃ বিচরণ করিতেছেন।

এই স্বচ্ছসলিলা পস্পা, ইহাছে চক্রবাক ও হংসেরা বিচরণ করিতেছেন।

এই স্বচ্ছসলিলা পস্পা, ইহাছে চক্রবাক ও হংসেরা বিচরণ করিতেছে,


মাণ ও হস্তিসকল পিপালাজ হইয়া আসিয়াছে, সাগন্ধি রক্তবর্ণ পদ্ম

প্রস্কাতিত হইয়া তর্ণ কর্মবং শোভিত হইতেছে এবং ইহা স্লমর্নাক্ষিত
পরাণে পর্ণ রহিয়াছে। পদ্পার শোভা অতি চমংকার এবং ইহার তরিক্থ

বন্মধ্যে কোন কোন স্থান একান্ডই রমণীয়া ঐ দেখা, ইহার নির্মাল জলে

পদ্মসকল প্রনাঘাতজনিত তর্গাবেগে বারংবার আহত হইতেছে।

লক্ষ্মণ ! আমি সেই পদ্মচক্ষ্ম পদ্মপ্রিয় জ্ঞানকীরে না দেখিয়া আর প্রাণ ধারণ করিতে পারি না। অনপ্যের কি কুটিলতা, একণে আমার জ্ঞানকী নাই, তাঁহাকে বে শীঘ্র পাইব, তাহারও সম্ভাবনা দেখি না, এ সময় অনপ্যেরই প্রভাবে সেই



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মধ্রভাষিণী আমার স্মৃতিপথে উদিত হইতেছেন। যদি এই বৃক্ষশোভী বসকত আমাকে অধিকতর নিপাঁড়িত না করিত, তাহা হইলে আমি উপস্থিত কামবিকার অনায়াসে সংবরণ করিতে পারিতাম। বংস! সংযোগাকপার বেগালি চক্ষেরমণীর ছিল, বিরহে সেইগালিই কদর্য বোধ হইতেছে। এই সকল পদ্মপর সীতার নেরকোষসদৃশ এবং পদ্মপরাগবাহী বৃক্ষাশ্তর-নিঃসৃত মনোহর বায় সীতারই নিঃশ্বাসান্রশৃপ সন্দেহ নাই।

লক্ষ্যণ! এই পদপার দক্ষিণ তটে গিরিলিখরোগাঁর কণি করে বৃক্ষ বিকসিত হইয়া অপর্ব শোভা ধারণ করিয়ছে। ঐ পর্বতে বিশ্তর ধাতু আছে, এক্ষণে উহা বায় বেগে বিঘট্তি হইয়া উন্তান হইতেছে। ঐ সকল পার্বতা সমতল দ্ধান প্রশ্না প্রশিত রমণীয় কিংশাক বৃক্ষে মেন প্রদীশত হইয়া রহিয়াছে। এই দেখ, মালতী, মালকা, পদম, করবীর প্রভাতি মধ্গান্ধী বৃক্ষসকল জান্ময়াছে এবং পদপারই জলসেকে বির্ধাত হইতেছে। ঐ কেতকী, সিন্ধারার ও কুস্মিত বাসন্তী, ঐ মার্তালগা, পূর্ণ ও কুন্দগাল্ম; এই নম্ভমাল, মধ্যক, স্থলবেতস ও বকুল, ঐ চান্পক ও পাজিগত নাগা; ঐ পদমক ও নীল অশোক; ঐ গিরিস্টের্ট সিংহকেশর্রাপঞ্জর লোগ্র; ঐ অঞ্কাল, কুরন্ট, চ্রাক্ত ও পারিভদ্রক; এই চ্তে, পাটল ও কোবিদার; ঐ মান্টকৃন্দ, অর্জান, উন্দালকা জনারীয়, শিংশালা ও ধব; ঐ শালমলী, কিংশাক, রম্ভ কুরবক, তিনিলা, চক্তি ও সান্দন; এই হিল্ডাল ও তিলক। লক্ষ্যণ! এই সকল মনোহর ব্যক্ষিত্র রমণীর ন্যার ইহাদিগকে আলিপান ক্রিতেছে।

বংস ! এক্ষণে বায়, বিবিশ্ব বিসাহবাদনে প্রেকিত হইয়াই বেন ব্ক হইতে ব্লে পর্বত হইতে পর্বতে কন হইতে বনে প্রবাহিত হইতেছে। দেখ, কোন ব্লে মধ্যান্ধী প্রুপ স্থিতিরে, কোন বৃক্ষ বা ম্কুলের শ্যামরাগে শোভিত হইতেছে। মধ্_নক্ত্ব ভ্রমরেরা এইটি মধ্_নর এইটি স_ংস্বাদ এবং ইহা বি**লক্ষ**ণ প্রস্ফাটিত, এই বলিয়া প্রদেপ লীন হইতেছে এবং তংক্ষণাৎ ভাহা হইতে উখিত হইয়া আবার অন্যত্র প্রস্থান করিতেছে। ঐ ভূমি যদুচ্ছাক্রমে নিপতিত কুস্ম-সমূহ দ্বারা যেন আস্তরণে আস্তীর্ণ হইরাছে। শৈলাশখরে নীল পীত পূর্ণ পতিত হইয়া নানা বর্ণের শ্যা। প্রস্তৃত করিয়াছে। লক্ষ্মণ! দেখ, বসন্তে কি পূর্বপই জন্মিতেছে। বৃক্ষসকল যেন পরস্পর স্পর্যা করিয়া প্রব্পে প্রসব করিতেছে। শাথাসমূহ প্রপদ্তবকে শোভিত, ভ্রমরগণ গনে গনে রবে গান করায় বোধ হইতেছে, যেন বৃক্ষগর্লিই পরস্পরকে আহ্বান করিতে প্রবৃত্ত হইয়াছে। ঐ দেখ, একটি হংস পম্পার ম্বচ্ছ সলিলে আমার মনোবিকার বর্ধিত করিয়া হংসীর সহিত বিহার করিতেছে। এই নদী কি স্দৃশ্য! জগতে ইহার যে-সমস্ত মনোজ্ঞ গণে প্রচার আছে, তাহা অলীক বোধ হয় না। এক্ষণে যদি আমি সাধনী সীতাকে দেখিতে পাই, যদি এই পম্পাতটে তাঁহার সহবাসে কালক্ষেপ করি, তাহা হইলে ইন্দুৰ্য কি অযোধ্যা কিছুই চাহি না। এই রমণীয় তৃণশ্যামল প্রদেশে সীতার সহিত বিহার করিলে নিশ্চয়ই নিশ্চিন্ত ও নিম্পৃত হই। বংস! আমি কাল্তাবিরহী, এক্ষণে এই বিচিত্রপত্র বৃক্ষসকল পূল্পশ্রী বিস্তারপূর্বক এই স্থানে যারপরনাই আমায় চিস্তাকুল ও কাতর করিতেছে।

আহা ! পশ্পরে কি শোভা। ইহার জল অতি শীতল, সর্বন্ত পদ্ম প্রক্ষ্টিত দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হইয়াছে, চক্রবাক, ক্রেন্সি, হংস প্রভৃতি জলচর বিহলোরা কলরব করিতেছে এবং ইহার তীরে নানার প মৃগব্ধ দুক্ট হইতেছে। ঐ সমস্ত হর্ষোন্মন্ত পক্ষী সেই পদ্মলোচনা চন্দ্রম্বী শ্যামাকে স্মরণ করাইয়া আমার অতিমার চণ্ডল করিতেছে। ঐ দেখ, স্বেম্য শৈলশ্লো মৃগা-সহিত বহুসংখ্য মৃগ; আমি ম্গলোচনা জানকীর বিরহে কাতর হইয়াছি, এক্ষণে উহারা ইতস্ততঃ বিচরণ করিয়া আমার মন আরও ব্যথিত করিতেছে। এক্ষণে যদি আমি এই উন্মন্ত পক্ষিসঙ্কুল শিখরোপরি সীতাকে দেখিতে পাই, তবে স্থা হইব। সেই ক্লীণমধ্যা যদি আমার সহিত এই পদ্পার বিশ্বেষ্ধ বায়া সেবন করেন, তবেই আমি বাঁচিব। দেখ, কৃতপ্রণারাই এই পদ্পার্থী প্রফ্লেকর নির্মান্ধ বার্ত্তর হিল্লোলে শ্রমণ করিয়া থাকেন।

বংস! সেই পরবশা জানকী কির্পে জীবিত আছেন? সতাবাদী ধার্মিক রাজা জনক তাঁহার কুশল জিল্পাসিলে আমি সকলের সমিধানে বল তাঁহাকে কি বলিয়া প্রভাৱর দিব? আমি পিতৃনিদেশে বনবাসোন্দেশে বালা করিলে, বিনিকেবল ধর্মের অনুরোধ রক্ষা করিয়া এই মন্দভাগোর অনুসরণ করিয়াছেন, জানি না এখন তিনি কোথায়। আমি রাজাচ্যুত হইয়া হতবৃন্ধি হইয়াছিলাম তথাচ বিনি আমার সহচয়ী হইয়াছেন, একণে আমি তাঁহার বিরহে দীন হইয়া কির্পে দেহভার বহন করিব! বংস! জানকীর চক্ষ্য পশ্মনি প্রবণ করিতেছে, আলাপ্সময়ে অন্ফুট হাস্য তাঁহার ওপ্তে মিশাইয়া বায়্তিকলা করিতেছে। তাঁহার কথা কেমন স্কুপন্ট হাস্য তাঁহার ওপ্তে মিশাইয়া বায়্তিকলম হইতেছে। তাঁহার কথা কেমন স্কুপন্ট হিতকর ও মধ্র! আমি ক্রিমের করে তাহা শ্নিব! সেই সাধ্রী অরণ্যবাসে ক্লেশ পাইলেও স্কুখী ও সিকুলের নার আমার প্রির্বাক্যেই সম্ভাবণ করিতেন! হা! জননী বখন জিল্পাক্সেন, বখ্ জানকী কোথার এবং কি প্রকার আছেন? তখন আমি তাঁহাকে বিলব! ভাই লক্ষ্মণ! তুমি গ্রহে যাও, গিয়া দ্রাত্বংসল ভরতকে দেখ, অমি জানকী ব্যতীত এ প্রাণ আর রাখিতে পারিব না।

লক্ষ্মণ মহাত্মা রামকে অনাধবং বিলাপ ও পরিতাপ করিতে দেখিয়া ব্যি ও অর্থসংগত বাক্যে কহিলেন, আর্য, শোক সংবরণ কর্ন, আপনার মধ্যন্ত হইবে। দেখুন, পাপম্পর্শ না থাকিলেও শোকার্ত লোকের ব্লিখহাস হয়। **এক্ষণে বিচ্ছেদভয় মনে আ**॰কত করিয়া প্রিয়জ্বনের স্নেহে বিরত হউন। দীপবর্তি আর্দু হইলেও অতিমাত্র তৈলসংযোগে দম্ধ হইয়া থাকে। আর্য্ ! যদি রাবণ পাতাঙ্গে বা তদপেক্ষাও কোন নিভূত স্থলে প্রবেশ করে, তথাচ তাহার নিস্তার নাই। অতঃপর আপনি সেই পাপিন্ডের বৃত্তান্ত বিদিত হইবার চেণ্টা কর্ন। সে হয় জানকীকে নয় জীবনকে অবশাই ত্যাগ করিবে। সে যদি অসুরজ্বননী দিতির গর্ভে সীতাকে লইয়া ল্কোয়িত হয়, তথাচ সীতা সমর্পণ না করিলে আমি তন্মধ্যেই ভাহাকে বধ করিব। আর্য! আপনি দীনভাব পরিত্যাগ করিয়া ধৈৰ্যাবলম্বন কর্ন। অৰ্থ নন্ট হইলে অষত্নে কখনই তাহা প্ৰাণ্ত হওয়া যায় না। দেখুন, উৎসাহ কার্যসাধনের প্রধান উপায়, ইহা অপেক্ষা উৎকৃষ্ট বল আর নাই। এই জীবলোকে উৎসাহীর সকল বস্তু স্বলভ, কোন বিষয়েই তাঁহাকে আর বিষয় হইতে হয় না। এক্ষণে আমরা উৎসাহমার আশ্রয় করিয়া জানকী লাভ করিব। আপনি শোক দূরে ফেলনে এবং কাম্বতাও পরিতাগে কর্ন। আপনি অতি উদার ও স্মিক্তি, এক্ষণে ইহা কি সম্পূর্ণই বিস্মৃত হইয়াছেন?

তখন রাম, লক্ষ্মণের কথা সংগত ব্রিক্ষা শোক ও মেহে বিসর্জনপ্রিক থৈবাবলম্বন করিলেন এবং তাঁহার সহিত উম্বিশনমনে মৃদ্রগমনে প্রনকম্পিত-

বৃক্ষে পূর্ণ রমণীর পদ্পা অতিক্রম করিয়া চলিলেন। বাইতে বাইতে বন, প্রস্রবণ, ও গৃহাসকল দেখিতে লাগিলেন। রাম কির্পে প্রবোধ লাভ করিবেন, এই চিন্তাই লক্ষ্যণের অনুক্ষণ প্রবল। তিনি নিরাকুলমনে মন্তমাতক্ষগসমনে রামের অনুসমন-পূর্বক তাঁহাকে নীতি ও বীরতা প্রদর্শন দ্বারা রক্ষা করিতে লাগিলেন।

ঐ সময় গজগামী কপিরাজ ঋষামাক পর্বাতের সাল্লধানে সঞ্চরণ করিতে-ছিলেন, ইত্যবসরে ঐ দাই অপার্বরাপ তেজস্বী রাজকুমারকে দেখিতে পাইলেন। তিনি উ'হাদের দর্শনিমাত্র অতিমাত্র ভীত, নিশ্চেন্ট ও বিষয় হইয়া রহিলেন। তখন অন্যান্য বানরেরাও শাহ্কত হইল, এবং ষাহার প্রান্তভাগ কপিকুলপ্শা, যাহা প্শান্থনক সাংখকর ও শরণা, এইরাশ এক আশ্রমে প্রবেশ করিল।

षिष्ठीय नगा । স্কৃতি অশ্বধারী মহাবীর রাম ও লক্ষ্যণকে দর্শন করিরা যারপরনাই শাণ্কত হইলেন এবং উদ্বিশ্বনানে চতুদিক নিরীক্ষণ করিতে লাগিলেন। তংকালে তিনি আর কোন স্থানেই স্থির থাকিতে পারিলেন না। তাঁহার মনও একাল্ড বিষয় হইরা উঠিল। অনন্তর তিনি ব্যাকুলচিত্তে চিল্ডা এবং মাল্যগণের সহিত কর্তব্য নির্ণার করিয়া কহিলেন ক্রিপাণ! বালী নিশ্চরই ঐ দুই ব্যক্তিকে পাঠাইরাছে। উহারা বিশ্বাস উৎপ্রিচাইলৈ চীর পরিধান করিতেছে। দেখ, এক্ষণে উহারা পর্যটন প্রসাপে এই দুক্তি বনমধ্যেই প্রবেশ করিল।

এবং মালাগণের সাহত কতব্য নেগর কারয়া কাহকেন কাপগণ! বালা নিশ্চরই ঐ দ্বই ব্যক্তিকে পাঠাইরাছে। উহারা বিশ্বাস উৎপ্রচ্ছেলে চার পরিধান করিতেছে। দেখ, এক্ষণে উহারা পর্যটন প্রসপ্তে এই দ্বাস্থিত বনমধ্যেই প্রবেশ করিল।

তথন মন্দিগণ ঐ ধন্ধারী বারষ্ঠ্যক দেখিয়া তথা হইতে শশবাদেত অন্য শিথরে প্রস্থান করিলেন এবং ক্রেপতি স্গ্রাবিকে বেন্টনপ্র্ব উপবিষ্ট হইলেন। অনন্তর অন্যান্য বলী ক্রিপ্টে গতিবশাং শৈলাশিখর কন্পিত এবং মৃগ মার্লার ও ব্যাঘ্রগণকে শাহ্কি কুলিরা শৈল হইতে শৈলে লক্ষ্য প্রদান করিতে লাগিল এবং গহন বনে প্রস্থিত ব্ক্সকল ভাহিগতে আরক্ষ করিল। তৎকালে বানর মন্দিসকল খ্রামান্ত কিপবর স্থাবিকে বেন্টনপ্রেক ক্তাঞ্জালিপ্টে অবন্ধান করিতেছিলেন, তন্মধ্যে বন্ধা হন্মান স্থাবিকে বালার পাপাচরণে শহিকত দেখিয়া কহিলেন, বার! তুমি ভাত হইও না। ইহা খ্রামান্ত পর্বত, এখানে বালা হইতে কোনর্প ভয়-সন্ভাবনা নাই। তুমি বাহার জন্য উন্পিশনমনে পলাইয়া আইলে, আমি সেই ক্রেম্বর্দিন নিন্টারকে দেখিতেছি না। যে দ্রাচার পাপা হইতে তোমার এত ভয় সে এ বনে আইসে নাই, স্তরাং তুমি কেন ভাত হইয়েছ ব্রিণ্ডেছি না। কপিরাজ! আশ্চর্য! তোমার বানরত্ব স্পেশ্টই প্রকাশ হইতেছে। তুমি চিত্তের অন্থেববিশতঃ এখনও ধ্রেব্বিক্তবন করিতে পারিলে না। এক্ষণে ইন্ডিতে দ্বারা নিশ্চর পরকীয় আশের ব্রিয়া তদন্ত্ব ব্যবহার কর। দেখ, নির্বেধ রাজা কখনই লোক শাসন করিতে পারেন না।

তথন সূত্রীব হন্মানের এই শ্রেরস্কর বাক্য শ্রবণপূর্বক হিতবচনে কহিতে লাগিলেন, মদির! ঐ দূই শরকাম্কেধারী দীর্ঘবাহ্ন দীর্ঘনের দেবকুমারতুলা বীরকে দর্শন করিলে কাহার না ভয় হয়? আমার বোধ হইতেছে, উহারা বালীরই প্রেরিত হইবে। দেখ, রাজগণের অনেকেরই সহিত মিরতা থাকে, উহারা সেই স্তে এই স্থানে আনি বাছে; স্তরাং উহাদিগকে সহসা বিশ্বাস করা উচিত হইতেছে না। শার্ বারপরনাই কপট ব্যবহার করে, উহারা বিশ্বাসের ভান করিয়া অন্যকে সূ্যোগক্তমে বিনাশ করিয়া থাকে, অভএব উহাদের আশেয় ব্রাক্তব্য। বাল্টী সকল কার্যে সূপেট্; বিশেষতঃ রাজারা বঞ্চনাচতুর ও শার্যাতক



হইয়া থাকেন, স্তরাং ছম্মবেশী চর নিরোগ করিয়া তাঁহাদিগকে প্রাত হওয়া আবশ্যক। হন্মান! একণে তুমি সামান্যভাবে গিয়া ইণ্গিত আকার ও কথোপ-কথনে ঐ দ্ই ব্যক্তিকে জান, যদি উহাদিগকে হ্রেডিও দেখিতে পাও, তবে সম্মুখীন হইয়া প্নেঃ প্নাঃ আমার প্রশংসাপ্তিক সামারই অভিপ্রায় জানাইয়া উহাদিগের মনে বিশ্বাস জন্মাইবে এবং বাক্যাকে বা আকার-প্রকারে দ্রেভিসম্পি কিছু ব্রিউতে না পারিলে, উহারা কি কার্যেপ্রনে আসিয়াছে জিজ্ঞাসা করিবে। অনন্তর হন্মান স্ফ্রীবের এইর সাদেশ পাইয়া ঋষ্যম্ক হইতে রাম ও লক্ষ্যণের নিকট গমন করিলেন। ক্রিপ্রিকি এবং বিনীতের নাায় উহাদিগের সাম্লিহিত হইয়া, প্লা ও ক্তিবাদ্রেক মধ্র ও কোমল বাক্যে স্বজ্ঞামত কহিতে লাগিলেন, বীর! তোমরা করিবে এবং রাজবিসদ্শ ও দেবত্লা। একণে বল, কি জন্য এই স্থানে আসিয়াছ? তোমরা চারধারী ও ব্লহারী; তোমাদের দেহপ্রভায় এই স্বক্সাললা নদী শোভিত হইতেছে। তোমরা বন্য জাবজন্ত্র

কি জনা এই স্থানে আসিয়াছ? তোমরা চীরধারী ও ব্ল্লচারী; তোমাদের দেহপ্রভার এই স্বচ্চসালিলা নদী শোভিত হইতেছে। তোমরা বন্য জীবজন্তু-গণকে একাণ্ড শণ্ডিকত করিয়া পন্পাতীরন্থ ব্ল্লসকল নিরীক্ষণ করিতেছ। তোমাদিগের হন্তে ইন্দুধন্তুলা শনুনাশন শরাসন। তোমরা সিংহবং স্থিরভাবে দর্শন করিতেছ, এবং ক্লান্ত হইরা ঘন ঘন নিঃশ্বাস ফেলিতেছ। তোমরা মহাবীর ও সার্প। তোমাদের সৌল্পর্যে এই পর্বত শোভিত হইতেছে। তোমরা রাজো বিহার করিবারই সম্পূর্ণ উপযুক্ত, বল, কি কারণে এই স্থানে আসিয়াছ? তোমাদিগের মন্তকে জটাজন্ট এবং নের পদ্মপ্রের নায়ে বিস্তৃত। তোমরা পরস্পর পরস্পরেরই অনুর্প। তোমাদিগকে দেখিলে বোষ হয়, যেন তোমরা দেবলোক হইতে এই স্থানে আবিত্তি হইয়াছ। চন্দ্র ও স্কৃষ্টি যেন যদ্ছালমে অবতীর্ণ হইয়াছেন। তোমাদের বক্ষঃস্থল বিশাল এবং স্কন্য সিংহস্কম্থের নায় প্রশান । তোমাদের ক্ষঃস্থল বিশাল এবং স্কন্য সিংহস্কম্থের নায় প্রশান । তোমাদিগের ভ্রুদেন্ড করিশ্বভাবং দীর্ঘ, বর্তুল ও আর্গলত প্রিয়দর্শন। তোমাদিগের ভ্রুদেন্ড করিশ্বভাবং দীর্ঘ, বর্তুল ও আর্গলতুলা; এই হন্তে অলম্কার ধারণ করা কর্তব্য, কিন্তু জানি না, কি কারণে



কর নাই। বোধ হয়, তোমরা এই বিন্ধ্যমের,শোভিত সাগরবনপূর্ণ পৃথিবীকে রক্ষা করিতে পার। তোমাদের কোদেও স্বর্ণরঞ্জনে রক্ষিত ও স্ট্রিকাণ, উহা স্বর্ণর্থাচত বল্লের ন্যায় নিরীক্ষিত হইতেছে। এই সকল স্দ্রশা ত্ণীর প্রাণাস্তকর জ্বলত সপ্সদ্রশ স্থাণিত ভীষণ শরে প্র্ রহিয়ছে। এই দ্বই থজা স্বর্ণজড়িত ও দীর্ঘ, উহা যেন নির্মোক্ষাক্ত ভ্রুজগের ন্যায় শোভিত হইতেছে। বীর! আমি তোমাদিগকে এইর্প কহিতেছি, কিন্তু তোমরা কি নিমিত্ত প্রত্যুত্তর দিতেছ না? দেখ, এই খধাম্ক পর্বতে স্ত্যীব নামে কোন এক বীর বাস করিয়া থাকেন। তিনি বানরগণের অধিপতি ও ধার্মিক। বালী তাঁহাকে রাজ্য হইতে প্রত্যাখ্যান করিয়াছে বলিয়া তিনি দ্রুখিত মনে সমস্ত জগৎ শ্রমণ করিতেছেন। এক্ষণে আমি কেবল তাঁশারই নিয়োগে তোমাদিগের নিকট আগমন করিলাম। আমি প্রনতনয়, জাতিতে বানর, নাম হন্মান। এক্ষণে ধর্মণীল স্থাবি তোমাদের সহিত মৈত্রীভাব স্থাপনের ইচ্ছা করিয়াছেন। আমি তাঁহার মন্ত্রী। আমার গতি কুরাপি প্রতিহত হয় না। আমি স্ত্রীবেরই প্রিয়কামনায় ভিক্রর্পে

প্রক্রর হইয়া ঋষ্যমূক হইতে এ স্থানে আইলাম। এই বলিয়া বক্তা হন্মান মৌনাবলম্বন করিলেন।

ভৃতীর সর্গা। অনন্তর শ্রীমান রাম হন্মানের এইরূপ বাক্য শ্রবণ করিয়া পুলকিতমনে পার্শ্বব্দ্ধ দ্রাতা লক্ষ্মণকে কহিলেন, বংস! আমি কপিরাজ সুগ্রীবের অন্তেবষণ করিতেছিলাম এক্ষণে তাঁহারই এই মন্ত্রী আমার নিকট উপস্থিত হুইলেন। এই বানর বীর ও বক্তা, তুমি সন্দেহে মধার বাক্যে ই'হার সহিত আলাপ কর। ইনি যের প কহিলেন, ক্ষক বন্ধা ও সামবেদে বাঁহার প্রবেশ নাই, তিনি এর্প বলিতে পারেন না। ইনি অনেকধার সমগ্র ব্যাকরণ শানিয়া থাকিবেন; দেখ বিস্তর কথা কহিলেন, কিন্তু একটিও অপশব্দ ই'হার ওড়ের বহিগতি হয় নাই এবং ব'লবার সময় ই'হার মূখ নের হা ললাট প্রভাতি অঞ্চবিশেষে কোনর্প দোষও লক্ষিত হইল না। ই'হার কথাগুলি কেমন স্বল্পাক্ষর সরস্ত মধার! উহা বক্ষ কর্ণা তালা, হইতে মধ্যম স্বরে কেমন স্ক্রপণ্ট নিঃস্ত হইল। বে পদ অশ্রে প্রয়ন্ত হওয়া আবশ্যক, ইহাতে ভাহা উপেক্ষিত হয় নাই এবং ইহা বে শদ অন্তে প্রথাক্ত হওয়া আবশ্যক, হহাতে ভাহা ডপোক্ষত হয় নাই এবং ইহা
প্রত্যেক পদের অর্থ হ্শেবাধ করাইয়া বিষয়জানে ক্রার্থ করিল। এই বাক্য
মনঃপ্রফালকর ও অভ্তৃত; অন্যের কথা দুক্ত বাক, ইহা অসিপ্রহারোদাত
শর্রও মন প্রসম করিতে পারে। বে রাজার এইর্মে দুক্ত না থাকে, জানি না,
তাহার কার্য কি প্রকারে সম্পম হয়। ফুক্ত এতাদৃশ গণেবান লোক বাহার
উত্তরসাধক, তাহার সকল কার্যই কেন্দ্রে ইহার বাক্যগণে সফল হইয়া থাকে।
তথন বল্লা লক্ষ্যণ স্থাবিস্তির ক্রিমানকে কহিলেন, বিন্বন্! মহাত্মা স্থাবির
গণে আমাদিগের অবিদিত নাই ক্রামরা তাহাকেই অন্যম্থান করিতেছি। তুমি
তাহার বাক্যক্রমে আমাদিশ্রক বাহা কহিলে, আমরা তাহাই করিব।
হন্মান লক্ষ্যণের এই সানিপাণ কথা প্রবণ এবং স্থাবির জয়লাভোন্দেশে
মনঃসমাধানপার ক বাযের সহিত তাহার সথা আগ্রমান অভিন্নাসী ক্রক্রমান

মনঃসমাধানপূর্বক রামের সহিত তাঁহার সথা স্থাপনে অভিলাবী হইলেন।

চড়র্ঘ লগি হন,মান রামের কার্যসঞ্চলেপ আগমন-ব্তান্ত শ্রবণ এবং স্থাবির প্রতি তাঁহার শাশ্তভাব দশনি করিয়া হৃষ্টমনে চিম্তা করিতে লাগিলেন, রাম যথন কোন উপলক্ষ করিয়া উপস্থিত হইয়াছেন এবং তাহাও যথন স্ত্রীবের হস্তায়ত্ত, তখন সাগ্রীবের রাজ্ঞালাভ অবশাই সম্ভব। হন্তমান এই ভাবিয়া হ্ন্টমনে রামকে কহিলেন, বীর! তুমি কি কারণে ভ্রাতা লক্ষ্যপের সহিত হিংস্ত জন্তুপূর্ণ নিবিড় অরণ্যে প্রবেশ করিয়া এই পর্ম্পার কাননে আসিরাছ?

তখন লক্ষ্যণ রামের আদেশে কহিতে লাগিলেন, বীর! দশরথ নামে কোন এক ধর্মবংসল মহীপাল ছিলেন। তিনি ধর্মান্সারে চারি বর্ণের লোক নিয়ত প্রতিপালন করিতেন। কেহ তাঁহার দেকটা ছিল না, তি^{নি}ও কাহাকে দেবধ করিতেন না। ঐ রাজ্য লোকমধ্যে স্বিতীর ব্রহ্মার ন্যায় বিরাজ করিতেন এবং প্রচরে দক্ষিণা নির্দেশপূর্বক অণিনন্দৌম প্রভৃতি নানা বজ্ঞেরও অনুষ্ঠান করিয়াছিলেন। ইনি তাঁহারই জ্যেষ্ঠ পূত্র, নাম রাম। ইনি সকলের আশ্রয়, ই'হা হইতে পিতৃনিদেশ প্রার পূর্ণ হইল। মহারাজের প্রগণমধ্যে এই রামই সর্বজ্যেষ্ঠ ও গ্রেপ্টে। ই'হার আকারে সমস্ত রাজচিক বিদ্যমান। ইনি রাজপদ গ্রহণ

করিতেছিলেন, এই অবসরে রাজ্যে বঞ্চিত হইয়া আমার সহিত অরণ্যে আসিয়াছেন।
সায়াহে রাশ্ম ষেমন তেজশ্বী স্বের অনুসরণ করিয়া থাকেন, সেইর্প ভার্বা
জানকী ই'হার অনুগমন করিয়াছেন। আমি ই'হার কনিষ্ঠ প্রাতা লক্ষ্মণ।
আমি এই কৃতজ্ঞ বহুদেশীর গুণগ্রামে বলীজ্যত হইয়া, দাসত্ব শ্বীকার করিয়া
আছি। ইনি ভোগস্থ লাভের ষোগ্যা, প্রেনীয় ও সকলের উপকারী। ইনি
ঐশবর্যবিহীন হইয়া বনবাসে বিচরণ করিতেছিলেন, ইত্যবসরে কোন এক
কামর্পী রাক্ষস আমাদের অসায়্যানে ই'হার পত্নী জানকীরে আশ্রম হইতে
হরণ করিয়াছে। আমরা ঐ রাক্ষসের সম্পর্কে সবিশেষ কিছুই জানি না।
দিতির পত্র দানব দন্ শাপপ্রভাবে রাক্ষস হইয়াছিল। সে মার এই কথা
কহিল, কপিরাজ্ব স্থাীব অতিশয় বিচক্ষণ, সেই বীর্ষবান তোমার ভার্যাপহারী
রাক্ষসকে জানিবেন। দন্ এই বলিয়া তেজঃপ্রজকলেবরে স্বর্গারোহণ করিল।

হন্মন! এই আমি তোমাকে রামসংক্রান্ত প্রকৃত বৃত্তান্ত সমস্তই কহিলাম। একণে আমি ও রাম, আমরা দ্ইজনেই স্গ্রীবের শরণাপ্স হইতেছি। রাম অথী দিগকে প্রচ্রে অর্থ দানপর্কে উৎকৃত্য বশোলাভ করিয়াছেন। বিনি প্রে সকলের অধিপতি ছিলেন, একণে তিনি স্গ্রীবের আশ্রয় লাভের ইছা করিতেছেন। বিনি লোকের শরণাও ক্রিসেল, জানকী বাঁহার বধ্, তাঁহারই প্রে রাম স্গ্রীবের শরণাগত হইলেন বিষ মানীল অন্যের প্রতিপালক ছিলেন, মদীয় গ্রের্ সেই রাম স্গ্রীবের স্বালাগত হইলেন সমস্ত লোক বাঁহার প্রসাদে পরিতােষ পাইত, সেই রাম স্গ্রীবের সক্রাগত হইলেন। সমস্ত লোক বাঁহার প্রসাদে পরিতােষ পাইত, সেই রাম ক্রিবের ক্রিয়ালিত করিয়াছেন, তাঁহারই জগদ্বিখ্যাত জ্যোভগ্রু স্গ্রীবের শ্রেণাপ্স হইলেন। ইনি শোকার্ত হইরা বখন আশ্রম লইলেন, তখন বৃত্তা করিগেরের সহিত স্থোবি ই হার প্রতি প্রসাম হউন। লক্ষ্মণ জলধারাকুলালৈটিনে কর্ণ বাকের এইরপ বালিলে, বন্ধা হন্মান

লক্ষ্যল জলধারাকুলান্ট্রিনে কর্ণ বাকো এইর্প বলিলে, বস্তা হন্মান কহিতে লাগিলেন, তোমরা ব্রন্থিমান শাশ্তন্তভাব ও জিতেন্দ্রির। স্মূত্রীব তোমাদের সহিত অবশ্যই সাক্ষাৎ করিবেন। তোমরা তাঁহারই ভাগ্যক্তমে এই স্থানে আসিয়াছ। বালীর সহিত তাঁহার অত্যন্ত বিরোধ। বালী তাঁহার ভার্বাকে লইয়াছে এবং রাজ্যাপহরণপর্কে দ্র করিয়া দিয়াছে। সেই অবধি স্মূত্রীব বারপরনাই ভীত হইয়া অরণ্যে বিচরণ করিতেছেন। এক্ষণে তিনিই বানরগণকে লইয়া সীতার অন্বেষণকার্যে তোমাদের সাহায্য করিবেন। হন্মান মধ্রে বাক্যে এই বলিয়া প্রেরার কহিলেন, তবে চল, এক্ষণে আমরা স্থানবেরই নিকট উপস্থিত হই।

তথন লক্ষ্মণ হন্মানকে বথাবিধি সংকার করিয়া রামকে কহিলেন, আর্ব! এই প্রনতন্ম হন্মান হৃষ্টমনে বের প কহিতেছেন, ইহাতে বোধ হইল, আপনার সাহায্যে স্থাবৈরও কোন কার্য সাধিত হইবে। এক্ষণে আপনি এই স্থানে আসিয়া কৃতার্থ হইলেন। এই বীর স্পর্ণই প্রসন্ন মূখে হ্ণ্ট হইয়া কহিলেন, ইনি যে মিথ্যা কহিবেন, এর প বোধ হইতেছে না।

অনশ্তর বিচক্ষণ হন্মান রাম ও লক্ষ্মণকে লইয়া স্ত্রীবের নিকট গমন করিতে অভিলাষী হইলেন, এবং ভিক্ষ্মর্প পরিহার ও বানরর্প স্বীকার করিয়া উ'হাদিগকে প্রুঠে গ্রহণপূর্বক তথা হইতে প্রস্থান করিলেন। পশ্বম স্থা ম অনন্তর হন্মান ঋষ্মাক হইতে মলয় পর্বতে গমন করিয়া সাগ্রীবকে কহিলেন, কপিরাজ! এই বীর রাম, দ্রাতা লক্ষ্যণের সহিত আগমন করিয়াছেন। ইনি ইক্ষ্বাকুবংশীয় রাজা দশরখের পূত্র। ইনি পিতৃনিদেশে পিতারই সত্য পালনের উদ্দেশে আসিয়াছেন। যিনি রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞ অনুষ্ঠানপূর্বক অগ্নির তৃণিত সাধন এবং ব্রাহ্মণগণকে বহ**ুসংখ্য গো দক্ষিণা দান করি**য়াছেন. যিনি সাধ,তা ও সত্য দ্বারা পূথিবী শাসন করিতেন, তাঁহারই স্ত্রীর জন্য রাম বনবাসী। এক্ষণে এই মহান্মা অরণ্যবাসে বিচরণ করিতেছিলেন, ইত্যবসরে রাবণ ই'হার পত্নীকে হরণ করিয়াছে। ইনি তোমার শরণাপন্ন হইলেন। রাম ও লক্ষ্যণ দুই জনেই তোমার সহিত কথ্তা করিবেন। ই'হারা অতিশর প্রেনীয়, একণে তুমি ই'হাদিগকে গ্রহণ ও সম্মান কর।

তখন সংগ্রীব হন্মানের বাক্য শ্রবণ করিয়া প্রিয়দর্শন রূপ ধারণস্বাক প্রীতিভরে রামকে কহিলেন, রাম! আমি হনুমানের নিকট তোমার গুণ সমস্ত প্রকৃতর্পে শ্রবণ করিয়াছি। ভূমি তপোনিষ্ঠ ও ধর্মপরায়ণ; সকলের উপর তোমার বাংসক্য আছে। আমি বানর, তুমি আমারও সহিত যে বন্ধ্তা ইচ্ছা ক্রিতেছ, এই আমার প্রম লাভ, এই-ই আমার সম্মান। এক্সপে আমার সহিত মৈন্রীভাব স্থাপন বদি তোমার প্রীতিকর হইরা প্রস্থিত তবে আমি এই বাহ, প্রসারণ করিয়া দিলাম গ্রহণ কর, এবং অটল প্রতিষ্ঠীয় বন্ধ হও।

তখন রাম প্রাকত মনে স্থাবের হস্ত প্রহণ এবং মিগ্রতাস্থাপনপূর্বক তাহাকে গাঢ় আলিক্সন করিলেন। ঐ সময় সম্মান দ্ইখানি কান্ত ঘর্ষণপূর্বক আন্ন উংপাদন করিয়া প্রতিমনে স্ক্রেনারা তাহা অর্চনা করত উ'হাদের মধ্যস্থলে রাখিলেন। উ'হারা ঐ সিন্দিত অনল প্রদক্ষিণ করিয়া প্রস্পর প্রীতিভরে পরস্পরকে দর্শন ক্রিডে লাগিলেন, কিন্তু তংকালে কিছুতেই ত্তিলাভ করিতে পারিলেন মুট

অনন্তর সংগ্রীব হৃষ্টার্টুর্নি রামকে কহিলেন, রাম! তুমি আমার প্রীতিকর বন্ধ, হইলে, এক্ষণে আমাদিগের স্থ দৃঃধ একই ইইল। এই বলিয়া তিনি শালব্কের এক পত্রবহ্ল কুস্মিত শাখা ভান করিয়া তদ্পরি রামের সহিত উপবিণ্ট হইলেন। হনুমানও লক্ষ্মণের উপবেশনার্থ প্রীতমনে এক প্রাণ্পত চন্দনশাখা আনিয়া দিলেন।

অনন্তর স্থাব হর্ষোৎফ,ল্ললোচনে কহিলেন, রাম! আমি রাজ্য হইতে দ্রীকৃত হইয়া, ভীত মনে অরণ্য পর্যটন করিতেছি। বালীর সহিত আমার অত্যন্ত বিরোধ। সে আমার ভার্যাকে গ্রহণ করিয়াছে। আমি তাহারই ভরে উদ্দান্তচিত্ত হইয়া এই দূর্গ আশ্রয় করিয়া আছি। অতঃপর বাহাতে আমার ভয় দ্র হয়, তুমি ভাহাই কর।

তখন ধর্মবিংসল তেজস্বী রাম ঈষং হাস্য করিয়া কহিলেন, কপিরাজ! উপকারই যে মিত্রভার ফল, আমি তাহা বিদিত আছি। আমি তোমার সেই ভার্যাপহারক বালীকে নিশ্চরই বিনাশ করিব। আমার কন্কপরশোভী সরলগ্রান্থ বন্ধ্রসদৃশ সূর্বপ্রকাশ স্শাণিত অমোঘ শর মহাবেগে ক্রুম্থ ভ্রন্তপোর ন্যায় সেই দূর্ব্ত্তের উপর পড়িবে। তুমি এক্ষণে নিশ্চয়ই তাহাকে নিহত ও পর্বতবং বিক্ষিণ্ড দুখন করিবে।

অনন্তর স্ত্রীব রামের মূখে হিডকর এইরূপ কথা শূনিরা প্রীতমনে কহিলেন, মনুষ্যপ্রবীর! আমি তোমার প্রসাদে রাজ্য ও ভার্যা উভয়ই প্রাশ্ত

হইব। তুমি আমার সেই শন্ত্রালীকে এইর্প করিবে খেন সে আমার আর কোনর্প অনিষ্ট করিতে না পারে।

তখন স্থাবি ও রামের প্রণয় সংঘটন হইলে, জানকীর পশ্মকলিকাকার চক্ষ্ বালীর পিশ্যলবর্ণ চক্ষ্ এবং রাক্ষসগণের অন্নিবং প্রদীপত চক্ষ্ বামে নৃত্য করিতে লাগিল।

মন্ত্র সর্গা। অনন্তর স্ত্রীব প্রতি হইরা প্নরার কহিলেন, রাম! তুমি যে নিমিন্ত্র নিজন বনে আসিয়াছ, আমার এই মন্ত্রিপ্রধান সেবক হন্মান সম্দরই কহিয়াছেন। তুমি লক্ষ্যণের সহিত বনবাসে কালবাপন করিতেছিলে, এই অবসরে এক রাক্ষ্য তোমার ভার্যা জনকনিন্দনী সীতাকে হরণ করে। তুমি ও স্বাধে লক্ষ্যণ জানকীকে একাকী রাখিয়া প্রশ্বান কর, আর সেই ছিদ্রান্বেষী জটায়্কে বিনাশ করিয়া তাঁহাকে লইয়া যায়। রাক্ষ্য তোমার দ্বী-বিছেদ-দ্রংখে ফেলিয়াছে, তুমি আঁচরাং ইহা হইতে মাল্ল হইবে; আমি তোমাকে সেই দানবহত দেবপ্রত্বিত্র ন্যায় সীতা আনিয়া দিব। তিনি আকাশ বা রসাতলেই থাকুন, আমি তাঁহাকে আনয়নপ্রক তোমায় অপণ করিব। জানিও অপনি সতাই কহিলাম। ইন্দ্রাদি স্বাস্ত্র কথনই বিষাম্ভ খাদ্যবং সীতাকে জানিও অপনি সতাই কহিলাম। ইন্দ্রাদি স্বাস্ত্র কথনই বিষাম্ভ খাদ্যবং সীতাকে জানিও আনিব। এক্ষণে অনম্মানে ব্রিত্রেছি, তিনিই জানকী। নিন্তব্র ক্রিক্রিত আনিব। এক্ষণে অন্মানে ব্রিত্রেছি, তিনিই জানকী। নিন্তব্র ক্রিক্রিকে আনবি। এক্ষণে অন্মানে ব্রিত্রেছি, তিনিই জানকী। কিন্তব্র ক্রিক্রিকে করিতেছিলেন। তিনি আমাদের পাঁচজনকে পর্বত্রে ক্রিক্রিক্রিক্রির নাায় বিরাজ করিতেছিলেন। তিনি আমাদের পাঁচজনকে পর্বত্রে ক্রিক্রিক্রির নাায় বিরাজ করিতেছিলেন। তিনি আমাদের পাঁচজনকে পর্বত্রে ক্রিক্রিক্রির নাায় বিরাজ করিতেছিলেন। তিনি আমাদের পাঁচজনকে পর্বত্রে ক্রিক্রিক্রিয়া গহরুরে রাখিয়াছি। এক্রণে সম্লুব্রই আনি, দেখ তুমি চিনিতে পার ক্রিনা।



তখন রাম প্রিয়বাদী স্থাবিকে কহিলেন, সথে, শীল্প আন, কি জন্য বিশেষ করিতেছ? অনুষ্ঠাব তংক্ষণাৎ রামের প্রিয়োদ্দেশে এক নিবিড় গ্রামধ্যে প্রবেশ করিলেন এবং উত্তরীয় ও অলঙ্কার আনমুনপূর্বক কহিলেন, এই দেখ।

তখন রাম সেইগ্রিল লইয়া হিমজালে চন্দ্র বেমন আবৃত হন, তদুপে নেতজলে আছেল হইলেন। তিনি সীতান্দেহপ্রবৃত্ত অশ্রুতে দ্বিত হইয়া অধীরভাবে হা

প্রিয়ে! বলিয়া ভ্তলে পড়িলেন এবং সেই অলাকারগালি বারংবার হ্দয়ে রাখিয়া গর্তমধ্যে ক্র্ড ভ্রুজেগের ন্যায় ঘন ঘন নিঃশ্বাস ফেলিতে লাগিলেন। তংকালে লক্ষ্যাণ উ'হার পাশ্বে ছিলেন, রাম তাঁহাকে নিরীক্ষণ ও অনগলৈ অপ্র বিসম্কানপ্রেক কহিলেন, লক্ষ্যাণ! দেখ, হরণকালে জানকী ভ্তলে এই উত্তরীয় ও দেহ হইতে অলাকার ফেলিয়া দিয়াছেন। বোধ হয়, তিনি তুণাছেয় ভ্রমির উপর এই সমস্ত নিক্ষেপ করিয়া থাকিবেন, নচেং এইগালি প্রেবং কদাচই অবিকৃত থাকিত না।

তখন লক্ষ্মণ কহিলেন, আর্য'! আমি কেয়্র জানি না, কু-ডলও জানি না, প্রতিদিন প্রণাম করিতাম, এইজন্য এই দৃই ন্প্রেকেই জানি।

অনন্তর রাম স্থাবিকে কহিলেন, স্থে: বল, সেই ভীষণাকার রাক্ষ্য আমার প্রাণপ্রিয়া জানকীকে লইয়া কোথার গমন করিতেছিল দেখিলে? বে আমাকে ঘোরতর বিপদে নিক্ষিণ্ড করিয়াছে, সে কোথার থাকে? অতঃপর আমি তাহারই নিমিত্ত রাক্ষসকূল সংহার করিব। বে জানকীরে হরণ করিয়া আমার জোধানল প্রদীশ্ত করিল, সে আত্মনাশের জন্য মৃত্যুন্বার উন্মূর করিয়া রাথিয়াছে। যে বগুনা করিয়া বন হইতে আমার প্রেয়সীকে হরণ করিল, সে বাজি কে? বল, আমি অচিরাংই তাহাকে বিনাশ করিব।

সশ্তম সর্গা ওখন স্থাব রামের এইর ও কাতরোক্তি প্রবণপূর্বক কৃতাঞ্জাল হইয়া গদগদ কল্ঠে কহিতে লাগিক্তি, রাম! আমি সেই পাপু রাক্ষ্যের গ্ৰুতনিবাস কোথার, জ্ঞাত নহি বিশ্ব তাহার বল বিরুম এবং সেই দ্বুক্তরর কুল সমস্তই জানি। এক্ষণে তাম শোক পরিত্যাগ কর; সতাই কহিতোছ; জানকী বের্পে তোমার হুইজুই হন, তাহাই করিব। আমি তুল্টিকর প্রেম্কার অবলন্দনপূর্ব ক রাবণকে মুর্গালৈ সংহার করিয়া, বাহাতে তুমি প্রতি হইতে পার, অচিরাং তাহাই করিব। একণে তুমি আর বিহত্ত হইও না, থৈর্য অবলম্বন কর। এইরূপ বুল্খিলাঘব ভবাদৃশ লোকের শোভা পার না। দেখ, আমিও স্থাবিরহজনিত বিপদে পড়িয়াছি; কিন্তু আমি সামান্য বানর, তথাচ এইর্পে শোক করি না, এবং ধৈর্যও ধারণ করিতেছি। রাম! তুমি মহাত্মা বিনীত স্থার ও মহং, তুমি যে প্রবোধ পাইবে, ইহার আর বৈচিত্র্য কি। তোমার নয়নযুগল হইতে দরদারিতধারে অশ্র বহিতেছে, থৈর্যবলে সংবরণ কর। ধৈর্য সাত্তিকের মর্যাদাস্বর্প; ইহা ত্যাগ করিও না। যিনি স্থীর, বিপদ অর্থকণ্ট এবং প্রাণ-সংকট উপস্থিত হইলেও ব্যন্থি-কৌশলে অবসর হন না। আর ষে ব্যক্তি অবিচক্ষণ এবং যে কোন কার্ষেই ব্যক্তিচাতুর্য দেখাইতে পারে না, সে শোকে অবশ হইয়া, নদীপ্রবাহে ভারাক্লান্তা নৌকার ন্যায় নিমণ্ন হয়। সথে! আমি এই তোমার নিকট কৃতাঞ্চলি হইতেছি, প্রণয়ের অন,রোধে প্রসন্ন করিতেছি, তুমি পৌর্য আশ্রয় কর, আর শোক করিও না। শোকার্ত লোক অস্থী এবং ভাহার তেজও নষ্ট হয়, অতএব তুমি শোক করিও না। দেখ, শোকবলে প্রাণসংশয় হইবার সভাবনা, স্তরাং শোককে আর প্রশ্রয় দিও না। আমি সখ্যভাবে তোমায় হিতই কহিতেছি, ইহা উপদেশ নহে। এক্ষণে তুমি সখ্যতার গৌরব রাখিয়া শোক দূর কর।

তখন রাম, বয়স্য স্থোবের মধ্র বচনে প্রবোধ লাভ করিয়া, বস্থান্ডে দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ নেগ্রন্থ মার্শনা করিলেন, এবং প্রকৃতিস্থ হইয়া তাঁহাকে আলিজনন-প্রক কহিতে লাগিলেন, শ্ভান্ধ্যায়ী দিনশ্ব বশ্বের বাহা অন্র্প ও কর্তবা, তুমি তাহাই করিলে। তোমার অন্নয়ে এই আমি প্রকৃতিস্থ হইলাম। এইর্প বিপদকালে এই প্রকার মিগ্রলাভ নিতাল্তই দুর্ঘট। এক্ষণে জানকীর অন্বেষণ এবং সেই দুরাচার রাক্ষসের বধসাধন এই দুইটি বিষয়ে তোমায় সবিশেষ বন্ধ করিতে হইবে। অভঃপর আমিই বা তোমার কি করিব, তুমি অকপটে তাহাও বল। সখে! বর্ষার সময় স্কেলে বীজ যেমন ফলবান্ হয়, তদুপ তোমার সকল কার্য অচিরাংই সফল হইবে। আমি অভিমানবশতঃ তোমায় যাহা কহিলাম, তাহা সভাই ব্রিওও। শপ্রপার্যক কহিতেছি, আমি কখন মিথ্যা কহি নাই, কহিবও না।

তখন স্থাবি রামের এই অঞ্গীকারৰাক্য শ্রবণপ্রেকি বানরগণের সহিত অতিশয় সম্ভূপ্ট হইলেন। পরে তিনি ও রাম একান্ডে উপবেশন করিয়া উভয়ের অন্র্পে নানার্প স্থদঃখের কথা কহিতে লাগিলেন। তংকালে স্থাবি মহান্তব রামের আশ্বাসজনক বাক্যে স্বকার্যসিন্ধি বিষয়ে সম্পূর্ণ নিঃসংশারই হইলেন।

আন্দ্রীর স্থানি মহাবীর রামের সাক্ষা একানত হ্লা ও নিতানত সন্তুন্ট হইয়া কহিলেন, সথে! তোমার ক্রিট্রা ক্রিলেত আর সন্দেহ নাই। ন্বরাজ্যের কথা কি, তোমার সাহায্যপ্রতি দেবরাজ্যও আমার আয়ত হইবে। আমি আন্নিসমক্ষে তোমায় স্থানিবে লাভ করিলায়, স্তরাং এক্ষণে ন্বজনেরও প্রেনায় হইতেছি। আমি বি তোমারই অন্রপে বয়সা, তুমি ইহা জমশঃ ব্রিতে পারিবে, তন্জনা তোমার নিকট গ্রহারোর প্রকাশ করিবার আবশ্যক নাই। ন্বাধীন! তোমার তুলা স্বিশিক্ত মহতের প্রীতি প্রায়ই অট্ল হয়। বয়সোরা কহেন, ন্বর্ণ, রৌপা, উৎকৃন্ট অলাকার প্রভৃতি পদার্থসকল বয়সাগণের সাধারণ ধন। ধনী বা দরিদ্রই হউন, স্থ বা দুঃখই ভোগ কর্ন, নির্দোব বা দোষীই থাকুন, বয়সা বয়সোর গতি। বন্ধরে অনির্বাচনীয় নেন্হ দর্শনে ধনতাগ স্থতাগ বা দেশতাগণও ক্লেকর হয় না।

তখন শ্রীমান রাম ইন্দ্রপ্রভাব লক্ষ্মণের নিকট প্রিয়দর্শন স্থাবিকে কহিলেন, সখে! তুমি বাহা কহিলে, তাহা কিছুই অলীক নহে।

অনশ্তর স্তার পরদিনে ঐ বীরশ্বয়কে শৈলতলে নিষম দেখিয়া বনের সর্বাচ চপলভাবে দ্ফিপাত করিতে লাগিলেন এবং অদ্রে পত্রহাল প্রিপত শ্রমরশোভিত এক শাল ব্লের শাখা দেখিতে পাইলেন। পরে তিনি তাহা ভান করিয়া তদ্পরি রামের সহিত উপবিষ্ট হইলেন। হন্মানও এক শালশাখা উৎপাটনপ্রিক বিনীত লক্ষ্যণকে বসাইলেন।

রাম প্রশাস্ত সাগরেব ন্যায় উপবেশন করিলে স্থানি অত্যন্ত হৃণ্ট হইয়া প্রীতিভরে হর্ষস্থালিত বাক্যে কহিলেন, সথে! বালী আমায় প্রত্যাখ্যান করিয়াছে। আমার পদ্দী অপহৃত। এক্ষণে আমি অতিমাত্র ভীত হইয়া দৃঃখিত মনে ঋষ্যম্কেনগুরণ করিতেছি। বালী আমার পরম শত্রু, আমি তাহার ভয়ে সততই উন্বিশন আছি। তুমি ভরনাশক, এক্ষণে এই অনাথের প্রতিও প্রসাম হও।

তখন ধর্মবংসল রাম ইবং হাসিয়া স্গ্রীবকে কহিলেন, সখে! লোক উপকারে মিত্র অপকারে শত্রু হইয়া থাকে। এক্ষণে বালা কার্যদোষে তোমার শত্রু হইয়াছে, অতএব আমি আজিই তাহাকে বিনাশ করিব। আমার এই স্বর্ণখিচিত খরতেজ্ব শরে কংকপত্রে অলক্ষত স্তাক্ষা স্পর্ব ও বন্ধুসদ্শ। ইহা শরবনে উংপশ্ল হইয়াছে। তুমি এই ক্রোধপ্রদীশ্ত উরগবং শরে সেই দ্রাচার বালীকে নিহত ও পর্বতের ন্যায় বিক্ষিশ্ত দেখিবে।

তখন সেনপেতি স্থাবি অতানত হৃষ্ট হইলেন এবং রামকে সাধ্বাদপ্রেক কহিলেন, রাম! আমি শোকে আক্রান্ত হইয়াছি; তুমি শোকার্তের গতি এবং বয়স্য এই জন্য আমি তোমার নিকট মনের বেদনা ব্যক্ত করিতেছি। তুমি আন্দিন সাক্ষী করিয়া পাণি প্রদানপূর্বেক আমার মির হইয়াছ; সত্য শপথে কহিতেছি, আমিও তোমার প্রাণাধিক বোধ করিয়া থাকি। একণে আন্তরিক ক্রেশ নিমতই আমার মনকে ক্ষীণ ও দ্র্বল করিতেছে। তুমি স্থা, এই জন্য আমি অকুণ্ঠিত মনে তোমায় সকলই কহি।

এইমান বালিয়া স্থাবি কাঁদিয়া ফোললেন। বাপশভরে তাঁহার কণ্ঠরোধ হইয়া গেল। তৎকালে উচ্চস্বরে আর কিছুই কহিছে পারিলেন না। অনশ্তর তিনি নদীবেগবৎ আগত অপ্রবেগ রামের স্কৃত্তি সহসা ধৈর্যবলে নিরোধ করিলেন এবং এক দীঘনিঃশ্বাস পরিত্যাগপ্রিক নেন্ন মার্জনা করত প্ররয়ে কহিছে লাগিলেন, সথে! মহাবীর বালী অক্রাকে রাজ্যচন্ত্রত করে এবং আমায় কঠোর কথা শ্নাইয়া আবাস হইতে দুর্বিসিরয়া দেয়। ঐ দুর্গ্ণ আমার প্রাণাধিক পদ্নীকৈ হরণ এবং মিন্তবর্গকে স্কৃত্তির বন্ধন করিয়াছে। আমাকে বিনাশ করিতে তাহার অত্যশতই যদ্ধ তেলাক বার বানরসকল প্রেরণ করিয়াছিল, আমিও উহাদিগকে বধ করিমাছিল, বিলতে কি, তুমি যখন আইস, তথন তোমায় দর্শন করিয়া আমি শতক্তিমে অগ্রসর হইতে সাহসী হই নাই। দেখ, লোক অক্রপ ভয়েও ভাত হইয়া থাকে। এক্রণে কেবল হন্মান প্রভৃতি বানরেয়া আমার সহার। আমি কণ্টে পড়িয়াও ইহাদের গালে প্রণ ধারণ করিয়া আছি। এই স্কেহার্র বানরগণ সর্বা আমার রেজা করিতেছে। ইহারা আমি বাইলে যায় এবং বাসলে বৈসে। সথে! এক্রণে তোমায় অধিক আর কি কহিব, সংক্ষেপে এইমান্ত জানিও, যে প্রখ্যাতপোর্য্য বালীকে বধ করিলেই আমার বর্তমান দৃঃখ তিরোহিত হইবে। তাহার বিনাশে আমার জীবন ও স্থা সম্পূর্ণ নির্ভর করিতেছে। রাম! আমি শোকার্ত ইইয়া শোকনাশের উপায় তোমায় কহিলাম। তুমি স্থা হও বা দৃঃখে থাক, আমাকে এক্ষণে আশ্রয় দান করিতে হইবে।

রাম কহিলেন, সৃহ্গীব! বালীর সহিত তোমার এর্প শত্রতা জন্মিবার কারণ কি? যথার্থতঃ শ্রনিতে ইচ্ছা করি। আমি ইহা প্রবণপ্র্ব ক উভয়ের বলাবল ও কর্তবা অবধারণ করিয়া যাহাতে তুমি সৃখী হও করিব। তোমার অবমাননায় আমার অত্যন্ত ক্রোধ হইয়াছে এবং বর্ষাকালে জলবেগ ষেমন প্রবল হয়, সেইর্প উহা আমার হৃৎপিন্ড স্পানন করিয়া বিধিত হইতেছে। এক্ষণে যাবং আমি শরাসনে জ্যা আরোপণ না করি, তাবং তুমি হৃষ্ট হইয়া বিশ্বস্তমনে সমস্তই বল, আমার শর মৃত্ত হইবামান্ত তোমার শন্ত নণ্ট হইবে।

স্থাীব রামের এই কথা শ্নিয়া চারিটি বানরের সহিত যারপরনাই সন্তুষ্ট হইলেন।



নবম সগাঁ। অনশ্তর স্থাবি শত্রতার প্রসণ্গ করিয়া কহিলেন, রাম! মহাবল বালী আমার জ্যোষ্ঠ প্রাভা। তিনি পিতার একাশ্ত বহুমানের পাত্র ছিলেন এবং আমিও তাঁহাকে সবিশেষ গৌরব করিতাম। পরে পিতার লোকান্তরপ্রাশ্তি হইলে,

মন্দ্রিগণ জ্যেষ্ঠ বলিয়া প্রীতিভাজন বালীকেই বানর-রাজ্ঞার আধিপতা প্রদান করেন। তিনি বিশ্তীণ পৈতৃক রাজ্য শাসন করিতে প্রবৃত্ত হইলে আমি চিরকাল দাসের ন্যায় তাঁহার পদানত ছিলাম।

মায়াবী নামে তেজস্বী এক অস্র ছিল। সে দৃন্দ্ভি দানবের জ্যেষ্ঠ প্র। প্রে উহার সহিত বালীর স্থা-সংকাশত শার্তা সংঘটন হয়। একদা রজনীযোগে সকলে নিদ্রিত হইলে ঐ অস্র কিন্দ্রিশাখারে আসিয়া জ্যেষভরে সিংহনাদপ্রেক বালীকে যুখ্যার্থ আহ্বান করিতে লাগিল। ঐ সময় বালী নিদ্রিত ছিলেন। তিনি উহার ভৈরবনাদ সহ্য করিতে পারিলেন না, তংক্ষণাৎ মহাবেগে নিগতি হইলেন। তিনি ঐ অস্র সংহারার্থ মহারোমে নিন্দ্রান্ত হইলে আমি প্রণত হইয়া তাঁহাকে নিবারণ করিলাম। তাঁহার পত্নীরাও প্রতিরোধ করিতে লাগিলেন; কিন্তু সেই মহাবল উহাদিগকে অপসারণপ্রেক বহিগতি হইলেন। তথন আমিও প্রাত্দেনহে উহারই পন্চাৎ পন্চাৎ চলিলাম।

অনশ্তর মায়াবী দ্র হইতে আমাদিগকে দেখিরা ভীতমনে পলারন করিতে লাগিল। আমরাও দ্রুতপদে ধাবমান হইলাম। ঐ সময় চন্দ্রেদেয় হইতেছিল, পথ স্পুণত দেখা বাইতেছে। ইতাবসরে মায়াবী মহাবেগে এক বিস্তীর্ণ তৃণাক্ষ্ম দ্র্গম ভ্রিবরে প্রবেশ করিল। আমরাও গিয়া উহার ব্যার অবরোধ করিলাম। বালী উহাকে ঐ গর্তমধ্যে প্রবিষ্ট দেখিয়া রোমান্ত ইইলেন এবং ক্র্মান্ত আমাকে কহিলেন, স্কুটীব! তুমি এক্ষণে সাবধান হুইয়া এই ব্যারে দাঁড়াইয়া থাক। আমি বিবরে প্রবেশ ও সমরে শত্নাশ করিল আমাক আমাকে প্রাক্তি সমরে ভারনাশ করিলাম। বিশ্বর প্রবেশর প্রার্থনা করিলাম। বিশ্বর প্রবিশ্বর দিনিয়া তাঁহার সহিত প্রবেশের প্রার্থনা করিলাম। বিশ্বর প্রবিশ্বর ইইলেন।

আমাকে পাদলপর্শ পূর্বক শপথ কর্ম্বর্ধ তথ্য প্রতিষ্ঠা ইইলেন।

অনন্তর'এক বংসরেরও আধিক বিশ্ব অতিক্রান্ত ইইরা গেল। আমি বিলাবারে
দণ্ডায়মান, ভাবিলাম, বালা ক্রিক অনিন্ত ইইরাছেন। দেনহবশতঃ মনে অত্যণত ভর
উপস্থিত ইইল এবং নানাক করি অনিন্ত আশুকা ইইতে লাগিল। পরে বহু কাল
অতীত ইইলে দেখিলাম, সেই বিবর ইইতে উল্প র্যির নির্গত ইইতেছে।
তদ্দর্শনে আমি অত্যন্ত দৃঃখিত ইইলাম। তংকালে অস্বগণের বীরনাদ
আমার কর্ণে প্রবিশ্ব ইইল, কিন্তু যুম্পপ্রবৃত্ত বালার রব কিছুই শ্নিতে
পাইলাম না। তথন আমি এই সকল চিহ্নে তাঁহার মৃত্যু অবধারণ করিয়া
শৈলপ্রমাণ শিলাখণ্ড ব্যারা বিলম্বার রোধ করিলাম এবং শোকাক্রান্তমনে
তাঁহার তপ্ণ করিয়া কিন্কিন্থায় প্রতিনিব্ত ইইলাম। সংখ! আমি বহুয়ন্নে
বালার ব্রান্ত গোপন করি, কিন্তু পরিশেষে মন্ত্রিগণ সমন্তই শ্নিলেন এবং
একমত ইইয়া আমাকেই রাজা করিলেন।

অনন্তর আমি ন্যায়ান্সারে বালীর রাজ্য শাসন করিতেছি, ইতাবসরে তিনি শত্র সংহার করিয়া আগমন করিলেন এবং আমাকে অভিষিদ্ধ দেখিয়া জোধসংরক্ত নেত্রে মন্ত্রিগণকে বন্ধনপূর্বক কট্নিক্ত করিতে লাগিলেন। বলিতে কি, তংকালে আমি তাঁহাকে বিলক্ষণ নিগ্রহ করিতে পারিতাম, কিন্তু প্রত্বোরবে সংকৃচিত হইয়া আমায় নিরস্ত থাকিতে হইল। বালী শত্রনাশ করিয়া প্রপ্রবেশ করিয়াছেন, আমি সম্মানার্থা, তাঁহাকৈ অভিবাদন করিলাম। কিন্তু তিনি প্রাকিত মনে আমায় আশবিশি করিলেন না। আমি তাঁহার পদে করিনীট স্পর্শ প্রকি প্রণত হইলাম, কিন্তু তিনি জোধনিকশ্বন আমার প্রতি প্রসন্ন হইলেন না।

দশম লগিঃ অনন্তর আমি আপনার হিতসন্কলেপ কহিলাম, রাজন়্ তুমি ভাগ্যক্তমে শত্র, নন্ট করিয়া নিবি'ছেন্ন উপস্থিত হইয়াছ। আমি অনাথ, তুমিই আমার অধীশ্বর: আমি তোমার এই বহুশলাকাষ্ট্র উদিত পূর্ণ চন্দ্রাকার ছব ও চামর ধারণ করিতেছি, এক্ষণে গ্রহণ কর। আমি নিভান্ত কাতর হইয়া সংবংসরকাল সেই বিলম্বারে দাঁড়াইয়া ছিলাম দেখিলাম গর্ড হইতে স্বারদেশ পর্যন্ত শোণিত উবিত হইয়াছে। তদ্দর্শনে আমি যংপরোনান্তি শোকাকুল হইলাম, এবং আমার মনও বিলক্ষণ চণ্ডল হইয়া উঠিল। অনশ্তর আমি শৈলশ্পোম্বারা বিলম্বার রুম্ধ করিলাম এবং ডথা হইতে পুনরার বিষয়মনে কিম্কিণার প্রতিনিবৃত্ত হইলাম। পরে পোরগণ ও মন্তিবর্গ আমার দর্শন পাইয়া ইচ্ছা না করিলেও আমাকে রাজ্যে অভিষেক করিয়াছেন। এক্ষণে ভূমি ক্ষমা কর। ভূমিই মাননীয় রাজা। পূর্বে আমি বেমন তোমার পদানত দাস ছিলাম, এখনও সেইরূপ আছি। তোমার অদর্শনিই আমার এই নিয়োগের কারণ। এক্ষণে এই নগর, অমাত্য ও বেশারগণের সহিত নিম্কণ্টক রহিয়াছে। তোমার রাজ্য আমার হস্তে স্থাপিত <mark>ছিল, আমি কেবল ইহা রক্ষা করিতেছিলাম। বীর! আমি প্রণিপাতপ্রেক</mark> কৃতাঞ্চলিপুটে প্রার্থনা করিতেছি, ক্রোধ সংবরণ কর। অরাজক রাজ্যে অন্যের জিগীষা হইয়া থাকে, এই আশক্তান্তমেই পৌরগুর্ম্পুই সন্দিরগ একমত হইয়া বলপূর্বক আমাকে রাজা করিয়াছেন।

রাম! আমি সবিনরে এইর্প কহিতেছি ইচাবসরে বালী আমাকে ধিল্লারপ্রেক ভংসনা করিয়া নানা কথা কহিতেছি ইচাবসরে বালী আমাকে ধিল্লারপ্রেক ভংসনা করিয়া নানা কথা কহিতেছি এবং অভিমত মন্দ্রী ও প্রজাগকে
আনরন ও আমাকে আহনান করিয়া স্থেতি একদা রজনীবােগে মায়াবী নামে এক
অস্র ব্রুখার্থী হইয়া জােক্রের আমার আহনান করিয়াছিল। আমি উহার
আহনানে রাজভবন হইতে মিজান্ত হই। এই দার্ব লাভাও তংকালে আমার
অন্সর্গ করে। অনন্তর প্রি মহাবল মায়াবী রাহিকালে আমাদিগকে বহিগত
দেখিয়া ভীতমনে ধাবমান হইল। আমরাও মহাবেগে উহার পশ্চাৎ পশ্চাৎ
চিললাম। পরে সে এক ভীবণ প্রশাত গতে প্রবেশ করিল। তথন আমি এই
য়্রদর্শনকে কহিলাম, দেশ, শহ্র নিপাত না করিয়া ক্লাচই নগরে প্রতিগমন
করিব না। বাবং এই কার্য স্কুল্লান না হইতেছে, তাবং তুমি এই বিলন্ধারে
আমার প্রতীক্ষা কর। স্কুল্লাব আরে থাকিল, এই বিশ্বাসে আমি ঐ দ্বর্গম
গতে প্রবেশ করিলাম। মায়াবীর অন্বেশণে সংবংসর অভিকাশত ইইয়া গেল, এবং
সে অন্তিশিন্ট কলিয়াই মনে অভ্যত হাস জন্মিল। পরে আমি ভাহার দর্শন
পাইলাম এবং তন্দন্তেই ভাহাকে স্বান্ধ্যে নিপাত করিলাম। তথন সে ভ্তলে
পড়িয়া অস্ফান্ট শব্দ করিতে লাগিল এবং তাহার দেহরত্তে ঐ গর্তও প্র্ণ

অনশ্তর আমি ঐ পরাক্তাশত অস্বকে অক্তেশে বিনাশ করিয়া বহিপতি হইতেছিলাম, কিন্তু গতের দ্বার পাইলাম না, গতের মূখ প্রচ্ছল ছিল। তখন আমি স্থাবি স্থাবি রবে বারংবার আহ্বান করিতে লাগিলাম, কিন্তু প্রত্যুত্তর না পাওয়াতে অত্যন্তই দ্রাধিত হইলাম। পরে প্নঃ প্রাঃ পদাঘাত করাতে প্রশতর পতিত হইলা। আমিও সেই পথ দিয়া বহিপমনপ্রক প্রপ্রবেশ করিলাম। দেখ, স্থাবি ভ্রাতৃদ্নেহ বিক্ষাত হইয়া রাজ্য লইবার চেণ্টা করিয়াছিল। ঐ ক্রেই গর্তমধ্যে আমায় রুখ করিয়া রাখে।

নিল'ল্ছ বালী আমাকে এই বলিয়া একবন্দ্র নির্বাসিত করিয়া দিল।
সে আমার ভার্যা হরণপূর্বক আমাকে প্রভ্যাখ্যান করিল। আমি উহার ভরে
বনগহনা সসাগরা পৃথিবী পর্যটন করিয়াছি, এবং ভার্যাহরণে অত্যন্ত দঃখিত
হইয়া ঋষাম্ক পর্বতে আশ্রয় লইয়াছি। এই স্থানে বালী বিশেষ কারণেই আর
আসিতে পার না। সখে! কি জন্য আমাদের বৈর উপস্থিত হইল, এই আমি
ভোমার সমস্তই কহিলাম। আমার নিরপরাধে এই বিপদ সহ্য করিতে হইতেছে।
আমি দ্র্দান্ত বালীর ভরে নিতান্তই কাতর। ভরনাশন! এক্ষণে উহাকে হনন
করিয়া আমার প্রতি অনুগ্রহ প্রদর্শন কর।

তখন তেঞ্চনবী রাম হাস্য করিয়া স্সক্তাত বাক্যে কহিতে কাণিলেন, সথে।
আমার এই সকল অমোঘ প্রথর শর রোবে উন্মার হইয়া সেই দ্বেত্তি বালীর
উপর পতিত হইবে। আমি বাবং তোমার সেই ভার্যাপহারক দৃষ্চরিত্র পাপীকে
না দেখিতছি, তাবং তাহার জীবন। তুমি বে শোকার্ণবে নিমণ্ন হইয়াছ, আমি
ন্বদ্তান্তে তাহা ব্রিত্তিছে। এক্ষণে আমি তোমাকে উন্ধার করিব। তুমি
অচিরাংই রাজা ও ভার্যা প্রাণত হইবে।

একাদশ দর্গ । অনুষ্ঠার মহাস্থা রামের এই বিজনক তেজােন্দ্রীপক বাক্য প্রবণপূর্বক উ'হার ভ্রদী প্রশংসা করত ক্রিলেন, সমে! তুমি ক্রোধাবিন্ট হইয়া ব্লান্ডকালান স্থের ন্যার স্ত্রিক্র শরে সমন্ত লােক দণ্ধ করিছে পার, সন্দেহ নাই। তােমার শর মুদ্ধের ও প্রদীত। একাণে আমি বালার বলবার্য ও পার্যের কথা ক'হাজােন্ত তুমি অনন্যমনে প্রবণ কর। বালার দািত্ব অসাধারণ। তে প্রত্যাহে পান্তর রাগির হইতে প্রে সাগরে এবং দক্ষিণ সাগর হইতে উত্তর সাগরে অবিশ্রম্ভি গমন করিয়া থাকে। ঐ বার পর্বতে আরােহণ্প্রেক অত্যাহ্ন শিখরসকল কন্দ্রকাং মহাবেশে উথেন উৎক্ষেপণ ও প্নরার প্রহণ করে এবং ন্বার বল প্রদর্শনের নিমিন্ত বনের অন্তঃসারষ্ট্র ব্ক্সকল ভাগিয়া থাকে।

পূর্বে দৃশ্দৃতি নামে কৈলাসশিধরপ্রভ মহিষর্পী এক অস্র ছিল। সে সহস্র হস্তীর বল ধারণ করিত। একদা ঐ মহাকার বরলাভে মৃশ্ধ হইয়া বীর্যমদে তরণাসঞ্জল সম্দ্রের নিকট গমন করিল এবং তাঁহাকে অনাদর করিয়া কহিল, তুমি আমার সহিত ফুম্থে প্রবৃত্ত হও।

তখন ধর্মশীল সম্দ্র গারোখানপ্রেক ঐ আসল্লম্ভূ অস্বকে কহিলেন, বীর! আমি তোমার সহিত বৃদ্ধ করিতে পারিব না; বে সমর্থ হইবে কহিতেছি শ্রবণ কর। মহারণ্যে হিমালয় নামে নির্বরপূর্ণ গহ্রবশোভিত এক পর্বত আছেন। তিনি শংকরের শ্বশূর ও মহবিগিদের আশ্রয়। এক্ষণে তিনিই তোমাকে অতিমান্ত প্রতি দান করিতে পারিকেন।

তখন দৃশ্দৃতি মহাসাগরকে ভীত দেখিয়া প্রক্ষিত শরের ন্যার শীঘ্র হিমালরের বনে উপস্থিত হইল এবং উহার বৃহৎ বৃহৎ শ্বেতবর্ণ শিলাসকল ভ্তলে নিক্ষেপপ্রাক সিংহনাদ করিতে লাগিল। তখন ধবলমেঘাকার প্রিয়দর্শন শাস্তম্তি হিমাচল স্বশিখরে উপবেশন করিয়া কহিলেন, ধর্মবিংসল! আমি তাপসগণের আশ্রয়, বৃদ্ধে স্পট্ নহি। স্তরাং আমাকে ক্লেশ প্রদান করা তোমার উচিত হইতেছে না।

কিন্ফিৰাকাণ্ড

তথন দ্বেদ্যিত ক্রুম্থ হইয়া আরম্ভ চক্ষে কহিল, বাদ তুমি ব্রুম্থ অসমধর্ণ হও, অথবা আমার ভরেই ভশ্নোংসাহ হইয়া থাক, তবে বল, আমি ব্যথাখী, এক্ষণে কে আমার সহিত সংগ্রাম করিতে পারিবে?

স্বস্থা হিমাচল কহিলেন, বীর! রমণীর কিন্দিশ্য নগরীতে বালী নামে এক প্রবলপ্রতাপ বানর আছে। সে দেবরাজ ইন্দের প্রতি স্রপতি বেমন নম্চির সহিত, তদ্র্প সেই রণপণিওত তোমার সহিত কিন্দিশ করিবে। একণে যদি তোমার ইচ্ছা হয়, তবে শীঘ্র তাহার নিকট গ্রাম কর। সে ব্লেখবীর এবং তাহার বীর্য একাণ্ডই দ্রাসহ।


তখন দ্বন্দ্রভি এই কথা দ্বিনয়া স্থাতিসর ক্লোধাবিল্ট হইল এবং তীক্ষাশৃশ্য অতিভীবণ মহিষম্তি ধারণ ক্রিয়ে বর্ধাকালে গগনতলে জলপূর্ণ মহামেদের ন্যায় কিন্দিশ্যর অভিমুখে চলিক্ষ্টিক উহার প্রেম্বারে উপস্থিত হইয়া ভ্রিভাগ



কম্পিত করত দৃশ্দৃতির ন্যায় নিনাদ করিতে লাগিল। কখন নিকটের বৃক্ষ ভান ও চৃশ্ করিতে প্রব্যু হইল, কখন খুর-প্রহারে ধরতেল বিদীর্ণ করিয়া ফেলিল এবং কখন বা মাতভাগর ন্যায় সদর্পে শৃভগদ্বারা দ্বারদেশ খ্ণিড়তে লাগিল। তংকালে বালী অন্তঃপ্রে ছিলেন। তিনি উহার বীরনাদ সহিতে না পারিয়া তংকাণে তারাগণের সহিত চল্দের ন্যায় দ্বীগণ সমভিব্যাহারে নিজ্ঞান্ত হইলেন।

বনচর বানরগণের অধী বর বহিগতি হইরা দ্বদ্ভিকে স্পন্ট ও পরিমিত কথায় কহিলেন, মহাবল! তুমি কি নিমিত্ত প্রেম্বার রোধ করিয়া সিংহনাদ করিতেছ? আমি তোমাকে চিনিতে পারিয়াছি। এক্ষণে প্রায়ন কর।

তথন দ্ব্দটিভ এই কথা শ্নিরা রোধরস্তনেত্রে কহিতে লাগিল, বীরা তুমি স্তীলোকের সমক্ষে কিছু কহিও না। অদ্য আমার সহিত ব্দেধ প্রবৃত্ত হও,



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরে তোমার কল ব্রিতে পারিব। অথবা আমি আজিকার এই রাচি ক্রোধ সংবরণ করিয়া রাখি, স্বের উদয়কাল পর্যন্ত তোমার ভোগ সাধনের জন্য প্রতীক্ষা করিব। তুমি কপিকুলের অধিপতি, এক্ষণে তাহাদিগকে আলিপানপ্রেক প্রতীক্ষা করিব। তুমি কপিকুলের অধিপতি, এক্ষণে তাহাদিগকে আলিপানপ্রেক প্রতীতের উপহারে তৃশ্ত কর, কিন্কিশা নগরীকে মনের স্থে দেখিয়া লও এবং স্বৃহ্ণগণকে আমশ্রণ ও আত্মতুল্য কোন ব্যক্তির উপর রাজ্যভার অপণি কর। আমি কল্য নিশ্চয়ই তোমার দর্প চূর্ণ করিব। নিরুদ্র, অসাবধান, কৃশ ও তোমার সদৃশ মদোন্মন্তকে বধ করিলে দ্র্ণহত্যার পাপ জন্মে, স্তরাং নিরুদ্ত হইলাম; তুমি স্বজ্বলে গিয়া স্বী সন্ভোগ কর।

বালী এই কথা শ্বনিয়া ক্রোযাবিষ্ট ইইলেন এবং তারা প্রভৃতি স্থাদিগকে বিদায় দিয়া হাস্যমূখে ঐ মূখিকে কহিলেন, দেখ, বদি তুই ব্যুদ্ধে নির্ভার ইইয়া থাকিস, তবে আর আমায় মন্ত বোধ করিস না; আমার এই মন্ততা উপস্থিত যুদ্ধের বীরপান বলিয়া অনুমান কর।

বালী এই বলিয়া পিতৃদন্ত স্বৰ্ণহার কণ্ঠে ধারণপ্র্বক ক্রোধভরে ব্ন্থার্থ দিন্দায়মান হইলেন এবং ঐ পর্বভাকার অস্বাকে শৃংপা গ্রহণ ও উৎক্ষেপণপ্র্বক সিংহনাদ করিতে লাগিলেন। দ্বন্ধভির কর্ণবিবর হইতে শোণিতধারা বহিতে লাগিল। উভয়েই জিগীয়ার বশবতী। তুম্বা ব্ন্থা উপ্লিখত হইল। ইন্দাবিক্তম বালী দ্বন্ধভিকে ম্থি, জান্, পদ, শিলা ও ব্রেক প্রহারে প্রবৃত্ত হইলেন। দ্বন্ধভিত প্রতিপ্রহার করিতে লাগিল এবং প্রেখতে দেখিতে হীনবল হইরা পড়িল। তথন বালী বলবিক্তমে বিধিত ক্রিকে এবং উহাকে উল্লোলনপূর্বক ভ্রেল নিক্ষেপ করিলেন। দ্বন্ধভিত ক্রিক হইরা গেল। উহার কর্ণ ও নাসা হইতে রক্তরোত প্রবাহিত হইতে লাখিল এবং সে বেমন পড়িল, অস্থানই পশ্ববাহত করিল।

অনশ্তর বালী ঐ মৃত্রিটেতন অস্রকে তুলিরা এক বেগে বোজন দ্রের ফেলিরা দিলেন। নিক্সিও ইইবার কালে উহার মৃখ হইতে রক্তবিন্দ্র বার্বশাং মতখ্যের আশ্রমে পাতিত হইল। তদ্দর্শনে মহর্ষি সহসা কোধাবিদ্য হইলেন। ভাষিদেন, এ কাহার কার্য? যে স্রান্ধা আমার শোণিতস্পদেশি দ্বিত করিল, সেই দ্রেশ্ত নির্বোধ মৃশ্ কে?

মতপা এই চিন্তা করিয়া নিজ্ঞান্ত হইকোন এবং ভ্তলে এক পর্বতাকার মৃত মহিষকে পতিত দেখিতে পাইলেন। তিনি তপোবলে উহা বানরেরই কার্য ব্রিয়া এইর্প অভিসম্পাত করিলেন, যে বানরের এই কর্ম, সে আমার আশ্রমপদ দ্বিত করিয়াছে এবং এই অস্রদেহ শ্বারা ব্রুসকল ভাগ্নিয়া ফেলিয়াছে, সেই নির্বোধ যদি আমার এই তপোবনের এক যোজনের মধ্যে আইসে, তন্দশ্ভেই মৃত্যুম্থে পড়িবে। এই বনে তাহার যে কেহ সহচর আছে, এক্ষণে তাহাদের আর বাস করিবার আকশাক নাই। তাহারা যথায় ইছা প্রশান কর্ক। নচেৎ তাহাদিগকেও অভিসম্পাত করিব। আমি এই বন প্ত-নির্বিশেষে পালন করিতেছি। বানরগণ ইহার ফলম্লে পশ্র ও অপ্রুর সমস্তই ছিন্নভিন্ন করিয়া থাকে। অতএব আমি আছিকার দিন ক্ষমা করিলাম, যদি কলা কাহাকেও দেখিতে পাই, তবে সে আমার অভিশাপে বহুকাল পাষাণ হইয়া থাকিবে, সন্দেহ নাই।

বানরগণ মহার্ষ মতশ্যের এই কথা শ্বনিয়া বন হইতে বহিগতি হইল। দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



তখন বালা উহাদিগকে দেখিতে পাইয়া জিক্ষাসিলেন, মতপ্যবনের বানরগণ! তোমরা কি জন্য আমার নিকট আগমন করিলে? তে্ন্যাদের কুশল ত?

অন্তর বানরেরা বালীর নিকট, মতপা বে করিয়া অভিসম্পাত করিয়াছেন. কহিল। তখন বালী বানরগণের মুখে তাহা করিয়া অবিলন্দে মতপোর নিকট গমন করিলেন এবং কৃতাঞ্চলিপটে শ্রুম্বর্লাপতর প্রার্থনা করিতে লাগিলেন। কিন্তু মহার্ব কিছুতেই প্রসম্ল হইলেন টি তিনি তাহাকে অনাদরপূর্বক আশ্রম প্রবেশ করিলেন। তদবধি বালী শুরুষ্ট্রিটাবে ভীত ও অত্যন্ত বিহুন্ন; তিনি এই খাব্যমুকে প্রবেশ করিতে বাহুছ্ব দেখিতেও আর ইচ্ছা করেন না। বালীর প্রবেশাধিকার নাই জানিয়া, কর্মি সহচরগণের সহিত প্রফুল্সমনে এই অরশে বিচরণ করিতেছি। রাম! করি দেখ বলদপে নিহত দুন্দ্ভির শৈলাশিখরাকার কংকালসকল দেখা বায়। এই শাখাপ্রশাখাব্দ সুদ্বিদ্ সাতটি তাল বৃক্ষ। মহাবল বালী সমকালেই ইহাদিগকে কন্পিত করিয়া প্রশ্নেনা করিতে পারেন। স্থে! এই আমি তাহার অসাধারণ কলবতিবের পরিচর দিলাম। একণে তুমি কিরুপে যুদ্ধে তাহাকে বিনাশ করিতে পারিবে, বল।

তখন লক্ষ্যণ ঈষং হাস্য করিয়া কহিলেন, স্থাবি! কি হইলে তোমার বালবিধে বিশ্বাস হইবে? স্থাবি কহিলেন, প্রে মহাবীর বালী এক এক সময় অনেকবার এই সাতটি তাল ভেদ করিয়াছিলেন। এক্ষণে বাদ রাম এক শরে ইহার একটিকে বিশ্ব করিতে পারেন এবং বাদ এই মৃত মহিষের অস্থি এক পদে উরোলনপ্রেক বেগে দুই শত ধন্ নিক্ষেপ করিতে সমর্থ হন, তাহা হইলে ব্রিধ্ব, বালী নিশ্চয়ই নিহত হইবে।

স্থাব লোহিতপ্রাশ্তলোচনে এই বলিয়া ক্ষণকাল চিন্তা করত প্নেরার কহিলেন, দেখ, বালী বার ও শ্রোভিমানী। তাহার বল ও পোর্বের কথা সর্বগ্রই প্রচার আছে। সে দৃর্জার, দৃধার্য ও দৃঃসহ। উহার কার্য দৈবেরও অসাধ্য দেখা যায়। এক্ষণে আমি এইসকল ভাবিয়া অত্যন্ত ভীত হইয়াছ এবং ঝয়মাকে প্রবেশপ্রক সর্বপ্রধান হন্মান প্রভৃতি অন্রক্ত মন্তিগণের সহিত এই নিবিড় শনে পর্যটন করিতেছি। রাম! তুমি একান্ড মিত্রবংসল। তোমার ন্যায় সং ও

প্রশংসনীয় মিত্তকে পাইয়া, আমি যেন হিমালয়ের আশ্রয়ে রহিয়াছি। কিন্তু বলিতে কি, সেই বলশালী দ্রাচার বালীর বল আমার মনে সততই জাগিতেছে। তোমার সাংগ্রামিক বিক্রম কির্পে, আমি কখন তাহা প্রত্যক্ষ করি নাই। যাহাই হউক, এক্ষণে তোমাকে তুলনা অবমাননা বা ভর প্রদর্শন করিতেছি না, কিন্তু বালীর ভীমকার্যে স্বরংই ভীত হইয়াছি। সখে! তোমার কখাই আমার প্রমাণ: তোমার এই আকৃতি ও সাহস ভস্মাচ্ছ্র অনলের ন্যায় অপ্রে তেজ বিকাশ ক্রিতেছে।

তখন রাম সহাস্যমধে কহিলেন, স্থাবি! বদি আমাদের বলবিক্রমে তোমার বিশ্বসে না হইয়া থাকে তবে তুমি যুখে বাহার শ্লাঘা করিতে পারিবে, আমি এখনই তোমার মনে এইরূপ প্রতার জন্মাইয়া দিতেছি।

আয়তলোচনা জানকী বামের ছিল্ল মুন্ড ও শরাসন দর্শনপূর্বক কাতর মনে এইর্প বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন। ইত্যবসরে এক শ্বাররক্ষক, রাক্ষসরাজ রাবণের নিকট উপস্থিত হইরা কৃতাঞ্জলিপ্টে জয়াশীর্বাদ প্রয়োগ-প্রেক অভিবাদন করিরা কহিল, মহারাজ! সেনাপতি প্রহুত অমাতাগণের সহিত আপনার দর্শনার্থী হইয়া আসিয়াছেন। আমি তাহারই প্রেরিত। আমি যদিও অসময়ে উপস্থিত হইলাম বিশ্তু আপনি রাজভাবে আমায় ক্ষমা কর্ন: এক্ষপে কোন বিশেষ কার্যান্রেয়ে আছে, আপনি গিয়া উহাদিগকে একবার দর্শনি দিন।

অনন্তর রাবণ শ্বাররক্ষকের এই কথা শ্রনিয়া অশোকবন পরিত্যাগপ্রিক মিল্যগণের উদ্দেশে প্রস্থান করিলেন এবং অবিলম্বে সভা প্রবেশপ্র্বিক তাঁহাদের সহিত সমস্ত কার্য পর্যান্তোচনা করিতে প্রবৃত্ত হইলেন। তিনি অশোকবন হইতে প্রস্থান করিবার পরই ঐ মায়াম্বান্ড ও শরাসন অন্তর্হিত হইল। পরে ঐ বীর, মিল্যগণের সহিত রামসংস্থানত কার্যের মন্ত্রণা শেষ করিয়া অদ্রবভা হিতেষী সেনাপতিদিগকে কহিলেন, দেখ, তোমরা ভেরীরবে শীঘ্র সৈন্যগণকে আহ্নান কর, কিন্তু উহাদিগের নিকট আহ্বানের কারণ কিছ্মান্ত বাস্ত করিও না।

তখন দ্তগণ রাজ্যজ্ঞা শিরোধার্য করিয়া তৎক্ষণাৎ সৈন্যগণকে আন্যন্য করিল এবং বৃদ্ধার্থী রাবণকে গিয়া উহাদের আগ্রমনসংবাদ নিবেদন করিল। <u>রম্মিলংশ স্বর্গ n রাক্ষ্</u>দরী সরমা জানকীর প্রিয়স্থী ছিলেন। তিনি রাক্ষ্সরাজ রাবণের আদেশে তাঁহারে রক্ষা করিতেন। জানকী ভর্তু শোকে হতচেতন ; বড়বা যেমন স্রাণ্ডি ও ক্লাণ্ডি-নিবন্ধন ধূলিতে ল্যুণ্ঠিত হইয়া উত্থিত হয় সরমা তাঁহারে সেইর পই দেখিলেন। জানকী রাক্ষসী মায়ায় মোহিত : স্নেহবতী সরমা তাঁহার নিকট উপস্থিত হইলেন এবং তাঁহাকে অত্যন্ত দুঃখিত দেখিয়া সখিদেনহে আশ্বাস প্রদানপূর্বাক মৃদ্বাক্যে কহিতে লাগিলেন, জানিক! আমি এতক্ষণ তোমার জন্য জনশ্বন্য নিবিড় বনে প্রচ্ছন থাকিয়া সমস্তই শ্বনিতেছিলাম। আমি রাক্ষসরাজ রাবণকে ভয় করি না। তিনি বে কারণে শশবাস্তে নিম্ক্রান্ত হইলোন. আমি বহিগতি হইয়া তাহাও জানিলাম। দেখ, রামের নিদ্রা ও আলস্যদোষ কিছু मात नाहे; त्रोभ्छिक यूप्पंत कथा সমস্তই जलीक, र्वालएछ कि, तारमत दध সম্ভবপর হইতেছে না। সারগণ বেমন সাররাজ ইন্দ্র কর্তৃক রক্ষিত হন তদ্রপ বানরেরা রামের বাহ্ববলে রক্ষিত হইতেছে, বৃক্ষ প্রস্তর তাহাদের অস্ত্র, তাহাদিগকে সংহার করা নিতাশ্ত দুঃসাধ্য। মহাবীর রামের ভুক্তবুগল দীর্ঘ ও সুগোল, বক্ষঃস্থল বিশাল, হস্তে শর ও শরাসন এবং অগে দুর্ভেদ্য বর্ম। তিনি স্ব-প্র সকলেরই রক্ষক, তিনি ধর্মশীল ও স্মাবিখ্যাত, তাঁহার বলবীর্ম অচিন্তনীয়, তিনি সন্বংশীয় ও নীতিকুশল : জানকি ! সেই বিজয়ী ব্যুক্তিনট হন নাই। উগ্ৰপ্ৰকৃতি বাবণ কুমতি ও কুকার্যকারী, সে সর্বভ্তবিরোধী ও মায়াবী তোমাকে মায়াপ্রভাবে মোহিত করিরাছে। একণে তোমার ফেডত শোক অপনীত এবং শ্রভ
উপস্থিত, ভাগালকারী নিশ্চরই তোমার প্রতি স্প্রসন্ন হইয়াছেন। দেবি! আমি
তোমাকে একটি শ্রভসংবাদ দিতেছিল কুলি ; দেখিলাম মহাবীর রাম লক্ষাণের
সহিত সদৈন্যে সমন্ত্র পার হইয়া কেন্দ্রের দক্ষিণ তীরে অবস্থান করিতেছেন।
তিনি প্র্ণকাম এবং স্বর্মাহমান রিক্তি; বানরসৈন্য তাঁহাকে বেন্টন করিয়া
আছে। রাবণ এইমাত রাক্ষানিকে তথার পাঠাইয়াছিল। তাহারা রামের সম্ত্র পার হইবার সংবাদ আর্দ্রিরাছে। এক্ষণে রাবণ ঐ সংবাদ শ্রনিয়া মন্দ্রিগণের সহিত মল্মণা করিতেছে।

ইতাবসরে জলদগল্ভীর ভেরীরবের সহিত সৈনাগণের ভীষণ সিংহনাদ উম্বিত হইল। তথন সরমা মধ্যর বাকো জানকীরে কহিতে লাগিলেন, সখি। ঐ শান, ভীষণ ভেরী মেঘগর্জনসদৃশ ভীমরবে রণসভ্জার সঞ্কেত করিতেছে। এক্সণে যুদ্ধের উদ্যোগ। মত্ত মাতপ্যগণ সূসন্থিত এবং অধ্বস্কল রূপে যোজিত হইতেছে। ঐ দেখ, অশ্বার্ট বহ,সংখ্য বীর ষ্ম্পসম্জা করিয়া প্রাসহক্তে ইতস্ততঃ ধাবমান ; বেগবাহী জলস্রোত যেমন ভীমরবে সাগর পূর্ণ করে, সেইর্প অন্ভ্রতদ্শ্য রাক্ষসসৈন্যে রাজপথ পূর্ণ হইতেছে। ঐ দেখ, গ্রীষ্মকালে অরণ্য-দাহ-প্রবৃত্ত অণিনর যাদৃশ নানার্প রূপ দৃষ্ট হয়, সেইরূপ স্বাণিত শৃষ্ঠ, চর্ম ও বর্মের নানাবর্ণসমূখিত প্রভা দৃষ্ট হইতেছে। সমরগামী চতুরত্য সৈন্য যারপরনাই ব্যস্তসমস্ত। ঐ শান ঘণ্টানিনাদ, ঐ রখচক্রের ঘর্ঘর শব্দ, ঐ অশ্বের ছেযাধর্নন, ঐ ত্র্যরিব এবং ঐ অস্ত্রধারী সৈন্যগণের তুম্বল কলরব। জানকি! একণে তোমার প্রতি শোকনাশিনী ভাগ্যশ্রী সম্প্রসম হইয়াছেন : কিল্ডু রাক্ষসগণের বিলক্ষণ ভয় উপস্থিত। পদ্মপলাশলোচন ব্রামের বলবীর্য বলিবার নয়। ইন্দ্র যেমন দৈত্যগণকে জয় কাৰুৱাছিলেন, তিনি সেইর প রাবণকে জয় করিয়া তোমায় উন্ধার করিকেন। বিজয়ী ইন্দু বেমন উপেন্দের সহিত মিলিড হইয়াছিলেন, সেইরপে তিনি ভ্রাতা লক্ষ্মণের সহিত মিলিত হইয়া বিক্রম প্রদর্শন করিবেন।

তিনি যখন শন্ত্রিনাশপ্র্বাক এই স্থানে আসিবেন: তখন দেখিব তুমি প্রণিমনোরথ হইয়া তাঁহার অভেক উপবিষ্ট ইইয়াছ এবং তাঁহাকে আলিজ্যনপ্রব্বক তাঁহার বিশালে বক্ষৈ আনন্দাশ্র্রিসর্জান করিছেছ। তুমি এই যে জঘনস্পশার্ণ একমান্ত বেণী বহুদিন যাবং ধারণ করিয়া আছ, সেই মহাবল শ্রীয়ই ইহা মোচন করিবেন। তাঁহার মুখশ্রী উদিত প্রণাচনের ন্যায় স্কুলর, তুমি অচিবে তাহা নিরীক্ষণপ্র্বাক স্থালখনের শোকাশ্র্র পরিত্যাগ করিবে। স্থি! রাম শ্রীয়ই তামার সমাগ্রমে স্থা হইবেন এবং তুমিও স্বর্ষাপ্রভাবে শসাপ্রণা প্রথবীর ন্যায় রামের সমাগ্রের স্থা হইবে। দেবি! যিনি গিরিবর স্মের্কে অশ্ববং মণ্ডলাকারে বেন্টন করিতেছেন, এক্ষণে তুমি সেই স্থাদেবের শ্রণাপ্র হও, তিনিই প্রজাগণের দ্বংখনাশের একমান্ত কারণ।

চতুশ্ভিংশ সর্গ ॥ মেল যেমন উত্তাপদণ্য প্ৃথিবীকে জলধারায় প্রলকিত করে, সেইর্প সরমা শোকসন্তপতা জানকীরে এইর্প বাক্যে প্রলকিত করিলেন এবং প্রকৃত অবসরে তাঁহার শহুভ সংসাধন করিবার অভিপ্রায়ে ঈষং হাস্য করিয়া কহিলেন, স্থি! আমি রামকে গিয়া তোমার কুশক্তির নিবেদনপূর্বক প্রচ্ছনভাবে প্রনরায় আসিতে পারি। আমি যখন নির্দেশ আকাশ অতিক্রম করিব, তখন বিহুগরাজ গর্ড় ও বায়্ও আমার অনুস্থিত করিতে পারিবেন না।

তথন বিহগরাজ গর্ড ও বার্ও আমার অনুপরি করিতে পারিবেন না।

তথন জানকী কিণিও আশ্বন্ধ ইইয় নির্মাকে মধ্র কোমল বাক্যে কহিলেন,
সাথ! তুমি অবশাই আকাশ ও পাতকে পরিতে পার, কিন্তু আমার পক্ষে
যাহা কর্তব্য আমি তাহা কহিতেছি শ্নে; ধাদ তুমি আমার কোনর্প প্রিয়
কার্য করিতে চাও, যদি তোমার কিতালঙ্গা না থাকে, তবে রাবণ কি করিতেছে,
তুমি ইহা জ্ঞাত হইয়া আইমে সৈই দুখ্ অতান্ত ক্র ও মারাবী; তাহার মায়া
পীত মদিরার ন্যায় সদন্ধি আমায় মোহিত করিরছে। এই সমনত ঘারর্পা
রাক্ষ্মী নিরবচ্ছির আমাকে তজন গজন ও ভংসনা করিতেছে। আমি অত্যন্ত
উন্দিশন ও শাক্ষত এবং আমার মন নিতান্ত অস্ক্রথ। এক্ষণে রাবণ আমার
মারিসক্ষণে কোন কথা বলে কিনা, তুমি ইহার তথা জানিয়া আইস। সাথ!
ইহাই আমার প্রতি একান্ত অনুগ্রহ। এই বিলয়া জানকী রোদন করিতে লাগিলেন।

তখন সরমা ক্যাণেলে জানকীর অশ্রন্ধল মুছাইরা মৃদ্বাক্যে কহিলেন, সখি! এই যদি তোমার সঞ্চলপ হয় তবে আমি শীঘ্রই যাইতেছি এবং রাবণের অভিপ্রায় জানিয়া প্নেরায় আসিতেছি।

অনন্তর সরমা প্রচ্ছস্রভাবে রাক্ষসরাজ রাবণের নিকট উপস্থিত হইলেন এবং ঐ দ্রাত্মা মন্ত্রিগণের সহিত খের্প কথোপকখন করিতেছিল সমস্তই শ্নিনেলন। তিনি উহার নিশ্চিত অভিপ্রায় অবগত হইয়া প্নরায় অশোকবনে প্রতিগমন করিলেন। দেখিলেন, জানকী ভ্রদ্দিশা লক্ষ্মীর ন্যায় উপবিষ্ট। তিনি তাঁহারই প্রতীক্ষা করিতেছেন।

তথন জানকী সরমাকে প্রনরায় উপস্থিত দেখিয়া তাঁহাকে সদ্দেহে আলিংগন-প্রেক স্বয়ং বাসবার আসন আনিয়া দিলেন এবং কম্পিতদেহে কহিলেন, সথি! তুমি এই স্থানে বইস এবং সেই নিষ্ঠার রাবণের কির্পে সম্কশ্প সমস্তই বল।

তখন সরমা কহিলেন, সখি! দেখিলাম রাজমাতা এবং স্নেহবান মন্তিব্দ্ধ তোমাকে পরিত্যাগ করিবার জন্য রাক্ষসরাজ্ঞ রাবণকে নানার্প ব্ঝাইতেছেন।



তাঁহারা কহিতেছেন, বংস । বিন মহাবাঁর রামকে সম্মানপ্রক সাঁতা সমপণ কর। তিনি জনস্থানে হেল্কের অন্তর্ত কাণ্ড করিয়াছেন, তোমার পক্ষে সেই নিদর্শনিই বংগ্রন্ট। হন সানের সম্মূলণ্যন, সাঁতাদর্শন ও রাক্ষসবধ থারপরনাই বিস্মরকর; নর বা বানরই হউক, বল, এ কার্য কে করিতে পারে? সাঁথ! রাজমাতা ও মন্ত্রিকৃত্ব প্রবেধবাক্যে এইর্প অনেক ব্যাইতেছিলেন; কিন্তু কৃপণ যেমন অর্থত্যাগ করিতে পারে না, সেইর্প রাবণ তোমাকে ত্যাগ করিতে চাহে না। সে বৃদ্ধে না মরিলে কথনই তোমায় পরিত্যাগ করিবে না। সেই নিন্ট্রের ইহাই স্থির সংক্রপ; ফলতঃ তাহার এই বৃদ্ধি মৃত্যুলোভেই ঘটিয়াছে। সে সবংশে ধরংস না হইলে, কেবলমাত্র ভরে তোমায় ছাড়িবে না। স্থি! অতঃপর মহাবাঁর রাম যুদ্ধে উহাকে বধ করিয়া নিন্ট্রাই তোমায় অ্যোধ্যায় লইয়া যাইবেন।

সরমা ও জানকী এইর্প কথোপকথন করিতেছেন, ইত্যবসরে সৈন্যাণের ভেরীশংখসমাকৃল তুম্ল কোলাহল ধরণীতল কম্পিত করিয়া শ্রুত হইতে লাগিল। রাবণের ভ্তাগণ বানরসৈন্যের ঐ সিংহনাদ শ্রবণে নিতাল্ত নিশ্তেজ ও ভাশোংসাহ হইয়া গোল। তংকালে উহারা রাজার ব্যতিক্রমে আর কোনদিকে কিছুমাত শ্রেয় দেখিতে পাইল না।

পঞ্চরংশ সাগা । এদিকে মহাবীর রাম শব্দ ও ভেরীরবে দিগনত প্রতিধর্নিত করিয়া কমশঃ লব্দার অভিমুখে আগমন করিতেছিলেন। বিশ্বপীড়ক করে রাবণ ঐ শব্দ ও ভেরীরব প্রবণপূর্বক মুহ্তিকাল চিন্তা করিয়া সচিবগণকে নিরীক্ষণ

করিলেন এবং উ°হাদিগকে সম্ভাষণপূর্বক রামের সমৃদ্র অতিক্রম ও বলবিক্রমের যথোচিত নিন্দা করিয়া, সভাভবন প্রতিধানিত করত কহিলেন, দেখ, তোমরা রামের বিষয় যাহা বলিতেছিলে, সমস্তই শ্রনিলাম। কিস্তু আমি জানি, তোমরা মহাবীর, তোমরা রামের বলবীর্ষের কথা শ্রনিয়া ত্ঞীম্ভাব অবলম্বনপূর্বক কেন যে পরস্পর পরস্পরের প্রতি দৃষ্টিপাত করিতেছ ব্রিকলাম না।

তখন তদীয় মাতামহ স্কবিজ্ঞ মাল্যবান কহিতে লাগিলেন, রাজন্! যে রাজা চতুর্দশ বিদ্যায় পারদশী, যিনি নীতিসম্মত কার্যের অনুষ্ঠান করেন : তিনি চিরকাল ঐশ্বর্যশালী থাকেন এবং শন্ত্রগণ তাঁহার বশীভূত হয়। যিনি প্রকৃত অবসরে শনুর সহিত সন্ধি বা বৃষ্ধ করেন, স্বপক্ষীয়ের বৃষ্ধিকর্তেপ যাঁহার দ্দিট, ডিনি ঐশ্বর্ষশালী হন। রাজা যদি শত্র অপেকা হীনবল বা তাহার সহিত তুল্যবল হন তবে সন্ধি করা আবশ্যক, আর যদি শত্র অপেক্ষা অধিকবল হন তবে যুম্প করা উচিত ; ফলতঃ শনুকে উপেক্ষা করা কর্তব্য নহে। রাজন্! তুমি গিয়া রামের সহিত সন্ধি কর ; তিনি বে নিমিত্ত তোমার আক্রমণ করিয়াছেন তুমি তাঁহার হস্তে সেই জ্ঞানকীরে অর্পণ কর। দেবর্ষি ও গম্ধর্বেরাও তাঁহার জয়প্রী আকাণক্ষা করেন, তুমি অবিরোধে তাঁহার সহিত্ সন্ধি কর। দেখ, ভগবান সর্বলোক-পিতামহ দেবাস্বরের জন্য বিধিনিষেধ-র প্রেইটি পক্ষ স্থিত করিয়াছেন, ধর্ম ও অধর্ম ইহার বিষয়ীভতে। ধর্ম মহাজা দেক্টিপর পক্ষ, অধর্ম অস্রগণের পক্ষ। যখন সত্যব্দা উপস্থিত হয় তখন ধর্ম অসমকৈ গ্রাস করে, যখন কলিব্দা উপস্থিত হয়, তখন অধর্ম ধর্মকে গ্রাস করিয়া থাকে। রাজন্ ! তুমি গ্রিলোক পর্যটনকালে ধর্মকে বিনাশ করিয়াছ স্ক্রিনাই শত্ত্বিক্ষ আমাদের অপেক্ষা প্রবল। এক্ষণে অধমরিপ ভাষণ ভ্রুণ্ণ ক্রির প্রমাদে বির্ধাত হইয়া রাক্ষসগণকে গ্রাস করিতেছে এবং স্র-স্রাক্তি ধুর তাহাদের পক্ষব্দ্থি করিতেছে। তুমি ঘোর বিষয়াসক্ত ও উচ্ছ্ণ্ণল, তুমি একসময় তেজস্বী খাষিগণকে নিতাস্ত উদ্বিশন ক্রিয়াছিলে। তাঁহারা ধর্ম 📆 ব ও তপঃপরায়ণ ; তাঁহাদের প্রভাব প্রদাশত পাবকের ন্যায় দ্বঃসহ। তাঁহারা বে বেদোচ্চারণ, বিধিবং অণ্নিতে হোম এবং একান্ড মনে ধ্যানধারণা করেন, রাক্ষসেরা তব্দ্বারা অভিভূত হইয়া, গ্রীক্ষকালীন মেঘের ন্যায় চতুর্দিকে পলায়ন করিয়া থাকে। ঐ সকল অণ্নিকশ্প খবির অণ্নিহোত্র-সমূখিত ধ্ম রাক্ষসগণের তেজ আচ্ছন্ন করিয়া দিগন্তে প্রসারিত হয়। তাঁহারা ব্রতনিষ্ঠ হইয়া সেই সমঙ্গত প্রসিম্থ পবিত্র স্থানে যে কঠোর তপ অনুষ্ঠান করিয়া থাকেন তাহাই রাক্ষসাদগকে সন্তণ্ত করিতেছে। রাজন্ ! তুমি ব্রহ্মার বরপ্রভাবে স্রাস্র ও যক্ষের অবধ্য হইয়া আছ সত্য, কিন্তু মন্ষ্য, বানর ও গোলাখ্যলোগণ স্বতন্ত্র জাতীয়। তাহারাই লংকায় আসিয়া সিংহনাদ করিতেছে। দেখ, এক্ষণে চতুর্দিকে ভয়ৎকর উৎপাত। মোর ঘনঘটা কঠোর গর্জনপর্বেক উষ্ণ রম্ভব্নিট করিতেছে ; দিঙ্মণ্ডল ধ্লিজালে আচ্ছন্ন ও বিবর্ণ ; উহার আর প্রবিৎ শোভা নাই। বাহনগণ নিরবচ্ছিল্ল অশ্রপাত করিতেছে। হিংস্ল জন্তু, শ্গাল ও গ্রগুণ ভীমরবে চীংকার করিতেছে এবং লংকার প্রবেশপূর্বক উদ্যানে যুথবন্ধ হইতেছে। স্বক্ষাযোগে মহাকালিকাগণ সম্মুখে দ ভাষ়মান ; উহারা গ্রহের দ্রবাজাত অপহরণ-প্রবিক প্রতিকলে কহিতেছে এবং পাণ্ডার দল্ত বিশ্তারপ্রবিক বিকট হাস্য হাসিতেছে। কুরুরেরা দেবপ্জার উপকরণ স্পর্শ করিতেছে। গর্দভ গোগরভে এবং ম্যিক নকুলের উদরে জন্মিতেছে। মার্জার ব্যান্তে, কুরুরে শ্করে এবং কিন্নরগণ রাক্ষস ও মনুষ্যে প্রসম্ভ <mark>হইতেছে। পান্ডবর্ণ রম্ভপ্যদ কপ্যে</mark>তগণ কালের

নিয়োগে সর্বত বিচরণ করিতেছে। গৃহের শারিকা অপর কোন কলছপ্রির পক্ষী দ্বারা পরাজিত ও বিদ্ধ হইরা অস্ফুট শব্দপূর্বক পিঞ্জর হইতে পড়িয়া নাইতেছে। মৃগপক্ষিণ স্থাতিমন্থী হইরা রক্ষ্ণবরে রোদন করিতেছে। প্রতিদিন সন্ধার সময় কৃষ্ণপিশ্বল মৃত্তিত বিকটাকার কালপ্রেম প্রত্যেকের গৃহ নিরীক্ষণ করিয়া থাকে। রাজন্ ! এক্ষণে এই সমস্ত দ্বিনিমন্ত উপস্থিত, মহাবীর রাম সামান্য মন্য্য নন, বোধ হয় তিনি মন্যার্পী বিষ্টা বিনিমহাসম্ভে সেতৃবন্ধন করিয়াছেন তিনি একটি পরম অস্ভ্ত পদার্থ। হিমি গিয়া তাঁহার সহিত সন্ধি কর এবং তাঁহার কার্য পরীক্ষা করিয়া পরিণামে যাহা শ্রেম্কর এইর্প জন্তান কর।

উৎকৃতপোর্য মাল্যবান এই বলিয়া রাবণকে নিরীক্ষণ করিলেন এবং তাঁহার মন প্রীক্ষা করিয়া মৌনী হইলেন।

ষট্রিংশ সর্গ ॥ তথন মাল্যবানের এই হিতকর বাক্যে আসমম্ভূ রাবণের সহ্য হইল না। তিনি ক্রোধভরে অকুটি বিশ্তারপূর্বক বিঘ্রণিত নেত্রে কহিছে লাগিলেন, তুমি শন্ত্রপক্ষকে অধিকবল স্বীকার করিছে ইতবোধে আমায় রুক্ষভাবে যে অহিতকর কথা কহিলে আমি এর প আর ক্রিমণ্ড স্বকর্ণে শ্রনি নাই। বে ব্যক্তি মন্যা ও দীন, যে পিতার ত্যাজাপত্র, ক্রেকনবাসী, কেবলমান্ত্র বনের বানর মাহার আপ্রয়, তুমি তাহাকে কিজনা এত ক্রেকর, তুমি তাহাকেই বা কিজন্য এত দুর্বল জ্ঞান করিতেছ? আর যে ব্যক্তি সমস্ত রাক্ষসের অধীন্বর, দেবগণের ক্রেকর, তুমি তাহাকেই বা কিজন্য এত দুর্বল জ্ঞান করিতেছ? আমি মহারের, হয়ত এই কারণে আমার প্রতি তোমার বিশেববর্নি আছে, হয়ত তুমি বিশক্তের পক্ষপাতী, হয়ত আমার যুণ্ণোংসাহ বৃন্দি করাই তোমার ইছ্যু ক্রিমি কোন নিগ্রু কারণে আমাকে এইর প কঠোর কহিতেছ। কিল্ফু কোন্ ক্রিমে পারে? বাহাই হউক, জ্ঞানকী সাক্ষাং পদ্মহানা লক্ষ্মী, আমি তাহাকে অরণ্য হইতে আনিয়াছি, এক্ষণে কিজনা রামের ভয়ে তাহাকে প্রতিদান করিব। দেখ, রাম দিন করেকের মধ্যেই স্কুত্রীব ও লক্ষ্মণের সহিত সাক্রের আবার কিসের ভয়? এক্ষণে আমি বরং ন্বিশতে ভান হইব তথাচ নত হইব না, এই আমার স্বাভাবিক দোষ, স্বভাব অতিক্রম করাও সহক্ষ নয়। যদিচ রাম সম্দূর্বশন করিরা থাকে তাহা ত দৈবাধীন, তান্ব্রেরে আরে বিশেষ বিশ্যয় প্রকাশের কি আছে? রাম সন্তোনৰ ত ইবে না।

তখন মাতামহ মাল্যবান রাবণকে ক্রোধাবিষ্ট দেখিরা অত্যত লক্ষিত হইলেন। তিনি আর কিছাই উত্তর করিলেন না এবং তাঁহাকে জয়াশীর্বাদপ্র্বক তাঁহার অনুমতিক্রমে তথা হইতে প্রস্থান করিলেন।

অনশ্তর রাক্ষসরাজ রাবণ মন্তিগণের সহিত ইতিকর্তব্য অবধারণপূর্বক নগররক্ষায় প্রশত্ত হইলেন। তিনি মহাবীর প্রহস্তকে লব্দার পূর্বন্বারে, মহা-পার্ম্ব ও মহোদরকে দক্ষিণন্বারে এবং মায়াবী ইন্দ্রজিংকে পন্চিমন্বারে নিষ্ত্ত করিলেন। পরে শত্ত্ব ও সারণকে উত্তরন্বার রক্ষায় আদেশ করিয়া মন্তিগণকে কহিলেন, না, আমিই এই উত্তরন্বার রক্ষা করিব। পরে তিনি মহাবল বির্পাক্ষকে

কহিলেন, তুমি বহ্সংখ্য রাক্ষসের সহিত প্রের মধ্যগ্রেম রক্ষা কর। তংকালে আসল্লম্তু রাবণ লণ্কার এইর্প গ্রিতবিধানপ্র্ক আপনাকে কৃতার্থ বোধ করিলেন।

অনন্তর মন্ত্রিগণ তাঁহাকে জন্মাশীর্বাদপূর্বক প্রস্থান করিল। তিনিও সকলকে বিদায় দিয়া সূত্রমূন্ধ স্থেশস্ত অন্তঃপূরে প্রবেশ করিলেন।

সম্ভাবিংশ সর্গ ॥ এদিকে স্থােবি, হন্মান, জাম্বনে, বিভাষণ, অণ্যদ, লক্ষ্যণ, শরভ, সবন্ধ্, স্থেদ, মৈন্দ, দিবনিদ, গজ, গবাক্ষ, কুম্দ, নল, পনস, প্রভাতি বারগণ প্রতিপক্ষের অধিকারমধ্যে উপস্থিত হইয়া পরস্পর কহিতে লাগিলেন, রাক্ষসরাজ রাবণ যাহার রক্ষক ঐ সেই লক্ষাপ্রেণী দৃষ্ট হইতেছে; অস্র, উরগ, ও গন্ধ্বেরাও উহা আক্রমণ করিতে পারে না। বেস্থানে স্বয়ং রাবণ অধিবাস করিতেছেন ঐ সেই লক্ষা। এক্ষণে আইস, আমরা কার্যসিন্ধি সংকল্প করিয়া পরস্পর মন্দ্রণায় প্রবৃত্ত হই।

তথন বিভাষণ অপশব্দানা স্মৃত্যত বাক্যে কহিতে লাগিলেন, বাঁরগণ! ইতিপ্রে আমি অনল, পনস, সম্পাতি ও প্রমতি এই চারিটি অমাত্যকে লংকার প্রেণ করিয়াছিলাম। তাঁহারা পাঁকর্ণ প্রতিষ্ঠান্তি ক্রমাছিলাম। তাঁহারা পাঁকর্ণ প্রতিষ্ঠান্তি ক্রমাছিলাম। তাঁহারা পাঁকর্ণ প্রতিষ্ঠান্তি ক্রমাছিলাম ওবং শত্ত্বক্র নগররক্ষার বের্ছি বাবিন্থা করিয়াছে তাহা প্রতাক্ষ করিয়া প্রবর্গর আসিয়াছেন। রাম! ক্রমাছিলেন এবং শত্ত্বার আসিয়াছেন। রাম! ক্রমাছিলের মুখে দ্রাত্মা রাবণের বে-প্রকার উদ্যোগের কথা শ্নিরাছিল করেণ তাহা বথাবথ কহিতেছি, শ্না প্রহুত বহ্সংখ্য সৈন্য লইয়া লইমা করিছে পাঁক্রমালার রক্ষা করিতেছে। মহাপাশ্র ও মহোদর দাক্ষণালার এবং ইন্থানির পাঁক্রমালার রক্ষা করিতেছে। মহাপাশ্র বহুসংখ্য বাঁর পট্রিস, আমু মরাসন, শ্ল ও মুম্পার প্রভাতি নানাবিধ অস্কাশ্র লইয়া আছে। রাবণ স্বয়ংই জিম্বন্ন মনে উত্তরন্বার রক্ষার দম্ভায়ানা : বহুসংখ্য রাক্ষ্য অস্কাশ্র ধারণপ্রে তাঁহার সমাভিব্যাহারে রহিয়াছে। বির্পাক্ষ শ্লে মুম্পারধারী রাক্ষ্যসৈন্যে পরিবৃত হইয়া মধ্যম গ্রুম রক্ষা করিতেছে। আমার সাচিবগণ স্বচক্ষে এই সমস্ত প্রত্যক্ষ করিয়া প্রনায় উপাস্থিত হইয়াছেন। দশ সহস্র হস্ত্যারোহী, অযুত রখা, দ্রই অযুত অম্বারোহী এবং কোটি অপেক্ষা আধিক পদাতি প্রতিপক্ষের ব্যুপাতি। তাহারা অত্যক্ত বলবান ও পরাক্রান্ত। রাক্ষ্যরাজ রাবণ ইহাদিগকে নিয়ত প্রতিদ্ভিতে দেখিয়া থাকেন। মুখ্য উপস্থিত হইলে প্রত্যেক রাক্ষ্যবীর লক্ষ লক্ষ রাক্ষনে বেন্ডিত হন। এই বলিয়া বিভীষণ মন্দিচতুক্টরকে দেখাইয়া দিলেন।

অনশ্তর তিনি রামের শ্ভোভিলাষে প্নেরায় কহিলেন, রাম! যথন দ্রাজারাবণ কুবেরের সহিত যুন্দে প্রবৃত্ত হয় তখন যদি লক্ষ রাক্ষস তাহার সহিত নিগতি হইয়াছিল। উহারা তেজ শোর্ষ বীর্ষ থৈষ ও দপে রাবণেরই অনুর্প। রাম! ইহাতে তুমি বিষ্ণ হইও না, আমি রাবণের এইর্প পরিচয় দিয়া তোমায় কুপিত করিতেছি, ভয় প্রদর্শন করিতেছি না। তুমি স্বশাস্তিতে স্রগণকেও নিগ্রহ করিতে পার, এক্ষণে এই সমস্ত সৈনা লইয়া উৎকৃষ্ট ব্যহ রচনা কর, রাবণ নিশ্চয়ই তোমার হস্তে বিনষ্ট হইবে।

তখন রাম শ্রেনিনাশে কৃতসংকলপ হইয়া কহিলেন, মহাবীর নীল বহুসংখ্য সৈন্য লইয়া, লংকার পূর্বেন্ধারে প্রহল্ডের প্রতিন্ধন্দ্রী হউন। বালীতনয় অঞাদ

দক্ষিণন্দারে গিয়া মহাপার্শ্ব ও মহোদরকে আক্রমণ কর্ন এবং হন্মান পরিচনন্দার নিন্পীড়নপূর্বক তক্মধ্যে প্রকিট হউন। আর যে দ্রাজা দৈত্য, দানব ও ধ্যিগণের অপকারক, যে পামর, প্রজাগণের অনিন্টাচরণপূর্বক বীরদর্পে পর্যটন করিয়া থাকে, আমি ক্রয়ংই সেই রাবণকে বধ করিবার জন্য প্রস্তৃত আছি, অতএব আমি সে যথায় সসৈন্যে অবস্থান করিতেছে, লক্ষ্মণের সহিত সেই উত্তরন্দার অবরোধ করিব এবং কপিরাজ স্মুগ্রীব, জান্ববান ও বিভীষণ এই তিনজন মধ্যগ্রন্ম আক্রমণ কর্ন। এক্ষণে আমাদের পরস্পর এই একটি স্বেক্ত রহিল যে, বানরগণ স্বচিন্থ ব্যতীত মন্যাম্তি ধারণ করিবে না। আর আমরা দ্রই দ্রাতা, মিত্র বিভীষণ এবং চারিজন অমাত্য এই সাতজন মন্যার্পেই থাকিব।

ধীমান রাম সিম্পিসংকলেপ এইর্প ব্যবস্থা করিয়া, স্বেল শৈলের স্বেম্য শিখরে অবেরহিণার্থ উদ্যত হইলেন এবং বিস্তীণ বানরসৈন্যে সমস্ত ভূবিভাগ আছেল্ল করিয়া হৃত্যানে লংকার দিকে অগ্রসর হইতে লাগিলেন।

জন্টাতিংশ সর্গ ॥ পরে রাম কপিরাজ স্থানিকে এবং বিধিবিধানবিং অন্রাগী ভক্ত বিভীষণকে কহিলেন, আইস, আমরা এই অনুসোভিত স্ববেল শৈলে আরোহণ করি। আজ এই স্থানে আমাদিগকে রাছিনী করিতে হইবে। যে দ্রাচার কেবল মরিবার জন্য আমার পত্নীকে অপহর্ণ ক্রেরাছে, বে ব্যক্তি ধর্ম সদাচার ও কুলের কিছ্মাত্র অন্রোধ রক্ষা করে ক্রিক দৃষ্ট, নীচ রাক্ষ্সী বৃদ্ধিপ্রভাবে ঐর্প গহিতি কার্যের অনুসোদ ক্রিক্সিছে, একণে আইস আমরা এই স্থান হইতে সেই রাবণের বাসভ্মি লাক্সিনরীক্ষণ করি।

রাম ক্রোধাবিণ্ট হইয়া উদ্দেশে রাবণকে এইর্প কহিতে কহিতে স্বেল
পর্বতে আরোহণ করিলের ছিবল লক্ষ্যণ স্থাবৈ এবং অমাত্যসহ বিভাষণ
শর ও শরাসন ধারণপ্রেলি সাবধানে উ'হার অন্সরণে প্রব্ হইলেন। তখন
ঐ সমসত গিরিচারী বার, বার্বেগে শাদ্ধ স্বেল পর্বতে আরোহণপ্রেক
দেখিলেন, রাক্ষসরাজ রাবণের লংকাপ্রী বেন অন্তরীক্ষে নির্মিত, উহার
শ্বারসকল প্রকাশ্ড, চতুর্দিকে উৎকৃষ্ট প্রাচীর, কৃষ্ণকায় রাক্ষসগণ ঐ প্রাচীরের
উপর দশ্ভায়মান আছে, বোধ হইতেছে যেন প্রাচীরের উপর অপর একটি প্রাচীর
নির্মিত হইয়াছে। তংকালে বানরগণ ঐ সমসত বৃষ্ধার্থী রাক্ষসকে দেখিয়া মহা
আহ্যাদে সিংহনাদ করিতে লাগিল।

ইতাবসরে দিবাকর সন্ধারোগে রঞ্জিত হইয়া অস্তশিখরে আরোহণ করিলেন। রজনী উপস্থিত হইল, নভোমণ্ডলে পূর্ণচন্দ্র বিরাজ করিতে লাগিলেন। তখন বিভীষণ রাজাধিরাজ রামকে সাদরে অভিনন্দন করিলেন। রামও লক্ষ্মণের সহিত যুখপতিগণে বেন্টিত হইয়া সাবেল শৈলে বিশ্রাম করিতে লাগিলেন

একোনটন্বারিংশ সর্গ ॥ পর্যাদন ষ্থপতিগণ লব্কার বন ও উপবন্সকল দেখিতে লাগিল। ঐ সমস্ত স্থান সমতল, উপদ্বেশ্ন্য, স্বম্য ও বিস্তীর্ণ, বানরগণ তন্দ্রেই বাস্মিত হইল। উহার কোথাও চম্পক, অশোক, বকুল, শাল ও তমাল। কোথাও বা হিল্তাল, পন্স, নাগবীথি, অর্জুন, কদম্ব, সম্তপর্ণ, তিলক, কণিকার ও পাটল। এই সমস্ত ব্যক্ষ বিক্সিত প্রুপ, রমণীয় লতাজাল



এবং রক্ত ও কোমল পজেবে শোভিত ইইতেছে। বনশ্রেণী ন্নীল, প্রত্যেক বৃক্ষ স্থান্থী ও স্দৃশ্য ফলপ্রেণ অলব্জ্ মন্যের ন্যার অপ্রে শোভা ধারণ করিয়াছে। বন চৈত্রথ ও নন্দনের অন্র্প। উহাতে সমস্ত ঋতুশ্রী বিরাজ করিতেছে। উহার স্থানে স্থানে স্বার্ম্য নির্মার দাত্ত্যে, কোর্যাণ্ট, বক, ন্তামান ময়্র ও কোকিলগণের স্মধ্র কণ্ঠধননি শ্রতিগোচর ইইতেছে। বিহণেগরা উন্মত্ত, ভ্রেগরা গ্রেণ গ্ল রবে গান করিতেছে। সমস্ত বৃক্ষ কোকিলে আকুল, কুররগণ কলকণ্ঠে সকলকে মোহিত করিতেছে। কামর্পী বানরবীরগণ হৃত্মনে ঐ সমস্ত বন ও উপবনে প্রবেশ করিল। তৎকালে প্রপান্ধী প্রাণসম বায়্ম্যান্মন্দ বেগে বহিতে লাগিল।

অনন্তর বহুসংখ্য যুখপতি স্ব-স্ব যুখ হইতে স্পিকান্ত হইল এবং কপিরাজ সুগ্রীবের অনুজ্ঞান্তমে পতাকাম-ডিত লগ্কায় প্রিবেশ করিতে লাগিল। উহাদের সিংহনাদে লংকার ভ্বিভাগ কম্পিত হইসু উঠিল। পক্ষিগণ ভীত ও ম্গসকল অবসন্ন হইয়া পড়িল। বীরগণের গড়িছিলে প্রিবী ষারপরনাই প্রীড়িত এবং ধ্লিপটলে নভোমণ্ডল আছন্ত হুইছে লাগিল। সিংহ, ভব্লুক, মহিষ, হুস্তী, মৃগ ও পদ্শিগণ উহাদের পদ্শক্তিত হইয়া চতুদিকৈ পলায়ন করিতে প্রবৃত্ত হইল। ত্রিক্টেশ্ণগ অত্যক্ত অংশিভত ও গগনস্পশা ; উহা স্বর্গকান্তি কুস্মাচ্ছল ও চার্দেশন এবং বিস্তার্থ্য শত বোজন, পক্ষীরাও উহার শিখর স্পর্শ করিতে সমর্থ নহে। উহা কার্যতঃ দুরে থাক, মনেরও দুরারোহ। ঐ শিথর অত্যন্ত রমণীয় : রাবণরক্ষিত লংকাপুরী তদুপরি নিমিত হইয়াছে। উহা দশ যোজন বিস্তীর্ণ ও বিশ যোজন দীর্ঘ। উহার ধবল-মেঘাকার অত্যুচ্চ প**্রে**ম্বার এবং স্বর্ণরজ্বতানমিত প্রাচীর স্কুর্যাচত ও স্কুন্দর। বর্ষাগ্যে নভামন্ডল যেমন মেঘে শোভা পায় তদুপে উহা বিমান ও প্রাস্যাদে শোভিত হইতেছে। যে প্রাসাদ কৈসাস-শিথরাকার ও অত্যুক্ত, যাহাতে সহস্র সহস্র সভল্ভ বিরাজিত আছে উহা চৈত্য। উহা প্রের অলংকারন্বর্প, বহুসংখ্য রাক্ষ্স সতত উহা রক্ষা করিতেছে। লশ্বা স্বৰ্ণখচিত ও মনোহর, উহা পর্বতশোভিত ও নানা ধাতুযুক্ত। মহাবীর রাম ঐ স্ক্রমণ্থ স্বরোপম প্রো নিরীক্ষণপূর্বক অতিমাত্র বিস্মিত হইলেন ! চন্দারংশ সগ**া। অনন্তর রাম যোজনন্বয়বিস্ত**ীণ স্বেল পর্বতে আরোহণ করিলেন এবং তথায় মুহূত্কাল অবস্থানপূর্বক ইতস্ততঃ দ্যুগ্টপাত করিবা-মার স্রম্য তিক্টশ্ভেগ বিশ্বকর্মানিসিত স্রচিত লব্দাপ্রী নিরীক্ষণ করিলেন। লংকার প্রেম্বারে স্বয়ং রাক্ষসরাজ রাবণ দণ্ডায়মান। তাঁহার উভয়-পাদের্থ রাজচিক শেবত চামর, মন্তকে শেবতাছত্ত, সর্বাঞ্চের রম্ভচন্দন, ও রস্ত আভরণ এবং বক্ষঃস্থল ঐরাবতের দ-ডাঘাতে অণ্কিত। তিনি নীল নীরদের ন্যায় কৃষ্ণকায়। তাঁহার পারধেয় ব**ন্দ্র স্বর্ণখচিত, উত্তর**ীয় **শশশোণি**তবং উল্জ্বল। তিনি নভো**মণ্ডলে সন্ধ্যারাগরঞ্জিত মেঘের ন্যায় দৃষ্ট হইতেছেন**া



ইতাবসরে মহাবীর স্থাীব রাবণকে দেখিবামান্ত ক্রোধবেগে সহসা গানোখান করিলেন। তাঁহার বল ও উৎসাহ অধিকতর উত্তেজিত হইয়া উঠিল। তিনি পর্বাতাশখর হই.ত গানোখানপূর্বক লংকার উত্তরুবারে লংকপ্রদান করিলেন এবং মৃহ্তাকাল অবস্থান ও নির্ভায়ে রাক্ষসরাজ রাক্পকে নিরীক্ষণপূর্বক অনাদরে কঠোর বাকো কহিলেন, রাক্ষস! আমি সর্বাধিপতি রামের স্থা ও দাস, আমি তাঁহার তেজে অনুগৃহীত, বালতে কি, আজ আমার হস্তে আর কিছুতেই তোর নিস্তার নাই।

এই বলিয়া স্থাবি প্রেন্বার হইতে এক লক্ষে রাবণের উপর পঞ্চিলন এবং তাঁহার মুক্তক হইতে বিচিত্র কিরীট আকর্ষণপূর্বক ভ্তলে নিক্ষেপ করিংলন। পরে স্বরং অবতীর্ণ হইরা তাঁহার দিকে ধ্রিমান হইলেন। তন্দ্রেট রাবণ কহিলেন, দেখ, তুই আমার পরোক্ষে স্থাবী ছিলি, সমক্ষে এখনই ছিমগ্রীব হইবি।

এই বলিয়া রাবণ ক্রোধভরে গারোখান ক্রিলেন এবং স্থাবিকে বলপ্র ক গ্রহণ করিয়া ভ্তলে নিক্ষেপ করিলেন। বিশ্লোব ক্রীড়া-কন্দর্কবং তৎক্ষণাং উখিত হইলেন এবং রাবণকে গ্রহণপ্রেক্তিতলে নিক্ষেপ করিলেন। উভরেই গলদ্বাশকলেবর, উভরেরই সব্যুক্তি র ধিরধারা বহিতে লাগিল। উভরে গাড় আলিপানে নির্দান ও নিক্ষে উভয়েই শাল্মলী ও কিংশাক ব্রেকর ন্যার দৃষ্ট হইতে লাগিলেন। ক্রিক্সান্তিপ্রহার, কখন চপেটাঘাত, পরস্পরের দ্বিষহ-রূপ বাহ্যুদ্ধ হইতে ল্যাপিল। উহাদের বেগ উগ্ল দেহ প্নেঃ প্নঃ উৎক্ষিণ্ড ও অবনত হইতেছে। ক্রমশঃ পদবিক্ষেপ-ক্রমে উভয়েই ভূতেলে পতিত হইলেন। পরে আবার উঠিলেন এবং পরস্পরকে পীড়নপর্বেক প্রাকার ও পরিখার মধ্যে পড়িলেন। প্রান্তিবশতঃ উভয়েরই ঘন ঘন নিঃশ্বাস বহিতেছে। উভয়ে মৃহুর্ত-কাল বিশ্রামপূর্বক ভূপূষ্ঠ স্পর্শ করিয়া আবার উঠিলেন। উ'হারা কথন বাহ্পাশে পরস্পরকে বেন্টন করিতেছেন এবং কখন বা ক্রোধ, বল ও শিক্ষাগুণে প্রণোদিত হইয়া বিচরণ করিতেছেন। উ'হারা উদ্ভিশ্নদন্ত শার্দলৈ, সিংহ এবং কবিশাবকের ন্যায় দ্বন্দত্বভূদ্ধে প্রবৃত্ত, উন্থারা পরস্পর প্রস্পরকে বাহাদ্বয়ে আকর্ষণ ও বিক্ষেপপূর্বক এককালে ভূতলে পতিত হইলেন। পরে পুনর্বার উথিত হইলেন এবং পরম্পর পরম্পরকে ভর্ৎসনা করত ব্যায়াম, শিক্ষা ও বল-বীর্যের উৎসাহে বিচরণ করিতে লাগিলেন। তৎকালে উ°হাদের কিছুতেই আর শ্রান্তি বা ক্রান্তি নাই। ঐ দুই মন্ত-মাতত্গ-সদৃশ মহাবীর করিশ-েডাকার ভ্রেদণেড পরস্পরকে নিবারণপূর্বক মণ্ডলগতিতে ভ্রমণ করিতে লাগিলেন। পরস্পরের বিনাশসাধনই উ'হাদের লক্ষ্য, দুইটি মার্জার বেমন ভক্ষদ্রব্য লাভার্থ ক্রোধাবিষ্ট হইয়া উপবিষ্ট থাকে উ'হারাও তদুপে। কখন বিচিন্ন মন্ডল, কখন বিবিধ স্থান, কখন গোমটেক গতি, কখন গত প্রভ্যাগত, কখন তির্যক্ গতি, কখন বক্তগতি, কখন প্রহারের পরিমোক্ষ বা ব্যর্থাকিরণ, কখন বর্জন, কখন পরিধাবন, কখন অভিদ্রবণ, কখন আম্লাবন, কখন সবিগ্রহ অবম্থান, কখন পরাব,ও, দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কখন অপাব্ত্ত, কখন অপদূতে, কখন অবস্তাত, কখন উপন্যাস এবং কখন বা অপন্যাস ; উ'হারা এই সমস্ত বৃশ্ধকৌশল প্রদর্শনিপূর্বক পরিপ্রমণ করিতে লাগিলেন।

অনন্তর রাক্ষসরাজ রাবণ মায়াবল প্রয়োগের উপক্রম করিলেন। তখন জিতক্রম সন্থাবি উহার অভিসন্থি সন্স্পণ্ট ব্নিকতে পারিয়া লম্ফ প্রদানপূর্বক আকাশে উথিত হইলেন। রাবণ তাঁহার গতি অনুধাবনে অসমর্থ হইয়া তথায় দন্ডায়মান রহিলেন। সন্থাবৈর জয়শ্রী লাভ হইল। তিনি রাবণকে খ্ন্থশ্রমে কাতর করিয়া বায়্বেগে রামের নিকট উপস্থিত হইলেন। রামের সমরোংসাহ বার্ধত হইয়া উঠিল। তংকালে বৃক্ষ ও ম্গুপক্ষিগণও সন্থাবিকে সম্বর্ধনা করিতে লাগিল।

একচমারিংশ লগ ॥ তখন রাম কাঁপরাজ স্থাতিবের সর্বাধ্যে স্ভূপন্ট বৃশ্বচিক্ত নিরীক্ষণ করিয়া তাঁহাকে গাঢ় আলিজগনপ্র্বক কহিলেন, সথে। তুমি আমার সহিত কোনর্প পরামর্শ না করিয়াই এইর্প সাহস করিয়াছিলে কিন্তু এইর্প সাহসের ক্যে করা রাজগণের সম্ভিত নহে। বীর! তুমি এই সমন্ত সৈন্যকে, বিভাষণকে এবং আমাকে, ষারপরনাই ব্যাকুল করিয়াছলে। তুমি অতঃপর আর এইর্ক্ত কারও না। দেখ, যদি দৈবাং তোমার কোনর্প ভালমন্দ ঘটে তবে আমার ক্রিক্তারে লইয়া কি হইবে। ভরত, ক্রিক্ত লক্ষ্মণ, শহুষ্মা, অধিক কি, নিজের ক্রিয়াই বা কি হইবে। ভরত, ক্রিক্ত লক্ষ্মণ, শহুষ্মা, আধক কি, নিজের ক্রিয়াই বা কি হইবে। তরত, ক্রিক্ত লক্ষ্মণ, শহুষ্মা, আধক কি, নিজের ক্রিয়াই বা কি হইবে। বার! আমি যদিচ তোমার বলবীর্য সমাক ক্রিন্ন, তথাচ তোমার অন্পশ্বিতিকালে নিজের মৃত্যুই ন্থির করিয়াছিলাম বিজকণে আমি রাবণকে প্রামহাদির সহিত বিনাশ, বিভাষণকে লংকারাজেন ক্রিড্রেক এবং ভরতকে অবোধ্যায় স্থাপনপ্র্বক স্বাং দেহত্যাগ করিব।

তখন স্বাহীৰ কহিলেন্ত্র স্থে! আমি নিজের বলবার্থ জ্ঞাত আছি, স্বতরাং তোমার ভার্যাপহারক দ্বোত্মা রাবণকে দেখিয়া বল কির্পে সহা করিয়া থাকি।

অনন্তর রাম স্থাবিকে অভিনন্দনপ্র্বিক লক্ষ্যণকে কহিতে লাগিলেন, বংস! আইস, আমরা ফলম্লবহলে বন ও স্শাতল জল আশ্রমপ্রিক সৈন্য বিভাগ ও ব্যহ রচনা করিয়া অবস্থান করি। এক্ষণে আমি চতুর্দিকে লোকক্ষ্যকর ভবিণ ভরের কারণ উপন্থিত দেখিতেছি। অতঃপর বানর, ভক্তকে ও রাক্ষ্স বিস্তর ক্ষয় হইবে। দেখ, বার্ উগ্রভাবে বহমান হইতেছে, ক্ষণে ক্ষণে ভ্যাকিম্প, পর্বত সশব্দে কন্পিত, ভরুক্রর মেঘ কঠোর গর্জনপ্রেক রক্তর্থি করিতেছে, সন্থ্যা রক্তবর্ণ ও ভবিণ, স্থামণ্ডল হইতে জ্বলন্ত অন্নি নিঃস্ত হইতেছে, অন্ভ ম্গপক্ষিণণ স্থাভিম্থী হইরা ভরোৎপাদনপ্র্বিক দানস্বরে চীৎকার করিতেছে, রজনীর চন্দ্র একাত হীনপ্রভ এবং প্রলয়কালের ন্যায় উহার একটি কৃষ্ণ ও রক্ত পরিবেষ দৃষ্ট হয়; নক্ষণ্রগরের গতি আর প্র্বিৎ নাই। বংস! এক্ষণে এইর্প প্রক্ষণ যেন মহাপ্রলয়ের প্র্বস্কালের জাত আর প্রবিৎ নাই। বংস! এক্ষণে এইর্প দ্র্লক্ষণ যেন মহাপ্রলয়ের প্রস্কালের অন্ভ ভারন্বর। অতঃপর রণভ্যি বানর ও রাক্ষসের দেল শ্ল ও খড়ুগে আব্ত হইয়া রক্তমাংসম্ম কর্দমে প্রণ হইবে। চল, আজ আমরা বানরগণের সহিত দৃষ্প্রবেশ লঙ্কায় শীন্তই গমন করি।

মহাবীর রাম লক্ষ্মণকে এই বলিয়া সম্বর শৈলিশিখর হইতে অবতরণপ্রেকি দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দ্ধ্য কপিসৈন্য নিরীক্ষণ করিলেন এবং তাহাদিগকে স্মৃতিজ্ঞত করিয়া শ্ভকণে শ্ভলানে যুন্ধালায় আদেশ দিলেন। অনন্তর তিনি স্বয়ং শরাসন গ্রহণপ্র্বক লংকার দিকে চলিলেন। স্মুগীব, বিভীষণ, হন্মান, জান্ববান, নীল ও লক্ষ্যা তাহার অন্সরণে প্রবৃত্ত হইলেন। সর্বাদেষে কপিসৈন্য লংকার ভ্রিভাগ আছেল করিয়া চলিল। ঐ সমস্ত বীর কুঞ্জরাকার; উহাদের হস্তে গিরিশ্ণ্গ ও প্রকাশ্ড বৃক্ষ। সকলে অনতিবিলন্বে লংকাশ্বারে উপস্থিত হইলেন। লংকাপ্রী পতাকামন্তিত প্রাকারশোভিত ও তোরণসন্তিত; উহা অত্যুক্ত ও দ্রারোহ; উহা স্বরগণেরও অধ্যা। বানরগণ রামের নিদেশে ঐ প্রগী আক্রমণ করিল। নীরাধিপতি বর্ণ যেমন সাগরে, ভদ্রুপ রাবণ উহার উত্তরন্বারে অবস্থিত আছেন। রাম ও লক্ষ্যাণ সেই শৈলশ্ণ্যাক্ত অত্যুক্ত প্রশ্বার অবরোধ করিলেন। রাম ব্যতীত উহা রক্ষা করা অন্যের সাধ্যায়ন্ত নহে। দানবগণ যেমন পাতালপ্রগী রক্ষা করে, তদুপ অস্থ্যারী ভীষণ রাক্ষসেরা উহার চতুর্দিক রক্ষা করিতেছে। উহা নিবীর্যের হাসজনক। তথায় বীরগণের অস্থ্য ও বর্ম সঞ্চিত রহিয়াছে।

সেনাপতি নীল মৈন্দ ও ন্বিবিদের সহিত প্র্থানের উপস্থিত হইলেন।
মহাবল অংগদ, ঋষভ, গজ, গবয় ও গবাকের সহিত দক্ষিণন্নারে গমন করিলেন।
মহাবীর হন্মান পশ্চিমন্বার এবং কপিরাজ স্থাতি প্রজ্ঞা, তরস ও অন্যান্য বারের সহিত মধ্যগ্রেম অবরোধ করিলেন। উত্তেম গতিবেগ গর্ড ও বায়য়য় অন্রপ। যথায় কপিরাজ স্থাবি সেইন্থানে বিদ্যাংশং কোটি বানর গিয়া সমবেত হইল। মহায়া বিভীষণ ও লক্ষ্যণ রামের করিলেন। স্থেম প্রজ্ঞাক্তমে প্রত্যেক ন্বারে কোটি কোটি বানরকে নিয়োগ করিতে লাগিলেন। স্থেম ও জান্বনান অদ্রে রামের পশ্চাম্ভাগে মধ্যগ্রেম অবস্থান করিলেন। ব্রেমণ দংগ্রাকরাল শার্দ্বের নাায় ভীষণ, তদ্দারা ব্রুক্ত ও শৈলশ্লগ স্থাকিব ক্রাধবশে স্ফাত হইয়া রাহল। উহাদের নথ ও দন্তই অস্ত্র, মুখ বিত্তি লাগেলে ক্রোধবশে স্ফাত হইয়া আছে। উহাদের মধ্যে কাহারও বল দশ বিত্তি কালগ্রে ক্রোধবশে স্ফাত হইয়া আছে। উহাদের মধ্যে কাহারও বল সম্পাম বিচিত্র ও অভ্যুত। উহাদিগকে দেখিলে উৎপাতকালীন শলভসমাগমের নাায় বোধ হইয়া থাকে। তৎকালে অনেকেরই বলবীর্থের পরিমাণ হয় না। উহাদের সমাগম বিচিত্র ও অভ্যুত। উহাদিগকে দেখিলে উৎপাতকালীন শলভসমাগমের নাায় বোধ হইয়া থাকে। তৎকালে অনেকে আসিতেছে এবং অনেকেই উপস্থিত; বোধ হইল যেন বানরসেন্যে আকাশ আচ্ছম ও প্রথিবী পরিপ্রে হইয়াছে। এতন্যভীত অন্যান্য বানর ও ভল্মক চত্দিক হইতে লগকান্বারে আসিতে লাগিল। তিক্ট পর্বত সমাগত সম্পত্ত সৈন্যে সমাব্ত, বানরেরা লংকার চতুদিক পর্বটন করিতে লাগিল। লংকাপ্রী বায়্র অগম্য, তথাচ উহারা বৃক্ষিলাহন্তে তন্মধ্যে প্রবেশ করিল।

রাক্ষসগণ ঐ সমসত ইন্দ্রবিক্রম মেঘাকার বানরে উৎপ্রীড়িত হইয়া যারপরনাই বিস্মিত হইল। সম্বাচর সেতৃ তেদ হইলে যেমন জলরাশির ভয়ওকর শব্দ হয় তদুপ ঐ সর্বব্যাপী বানরসৈন্যের একটি তুম্বল কলরব হইতে লাগিল। লংকাপ্রী শৈলকাননের সহিত বিচলিত হইল। বানরসৈন্য রাম লক্ষ্যাণ সম্গ্রীবের বাহ্বলে বিক্ষিত হইতেছে, উহা স্বগণেরও দুর্ধর্ষ বেয়ধ হইতে লাগিল।

অনন্তর রাম মন্ত্রিগণের সহিত মন্ত্রণায় প্রবৃত্ত হইলেন এবং প্রনঃ প্রনঃ কার্যনির্ণায় করিতে লাগিলেন। সামাদি চারিটি উপায়ের ক্রমপ্রয়োগ, তৎসাধ্য অর্থ ও তৎপ্রয়োজন তাঁহার অবিদিত নাই। তিনি মনে করিলেন দন্ডব্যতীত কার্যসিদ্ধি করা রাজধর্ম। পরে বিভীধণের অভিপ্রায় অনুসারে তৎসাধ্যন উদ্যত হইয়া

কুমার অংগদকে আহ্বানপূর্বক কহিলেন, সৌম্য! ভূমি রারণের নিকট যাও এবং আমার বাক্যে ভাহাকে গিয়া বল, রাক্ষস! আমরা সম্দুদ্র লক্ষ্মপূর্বক নির্ভাষে ও নির্পদ্রবে লব্কা অবরোধ করিয়াছি ; তুমি হতল্ঞী নক্টেম্বর্য ও মৃত্যুমোহে উপহত ; তোরে বলি, তুই এতকাল মোহ ও গর্বপ্রভাবে ঋষি, দেবতা, গন্ধর্ব, অস্সর, নাগ, ধক্ষ ও রাজগণকে বে উৎপীড়ন করিয়াছিস, আজ তোর সেই ব্রহ্মার বরদর্প নিশ্চয়ই চূর্ণ হইল। একদে আমি ভার্যাপহরণ-দুঃখে তোর পক্ষে সাক্ষাং কৃতান্তস্বর্প হইয়া দ্বাররোধ করিয়া আছি। ধদি তুই আমার সহিত যুখ করিস'তবে নিশ্চয়ই দেবতা, মহর্ষি ও রাজ্বরিগণের গতিলাভ করিব। তুই যে বলবীর্ষে আমাকে অতিক্রমপূর্বক মারাকলে জানকীরে হরণ করিয়াছিস এক্ষণে তাহা প্রদর্শন কর্। রাক্ষস! বদি তুই জানকীরে প্রতিদানপূর্বক আমার শরণাপন্ন না হোস্ তবে নিশ্চরই আমি শাগিত শরে চিকোক রাক্ষসগ্ন্য করিব। ধর্মশীল বিভীষণ আমার অনুগত, অতঃপর তিনি নিম্কণ্টকে লণ্কার ঐশ্বর্ষ অধিকার কর্ন। তুই পাপী অন্যাত্মজ্ঞ, মূর্খেরাই তোর কার্যসহার, তুই অধর্মবলে ক্ষণমান্তও ঐত্বর্ষভোগ করিতে পাইবি না। তুই শৌর্য ও থৈর্য অবলন্দ্রনপূর্বক বৃন্ধ কর্, আমার শরে বিনন্ট হইলে তোর আজন্মসন্তিত পাপ কালন হইয়া যাইবে। বলিতে কি, বলি ভুই পক্ষির্প পরিগ্রহপূর্ব্ভ ত্রিলোক পর্বটন করিস তথ্যচ আমার দ্থিপথ অভিজয় করিতে পারিবি বা আকণে আমি তোরে হিতই কহিতেছি; তুই আপনার ওধনদৈহিক দান্দ্রি কার্বের অনুভান কর্। তোর ক্ষাবন আমারই আরব্ধ। অভ্যপর তুই রিংকাশ্রেরী আর দেখিতে পাইবি না, একণে ইচ্ছান্রর্প দেখিরা ল। মহাবার অধ্যদ এইব্প আদিক ইইবামার সাক্ষাৎ হ,ভাশনের ন্যায় দ্বীপত

মহাবার অণ্যদ এইর প আদ্বিদ্ধ ইইবামাত্ত সাক্ষাং হৃত্যশনের ন্যায় দাণিত তেজে গগনমার্গে বাতা করিলের। তিনি মৃহ্ত্রমধ্যে রাবণের নিকট উপদ্থিত হইরা দিখরভাবে দেখিলেন, মুরের্ণ সচিবগণের সহিত উপবিষ্ট আছেন। তখন অপাদ উ'হার অনুরে আক্রিইটতে পতিত হইরা জ্বলন্ত বহির ন্যার দণ্ডায়মান হইলেন এবং তাহাকে আক্রাক্তার প্রদানপূর্বক সর্বসমক্ষে রামের কথা যথাযথ কহিতে লাগিলেন, রাক্ষসরাক্ষ! আমি অবোধ্যাধিপতি রামের দৃত, কপিরাজ বালার প্রে, নাম অপ্যদ; বোধ হর আমি তোমার অপরিচিত নহি। একণে মহাবার রাম তোমাকে কহিয়াছেন, নিউরে! তুই বহিশতে হইয়া আমার সহিত বৃদ্ধ কর এবং প্রের হ। আমি তোরে প্রে-মিতের সহিত বিন্তা করিয়া তিলোক নির্নিশন্স করিব। তুই ক্ষিকাণের কণ্টক এবং দেব দানব যক্ষ রক্ষ গান্ধর্ব ও উরগাসনের পাত্র, আজ আমি তোকে উৎসক্ষে দিব। তুই যদি আমাকে প্রণিপাত করিয়া জানকী প্রত্যপণি না করিস তবে নিশ্চর লগ্ডার ঐশ্বর্শ বিভাষণেরই হইবে।

অপাদ এইর্প প্র্তিকঠোর কথা কহিতেছেন, ইতাবসরে রাবণ অতিমাগ্র জোধাবিদ্য হইয়া সচিবগণকে বারংবার কহিতে লাগিলেন, সচিবগণ! তোমরা এখনই ঐ নির্বোধকে ধর এবং উহাকে বধ কর।

তখন চারিজন ভীষণ রাক্ষস রাবণের আদেশমার জবলত অপ্যারকরপ অপ্যাদকে তৎক্ষণাং গ্রহণ করিল। মহাবীর অপ্যাদও রাক্ষসগণের সমক্ষে আপনার বলবীর্য প্রদর্শনের জন্য গ্রহণের কোনর্প বিদ্যাচরণ করিলেন না এবং ঐ পত্তগবং বাহ্সংক্রণন চারিটি রাক্ষসকে লইয়া অত্যুক্ত প্রাসাদোপরি ক্রম্ফ প্রদান করিলেন। তাঁহার উৎপতনবেগে উহারাও স্থালিত হইয়া রাবণের নিকট পড়িয়া গোল। অনন্তর অধ্যাদ প্রাসাদ-শিখর শৈলশ্বেগর ন্যায় উন্নত দেখিয়া পদভরে আক্রমণ করিলেন। প্রে হিমাচলশ্ব্দা ইন্দের বন্ধাঘাতে বেমন চ্প ইইয়াছিল তদ্রপ ঐ প্রাসাদশ্বির উহার পদভরে চ্প ইইয়া গেল। অধ্যাদ প্রেঃ প্নঃ প্নঃ প্নামকীতনি ও সিংহনাদপ্রেক লম্ফ প্রদান করিলেন এবং রাক্ষসগণকে ব্যথিত ও বানর্রাদগকে প্লাকিত করিয়া রামের নিকট উপস্থিত হইলেন। বানরেয়া তাঁহার এই অদভ্ত বারকার্যে অত্যন্ত প্রতি হইল এবং ঘন ঘন সিংহনাদ করিতে লাগিল।


তথন প্রাসাদ-শিখর চ্ব হওয়াতে রাক্ষসরাজ রাবণের ষৎপরোনাপিত ক্রোধ জিমিল এবং তিনি আপনার মৃত্যু আসল দেখিয়া দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করিতে লাগিংলন।

এদিকে জয়য়য় ব্যাপ্ত সংগ্রহণ হইলেন। গিরিকট্টপ্রমাণ স্বেণ স্থাতির আদেশে সর্বৃত্তালত সংগ্রহের জন্য কামরপৌ বানরে বেণ্টিত হইয়া, চন্দ্র যেমন প্রতি নক্ষরে সংক্রমণ করিয়া থাকেন, তদুপে লঙ্কার দ্বারে দ্বারে বিচরণ করিছে লাগিলেন। বানরসৈনা লঙ্কার পরিপূর্ণ এবং উহা আসম্দ্র বিশ্তীণ ; রাক্ষসেরা এই শত শত আক্ষোহিণী সেনা নির্ক্তিশন্বক অতিমান্ত বিশিষত, অনেকে ভীত হইল এবং অনেকে বৃদ্ধস্থিত প্রেলিকত হইয়া উঠিল। লঙ্কার প্রাকারোপার অসংখ্য বানরসৈন্য ; রাক্ষ্যস্থে প্রেলিকত হইয়া উঠিল। লঙ্কার প্রাকারোপার অসংখ্য বানরসৈন্য ; রাক্ষ্যস্থে দেখিল উহা যেন বানররপ্র উপাদানে নির্মিত হইয়াছে। তথন সকলে ভাত হইয়া দীন মনে হাহাকার করিতে লাগিল। চতুর্দিকে তৃষ্ট্রল কোলালে উপান্ধত ; বীর-রাক্ষসগণ স্কান্সত সৈন্য লইয়া য্গান্ত বায়্র ন্যায় ইত্রিক বিচরণ করিতে প্রবৃত্ত হইল।

শ্বিচয়ারিংশ লগ ॥ অনুসূত্র রাজসগণ সর্বাধিপতি রাবণের গৃহপ্রবেশপ্রেক্
তাঁহাকে কহিল, মহারাজ√ রাম সসৈন্যে আসিয়া লংকা অবরোধ করিয়াছেন।
রাবণ এই সংবাদ পাইবামার যারপরনাই ক্রোধাবিষ্ট হইলেন এবং শ্বিগ্রাছেন।
বার রক্ষার ব্যবস্থা হইয়াছে শ্রনিয়া প্রাসাদে আরোহণ করিলেন। দেখিলেন,
যুন্ধার্থী অসংখ্য বানরসৈন্যে লংকাপ্রেরী পরিপ্র্ণ, বানরগণের ঘন সন্মিবেশে
লংকা পিণ্গলবর্ণ হইয়াছে। তন্দ্রেট রাবণ অভিমার চিন্তিত হইলেন এবং
কির্পে শ্রনিবাশ করিবেন মনে মনে তাহাই আলোচনা করিতে লাগিলেন।
তিনি বহ্ন্কণ ধৈর্যের সহিত এই সমস্ত চিন্তা করিয়া রাম ও বানরগণকে
দেখিতে লাগিলেন।

এদিকে রাম সসৈন্যে ক্রমশঃ প্রাকারের সার্রাহত হইয়াছেন। তিনি দেখিলেন, প্রেরীর চতুদিকি রাক্ষসে পরিবৃতি ও স্রাক্ষত। ঐ বীর ধ্রজপতাকাশোভিত লঙ্কা নিরীক্ষণপূর্বক জানকীর উদ্দেশে দীন মনে কহিলেন, হা! এই স্থানে সেই ম্গলোচনা আমারই জন্য দ্বঃখ সহিতেছেন। জানকী শোকাকুল এবং অনাহারে কৃষ: ভ্রমশিষ্যাই ভাঁহার আশ্রর। রাম এই ভাবিয়া অভিমান্ন কারবেন। হাইলেন এবং বিলম্ব না করিয়া শত্রুবধে আজ্ঞা প্রদান করিলেন।

অনশ্তর বানরগণ বৃশেষর আদেশ পাইবামাত্র সিংহনাদে দিগণত প্রতিধ্বনিত করিয়া তুলিল। প্রত্যেকে মনে করিল, সর্বাপ্তে আমিই বৃশ্ধ করিব—আমিই গিরিশ্ভগশ্বারা লভকা চূর্ণ করিয়া ফেলিব এবং আমিই মুফ্টিপ্রহারে সমস্ত নিজ্পিট করিয়া দিব। এই ভাবিয়া বানরগণ প্রকাশ্ড গিরিশ্ভগ উত্তোলন ও



বিবিধ বৃক্ষ উৎপাটনপূর্বক রণক্ষেত্রে দড়িইল। ঐ সময় রাক্ষসরাজ রাবণ প্রাসাদে আরোহণপূর্বক সৈনাগণের ব্যহিবিভাগ নিরীক্ষণ করিতেছিলেন, বানরেরা তাঁহাকে তৃণজ্ঞান করিয়া রামের প্রিয়োদ্দেশে দলে দলে লাক্ষায় প্রবেশ করিতে লাগিল। ঐসকল স্বর্ণকান্তি বানরের মুখ অর্ণবর্ণ, উহারা প্রাণপণে রামের কার্যসাধনে উদ্যত। সকলে বৃক্ষশিলা গ্রহণপূর্বক, লাক্ষার অভিমুখে যাইতে লাগিল রুম্বিগ্রহার ও শিলাধাতে উহার প্রাচীর ও তোরণ চুর্ণ করিতে লাগিল এবং প্রস্কুর হল। কোন বীর সহস্র যুখের অধিপতি, কেহ কোটি যুখের এবং কেহ বা শত কোটি যুখের অধিনায়ক। ঐ সমস্ত মাতালাকার মহাবীরের মধ্যে কেহ কেহ কৈলাসশ্ভগতুল্য প্রেম্বার ভান করিতে উদ্যত, কেহ কেহ বা প্রাকারাভিমুখে মহাবেণে যাইতেছে, কেহ কেহ ইতস্ততঃ ধাবমানু এবং কেহ বা বারনাদে দিগন্ত প্রতিধনিত করিতেছে। মহাবীর রামের জয়, লক্ষ্মণের জয়, রাজা

স্থাীবের জয় ; চতুর্দিকে কেবলই এই জয়ধর্নন। বানরগণ জয় জয় রবে দিগল্ত প্রতিধর্নাত করিয়া প্রাচীরের দিকে চলিল, বীরবাহন, স্বাহন, অনল ও পনস, ইহারা বহিঃপ্রাকার ভুন্ন করিয়া তথায় উপনিবিষ্ট হইল।

পরে বানরগণ স্কন্ধাবার স্থাপন করিল। মহাবল কুমুদ দশকোটি সৈনা লইয়া পূর্বন্বার অবরোধ করিলেন। বীর প্রসভ ও পনস বহুসংখ্য সৈন্যের সহিত তাঁহারই সাহায্যে প্রস্তুত রহিল। মহাবীর শতবলি বিংশতি কোটি সৈন্য লইয়া দক্ষিণন্বার, তারাপিতা সংখেণ কোটি কোটি সৈন্য লইয়া পশ্চিমন্বার এবং মহাবীর রাম, লক্ষ্মণ ও সমুগ্রীব উত্তরন্বার অবরোধ করিলেন। মহাকায় গোলা**পালে ও** ভীমদর্শন গরাক্ষ কোটি সৈন্যের সহিত রামের পার্শ্ববর্তী হইল। শনুষাতী ধ্য় ভীমকোপ কোটি ভব্দকে পরিবৃত হইরা রামের অপর পার্শ্ব আশ্রয় করিল। মহাবীর্য বিভীষণ গদাহস্তে চারিজন সচিবের সহিত রামের সামিহিত হুইলেন এবং গজ, গবাক্ষ, গবয়, শরভ ও গন্ধমাদন এই কয়েকটি বীর সমস্ত বানরসৈন্য রক্ষা করিবার জন্য চতুর্দিকে মহাবেগে ধাবমান হইতে লাগিল।

অনশ্তর রাবণ ক্রোধাবিন্ট হইলেন এবং সৈন্যগণকে শীঘ্র যুস্ধযাত্রা করিবার জন্য অনুজ্ঞা দিলেন। রাক্ষসেরা তাঁহার এই আদেশ পাইবামার সহসা তুম্**র** কোলাহল করিতে প্রবৃত্ত হইল। চন্দ্রবং পান্ডার-মূখ ভেরী সর্বন্ন স্বর্ণদন্ডবোগে আহত হইতে লাগিল। অসংখ্য শৃত্য ভীম রাক্ষসন্ত্রিক মুখমানুতে প্রণ হইয়া

যোর রবে ধর্নিত হইরা উঠিল। রাক্ষসেরা শক্তির্কিবং নীলকলেবর, উহারা মুখ্সংলগন শথেথ বকসংজিব্র জলদের স্থা শোলা পাইতে লাগিল এবং মহাপ্রলয়ের উচ্ছলিত সম্প্রের ন্যায় মহাস্থেতে হুল মনে নিগতি হুইল। বানরসৈন্য খন খন সিংহনাদ ক্রিকেটেছে। উহাদের ভীমরবে মলর পর্বত প্রতিধর্নিত হুইল। শংখ্যানি, দুর্ভিরের ও সিংহনাদে প্থিবী, অভ্যাক্ষি ও সম্প্র নিনাদিত হুইতে লাগিক। ইতিরির বৃংহিত, অশ্বের হেবা, রথের খর্মার বব এবং রাক্ষসগণের পদশন্দে ব্রক্তির স্থাক হুইয়া উঠিল।

ইত্যবসরে দৃই পকে ৻ির্যারতর যুখ্য উপস্থিত। রাক্ষসগণ স্ব-স্ব বলবীর্যের পর্ব প্রকাশপর্বেক প্রদীশত গদা এবং স্তীক্ষা শ্লে শক্তি ও পরশৃ ন্বারা বানর-দিগকে প্রহার আরম্ভ করিল। বৃহৎকায় বানরেরাও উহাদিগকে গিরিশ্বণ বৃক্ষ নথ ও দল্ড ম্বারা মহাবেগে আঘাত করিতে লাগিল। বানরগণের মধ্যে কেবল সা্গ্রীবের জয় এবং রাক্ষসগণের মধ্যে কেবল রাবণের জয়, চতুদিকে কেবলই এই জর জয় শব্দ। উভয় পক্ষে বোখারা ক্ষাম উল্লেখপূর্বক স্থ-স্ব বীরখ্যাতি প্রচার করিতে ল্যাগ্লা। ভীম রাক্ষসগণ প্রাকারের উপর এবং বানরগণ নিদ্রে ভূপেড়েঠ; রাক্ষসেরা বানর্যদগকে ভিন্দিপাল ও শ্লে প্রহার করিতে লাগিল এবং বানরেরাও ক্রোধভরে লম্ফ প্রদানপূর্বক উহাদিশকে বাহ্রকরে নিম্নে আকর্ষণ করিতে লাগিল। উভরপকে ছোরতর বৃষ্ধ উপস্থিত, রণস্থল রন্তমাংসের কর্পমে পূর্ণ হইয়া গেল।

বিচম্বারিংশ দর্গ 🖫 অনন্তর দুইপকে সৈন্যদর্শনজ্ঞাত দার্ণ জোধ জন্মিল। বীর রাক্ষসেরা স্বর্ণমণ্ডিত অধ্ব, অফিনলিখার ন্যায় দুর্নিরীক্ষ্য হস্তী ও স্বসংকাশ রথ লইয়া দশ দিক প্রতিধননিত করত নিগতি হইল। উহাদের স্বাধ্যে রুচির বর্ম এবং উহাদের কর্মও লোমহর্মণ। উহারা প্রত্যেকেই রাবণের জয়প্রী কামনা

করিতেছে। বানরসৈনা জয়লাভার্থ উহাদিগের অভিমাণে মহাবেগে দ্বইপক্ষে তুম্*ল ম্বন্দ*্বমূম্থ উপস্থিত। অন্থকাস্ত্র ষেমন ভগবান ব্যোমকেশের সহিত যুদ্ধ করিয়াছিল সেইরূপ মহাবীর ইন্দুজিৎ অণ্যদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন। দুর্ধর্য সম্পাতি প্রজ্ঞের সহিত এবং হনুমান জম্বুমালির সহিত যুগ্ধ আরম্ভ করিলেন। প্রচন্ডকোপ বিভীষণ বেগবান শত্রবাের সহিত, মহাবীর গজ তপনের সহিত, তেজস্বী নীল নিকুস্ভের সহিত, স্থাবৈ প্রবসের সহিত এবং লক্ষ্মণ বৈর্পাক্ষের সহিত যুম্খ করিতে লাগিলেন। অন্দিকেতু, রশ্মিকেতু, মির্ঘা ও ক্জকোপ ইহারা রামের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল। ব্জুমুণিট মৈন্দের সহিত, অর্শনিপ্রভ ন্বিবিদের সহিত, ভীষণ প্রতপন নলের সহিত এবং বলবান স্যোগ বিদ্যান্যালীর সহিত বৃদ্ধে প্রবৃত্ত হইল। তংকালে দুই পক্ষে তুমুল দ্বন্দ্বৰূপ উপস্থিত। রাক্ষ্ম ও বানরগণের দেহ হইতে শোণিত-নদী প্রবাহিত হইতে লাগিক। কেশজাল ঐ নদীর শাদ্বল এবং দেহ কাণ্ঠরাশি। মহাবীর ইন্দুজিং ক্রোধাবিণ্ট হইয়া ইন্দ্র যেমন বজ্রপ্রহার করেন সেইরূপ অঞ্চদকে লক্ষ্য করিয়া এক গদা প্রহার করিলেন। অধ্যদও ভংক্ষণাং তল্লিক্ষ্ণিত গদা গ্রহণপূর্বক তাঁহার স্বর্গখচিত রথ অধ্ব ও সার্রাথ চ্বর্ণ করিয়া ফেলিলেন। প্রজন্ম সম্পাতিকে তিন শরে বিশ্ব করিল। মহাবীর অধ্বকণ প্রজ্ঞারক বিষ্ণাশ করিলেন। রথার্ড় জন্ব্যালী জোধভরে হন্মানের বক্ষে শক্তি নিক্তিশ করিল। মহাবীর হন্মান তাঁহার রথে লম্ফ প্রদানপূর্বক চপেটাঘাতে ক্রম চূর্প এবং তাহাকেও বিনল্ট করিলেন। প্রতপন সিংহনাদপূর্বক নলের ক্রমেটমাথে ধাবমান হইল এবং তাহাকে ক্রিপ্রহাতে শরবিশ্ব করিতে লাগিল। ক্রিক তংক্ষণাং তাহার চক্ষ্ণ উৎপাটনপূর্বক তাহাকে অকর্মণ্য করিয়া দিলেন ও তংক্ষণাং তাহার চক্ষ্ণ উৎপাটনপূর্বক তাহাকে অকর্মণ্য করিয়া দিলেন ও তংক্ষণাং আহার প্রথম যেন রণস্থলে বানরগণকে গ্রাস করিতেছিল, প্রিম্বির তাহাকে মহাবেগে সম্তপ্প বৃক্ষ প্রহার-পূর্বক বিনাশ করিলেন। ক্রম্প ভীমদর্শন বির্পাক্ষকে শর্মাকরে নিপ্রীভিত করিয়া পরিশেষে একমাত শুরি সমরশারী করিলেন। দুধর্ষ অণিনকৈতু, রশ্মিকেতু, মিশ্রঘা ও যজ্ঞকোপ রামকে অস্থাঘাতে ক্ষতবিক্ষত করিতেছিল, রাম প্রদীস্ত শর্মানকরে ঐ চারটি রাক্ষসের মুক্তক ছেদন করিলোন। বক্তমানিট মৈন্দের মূল্টিপ্রহারে নিহত হইয়া তংকণাং সূত্রবিমানের ন্যার অণ্ব ও রথের সহিত ভ্তেলে পতিত হইল। সূর্য বেমন রখিমখ্বারা জলদজাল ভেদ করেন সেইর্প নিকুড নীলাম্বন্তন্য নীলকে স্বতীক্ষা শরে ভেদ করিতেছিল। সে কিপ্রহাস্তে নীলের প্রতি শত শর নিক্ষেপপ্রবিক হাস্য করিতে লাগিল। নীল রথচার ম্বারা সার্থির সহিত তাহার মদতক ছেদন করিলেন। বন্তুমূষ্টি দ্বিবিদ রাক্ষসগণের সমক্ষে অর্শানপ্রভকে লক্ষ্য করিয়া এক গিরিশ্বণ নিক্ষেপ করিল। অর্শানপ্রভও ঐ বানরকে বন্ধুসংকাশ শরে অনবরত বিষ্ণ করিতে লাগিল। তখন স্বিবিদ শরবিষ্ণ হইয়া অতিমান ক্লোধাকিট হইল একং শালবৃক্ষ ম্বারা ভাহাকে রখ ও অশ্বের সহিত চুর্ণ করিয়া ফেলিল। বিদ্যুদ্যালী স্বর্ণশচিত লরশ্বারা স্থেণকে প্রহার-প্রবিক বারংবার সিংহনাদ করিতে লাগিল। স্বেশ এক প্রকাণ্ড শৈলশ্ভগ নিক্ষেপপ্র্বক তাহার রথ চ্র্ণ করিলেন। রথ চ্র্ণ হইবামাত বিদ্যুদ্মালী তংক্ষণাং গদাহদেত ভ্তৰে অবতীৰ্ণ **হইল। সংৰেণ**ও অতিমান কোধাবিষ্ট হইয়া এক প্রকাণ্ড শিলাখণ্ড গ্রহণপূর্বক উহাকে লক্ষ্য করিয়া দ্রতবেগে ধারমান হইলেন। ইত্যবসরে বিদ্যাম্মালী উত্থার বক্ষে গদা প্রহার করিল। স্বধেণ ঐ ভীষণ গদাঘাত তুক্ত করিয়া নিঃশব্দে উহার বক্ষঃস্থলে শিলা নিক্ষেপ করিলেন।

তথন বিদ্যামালী শিলাখণ্ড দ্বারা আহত হইয়া চ্পহ্দরে সমরাগানে শয়ন করিল। এইর্পে রাক্ষসেরা দেবগণের হস্তে দৈত্যের ন্যায় ঐ সমস্ত বানরবীর দ্বারা দ্বন্দর্শ্বশে ক্ষতিবিক্ষত ও বিনন্ধ হইতে লাগিল। রণস্থল ভল্ল, গদা, শক্তি, তোমর, শর, বিপর্যাহত রখ, সাংগ্রামিক অন্ব, নিহত হস্তী, ভণ্ন বিক্ষিণ্ত চক্ত, অক্ষ, য্গা, দণ্ড এবং বানর ও রাক্ষসের খণ্ডিত অগ্গপ্রত্যাগে অত্যন্ত ভীষণ হইয়া উঠিল। চতুর্দিকে শ্গাল ও কৃক্ষরসকল ধাবমান; বানর ও রাক্ষসগণের কবন্ধ উথিত হইতে লাগিল। তথন রাক্ষসগণ শোণিতগদ্ধে ম্ছিতি হইয়া প্নবার ঘোরতর মুন্ধে প্রবৃত্ত হইল এবং তংকালে কেবল রাহিকাল অপেক্ষা করিতে লাগিল।

চতুশ্চমারিংশ সর্গা। অনশতর স্বাস্ত হইল; প্রাণহারিণী রাত্রি উপস্থিত। জাতবৈর জয়াথী বানর ও রাক্ষসের নিশায্ন্থ আরশত হইল। চতুদিকে ঘোরতর অন্ধকরে, তুই বানর, তুই রাক্ষস এই বলিয়া পরস্পর পরস্পরকে বিনাশ করিতে লাগিল। মার্, বিদীর্ণ কর, আয়, পলাস কেন, সৈন্মধ্যে কেবলই এইর্প তুম্ল শব্দ। একে গাঢ় অন্ধকার, তাহাতে রাক্ষসেরা কৃষ্ণপ্রি স্বর্ণ ক্বচধারী; স্ত্রাং উহারা প্রদীশ্ত ওর্ষধিষ্ক পর্বতের ন্যার নির্কিতি ইইতে লাগিল।

অন্তর উহারা জাথে অধার হইরা বিদ্যাণকে ভক্ষণপূর্বক মহাবেশে অগ্রসর হইতে লাগিল। বানরেরাও জাধারিক ইইরা লক্ষ্য প্রদানপূর্বক স্বর্ণ-সন্দিত অব ও ভ্রেপ্তালার ধ্রজদ্প কিন্তালার দিতে খণ্ড খণ্ড করিতে আরুত করিল; হলতী, হল্ডারোহী ও ধ্রুপ্তালারাকিক রুখ আকর্ষণ ও দংশন করিতে প্রবৃত্ত হইল এবং ক্ষণমধ্যে ঐ স্থানত রাক্ষসকে ক্রুভিত করিরা তুলিল। রাম ও লক্ষ্যণ ভ্রেপ্তালার শরে দুর্ঘি ও অদ্শা রাক্ষসকে বিনাশ করিতে লাগিলেন। অব্বক্রাম্ব্ত রথচক্রসম্বিত ধ্রিল বোম্বাদিগের নের ও কর্ণ রোধ করিরা ফেলিল। ভর্মকর শোণিত নদী প্রবাহিত হইতে লাগিল। ভেরী, ম্দশা, পণব ও শংখর ধর্নান, রথচক্রের ঘর্ষর রব, অন্বের হেরা, নিক্ষিত্ত শন্তের শন শন শব্দ এবং বানর ও রাক্ষসের কলরবে সর্বত্ত একটা তুম্বল হইরা উঠিল। রণস্থলে কোথাও নিহত বানর, কোথাও পতিত প্রতিপ্রমাণ রাক্ষ্য এবং কোথাও বা দান্তি শ্রেণ ও প্রশ্ন; উহার সর্বত্ত রবের কর্ণম, উহা নিতান্ত দ্বের্জের ও একান্ত দ্বিতিক্রমণীর হইরা উঠিল।

ইত্যবসরে রাক্ষসেরা অনবরত শর বর্ষণপূর্বক হৃষ্ট মনে রামের অভিম্থে চলিল। উহারা ক্রোথভরে প্রাঃ প্রাঃ সিংহনাদ করিতে লাগিল। উহাদের ঘোর নিনাদ প্রলয়কালীন সম্দ্রগর্জনের ন্যায় বোধ হইল। রাম বজ্ঞশন্ত্র, মহাপার্শ্বে, মহোদের, বজ্রদংজ্র, শ্রুক ও সারণ এই ছয় জন রাক্ষসকে লক্ষ্য করিয়া নিমেষমাতে প্রদীশত ছয়টি শর নিক্ষেপ করিলেন। উহারা রামের শরে বিশ্বমর্ম হইয়া তৎক্ষণাৎ পলায়ন করিল। উহাদের কেবল প্রাণমাত অবশিষ্ট। মহারখ রাম জন্ত্রশত অশিনকর্প শরজালে তৎক্ষণাৎ দিক-বিদিক নির্মাল করিয়া দিলেন। যে-সমস্ত রাক্ষস তাঁহার সম্মুখে ছিল তাহারা বহিষ্মুখপ্রবিষ্ট পতজ্গের ন্যায় বিন্দ্র হইতে লাগিল। তৎকালে চতুদিকৈ প্রক্রিশত স্বর্ণপূর্ণ শরে ঐ রাত্রি খদ্যোত-চিত্রিত শারদীয় রজনীর ন্যায় অনুমিত হইল। ব্রুশ্বাত্রি একেই ত ঘোর, তাহাদে

রাক্ষসগণের সিংহনাদ ও ভেরীরবে আরও ঘোর হইয়া উঠিল। যুদ্ধের কোলাহল চতুদিকৈ বিধিত হইতেছে, তন্দ্বারা গহর্রবহুল ত্রিক্ট পর্বত প্রতিধ্বনিত হইয়া থেন বাক্যালাপ আরম্ভ করিল। দীর্ঘাকার কৃষ্ণকায় গোলাল্যলেগণ বাহ্বকেটনে রাক্ষসগণকে গ্রহণ ও ভক্ষণ করিতে লাগিল।

এদিকে অধ্যদ ইন্দ্রান্ধতের সহিত যুন্ধ করিতেছিলেন। ইন্দ্রান্ধতের অন্ব ও সার্রাথ বিনন্ধ হইল, তিনি রথ হইতে অবতার্ণ হইয়া মহাকন্টে তথায় অন্তর্ধান করিলেন। তথন দেবতা ও ঋষিগণ অধ্যদের এই অন্তর্কুত বারকায় নিরীক্ষণপূর্বক তাঁহার যথোচিত প্রশংসা আরম্ভ করিলেন। রাম ও লক্ষ্যুণের আর হর্ষের পরিসীমা রহিল না। ইন্দ্রান্ধতের যুন্ধপ্রভাব সকলেই জানিত, তাঁহার পরাজরে সকলেই হুন্ট ও সন্তুন্ট হইল। বিভাষণ, স্থাবি ও অন্যান্য বানর বারগণ অধ্যদকে বারংবার সাধ্বাদপ্রক সিংহনাদ করিতে লাগিলেন।

অনন্তর পাপন্বভাব ইন্দুজিং অগ্যদের হস্তে পরাদত হইয়া অত্যন্ত কোধাবিষ্ট হইল। সে ব্রহ্মার বরে গর্বিত এবং মায়াপ্রভাবে অদৃশ্য, তংকালে বক্সকলপ স্মাণিত শব অনবরত নিক্ষেপ করিতে প্রবৃত্ত হইল এবং রাম ও লক্ষ্মণকে ঘোর নাগান্তে বিন্দু করিতে লাগিল। সে ক্টেযোধা, সে ঐ দৃই দ্রাতাকে কণকালমধ্যে বিমোহিত করিয়া ফেলিল। সন্মুখ স্ক্রেড উ'হাদিগকে পরাভ্ত করা নিতানত দ্বেকর; ইন্দ্রজিং মায়াবল প্রয়োগ্রাক সর্বসমক্ষে উ'হাদিগকে অবসম করিতে লাগিল।

পশুচদারিংশ সর্গ ॥ অনন্তর রাম ক্রিজংকে অন্সন্ধান করিবার জন্য স্থেণের দ্বই দায়াদ, নীল, অভ্যাদ, শালি, দিববিদ, হন্মান, সান্প্রস্থ, ঋষভ ও ঋষভদ্কন্ধ এই দশজন যুখপুত্রিক আদেশ করিলেন। যুখপতিগণ রামের এই আদেশ পাইবামার অত্যন্ত হৃদ্দ ছুইলেন এবং ভীকণ বৃক্ষ উত্তোলনপূর্বক ইন্দ্রজিতের অন্সন্ধানার্থ আকাশের চতুদিকে মহাবেগে প্রবেশ করিলেন। ইন্দ্রজিংও দিব্যাস্থ্য-জালে ঐ সমস্ত বানরের গতিবেগ নিবারণ করিতে লাগিলেন। যুথপতিগণ তামিক্ষিত নারাচাস্থ্যে ক্ষতবিক্ষত হইরা উঠিলেন। ইন্দ্রজিং মেঘাব্ত স্থেরি ন্যায় গাঢ় তিমিরে অদ্শা; তাঁহারা উহাকে কুরাপি দেখিতে পাইলেন না।

তখন ইন্দ্রজিং ক্রোধাবিষ্ট হইরা, রাম ও লক্ষ্যণকে নাগান্তে অনবরত বিদ্ধাকরিতে লাগিলেন। ঐ দৃই বীরের দেহ ছিল্লভিন্ন হইরা গেল এবং রগম্থ হইতে অনগল রুধিরধারা বহিতে লাগিল। উহারা কুস্মিত কিংশ্ক ব্কের ন্যার নিরীক্ষিত হইলেন। ইত্যবসরে কন্জলবং-কৃষ্ণকায় রন্তপ্রান্তনের ইন্দ্রজিং প্রছল অবস্থায় থাকিয়া রাম ও লক্ষ্যণকে কহিলেন, দেখ, তোমাদের কথা দুরে থাক, আমি বৃদ্ধকালে কথন মায়াবলে তিরোহিত হই তখন স্বরাজ ইন্দ্রও আমাকে দেখিতে পান না; প্রাণ্ড হওয়া ত স্বতন্ত্র। এক্ষণে আমি তোমাদিগকে কঙ্কপরশোভিত শরে অতিমার বিদ্ধ করিয়াছি, অতঃপর রোষভরে এখনই যমালয়ে প্রেরণ করিব।

এই বলিয়া মহাবীর ইন্দ্রজিং রাম ও লক্ষ্যণকে শরবিন্ধ করিয়া মহাহর্ষে সিংহনাদ করিতে লাগিলেন। পরে প্রকাণ্ড শরাসন বিশ্ফারণপ্রেকি প্নেবার ভীয়ণ শরবৃদ্ধি করিতে প্রবৃত্ত হইলেন এবং উত্থাদের মর্মান্ডেদ করিয়া প্নঃ প্নঃ সিংহনাদ করিতে লাগিলেন। রাম ও লক্ষ্যণ নাগপাশে বন্ধ হইরাছেন। উত্যারা

নিমেষমধ্যে আর কিছুই দেখিতে পাইলেন না। উ'হাদের সর্বাঞ্চা ক্ষতিবিক্ষত হইয়াছে। উ'হারা রক্জ্মন্ত ইন্দুধন্দের ন্যায় কান্পত কলেবরে তংক্ষণাং ভ্তলে পতিত হইলেন। উ'হাদের দেহ হইতে বিলক্ষণ রক্তমাব হইতেছে, উ'হারা নাগপাশে নিতালত পাঁড়িত, বালতে কি, তংকালে উ'হাদের দেহে এক অঞ্জালি স্থানও শরবিন্ধ হইতে অবশিষ্ট নাই। সর্বপ্রথমে রাম শর্রানকরে বিন্ধমর্ম হইয়া ভ্তলে পতিত হইলেন। ইন্দুজিতের শর র্ক্যুপ্থেষ্ত ও স্বচ্ছম্খ, উহা যখন যায় তথন নভোমন্ডলে উস্তান ধ্লিজালবং সমস্ত স্থান আছ্রে করিয়া যায়। বাম নারাচ, অর্ধনারাচ, ভলো, অঞ্জলিক, বংসদন্ত, সিংহদংশ্ম ও ক্ষ্রে শ্রায় আহত হইয়া জ্যাশ্ন্য কার্মাক পরিত্যাগপ্রাক বার-শ্রায় শ্রন করিলেন। তাঁহার ম্বিত্রহণের আর সামর্থ্য রহিল না। তন্দুক্তে লক্ষ্যুণ প্রাণরক্ষায় সম্পূর্ণ হতাশ হইলেন। ক্ষলালেচন রাম অন্যের শরণ্য, লক্ষ্যুণ তাঁহাকে ধ্রাতলে শ্রান দেখিয়া যারপরনাই শোকাকুল হইলেন। বানরেরাও অতিমাত্ত সম্তন্ত হইল এবং রামকে বেন্টনপ্রক জলধারাকুল লোচনে রোদন করিতে লাগিল।

ষট্চয়ারিংশ দর্গা য় বানরগণ অভ্যন্ত ভীত ক্রম্ভ লাকাশ ও প্থিবী নিরীক্ষণ করিতেছিল, রয়ম ও লক্ষাণ নাগপাশে বন্ধ ইভাবসরে স্থাব ও বিভাষণ তথায় উপস্থিত হইলেন। পরে নীল ভ্রেবিদ, মৈন্দ, স্বেণ, কুম্দ, অগণদ ও হন্মান ই'হারাও শীঘ্র তথায় অনুষ্ঠা করিলেন। রাম ও লক্ষাণ শরবিন্ধ ও নিশ্চেট, তাহাদের সর্বাঞ্গ শেন্তিকলিত, নিংশ্বাস মন্দ মন্দ বহিতেছে, তাহারা শরশযায় সভব্বভাবে শায়ান ই মিবিক্তম ভ্রুতেগের ন্যায় নিস্তব্ধ হইয়া মৃদ্ মৃদ্ নিংশ্বাস ফেলিতেছেন। ও কুই মহাবীর রক্তান্ত দেহে হেমময় ধ্রজদণ্ডের ন্যায় পড়িয়া আছেন, ব্রথপতিলণ জলধারাকুল লোচনে উহাদিগকে বেটন করিয়া আছে। তন্দ্র্টে বিভীষণ ও স্থাবি প্রভৃতি বীরগণ অতিমান্ত ব্যথিত হইলেন। তৎকালে বানরেরা ইন্দ্রজিতের অনুসন্ধান পাইবার প্রত্যাশায় মৃহ্মুর্হ্, চতুদিক



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ও আঝাশ নিরীক্ষণ করিতেছিল, কিন্তু ইন্দ্রজিং মায়াবলৈ প্রচ্ছম, বানরেরা কিছ্তেই তাঁহাকে দেখিতে পাইল না। মহাবার বিভাষণ মায়াবিদ্যা জানিতেন। তিনিই কেবল মায়াপ্রভাবে তাঁহাকে সম্ম্খন্থ দেখিতে পাইলেন। ইন্দ্রজিতের বীরকার্য তুলনা-রহিত এবং ব্লেখ কেহই তাঁহার প্রতিদ্বন্দরী হইতে পারে না। বিভাষণই কেবল অল্বেষণ প্রসন্ধ্যে তাঁহার দর্শন পাইলেন।

অনশ্তর তেজ্ঞশ্বী ইন্দুজিং রাম ও লক্ষ্যাণকে শরশ্য্যার শয়ান দেখিয়া শ্বীয় বীর-কার্য পর্যালোচনা করিলেন এবং প্রতিমনে রাক্ষসগণকে প্রদাকত করিয়া কহিতে লাগিলেন, দেখ, বাহারা খর ও দ্বণকে বিনাশ করিয়াছে এক্ষণে সেই দ্ব বারি আমার শরে বিনন্ধ হইল। ইহারা এই নাগপাশবন্ধন কিছ্তেই ছেদন করিতে পারিবে না। সমস্ত খবি ও স্রাস্তর সমবেত হইলেও আজ্ল ইহাদের এই নাগপাশ হইতে ম্রিল নাই। আমার পিতা যে ভরে শোক ও চিন্তার কাতর ছিলেন, তিনি যে ভরে শব্যা স্পর্শ না করিয়াই রাত্রিবাপন করিতেন, যে ভয়ে লংকার সমস্ত লোক বর্ষানদীর ন্যার অত্যন্ত আকুল ছিল, আজ্ল আমি সেই ম্লহর অন্ধ এককালে নন্ধ করিলাম। এখন শত্র্গণের বলবিক্রম শরংকালীন মেছের নাার নিন্দল হইল।

মেঘের নাার । নন্দেশ হহল।

এই বলিয়া ইল্টান্তং ব্থপতি বানরাদগকে লক্ষ্ করিয়া শর প্রহার করিতে
লাগিলেন। তিনি নালের প্রতি নর শর এবং ফেল্টের বিক্ষ করিয়া হন্মানের
প্রতি দশ শর প্রয়োগ করিলেন। অনত্তর স্থাকে ও শরভকে দ্ই দ্ই শরে বিশ্ব
করিয়া মহাবেগে গোলাভগ্লেশ্বর প্রতিশালর প্রতি শর নিক্ষেপ করিয়া
ঘন ঘন সিংহনাদ আরক্ষ করিলেন এবং বানরবারগণকে এইয়্পে ভেদ করিয়া
ঘন ঘন সিংহনাদ আরক্ষ করিলেন এবং বানরগণকে ভর প্রদর্শনপূর্বক অটুহাস্যে
য়াক্ষসদিগকে কহিলেন, বার্ম্বার প্রতিতন ও নিক্ষেত্ত।

তথ্য ক্রাইয়ার্ছ। এখন উপ্রাি হততেন ও নিক্ষেত্ত।

তখন ক্টেষোধী রাক্ষসেরা ইন্দ্রজিতের এই অন্তর্ত কার্য দর্শনে বিক্সিত ও হৃষ্ট হইয়া সিংহনাদ করিতে লাগিল। রাম ও লক্ষ্যণ নিস্পন্দ ও নির্ছ্যাস হইয়া ভ্তলে শরান রহিরাছেন, তন্দ্র্টে রাক্ষসেরা উত্যাদিগকে বিনন্দ্রাম করিল এবং ইন্দ্রজিংকে বারংবার প্রশংসা করিতে লাগিল। পরে ইন্দ্রজিং রাক্ষসগণকে প্রাকৃত করিয়া মহাহর্ষে প্রপ্রবেশ করিলেন।

অনশ্তর কপিরাজ স্থানি রাম ও লক্ষ্যণের সর্বাধ্য শরবিন্দ দেখিয়া অতাশ্ত ভীত হইলেন। ক্লোধে তাঁহার নের্য্যলা আকুল এবং মুখ অপ্র্রুজনো সিন্তা। তল্পুন্দে বিভীষণ তাঁহাকে কহিতে লাগিলেন, স্থানি। ভীত হইও না, বাল্পবেগ সম্বরণ কর, যুদ্ধ প্রায়ই এই প্রণালীতে হইয়া থাকে, জয়লাভ কদাচই নিতা ও নিরত হয় না। এক্ষণে যদি আমাদের অদৃষ্টবল থাকে ত এই দুই বাঁর এখনই মোহমুক্ত হইবেন। তুমি আশ্কৃত হও, আমি অনাথ, আমাকেও আশ্বাস দাও।

বিভীষণ এই বলিয়া কপিরাজ স্থাতিবের নেগ্রম্গল জলার্চ হলেত মার্জিত করিয়া দিলেন। পরে এক গণ্ড্য জল বিদ্যাবলে মন্ত্রপত্ত করিয়া তন্ধারা তাঁহার দ্ইটি নেগ্র প্রকালন করিলেন এবং ন্বহলেত তাঁহার মুখ্যার্জনপ্রকি প্রকৃত অবসরে খারে খারে কহিতে লাগিলেন, কপিরাজ! এখন শোকবেগ সংবরণ কর। এই সংকটকালে অতিন্দেহও মৃত্যুর কারণ হইয়া থাকে। তুমি এই কার্যনাশক চিত্তবৈকলা দূর কর। রামের সম্মুখ্যথ এই সমুস্ত সৈন্য ভরে অত্যুক্ত

বিহ্নল হইয়াছে, ইহাদের শৃভাচনতা করা তেমের আবশ্যক। অথবা যতক্ষণ রাম এইর্প বিচেতন থাকিবেন তাবং তুমি ইংহাকে রক্ষা কর। ইনি ও লক্ষ্যুণ উভরে সংজ্ঞালাভ করিলে আমরা নিশ্চিন্ত হইব। দেখ, এইর্প অবন্ধা ত রামের পক্ষে কিছ্ই নয়, লক্ষণদৃষ্টে স্পন্টই বোধ হয় ইনি কদাচ মরিবেন না; যে শ্রী মৃতলোকের দ্ল'ভ, ইংহার সর্বশরীরে তাহা কিছ্ই পরিহীন হয় নাই। স্থাবি! শান্ত হও এবং ন্বীয় সৈন্যগণকে আশ্বন্ত কর। আমিও সমস্ত সৈন্যকে প্নরায় স্ক্রিথর করিতেছি। ঐ দেখ, বানরগণ ভয়বিস্ফারিত নেত্রে পরস্পর করে করের করিবেছে। এক্ষণে ইহারা ভ্রুক্ত্র্ব মাল্যের ন্যায় ভয় দ্র করিয়া ফেল্ব্র । বিভীষণ স্থাবিকে এইর্প প্রবোধ দিয়া ছিয়ভিয় প্রায়মান সৈন্যগণকে আশ্বন্ত করিতে জাগিলেন।

এদিকে মায়াবী ইন্দ্রজিং সসৈন্যে লংকা প্রবেশ করিলেন এবং রাক্ষসরাজ রাবণের সমিহিত হইয়া তাঁহাকে প্রণিপাতপূর্ব ক কৃতাঞ্জলিপ্টে কহিলেন, পিতঃ। রাম ও লক্ষ্যণ কিন্দট হইয়াছে।

রাবণ এই প্রিয় সংবাদ শ্রবণ করিবামান্ত গাত্রোখ্যানপূর্ব ক হৃষ্টামনে ইন্দ্রভিংকে আলিশ্যান করিলেন এবং তাঁহার মুস্তক আন্ত্রাণ করিরা আনুপূর্বিক সমুস্ত জিজ্ঞাসিতে লাগিলেন।

তখন ইন্দ্রজিং রাম ও লক্ষ্মণকে নাগপাশে ক্রিই করিয়া ষের্প নিন্প্রভ ও নিশ্চেট করিয়াছেন রাবণকে তাহা জ্ঞাপন ক্রিটেন। রাবণ ষারপরনাই সন্ত্ওট হইলেন। রামের ভয় তাঁহার বিদ্বিত হুইন্ট গেল। তিনি হ্পটবাকো বারংবার ইন্দ্রজিংকে অভিনন্দন করিতে লাথিক্রি

সশ্ভচমারিংশ দর্গ ॥ বানুষ্ঠান রামকে বেন্টনপূর্বক রক্ষা করিতেছে। মহাবীর হন্মান, অন্সদ, নীল, ক্রিন্দ, স্বেণ, নল, গজ, গৰাক্ষ, পনস, সান্প্রদ্ধ, জাম্ববান, ঋষভ, স্কুল, রম্ভ, শতবিল ও প্থেইহারা বন্ধের সহিত রামকে রক্ষা করিতেছেন। বহুসংখ্য সৈন্য বৃক্ষ উত্তোলনপূর্বক তথার দশ্ভায়মান আছে। উহারা চতুদিক ও আকাশ ধন ঘন নিরীক্ষণ করিতেছে এবং একটিমাত্র তৃণ নড়িলেও রাক্ষস বলিয়া অনুমান করিতেছে।

এদিকে রাবণ ইন্ট্রজিংকে বিদায় করিয়া, হৃষ্ট্রমনে স্বীতারক্ষক রাক্ষসীগণকে আহ্বান করিলেন। গ্রিজটা প্রভৃতি রাক্ষসীরা তাঁহার আন্দেশে শীঘ্র তথায় উপস্থিত হইল। রাবণ প্রেকিত মনে উহাদিগকে কহিলেন, রাক্ষসীগণ! তোমরা একণে জানকীরে গিয়া বল, মহাবীর ইন্ট্রজিং রাম ও লক্ষ্মণকে বিনাশ করিয়াছেন। আর তাহারে একবার প্রশেক রথে লইয়া রণস্থলে ঐ দুইজনকে দেখাইয়া আন। জানকী বাহার আশ্রয়গর্বে আমার প্রতি এতদিন বিম্থ হইয়া আছে, তাহার সেই ভর্তা রাম শ্রাতা লক্ষ্মণের সহিত বিনন্ধ হইয়াছে। এখন রামের আশা তাহার আর নাই এবং রামের শব্দাও তাহার আর নাই, এখন সে নির্দেবণে স্বেশে আমার হইবে; আজ সে অগত্যা আমারই হইবে।

তখন রক্ষেসীগণ প্রশেক রখ লইয়া অশোকবনবাসিনী সীতার নিকট গমন করিল। সীতা ভর্তশোকে পরাক্ষিত; রাক্ষসীগণ তাঁহাকে লইয়া প্রশেক আরোহণপূর্বক ধ্রক্ষপতাকাশোভিত লঙ্কায় বিচরণ করিতে লাগিল। ক্ষণকাল মধ্যেই রাম ও ক্ষমুণের মৃত্যুসংবাদ লভকার স্বারে স্বারে প্রচার হইয়া উঠিল।

অন্তর জানকী ব্রিজ্ঞটার সহিত রণস্থলে উপনীত হইয়া দেখিলেন, বানর-সৈনা বিন্দু এবং রাক্ষ্পেরা একান্ত হৃদ্ট ও সন্তুষ্ট হইয়া আছে। দেখিলেন, বানরবীরেরা দ্থেশ কাতর হইয়া রাম ও লক্ষ্মণের পাশ্বে উপবিষ্ট এবং রাম ও লক্ষ্মণ অঠিতনা হইয়া শরশ্বায় পতিত আছেন। তাঁহাদের বর্ম ছিয়ডিয়; শরসেন বিক্ষিণ্ড এবং সর্বাধ্য শরবিদ্ধ। তংকালে তাঁহারা য়েন কেবল শরময় হইয়া আছেন। জানকী ঐ দুই প্রভাৱীকলোচন বীরকে কুমারের নায় বীরশব্যায় শয়নে দেখিয়া অত্যন্ত কাতর হইলেন এবং উভাদিগকে ধ্লিতে লানিতে দাখিয়া জলধারাকুললোচনে কর্ণ কণ্ঠে রোদন করিতে লাগিলেন।



মণ্টদারিংশ সার্গ ॥ অনন্তর জানকী শোকাকুল হইয়া এইর্প বিলাপ করিতে লাগিলেন, হা! দৈবজ্ঞ ব্লান্ধালেরা আমায় কহিতেন, তুমি অবিধবা ও প্রবতী হইবে, আজ রাম বিনণ্ট হওয়াতে সেই সমস্ত জ্ঞানীর কথা মিথ্যা হইল। তাঁহারা আমায় কহিতেন, তুমি যজ্ঞশীল রাজার মহিবী হইবে, আজ রাম বিনণ্ট হওয়াতে সেই সমস্ত জ্ঞানীর কথা মিথ্যা হইল। তাঁহারা আমায় কহিতেন, তুমি বীর রাজগণের পত্নীমধ্যে অগ্রগণ্য হইয়া থাকিবে, আজ রাম বিনণ্ট হওয়াতে সেই সমস্ত জ্ঞানীর কথা মিথ্যা হইল। কুলস্ত্রীরা যে-লক্ষণে রাজ্যেশ্বর স্বামীর সহিত অধিরাজ্যে অভিষিদ্ধ হন, আমার করচরণে সেই পদ্মচিক বিদ্যমান। দুর্ভাগা দ্বী যে-সমস্ত দ্বর্লক্ষণে বিধবা হয়, বলিতে কি, আমার তাহা কিছুই নাই; কিন্তু স্বলক্ষণ সত্ত্বে আজ্ব আমার সকলই মিথ্যা হইল। সাম্বিক শাস্তে কহে, যদি স্বীলোকের করচরণে পদ্মচিক থাকে তবে তাহার ফল অব্যর্থ, কিন্তু রাম



বিনন্ট হওয়াতে সেই সমস্ত শাদ্র ও লক্ষণ মিথ্যা হইল! আমার কেশপাশ স্ক্রে, সম ও নীল: ভ্রুয়্গল পরস্পর-বিশ্লিষ্ট; জব্দা রোমশ্ন্য ও গোলাকার: দন্তপংক্তি ঘন ও সংশ্লিকট : ললাট ঈষৎ উচ্চ : নেত্র, হুস্ত, পদ, গঢ়ুক্ত ও উর্ সমপ্রমাণ : অপ্যালিদল স্নিপ্ধ সমমধ্য ও ববরেথার অভ্কিত : নখর গোলাকার, দতনদ্বয় নিবিড় ও কঠিন, চ্যুচ্কে নিমণ্দ ; নাভি মধ্যে নিন্দ ও পাশ্বে উন্নত ; বক্ষ উচ্চ ; বর্ণ মণিবং উল্জন্ত ; গাত্রলোম কোমল ; এবং হালা মৃদুমন্দ ; এই সমস্ত চিহ্নে স্ত্রীলকণজ্ঞেরা আমায় স্কুলক্ষণা বলিত। জ্যোতিঃশাস্ত্রনিপূর্ণ **রান্মণগণও কহিতেন, আমি রাজরাজেশ্বরের সহিত রাজ্যে অভিষিত্ত হইব, এখন** সে-সমস্তই মিখ্যা হইল। হা! এই দুই ভ্রাভা জনস্থ্যনের কণ্টক দুর করিলেন, আমার ব্তান্ত সংগ্রহ করিলেন এবং মহাসম্দ্র পার ক্রেলন ; এই সমস্ত দ্নুকর-সাধন করিয়া পরিশেষে কি গোল্পদে বিনন্ত ক্রিন। এই ক্ই বীর বার্ণ, আন্দের, ঐন্দ্র ও ব্রহ্মণির নামক অন্ত অধিক্ষু করিয়াছেন ; ইংহারা সংকটকালে সেই সকল অস্ত্র কেন স্মরণ করিলেন বিশ এই দুই বাঁর এই অনাথার নাথ, হা! ইন্দ্রজিং কেবল মারাবলে অদু বৃতি ইয়াই ই'হাদিগকে বিনাশ করিয়াছে। শানু যদি মনোবং বেগগামী হয় কিন্দুট রামের সহিত সম্মুখবৃদ্ধে প্রাণ লইয়া কদাচ প্রতিনিব্ত হইতে পারে আন কলের পক্ষে অতিভার কিছুই নাই, কৃতাত একাতে দুনিবার নাচং ক্রম একাশ্ত দর্নিবার, নচেং हुन्से লক্ষ্মণ কদাচ বিনষ্ট হইতেন না। এক্ষণে আমি ই'হাদের জন্য শোকাকুল মিহি. জননীর জন্যও শোক করি না, কেবল শ্বশ্র্যুর **জনাই আমার দ**ুঃখ। তিনি কেবলই ভাবিতেছেন, হা! কবে আমি জানকীর সহিত রাম ও লক্ষ্মণকে বনবাস হইতে প্রতিনিব,ত দেখিতে পাইব।

তখন রাক্ষসী ত্রিজটা জানকীরে এইরূপ বিলাপ করিতে দেখিয়া কহিতে লাগিল, দেবি! তুমি বিষয় হইও না, ভোমার ভর্তা রাম জীবিত আছেন, আমি যেজন্য এইরূপ কহিতেছি তাহার উপযুক্ত কারণ শ্ন। ঐ দেখ, যোম্খাদিগের মুখ কোপাকুলিত ও হর্ষে একানত উৎসকে। যদি অধিনায়ক রাম বিনষ্ট হইতেন তাহা হইলে উহাদের ঐর্প ভাব কদাচই দৃষ্ট হইত না এবং এই দিব্যবিমান প্রণকও তোমাকে ধারণ করিত না। আমি প্রীতিপূর্বক তোমাকে কহিতেছি, রাম বিনষ্ট হইলে বানরসৈন্য এইর্প নির্দিবগন ও নিশ্চিম্ত হইয়া থাকিত না। ইহারা এতক্ষণে কর্ণধারশূন্য নৌকার ন্যায় নির্গুসাহে দ্রমণ করিত। অতএব তুমি আশ্বস্ত হও ; আমি সাখকর অনামানে বানিতেছি, রাম ও লক্ষাণ বিনণ্ট হন নাই। দেবি! তুমি চরিত্রগর্গে আমার প্রীতিকর এবং স্বভাবগর্গে আমার হৃদয়ে প্রবিষ্ট হইয়াছ। আমি পূর্বে তোমায় কখন মিধ্যা প্রবোধ দেই নাই, এখনও দিতেছি না : বালতে কি. সারাসার ইন্দ্রও ঐ দাই বীরকে বিনণ্ট করিতে সমর্থ নহেন। আমি তাঁহাদের তাদৃশ আকারদৃষ্টেই তোমায় এইর্প কহিলাম। জানকি! এইটিই আশ্চর্য যে, ই'হারা নাগপাশে হতচৈতন্য হইয়া নিপতিত আছেন, কিন্তু ই'হাদিগের শ্রীসোন্দর্য কিছুমার পরিহীন হয় নাই। বাহার প্রাণ দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



নণ্ট হয় তাহার মূখ নিশ্চয়ই বিকৃত হইবে। এক্ষণে তুমি ই'হ্যাদগের জন্য আর শোক করিও না এবং দঃখে ও মোহ পরিত্যাগ কর।

তথন স্বক্ন্যার্পিণী জানকী চিজ্ঞটার এইর্প কথা শ্নিয়া কৃতাঞ্জিপ্টে কহিলেন, সথি! তুমি যের্প কহিতেছ এক্ষণে তাহাই সত্য হউক।

অনশ্তর জানকী মনোবং বেগগামী বিমান প্রতিনিবৃত্ত করিয়া লঙকায় প্রবেশপ্রেক গ্রিজটার সহিত তাহা হইতে অবতরণ করিলেন। রাক্ষসীরা তাঁহাকে অশোকবনে লইয়া গেল। জানকী ঐ বৃক্ষবহুল রাক্ষসরাজের বিহারভূমি অশোক-বনে প্রবেশ করিয়া রাম ও লক্ষ্যণের চিশ্তার অতিশর কাতর হইয়া উঠিলেন।

একোনপঞ্চাশ সর্গ ॥ রাম ও লক্ষাণ ঘোর নার্থ্যকৈ বন্ধ ; উ'হারা শোণিতলিণ্ড नााग्र निर्मान হইয়া ভ্রন্তংশার ফোলতেছেন এবং প্রভাতি বানরগণ শোকাকুল মনে ঐ দাই ক্রিভাকে বেশ্টন করিয়া আছেন ; ইতাবদরে মহাবীর রাম যদিও নাগপাশে দুর্ভিট বন্ধ, তথাচ দৈহিক দুঢ়তা ও বলের আতিশব্যহেতু শীপ্তই সচেতন হিটোন এবং দ্রাতা সক্ষাণকে দীনবদনে শ্মান দেখিয়া কর্ণকণ্ঠে কহিতে ব্যিলেন, হা! আৰু বখন বীর কক্ষাণকে প্রাজিত ও ভাতলে পতিত দেখিলাম উখন আমার জানকীলাভে কাজ কি এবং জীবনেই বা প্রয়োজন কি? আমি এই মর্ত্যলোক অনুসন্ধান করিলে জানকীর ভূল্য নারী অবশাই পাইতে পারি কিন্তু লক্ষ্যণের তুল্য ভ্রাতা সহায় ও বোধা আর পাইব না। একণে যদি ইনি প্রাণড্যাগ করিয়া থাকেন তবে আমিও সর্বসমক্ষে দেহপাত করিব। হা । আমি কোঁশল্যা, কৈকেয়ী ও প্রদর্শনার্থিনী স্মিরাকে কি বলিব। আমি যদি লক্ষ্যণ ব্যতীত অবোধ্যার বাই তবে সেই বিবংসা শোকে কুররীবং ক-পমানা স্মিত্তাকে কি বলিয়া প্রবোধ দিব এবং প্রাতা ভরত ও শত্মানুকেই বা কির্পে এই কথা বলিব, লক্ষ্যণ অরণাবাসে আমরে সংগী হইয়াছিলেন। এক্ষণে আমি তদ্ব্যতীত গ্ৰহে প্ৰত্যাগমন করিলাম। বলিতে কি, সংমিতা যথন এই উপলক্ষে আমায় ভর্পনা করিবেন আমি ভাহা কদাচ সহ্য করিতে পারিব না ; অতএব এই স্থানে দেহপাত করাই আমার শ্রেমঃকলপ। হা! আজ কেবল আমারই জন্য বীর লক্ষ্মণ শরশব্যায় মৃতবং পতিত আছেন, আমি অত্যন্ত কুকর্মানিবত ও নীচ, আমাকে ধিক্। ভাই লক্ষ্মণ! তুমি শোক-দঃথের সময় আমাকে প্রবোধ দিতে, কিন্তু আজ আমি কাতর হইয়াছি, তুমি মৃতকন্প ও পতিত আছ বলিয়া আমাকে সশ্ভাষণ করিতে পারিতেছ না। বারি! বধার তুমি স্বহস্তে বহুসংখ্য রাক্ষসকে বিনন্ট করিলে আজ স্বয়ংই সেই স্থানে শয়ন করিয়া আছ? ডোমার সর্বাঞ্গ রক্তান্ত, তুমি শরাজ্বর ও শরশব্যার শরান, এইজন্য অস্তগমনোকা্থ স্বার্বের ন্যায় নির্বাক্ষিত হইতেছ। **ভূমি মর্মে-মর্মে শর্**রিক্ষ, ভক্মিকশ্বন নীর্ব হইয়া আছ্

কিন্তু তোমার দূগিট ও মুখরাগে প্রহারপীড়া ব্যক্ত হইতেছে। তুমি অরণ্যবাসে আমার অনুগামী হইয়াছিলে, আজ আমিও যমালয়ে তোমার অনুসরণ করিব। তুমি স্বজনবংসল এবং আমারই নিত্য অনুগত : এক্ষণে কেবল এই অনার্য নীচেরই দ্বনীতিনিবন্ধন তোমায় এই দশা সহিতে হইল। বীর! তুমি অতিকোধেও যে আমায় কখন কট্রিন্ত করিয়াছ ইহা মনে হয় না। তোমার বিক্রম অসাধারণ : তুমি এক বেগে পাঁচ শত বাণ পরিত্যাগ করিয়া থাক, সূতরাং কার্তবীর্য অপেক্ষাও তোমার বলবীর্য স্থাধক। হা! বিনি শরজালে স্বররাজেরও শর্বেগ বারণ করিতে পারেন সেই উৎকৃত-শব্যাশায়ী আজ মৃতকল্প হইয়া ভূতলে শয়ান আছেন। আমি যে বিভীয়ণকে রাক্ষসগণের অধিরাজ করিতে পারিলাম না এক্ষণে এই মিথ্যা-প্রলাপ নিশ্চরই আমার দশ্ধ করিবে। সুগুরীব! আমি শোকাকুল বলিয়া ভূমি দাবলিপক্ষ ইইয়াছ, এক্ষণে রাবণের হলেত নিশ্চর পরাভাত ইইবে, অতএব এই মুহাতে ই প্রতিগমন কর। সুগ্রীব! তুমি অঞ্চদ নীল নল এবং সোপকরণ সমস্ত সৈন্য লইয়া সাগর পার হইয়া যাও। তুমি অতি দৃত্করসাধন করিয়াছ। ঋক্ষরাজ, গোলাপ্সালেশ্বর, অখ্যদ, মৈন্দ ও ন্বিবিদ ই'হারা অতি বিচিত্র ও জন্ডতে কার্য করিয়াছেন। মহাবীর কেশরী, সম্পাতি, গবয়, গবাক্ষ, শরভ, গজ ও অন্যান্য বানরও প্রাণপণে ঘোরতর যুখ্য করিয়াছেন 📞 এই সমস্ত কার্য অবশ্যই আমার পরিতোবের হইয়াছে, কিন্তু মন্ত্র কখন ক্রেইক অতিক্রম করিতে পারে না' তুমি আমার মিত্র ও ধর্মভার, এক্সণে তিরামার যতদরে সাধ্য তুমি তাহা করিলে কিম্তু তাহা আমারই ভাগ্যদোৰে বিশ্বত হইল। বানরগণ! তোমরা মিত্রকার্য করিয়াছ, এক্ষণে আমি কহিতেছি বথুয়ে। প্রস্থান কর।

তথন বানরগণ রামের এই কাহ্নীমন্ত শ্রবণপূর্ব ক অশ্রন্থাত করিতে লাগিল।

ঐ সময় বিভাষণ সৈন্যগণকে প্রেম্পর করিয়া গদাহস্তে শীন্ত রামের নিকট
আসিতেছিলেন। বানরগণ ঐ ক্রিকায় মহাবীরকে সহসা আগমন করিতে দেখিয়া
ইন্দ্রাজিংবাধে ইতস্ততঃ ক্রিয়ন করিতে লাগিল।

পঞ্চাশ সর্গা। তখন স্থাবি কহিলেন, দেখ, প্রবল বাত্যা উপস্থিত হইলে নোকা যেমন অস্থির হইয়া থাকে সেইর্প এই সৈন্য সহসা কি জন্ম আকুল হইয়া উঠিল। অংগদ কহিলেন, তুমি কি দেখিতেছ না, রাম ও লক্ষ্যণ শর্রবিশ্ধ ও শোণিত-লিশত হইয়া শয়ান আছেন।

স্থাবি কহিলেন, না, অপর কোন নিগ্ছে কারণ থাকিবে, বোধ হয় ভয়ই কারণ। ঐ দেখ সৈন্যগণ অস্থাসত পরিত্যাগপ্রেক ভয়-বিস্ফারিত লোচনে বিষমবদনে পলায়ন করিতেছে। উহারা এই ভীর্জনোচিত কার্বে কিছ্বতেই লস্কিত নহে, কেহই পশ্চাং দিকে দ্ঘিপাত করিতেছে না, পরস্পর পরস্পরকে আকর্ষণ করিতেছে এবং সকলে পতিত ব্যক্তিকে লন্দন করিয়া চলিয়াছে।

ইতাবসরে বিভাষণ আগমনপূর্বক স্থাবি ও রামকে জয়াশবিদি করিলেন।
তথন কপিরাজ স্থাবি বানরভাষণ বিভাষণকে নিরীক্ষণ করিয়া জান্ববানকৈ
কহিলেন, মহাত্মা বিভাষণ উপস্থিত, বানরেরা ই'হাকে দেখিয়াই ইন্দুজিং আশংকা
করিয়াছিল এবং সেইজনাই সভয়ে মহাবেগে পলায়ন করিতেছে। এক্ষণে তুমি
উহাদিগকে স্কিশ্ব কর, বল, ধর্মাত্মা বিভাষণ উপস্থিত।

তখন জ্বাম্ববান আম্বাসবাক্যে বানরগণকে প্রতিনিব্ত করিলেন। বানরের। দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বিভীষণকে নিরীক্ষণপূর্বক নির্ভাৱে প্রতিনিব্র হইল। পরে বিভীষণ রাম ও লক্ষ্যণকে তদকপ দেখিয়া অত্যনত ব্যথিত হইলেন এবং জলার্দ্র হৈতে উত্থানের নেত্রযুগল মার্জনা করিয়া শোকাকুল মনে সজল নয়নে কহিতে লাগিলেন, হা! এই দুই বীর মহাবল ও যুন্ধপ্রিয়, রাক্ষ্যেরা কেবল কুট্যুন্থে ইত্যাদিগকে এইর্প শোচনীয় দশায় ফেলিরাছে। ইত্যারা ধর্মযুন্থে রত, কিন্তু আমার দ্রাত্পর্য দ্রাত্থা ইন্দ্রজিৎ অতি কুসন্তান। সে কৃটিল রাক্ষ্যী ব্রন্থিপ্রভাবে ইত্যাদিগকে বন্ধনা করিয়াছে। ইত্যারা শর্রাবন্ধ ও শোণিতলিন্ত, এক্ষণে ধরাতলে শয়নপূর্বক কন্টকাকাণ শল্বকার ন্যায় দৃষ্ট হইতেছেন। আমি যাঁহাদের বাহ্বলে রাজ্যপদ কামনা করিয়াছিলাম এক্ষণে তাঁহারাই মৃত্যুর জন্য শয়ান। বলিতে কি আজ আমার জাবিন্মাত্যু, রাজ্যকামনা দ্র হইল এবং পরম শন্ত্র রাবণেরও জানকার অপরিহার-সংকল্প পূর্ণ হইল।

তখন স্থাবি বিভাষণকে আলিজ্যন করিরা কহিলেন, ধর্মশাল ! তুমি নিশ্চরই সঙ্কা অধিকার করিবে। সপত্ত রাবণ কদাচই প্রতিমাহ হইবে না। এই দুই দ্রাভাগর্ডের উপাসক, ই'হারা অবিলন্তেই বাতিয়োহ হইবেন এবং রাবণকে সগণে সংহার করিবেন।

স্থাীব বিভাষণকে এইর্পে সাম্বনা ও আম্মার প্রদানপ্রক পার্শবাদ্ধ বিশ্ব স্থাবিশ্ব স্থাবিশ্ব সাম্বন্ধ প্রাম্থ বিশ্ব সাম্বন্ধ প্রেপ্ত কহিলেন, আর্ব ! বাবং রাম প্রাম্থ কিন্দুর গদেন তাবং তুমি ই'ছাদিগকে লইরা অন্যান্য বানরের মৃতি কিন্দ্ধির গমন কর। এই অবসরে আমি স্বরংই রাবণকে প্রতিমতের সুহিত বিনাশ করিব এবং ইন্দ্র যেমন প্রহস্তগত দেবশ্রীকে উন্ধার করিরাছিলেন সেইর্প জ্ঞানকীরে উন্ধার করিব।

তথন স্বেশ কহিলেন, বংস। বামি প্র্কালে দেবাস্ব-সংগ্রাম দেখিয়াছি।

ঐ ব্দেধ শঙ্গাবিশারদ দানবের। মহাবীর স্বগণকে দানবা মায়ায় মোহিত করিয়া
বনাশ করে। স্বগগ্র ব্রুপীত মন্তাত্মক বিদ্যা ও ওর্ষধপ্রভাবে ঐ সমঙ্গত
পাঁড়িত হতজ্ঞান ও বিনষ্ট দেবতাকে চিকিংসা করিতেন। এক্ষণে সম্পাতি ও
পন্স প্রভৃতি বানরগণ সেই উর্ষধির জন্য মহাবেগে ক্লীরোদ সাগেরে যাত্রা কর্ন।

ঐ ঔর্ষধির নাম বিশল্যকরণা সঞ্জীবনা, উহা দেবনিমিত ও পার্বত্য, উহা
বানরগণের অপরিচিত নহে। যে স্থানে অম্তমন্থন হইয়াছিল সেই ক্লীরোদ
সম্দ্রে চন্দ্র ও দ্রোণ নামে দেবনিমিত দ্বইটি পর্বত আছে। তথার ঐ ঔর্ষধি
প্রাণ্ড হওয়া যায়। এক্ষণে এই প্রন্নন্দন হন্মানই সেই স্থানে যাত্রা কর্ন।

ইতাবসরে সহসা নভাম-ভলে মেঘ উখিত হইল, ঘন ঘন বিদ্যুৎ হইতে লাগিল এবং বায় প্রবলবেগে সম্মুদ্রকে ক্ষ্বিভত ও পর্বতসকল কদ্পিত করিয়া তুলিল। শ্বাপসম্বের আতি প্রকাণ্ড ব্ক্সকল প্রবল পক্ষবাতে চ্ব হইয়া সম্বেদ্র পতিত হইতে লাগিল। মলয়বাসী মহাকায় অজগরগণ অতিমান্ত ভীত হইয়া উঠিল এবং সমুস্ত জলজন্তু সাগরগর্ভে প্রবেশ করিতে লাগিল।

অনশ্তর বানরগণ মুহুত্মধ্যে প্রদীশ্ত পাবকের ন্যায় দ্বিরিক্য মহাবল গর্ড়কে দেখিতে পাইল। বিহগরাজ গর্ড় উপস্থিত হইবামার যে-সমস্ত ভীমবল সপ শরর্পী হইরা রাম ও লক্ষ্যণকে বন্ধন করে তংসম্দর পলায়ন করিল। তখন গর্ড় ঐ দ্বই মহাবীরকে অভিনন্দনপূর্বক উহাদের অল্য স্পর্শ করিয়া উহাদের মুখ্চন্দ্র করতলে মার্জনা করিয়া দিলেন। তাঁহার করস্পর্শমার উহাদের ব্রণম্থ শৃক্ত হইয়া গেল, দেহ শীঘ্র শ্লীলাবণ্যে শোভিত ও স্নিশ্ধ হইল এবং তেজ, বলবীর্য, কান্তি, উৎসাহ, ব্রিশ্ধ, স্মৃতি ও জ্ঞান শ্বিগ্র হইয়া উঠিল।

অনন্তর গর্ড ঐ দুই ইন্দুত্লা মহাবীরকে উষাপনপূর্বক আলিপান করিলেন। তখন রাম হুন্টমনে তাঁহাকে কহিলেন, বীর! আমরা তোমার প্রসাদে ঘোর বিপদ হইতে উত্তীর্ণ হইলাম এবং শীন্তই পূর্ববং বল পাইলাম। পিতা দশরথ ও পিতামহ অজকে দেখিলে ষের্প হয় আজ সেইর্প তোমাকে পাইয়া আমাদের মন প্রসল্ল হইতেছে। ভূমি সূর্প, তোমার সর্বান্ধে অন্লেপন, গলে উৎকৃষ্ট মাল্য; তৃমি দিব্য আভরণ ও নির্মাল বন্দ্র অপূর্ব শোভা পাইতেছ। এক্ষণে বল তৃমি কে?

তখন গর্ভ হযোঁ। ফ্রেল্লাচন রামকে প্রতিমনে কহিলেন, রাম! আমি তোমার সথা ও বহিশ্চর প্রিরতর প্রাণ। আমার নাম গর্ভ। আমি এই সংকটে তোমাণিগকে সাহায্য করিবার জন্য এই স্থানে আসিরাছি। ইন্দ্রজিং মারাপ্রভাবে তোমাণিগকে যে দার্থ শরে বন্ধন করিরাছে মহাবীর্য অস্র, বানর অথবা ইন্দ্রাদি দেবগন্ধর্ব, যে কেই ইউন না, ইহা হইতে মৃক্ত করা কাহারই সাধ্য নয়। এই সমসত নাগ তীক্ষাদশন ও মহাবিষ। ইহারা ইন্দ্রজিতের একান্ত আপ্রত এবং তাহারই মারার শরর্প পরিগ্রহ করিয়া আছে। রাম! তুমি ও সমর্রবিজয়ী লক্ষাণ তোমাদের বিলক্ষণ ভাগ্যবল। আমি এই বন্ধনসংবাদ পাইবামান স্নেহস্তে দাঘিই তোমাদের নিকট উপস্থিত হইলাম এবং ক্রের্নিবন্ধনই তোমাদিগকে বন্ধনম্ভ করিয়া দিলাম। অতঃপর তোমরা নির্ক্তি সাবধানে থাকিও। রাক্সেরা দ্বভাবতই ক্টেরান্ধা, আরে অকুটিল ভাবই তোমাদের বল, তোমরা যারপরনাই অমারিক। অতএব রগল্থলে রাক্সসগদকে ক্রিক্তিই বিশ্বাস করিও না। উহারা বে অত্যন্ত কুটিল, এক এই ইন্দ্রজিতের দৃত্তকৈ আলিক্ষানপ্রেক সন্দেহে প্নের্বার কহিলেন, রাম! তুমি ধর্মক, তিরে প্রতিও তোমার বাংসলা, এক্ষণে অনুমতি ক্রিক্রান, রাম! তুমি ধর্মক, তিরে প্রতিও তোমার বাংসলা, এক্ষণে অনুমতি

মহাবল গর্ড এই বলিয়া হাউকে আলিকানপ্রক সন্দেহে প্নবার কহিলেন, রাম! তুমি থমজি, করে প্রতিও তোমার বাংসলা, একণে অনুমতি কর আমি স্ক্রানে প্রস্থান করি। আমার সহিত বে কি স্তে তোমার স্থাতা তুমি তাহা জ্ঞাত হইবার করে কিছুমার উৎস্ক হইও না। বখন লংকাসমর জর করিয়া প্রতিগমন করিবে তখনই ইহা সমাক্ জানিতে পারিবে। বার! অতঃপর তোমার শরে এই লংকায় বালক ও বৃত্থমার অবশিত থাকিবে এবং তুমি অবিলাশে রাবণকে বিনাশ করিয়া জানকীরে উম্পার করিবে।

বিহুগরাজ গর্ড় এই বলিরা রামকে প্রদক্ষিণ ও আলিপানপ্রেক বায়্বেগে আকাশপথে প্রস্থান করিলেন। তখন ব্যপতি বানরেরা রাম ও লক্ষ্যণকে নীরোগ দেখিয়া যন যন লাগালে কম্পনপূর্বক সিংহনাদ করিতে লাগিল। ভেরীনাদ



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



উপিত হইল, ম্দণ্গ বাদিত হইতে লাগিল এবং অনেকে হ্ল্টমনে শৃণ্থধননি করিতে প্রবৃত্ত হইস। মহাবীর বানরগণ বাহনাস্ফাট্র ও বৃক্ষ উৎপাটনপূর্বক দলে দলে দাঁড়াইল এবং অনেকে ঘারতর গর্জ উৎপাটন রক্ষেসগণকে চকিত ও ভীত করিয়া সংগ্রামার্থ লঞ্জান্বারে চলিল বিশানরজনীতে মেঘগর্জন যেমন গৃদ্ভীর ও ভীষণ হয় তংকালে বানরগণের বিশ্বসাদ তদুপেই বোধ হইতে লাগিল।

একপশ্বাশ দর্গ ॥ এদিকে রাব্দি সনরগণের দিনপ্থগদভার গঞ্জনধর্নিন শর্নিয়া
দর্বসমক্ষে কহিলেন, যখন অবস্থানের মেঘগর্জনবং বারনাদ শ্বনা যাইতেছে তথন
ইহাদের নিশ্চয়ই হর্ষ উপিচ্ছিত। দেখ, ইহাদেরই এই সিংহনাদে সম্মুদ্র অতিমাত্র
ক্ষর্ভিত হইতেছে। রাম ও লক্ষ্মণ নাগপাশে দ্যুতর বন্ধ আছে তথাত বানরগণের
ঘন ঘন সিংহনাদ, ইহাতে বন্দুতই আমার মনে নানারপে আশ্বন্ধা অশিনতেছে।

অন্তর রাক্ষসরাজ রাবণ স্থীপবতী রাক্ষসগণকৈ কহিলেন, তোমরা শীঘ্র গিয়া জান, সংকটকালে বানরেরা কিজনা হর্ষ প্রকাশ করিতেছে।

তথন রাক্ষসেরা রাবণের আজ্ঞামাত্র বাস্তসমসত হইয়া নিগত হইল এবং প্রাকারে আরোহণপূর্বক দেখিল, কপিরাক্ত স্থানি বানর-সৈন্য-রক্ষায় নিয়ন্ত এবং রাম ও লক্ষ্যণ ভাষণ নাগপাল হইতে সম্পূর্ণ বিমন্ত ও উভিত। তদ্দেউ রাক্ষসেরা যারপরনাই বিষয় হইল, উহাদের ম্খকান্তি মলিন ও দীন ইইয়া গেল। অনন্তর উহারা ভাতমনে প্রাকার হইতে অবরোহণপূর্বক রাবণের নিকট গিয়া কহিল, মহারাজ্ঞ! মহাবার ইন্দুজিং রাম ও লক্ষ্যানকে নাগপাশে বন্ধনপূর্বক নিশ্চেন্ট ও অসাড় করিয়া দেন, কিন্তু এক্ষণে গিয়া দেখিলাম সেই দ্ই গজেন্দ্র-বিক্রম বার হন্তা থেমন বন্ধনমন্ত হয় সেইর্প সর্বতোভাবে বন্ধনমন্ত হইয়াছে।

রাবণ এই সংবাদ শ্রবণে চিন্তিত হইলেন। তাঁহার অত্যন্ত কোধের উদ্রেক হইল এবং মুখ বিবর্গ হইয়া গেল। তিনি কহিলেন, ইন্দ্রজিং দুক্তর তপশ্চর্যা দ্বারা যে শর অধিকার করেন তাহা সপসিদৃশ স্বস্ক্তন ও অমোঘ। তিনি সেই শরে আমার দুই শত্রুকে বন্ধন করিয়া আইসেন। একণে বদি বন্তুতই তাহারা সেই শরবন্ধন-মুক্ত হইয়া থাকে তবে ত দেখিতেছি আমার সমন্ত সৈনোরই

সংশয়দশা উপস্থিত। যে শর অমোধ তাহাও কৈ নিম্ফল হইয়া গেল!

রাক্ষসরাজ রাবণ এই বলিয়া জোধভরে ভ্রন্তর্ভেগর ন্যায় ঘন ঘন নিংশ্বাস ফেলিতে লাগিলেন এবং ধ্য়াক্ষকে আহ্বানপূর্বক কহিলেন, বীর! তুমি বহুসংখ্য সৈন্য লইয়া রাম ও বানরগণকে বিনাশ করিবার জন্য শীঘ্রই নির্গত হও।

অন্তর মহাবীর ধ্যাক্ষ তাঁহাকে প্রদক্ষিণপ্রক ধ্যুখার্থ নির্গত হইলেন এবং প্রাসাদের ম্বারদেশ অতিক্রম করিয়া সেনাপতিকে কহিলেন, আমি ধ্যুখযাত্রা করিব, আর বিলম্বের প্রয়োজন নাই, তুমি শীঘ্র সৈন্যগণকে স্কান্ত্রিত করিয়া আন।

ভখন সেনাপতি, মহাবীর ধ্রাক্ষের আদেশে এবং রাক্ষসরাজ রাবণের নিদেশে শাীন্নই সৈনাগণকৈ স্মাক্ষিত করিয়া আনিল। ঘোরর্প রাক্ষসেরা হ্লটমনে সিংহনাদপ্র্ক ধ্রাক্ষকে বেণ্টন করিল। উহারা মহাবল-পরাক্রান্ত, উহাদের কটিতটে ঘণ্টা ধ্রনিত হইতেছে, হলেত বিবিধ আয়্রান্ত। ঐ সমসত বারস্কিসনা শ্লা, মাুশার, গদা, পট্টিশ, লোহদণ্ড, মাুবল, পরিয়, ভিন্দিপাল, ভলে, পাশ ও পরশ্ব ধারণপ্র্ক জলদের ন্যায় গভীর গজন সহকারে নিগতি হইল। কেই বর্ম ধারণপ্রক ধ্রজদণ্ডশোভিত মাুরানিগথিতিত রথে আরোহণ করিল, কেই বর্গজালমণ্ডিত বিবিধমার গদ্ধিভ উঠিল, কেই বেগগামী অনের, কেই বা মদমত্ত হিতিপ্রেট চলিল। এইর্পে রাক্ষসসেনাগণ দর্ধর্ম ক্রান্ত্র ন্যায় দলে দলে নিগতি হইতে লাগিল। মহাবীর ধ্রাক্ষ সম্পাত্রত একি সংহ' ও ব্যায়্রম্থ গদ্ধে যোজত রথে আরোহণপ্রক ঘর্মর রবে নিগতি ইলেন এবং বে স্থানে হন্মান হাসামার্থ দণ্ডায়মান আছেন সেই পাদ্রক্রির মহাবেগে চলিলেন। তংকালে আন্তরীক্ষচর পিক্ষণণ ঐ ভীমদর্শন ক্রিলেকি নিগতি হইতে লাগিল। দেবতবর্ণ প্রকাশের করিতে লাগিল এবং উ'হার রথচ্ছায় এবছি ভাষণ গ্রে নিপতিত হইল। পরে অন্যান্য শ্রেভালী পক্ষী রথের ধ্বজাহে ক্রিতে প্রতিত ও গ্রাহিত ইতে লাগিল। দেবতবর্ণ প্রকাশের ক্রিবের লিশত হইল। ক্রিকে লাগিলেন, প্রিবী কান্পত হইল, বিরুব্বিপ প্রতির্দ্রোতে বহিতে লাগিলে। চত্রিকে ঘার অন্যক্রর। তথন ধ্যাক্ষ এই সমসত ভীষণ উৎপাতে দর্শন করিয়া আতিমার ব্যাথিত হইলেন। তাহার অগ্রবতী বীরেরাও বিমোহিত হইল।

অনন্তর ঐ মহাবীর সংগ্রামস্পৃহায় নিন্তান্ত হইয়া দেখিলেন, বানরসৈন্য রামের বাহ্বলে রক্ষিত হইয়া প্রলয়কালীন সমুদ্রের ন্যায় অবস্থান করিতেছে।

শ্বিপশ্বাশ লগা ॥ তথন বানরগণ ভীমবিক্রম ধ্য়াক্ষকে নিগতি দেখিয়া ব্ন্ধার্থ হ্লমনে সিংহনাদ করিতে লাগিল। উভরপক্ষে তুম্ল সংগ্রাম উপস্থিত ; পরস্পর পরস্পরকে বৃক্ষ এবং শ্ল ও ম্লাগর প্রহার আরম্ভ করিল। রাক্ষসেরা বানরগণকে ইতস্ততঃ ছিল্লভিল্ল করিতে লাগিল এবং বানরেরাও রাক্ষসগণকে ব্কাঘাতে সমভ্ম করিয়া ফোলল। তথন রাক্ষসেরা ক্রোধাবিষ্ট হইয়া সরলগামী শাণিত শরে বানরগণকে খণ্ড খণ্ড করিতে লাগিল। কেহ ভীষণ গদা, কেহ পট্টিশ, কেহ ক্টেম্পার, কেহ ঘোর পরিঘ এবং কেহবা বিচিত্র রিশ্লে প্রহার আরম্ভ করিল। মহাবল বানরেরা ক্রোধে সমধিক উৎসাহিত হইয়া উঠিল এবং নির্ভায়ে ঘোরতর বৃশ্ব করিতে লাগিল। উহাদের সর্বাশ্য শ্লে ও শরে ছিল্লভিল্ল, উহারা বৃক্ষ ও শিল্যা লইয়া ভীমবেগে লম্ফপ্রদানে প্রবৃত্ত হইল এবং স্ব-স্ব নাম গ্রহণ-পর্বক রাক্ষসগণকে মন্থন করিতে লাগিল। ক্রমশঃ রণস্থল অতিশয় তুম্ল হইয়া

উঠিল। নিভাঁক বানরেরা প্রকাশ্ড শিলা ও শাখাবহুল বৃক্ষ শ্বারা রাক্ষসগণকে প্রহার আরম্ভ করিল। শোণিভপায়ী রাক্ষসেরা অনবরত রক্তবমন করিতে লাগিল। কাহারও পাশ্ব ছিল্ল, কেহ দশ্ডাঘাতে খণ্ডিত, কেহ শিলাপ্রহারে চূর্ণ এবং অনেকে বৃক্ষ শ্বারা নিহত ও রাশাক্তিত হইল। কেহ ভগ্ণধক্ষদেশ্ড, কেহ হস্ত-স্থালিত খলা এবং রথ শ্বারা বিনণ্ট হইতে লাগিল। ক্রমশঃ রণস্থল মৃত পর্বতাকার হস্তা, বানরানিক্ষিত শৈলশ্ভগ, ছিল্লভিল অশ্ব ও অশ্বারোহিগণে প্রণ হইয়া গেল। ভীমাবিক্রম বানরেরা মহাবেগে লম্ক্রপ্রদানপূর্বক রাক্ষসগণের মৃথ ধরিয়া স্তাক্ষ্য নথে বিদীর্ণ করিতে লাগিল। রাক্ষসদিগের মৃখ বিষ্কা, কেশ বিকীর্ণ। উহারা শোণিতগন্ধে মৃছিভি হইয়া পড়িল। ইতাবসেরে বহুসংখ্য রাক্ষস ক্রোধাবিদ্য হইয়া, বানরগণকে বছ্রবংবেগে চপেটাঘাত করিবার জন্য ধাবমান হইল। বানরেরাও উহাদিগকে মহাবেগে ভ্তলে নিক্ষেপ করিতে লাগিল এবং মৃণ্টিপ্রহার পদাঘাত দংশন ও বৃক্ষ শ্বারা উহাদিগকে বিনন্ট করিল।

তথন মহাবীর ধ্রাক্ষ রাক্ষসদিগকে পলাইতে দেখিয়া মহাক্রোধে ঘোরতর যুখ্ধ আরন্ড করিলেন। কোন কোন বানর প্রাস অস্ত্রে আহত ও রুধিরধারায় সিন্তু হইল। কেই মুশ্বরপ্রহারে ভূপ্তে শরন করিল। কেই পরিষ, কেই ভিল্পিলা ও কেই বা পঢ়িশ ন্বারা বিবশ ও বিনন্ট ইইল। অসেতে রোষাবিন্ট রাক্ষসদিগের ভরে দ্রুতপদে পলাইতে আরন্ড করিল। কাহার হইরাছে, সে এক পাশ্বে শরান, কেই চিশ্ল ন্বারা বিশ্লি ইইরাছে, কাহারও অন্তনাড়ী নিগত। এইর্পে ঐ কপিরাক্ষসসক্তল ভারে সংগ্রাম অত্যত্ত শোভা ধারণ করিল। তংকালে রণস্থলে যুন্ধর্প সপাত-বিদ্যার অন্শীলন ইইতে লাগিল; শ্রাসমের জ্যা ঐ সপাত্রের মধ্র বীগা, হ্রুপে বিদ্যার সন্গাতের কণ্টনালী-নিঃস্ত হিকা তাল এবং মন্দ নামক মাত্রপাণ্ডর ব্যুপ্ত রবই সপ্গতি। মহাবীর ধ্রাক্ষ অবলীলাক্রমে বানরগণকে বিদ্যাবিত করিলে

অনন্তর হন্মান ধ্যাকৈর শরজালে বানরগণকে নিপাড়িত ও ব্যথিত দেখিয়া এক প্রকান্ড শিলাখন্ড গ্রহণপূর্বক ক্রোধভরে উত্থার সমিহিত হইলেন। তাঁহার লোচনযুগল রোষে অধিকতর আরম্ভ। তিনি বিজমে পবনেরই অনুরূপ। ঐ মহাবার উদ্যত শিলাখন্ড ধ্য়াক্ষকে লক্ষ্য করিয়া নিক্ষেপ করিলেন। ধ্য়াক্ষ শিলাখণ্ড মহাবেগে আসিডে দেখিয়া, সম্বর রথ হইতে লম্ফ প্রদানপূর্বক গদা উদাত করিয়া ভ্তলে দণ্ডায়মান হইলেন। প্রকাণ্ড শিলা উছার চক্র, কুবর, ধ্রম্ব ও কোদশেডর সহিত রথ চ্র্ণ করিয়া নিপতিত হইল। পরে হন্মান শাখাবহ্ল বৃক্ষ উৎপাটনপূর্বক রাক্ষসগদকে বিলক্ষণ প্রহার আরম্ভ করিলেন। রাক্ষসেরা চ্পমশ্তক ও রক্তান্ত হইয়া ধরাতলে শর্মন করিতে লাগিল। ইত্যবসরে মহাবীর **হন্মান এক শৈলগ্রুগ গ্রহণপূর্বক ধ্য়াক্ষকে লক্ষ্য করিরা ধাবমান হইলেন।** ধ্য়াক্ষও সহস্য সিংহনাদপূর্বক গদাহক্ষেড উ'হার অভিমুখে গমন করিলেন এবং ক্রোধাবিষ্ট হইয়া উ'হার সম্ভকে ঐ কণ্টকাকীর্ণ গদা সহাবেগে নিক্ষেপ করিলেন। গদা ব্যর্থ হইয়া গেল। তখন হন্মান শৈলশৃত্য ত্বারা ধ্য়াক্ষের মুস্তক চূর্ণ করিয়া ফেলিলেন। ধ্যাক্ষ সর্বাঞ্চ প্রসারিত করিয়া বিক্ষিণ্ড পর্বতবং সহসা ভ্তলে পতিত হইল। ভদ্দেট হতাবশিষ্ট রাক্ষসেরা অতিমার ভীত হইয়া মহাবেগে **ল**•কায় প্রবেশ করিল।

এইর্পে মহাবীর হন্মান শর্সংহার ও রক্তনদী বিস্তারপূর্বক অত্যস্ত প্রীত হইলেন এবং যুম্পশ্রমে একাস্ত ক্লাস্ত হইরা পড়িলেন। বানরেরাও তীহাকে

বারংবার সাধ্বাদ প্রদান করিতে লাগিল।

তিপশুশে সর্গ ॥ অনন্তর রাক্ষসরাজ রাবণ মহাবীর ধ্যাক্ষের বধসংবাদে যারপরনাই কোধাবিষ্ট হইলেন। তিনি ভ্রুণেগর ন্যায় ঘন ঘন দীর্ঘ ও উষ্ণ নিঃশ্বাস পরিত্যাগপ্রক মহাবলপরাক্ষান্ত বন্ধুদংশ্রকে কহিলেন, বীর! তুমি রাক্ষসসৈন্যে বেষ্টিত হইয়া শীন্তই ঘ্রুখার্থ নিগতি হও এবং স্ক্রীব প্রভৃতি বানরগণের সহিত পরম শত্রু রামের বিনাশসাধন করিয়া আইস।

মায়াবী বজ্রদংশ্র রাবণের নিদেশে অবিলন্থেই নিগত ইইলেন। উহার সমাভিব্যাহারে যুক্তপাতাকাশোভিত অসংখ্য হসতী অন্ব উন্দ্র ও গদভ চলিল। বীর বজ্রদংশ্র বিচিত্র কেয়ুর ও কিরীটে অলভ্কত; তাঁহার সর্বাঞ্চেগ উৎকৃষ্ট বর্ম। তাঁন প্রেকাণেছিত তম্তকাঞ্চনখাচিত রথ প্রদক্ষিণপূর্বক শরাসন হসেত আরোহণ করিলেন। পদাতিগণ খণ্টি, তোমর, চিক্রদ, মুবল, ভিন্দিপাল, ধন্, শক্তি, পট্রিল, খলা, চক্র, গদা, ও শাণিত পরশ্ব গ্রহণপূর্বক তাঁহার সমাভিব্যাহারে নিগতি ইইল। রাক্ষসগণ বিচিত্র-কন্তবারী ও উন্দর্শনবেশ। মদমন্ত মাত্রপোরা গমনকালো জন্গম্পর্বতং শোভা ধারণ করিল। ঐ সমস্ত হসতীর স্ক্রেকার সমর্বানপূর্ণ তোমর ও অভকুশধারী মহাবীর চলিয়াছে। স্লক্ষণাক্রান্ত মিচুবল অন্বে বহুসংখ্য বীর মুখবেশে থাইতেছে। তথন ঐ রাক্ষসসৈন্য বিদ্যালাল বিদ্যালাহিত গর্জনন্দীল জলদের ন্যায় শোভিত হইতে লাগিল। উহাদের যান্তাকালে পথিমধ্যে নানার্প অশ্বভ উপন্থিত মুখবিনাখা উন্যারপ্রক চীংকার করিতে প্রবৃত্ত হইল। ভরণকর মুগেরা ক্রেকানিথন অভিবান্ধ করিতে লাগিল। আমন্ত উৎপাত্তিক স্ক্রেল নিরীকণ ও যুম্বোংসাহে ধৈর্যাবলন্তনপূর্বক বাইতে লাগিলে। বাম্বোগ্র সমস্ত উৎপাত্তিক স্ক্রেল নিরীকণ ও যুম্বোংসাহে ধৈর্যাবলন্তনপূর্বক বাইতে লাগিলে। বান্বেরাও রাক্ষসদিগকে আগমন করিতে দেখিয়া দিগনত প্রতিধ্বনিত করত সিংহনাদ আরক্ষ করিলে।

অনশ্তর ভামর্পা বানর ও রাক্ষসগণ প্রশ্পর সংহারাথাঁ হইয়া ঘোরতর বৃদ্ধে প্রবৃত্ত হইল। সমরোৎসাহা বারেরা র্থিরধারার দ্যাত হইরা ছিল দেহে ছিল মন্তকে রগস্থলে পতিও হইতে লাগিল। অগল্পিবং ভ্রুদ্দাভয়্ত্ত যুদ্ধে অপরাঙ্মুখ কোন কোন বার প্রতিপক্ষার বারগণের প্রতি বিবিধ গদ্ধ নিকেপ করিতে লাগিল। রগস্থলে কেবলই বৃক্ষ শিলা ও শন্তের খ্দর্যবিদারক ঘোরতর শব্দ, রথের ঘর্যর রব, কার্ম্বকের উন্কার এবং শব্দ ভেরা ও মৃদ্ধাবিদারক ঘোরতর হইতে লাগিল। কোন কোন বার অস্ত্র পরিত্যাগপ্রক বাহ্যুদ্ধে প্রবৃত্ত হইল। অনেকে চপেটাঘাত পদাঘাত ম্ভিপ্রহার ব্ক্ষপ্রহার ও জান,তাড়ন ন্বারা চ্পা ও বিনন্ট হইতে লাগিল। বহ্সংখ্য রাক্ষস সম্র-মদ-মত্ত বানরগণের শিলাঘাতে পিট্পেষিত হইয়া গেল।

তন্দ্রে মহাবীর বন্ধ্রদংশ্ব ভয় প্রদর্শনপর্থক লোকসংহার-প্রব,ত পাশহস্ত কৃতান্তের ন্যায় রণস্থলে বিচরণ করিতে লাগিলেন। মহাবল রাক্ষসেরা ক্রোধে অধীর হইয়া উঠিল এবং সাতীক্ষা শরে বানরগণকে বিনাশ করিতে লাগিল। তখন ধ্নী হন্মান সংবর্তক বহির ন্যায় ন্বিগান ক্রোধে প্রজনিত হইয়া রাক্ষসব্ধে



প্রবৃত্ত হইলেন। মহাবীর অধ্পদ রোবে আরম্ভলোচন হইয়া বৃক্ষ উত্তোলনপূর্বক সিংহ যেমন ক্ষ্ম মৃগদিগকে বিনাশ করে সেইর্প রাক্ষসগণকে বিনাশ করিতে উদাত হইলেন। ভীমবল রাক্ষসসৈনা চ্পমিশ্তক হইয়া ছিল ব্কের ন্যায় ধরাতলে শয়ন করিতে লাগিল। তখন রগভ্মি রথ, বিচিত্র ধ্রুক্ত, অশ্ব ও উভয়পক্ষীয় সৈন্যের মৃতদেহে এবং রুধিরপ্রবাহে অত্যশ্ত ক্রিকা হইয়া উঠিল। উহার ইতস্ততঃ হার কেয়্র বস্তু ও ছত্র নিপতিত, তুর্কুলৈ উহা শারদীয় রাত্রির ন্যায় শোভা পাইতে লাগিল। ক্রমশঃ রাক্ষসেরা অত্যক্ষর বাহ্রেগে প্রনক্ষিণত মেছের ন্যায় অস্থির হইয়া উঠিল।

চড়:পণ্যাদ সর্গ ॥ তথন মহাবিষ্ঠ বস্তুদংগুর রাক্ষসসৈনার বিনাশ ও অধ্যাদের বল প্রকাশ দেখিয়া অত্যনত ক্রেন্ট্রেন্টি ইলেন এবং বস্তুকরপ শরাসন বিস্ফারণপূর্বক বানরগণের প্রতি শরব্দিট করিতে লাগিলেন। রথার চ প্রধান প্রধান রাক্ষসবারেরাও অনবরত শরবর্ষপূর্বক ঘোরতর বৃদ্ধ আরুভ করিল। বার বানরগণ চতুর্দিকে দলবন্ধ হইয়া শিলাহস্তে উহাদের সহিত ধৃদ্ধ করিতে লাগিল। রাক্ষ্যেরা উহাদিগকে লক্ষ্য করিয়া অসংখ্য অস্ত্র নিক্ষেপে প্রবৃত্ত হইল, মন্তমাত্শগতুল্য বানরেরাও প্রকাশ্ড প্রকাশ্ড শিলা ও বৃক্ষ মহাবেগে নিক্ষেপ করিতে লাগিল। তংকালে উভয়পক্ষে ঘোরতর বৃদ্ধ উপস্থিত। কাহারও মুক্তক অভ্যন কিন্তু হস্তপদ ছিম্নভিম হইয়াছে, কাহারও সর্বাণ্য শরপীজিত ও শোগিতে সিক্ত। দ্বই পক্ষে বহুসংখ্য বার রণশায়ী হইতে লাগিল। কারু কর্ত্বক গায় ও শ্লালেরা আসিয়া উহাদের মৃতদেহোপরি নিপ্তিত হইল এবং ভার্তনের ভরজনক কর্ত্বগণ অনবরত উব্লিত হইতে লাগিল।

অনন্তর রাক্ষসেরা বৃক্ষ ও শিলাঘাতে ক্ষতবিক্ষত হইরা পলায়ন আরন্ত করিল। তন্দ্র্টে মহাপ্রতাপ বজুদংশ্ট্র রোবার্ণ নেরে ভর প্রদর্শনিপ্র্বিক বানর-সৈন্যমধ্যে প্রবেশ করিলেন এবং কব্কপগ্রহাটত সরলগামী একমান্ত শরে এককালে বহ্সংখ্য বানরবীরকে বিন্দ্র করিতে লাগিলেন। বানরগণ বজুদংম্ট্রের শরে ক্ষত-বিক্ষত হইরা প্রজাপতি রক্ষার নিকট বেমন প্রজারা ধাবমান হর সেইর্প অভ্যাদের নিকট সভরে মহাবেগে ধাবমান হইল। তখন অভ্যাদ বানরগণকে ভীত ও সমরে পরাজ্ম্ব দেখিয়া ক্রোধভরে বজুদংশ্রের প্রতি দ্যিন্সাত করিলেন। বজ্রদংশ্রত তাঁহাকে ঘন ঘন রুক্ষনেত্রে নিরীক্ষণ করিতে লাগিল। অন্যতর ঐ দুই মহাবীরের তুম্ল যুন্থ উপস্থিত। উ'হারা রণস্থলে মন্তমাতল্পবং বিচরণ করিতে প্রবৃত্ত হইলেন। বস্কুদংশ্র আন্দিশাকার শরে অল্সদের মর্মাস্থল বিন্ধ করিল। অল্যদের সর্বাণ্গ শোণিতে সিম্ভ হইয়া পেল, তিনি বজ্রদংশ্রকে লক্ষা করিয়া মহাবেশে বৃক্ষ নিক্ষেপ করিলেন। বস্তুদংশ্রকৈ অবলীলাক্রমে ঐ বৃক্ষ খণ্ড খণ্ড করিয়া ফোলল। তথন অল্যদ বজ্রদংশ্রের এই বারকার্য নিরীক্ষণপূর্বক কোধভরে এক প্রকাণ্ড শিলা গ্রহণ করিলেন এবং উ'হার প্রতি মহাবেগে নিক্ষেপপূর্বক সিংহনাদ করিতে লাগিলেন। বক্রদংশ্র ব্যুস্তসমস্ত হইয়া রশ্ব হইতে অবতরণ ও গদাগ্রহণ-পূর্বক স্থিরভাবে দাড়াইল। অল্যদিনিক্ষণ্ড শিলাও অন্য করু বৃক্ষ গ্রহণপূর্বক বক্রদংশ্রের মস্তকে নিক্ষেপ করিলেন। বক্রদংশ্র অল্যদ অন্য এক বৃক্ষ গ্রহণপূর্বক বক্রদংশ্রের মস্তকে নিক্ষেপ করিলেন। বক্রদংশ্র ঐ বৃক্ষপ্রহারে ম্ছিতি হইয়া পাড়ল, উহার মুখ দিয়া অনবরত রম্ভবমন হইতে লাগিল। সে গদা আলিশান-পূর্বক বিমোহিত ইইয়া ঘন ঘন নিঃশ্বাস ফেলিতে লাগিল। পরে ঐ মহাবীর সংজ্ঞালাভপূর্বক ক্রোধভরে অপ্যাদের বক্ষপ্রতলে এক গদাঘাত করিল।

অন্তর উভ্রের ম্ভিয্ন আরশ্ভ ইইল। উত্তারা পরস্পরের ম্ভিত্রারের অন্বরত রম্ভবমন করিতে লাগিলেন। উভ্রেরই প্রেইমের্জানত বিলক্ষণ প্রাণ্ডি উপস্থিত। উত্তারা রণস্থলে শৃত্র ও ব্যের নামে ক্রিটি ইইতে লাগিলেন। পরে ঐ দৃই মহাবার অবভ্রমানিমিত ফলক এবং ক্রিটেশ জালক্ষাভিত নিন্দোষিত অসি গ্রহণপূর্বক বিবিধ গাতিতে বিচরণ করিতি লাগিলেন এবং জ্মলাভাথী হইয়া সিংহনাদপূর্বক পরস্পর পরস্পরকে প্রাহার করিতে প্রবৃত্ত ইইলেন। উভ্রের স্বাণ্গ অক্ষাঘাতে ছিল্লভিল্ল ইইয়া বিশ্বারা ব্রণম্খনিগতি রুবিরে প্রাণ্ডিত বির্মিত ইইলেন এবং উভ্রেই জ্ঞান্সংক্ষাচপ্রক বারসেন উপ্রেশন করিছেন

অনশ্তর নিমেষমাত্রে জিন্সাদ দশ্ডাহত উরগের ন্যার জ্বলন্ত নেত্রে উত্থিত হইলেন এবং স্নাগিত অক্ষান্বারা বন্তুদংস্ট্রের মন্তক ছেদন করিলেন। বন্তুদংস্টের স্বাগ্য রক্তান্ত হইল, মন্তক শ্বিখন্ড হইয়া পড়িল এবং নেত্র উন্বার্তিত হইয়া গেল।

তখন রাক্ষসেরা বন্ধদংন্দ্রের বিনাশে অত্যন্ত ভীত হইল এবং বানরগণ কর্তৃক হন্যমান হইয়া লক্ষাবনতমুখে দীনভাবে লংকরে দিকে ধাবমান হইল।

মহাবীর অংগদ শানুবিনাশ করিয়া অত্যন্ত হৃষ্ট হইলেন এবং স্বেরাজ ষেমন স্বেগণে পরিবৃত হন সেইর্প তিনি বানরগণে বেষ্টিত ও প্রিজত হইতে লাগিলেন।

শংশপাশ সর্গ । অনন্তর রাক্ষসরাজ রাবণ বজুদংশ্রের বিনাশসংবাদে অত্যন্ত রোধাবিন্ট হইলেন এবং কৃতাঞ্চলিপ্রেট দশ্ডায়মান সৈন্যাধ্যক্ষ প্রহস্তকে কহিলেন, প্রহস্ত! এক্ষণে ভীমবল রাক্ষসগণ সর্বাস্থাবিং অকম্পনকে লইয়া শীঘ্রই বৃদ্ধার্থ নিগতি হউক। এই অকম্পন শত্র্দমনে স্নিন্প্রণ; ইনি স্বপক্ষের রক্ষক এবং বৃদ্ধের অধিনায়ক। বে কার্যে আমার শ্ভুভসাধন হয় ইনি প্রাণপ্রণে ভাহাই ইচ্ছা করেন। বৃদ্ধে ই'হার অভ্যন্ত উৎসাহ; এক্ষণে এই মহাবীরই রাম লক্ষ্মণ এবং স্থোব প্রভৃতি বানরকে নিশ্চয়ই বিনাশ করিয়া আসিবেন।

অনন্তর প্রহুদ্ত রাক্ষসরাজ রাবণের আদেশক্রমে সৈন্যগণকে স্কৃতিজ্ঞত করিলেন। ভীমদর্শন ভীমলোচন সৈন্যগণ অদ্যুশ্দ্য গ্রহণপূর্বক নিগত হইল। মহাবীর অকন্পন জলদকায়, তাঁহার কণ্ঠদ্বর জলদগদ্ভীর; স্রুগণও তাঁহাকে সংগ্রামে বিচলিত করিতে পারেল না। ঐ মহাবীর তণ্ডকাঞ্চনখচিত রথে আরোহণপূর্বক রাক্ষসসৈন্যে বেণ্টিত হইয়া কোণ্ডবের নিগত হইলেন। ঐ সময় সহসানানার,প দ্লক্ষণ উপস্থিত; অকন্পনের অন্বসকল অকস্মাৎ হীনবল হইয়া পেজন, বামনের ম্বুম্ব্রু স্পন্দিত হইতে লাগিল, ম্থ্রী বিবর্ণ হইয়া গেল এবং কণ্ঠদ্বর বিকৃত হইল। স্কিনে দ্বিদ্ন উপস্থিত; বায়ু রক্ষভাবে বহমান হইল এবং ভয়ত্কর ম্গপক্ষিণণ ক্রুক্সবরে চীকোর করিতে লাগিল। কিন্তু সেই সিংহস্কন্ধ শার্দ্রেকিম মহাবীর ঐ সমস্ত দ্বেক্ষণ লক্ষ্য না করিয়াই নিগতি হইলেন। উহার নিগমনকালে রাক্ষসেরা সম্মুক্তে ক্রিলে ব্রুষ্যা সিংহনাদ করিতে লাগিল। এদিকে বানরসৈন্য ব্ক্ষিণলা হস্তে লইয়া ব্ন্থার্থ প্রস্তুত; তৎকালে উহারা রাক্ষসগণের সিংহনাদে অত্যন্ত ভীত হইল।

অন্তর দুইপক্ষে ঘারতর যুন্ধ উপস্থিত। দুইপক্ষই রাম ও রাবণের জন্য প্রাণপণে যুক্ষে প্রবৃত্ত হইল। উহাদের মধ্যে সকলেই পর্বতাকার ও মহাবল-পরাক্রান্ত। উহারা পরস্পর সংহারাধ্যি হইরা তুম্বান্ত শ্বে আরুভ করিল এবং ক্রোধভরে তর্জন-গর্জন করিতে লাগিল। তংকলে কেবলই সিংহনাদের গভার শব্দ। বারগণের চরণসম্খিত ধ্যুবর্ণ ধ্লিজ্বি সাল দিক আব্ত করিল। কেহই আরে কোন ব্যক্তিকে স্কুপন্ট দেখিতে পাইল কি; সমস্তই অন্ধ্বারময়; ধ্রজদন্ত, পতাকা, চর্মা, অন্ত, অন্ব ও রথ কিছুব্দ নরীক্ষিত হইল না। কেবলই দ্রুতগামী বারগণের পদশব্দ ও সিংহনাদ শুর্তিসাচর হইতে লাগিল। বানরেরা বানরগণকে এবং রাক্ষসেরা রাক্ষসগণকে কেবলের বিনাশ করিতে লাগিল। অন্ধ্বারে স্ব-পর পক্ষ আর কিছুমান বিচার ক্রেবার সামধ্য রহিল না। ক্রমশঃ রণস্থল শোণিত-প্রভাবে পতিকল হইয়া উরিল, ধ্লিজাল অপনীত হইল এবং বারগণের মৃতদেহে রণভ্মি পরিস্থা হইয়া গেল।

অন্তর উভয়পক্ষই বৃক্ষ, শক্তি, গদা, প্রাস, শিলা, পরিষ ও তোমর শ্বারা পরস্পর পরস্পরকে প্রবলবেগে প্রহার করিতে লাগিল। বানরেরা পর্বতপ্রমাণ রাক্ষসগণকে ম্থিপ্রহারে প্রবৃত্ত হইল। রাক্ষসেরাও লোধাবিষ্ট হইয়া ভীষণ প্রাস ও তোমর ম্বারা বানরগণকে বিনাশ করিতে লাগিল। অধিনায়ক অকম্পন লোধভরে ভীমবল রাক্ষসগণকে বৃদ্ধে উৎসাহিত করিতে লাগিলেন। ইত্যবসরে বানরগণ সহসা রাক্ষসদিগের হস্ত হইতে বলপ্র্বাক্ষ অস্ত্রশস্ত্র আছিল করিয়া লইল এবং বৃক্ষশিলা ম্বারা উহাদিগকে বিনাশ করিতে লাগিল।

অনশ্তর মহাবীর কুম্দ নল ও মৈন্দ ক্রোধভরে তুম্ল যুদ্ধে প্রবৃত্ত হইলেন। উ'হারা বৃক্ষাশিলা নিক্ষেপপূর্বক অবলীলাক্সমে বহুসংখ্য রাক্ষসকে বিনাশ করিতে লাগিলেন।

ষট্পঞ্চাশ সর্গ ॥ তখন অকম্পন বানরগণের এই বীর কার্য নিরীক্ষণপূর্বক অত্যন্ত ক্রোধাবিষ্ট হইলেন এবং শরাসনে টম্কার প্রদানপূর্বক সার্যথিকে কহিলেন, দেখ, ঐ সমস্ত মহাবল বানর বহুসংখ্য রাক্ষসসৈন্য বিনাশ করিতেছে; উহারা বৃক্ষ শিলা গ্রহণপূর্বক প্রচন্ড ক্রোধে ঐ অদ্বের দন্ডায়মান আছে; তুমি শীঘ্রই



ঐ স্থানে আমার রথ শইয়া বাও, উহারা সমরস্পর্যা, আমি উহাদিগকে এই দশ্ডেই বিনাশ করিব : দেখিতেছি, উহারাই সমস্ত রাক্ষসকে সংহার করিল।

তখন সার্রাথ মহাবীর অকম্পনের আজ্ঞাক্তমে নির্দিন্ট স্থানে রথ লইরা চলিল। অকম্পন দ্র হইতে লরবর্ষণপূর্বক বানরগণের নিকটস্থ হইতে লাগিলেন। তখন বানরেরা মুখ্য ত দ্রের কথা, ঐ মহাবীরের সম্মুখে তিন্তিতে পারিল না। উহারা রণে পরাঙ্মুখ হইরা পলাইতে লাগিল। তখন মহাবল হন্মান বানর-গণকে ছিন্নভিন্ন হইতে দেখিয়া উহাদের সন্মিহিত্ব হইলেন। বানরেরাও সমবেত হইয়া উ'হাকে বেখ্টন করিল এবং ঐ বলবালের আহারে সম্ধিক সবল হইয়া উতিল।

অনশ্তর অকশ্পন হন্মানের প্রতি বুর্লিট্পাতের ন্যায় অনবরত শরপাতে করিছে লাগিল। হন্মান তালিকি তুর্লিট্র লক্ষ্য না করিয়াই উহাকে বধ করিবার জন্য প্রশৃত হইলেন এবং মেলিট্রিক কন্পিত করিয়া অটুহাস্যে তদভিম্বে চলিলেন। তিনি স্বতেজে প্রশৃত ইইয়া ঘন-ঘন সিংহনাদ করিতেছেন। উ'হার ম্র্তি জনলত বহির ব্যাম একাত দ্র্থব ; তিনি ক্রেখাবিষ্ট ইইলেন এবং আপনাকে নিরুল্ল দেখিলে ইয়াবেগে পর্বত উৎপাটন করিয়া লইলেন। ঐ মহাবীর এক হতে পর্বত গ্রহণপূর্বক সিংহনাদ সহকারে উহা প্রমণ করাইতে লাগিলেন এবং প্রের্ব স্বরয়াল ইল্ল বেমন বক্সহতে নম্নিচর প্রতি ধাবমান হইয়াছিলেন সেইয়্প তিনি উহার প্রতি মহাবেগে ধাবমান হইলেন। তথন অকশ্পন ঐ শৈলাশৃণ্য উদ্যত দেখিয়া দ্র হইতে অর্ধচন্দ্রাণে উহা খণ্ড খণ্ড করিয়া ফেলিল। তম্পুতে হন্মানের অত্যানত ক্রোখ উপস্থিত হইল। তিনি সগর্বে শীঘ্র শৈলাশিবরৎ উচ্চ অন্বরুণ বৃক্ষ উৎপাটন করিয়া লইলেন এবং পরম প্রীতির সহিত উহা প্রমণ করাইতে লাগিলেন। পরে সেই বৃক্ষ গ্রহণ ও পদক্ষেপে প্রিবী বিদারণপূর্বক ধাবমান হইলেন। তাহার গতিবেগে বৃক্ষসকল ভণ্ন হইতে লাগিল। তিনি হস্তী হস্ত্যারোহী রথ রখ্যী ও পদাতি রাক্ষসগণকে বিনন্ট করিতে লাগিলেন। রাক্ষসেরাও সেই কৃতাল্তের ন্যায় ক্রেখাবিষ্ট মহাবীরকে দেখিয়া প্লায়নে প্রবৃত্ত হইল।

তথন অকপন ঐ ভীমদর্শন হন্মানকে আগমন করিতে দেখিয়া শশব্দেত তর্জন-গর্জনপ্রেক দেহবিদারণ স্তক্ষিঃ চতুদর্শ বাণে ভাইাকে বিন্ধ করিল। মহাবীর হন্মান তািল্লিক্ষত নারাচ ও শাণিত শক্তিতে বিন্ধকলেবর ইইয়া বৃক্ষবহ্ল গিরিশ্ভগবং নিরীক্ষিত হইতে লাগিলেন এবং তিনি বিধ্ম পাবক ও প্রতিপত অশোক বৃক্ষের ন্যায় অতিমান্ত শোভা ধারণ করিলেন। পরে ঐ মহাকার মহাবল একটি বৃক্ষ উৎপাটন এবং সম্ভিত বেগ প্রদর্শনপূর্বক ক্রোধভরে তন্দ্রারা অকম্পনের মুস্তক চ্র্ণ করিয়া ফেলিলেন। অকম্পনও তংক্ষ্ণাং বিন্দট ও ভূতলে: পতিত হইল।

তন্দ্রে রাক্ষসেরা ত্মিকন্পকালীন ব্ব্দের ন্যায় অন্থির হইয়া উঠিল এবং অন্থানতা পরিত্যাগপ্রকি সভয়ে লন্ধার অভিমুখে ধাবমান হইল। বানরগণও প্রতপদে উহাদিগের অনুসর্ধ করিতে লাগিল। রাক্ষসসৈন্য পরাজিত এবং অতিমাত্র বাস্তসমস্ত, ভয়প্রভাবে উহাদের সর্বাধ্য অর্থা এবং কেশপাশ সম্পূর্ণ উন্মুক্ত। উহারা পশ্চান্ডাগে ঘন-ঘন দ্নিভাগাতপ্রকি পরস্পর পরস্পরকে মদনি করিয়া লন্ধার দ্বারদেশে প্রবেশ করিতে লাগিল।

এইর্পে অকশ্পন নিহত হইলে বানরেরা মহাবীর হন্মানকৈ সাধ্বাদ প্রদানে প্রবৃত্ত হইল। হন্মানও সবিশেষ সম্মানিত হইরা উহাদিগকে অন্রাগের সহিত সম্চিত বিনর প্রদর্শন করিতে লাগিলেন। তখন বানরেরা হর্ষভরে সিংহনাদ আরম্ভ করিল এবং অর্বাশন্ত রাক্ষসকে সংহার করিবার জন্য প্নর্বার তাহাদিগকে আকর্ষণ করিতে লাগিল। বিক্ বেমন মহাস্ত্র মধ্কৈটভকে বধ করিরা বীরশোভা ধারণ করিয়াছিলেন সেইর্প হন্মান রাক্ষসগণকে বিনাশ করিরা বীরশোভা অধিকার করিলেন। তংকালে দেবগণ, স্বরং রাম, লক্ষ্মণ, স্ব্রীবাদি বানর ও বিভাষণ মহাবীর হন্মানের

লক্ষণভাশ লগ ॥ অনন্তর রাক্ষসরাজ বাদ্ধ অক্ষণনের বধসংবাদ পাইয়া দীনম্থে সচিবগণের প্রতি দ্বিভাগত ক্রিক্টে এবং মুহুত্কাল চিন্তা ও উছাদের সহিত ইতিকর্তব্য অবধারণপূর্ণ বৃহহ নিরীক্ষণ করিবার জন্য প্রেছি নগরমধ্যে নিগতি হইলেন্ সিমলেন, ধ্যক্ষপতাকাশোভিত লক্ষ্পার্নী বহু ব্যহে বেশ্টিত ও রাক্ষসগর্জেরীক্ষত হইতেছে। পরে তিনি ব্রথবিশারদ সেনাপতি প্রহুম্তকে আহ্বানপূর্বক আত্মহিতোম্দেশে কহিলেন, বীর! এই লংকাপ্রী বিপক্ষসৈন্যে অবরুম্ধ এবং ইহা বলপূর্বক নিপরীভূত হইতেছে; একণে যুম্ধ বাতীত ইহার উত্থারের কোনও সম্ভাবনা দেখি না। কিন্তু আমি, কুন্ডকর্ণ, তুমি, ইন্দ্রজিং অথবা নিকৃষ্ড এই করেক জন ব্যতীত এই কার্যভার আর কে বহন করিবে। অতএব তুমিই জয়লাভের উদ্দেশে প্রভতে সৈন্য লইয়া শীঘ্র নিগতি হও। বানরগণ তোমায় দর্শনমার নিশ্চর প্রস্থান করিবে। উহারা তোমার সমভিব্যাহারী বীরগণের সিংহনাদ শানিবামাত্র ভীত মনে নিশ্চরই পলাইবে। বানরেরা চপল ও দুর্বিনীত, সিংহের গর্জন যেমন হস্তীর পক্ষে দ্বসহ ভদুপে উহারা তোমার বীরনাদ কিছুতেই সহ্য করিতে পারিবে না। দেখ, এইর্পে উহারা ব্দেধ বিমৃখ হইলে রাম ও লক্ষ্যুণ নিরাশ্রয় ও বিবশ হইয়া আমাদেরই বলীভূত হইবে। বীর! যুক্ষে তোমার মৃত্যু অনিশ্চিত, কিন্তু জয়লাভ নিশ্চিত, স্কুরাং তোমার সংগ্রামে প্রবৃত্তিবিধান আবশ্যক। অথবা তুমিই বল, আমি বাহা কহিলাম তাহার অন্ক্ল বা প্রতিক্ল কোন্ পক্ষ শ্রের?

তখন শা্কাচার্য যেমন অসা্ররাজকে কহিয়া থাকেন, সেইর্প সেনাপতি প্রহস্ত রাক্ষসরাজ রাবণকে কহিল, রাজন্! পা্রে আমরা সা্নিপা্ণ মিল্যাণের সহিত এই প্রসঙ্গে তুম্ল আন্দোলন করিরাছিলাম। তখন আমাদিগের মত্যটিও পরস্পর বিরোধ জন্মে। সীতাপ্রদানে শ্রেয়, অপ্রদানে বৃদ্ধ, বিচারে ইহাই ত

নিণীতি হইয়াছিল। এখন সেই বৃদ্ধ উপস্থিত। আপনি অর্থদান সম্মান ও শান্তবাদে সততই আমায় বাধিত করিয়াছেন, এক্ষণে আমি এই বিপদকালে আপনার হিতকর কার্যে অবশ্যই সাহাষ্য করিব। আমি নিজের প্রাণ চাহি না এবং দ্বা পরে ও অর্থও চাহি না; দেখনে আমি আপনারই জন্য এই জীবন যুদ্ধে আহুতি প্রদান করিব।

অনন্তর প্রহস্ত সম্মুখস্থিত সেনাপতিগণকে কহিল, তোমরা শীন্তই সমস্ত সৈন্য স্মন্দ্রিক করিয়া আন ; আজ আমার শরবেগ-বিনন্ট প্রতিপক্ষীয় বীরগণের রক্তমাংসে বনের মাংসাশী পশ্পক্ষীরা তৃষ্ঠিলাভ কর্তৃ।

তখন সেনাপ্তিগণ প্রহস্তের আদেশমার সৈন্যদিগকে স্সাক্তিত করিয়া আনিল। মৃহ্তেমধ্যে অস্ত্রধারী ভীষণ বীরগণে লংকাপ্রী আকুল হইয়া উঠিল। চতুদিকৈ তুম্ল কোলাহল উপস্থিত; কেহ আন্নতে আহ্তি প্রদান করিতেছে এবং কেহ বা ব্রাহ্মণদিগকে প্রণাম করিতেছে। তংকালে বার্ আহ্তিধ্য গ্রহণপ্রক বহমান হইতে লাগিল; সৈন্যগণ বর্ষধারণ করিয়া স্রচিত মাল্যে স্পোভিত হইল; এবং হ্ভমনে ব্রুধবার। করিবার জন্য প্রস্তুত হইতে লাগিল।

অনন্তর উহারা হস্তাশ্বে আরোহণপূর্বক রাক্ষ্মন্ত রাবণকে দর্শন করিয়া শ্রাসনহস্তে মহাবীর প্রহস্তকে গিয়া বেণ্টন ক্রিরা তথন প্রহস্ত রাবণকে আমস্ত্রণ ও ভীম ভেরী বাদনপূর্বক দিব্যরথে স্বার্তিই পরিবেশন। ঐ রথ বিবিধ অস্ত্রণন্তে পরিপূর্ণ, বেগবান অশ্বে যোক্তি ও চন্দ্রস্থাবিং উজ্জ্বল। উহার গমনশন্দ জলদগদ্ভীর এবং সার্রাথ স্ব্রেটি) উহা বর্থ ও উপস্করে শোভিত হইতেছে। ঐ সপ্রায়ভ রথ স্বর্গজ্বি জিড়িত হইরা শ্রীসম্নিথতে হাস্য করিতে লাগিল। সেনাপ্রতি প্রহস্ত তদ্প্রেটি আরোহণপূর্বক সমেনের নির্গত হইলেন। প্রস্কার মেঘ্যজনবং গদ্ভীয় বিশ্বিভিরব হইতে লাগিল; অন্যান্য বাদ্যের তুম্লা শব্দে প্রথিবী পূর্ণ হইরা শ্রীঠল এবং অনবরত শ্রুখর্নি হইতে লাগিল। রাক্ষ্মেরা সিংহনাদপূর্বক সেনাপ্রতি প্রহস্তের অগ্রে চলিল। নরান্তক, কুম্ভহন্ম, মহানাদ ও সম্মেত এই চারি জন রাক্ষ্ম প্রহস্তের সচিব। ই হারা



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভীমকার ও ভীমর্প। এই সকল ষোদ্ধা সেনাপতি প্রহন্তকে বেন্ডনপ্র্বক যাইতে লাগিল। কৃতান্তের ন্যায় করালম্তি মহাবার প্রহন্ত সাগরবং বিদ্তাণ গজ্যপ্ত্লা ভীষণ সৈনা লইয়া প্রন্থার অভিক্রমপ্র্বক ক্রেণ্ডরে চলিলেন। উহার নির্গমনশব্দ ও বীরগণের সিংহনাদে লাক্ষার জাবগণ বিকৃত দ্বরে চাংকার করিয়া উঠিল। তংকালে নানার্প দ্র্লক্ষণ উপদ্থিত; রন্তমাংসপ্রিয় পক্ষিণ নির্মল নভোমন্ডলে উবিত হইয়া রম্বের চতুদিকে দক্ষিণাবর্তে দ্রমণ করিতে প্রবৃত্ত হইল; ভীষণ শিবাগণ আন্নিশিখা উদ্গারপ্র্বক চাংকার আরম্ভ করিল; অন্তরীক্ষে অনবরত উক্লাপাত হইতে লাগিল; বায়্ নির্নতর র্ক্ষভাবে বহমান হইতে লাগিল; গ্রহণণ পরদ্পর কুপিত হইয়া নিন্প্রভ হইয়া গেল; মেঘ গাড়ার গর্জন সহকারে প্রহন্তের রম্ব ও সৈনাগণের উপর রন্তর্গিত করিতে লাগিল; গ্রহ ধনজদন্ডে উপবিত্ত হইয়া দক্ষিণাভিম্থে চাংকার ও উভয় পার্শ্ব কণ্ড্য়নপ্র্বক প্রহন্তের ম্থুছা মালন করিয়া দিল। সমরে অপরাঙ্ম্য সার্গিও অন্বাশক্ষকের হনত হইতে বারংবার অন্বতাড়নী প্রত্যেদ স্থালত হইয়া পড়িল। বে নির্গমনশ্রী ভান্বর ও দ্বর্গভ মহ্ত্রমধ্যে তাহাও বিনন্ত হইল এবং সমতল ভ্তলেও অন্বেরা স্থালত পদে পতিত ইইতে লাগিল।

ইত্যবসরে বানরগণ প্রখ্যাতপোর্ব প্রহস্তকে স্থিত দেখিয়া বৃক্ষণিলাহস্তে উহার সম্মুখনি হইল। কোন বানর প্রকাশ্ড বন্ধ উপোটন এবং কেই বা বিপ্লে শিলা গ্রহণ করিল। তংকালে এই যুম্খসম্ভ্রমে উল্লেখ্য হইরা গিংহনাদ করিতে জাগিল এবং সংহারাখী হইরা পরস্পর্ক সরুপরকে আহ্বান করিতে প্রবৃত্ত হইল। ইত্যবসরে দুর্মতি প্রহস্ত মুম্বু প্রকাশ বেষন বহিষ্কুশে প্রবেশ করে সেইর্প ঐ বানরসৈন্যে মহাবেগে প্রবেশ, করিল।

জন্টপঞ্চাশ সার্গ ॥ অনন্তর রাম প্রহেস্তকে নিরীক্ষণ করিয়া হাসাম্থে বিভীষণকে জিল্লাসিলেন, রাক্ষসরাজ! ঐ যে মহাবীর বহুসংখ্য সৈনো বেল্টিত হইয়া মহাবেগে আসিতেছেন, উনি কে? এবং উ'হার বলবীর্যই বা কির্প?

বিভাষণ কহিলেন, রাম! ঐ বার রাক্ষসরাজ রাবণের সেনাপতি, উছার নাম প্রহস্ত। লংকার মধ্যে যে পরিমাণ সৈন্য সণিত আছে, তাহার তৃতীর ভাগ ইতারই সহিত আসিতেছে। ইনি অস্তজ্ঞ ও বার, ইহার বলবিক্রম সর্বতই প্রথিত আছে।

অনন্তর বানরেরা প্রহস্তকে দেখিতে পাইল। প্রহস্ত ভীমবল ও ভীমম্তি।
ঐ বীর রাক্ষসে পরিবেদিউত হইয়া মৃহ্মুর্হ্ গর্জন করিতেছেন। তখন বানরগণের মধ্যে তুম্বল কোলাহল উপস্থিত; উহারা প্রহস্তের সম্মুখীন হইয়া
তর্জন-গর্জন করিতে লাগিল। রাক্ষসদিগের হস্তে বিবিধ অস্ত্রগদ্দ ; কেহ খলা,
কেহ শন্তি, কেই কম্পি, কেহ শ্লে, কেহ বাণ, কেহ মুফল, কেহ গদা, কেহ পরিঘ
কেহ প্রাস, কেই পরশা ও কেহ বা ধন্ গ্রহণ করিয়াছে। তংকালে উহারা
বানরগণকে লক্ষ্য করিয়া মহাবেগে চলিল। বানরেরাও প্রতিপত বৃক্ষ ও প্রকাশ্ড
শিলা লইয়া ধ্যবমান হইল। উভয়পক্ষীয় বীর একত হইবামাত ঘোরতর যুম্ধ
হইতে লাগিল। বানরেরা বৃক্ষশিলা নিক্ষেপ এবং রাক্ষসেরা শরক্ষেপে প্রবৃত্ত
হইল। বানরেরা বহুসংখ্য রাক্ষসকে এবং রাক্ষসেরা বহুসংখ্য বানরকে বিনাশ

করিতে লাগিল। উহারা পরস্পর পরস্পরকে শ্ল চক্র পরিষ ও পরশ্ন দ্বারা ছিমভিয় করিয়া ফেলিল। অনেক বীর প্রহারবেগে নির্ছেরাস হইয়া ভ্তলে পড়িল, অনেকে খণিডত হ্দয়ে ধরাশায়ী হইল এবং অনেকেই খলাঘাতে দ্বিখণ্ড হইয়া গেল। বীর রাক্ষসেরা পার্শ্বদেশ হইতে বানরগণকে বিদীর্ণ করিতে লাগিল এবং বানরেরাও সরোষে প্রস্তর ও ব্ক্রপ্রারপ্র্বক রাক্ষসগণকে পিশ্টপোষত করিয়া দিল। কেহ কেহ বক্রস্পর্শ মুন্টিপ্রহার ও চপেটাঘাতে রম্ভবমন করিতে লাগিল এবং অনেকেরই মুখ চক্র্যু শুন্দক ও শীর্ণ হইয়া গেল। ক্রমশঃ রণস্থলে আর্তাস্বর ও সিংহনাদের তুমলে শব্দ উখিত হইল। উভয়পক্ষীয় যোশ্বারা বীরাচারিত পথের অন্বতী। উহারা ক্রোধবেগে নির্ভার হইয়া বক্রতীবায় যুন্ধ করিতে লাগিল। নরান্তক, কুন্তহন্ম, মহানাদ ও সম্মাত এই চারিজন প্রহন্তের সচিব; তংকালে ইহাদের হন্তে অনেক বানর বিনন্ট হইল।


অনশ্বর মহাবীর দ্বিবদ প্রশ্বরাঘাতে নরাশ্বককে, দুর্ম্ব উত্থিত হইয়া বৃক্ষাঘাতপূর্বক ক্ষিপ্রহশ্ব সম্মাতকে, বার জান্ববান ফ্রোধাবিল্ট হইয়া প্রকাশ্ব কিলাপাতে মহানাদকে এবং কপিপ্রবীর তার বৃক্ষাঘাতে কুন্তহন্কে বধ করিলেন। তথন সেনাপতি প্রহ্নত বানরগণের এই সমন্ত বারকার্য সহ্য করিতে না পারিয়া ঘোরতর যুক্ষ করিতে লাগিল। সৈনাগণের নিরক্ষিত্র পারিদ্রমণহেতু রণন্থলে যেন একটি ঘোর আবর্ত দৃষ্ট হইল এবং তথকে তর্মগাবহ্ল অসীম সম্মান্তবং গভার শব্দ হইতে লাগিল। রুম্পদ্রমণ প্রহাত শরনকরে বানরগণকে অতিমাহ কাতর করিয়া তুলিল। ক্রমণঃ সেনাগণের তিদেহে রণভ্রিম পূর্ণ হইয়া গেল এবং উহা বেন ভীষণ পর্বতে আকার্ণ ক্রেম্বর্তিত লাগিল। রক্তনদা প্রবাহিত হইল। বসন্তকালে কুস্মিত বৃক্ষ বারা বিশ্বলা যেমন শোভিত হয়, রণন্থল সেইর্প অপার্ব শোভা ধারণ করিল। ত্রিকাত ত্র থান্ডত অন্যরাদি দৈবল, ছিয় মন্তক্সকল মংস্যা, অংগবিশেষ শাদ্বলপ্রদেশ, রন্তমাংসাদা গ্রেরা হংস, মেদরাদি ফেন এবং বারনাদ অ্যবর্তাশব্দ। ঐ ব্যাসগরগামিনী নদী কাপ্রন্থের পক্ষে অত্যব্ত দ্বতর। করিব্য বেমন পদ্মকেন্পূর্ণ সরোবর পার হয় বারগণ সেইর্প উহা অনায়াসে পার হইতে লাগিল।


অনশ্তর সেনাপতি নীল বায়্ বেমন প্রকাণ্ড মেঘের অভিম্থে প্রবাহিত হয় সেইর্প প্রহতের দিকে মহাবেগে চলিলেন। তন্দ্রে প্রহতে শরাসন গ্রহণপ্রক নীলের প্রতি ধাবমান হইল এবং উ'হাকে লক্ষ্য করিয়া অনবরত শরব্জি করিছে লাগিল। প্রহতের শরজাল নীলকে বিশ্ব করিয়া রুট সপ্রের নায় বেগে জ্গর্জে প্রবিষ্ট হইতে লাগিল। পরে নীল এক বৃক্ষ উৎপাটনপ্র্রক প্রহতকে প্রহার করিলেন। প্রহত্তও কোমভরে সিংহনাদপ্র্রক উহার প্রতি শরবর্ষণে প্রবৃত্ত হইল। তখন নীল ঐ দ্রাঘাকে নিরুত করিছে না পারিয়া, ব্য যেমন শরংকালে থাটিতি আগত বৃদ্দিপতে নিমালিত নেত্রে সহ্য করে সেইর্প তিনি উহার শরপতে নিমালিত নেত্রে সহ্য করে সেইর্প তিনি উহার শরপতে নিমালিত নেত্রে সহ্য করে সেইর্প তিনি উহার শরপতে কিমালিত নেত্রে সহ্য করিছেন। পরে সেই মহাবীর ক্রোধাবিষ্ট হইয়া এক শাল ব্কের আঘাতে প্রহত্তের অশ্বসকল বিনশ্ট করিলেন এবং বলপ্র্রক উহার শরাসন শ্বিশুভ করিয়া প্নঃ প্রঃ সিংহনাদ করিছে লাগিলেন। পরে প্রহত রথ হইতে লক্ষ্য প্রদানপূর্বক এক ভীষণ ম্যুল লইয়া উ'হার সম্ম্থীন হইল। ঐ দৃই জাতবৈর মহাবীর প্রতিম্বে দশ্ভায়মান হইয়া রক্তাক্ত দেহে

মদস্রাবী মাতিংগবং নিরাক্তিত হইলেন এবং স্তাক্ষ্য দশনে প্রদপর প্রদপরকে দংশন করিতে লাগিলেন। উ'হারা দ্ইজনই সিংহ ও ব্যাদ্রের ন্যায় ভীমম্তি এবং দ্ইজনই সিংহ ও ব্যাদ্রের ন্যায় হিংস্র; দ্ইজন জয়প্রাী প্রায় তুল্যাংশে অধিকার করিরাছেন এবং দ্ই জনই ইন্দ্র ও ব্রাস্ক্রের ন্যায় যশ আকাশ্যা করিতেছেন। ইত্যবসরে সেনাগতি প্রহন্ত বহু আয়াসে নীলের ললাটে এক ম্যলাঘাত করিল। ম্যলপ্রহার মাত্র তাঁহার ললাটপট্ট ভেদ করিয়া রক্তধারা বহিতে লাগিল। তিনি অভান্ত ক্রোধাবিষ্ট হইলেন এবং এক বৃক্ষ গ্রহণপ্রক প্রহন্তের বক্ষঃম্থলে প্রহার করিলেন। প্রহন্তও ঐ বৃক্ষপ্রহার লক্ষ্য না করিয়া ম্যল গ্রহণপ্রক নীলের প্রতি ধাবমান হইল। নীলও এক প্রকান্ত শিলা গ্রহণ করিলেন এবং উহার মন্তক লক্ষ্য করিয়া মহাবেগে তাহা নিক্ষেপ করিলেন। প্রহন্তের মন্তক শতধা চ্র্ল হইয়া গেল। সে হতপ্রী হতবল হতক্ষীবন নির্মিদ্রয় হইয়া ছিয়ম্ল ব্কের ন্যার সহসা ভ্তলে পড়িল এবং তাহার স্বাঞ্গ হইতে প্রস্রবণের নায় রক্তপ্রবাহ ছ্টিতে লাগিল।

প্রহৃত বিনক্ট ইইলে রাক্ষসসৈন্য অতান্ত বিষয় হইয়া লঞ্চার দিকে পলাইতে লাগিল। সেতৃভঞ্গ ইইলে জল যেমন আর রুখ থাকিতে পারে না, সেইর্প উহারা সেনাপতির বিনাশে রণস্থলে আর তিন্ঠিতে পারিল না। সকলে নির্দাম ও নির্গেসাহ ইইয়া লঞ্চায় প্রবেশ করিল এক চিন্তার মোনাবলন্বনপূর্বক নিবিড়তর শোকে যেন বিচেতন ইইরা পড়িল

এদিকে মহাবার নাল জয়লাভপ্রেক ক্রেটমনে রাম ও লক্ষ্মণের সমিহিত হইলেন। তংকালে সকলেই ভাঁহার এই বারকার্বে ভাঁহাকে বারপরনাই প্রশংসা





এই বলিয়া ইন্দুশন্ত্রাবণ সদশ্বধোজিত অধ্যারকলপ রথে আরোহণ করিলেন।
শংখ, ভেরী ও পণব বাদিত হইতে লাগিল। বীরগণের মধ্যে কেই বাহনক্ষোটন কেই সিংহনাদ এবং কেই বা স্ব-স্ব বলবীর্ষের আস্ফালন করিতে
লাগিল। রাক্ষসরাজ রাবণ প্রোস্তবে প্রিজত হইরা সম্বর বহিগতি হইলেন এবং

পর্ব তপ্রমাণ দীশ্তম্তি জনলশতনের রাক্ষসগণে বেণ্টিত হইয়া ভ্তপরিবৃত রুদদেবের ন্যায় শোভা পাইতে লাগিলেন। ঐ মহাবীর নিগতি হইবামার দেখিলেন, বানরসৈন্য ক্ক পর্বত উদ্যত করিয়া, মেঘবং গভীর ও সম্দেবং ঘোরতর গর্জন করিতেছে।

তখন ভ্রেগরাজবং প্রকাশ্ত দোর্দ শুলালী রাম অতি প্রচশ্চ রাক্ষসসৈন্য নিরীক্ষণপূর্বক বিভীষণকে জিল্পাসিলেন, রাক্ষসরাজ! ঐ যে সমস্ত সৈন্য পতাকা যক্ত ও ছত্রে শোভিত হইতেছে, যাহাদের হস্তে প্রাস অসি শ্লে প্রভৃতি নানাবিধ অস্ত্রশস্ত্র, যাহারা অতিমান্ত সাহসী এবং মহেন্দ্রপর্বততুলা হস্তিসমূহে পরিপ্রণ ; ঐ অক্ষোভ্য সৈন্য কোন্ সহাবীরের?

মহামতি বিভীষণ কহিলেন রাজন ! ঐ বে বীর হস্তিপ্রেঠ অধির্ড, যাঁহার মুখ তর্ণ স্থাবং রভবর্ণ, যিনি শরীরভারে স্ববাহন হস্তীর মুস্তক কম্পিত করিয়া আসিডেছেন, উত্থার নাম অকম্পন। ঐ যিনি রথারোহণপূর্বক ইন্দ্রধন্তেল্য শরাসন ব্যরংবার আস্ফালন করিতেছেন, সিংহ বাঁহার কেতু, যিনি করালদশন হস্তীর ন্যায় শোভা পাইতেছেন, উনি রাক্ষসপ্রধান ইন্দ্রজিং। যিনি বিন্ধ্য অস্ত ও মহেন্দ্র পর্বতের ন্যায় উচ্চ, যিনি স্থাতিরথ ও মহাবীর, যিনি বিশাল ধন্ মৃত্যুর্হ, আকর্ষণ করিতেছেন, উনি অতিকার। ঐ বাঁহার নেশ্রনর প্রাতঃস্থের ন্যার রন্তবর্গ, যিনি ঘণ্টানিনাদী অতিকার প্রেঠ আরোহণপূর্বক মৃত্যুর্হ, গঙ্কান করিতেছেন, উনি মহাবার অতহাদর। ঐ যিনি সন্ধ্যামেখবং রন্তবর্গ, যিনি স্বর্গালভকারখচিত অন্বের তুপার উল্জ্বল প্রাস উদ্যত করিয়া আছেন, উনি বক্সবেগ পিশাচ। বিনি ঐ বিদ্যুৎকান্তিত স্কুর্ত্বিয়া শ্লে গ্রহণপূর্বক প্রিরদর্শন ব্যবহেনে মহাবেগে আ্রিউচ্ছেন, উনি ষশস্বী তিশিরা। ঐ যে মহাবীর কৃষ্ণকায়, যাঁহার বক্ষঃস্থল স্থান্ত বিশাল, সর্প বাঁহার কেতৃ, যিনি শরাসন আকর্ণ পার্বক আ্রিস্টেইন, উনি কুল্ড। যিনি ঐ মণিম্ভার্থাচিত দীশ্ত পরিষ লইয়া আগম্ন করিতেছেন, যাঁহার বীরকার্য অত্যাশ্চর্য, উনি রাক্ষ্স-সৈন্যকেতু মহাবাঁর নিকুল্ড। ঐ বে শিখরধারী বাঁর অস্ত্রপূর্ণে পত্যকাশোভিত উল্জ্বল রথে বিরাজমান আছেন, উনি নরাল্ডক। আর যিনি ঐ দেবগণেরও দর্পহারী, যিনি হস্ত্যুত্র ব্যায় উদ্ধু ও মুগের ন্যায় বিকৃতমুখ বিব্যুত্তকা খোররূপ ভুতগণে বেণ্টিত হইয়া ভগবান রুদ্রের ন্যায় শোভা পাইতেছেন, যথায় সুক্ষ্যু-শলাকাশোভিত চন্দ্রাকার শ্বেডচ্ছর দৃষ্ট হইতেছে, উনি রাক্ষসরাজ রবেন। ঐ দেখ উ'হার মুস্তকে শোভন কিরীট এবং কর্ণে রত্নকু-ডন্স আন্দোলিত হইতেছে। উত্থার দেহ হিমালয় ও বিদেধার ন্যায় ভীষণ : উনি ইন্দু ও ষমেরও দপ্নাশ করিয়াছেন : এবং উনি সূর্যের ন্যার তেজস্বী।

তথন রাম কহিলেন, অহা, রাক্ষসরাজ রাবণ কি তেজদ্বী। ঐ বার দ্বীর প্রভাজালে স্বর্ধের ন্যার দ্বিরিক্ষা হইয়া আছেন। বলিতে কি, উ'হার সর্বাঞ্চা তেজঃপ্রেল আছের বলিয়া আমি উ'হার র্প প্রত্যক্ষ করিতে পারিলাম না উ'হার যেমন দেহভাগা, দেব ও দানবেরও এইর্প নহে। ই'হার অন্যামী বারিগা দীর্ঘাকার পর্বত্যোধী ও তাক্ষ্যাস্থারী। রাবণ ঐ সমস্ত বারে বেডিত হইয়া ভীমদর্শন ভ্তগণে পরিবৃত কৃতান্তবং শোভিত হইতেছেন। বলিতে কি, আজ ভাগাক্রমেই পার্গিণ্ট আমার দ্ভিলথে পড়িয়াছে। আজ আমি সীতাহরণজনিত কোণ উহার উপর ঝাড়িব। রাম এই বলিয়া শরাসন গ্রহণ ও ত্ণীর হইতে শর উত্তোলনপ্র্ক দাড়াইলেন।



এদিকে রাবণ মহাবল রাক্ষসগণকে কহিলেন, দেখ, তোমরা গিরা লণ্কার চারিটি প্রেম্বার, রাজপথ ও গ্রে শণ্কাশ্না হইরা স্থে অবস্থান কর। তোমরা সকলেই আমার সহিত যুম্থম্থলৈ আসিরাছ; বানরেরা এই ছিন্ত পাইলে নিশ্চরই শ্না প্রীতে প্রথম্প্রকি নানার্প উপদ্রব করিবে।

সচিবগণ রাবণের আদেশ মান্ত নিদিশ্ট স্থানে প্রদ্ধান করিল। তখন বৃহৎ মৎস্য যেমন প্র্ণ সম্প্রের প্রবাহ ভেদ করে সেইর বা রুবণ ঐ বানরসৈন্যের মধ্যে সহসা প্রবেশ করিলেন। কপিরাজ স্থানি রাবণি শরণরাসন হলেত আগমন করিতে দেখিরা বৃক্ষবহলে গিরিশালেগ উৎপাটন প্রেক ভদভিম্বণে ধাবমান হইলেন এবং তাহাকে লক্ষ্য করিয়া মহাবেগে শুলি নিক্ষেপ করিয়া ফোললেন এবং আভিমান রুব হইয়া অজগরভাষণ কৃত্যুক্তিন এক শর গ্রহণ করিয়া ফোললেন। ঐ শর বিস্ফ্রেলিগেবল অণিনর নামে কিজনে এবং উহার গভিবেগ বায়্ব ও বল্লের অন্রুপ। রাবণ স্থানিক করিবার জন্য মহাবেগে শরপ্রয়োগ করিলেন। তখন কুমারানিকিশ্ত শক্তি বিমন ক্রেণি পর্বতকে বিদাণি করিয়াছিল সেইর্প ঐ শর বজ্লদেহ স্থানিকে অক্রেশে ভেদ করিল। স্থানিও আর্ভরবে ভ্তলে ম্ছিত হইয়া পড়িলেন। তন্দ্দেট রাক্ষসেরাও হ্ল হইয়া পনেঃ প্রেন সিংহনাদ করিতে লাগিল।

অনশ্তর মহাবার গবাক্ষ, গবর, স্বাবেশ, থাবছ, জ্যোতির্ম্থ ও নল গিরিশ্গা উৎপাটনপ্র্বিক রারণের প্রতি মহাবেশে ধাবমান হইলেন। রাবণ শাণিত শরে বানরনিক্ষিত বৃক্ষ শিলা বার্থা করিয়া অনবরত শরব্ণিট করিতে লাগিলেন। তথন ভীমকার বানরগণের মধ্যে অনেকে রাবণের শরে ছিল্লভিল হইল, অনেকে আহত ও অনেকে ভূতলে পতিত হইল এবং অনেকেই ভাত হইয়া কাতর শ্বরে শরণাগতরক্ষক রামের আশ্রয় লইল। তথন মহাবার রাম বানরগণের এইর্পা অবস্থা দ্বেট আর নিশ্চেট থাকিতে পারিলেন না। তিনি ধন্বাণ হক্ষেত উথিত হইলেন। ইতাবসরে মহাবার লক্ষ্যণ তাঁহার সলিহিত হইয়া কৃতাঞ্চলিপ্টে কহিলেন, আর্বা! দ্রোগ্যা রাবণের সংহারকক্ষেপ একমার আমিই পর্বাণ্ড। এক্ষণে আপনি আদেশ কর্ন, আমিই গিয়া উহাকে বিনাশ করিয়া আসি।

তখন তেজস্বী রাম কহিলেন, বংস! তবে যাও, রাবণের সহিত সাবধানে বৃশ্ধ করিও। সে মহাবল ও মহাবীর্ষ ; তাহার পরাক্তম অভ্চত্ত ; সে ক্রোধাবিল্ট হইলে রিলোকেরও দ্বঃসহ হইরা উঠে। তুমি বৃশ্ধকালে সততই তাহার ছিদ্রা-ন্সম্ধান করিবে এবং স্বছিদ্রের প্রতিও স্তেক্তিয় দৃশ্টি রাখিবে। বংস! অধিক

আর কি, চক্ষ, ও ধন, দ্বারা সর্বদাই আত্মরক্ষা করিও।

তথন বার লক্ষ্যণ রামকে আলিজ্যন ও অভিবাদনপূর্বক বৃদ্ধার্থ নিগতি হইলেন। অদ্রে ভামবাহ্ম রাবণ ভাষণ ধন্ম আকর্ষণ ও শর বর্ষণপূর্বক বানর-সৈন্য ছিল্লভিল করিতেছিলেন। তন্দুন্টে হন্মান তাঁহার প্রতি মহাবেগে ধাবমান হইলেন এবং অবিলন্দে উহার রপের নিকটপ হইয়া দক্ষিণ হস্ত উত্তোলন ও উহাকে ভয় প্রদর্শনপূর্বক কহিলেন, দুর্ব্ত! রক্ষার বরে তুই দেব দানব গণ্ধর্ব কক্ষ ও রাক্ষসের অন্ধ্য হইয়া আছিস, কেবল বানর হইতেই তার ভয়। এক্ষণে এই আমি পণ্ডাজ্যালিব্র দক্ষিণ হস্ত উত্তোলন করিয়াছি, আজ ইহাই তোর দেহ হইতে বহুদিনের প্রাণ কাড়িয়া লইবে।

তখন ভীমবল রাবণ রোষার্ণ নেত্রে কহিলেন, বানর! তুই নির্ভারে শীঘ্রই আমায় প্রহার কর: ইহার বলে তোর স্থিরকীতিলাভ হোক্। আজ আমি অগ্রে তোর বলবীর্য পরীক্ষা করিয়া পশ্চাং তোরে বধ করিব।

হন্মান কহিলেন, রাক্ষস! ভাবিয়া দেখ্ আমি তোর পত্রে অক্ষকে অপ্রে বধ করিয়াছি।

রাবণ এই কথা শ্রবণ করিবামাত ক্লোবে অধার হইয়া উঠিলেন এবং হন্মানের বক্ষে এক চপেটাঘাত করিলেন। হন্মান প্রহারবেগে অভিন্তি ইইয়া পড়িলেন এবং ধৈর্যবলে মহেতে কাল মধ্যে স্থান্থর হইয়া ক্লোধভতি উহাকে এক চপেটাঘাত করিলেন। রাবণ ভ্রিফলপকালীন পর্বভবং বিচ্নিত হইয়া উঠিলেন। ঋষি সিম্ধ স্থাস্থর ও বানরেরাও এই ব্যাপার স্বচ্ছে তিজক করিয়া হ্তমনে কোলাহল



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~


পরে রাবণ কিণ্ডিং আশ্বন্ত হইয়া কহিলেন, বানর! সাধ্, সাধ্, তোমার বিলক্ষণ বলবীর্য আছে, তুমিই আমার শ্লাঘনীয় শন্।

হন্মান কহিলেন, রাক্ষস! তুই যে আমার এই চপেটাঘাতে এখনও জীবিত আছিস ইহাতেই আমার বলবীরে ধিক। নির্বোধ! বৃথা কি আস্ফালন করিতেছিস, তুই একবার আমায় মারিয়া দেখ্। পরে আমি এক মুন্দিতে তোরে যমালফে প্রেরণ করিব।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

I

তখন জাদববান অতিকাদে বাক্য নিঃসারণপূর্বক কহিলেন, বিভীষণ ! আমি কেবল ক'ঠদবরে তোমার চিনিলাম। আমি শরবিদ্ধ, তোমার চক্ষে দেখিতে পাইতেছি না। জিজ্ঞাসা করি, বাঁহার দ্বারা অঞ্জনা ও বার্র মুখ উজ্জনল সেই কপিপ্রবার হন্মান ত জীবিত আছেন?

বিভীষণ কহিলেন, ঋক্ষরাজ! আপনি আর্যপ্র রাম ও লক্ষ্যণের কোনও উল্লেখ না করিয়া হন্মানের কথা কেন জিজ্ঞাসিতেছেন? আপনি যেমন তাঁহার প্রতি ক্রেহ দেখাইতেছেন এমন ত কপিরাজ স্থাবি, অধ্যদ ও রামের প্রতি ক্রেহ দেখাইলেন না?

জান্ববান কহিলেন, বিভীষণ! আমি যে নিমিত্ত হনুমানের কথা জিজ্ঞাসিলাম, শন্ন। ঐ মহাবীর যদি জীবিত থাকেন তবে আমাদের সমসত সৈন্য বিনন্ট হইলেও জীবিত, আর যদি তিনি বিনন্ট হন তবে আমরা জীবিত থাকিলেও বিনন্ট। বলিতে কি, সেই বেগে বার্সম বীর্যে অণিনতুল্য বীরের জীবনেই আমাদের প্রাণের আশা সম্পূর্ণ রহিরাছে।

তথন হনুমান বৃন্ধ জান্ববানের সলিহিত হইয়া তাঁহাকে বিনীতভাবে



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রণিপাত করিলেন। জাম্ববান অত্যন্ত কাতর, তিনি উহার বাকা শ্রবণমাত্র দেহে আবার যেন প্রাণ পাইলেন; কহিলেন, বংস! আইস, তুমি বানরগণকে রক্ষা কর, তুমি ইহাদিগের পরম বন্ধা, তোমা অপেক্ষা মহাবার আর কেহই নাই। এক্ষণে তোমার বিক্রম প্রকাশের কাল উপন্থিত; আজ এই সংকটে আমি তোমা ভিন্ন আর কাহাকেই দেখি না। তুমি বানর ও ভল্লাকগণকে প্রাণদান কর। রাম ও লক্ষ্যাণ মৃতকম্প, এক্ষণে ইংহাদিগের শল্য উন্ধার কর। বংস! তুমি মহাসম্দের উপর দিয়া সাদ্র পথ অতিক্রমপ্রক হিমাচলে যাও। পরে হিংস্তজন্তুসংকুল শ্রেণমার থবভাগির; তথার কৈলাস পর্বতিও দেখিতে পাইবে। ঐ দাই পর্বতের মধ্যম্থলে স্বেবিধিস্কাশেল উর্যাধ পর্বতি আছে। বার! তুমি উহার শিখরে বিশল্যকরণী, মৃতসঞ্চীবনী, সাব্রপক্রণী ও সন্ধানী এই চার প্রকার উর্যাধ দেখিতে পাইবে। ঐ সম্মুক্ত প্রদীশ্ত উর্যাধ দিঙ্কাশ্ভল আলোকিত করিয়া আছে। তুমি ঐ চারিটি উর্যাধ লইয়া শান্ত আইস এবং বানরগণকে প্রাণদানপর্বক প্রশাকত কর।

তখন মহাবীর হন্মান কক্ষরাজ জাত্ববানের বাক্য শ্রবণ করিয়া বারা্বেণে মহাসম্দু যেমন স্ফীত হয় সেইর্প বলোদ্রেকে স্ফীত হইয়া উঠিলেন। তিনি ত্রিক্টপর্ব তশ্ঞের আরোহণ ও উহা পদন্দরে প্রক্রিক্তির দ্বতীয় পর্ব তের ন্যায় দৃষ্ট হইলেন। ত্রিক্টগিরি উত্থার পদভরে ব্রেক্তিনত হইবামাত্র সমত হইয়া পাড়ল, আত্মধারণে উহার আর কিছুমান শক্তি ক্রিল না। হন্মানের উৎপতনবেগে পার্বতা ব্কাসকল ভ্তলে পতিত হইলে স্তাগিল, উহাদের পরস্পর সংঘর্ষণে আনি জন্মিত হইয়া উঠিল; শ্গ্রেক ইত্সততঃ বিক্ষিণ্ড হইতে লাগিল; শিলাস্ত্প চ্ণ হইয়া গেল এবং বিত ঘ্রিণত হইতে আরম্ভ করিল। তখন তাত্য বানরগণ তদ্পার আরু জিন্তিতে পারিল না। লগ্কার গৃহ ও প্রেম্বার ভগ্ন ও ক্ষিপত হইতে ভ্রমির, বোধ হইল ষেন লগ্কাপ্রেরী নৃত্য করিতেছে। এ রান্তিকালে সমস্ভ জাইজিন্ত ভরে আকুল, স্সাগরা প্রিথবী টলমল করিতে লাগিল। মহাবার হনুমান পদম্বরে ত্রিক্টগিরিকে প্রাড়ন এবং বড়বামুখবং জাজবল্যান মুখব্যাদানপূর্বক রাক্ষসগণের মনে ভয়সণ্ডার করিয়া ঘোরতর গর্জন করিতে লাগিলেন। রাক্ষসগণ নিম্পদ্দ হইয়া রহিল। হন্মান সম্দুকে নমস্কার-পূর্বক রামের কার্যসাধনে প্রস্তৃত হইলেন। তিনি সপ্রকার প্র্চ্ছ উদ্যত, প্র্ত সমত ও কর্শন্বয় সম্কুচিত করিয়া মুখব্যাদানপূর্বক প্রচন্ড বেগে আকাশপথে লম্ফ প্রদান করিলেন। তাঁহার উত্থানবেগে বৃক্ষ শিলা শৈল ও পর্বতবাসী কর্দ্র বানরসকল তাঁহার সংগ্যে উত্থিত হইল এবং তাঁহার বাহ্য ও উর্বেগ্যে ছিল্লভিন ছইয়া ক্ষীণবেগে সম্ভূদ্রজলে পড়িয়া গেল। মহাবীর হন্মান উরগাকার বাহ**ু**দ্বর প্রসারণ এবং উন্নবেগে দিকসকল ফেন আকর্ষণপূর্বক গর্ভবেগে হিমাচলে চলিলেন। মহাসম্দ্রের তরশা ঘুণিত এবং ঐ আবর্তে জলজনতুগণ উদ্ভানত হইতে লাগিল। হন্মান সম্দ্র দেখিতে দেখিতে বিফার অজ্যালিবেগনিমাতি চক্রের ন্যায় মহাবেগে বাইতে লাগিলেন। গতিপথে পর্বত, নানাবিধ পক্ষী, সরোবর, নদী, তড়াগ, নগর, গ্রাম ও সমৃদ্ধ জনপদসকল দেখিতে দেখিতে চলিলেন। কিছুতেই তাঁহার শ্রান্তিবোধ নাই, তিনি ঘোর গর্জনে দিগনত প্রতিধর্নাত করিয়া আকাশপথে ষাইতেছেন এবং ঋক্ষরাজ জান্ববানের প্রদর্শিত ম্থান অন্মন্ধান করিতেছেন। দেখিলেন, অদ্রে হিমাগরি, উহার প্রস্রবণ ঝর্-ঝর্ শব্দে পড়িতেছে, নানাম্থানে গভীর গহ্বর, ধবল মেঘাকার অত্যুচ্চ শিথর

এবং নিবিড় বৃক্ষপ্রেণী। হন্মান বার্বেগে হিমাচলে উত্তীর্ণ হইলেন। দেখিলেন ভথায় দেবির্ধাসেবিত বহ্মংখ্য পবিত্র আশ্রম আছে। উহার কোথাও ব্রহ্মকোষ, কোথাও রক্ষতনাভিস্থান, কোথাও বৃদ্রের শরনিক্ষেপ স্থান: কোথাও ইন্দ্রলয়, কোথাও হয়গ্রীবস্থান; কোথাও দশিত রক্ষশির, কোথাও ব্যক্ষিকর, কোথাও বহিস্থান, কোথাও কুবেরস্থান, কোথাও দশিত স্ব্রস্মাবেশস্থান, কোথাও ব্রহ্মধান, কোথাও পিনাকস্থান এবং কোথাও বা ভ্নাভি। হন্মান তথায় গিরিবর কৈলাস, র্দ্রদেবের সমাধিপাঠ ও মহাব্যকে নিরীক্ষণ করিলেন এবং স্বর্ণাগিরি ও স্বেধির্যপ্রদেশিত উ্যধিপর্বভিও দেখিতে পাইলেন। তিনি ঐ অনলরাশিবং প্রদশিত উ্র্যিধপর্বভি নিরীক্ষণ করিয়ে অতিমান্ত বিশ্যিত হাইলেন এবং তদ্পরি কাষ্ট্রপ্রানপ্রেক উর্যাধ অন্সন্থান করিতে শাগিলেন।

হন্মান সহস্র সহস্র যোজন অতিক্রমপ্র্বক ঔর্যাধপর্বতে বিচরণ করিতেছেন, ইত্যবসরে ঐর্থসকল একজন প্রাথাকৈ উপস্থিত দেখিয়া সহসা অদৃশ্য হইল। তথন হন্মান ঔর্থা অদৃশ্য হইয়ছে দেখিয়া অতিশ্য কুপিত হইলেন, তাঁহার আবেগ বিধিত হইয়া উঠিল, ক্রোধে দৃই চক্ষ্য অশিনসমান জ্বলিতে লাগিল; তিনি ঘোরতর গঙ্গনিপ্রেকি কহিলেন, পর্বত! তুমি কি জন্য রামকে অন্কম্পা করিলে না, তাঁহার প্রতি এইর্প উপেক্ষা প্রদর্শনিক্ষিত্তই বা কি? আমি এই দন্তেই তোমার এই দ্বাবহারের প্রতিক্র দিম্পেক্ষি তুমি এখনই আমার ভ্জবলে অভিভ্ত হইয়া আপনাকে চতুদিকে বিক্রিক্ষি দেখ।

এই বলিয়া তিনি পর্বতশৃৎগ বেত্তিৎপাটন করিয়া লইলেন। ঐ শৃৎগ বৃক্ষশোভিত ও স্বর্ণাদিধাত্রীপ্তত্ত উর্বার শবিস্থান প্রজন্বিত, শিলাস্ত্রপ বিক্ষিণত এবং উহাতে হস্তিব্যুথ নিচ্নে করিতেছে। হন্মান ঐ শৃৎগ গ্রহণপূর্বক ইন্দ্রাদি দেবগণ ও সমসত ক্ষেত্রির মনে ভয়সঞ্জার করিয়া অন্তরীক্ষে উথিত হইলেন। গগনচর জীবগণ করি অন্তর্ত ব্যাপার প্রত্যক্ষ করিয়া তাঁহার স্তৃতিবাদ করিতে লাগিল। তিনি গর্ভবং উপ্রবেগে চালিলেন। তাঁহার হস্তে স্বর্ধের ন্যায় উল্লেন্স ঔষধিশৃৎগ, স্বরং স্বর্ধের ন্যায় দ্বিরীক্ষা, তংকালে তিনি স্থেরে নিকট একটি প্রতিস্থের ন্যায় দৃষ্ট হইলেন। ভগবান বিষ্কৃ বেমন সহস্রধারাষ্ত্র জনালাকরাল চক্র ধারণপূর্বক অন্তরীক্ষে বিরাজ্ঞিত হন সেইর্প ঐ দীর্ঘাকার মহাবীর ঐ পর্বত ধারণ করিয়া শোভা পাইতে লাগিলেন। বানরগণ তাঁহাকে দ্ব হইতে দর্শন করিয়া কোলাহল আরম্ভ করিল, তিনিও বানরদিগকে দেখিতে পাইয়া হর্ষভরে ঘন-ঘন সিংহনাদ করিতে প্রবৃত্ত হইলেন। তখন লঙ্কানিবাসী রাক্ষসেরাও উহাদের গর্জন্ধনি শ্রনিয়া ভীমরবে গর্জন করিতে লাগিল।

অবিলম্বে হন্মান লাজ্যায় অবতার্ণি হইলেন এবং প্রধান প্রধান বানরকে অভিবাদনপূর্বক বিভাষণকে আলিজ্যন করিলেন। রাম ও লক্ষ্মণ ঐ ঔষধিগন্থে নীরোগ হইলেন এবং বানরেরাও ক্রমে ক্রমে গাল্রোখান করিল। নিদ্রিত ব্যক্তিরা যেমন প্রভাতে জাগরিত হয়, উহারা সেইর্পে প্রবৃদ্ধ হইয়া উঠিল। বদবিধ এই যুদ্ধ উপস্থিত, তদবিধ বে-সমস্ত রাক্ষ্য বানরহস্তে বিনন্ধ হইয়াছে, গণনা ইইবার ভয়ে, তাহারা রাবণের আজ্ঞাক্রমে সম্দুজলো নিক্ষিশ্ত হইয়া থাকে, এই জন্য রাক্ষসগণের প্রক্রীবিনের আর সম্ভাবনা ছিল না।

অনশ্তর হন্মান ঐ ঔষধিপর্বত হিমালরে লইয়া চলিলেন এবং তাহা যথাস্থানে রাখিয়া পুনর্বার রামের নিকট উপস্থিত হইলেন।

চতু:সংততিতম সর্গা। অনন্তর কপিরাজ স্থাবি একটি কর্তব্য নিধারণপ্রক হন্মানকে কহিলেন, বীর! যখন কুম্ভকর্ণ বিনন্ধ এবং কুমারগণ নিহত হইয়াছে তখন রাক্ষসরাজ রাবণ আর কির্পে প্রেরক্ষা করিবেন। অতএব আমাদের পক্ষ হইতে মহাবল ক্ষিপ্রকারী বানরগণ উল্কা গ্রহণপূর্বক শীল্প গিয়া লগ্কায় পড়্ক।

স্থা অস্ত্রমিত হইল। ঐ ভীষণ প্রদোষকালে বানরেরা উল্কা গ্রহণপূর্বক লঙকার অভিমন্থে চলিল। যে-সমস্ত বিরুপনের রাক্ষস লঙকার দ্বাররক্ষা করিতেছিল তাহারা ঐ সকল উল্কাধারী বানরকে আগমন করিতে দেখিয়া সহসা পলায়নে প্রবৃত্ত হইল। বানরেরা হৃষ্ট হইয়া প্রেম্বার, উপরিতন গৃহ, প্রশস্ত রাজপথ, অপ্রশস্ত পথ ও প্রাসাদে অন্দিনিক্ষেপ করিল। দেখিতে দেখিতে হ্বতাশন চতুদিকৈ করাল শিখা বিশ্তারপ্রেক জর্বালয়া উঠিল। অত্যাচ প্রাসাদ দণ্ধ হইয়া পড়িতে লাগিল। অগ্নুর, উৎকৃষ্ট চন্দন, মুক্তা, স্কিক্তণ মণি, হীরক ও প্রবাল দংধ হইতে লাগিল। ক্ষৌম, স্বদুশ্য কৌষের বন্দ্র, মেষলোমঞ্জ ও উর্ণাত-তুনিমিতি বিবিধ বস্তু, স্বর্ণপাত্ত, বিচিত্ত অধ্বসম্ঞা, পাল্ডকাদি গুহোপকরণ, হুমতীর গ্রীবাবন্ধন, সূর্রচিত রথসক্ষা, বোম্ধা ও হুম্তান্বের বর্মা, চর্মা, বিবিধ অন্যাশস্ত্র, রোমজ কম্বল, কেশজ চামর, ব্যায়চর্মের আসন, কম্পুরি, স্বাস্তিকাদি গৃহ ও গৃহস্থ রাক্ষসগণের গৃহ দংধ হইতে লাগিলে বাক্ষসেরা স্বর্ণখাচত বর্ম ন্থ ও নৃথক রাক্সন্থের সূথ দাব হহতে লাগেল। রাক্সেরা ক্রেখাচত বর্ম ও অলওকার ধারণ করিয়াছিল, উহাদের গলে মালা এবং পরিধান উৎকৃত্য বৃদ্ধ ; উহারা মধ্মদে উন্মন্ত হইয়া চণ্ডল চক্ষে স্থানিক্সেদে চলিয়াছে এবং প্রেয়সীগণ উহাদের বৃদ্ধ ধারণপূর্বক ভীতমনে নিগ্রে ইতিছে। এই আক্সিমক আণ্নকাশেও রাক্ষ্যগণের ক্রেধ যারপরনাই উদ্রিদ্ধ ক্রিমা উঠিল : কেহ গদা, কেহ শ্লে, ও কেহ বা অসি হলতে নিগত হইছে লাগিল ; কেহ ভোজন করিতেছিল, কেহ মদ্য পান করিতেছিল এবং কেহ বা রমণীয় শ্রায় প্রণারিনীর সহিত স্থা নিম্নিত ছিল : উহারা চত্দিকে ক্রিমানীর শ্রায় প্রণারনীর সহিত স্থা নিম্নিত ছিল : উহারা চত্দিকে ক্রিমানীর হতধারণপূর্বক শীঘ্র নিগতি হইতে লাগিল। চত্দিকে আণ্ন প্রেঃ প্রাম জ্বলিয়া জ্বিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া আমিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া আমিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া আমিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া আমিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া বিম্নিত ক্রমান্ত উন্মান ক্রমান বহুলিয়া আমিতেছে। ক্রমনার গ্রহ বহুলিয়া বিম্নিত ক্রমনার উন্সাদিক ক্রমান ক্রমান বহুলিয়া উঠিতেছে। লগ্কার গৃহ বহুব্যয়ে নিমিতি ও সারবং, উহা দুর্গম ও গভীর, কোনটি দেখিতে প্র্ভিন্দ্রকার এবং কোনটি বা অর্ধচন্দ্রকার, উহার শিখরদেশে স্থেশস্ত শিরোগৃহ আছে, গবাক্ষসকল বিচিত্র ও রমণীয় এবং মণ্ড স্প্রশৃস্ত। ঐ গৃহ দ্বর্ণময়, মণি ও প্রবালে খচিত, উন্নত্যে সূর্বকৈ স্পর্শ করিতেছে এবং ক্লোণ্ড ও ময়ুরের কণ্ঠম্বরে ও ভূষণের ঝনঝন রবে নিনাদিত হইতেছে। অণ্নি ঐ সমস্ত প্রকাল্ড প্রকাল্ড গৃহ দশ্ধ করিতে লাগিল। প্রজ্বলিত ভোরণন্বার বর্ষাকালে বিদ্যুৎজড়িত জলদের ন্যায় এবং প্রজন্ত্রিত গৃহ দাবাদ্দিদীত গিরিশিখরের ন্যায় নির্বাক্ষিত হইল। ঐ ছোর রজনীতে যে-সকল রমণী সম্ভতল গ্রহের উপর স্থে শ্যান ছিল তাহারা দহামান হইয়া অংশের অলওকার দ্রে নিক্ষেপপ্রক উজৈঃম্বরে হাহকোর করিতে লাগিল। জ্বলম্ত গৃহসকল বজ্রাহত গিরিশ্রণের ন্যায় পড়িতেছে এবং দূর হইতে দাবানলম্পৃষ্ট দহামান হিমাচলশ্ঞোর ন্যায় দৃষ্ট হইতেছে। হর্ম্যাশখর করাল অন্দিশিখায় প্রদীশ্ত, তৎকালে লঞ্চা কুস্মীমত কিংশ্বক বৃক্ষের ন্যায় লক্ষিত হইতে লাগিল। অধ্যক্ষেরা অণ্নিভয়ে হস্তী ও অশ্ব বন্ধনমূত্ত করিয়া দিয়াছে ; তৎকালো লঙ্কা মহাপ্রলয়ে ঘ্রণমান-নক্তকুম্ভীর মহাসমুদ্রের ন্যায় ভীষণ হইয়া উঠিল। কোথাও হস্তী অম্বকে উন্মৃত্ত দেখিয়া সভয়ে পলাইতেছে এবং কোথাও অশ্ব ভীত হস্তীকে দেখিয়া সভয়ে প্রতিনিব্ত হইতেছে। তংকালে অণ্নিশিখা মহাসমন্ত্রে প্রতিফলিত হওরাতে উহার জল

রক্তবর্ণ হইয়া উঠিল এবং অর্ধপ্রদীপ্ত গুহের প্রতিবিদ্দ তর্জ্গচপল সমুদ্রের জল শোভিত করিয়া তুলিল। লংকাপ[্]রী এইর্পে প্রজনলিত হইয়া প্রলয়কালে প্রদীগত বস্কোর ন্যায় কক্ষিত হইতে কাগিল। স্থালোকেরা উত্তাপদণ্ধ ও ধ্মব্যাণ্ড হইয়া হাহাকার করিতেছে, উহা শতবোজন দূরে হইতে শ্রুত হইতে লাগিল। তংকালে যে-সমস্ত রাক্ষ্স দশ্বদেহে বহিগতি হইতেছিল বানরেরা যুস্থার্থ সহসা তাহাদিগকে গিয়া আক্রমণ করিল এবং বানর ও রাক্ষসগণের তুমুল নিনাদ দশ দিক সমাদ্র ও প্রথিবীকে প্রতিধর্নিত করিয়া ডুলিল।

ইতাবসরে রাম ও লক্ষ্যণ বীতশল্য হইয়া প্রশাস্ত মনে শরাসন গ্রহণ করিলেন। রাম কার্মাকে টাকার প্রদান করিবামার একটি তুমাল শব্দ উবিত হইল। কুপিত রুদ্র যেমন বেদময় ধনু গ্রহণপূর্বক শোভিড হইয়াছিলেন রাম কামবি হস্তে সেইর পই শোভা পাইতে লাগিলেন। তাঁহার শরাসনের টঞ্চার সমস্ত কোলাহল অতিক্রম করিয়া উত্থিত হইল এবং ঐ শব্দে এবং বানর ও রাক্ষসগণের নিনাদে দশ দিক ব্যাপিয়া গেল। তাঁহার শরাসনচ্যুত শরে কৈল্যসমিখরতুল্য তোরণ ভাতলে চূর্ণ হইয়া পড়িল। রাক্ষসেরা বিমান ও গ্রহে রামের শর প্রবিষ্ট হইতেছে দেখিয়া ষ্মার্থ প্রস্তুত হইল এবং বর্ম ধারণপূর্বক ঘন ঘন সিংহনাদ করিতে লাগিল। ঐ রাহি উহাদের পক্ষে করাল কালরাহি

ইতাবসরে কপিরাজ সন্তাব বানরগণকে করিলেন, দেখ, যে ম্বার যাহার নিকটম্থ সে সেই ম্বার আগ্রয় করিয়া বৃদ্ধ করিবে। তোমাদের মধ্যে যে ব্যক্তি পলাইয়া যাইবে সে আমার অবাধা, তোমরা সেই দৃষ্টকে নিশ্চয়ই বিনাশ করিও। বানরগণ উল্কাহস্তে ম্বারে দশ্ভায়রিদ, রাক্ষসরাজ রাবণের জোধানল অতিয়াত্র প্রদীশত হইয়াছে। তাঁহার জ্মভ্রেটিরত ম্থমার্তে দিগলত ব্যাপিয়া উঠিল এবং র্দের ম্তিমান জোধ ধার তাঁহার স্থমাত্তে দ্বাত হাতে লাগিল। অনন্তর তিনি কৃশ্ভকণের করি কুলি কুল্ভ ও নিকৃশ্ভকে আহ্বানপর্বক কহিলেন, বংস! তোমরা দৃই বীর কর্ত্রশ্বা সেনোর সহিত বৃশ্ধবারা কর। কুল্ভ ও নিকৃশ্ভ সমরবেশে নির্গত হই*লেন*। ব্পাক্ষ, শোণিতাক্ষ, প্রজ্ঞর ও কম্পন উহাদের সমভিব্যাহারী হইল। রাবণ সিংহনাদ করিয়া সকলকে কহিলেন, রাক্ষসগণ! তোমরা এই রাচিতেই যুদ্ধ করিবার জন্য প্রস্থান কর।

রাক্ষসেরা দীণত অস্ত্রশস্ত্র লইয়া প্নঃ প্নঃ সিংহনাদপ্র্বক নিগতি হইল। উহাদের ভাষণপ্রভা, দেহপ্রভা এবং বানরগণের অণ্দিপ্রভায় নভামণ্ডল উল্ভাসিত হইয়া উঠিল। চন্দ্রপ্রভা নক্ষরপ্রভা এবং উভয়পক্ষীয় বীরগণের আভরণপ্রভা সেনাম্বয়ের মধ্যগত আকাশ উল্ভাসিত করিয়া তুলিল। বানরেরা দেখিল রাক্ষসসৈন্যমধ্যে ধনজপতাকা, ভীষণ হস্তী, অশ্ব ও রথ : সকলের হস্তে উৎকৃন্ট অসি, দীশ্ত শ্ল, গদা, খঞা, প্রাস, তোমর ও ধন্। উহারা পরশা ও অন্যান্য শস্ত্র অনবরত ঘ্রাইভেছে, সমস্ত সৈন্য বীরপ্রেয়ে পূর্ণ, উহাদের বিক্রম ও পৌরুষ অতি ভয়ত্কর : উহারা কচিতটনিবন্ধ কিজ্পিণীজালে নিনাদিত হইতেছে : উহাদের শরাসন শরযোজিত, ভাঞ্জদণ্ডে স্বর্ণজাল এবং ক-ঠন্সবর মেঘবং গদ্ভীর : উহাদের গন্ধমাল্য ও মধ্বর আধিক্যে বায় স্বাশিষ হইয়া প্রবাহিত হইতেছে। বানরেরা ঐ দর্ক্সে ও ভীষণ রাক্ষসসৈন্য আসিতে দেখিয়া ক্রমশঃ অগ্রসর হইল এবং ঘন ঘন সিংহনাদ করিতে লাগিল। রাক্ষসেরা পতপা ষেমন বহিমাথে প্রবেশ করে সেইর্প বেগে **লম্**জপ্রদানপূর্বক প্রতিপক্ষে গিয়া পড়িল। যুন্ধার্থী বানরেরা যেন উন্মন্ত, উহারা রাক্ষসগণের উপর বৃক্ষ শিলা ও মর্নাণ্টপাত করিতে প্রবৃত্ত

হইল। রক্ষেসেরা শাণিত শরে উহাদের শিরশ্ছেদন করিতে লাগিল। কাহারও কর্ণ বানরের দণ্ডাঘাতে ছিল্ল, কাহারও মন্তক মুখিপ্রহারে জন্দ এবং কাহারও বা সর্বাপ্ত শিলাপাতে চুর্ণ। ঘোরাকার রক্ষেসেরা সুশাণিত অসি শ্বারা বানরগণকে বিনাশ করিতে লাগিল। কেই এক জনকে বধ করিতে উদাত ইইয়ছিল তাহাকে আসিয়া অন্যে বধ করিল, কেই অন্যকে ফেলিতেছিল তাহাকে আসিয়া অন্যে ফেলিয়া দিল, কেই অন্যকে দংশন করিতেছিল তাহাকে আসিয়া অন্যে দংশন করিল এবং কেই অন্যকে তিরন্ধার করিতেছিল তাহাকে আসিয়া অন্যে তিরন্ধার করিতে লাগিল। কেই কহিতেছে যুন্ধং দেহি, অন্যে যুন্ধ করিতেছে, কোন বীর আসিয়া কহিল আমিই বুন্ধ করিব, কেন ক্রেশ দেও, তিন্ঠ, তৎকালে রণন্ধানে কেবলই এই বাকা শ্রুত হইতে লাগিল। ক্রমশঃ যুন্ধ অতিশয় ভাষণ ও লোমহর্ষণ হইয়া উঠিল। রাক্ষসেরা প্রাস, অসি, শ্লুল ও কুন্তান্দ্র উদাত করিয়া আছে, কাহারও বর্ম ছিমভিম এবং কাহারও বা ধ্রুদ্ধ ভ প্রালত; দেখিতে দেখিতে দুই পক্ষে অসংখ্য সৈন্যক্ষয় হইতে লাগিল।

পশ্চসাততিত্ব সর্গ ॥ এই সর্বসংহারক ঘারতর বৃশ্ব উপস্থিত হইলে মহাবার অগ্যাদ কম্পনের নিকটম্থ হইলেন। কম্পন বৃদ্ধ আহ্ত হইবামান্ত ক্রোধভরে অগ্যাদের বক্ষে গিয়া এক গদাঘাত করিল। অগ্যাদ কম্পাদ মুছিত হইয়া পড়িলেন এবং অবিলন্দের সংজ্ঞালাভপ্রক উহার সাক্ত মহাবেগে এক গিরিশ্লা নিক্ষেপ করিলেন। কম্পন প্রহারবেদনায় ক্ষেত্র ইইলা প্রাণতাগ করিল। ইতাবসরে মোণিতাক্ষ রথবেগে শীঘ্র অগ্যাদের সকটম্থ হইল এবং শাণিত শরে উহিকে বিশ্ব করিতে লাগিল। উহার পরি স্কৃতীক্ষা দেহবিদারণ ও কালাশিনকম্প। শোণিতাক্ষ অগ্যাদের প্রিমার ক্রেপ্ত, নারাচ, বংসদন্ত, শিলীম্থ, কণী, শলা ও বিপাঠ প্রভৃতি বিশ্বিধ বাণ নিক্ষেপ করিতে লাগিল। মহাপ্রতাপ অগ্যাদ ঐ সমসত অস্ক্রশাস্ত্র ক্তরিক্ষত হইয়া পড়িলেন এবং ভীমবিক্রমে উহার ভীষণ ধন্ম শর ও রথ চ্ণ করিয়া ফেলিলেন। অনন্তর শোণিতাক্ষ অসি ও চর্ম গ্রহণ করিলে এবং ক্রোধে একান্ত হতজ্ঞান হইয়া মহাবেগো উন্নিত হইল। অগ্যাদ এক লন্দ্রু উহারে গিয়া গ্রহণ করিলেন এবং উহারই অসি লইয়া ঘোর সিংহনাদ-প্রক বজ্ঞাপ্রতিবং তির্যকভাবে উহার সক্ষ্ম ছেদন করিলেন। পরে তিনি সেই করাল অসি করে ধারণ ও প্রাঃ গ্রহণ করি জনাত্র চলিলেন।

এদিকে যুপাক্ষ অত্যত ক্রোধাবিষ্ট হইরা প্রজ্ঞের সহিত শীন্ত অঞ্চাদের নিকট উপস্থিত হইল। শোণিতাক্ষও কিঞিং আশ্বন্দত ইইরা লোহমরী গদা গ্রহণপূর্বক তথার আগমন করিল। অঞ্চদ শোণিতাক্ষ ও প্রজ্ঞের মধ্যে অবস্থিত হইরা বিশাখা নামক দুই নক্ষরের মধ্যগত পূর্ণচন্দের নাার অপূর্ব শোভা ধারণ করিলেন। মৈন্দ ও শ্বিবিদ উত্যার পাশ্বরক্ষক, সকলে যুন্ধের প্রতীক্ষা করিতেছে ইত্যবসরে মহাকায় রাক্ষসগণ আসি শর ও গদা গ্রহণপূর্বক ক্রোধভরে বানরগণকে গিয়া আক্রমণ করিলে। অভ্যাদাদি তিন বীরের সহিত যুপাক্ষ প্রভৃতি তিন বীরের ঘোরতর যুন্ধ বাধিয়া গেল। বানরগণ উহাদের প্রতি বৃক্ষ নিক্ষেপ করিতে লাগিল; মহাবল প্রক্রম্ব খন্দ শ্বারা ভাহা খন্ড খন্ড করিয়া ফেলিল। বানরেরা উহার রথ চুর্ণ করিবার জন্য অনবরত বৃক্ষশিলা নিক্ষেপে প্রবৃত্ত হইল, প্রক্রম্ব ও শর্মানকরে তৎসমুদ্র ছিম্নভিন্ন করিতে লাগিল। মৈন্দ ও শিব্বিদ

বহুসংখ্য বৃক্ষ উৎপাটনপূর্বক রাক্ষসগণের প্রতি মহাবেগে নিক্ষেপ করিল, শোগিতাক্ষ মধ্যপথে গদাঘাতে তৎসম্বেয় চূর্ণ করিয়া ফেলিল।

অনন্তর প্রক্রণ মমবিদারক প্রকান্ত থকা উদাত করিয়া মহাবেগে অপ্সদের প্রতি ধাবমান হইল। মহাবল অপ্সদ প্রক্রন্থকে সাম্লিহত দেখিয়া এক অন্বকণ বৃক্ষ নিক্ষেপ করিলেন এবং উহার কৃপাণধারী হস্তে এক ম্থিউপ্রহার করিলেন। হস্তাস্থিত খঙ্গ ঐ আঘাতে তৎক্ষণাং ভ্তলে স্থালিত হইয়া পড়িল। তখন প্রক্রন্থ খঙ্গ করপ্রত্থ দেখিয়া অপ্যদের ললাটে ব্রুক্তপ এক ম্থিপ্রহার করিল। অধ্যদ ক্ষণকাল বিহন্ত হইয়া রহিলেন। পরে প্রকৃতিস্থ হইয়া এক ম্ফ্রাঘাতে উহার ম্বেড চ্ণা করিয়া ফেলিলেন।

আনশ্তর যুপাক্ষ পিতৃব্যকে বিনণ্ট দেখিয়া আশ্রুপ্রলাচনে রথ হইতে অবতরণ করিল। উহার ত্ণীরে শর নাই, সে স্মাণিত খন্স লইয়া ধাবমান হইল। তন্দ্রে মহাবীর ন্বিবিদ জোধভরে উহার বক্ষে শিলাঘাতপ্রেক উহাকে গিয়া স্বলে গ্রহণ করিল। অনশ্তর শোণিতাক্ষের সহিত ন্বিবিদের তুম্ল সংগ্রাম উপস্থিত। শোণিতাক্ষ ন্বিবিদের বক্ষে এক গদা প্রহার করিল। ন্বিবিদ প্রহার-ব্যথায় অস্থির, সে উহার গদা প্রবার উদ্যত দেখিয়া তাহা কাড়িয়া লইল।

ঐ সময় মহাবীর মৈন্দ ন্বিবিদের নিকটন্থ হছল। তথন শোণিতাক্ষ ও ম্পাক্ষের সহিত উহাদের ঘোরতর যুখ্য উপন্তিত উহারা পরন্পর পরন্পরকে আকর্ষণ ও পাঁড়ন করিতে লাগিল। ন্বিবিদ শৌন্দাতাক্ষের মুখে নথাঘাত করিল এবং তাহাকে ভ্তলে চ্ণ করিয়া ফোললে প্রদিকে মৈন্দ্র ক্রোধভরে যুপাক্ষকে ভ্রপঞ্জরে গ্রহণ ও পাঁড়নপ্রক বিন্দুর সিরল। তন্দ্রের রাক্ষসমৈন্য যারপরনাই ব্যথিত। উহারা ভংনমনে মহাবীর স্থিতের নিকট উপন্থিত হইল। কুল্ড উহাদিগকে আন্বন্ধত করিলেন। কিনিলেন ঐ সমস্ত সৈনোর মধ্যে প্রকৃত বীরগণ বানরহন্দেত নিহত হইয়াছের কর্নানে তিনি জাতকোধ হইয়া ঘোরতর যুন্ধ আরম্ভ করিলেন। ঐ সেন্ধরাগ্রগণ্য মহাবীর ধন্ গ্রহণপ্রক দেহবিদারণ উরগভীষণ শর নিক্ষেপ করিতে লাগিলেন। তাহার সমর শরাসন বিদ্যুৎ ও ঐরাবত সন্পর্কে দিশিসমান ইন্দ্রধন্র ন্যায় স্ব্লোভিত। তিনি একটি ন্বর্ণপ্রক ন্বিবিদের প্রতি পরিত্যাগ করিলেন। ন্বিবিদ ঐ শরে সহসা আহত হইয়া পদন্বর প্রসারণপ্রক বিহ্নল হইয়া পাঁড়ল। তথন মৈন্দ এক প্রবাত্ত শিলা হন্তে লইয়া কুল্ভের প্রতি ধাবমান হইল এবং উহাকে লক্ষ্য করিয়া উহা মহাবেগে নিক্ষেপ করিল। মহাবীর কুল্ভ শাণিত পাঁচ শরে সেই শিলা চ্র্ণ করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের শর সন্ধানপ্রক মৈন্দের ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের শর সন্ধানপ্রক মেন্দ্রের ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের শর সন্ধানপ্রক মেন্দ্রের ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের শর সন্ধানপ্রক মেন্দ্রের ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের ভ্রের ভ্রের প্রক্র ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের ভ্রের ভ্রের ভ্রের প্রত্রের প্রক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের ভ্রের ভ্রের ভ্রের প্রক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্ব্রের ভ্রের ভ্রের ভ্রের ভ্রের ভ্রের ক্র বিশ্ব করিয়া ফেলিলেন এবং অন্য এক স্বর্ণাক্র শর সন্ধানপ্রক স্বর্ন ক্র বিশ্ব করিলেন। মেন্ত্র বিশ্ব করিয়া ভ্রের প্রক্র বিশ্ব করিয়া ভ্রের স্বর্ন করিলেন। মেন্ত্র ক্র বিশ্ব করিলেন। মেন্ত্র ক্র ক্র বিশ্ব করিয়া ভ্রের করিলেন। মেন্ত্র বিশ্ব করিয়া ক্র স্বর্ণাকর বিশ্ব করিলেন করিলেন। মেন্ত্র ক্র স্বর্নাক্র করিলেন করিলেন করিলেন করিলেন ক্র স্বর্নাক্র বিশ্ব করিলেন কর

অনন্তর অপাদ মৈন্দ ও ম্বিনদকে বিকল ও বিহ্নল দেখিয়া মহাবেগে কুন্ভের অভিম্থে চলিলেন। কুন্ভ হস্তীকে বেমন অন্কুশ ম্বারা বিশ্ব করে সেইব্প বহ্সংখ্য শরে অপাদকে বিশ্ব করিলেন। উহার শর অকৃতিত শাণিত ও স্তীক্ষ্য। মহাবীর অপাদ ঐ সমস্ত শরে ক্ষতবিক্ষত হইয়াও কিছ্মাত্র ব্যথিত হইলেন না। তিনি উহার মস্তকে অনবরত বৃক্ষশিলা বর্ষণ করিতে লাগিলেন। কুন্ডের শরে তরিক্ষিত বৃক্ষশিলা খন্ড খন্ড হইয়া পড়িল। পরে কুন্ড উহাকে মহাবেগে আগমন করিতে দেখিয়া উন্কা ম্বারা বেমন হস্তীকে বিশ্ব করে সেইর্প দুই শরে উহার দ্বারা বৈশ্ব করিলেন। অপাদের দ্বা হইতে অজন্তর্ধারে রক্তন্তেত বহিতে লাগিল এবং কটিত নেশ্বর ম্বিত হইয়া গেল।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

85

তথন অপাদ এক হস্তে ঐ রক্তাক্ত নেত্র আচ্ছাদনপূর্বক অপর হস্তে নিকটপথ এক শালবৃক্ষ গ্রহণ করিলেন। ঐ শাল শাখাবহুল, তিনি উহা বক্ষঃপথলে পথাপন এবং এক হস্তে উহার শাখা কিঞ্চিৎ অবনমনপূর্বক উহাকে নিজ্পত্র করিয়া লইলেন। বৃক্ষ দেখিতে ইন্দুধ্যক্ত ও মন্দরতৃল্য। মহাবীর অজ্যাদ কুম্ভের প্রতি উহা মহাবেগে নিক্ষেপ করিলেন। বৃক্ষ নিক্ষিত হইবামাত্র কুম্ভের শরে খন্ড খন্ড হইরা পড়িল। পরে কুম্ভ শাণিত সাত শরে অজ্যাদকে বিন্ধ করিলেন। অজ্যাদও ধারপরনাই ব্যথিত ও মুছিত হইলেন।

অপাদ প্রশানত সম্দের ন্যায় ভ্তলে পতিত, বানরেরা শীর রামকে গিয়া এই সংবাদ নিবেদন করিল। রাম অপ্যদকে রক্ষা করিবার জন্য জান্ববান প্রভৃতি বানরিদিগকে নিয়েগ করিলেন। বানরবীরগণ ব্কশিলা হস্তে লইয়া রোষলোহিত নেত্রে তথায় উপস্থিত হইল। জান্ববান, স্বেণ ও বেগদশী ক্লোধাবিদ্য হইয়া কুন্ডের প্রতি মহাবেগে ধাবমান হইলেন। তথন কুন্ড শৈল ন্বারা বেমন জলপ্রোত র্শ্ব করে সেইর্প শর ন্বারা উহাদের গতিরোধ করিলেন। উহারা শরজালে আছলে হইয়া মহাসমলে বেমন তীরভ্নি দেখিতে পার না তল্পে রণস্থলে আর কিছ্নই দেখিতে পাইলেন না।

ইতাবসরে কপিরাজ স্কারি অগগদকে পশ্চাতে লইয়া গিরিচারী নাগের প্রতি সিংহের ন্যায় কুন্ডের প্রতি ধাবমান হইলেন কর্ম অশ্বকর্শ প্রভূতি বিবিধ বৃক্ষ উৎপাটনপূর্বক কুল্ভের উপর নিক্ষেপ ক্রিচে লাগিলেন। তারিক্ষিণত বৃক্ষে আকাশ আচ্চর হইয়া পড়িল। কুল্ভও শুর্মিকরে তংসম্পর খণ্ড খণ্ড করিলেন। খণ্ডিত বৃক্ষ ঘোর শতখাীর ন্যায় নির্দ্ধিকত হইল। কিন্তু স্থাীব বৃক্ষ বিফল দেখিয়াও কিছুমাত ব্যথিত হইত্রেক দা। তহার সর্বাপা কুম্ভের শরনিকরে কতবিকত, তিনি থৈয় সহকারে প্রমাতই সহিয়া রহিলেন। পরে উছার ইন্দ্রধন্ত তুলা ধন্ধণ্ড কাড়িরা লুইয়া বিখণ্ড করিলেন। কুল্ড ভণ্নদশন হস্তীর ন্যায় শোচনীয়। ইত্যবসরে স্থাট্টির ক্রোধাবিণ্ট হইয়া কহিতে লাগিলেন, কুল্ড! তোমার বলবাঁর্য ও শরবেগ অতি অভ্যুত ; তুমি বিজমে প্রহ্মাদ ও বলির তুল্য এবং শোর্যে কুবের ও বর্মণের তুল্য ; রাক্ষসকুলের মধ্যে কেবল তোমার বা রাবণের বিনয় বা প্রতাপ আছে। একমাত্র তুমিই বলবান কুল্ডকর্ণের অন্বর্প। মানসী পীড়া যেমন জিতেন্দ্রিকে সেইর্প স্রগণ শ্লধারী তোমাকে আক্রমণ করিতে পারেন না। ধীমন্! এক্ষণে তুমি বিজ্ञম প্রদর্শনি কর এবং আমারও বীরকায প্রত্যক্ষ কর। তোমার পিতৃব্য রাবণ দৈববরে এবং তোমার পিতা কুশ্ভকর্ণ বলপ্রভাবে সারাসারকে পরাস্ত করিয়াছেন, কিন্তু তোমার বর ও বল উভয়ই আছে। তুমি ধন্বিদ্যায় মহাবীর ইন্দ্রজিতের এবং প্রতাপে রাক্ষসরাজ রাবণের তুল্য ; ফলতঃ আৰু তুমিই রাক্ষসগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ। আৰু ব্দগতের লোক ইন্দ্র ও শন্বরাস্করের নাায় তোমার এবং আমার অভ্তত যুখ্থ স্বচক্ষে দেখুক। তুমি অলেকিক কার্য করিয়াছ, বিলক্ষণ অস্ত্রকোশল দেখাইয়াছ এবং এই সমস্ত ভামবল বানরকেও বিনাশ করিয়াছ। এক্সণে তুমি **বৃশ্ধশ্রমে ক্লান্ত**, আমি এই অব**ম্থা**য় তোমাকে ব**ধ করিলে লোকে**র তিরস্কারভাজন হইব, কেবল এই ভরে ক্ষাল্ড হইয়া আছি। এক্ষণে তুমি প্রাণিত দ্র করিয়া আমার বল প্রত্যক্ষ কর।

তখন স্থাতিবর এই ব্যাজস্তৃতি দ্বারা কুম্ভের তেজ হতে হতাশনের ন্যায় বিধিত হইয়া উঠিল। তিনি গিয়া স্থাতিকে ভ্রুকেন্টনে ধরিলেন। পরস্পর প্রস্পরের গাত্রে প্রথিত, পরস্পর পরস্পরকে ঘর্ষণ করিতেছেন এবং মদদ্রাবী

হৃতীর ন্যায় ঘন ঘন নিঃশ্বাস ফেলিতেছেন। শ্রান্তিনবন্ধন উ'হাদের ম্থে সধ্ম আণ্নিশথা নিগতি হইতে লাগিল। ভ্মি পদাভিঘাতে নিমণ্ন, সম্দ্র বিচলিত ও তরজাকুল। ইতাবসরে স্থাবি কৃশ্ভকে উধের ভুলিয়া সম্দ্রে নিক্ষেপ করিলেন। সম্দ্রের পর্বতাকার জলরাশি উৎসারিত ও তলদেশ দৃষ্ট হইল। অনন্তর কৃশ্ভ সম্দ্র হইতে উল্লিত হইয়া স্থাবিকে ভ্তলে ফেলিলেন এবং জোধাবিত ইইয়া উহার বক্ষে বন্ধুমন্দি প্রহার করিলেন। স্থাবির চর্ম ফ্রিয়া গেল, অস্থিমণ্ডলে মন্দি প্রতিহত হইল এবং বেগে রক্ত ছ্টিতে লাগিল। তখন বন্ধাঘাতে স্মের, হইতে বেমন অগিন উঠিয়াছিল সেইর্প ঐ মন্দিপ্রহারে স্থাবির তেজ জালিয়া উঠিল। তিনি কৃশ্ভের বক্ষে এক বন্ধুক্ষপ মন্দি নিক্ষেপ করিলেন। কৃশ্ভও বিহাল হইয়া জালাশ্ন্য অশিনর ন্যায় ভ্তলে পতিত হইলেন। বোধ হইল যেন প্রদাণত ভোম গ্রহ সহস্য অন্তর্গীক হইতে স্থালিত হইয়া বিক্ষিত ভাম গ্রহ সহস্য অন্তর্গীক হইতে স্থালিত হইয়া বালি ব্যায় দৃষ্ট হইল। তিনি বিনন্ধ হইলেন, সমগ্র প্থিবী বিচলিত হইয়া উঠিল এবং রাক্ষসেরও বারপরনাই ভাত হইল।

মান্দাভিত্তম সার্গ । নিকৃত্ত প্রতা কৃত্তকে বিশ্রিষ্ঠ দেখিয়া ক্লোধজনলিত নেত্রে দেখ করিয়াই যেন সংগ্রীবের প্রতি দেখিপাত করিল। উহার হতে যোর পরিষ। পরিষের মন্তিস্থান লোহপট্টে বেভিত জুইন স্বর্গপ্রবাল ও হারকে খচিত, মাল্যদামজ্ঞতি, মহেল্টাশখরাকার, ফ্রেইন্ট্রুলা ও রাক্ষসগণের ভয়নাশক। উহা দৈর্ঘ্যে আবহ প্রভৃতি সম্ভ মহাবাহের সান্দ্রম্পল বিজেবিত করিয়া দিতেছে এবং বিধ্যুমবিছর নাায় সশব্দে প্রত্বালত হইতেছে। ভামবল নিকৃত্ত ম্থব্যাদান-পর্বেক ঐ ইন্দ্রধন্তভাষণ পরিষ্ঠ বিঘ্রণিত করিতে করিতে সিংহনাদ আরম্ভ করিল। উহার বক্ষে নিত্র ইতেত অপাদ, কর্ণে বিচিত্র কৃত্তল এবং গলে উৎকৃত্ট মাল্য। ঐ মহাবার বিদ্যান্দামদীত গর্জমান মেঘ বেমন ইন্দ্রধন্য ন্বারা শোভা পায় সেইর্প ঐ পরিষান্দ্রে শোভা ধারণ করিল। পরিষ প্রাঃ প্রাঃ বিঘ্রণিত হওয়াতে অন্তর্গক্ষ তারা গ্রহ নক্ষত্র ও গন্ধবন্ধিরী অলকার সহিত যেন ঘ্রারতে লাগিল। নিকৃত্তর্প প্রদীশত বহি সাক্ষাং প্রলয়ান্দির নাায় উত্থিত, ক্লোধ উহার কান্ট, পরিষ ও আভরণে উহা জ্যোতিত্যান। তংকালে ঐ বার সাধারণের অনভিগম্য হইয়া উঠিল এবং রাক্ষস ও বানরগণ উহাকে দেখিবামাত্র ভরে নিস্পাদ্দ হইয়া রহিল।

এই অবসরে মহাবীর হন্মান বক্ষঃপ্রসারণপূর্বক নিকুন্ভের সম্মুখে দন্ডায়মান হইলেন। দীঘ্বাহ্ নিকুন্ভ উ'হার বক্ষে স্থাপ্রভ পরিঘ নিক্ষেপ করিল। পরিঘ হন্মানের স্থির ও বিশাল বক্ষে নিক্ষিত হইবামার চূর্ণ হইরা গোল। ঐ সমসত চ্পাংশ চতুদিকে বিক্ষিত হইরা আকাশে শত শত উক্রার ন্যায় দৃষ্ট হইল। ঐ পরিঘের আঘাতেও হন্মান ভ্মিকন্পকালে পর্বতবং স্থির ও নিশ্চল। পরে তিনি মহাবেগে একটি দৃঢ়বন্ধ মুখি নিকুন্ভের বক্ষে নিক্ষেপ করিলেন। মুখ্যাঘাতে নিকুন্ভের বর্ম ফ্টিয়া গেল, তীরবেগে রক্ত বহিতে লাগিল এবং মেঘমধ্যে স্ফ্রিড বিদ্যুতের ন্যায় বক্ষে ঝাটিত একটা জ্যোতি উঠিয়া মিলাইয়া গেল।

অনশ্তর নিকৃশ্ভ অবিলন্ধে সমুস্থ হইরা হন্মানকে গিয়া বেগে ধরিল এবং উ'হাকে উধের্ব তুলিয়া লংকার অভিমূখে চলিল। তখন রাক্ষসেরা এই বিস্ময়কর ব্যাপারে অতিমান হুল্ট হইয়া ভীম রবে কোলাহল করিতে লাগিল। পরে হন্মান

তদবস্থায় নিকুশ্ভকে এক মৃষ্ট্যাঘাত করিলেন এবং উহার হস্তগ্রহ হইতে আপনাকে মৃক্ত করিয়া ভৃতলে দাঁড়াইলেন। তাঁহার ফ্রোখানল দ্বিগণে জন্লিয়া উঠিল। তিনি নিকুশ্ভকে ফেলিয়া পিন্টপেষিত করিতে লাগিলেন। পরে মহাবেগে উহার বক্ষে উঠিয়া দুই হস্তে উহার গ্রীবা ধরিলেন। নিকুশ্ভ ভীমরবে চীংকরে করিতে লাগিল। হন্মান উহার গ্রীবা মোচড়াইয়া মৃষ্ড উৎপাটন করিলেন। বানেরেরা হৃষ্টমনে সিংহনাদ করিতে লাগিল। দিগন্ত প্রতিধ্বনিত, প্রথিবী কম্পিত। আকাশ যেন খসিয়া পড়িল এবং রাক্ষমেরা যারপরনাই ভীত হইল।

নশ্তসশ্ততিত্বস্থ সর্গা ॥ রাক্ষ্যরাজ রাবণ কুশ্ত ও নিকুশ্তকে নিহত দেখিয়া রোধে অনলের ন্যায় জনলিয়া উঠিলেন। তিনি ক্লোধ ও শোকে হতজ্ঞান হইয়া খরপুরে বিশালনের মকরাক্ষকে কহিলেন, বংস! তুমি আমার আদেশে সসৈন্যে নিগতি ইও এবং রাম, লক্ষ্যণ ও বানরগণকে সংহার করিয়া আইস।

শ্রাভিমানী মকরাক্ষ হৃত্যানে রাবণের বাক্য শিরোধার্য করিয়া লইল এবং তাঁহাকে প্রদক্ষিণ ও প্রণামপ্র্বক গৃহ হইতে নিগতে হইল। সম্মুখে সেনাপতি দশ্ডায়মান। মকরাক্ষ তাহাকে কহিল, বীর! তুমি শশ্র রথ ও সৈন্য স্মাভ্সিত করিয়া আন। সেনাপতি অবিলন্দেই ডাহা করিছে তথ্য মকরাক্ষ রথ প্রদক্ষিণ-প্রেক সার্রথিকে কহিল, স্ত! তুমি শাঁছ ত্রেভ্রিমতে রথ লইয়া চল। পরে ঐ মহাবার, রাক্ষসগণের উৎসাহ বৃদ্ধি করিয়া জন্য কহিল, রাক্ষসগণ! তোমরা আমার সম্মুখে থাকিয়া যুম্প করিছে করিয়াজ রাবণ আমার রাম লক্ষ্যণ ও অন্যান্য বানরগণকে বিনাশ করিছে করিয়াজ বারণ আমা আজ তাহাদিগকে বধ করিয়া আসিব। আশ্ব করিয়া করিয়া আসিব। আমি মুক্ত কান্তকে দশ্ধ করে সেইর্প আমি শ্রপ্রহারে বানরসৈন্য ছার্ম্বির করিয়া আসিব।

রাক্ষসেরা বলবান নার্ক্টিশ্রেধারী ও সাবেধান; উহাদের চক্ষ্ পিশ্পাল, দশ্ত ভীষণ; উহারা কামর্পী ও রুর; উহাদের কেশ উন্মন্ত, আকার ভরৎকর; উহারা মাতশের ন্যার থোররবে প্নেঃ প্নেঃ গর্জন করিতেছে। ঐ সকল রাক্ষসবীর ধরপত্র মকরাক্ষকে পরিবেদ্টনপূর্ব হ দ্টমনে চলিল। উহাদের গতিদপে গগনতল আলোড়িত হইতে লাগিল। শৃত্থধন্নি, ভেরীরব, বীরগণের বাহনাস্ফেটন ও সিংহনাদে চতুদিকৈ প্রতিধন্নিত হইয়া উঠিল। ক্ষায়ণ্টি সার্বাধ্ব কর্ম্রুট হইল, ধ্রক্ষদণ্ড স্থালিত হইয়া পড়িল। রথধাজিত অশ্বের আর প্রবিৎ বিচিত্র পদ্বিন্যাস রহিল না। উহারা জড়িতপদে সাম্র্নেরে দীনম্থে যাইতে লাগিল। বায়্ধ্বিলপ্র্ণ তীর ও দার্ল। ন্মতি মকরাক্ষের ধারাকালে এই সমন্ত দ্র্লকণ দ্র্ট হইল। মহাবীর রাক্ষসেরা তৎসমন্ত তুক্ত করিয়া রণক্ষেরে চলিয়াছে। উহারা মেঘ হনতী ও মহিষের ন্যায় কৃষ্ণবর্ণ, উহাদের দেহে নানাবিধ অন্তশন্তর ক্ষতিচহ, উহারা প্রত্যেকেই রণম্বে অগ্রসর ইইবার জন্য চেন্টা করিতে লাগিল।

আন্ট্রস্তাত্তিতম সর্গা । বানরগণ মকরাক্ষকে নিগতি দেখিয়া সহসা লম্ফ প্রদানপূর্ব ক বৃন্ধার্থা দশ্ডারমান হইল। দেবদানবের নায়ে রাক্ষস-বানরের রোমহর্ষণ যম্থ বাধিয়া গেল। উহারা পরস্পর বৃক্ষ শ্ল গদা ও পরিষ প্রহারে পরস্পরকে ছিল্লভিল করিতে লাগিল। রাক্ষসেরা শক্তি, খঙ্গা, গদা, কুম্ত, তোমর, পট্টিশ, ভিন্দিপাল,

পাশ, মৃশ্পর, দশ্ড প্রভৃতি অন্ত্রশন্ত্র বানরদিগের প্রতি নিক্ষেপ করিতে প্রবৃত্ত হইল। বানরগণ শরপীড়িত ও ভয়ার্ত ; উহারা ষ্পে পরাঙ্ম্থ হইয়া চতুর্দিকে পলাইতে আরম্ভ করিল। তন্দ্রে বিজয়ী রাক্ষসগণ সিংহবং সগর্বে তর্জনগর্জন করিতে লাগিল। তখন মহাবীর রাম উহাদিগকে শরনিকরে নিবারণপ্র্বেক বানরগণকে আম্বন্ত করিলেন। ইত্যবসরে মকরাক্ষ ক্রোথাবিষ্ট হইয়া উহাকে কহিল, রাম! আইস, আজ্ব তোমার সহিত আমার দ্বন্দ্বেষ্প হইবে, আজ্ব আমি তোমায় শাণিত শরে বিনন্ধ করিব। তুমি দশ্ডকারণো আমার পিতা থরকে বধ করিয়াছ, এই জনা আজ্ব তোমায় সম্মুখে দেখিয়া আমায় রোষানল জন্তিয়া উঠিতেছে। দ্রাক্ষন্! তংকালে আমি সেই মহারণো তোরে পাই নাই এই জনাই আমার সর্বশরীর দশ্য হইতেছে। আজ্ব তুই ভাগাক্তমেই আমার দৃদ্দিপথে উপনীত হইয়াছিস। ক্ষ্যার্ত সিংহের পক্ষে ইতর মৃগ্ধ যেমন প্রার্থনীয় সেইর্প তুইও আমার পক্ষে যারপরনাই প্রার্থনীয়। প্রে তুই বে-সমুস্ত বীরকে বিনাশ করিয়াছিস আজ্ব আমার শরে বিনন্ধ হইয়া তাহাদেরই সহিত যমালয়ে বাস করিবি। এক্ষণে অধিক আর কি, আজ্ব সকলেই এই রণম্পনে তোরে এবং আমার বিক্রম প্রত্যক্ষ কর্ত্ব। তুই অস্ত্রশন্ত্র বা হত্ত যা তোর অভ্যন্ত ভাহার সাহায়েই যান্ধ কর।

তখন রাম বহু ভাষী মকরাক্ষের কথার হাস জীবরা কহিলেন, বীর! তুমি কেন বৃথা আত্মন্দাঘা করিতেছ, যুন্ধ ব্যতীত ক্রিল বাকাবলে কাহাকেও পরাজর করা যার না। আমি দন্ডকারণো চতুর্দ শু স্কুর্ম রাক্ষ্য, খর, দ্বেণ ও গ্রিশিরাকে বিনাশ করিরাছি। আজ তোমার বধ ক্রিম্না তোমার মাংসে তীক্ষাতৃন্ড তীক্ষান্থ গ্রে শ্গাল ও কাক প্রভৃতি পৃশুক্ষিদাগকে পরিভৃত করিব।

অন্তর মকরাক্ষ ক্রোধাবিক হৈয়া রামের প্রতি শরবর্ষণ করিতে প্রবৃত্ত হইল। রাম তাল্লিকিণ্ড শরসকল ক্রিবারা খণ্ড খণ্ড করিতে লাগিলেন। মকরাক্ষের ম্বর্ণপূর্ণ্থ শরজাল ব্যর্থ ইষ্ট্রীয়া ভ্তেলে পড়িল। তৎকালে ঐ দুই বীরের ঘোরতর যুম্ধ উপস্থিত। উ'হাদের করাকৃষ্ট শরাসনের মেঘবং গম্ভীর টম্কার ও যোম্ধা-দিগের বীরনাদ অনবরত শ্রুত হইতে লাগিল। দেব দানব গন্ধর্ব কিন্নর ও উরগগণ অন্তরীক্ষে অবন্থানপূর্বক এই অভ্যুত যুখ্থ প্রতাক্ষ করিতে লাগিলেন। ঐ দুই মহাবীর পরস্পর পরস্পরের শরনিকরে বিষ্ধ, তথাচ উ'হাদের ম্বিগা্ণ বলব্সিধ। একজনের ক্রিয়া ও অপরের প্রতিক্রিয়া ম্বারা যুম্খ ক্রমশঃ ঘোরতর হইয়া উঠিল। চতুর্দিক শরজালে আচ্ছন্ন, আর কিছুই দৃষ্ট হইল না। এই অবসরে রাম ক্লোধাবিষ্ট হইয়া মকরাক্ষের ধন্ব িশ্বখন্ড এবং আট নারাচে উহার সার্যাথকে বিশ্ব করিলেন। রথ চূর্ণ ও অন্ব বিদীর্ণ হইয়া পড়িল। তখন মকরাক ভূতলে দ ভায়মান হইয়া রামকে প্রহার করিবার জন্য এক ভীষণ শূল লইল। ঐ শূল রুদ্রপ্রদন্ত, প্রলয়ান্দিবং দুর্নিরীক্ষ্য এবং বিশ্বসংহারের অপর অন্ত । উহা স্বতেজে নিরবচ্ছিন্ন জর্বলিতেছে। দেবতারা তাহা দেখিবামাত্র সভরে পলাইতে লাগিলেন। মকরাক্ষ ঐ শূল বিঘূর্ণিত করিয়া সক্রোধে রামের প্রতি নিক্ষেপ করিল। রাম চারিটি শরে তাহা খণ্ড খণ্ড করিলেন। স্বর্ণমণ্ডিত শূল আকাশচ্যুত উল্কার ন্যায় ভূতলে পতিত হইল। তদ্দ্দেট অন্তরীক্ষচর জীবগণ রামকে পনেঃ পনেঃ সাধ্বাদ করিতে লাগিল। পরে মকরাক্ষ রামকে তিণ্ঠ তিণ্ঠ বলিয়া মুন্দি প্রহারার্থ আবার ধাবমান হইল। রাম হাস্যমাধে অপনাস্ত্র প্রয়োগ করিলেন। মকরাক্ষ ঐ অস্ত্রে আহত হইবামাত্র ছিল্লহ, দরে ধরাশারী হ*ইল*।

পরে রাক্ষসেরা রামভয়ে ভীত ও যুদ্ধে বিমুখ হইয়া দ্রতপদে লংকার দিকে চলিল। দেবতারওে মকরাক্ষকে বজ্রাহত পর্বতের ন্যায় ধরাশায়ী দেখিয়া যারপরনাই হৃষ্ট ও সম্ভূষ্ট হইলেন।

একোনাশীতিতম সর্গ ॥ অনন্তর রাক্ষসরাজ রাবণ মকরাক্ষবধে কোধে অতিমান্ত জনলিয়া উঠিলেন এবং দল্তে দদ্ত নিংপীড়নপূর্বক কটকটা শব্দ করিতে লাগিলেন। পরে দিথরিচত্তে একটি কর্তব্য নির্ধারণ করিয়া ইন্দ্রজিংকে কহিলেন, বংস! তুমি সর্বাপেক্ষা অধিকবল, এক্ষণে দৃশ্য বা মায়াবলে অদৃশ্য থাকিয়া মহাবীর রাম ও লক্ষ্যগকে বিনাশ করিয়া আইস। তুমি অপ্রভিদ্বন্দনী ইন্দ্রকে জয় করিয়াছ, রাম ও লক্ষ্যণ মন্বা, এই জনা অবজ্ঞা করিয়াই কি তাহাদিগকে বধ করিবে না?

অন্তর মহাবীর ইন্দুজিং পিতৃ-আজ্ঞার যুন্ধ করিতে কৃতসংকলপ হইলেন এবং নিঝাছিত দৈবত মতে অণিনর তালিতসাধন করিবার জন্য বজ্ঞভামিতে গমন করিলেন। তথায় করেকটি রক্তোক্ষীধধারিলী রাক্ষসী বালতসমলতিত্তে উপলিপত। উহারা যজ্ঞে নানার্প পরিচর্যা করিতে লাগিল। ঐ বজ্ঞে শল্রেশ্ব শরপর, বিভাতিক সমিধ, রক্তবন্দ্র ও লোহময় শ্রুব আহ্ত করিছে। ইন্দুজিং ঐ শরপর শরার বহি আলতীর্ণ করিয়া একটি জাবিত কৃষ্ধ প্রাপের গলদেশ গ্রহণ করিলেন। বহি শরহোমপ্রদাশত জন্মলাকরাল ও বিধ্মা, উর্বাহ্মতে বিজ্ঞাস্ক্র চিহু প্রাদ্ধ ত্বতে লাগিল। তশ্তকাঞ্চনবর্ণ পাবক করিছে সম্পূর্ণ হইলা দক্ষিণাবর্ত শিখায় আহ্বতি গ্রহণ করিলেন। অভিচার বিশ্বাম সম্পূর্ণ হইল। ইন্দুজিং বজ্ঞার দেবদানব ও রাক্ষসের ত্রিশতসাধনপ্রত্তি অদ্বায় রথে আরোহণ করিলেন। ঐ রথ স্বর্ণথচিত ও উম্জন্ম, উহার মুক্তিনাত বিদ্বার প্রতির্প অভিকত আছে এবং উহা অশ্বচতৃত্বীয়ে যোজিত্বী মহাবার ইন্দুজিং ঐ দিবা রথে প্রদাশত রক্ষান্তে রক্ষিতে হইয়া ব্যারপরনাই অধ্যা হইয়া উঠিলেন। পরে তিনি নগরের বহিগ্মনপ্রবিক অন্তর্ধান হইয়া করিলেন, আজ আমি সেই অকারণ প্রবিজ্ঞত রাম ও লক্ষ্মণকে পরাজয় করিয়া পিতার হল্তে জয়শ্রী অর্পণ করিব। আজ আমি এই প্রিবিক বানরগ্ন্ম করিয়া পিতার হল্তে জয়শ্রী অর্পণ করিব। আজ আমি এই প্রিবিক বানরগ্ন্ম করিয়া পিতার হল্তে জয়শ্রী অর্পণ করিব।

অনন্তর তীরুম্বভাব ইন্দুজিং ক্রোধাবিষ্ট হইয়া রণম্থলে উপস্থিত হইলেন।
দেখিলেন মহাবীর রাম ও লক্ষ্যাণ বানরগণের মধ্যে বিশির্দ্ধ উর্বোর ন্যায়
ভীমম্তিতি দশ্ভায়মান আছেন। ইন্দুজিং উর্বাদিগকে স্কুপণ্ট চিনিতে পারিয়া
শরাসনে জ্যা আরোপণ করিলেন। তাঁহার রথ অন্তরীক্ষে প্রজ্ল, তিনি স্বয়ং
অদ্শ্য হইয়া রাম ও লক্ষ্যণের প্রতি শরক্ষেপে প্রব্ত হইলেন। ক্রমশঃ ব্লিটপাতবং
তাঁহার শরপাতে চতুদিক আছেয় হইলা। রাম ও লক্ষ্যণও দিগন্ত আব্ত করিয়া
দিব্যাস্য প্রয়োগ করিতে লাগিলেন। কিন্তু উর্বাদের শর ইন্দুজিংকে স্পর্শত
কবিতে পারিল না। ইন্দুজিং স্বয়ং নীহারে অলক্ষ্যিত, তিনি মায়াবলে ধ্মান্ধকার
বিস্তার করিলেন, চতুদিক দ্বিনিরীক্ষা হইয়া উঠিল। তাঁহার জ্যাঘাতধ্বনি, রথের
ঘর্ষর রব ও অন্বের পদশক্ষ আর শ্রুতিগোচর হইল না। তিনি ক্রোধাবিদ্য হইয়া
ঐ ঘনান্ধকারে স্ব্রপ্রথব বরলক্ষ শরে রামকে বিন্ধ করিতে লাগিলেন। রাম ও
লক্ষ্যণ পর্বতোপরি ব্রিটপাতের ন্যায় সর্বাচ্গে শরপাত দেখিয়া শরক্ষেপে প্রবৃত্ত
হইলেন। উর্বাদের স্কৃতীক্ষ্য শর অন্তরীক্ষে ইন্দুজিংকে বিন্ধ করিয়া রক্তান্ত দেহে

ভ্তেৰে পড়িতে লাগিল। রাম ও লক্ষাণ যে দিক হইতে শরক্ষেপ হইতেছে তাহা লক্ষ্য করিয়া সেই দিকে শর প্রয়োগ আরম্ভ করিলেন। উ'হাদের ক্ষিপ্রহস্ততা বিস্ময়কর ৷ ইন্দ্রজিং অন্তরীক্ষের চতুদিকি পর্যটন করিতেছেন এবং শাণিত শরে উ'হাদিগকে প্রহার করিতেছেন। মহাবীর রাম ও লক্ষ্যণ অলপক্ষণের মধ্যেই ইন্দ্রব্বিতের শরে বিন্ধ ও রক্তাক্ত হইলেন। উ'হারা শোণিতপ্রভায় কুস্মুমিত কিংশুক **न क**त नगर पृष्ठे रहेलन। नष्टामन्छन क्लाप्यादेल आवृत्व रहेल मृत्यंत त्यमन কিছুই প্রত্যক্ষ হয় না সেইরূপ ভংকালে কেহই ইন্দুক্তিতের বেগগতি মূর্তি ধন্ ও শর কিছুই দেখিতে পাইল না। বহুসংখ্য বানর উ'হার স্তাক্ষ্য শরে রণশায়ী হইতে লাগিল। ইত্যবসরে লক্ষ্যণ ক্রোধাবিল্ট হইয়া রামকে কহিলেন, আর্য! আজ আমি রাক্ষসজ্ঞাতির উচ্ছেদ কামনার রক্ষান্য প্ররোগ করিব। রাম কহিলেন, বংস! দেখ একন্ধনের নিমিত্ত রাক্ষসজ্ঞাতিকে উচ্ছেদ করা তোমার উচিত নহে। যাহারা সংগ্রামে বিমুখ, ভরে **ল্লে**রারিত, কৃতাঞ্জালপ*ুটে* শরণাগত, পলায়মান এবং প্রমন্ত তাহ্যদিগকে বধ করা তোমার কর্তব্য হইতেছে না। এক্ষণে আইস আমরা কেবল ইন্দ্রজিতের বধ্যেন্দেশে যত্ন করি। ইন্দ্রজিং মারাবী ও ক্ষুদ্র এবং মায়াবলে উহার রথ অদৃশ্য। এই অদৃশ্য বধ আমাদের সাধ্য, কিন্তু সে দৃষ্ট হইলে বানরেরা অন্পায়াসেই তাহাকে সংহার করিতে পারিবে। এক্সেই দ্রান্থা বাদ ভ্গতে ল্কায়িত হয়, যদি অন্তরীকে বা রসাতলে প্রক্রিক তথাপি আমার অন্দ্র নিশ্চয়ই নিহত হইবে।

মহাবীর রাম এই বলিয়া বানরগণের স্থানিত সেই জুরকর্মা ভীষণ ইন্দুজিতের বধোপায় অন্সন্ধান করিতে লাগিলেন্ট্র

আপীতিতম সর্গ ॥ জ্ঞাতির্জ্বের ইন্দ্রজিতের নেত্রণর আরক্ত। তিনি রামের অভিসন্ধি ব্রিতে পারিরা সৈসেন্যে রণস্থল হইতে প্রতিগমনপূর্বক পশ্চিম স্বার দিয়া প্রপ্রবেশ করিলেন। গতিপথে দেখিলেন রাম ও লক্ষ্মণ যুখ্যচেন্টায় বিরত হন নাই। তন্দ্রভে ঐ দেবকণ্টক মহাবীর রখেপেরি এক মায়াময়ী সীতা বধ করিবার সংক্ষপ করিলেন এবং রণম্থলে পর্নর্বার প্রতিনিব্ত হইলেন। তথন বানরেরা উ'হাকে দেখিতে পাইয়া শিলাহন্তে সক্রোধে আক্রমণ করিল। হন্যমান এক গিরিশ্রণ গ্রহণপূর্বক সর্বাগ্রে উপস্থিত হইলেন। দেখিলেন ইন্দুঞ্জিতের রথে একবেণীধরা দীনা জ্ঞানকী। তাঁহার মুখ উপবাদে কুশ, মনে কিছুমাত্র হর্ষ নাই, বস্ত্র একমাত্র ও মলিন এবং সর্বাজ্য ধ্লিধ্সর। হন্মান মৃহ্তিকাল উ'হাকে নিরীক্ষণ এবং জানকী বলিয়া অবধারণপূর্বক অত্যন্ত বিষন্ন হইলেন। ভাবিলেন ইন্দুজিতের অভিপ্রায় কি? পরে তিনি বানরগণের সহিত তদভিমাধে ধাবমান হইলেন। ইন্দ্রজিতের ক্রোধানল জ্বলিয়া উঠিল। তিনি অসি নিম্কোশিত করিয়া সীতার কেশাকর্ষণ করিতে লাগিলেন এবং সর্বসমক্ষে উ'হাকে প্রহার করিতে প্রবৃত্ত হইলেন। ঐ সর্বাঞ্চাসমুন্দরী মায়াময়ী সীতা হা রাম হা রাম বলিয়া চীংকার আরম্ভ করিল। হন্মান উহার তাদৃশ দ্ববকথা দেখিয়া দীনমনে দ্বংখাশ্রহ্ পরিত্যাগ করিতে লাগিলেন। পরে তিনি ক্রোধভরে কঠোরবাকো ইন্দ্রজিংকে কহিলেন, দ্রোম্বন্ ! তুই যে জ্ঞানকীর ঐ কেশপাশ স্পর্শ করিয়াছিস ইহার ফল আত্মবিনাশ। রক্ষার্ষির কুলে তোর জন্ম, তথাচ তুই রাক্ষসী যোনি আশ্রয় করিয়াছিস, তোর যখন এইরূপ দুর্ববৃদ্ধি উপস্থিত তখন তোরে ধিক।

রে নৃশংস! দুর্ব্তা! তুই অতি পাপী ও দ্রাচার, তুই ক্ট উপারে ধৃশ্ব করিস। রে নির্দাণ! স্থাবিধে তোর কিছুমার ঘৃণা নাই, তোরে ধিক্। রে নির্দায়! এই জানকী গৃহচ্যুত রাজ্যচ্যুত এবং রামের হস্তচ্যুত হইরাছেন, তুই কোন অপরাধে ই'হাকে বধ করিস? এখন ত তুই আমার হস্তগত হইরাছিস, স্তরাং এই কার্য করিলে আর অধিকক্ষণ তোরে জীবিত থাকিতে হইবে না। লোকবধ্য দ্রাত্মা-দিগেরও যাহা পরিহার্য তুই দেহান্তে স্থীঘাতকগণের সেই লোক অচিরাং লাভ করিবি।

এই বলিয়া মহাবার হন্মান অস্তধারী বানরগণের সহিত ক্রোধভরে ইন্দ্রজিতের প্রতি ধাবমান হইলেন। তখন ইন্দ্রজিৎ কহিলেন, রে বানর! সংগ্রীব তুই ও রাম তোরা বার উদ্দেশে লগ্কার আসিয়াছিস আজ আমি তোর সমক্ষে সেই সাতাকে বধ করিব। পশ্চাৎ তোরে এবং রাম, লক্ষাণ, সংগ্রীব ও অনার্য বিভাষণকে মারিব। তুই এইমান্ত বলিলি বে স্তাবিধ করা নিষিপ্র, এ বিষয়ে আমার বন্ধব্য এই বে বাহা শন্তার কন্টকর তাহাই কর্তব্য হইতেছে।

ইন্দুজিং এই বলিয়া স্বহস্তে রোর্দ্যমানা মায়াময়ী সাঁতার দেহে খরধার খলা প্রহার করিল। খলা প্রহার করিবামান্ত ঐ প্রিয়দর্শনা স্থ্লেজ্বনা যজ্ঞোপবীতবং তির্যকভাবে ছিল্ল হইয়া ভ্তেশে পড়িল। তখন ইন্দুজিং হন্মানকে কহিল, রে বানর! এই দেখা, আমি রামের প্রিয়মহিষী ক্রিসকৈ বধ করিলাম। এখন ত ভোদের সমস্ত পরিপ্রমই পণ্ড। এই বলিয়া ঐ ক্রেমীর ব্যোমচারী রথে মুখব্যাদানপ্রক হ্ল্মনে গর্জন করিতে লাগিল। ক্রেমিগণ অদ্বের দণ্ডায়মান। উহারা ঐ ভাষণ বক্তকঠোর গর্জনশন্য শ্নিতে লাগিল। এবং উহাকে একান্ত হ্ল্ট দেখিয়া বিষয় মনে চকিত নেন্তে চতুদিক দেখিতে দেখিতে পলাইতে লাগিল।

একাশীতিতম সর্গ । অনশ্তর হন্মান বানরগণকে নিবারণপ্র্বক কহিলেন, বীরগণ! তোমরা ভংশোংসাহ হইয়া বিষয়া মুখে কেন পলাইতেছ? তোমাদের বীরত্ব এখন কোথায় গেল? অতঃপর আমি ব্দেষ অগ্রসর হইতেছি, তোমরা আমারই পশ্চাং পশ্চাং আইস।

তথন বানরগণ শনুসংহারার্থ প্নবার ক্রোধাবিষ্ট হইল এবং হ্র্ডমনে বৃক্ষণিলা গ্রহণ ও তর্জন-গর্জনপূর্বক উত্থাকে বেন্ডন করিয়া চলিল। হন্মান সাক্ষাং কালান্তক কম! তিনি জনালাকরাল বহির ন্যায় রাক্ষসগণকে দণ্ধ করিতে লাগিলেন। ঐ মহাবার বৃদ্ধে প্রবৃত্ত ও ক্রোধ ও শোকে অভিভ্তুত হইয়া ইন্দ্রজিতের রথে এক প্রকাশ্ভ শিলা নিক্ষেপ করিলেন। সার্থায় ইণ্গিত্মান্ত বশীভ্তুত অশ্বসকল তংকলাং রথ স্কৃত্রে লইয়া গেল। শিলাও প্রভলকা হইয়া বহুসংখ্য রাক্ষসকে চ্র্ণ করত ভ্তলে পড়িল। অনশ্তর বানরগণ সিংহনাদপূর্বক ইন্দ্রজিতের প্রতি ধাবমান হইল এবং নিরবিছিয় বৃক্ষশিলা বৃদ্ধি করিতে লাগিল। চতুদিকে

উহাদের গর্জনশব্দ, ভীমবুপ রাক্ষসেরা ব্কশিলা প্রহারে ব্যথিত হইয়া উঠিল।
তন্দ্র্যে ইন্দ্রজিং লোধাবিত ইইয়া বানরগণের প্রতি সশন্দ্রে ধাবমান হইল এবং শ্লে
বন্ধ্র থকা পট্রিশ ও মুন্দার ন্বারা উহাদিগকে বিনাশ করিতে লাগিল। ইতাবসরে
হন্মান কর্যান্তিং রাক্ষসগদকে নিবারণপূর্বক বানরদিগকে কহিলেন, বানরগণ!
তোমরা প্রতিনিব্ত হও, এই সমস্ত রাক্ষসসৈন্যের সহিত যুন্ধ করা আমাদের
কার্য নহে। আমরা বাঁহার জন্য প্রাণের মমতা ছাড়িয়া রামের প্রিয়কামনায় যুন্ধ
করিতেছি সেই দেবী জানকী বিনন্ট হইয়াছেন। আইস, এক্ষণে আমরা রাম ও
স্থাবিকে গিয়া এই ব্তান্ত জ্ঞাপন করি। শ্নিয়া তাঁহারা আমাদিগকে যে
কার্যে নিয়োগ করিবেন আমরা ভাহাই করিব। এই বলিয়া তিনি সমস্ত বানরের
সহিত নিভারে মৃদ্পদ্রে প্রতিনিব্ত হইলেন।

অন্তর দ্ভাশর ইন্দুজিং হন্মানকে প্রতিনিব্ত দেখিয়া হোমকামনার নিকুম্ভিলা নামক দেবালয়ে গমন করিল।

শ্বাশীতিকম সর্গ ॥ এদিকে রাম য্তেখর তুম্ব কলরব স্নিনতে পাইরা জাশ্ববানকে কহিলেন, সৌম্য! ঐ দ্বের ভীষণ অস্তধর্নন শ্রুত হঠতছে, বোধ হয় হন্মান ব্রেথ কোন দ্বকর কার্য সাধন করিয়াছেন। ক্রিম তুমি সসৈন্যে গিরা শীঘ্র তাঁহার সাহায়ে নিব্রেভ হও।

তথন ঋক্ষরাজ যথার মহাবীর হন্মান্ত নিসেনো সেই পশ্চিম ন্বারে চলিলেন।
দেখিলেন, তিনি প্রত্যাগমন করিতেকেট এবং তাঁহার সমভিব্যাহারী বানরগণ
যান্ধপ্রমে ক্লান্ত হইয়া অনবরত শুনুহ ক্রিনার সাক্ষাং হইল। পিথমধ্যে হন্মানের
সহিত ঐ নীলমেঘাকার ভক্তাকেসনার সাক্ষাং হইল। তিনি উহাদিগকে নিব্তু
করিলেন এবং সর্বসমেত স্থাই রামের নিকট গিয়া দ্বংখিত মনে কহিলেন, রাম!
আমরা বৃশ্ধ করিতেছিলাম এই অবসরে ইন্দ্রজিং আমাদিগের সমক্ষে রোর্ণ্যমানা
সীতাকে বধ করিয়াছে। এক্ষণে আমি ইহা আপনার গোচর করিবার জন্য বিষয়
ও উদ্দ্রান্ত চিত্তে উপাস্থত হইলাম।

রাম এই সংবাদ পাইবামাত্র শোকে ছিলম্ল ব্কের ন্যায় ম্ছিত হইয়া পড়িলেন। বানরগণ পরিতপদে চতুদিক হইতে তথায় উপস্থিত হইল এবং সহসা-প্রদশিত দ্নিবারবেগ দহনশীল অণিনবং উহাকে উৎপলগন্ধী জলে সিম্ক করিতে লাগিল। অনশ্তর লক্ষ্যাণ ঐ মহাবীরকে ভ্রুপ্রপপ্তরে গ্রহণপূর্বক দ্বংখিত মনে সংগত বাক্যে কহিতে লাগিলেন, আর্য! আপনি ধর্মশালৈ এবং জিতেলিল্লয় কিন্তু ধর্ম আপনাকে অনর্থপরম্পরা হইতে রক্ষা করিতে সমর্থ নহে, স্বতরাং উহা নির্ম্বক। এই স্থাবরজক্ষামান্ধক ভ্রের স্ব্রাট বেমন প্রত্যক্ষ হয়, ধর্ম সের্প হয় না, স্তরাং ধর্মনামে স্ব্রসাধন কোন একটি পদার্থ নাই। স্থাবর বেমন ধর্মপ্রসান্ধনতা থাকিলে আপনি কখনই এইর্প বিপদন্ধ হইতেন না। আর বদি বলেন, অধর্ম দ্বংখেরই কারণ তবে রাবণ নিরম্বগামী হইত, আর আপনি ধর্মপ্রায়ণ, আপনাকে কখন এইর্প কণ্ট ভোগ করিতে হইত না। বলিতে কি, এক্ষণে অধ্যামিকের স্ব্র ও ধার্মিকের দ্বংখ দেখিয়া ধর্মের ফল স্ব্র এবং অধ্যের ফল দ্বংখ, ইহা সম্পূর্ণাই অপ্রমাণ হইতেছে, প্রত্যুত ধর্মে দ্বংখ ও অধ্যের ফল দ্বংখ দেখিয়া ধর্মাধ্যের ফলগত বিরোধও ব্রুবা যাইতেছে। অথবা

ধর্ম দ্বারা যদি বাস্তবিক সাখই হয় এবং অধর্ম দ্বারা যদি দর্রথই ঘটে তবে যে সমস্ত ব্যক্তিতে অধর্ম প্রতিষ্ঠিত তাহারা দৃঃখ ভোগ কর্ক এবং বাহাদের ধর্মে প্রবৃত্তি তাহারা সুখী হউক। কিন্তু বখন দেখিতেছি ষাহারা অধ্মী তাহাদের প্রীবৃদ্ধি এবং ধার্মিকদিগের ক্রেশ, তখন ধর্ম ও অধর্ম নিরপ্রক। বীর! যদি অধর্মকে একটি কার্যমান্ত স্বীকার করা যায় তাহা হইলে পাপী অধর্ম স্বারা নন্ট হইলে কার্যনাশে অধর্মেরই নাশ হইতেছে, স্বতরাং যে স্বয়ং নন্ট হইল তাহার আর বিন্যাশসাধনতা কিব্রুপে থাকিতে পারে। অথবা যদি অন্যের বিহিত কর্মের অন্তোনজাত অদৃষ্ট দ্বারা কোন ব্যক্তি বিন্দুট হয় কিন্বা যদি সেই অদৃষ্টকে উপায়স্বর্প করিয়া ঐ ব্যক্তি অন্যকে বিনাশ করে তাহা হইলে সেই অদুষ্টই পাপকর্মে লিণ্ড হয়, কিন্তু যে অনুষ্ঠাতা সে কিছুতেই তন্দ্রারা লিণ্ড হয় না, কারণ সে স্বয়ং হত্যার কারণ নহে। আর্য! ধর্ম একটি অচেতন বস্তু, উহা অবাস্ত অসংকল্প ও স্বকর্তব্যজ্ঞানে অক্ষম ; ভাহার বাস্তব সত্তা স্বীকার করিলেও সে কির্পে বধ্যকে প্রাশ্ত হইবে। ফলতঃ বাদ ধর্মই থাকে তাহা হইলে আপনার কিছুমান্ন দুঃখ ঘটিত না, কিন্তু আপনি বখন দুঃখ পাইতেছেন তখন ধর্মনামে কোন একটি পদার্থ নাই। ধর্ম স্বরং অকিণ্ডিংকর, ও কার্যসাধনে অসমর্থ, উহা দ্বল, কার্যকালে কেবল পৌরুষেরই সহায়তা লয়, স্ক্রির কিছ্মাত্র সংখ্যাধনতা নাই। আমার মতে সেই ধর্মকে আশ্রয় করিয়া থাকি ক্রিনও উচিত হয় না। আর रस ज्रांच रेन्द्र भर्मार्थ विनिद्धित वर्थ जायन क्रीतहा कथन बखान, जान क्रीतर्जन না, কারণ যাহার প্রাধান্য তাহারই অনুষ্ঠান শ্রেয়। ফলতঃ শত্রবিনাশকল্পে প্রেবকারের সহিত ধর্মই সেব্য, মন্ত্রা স্বকার্যসাধনের উন্দেশে উভয়েরই অনুষ্ঠান করিয়া থাকে। আমার ত এই মত, ইহাই ধর্ম, কিন্তু আপনি সেই অর্থমলেক ধর্ম পরিত্যাগ করিয়া সমূলে ধর্মলোপ করিয়াছেন। যেমন পর্বত হইতে নদী নিঃস্ত হইয়া থাকে সেইর্প দিগ্দিপণত হইতে আহ্ত প্রবৃষ্ধ অর্থ হইতে সমুস্ত ধর্মারিয়া প্রবিতিত হয়। অর্থাহীন অলপপ্রাণ পরে,যের সমস্ত কার্য গ্রীত্মকা**লে** ম্বল্পতোয়া নদীর ন্যায় বিচ্ছিল হইরা ধার। যে ব্যক্তি অর্থ ব্যতীত সূত্রকামনা করে সে পাপাচরণে প্রবৃত্ত হয় এবং তামবন্ধন দোষের উৎপত্তি হইয়া থাকে। ফলতঃ অর্থাই পরে, যাহার অর্থা তাহারই মিন্ন, যাহার অর্থা তাহারই বান্ধব, ষাহার অর্থ জীবলোকে সেই পরুষ, বাহার অর্থ সেই পশ্ডিত, যাহার অর্থ সেই বলবান, যাহার অর্থ সেই ব্যুদ্ধিমান, যাহার অর্থ সেই মহাবীর, যাহার অর্থ সেই সর্বাপেক্ষা গুণীঃ আমি অর্থনাশের নানাদোষ কীর্তন করিলাম, আপনি রাজাগ্রহণ না করিয়া কি কারণে যে অর্থের অবমাননা করিয়াছেন ব্রকিতে পারি না। যাহার অর্থ ভাহারই ধর্ম কামে প্রয়োজন, তাহার সমুস্তই অনুকৃল, অর্থাভিলাষী নির্ধন ব্যক্তি পৌরুষ ব্যতীত অর্থলাভে কখনই সমর্থ হয় না। হর্ষ কাম দর্প ধর্ম ক্রোথ শান্তি ও ইন্দ্রিয়নিগ্রহ এই সমস্তই অর্থের আরত্ত। বে সমস্ত ধর্মচারী তাপসের অর্থাভাবে ঐহিক পরে,ষার্থ নন্ট হয়, সেই অর্থ



মেখাচ্ছর দ্বিন গ্রহ যেমন দৃষ্ট হয় না সেইর্প আপনাতে দৃষ্ট ইইতেছে না। বীর! আপনি পিতৃআজ্ঞা শিরোধার্য করিয়া বনবাসী হইলে অপনার প্রাণাধিকা পদ্পীকে রাক্ষসেরা অপহরণ করিয়াছে। অতএব আপনি উষান কর্ন, আজ আমি স্বীয় পোর্বে ইন্দ্রজিংকৃত সমস্ত কন্ট অপনোদন করিব। এক্ষণে উথান কর্ন, আপনি স্বীয় মাহাত্মা কি জন্য ব্বিতেছেন না? আজ আমি দেবী জানকীর নিধনজ্যোধে লংকানগরী হস্তান্ব রথ ও রাবণের সহিত এখনই চূর্ণ করিয়া ফেলিব।

ব্যালীতিত্ব লগ ॥ প্রাত্বংসল লক্ষ্মণ রামকে আশ্বাস প্রদান করিতেছিলেন, ইতাবসরে বিভাষণ স্বন্ধানে গ্রুল স্থাপনপূর্বক কুপার উপস্থিত হইলেন। কজ্পস্ত,পকৃষ্ণ যুখপতি-হস্তি-সদৃশ চারিজন ক্রিটো সশস্যে তাঁহাকে বেঘ্টন করিয়া আছে। তিনি তথায় উপস্থিত হইছে দেখিলেন, রাম লাজ্জিত, শোকে মোহিত ও লক্ষ্মণের ক্রোড়ে শ্রান এক বাসিরেরাও জ্লখারাকুললোচনে রোদন করিতেছে। তথন বিভাষণ দ্বংখিত হইছে কহিলেন, এ কি? লক্ষ্মণ বিভাষণকে বিষয় দেখিয়া সজ্ল নয়নে কহিলেই সোমা! ইন্দ্রজিং সাতাকে বধ করিয়াছে, আর্য রাম হন্মানের মুখে এই স্থিবাদ পাইয়া হতজ্ঞান হইয়া আছেন।

তখন বিভাষণ লক্ষ্যুণ্ড নীক্য শেষ না হইতেই তাহাকে নিবারণপ্রেক রামকে কহিলেন, রাজন্ 🖔 ইন্মান আসিয়া সকাতরে বাহা কহিয়াছেন আমি সম্দ্রশোষণের ন্যায় তাহা একান্ত অসম্ভব মনে করি। সীতার প্রতি দ্রোস্থা রাবণের ষের্প অভিপ্রায় আমি তাহা সম্পূর্ণই জানি। সেই কুর্জভিপ্রায় সত্তে সে কখন তাঁহাকে বধ করিবে না। আমি ভাহার শভোকাঞ্চী হইয়া জানকীপরিত্যাগে বারংবার অনুরোধ করিয়াছিলাম কিন্তু তংকালে সে আমার কথা গ্রাহ্য করে নাই। জানকীরে বধ করা দূরে থাক, সাম দান ভেদ ও যুম্প ইহার অন্যতর কোনও উপায়ে কেহ তাঁহার দর্শনও পাইতে পারে না। ইন্দ্রজিং যাহাকে বিনাশ করিরা বানরগণকে বিমোহিত করিয়াছে, নিশ্চয় জানিও সে মায়াময়ী সীতা। আজ ঐ দুম্বীবভাব রাক্ষস নিকুম্ভিলায় আভিচারিক হোমের অনুষ্ঠান করিবে, স্বয়ং অণ্নিদেব স্বরগণের সহিত তথায় উপস্থিত হইয়াছেন। ইন্দ্রজিং এই কার্**রে** সিন্দিলাভ করিলে যুদ্ধে দুর্ধর্য হইয়া উঠিবে। কার্যক্ষেত্রে বানরেরা কোনরূপ বিঘা আচরণ করিতে না পারে এইটি তাহার অভিপ্রায়, এই জন্য সে এই মায়া প্রয়োগপূর্বক সকলকে মোহিত করিয়াছে। এক্ষণে চল, অয়ভিচারিক হোম সমাপন না হইতেই আমরা সসৈন্যে নিকুম্ভিলায় গমন করি। রাম! তুমি অকারণ সন্তশ্ত হইও না। তোমায় এইর্প সন্তশ্ত দেখিয়া এই সমুস্ত সৈনা যারপরনাই বিষয় হইয়া আছে। তুমি উৎসাহিত হইয়া সূম্থ মনে এই স্থানে থাক। আমরা সসৈন্যে নিকৃষ্ণিভলায় বাইব, তুমি আমাদের সহিত লক্ষ্মণকে প্রেরণ কর। এই মহাবীর ইন্দ্রজিতের বন্ধ্রবিষ্য করিতে পারিকেন। মায়াসিন্ধির ব্যাঘাত ঘটিলেই

সে আমাদের বধ্য হইবে। এক্ষণে লক্ষ্মণের স্কাণিত শর ক্রুবদর্শন পক্ষীর ন্যায় নিশ্চয়ই তাহার রন্তপান করিবে। অতএব স্বরাজ ইন্দ্র মেমন শত্রেধে বজ্পকে নিয়োগ করেন তুমি তদ্পে সেই রাক্ষসের বধোন্দেশে ইহাকে নিয়োগ কর। বীর! ইন্দ্রজিংকে বিনাশ করিতে আজ আর কালবিলন্দ্র করা উচিত নয়। ঐ দ্রাত্মা আভিচারিক কার্য সমাপন করিতে পারিলে সকলেরই অদৃশ্য হয় এবং তাম্ববন্ধন দ্বেগণেরও প্রাণসংশয় উপস্থিত হইয়া থাকে।

চজুরশীতিতম দর্গা ॥ রাম বিভীষণের এই সমস্ত বাক্য শোকাবেগে স্কৃপন্ট কিছুই ধারণা করিতে পারিজেন না। পরে তিনি কিণ্ডিং ধৈষ্যবলম্বনপূর্বক উপবিষ্ট বিভীষণকে সর্বসমক্ষে কহিলেন, রাক্ষসরাজ! তুমি এইমার বে-সমস্ত কথা কহিলে আমি প্রবার ভাহা শ্রবণ করিতে ইচ্ছা করি, বল তোমার কি বন্ধব্য আছে।

বিভাবণ কহিতে লাগিলেন, রাম! তুমি গ্লেমসান্নবেশ বের্প আদেশ দিয়াছিলে আমি কার্লাবলন্দ্র না করিয়া সেইর্পই করিয়াছি। এক্ষণে বানরসৈন্য চতুদিকে বিভক্ত এবং ব্রপতিসকল স্বাবস্থাক্তমে স্থাপিত হইয়ছে। অতঃপর আমার আরও কিছ্র বালবার আছে, শ্না। তুর্বি অকারণ শোকাকুল হইয়ছে দৌখরা, আমাদের মন অত্যন্ত ব্যথিত হইয়াতে প্রকরে এবং উদামশীল ও হ্নই ছে। বিশিল্যাগ কর, শত্রর হর্ষবর্ধিনী চিন্তা দুর্বি এবং উদামশীল ও হ্নই ছও। বিদি জানকীর উন্ধার এবং রাক্ষসসংখারে তুর্মার ইচ্ছা থাকে তবে আমার একটি হিতকর কথা শ্রা। এক্ষণে দ্রাখ্যা ইন্দ্রবিধ নিকুন্তিলায় গমন করিয়াছে। লক্ষ্মণ তথায় তাহাকে বধ করিবার জন্য কর্মাদের সমভিব্যাহারে চল্না। রক্ষার বরে বন্ধানির অন্য এবং কামগামী ক্রিব ইন্দ্রভিতের আরন্ত। এক্ষণে সে সমৈনো নিকুন্তিলায় প্রবিক্ট হইয়াছি বাদি তাহার আভিচারিক হোম নির্বিঘা সমাপন হয় তবে জানিও আমর আজ নিন্দরই তাহার হন্তে বিনন্ট হইব। সর্বলোকন্ত্রিভার বিস্থা উপনীত হইয়া আভিচারিক হোম সমাপন করিয়া উঠিতে পার নাই, এই অবন্থায় বাদি কেহ তোমাকে সমন্ত্র নির্দিণ্ট করিয়া দিয়াছেন। এক্ষণে তুমি মহাবল লক্ষ্যণকে নিরোগ কর। ইন্দ্রভিৎ ই'হার শরে বিনন্ট হইলে জানিও রাবণ স্ব্যুদ্রাণকে নিরোগ কর। ইন্দ্রভিৎ ই'হার শরে বিনন্ট হইলে জানিও রাবণ স্হুদ্রগণের সহিত বিনন্ট হইল।

রাম কহিলেন, বিভীষণ! আমি সেই প্রচণ্ড রাক্ষসের মায়াবল বিলক্ষণ জানি। বন্ধার শরে বন্ধানির অস্ত্র যে তাহার আয়ন্ত আছে এবং সে যে তল্দনারা দেবগণকেও বিচেতন করিতে পারে আমি ইহাও জানি। আকাশে ঘোরতর মেঘাড়ন্বর হইলে বেমন স্থেরি গতি দৃষ্ট হয় না, সেইর্প ইন্দুজিং যখন রথারোহণপূর্বক অন্তরীক্ষে বিচরণ করে তথন তাহার গতি কিছুমাত্র দৃষ্ট হয় না, আমি ইহাও জানি।

রাম বিভীষণকে এই বলিয়া কীতিমান লক্ষ্যণকে কহিলেন, বংস! তুমি মহাবীব হন্মান, ঋক্ষপতি জাম্ববান প্রভৃতি যুখপতি ও সমস্ত বানরসৈন্যের সহিত সেই মায়াবী দ্বাজাকে বধ করিয়া আইস। বিভীষণ মায়াবোধে সমর্থ, এক্ষণে ইনিই সচিবগণের সহিত ভোষার অনুগমন করিবেন।

তথন ভীমবিক্রম লক্ষ্মণ রামের আজ্ঞা শিরোধার্য করিয়া অন্য এক উৎকৃষ্ট ধন্ গ্রহণ করিলেন। তাঁহার সর্বশরীরে বর্ম, বামহন্তে ধন্, ত্ণীরে শর ও

প্রেষ্ঠ খন্ধ। তিনি রামের পাদস্পর্শ করিয়া হ্র্ণ্ডমনে কহিলেন, আজ আমার শর শরাসনচ্যত হইয়া হংসেরা যেমন প্রকরিণীতে পড়ে সেইর্প লঙ্কায় গিয়া পড়িবে। আজ আমার শর নিশ্চয়ই সেই প্রচন্ড রাক্ষসের দেহ ভেদ করিতে সমর্থ হইবে।

লক্ষ্যণ এই বলিয়া রামকে প্রদক্ষিণ ও প্রণাম করিলেন। রাম জয়লাভার্থ তাঁহাকে আশার্বাদ করিতে লাগিলেন। লক্ষ্যণ ইন্দ্রজিংকে বধ করিবার জন্য শীন্ত নিকৃষ্ণিভলায় যাত্রা করিলেন। রাক্ষ্যরাজ বিভীষণ চারিজন অমাত্রের সহিত এবং মহাবার হন্মান সহস্র সহস্র বানরের সহিত উহার সমাভিব্যাহারী হইলেন। লক্ষ্যণ যাত্রাকালে পথিমধ্যে দেখিলেন, এক স্থানে ভল্ল্যকসৈন্য সমবেত হইয়া আছে। পরে কিয়ংদ্র গিয়া আর এক স্থলে দেখিলেন, অদ্বরে রাক্ষ্যসৈন্য ব্যহিত রহিয়াছে। ইন্দ্রজিং তখনও নিকৃষ্ণিভলায় প্রবেশ করে নাই। লক্ষ্যণ সেই মারাময় বারকে ক্রনার নির্দেশক্ষমে জয় করিবার জন্য বিভাষণ, অল্যণ ও হন্মানের সহিত তথায় দাঁড়াইলেন। রাক্ষ্যসৈন্য বিবিধ নির্মাল অন্ত্রণন্ত্র দাঁড়িইলেন। রাক্ষ্যসৈন্য বিবিধ নির্মাল অন্ত্রণন্ত্র দাঁড়িইলেন। রাক্ষ্যসৈন্য বিবিধ নির্মাল অন্ত্রণন্ত্র দাঁড়িইলেন। রাক্ষ্যসৈন্য বিবিধ নির্মাল অন্ত্রণত্বে দাঁড়িবলৈন। প্রাক্ষ্যসেন্ত ভর্মুক্র। লোকে বেমন গভার অন্ধ্রকারে প্রবেশ করে মহাবার লক্ষ্যণ সেইর্পে ঐ শত্রেননামধ্যে প্রবেশ করিলেন।

পঞ্চাশীভিজ্ঞ স্বৰ্গ ॥ এই অবসরে রাক্ষসরাজ বিভাষণ লক্ষ্মণকে শন্ত্র অহিতকর কার্যসাধকবাক্যে কহিলেন, বার! ঐ বে অদ্রে মেঘশামল রাক্ষসসৈন্য দেখিতেছ, তুমি শীঘ্র বানরগণের সহিত উহাদের যুন্ধপ্রবর্তনা করিয়া দেও। তুমি উহাদিগকে ছিল্লভিল্ল করিতে যন্ত্রবান হও। উহারা ছিল্লভিল্ল হইলে ইন্দ্রজিং নিশ্চয়ই দৃষ্ট হইবে। এক্ষণে অভিচার হোম যাবং সম্পন্ন না হইতেছে তাবং তুমি শরব্দিট সহকারে শীঘ্র রাক্ষসসৈন্যের প্রতি ধাবমান হও। দ্রাঝা সর্বলোকভয়াবহ ইন্দ্রজিং অধামিক য়ায়াবী ও জুরকর্মা। বার! তুমি তাহাকে বিনাশ কর।

অনশ্তর লক্ষ্মণ যুক্ষ আরক্ষ্য করিলেন। বানর ও ভল্লাকেরা বৃক্ষহস্তে রাক্ষসসৈন্যের প্রতি ধাবমান হইল। রাক্ষসেরাও উহাদিগের বিনাশোলেশে শাণিত শর অসি শক্তি ও তোমর ধাইয়া মহাবেগে চলিল। উভয়পক্ষে তুম্ল যুক্ষ উপস্থিত। বীরনাদে লব্দা নিনাদিত হইতে লাগিল। বিবিধাকার শক্ষ শাণিত শর বৃক্ষ ও উদ্যত গিরিশ্বেগ আকাশ আচ্ছ্যে হইয়া গেল। বিকৃতম্থ বিকটবাহ্য রাক্ষসেরা বানরগণকে শরাঘাতপূর্বক উহাদের মনে ভয় সঞ্চার করিতে লাগিল। বানরেরাও ভয় প্রদর্শনপূর্বক বৃক্ষশিলা দ্বারা উহাদিগকে সংহার আরদ্ভ করিল।

ইত্যবসরে ইন্দ্রজিং স্বাসেন্য পর্নিড়ত ও বিষয় শ্নিরা আভিচারিক হোমের অনুষ্ঠান না হইলেও গাব্রোখান করিল এবং নিকুস্ভিলাক্ষেত্রের ঘনীভ্ত ব্ক্লের অন্ধকার হইতে নিগতি হইয়া ভোধভরে প্র্যোজিত স্ক্রিজ্জত রথে আরোহণ

তোমার সহিত সাক্ষাৎ করিতে পারেন তাঁহার এমন কি সাধা। অথবা বোধ হয় বিনি সর্বান্তর্যামী নিত্য পরেষ, বিনি জন্ম জরা ও বিনাশহীন, বিনি মহৎ হইতেও মহং, যিনি প্রকৃতির প্রবর্তক, যিনি শংখচঞ্চ ও গদাধারী, যাঁহার বক্ষে শ্রীবংসচিত, যিনি অজের ও নিশ্চল, যাঁহার শ্রী অটল, সেই মহাযোগী সত্যবিক্রম-স্বলৈকেশ্বর বিষয়ে মন্যাকার ধারণপ্রিক বানরর্পী স্বরগণে পরিবৃত হইয়া লোকের হিতকামনায় রাক্ষসগণের সহিত তোমাকে বধ করিয়াছেন। নাথ! তুমি প্রে ইন্দ্রিয়গণকে জয় করিয়া গ্রিভ্রেন পরাজয় করিয়াছিলে, এক্ষণে তাহারা সেই বৈর স্মরণপূর্ব'ক ভোমাকে জয় করিয়া থাকিবে। হা! যখন জনস্থানে মহাবীর খর চতুদশি সহস্র রাক্ষসের সহিত বিনণ্ট হইল, তখনই জানিয়াছি রাম মন্যা নহেন। यथन হন্মান স্বগণেরও অগমা লংকাদ্বীপে স্বীয় বলবীর্যপ্রভাবে প্রবেশ করিক তদর্যাধই আমরা নানা দ্বর্ভাবনার ব্যথিত হইয়াছি। আমি পূর্বে তোনায় কহিয়াছিলাম, রাজন্! রামের সহিত বিরোধ করিও না, কিন্তু তুমি দাহাতে কর্ণপাত কর নাই, এক্ষণে ভাহারই এই ফল হইল। হা! তুমি আখ্মীয়-প্রক্রারে সহিত ধনে প্রাণে নন্ট হইবার জন্য অক্সমাৎ সীতার প্রতি অভিলাষী হইয়াছিলে। সীতা অর্থতী ও রোহিণী অপেকা সর্বাংশে শ্রেণ্ঠ, তুমি সেই হংয়াছলে। সাতা অর্শ্যতা ও রোহণা অপেকা স্বাংশে শ্রেন্ট, তুমি সেই
প্রদারীকে অপহরণ করিয়া অতি গহিত কার্য করিয়াছ। তিনি স্বাংসহা—
সহিক্তা গ্লের নিদর্শনভ্তা প্থিবারও প্রিট্টা এবং প্রারও প্রাঃ। তিনি
স্বাংগস্পরী ও পতিপ্রাণা। তুমি তাঁহাকে ক্রিন্দ অরণ্য হইতে ছলে বলে
আনয়নপ্রক স্বংশে বিনন্ট হইলে। তুমি স্টিতার স্মাগম অভিলাষ করিয়াছিলে,
কিন্তু তাহা প্র্ হইল না; প্রত্যুত্তির পতিরতারই তপঃপ্রভাবে স্বয়ং দংশ
হইলে। তুমি যখন সীতাকে অপ্রক্রিটাকরিয়া আন তখন যে তাঁহার ফ্রোধানলে
ভদ্মীভ্ত হইয়া যাও নাই স্ক্রিল কারণ তোমার সেই মাহান্যা বাহার প্রভাবে
সাক্ষাং অণিনও ভাত হন্ কর্ম! প্রকৃত সময়ে পাপফল অবশাই ভোগ করিতে
হয়। যে শ্রুকারী সে শ্রুকল ভোগ করে এবং যে পাপকারী সে পাপফল ভোগ
করিয়া পাকে তাহার সাক্ষ্মী বিভাসক্রে সাধানতে সাক্ষার তেই নিম্নার স্বান্য করিয়া থাকে, তাহার সাক্ষী, বিভীষণের সূখ এবং ড্রেমার এই নিদার্ণ দৃঃখ। নাথ! সীতা অপেকাও তো তোমার বহুসংখ্য রূপবতী রমণী আছে, কিন্তু তুমি কামবশে মোহাবেশে তাহা বুঝিতে পার নাই। সীতা কুল ও র্পগ্ণে কিছ্তেই আমার অনুরূপ বা অধিক নহে, কিন্তু তুমি মোহাবেশে তাহা ব্রুকিতে পার নাই। বিনা কারণে কাহারই মৃত্যু হয় না, তোমার মৃত্যুকারণ সেই পতিরতা সীতা। তুমি দূরে হইতে এই মৃত্যু স্বয়ংই আহরণ করিয়াছ। অতঃপর সীতা বিশোক হইয়া রামের সহিত সূথে কালহরণ করিবেন আর এই মন্দভাগিনী ঘোর শোকসাগরে নিমন্দ হইল। বীর! আমি কৈলাস স্মের্ ও মন্দর পর্বত, চৈতরথ কানন এবং অন্যান্য দেবোদানে তোমার সহিত কতই বিহার করিয়াছি, বিচিত্র মাল্য ও বন্দ্রে সূর্সাঞ্জত এবং উৎকৃষ্ট শ্রীসম্পন্ন হইয়া বিবিধ দেশ দেখিয়াছি : আজ সেই আমি এক তোমার মৃত্যুতে এই সমস্ত ভোগ হইতে দ্রুট হইলাম, আজ সেই আমি বিধবা হইলাম, এক্ষণে ব্যবিলাম রাজ্ঞী নিতান্ত চপলা, তাহাকে ধিক্।

নাথ! তোমার এই মুখ উজ্জ্বলতার সূর্য, কমনীয়তার চন্দ্র এবং শোভার পশ্মের তুল্য, ইহার দ্র্যুগল, উন্নত নাসা ও ত্বক অতি স্কুলর, ইহা রছিকবীট ও দীশ্ত কুশ্চলে শোভিত ছিল, পানগোষ্ঠীতে মদিরারসে নের্যুগল চণ্ডল হইলে ইহার যারপরনাই শ্রী হইত, আলাপকালে সহাস্যুমধুরবাক্য নিঃসৃত হইযা ইহার

অপূর্বে প্রভা বিশ্তার করিত। হা! আজ তোমার সেই মূখ নিতান্ড শ্রীহীন ও মলিন। ইহা রামের শরে ছিল, গলিত মেদ ও মণ্জায় ক্লিল, রুধিরধারায় রক্তিম এবং রথোখিত ধ্লিজালে রক্ষ হইয়া আছে। হা! আমি অতি হতভাগিনী; আমি যাহা স্বপেনও ভাবি নাই সেই বৈধব্যদশা আমার ঘটিল! আমার পিতা দানবরাজ, স্বামী রাক্ষসেশ্বর, পত্র ইন্দ্রবিজয়ী, এই জন্য আমার মনে মনে বড়ই গর্ব ছিল। আমার রক্ষকেরা অকুতোভয় খ্যাতবীর্ষ ও বিজয়ী, ইহাও আমার মনে একটা বিশ্বাস ছিল। কিন্তু হা! এতাদৃশপ্রভাব তোমরা থাকিতে এই অতর্কিত মন্যাভয় কির্পে উপস্থিত হইল। নাথ! তোমার এই দেহ স্নিশ্ধ ইন্দ্রনীলবং শ্যামল, পর্বতের ন্যার উচ্চ এবং কের্র অঞ্চদ মৃক্তাহার ও প্রপেমাল্যে সুশোভিত। ইহা বিহারগ্রে রমণীর এবং বৃন্ধক্ষেত্রে দুনিরিক্ষ্য ছিল। ইহা নানার্প আভরণপ্রভায় সবিদ্যাং জলদের ন্যায় শোভা পাইত ; হা! আজ ইহা কণ্টকাকীর্ণ শশকবং বহুসংখ্য তীক্ষা শরে ব্যাণ্ড ও লিণ্ড; এই জন্য ইহার স্পর্শ আমার পক্ষে দূর্লন্ড জ্ঞানিয়াও আমি আলিগ্যন করিতে পারিতেছি না। হা! মর্মপ্রসারিত শরে এই দেহের স্নায়,বন্ধন ছিল্ল হইরাছে : ইহা শ্যামবর্ণ, কিন্তু এক্ষণে রম্ভকান্ডি। বজ্রাবিদীর্ণ পর্বতের ন্যায় ইহা ধরাতলে প্রসারিত আছে। হা নাথ! রামের বঞ্জাবদাল প্রতের ন্যায় হহা বরাতলে প্রসারিত আছে। হা নাথ! রামের হলেত তোমার মৃত্যু হইবে ইহা স্বন্ধাবৎ অলাক, ক্রেই কি সতা হইল! তুমি সাক্ষাৎ মৃত্যুরও মৃত্যু, কিন্তু স্বায়ং কির্পে ক্রেই কি সতা হইল! তুমি হৈলোক্যের সমস্ত ঐশ্বর্যের অধান্বর; সমস্ত লোক তোমার জন্য সততই ভাত ছিল; তুমি লোকপালাবিজয়ী; তুমি দেবনের মহাদেবকেও টলাইয়াছিলে। তুমি গার্বিতিদিগের নিগ্রহ এবং অনেক স্থাই ব্যক্তিকে বিনম্ভ করিয়াছ। তুমি শত্রুর নিকট স্বতেজে গর্বেছি করিয়া থাকা তুমি স্বজন ও ভ্তোর রক্ষক এবং বারগণের বিনাশক। তুমি বহুসংখ্যু দান্র ও বক্ষক কি বহুত এবং নিবাতকবচগণকে প্রাজিত করিয়াছ। তুমি বজ্নাশ, ধ্রেছ মর্যাদাভেদ এবং ব্রেখ য়য়য়াস্থিত করিছে এবং স্রাস্ত্র ও মন্বেরের কর্মাকে নানান্ধান ইইতে বলপ্রেক আনিতে। তুমি শ্রুতিক বির্বাহ এবং ক্রিকে এবং স্বাস্ত্র ও মন্বেরের ক্রিটাকে নানান্ধান ইইতে বলপ্রেক আনিতে। তুমি শূর্ম্প্রীর শোকদ এবং স্বজনের নেতা। তুমি লঙ্কার রক্ষক ও ভীষণ কার্যের কর্তা। তুমি আমাদিগকে বিবিধ ভোগে পরিভূণ্ড করিয়া থ্যক। হয়! এক্ষণে আমি তোমাকে রামের শরে কিন্দট দেখিয়াও যে দেহ ধারণ করিয়া আছি ইহাতেই বোধ হয় আমার হৃদয় অতিশয় কঠিন। নাথ! তুমি মহামূল্য শব্যার শয়ন করিতে. এখন কি জন্য ভূতলে ধ্লিধ্সর হইয়া শয়ান আছ? যেদিন বীর লক্ষ্মণ আমার প্রে ইন্দ্রজিংকে বিনাশ করিয়াছেন, সেইদিন আমি অতিমার ব্যথিত হইয়াছিলাম. কৈন্তু আজ এককালে বিনণ্ট হইলাম। এখন বন্ধ,হীন অনাথ ও ভোগবিহীন হইয়া চিরকাল শোকার্ণনে নিমণন থাকিব। হা! তুমি দুর্গম স্ক্রীর্ঘ পথের পথিক হইয়াছ, আজ এই দুর্যখনীকেও সেই পথের সন্গিন্যী করিয়া লও, আমি তোমা ব্যতীত কিছুতেই থাকিব না। তুমি এই দীনাকে পরিত্যাগ করিয়া একাকী কেন ষাও? এই মন্দর্ভাগিনী তোমার জন্য শোকাকুল মনে বিলাপ করিতেছে, তুমি কেন ইহাকে সাম্পনা করিতেছ না? আমি অবগ্রন্থিত না হইয়া নগরশ্বার হইতে নিম্কান্ত এবং পদরক্রেই এখানে উপস্থিত হইয়াছি; ইহা দেখিয়া কি তুমি জুন্ধ হও নাই? এই দেখ, তোমার পত্নীগণের লক্জাবগ্র-ঠন স্থালিত এবং ইহারা অন্তঃপুর হইতে নিজ্ঞান্ত হইয়াছে; ইহাদিগকে বহিগতি দেখিয়া তুমি কেন কুন্ধ হও নাই? আমি তোমার ক্রীড়াসহায়, এক্ষণে অতিমান্ত কাতর হইয়াছি, তুমি কি জন্য আমাকে সাম্পনা এবং কি জন্যই বা আমায় বহুমান করিতেছ না?

তুমি যে-সকল পতিব্রতা পতিসেবারতা ধর্ম পরায়ণা কুলস্মীকে বিধবা কর তাহারাই শোকাকুল মনে তোমায় অভিসম্পাত করিয়াছিল, তক্ষন্যই আজ তুমি শত্রহন্তে প্রাণত্যাগ করিলে। তাহারা অপকৃত হইয়া তোমায় যে অভিশাপ দিয়াছিল, বলিতে কি, আজ ভাহারই এই ফল উপস্থিত হ**ইল। পতিরতাদিগের চক্ষের** জল ভূ**তলে** পড়িলে নিশ্চয় একটা অনর্থ ঘটিয়া থাকে এই যে প্রবাদবাক্য আছে, ইহা কি সত্যসত্যই তোমাতে ফলিল! রাজন্! তুমি মহাবীর; তুমি স্ববিস্তমে ত্রিলোক আক্রমণ করিয়াছ ; জানি না, তোমার কির্পে সামান্য স্ত্রীচৌর্বে প্রবৃত্তি হইল? তুমি স্বৰ্ণম্গচ্ছলে রাম ও লক্ষ্মণকৈ দ্রে অপসারণপূর্বক জানকীরে কেন আশ্রম হইতে অপহরণ করিয়াছিলে? তুমি ভূত, ডবিষ্যাৎ ও বর্তমান তিন কালই দেখিয়া থাক এবং ডোমার যুম্থকাতরতাও কখন শ্বনি নাই, তবে বে তুমি এইরূপ করিলে ইহা কেবল ভাগ্যদোবে আসম মৃত্যুরই লক্ষণ। আমার সেই সত্যবাদী দেবর জানকীরে লঞ্চায় আনীত দেখিয়া চিম্তায় দীঘনিঃম্বাস পরিত্যাগপূর্বক যাহা কহিয়াছিলেন তাহাই কি ঘটিল! রাজন্! তোমারই দ্রপনের কামক্রোধজ বাসনে এই ম্লঘাতী অনর্থ উপস্থিত হইল। তুমিই এই রাক্ষসকুলকে অনাথ করিলে? তুমি আপনার সদসং কর্ম লইয়া বীরগতি লাভ কুরিয়াছ; তুমি কোন অংশে শোচনীয় নও, কেবল স্মীস্বভাবহেতু আমার বৃদ্ধি ক্রম্পায় কাতর হইতেছে। আমিই কেবল তোমার বিনাশদঃশে শোকাকুল প্রতিছে। তুমি হিতাথী স্হ্দ ও ল্রাত্গণের নিবারণ শ্ন নাই। বিভীষণ সম্ভেভাবে তোমাকে অনেক প্রেরুকর সংগত কথা কহিয়াছিলেন, তুমি তাহাতে কর্পণাত কর নাই। তুমি বার্যগর্বে মারীচ, কুম্ভকর্ণ ও আমার পিতার স্ক্রেয়াধ রক্ষা কর নাই; এখন তাহারই ফল এইর্প হইল। হা নাথ! তোমার স্থিত জলদাকার, পরিধান পাঁতাম্বর এবং হস্তে স্বর্ণাপ্যাদ; তুমি রক্তে অবগ্রিষ্ঠিত হইয়া দেহপ্রসারণপ্র্বক কেন শয়ান আছ! তুমি আমাকে শোকাকুল দেখিন কেন সম্ভাষণ করিতেছ না! আমি মহাবাঁষ রাক্ষস সমালীর দেহিত্রীি তুমি কেন আমার সভ্তাষণ করিতেছ না! রাজন্! এই ন্তন প্রাভবকালে তুমি কি কারণে শরান আছ, এক্ষণে গাত্রোখান কর। হা! আজ স্থারণিম নিভায়ে লংকায় প্রবেশ করিয়াছে। তুমি এই দ্বনিরীক্ষ্য পরিষ ম্বারা শত্রসংহার করিতে। ইহা বজ্লবৎ কঠোর স্বর্ণখচিত ও গন্ধমাল্যে অচিতি ; এখন ইহা খণ্ড খণ্ড হইয়া ভূতলে বিকীণ রহিয়াছে। নাথ। তুমি রণভূমিকে প্রিয়তমার ন্যায় আলিপানপূর্বক শরান আছ. আর অপ্রিয়ার ন্যায় আমার সহিত বাক্যালাপও করিতেছ না! হা! এক্ষণে আমার এই হাদরকে ধিক্, ইহা ডোমার বিনাশে শোকাকুল হইয়া এখনও সহস্রথা বিদীর্ণ হইল না!

রাক্ষসরাজমহিষী মন্দোদরী সঞ্জল নয়নে এইর্প বিলাপ ও পরিতাপ করিয়া দেনহাবেশে রাবণের বক্ষে মৃছিত হইয়া পড়িলেন। তিনি তংকালে সন্ধ্যারাগরন্ত মেঘে উল্জন্ন বিদ্যুতের নায় শোভা পাইতে লাগিলেন। তখন উহার সপত্নীগণ যারপরনাই কাতর হইয়া রোদন করিতে করিতে উহাকে ভর্তার বক্ষঃস্থল হইতে উত্থাপনপ্রেক প্রধাধবাক্যে কহিল, দেবি! লোকস্থিতি যে অনিশ্চিত ইহা কি ত্মি জান না এবং প্রাক্ষর হইলে রাজার রাজালক্ষ্মী যে থাকেন না ইহাও কি তুমি জান না? রাবণের পত্নীগণ রোর্দামানা মন্দোদরীকে এই বলিয়া মৃত্ত-কণ্ঠে রোদন করিতে লাগিল। চক্ষের জলে উহাদের স্থন ও স্থানমল মৃথ ধেতি হইয়া গেল।

ইত্যবসরে রাম বিভীষণকে কহিলেন, বিভীষণ! তুমি রাবণের অণিনসংস্কার দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~ এবং সমসত স্থালোককে সান্ধনা কর। তখন ধীমান বিভীষণ ব্রিশ্বলে মমাক্ বিচার করিয়া ধর্মসঞ্জাত ও বিনীত বাকো কহিতে লাগিলেন, রাম! যে ব্যক্তি পরস্থাস্পর্শপাতকী তাহার অন্নিসংস্কার করা আমার উচিত হইতেছে না। এই রাক্ষসরাজ আমার অনিক্ষপর ভ্রাত্র্পী শর্। ইনি গ্রুত্বগৌরবে যদিও আমার প্রা, কিন্তু কিছ্তেই প্রা পাইবার যোগ্য নহেন। রাম! আমি ই'হার দেহদাহে অসম্মত, প্থিবীর তাবং লোক আমার এই কথা শ্রিনরা হয়ত আমাকে নিষ্ঠ্র বিলতে পারে, কিন্তু ই'হার সমস্ত দোষের কথা শ্রিনলে তাহারা প্রবর্গ বিলবে বিভীষণ যাহা করিয়াছেন তাহা ভালই হইয়াছে।

তখন ধর্মণীল রাম পরম প্রতি হইরা বিভীষণকে কহিলেন, রাক্ষসরাজ! আমি ডোমার প্রভাবে জরপ্রী লাভ করিয়াছি। এক্ষণে তোমারও কোনর প প্রিয়-কার্য অনুষ্ঠান করা আমার সর্বতোভাবে কর্তব্য হইতেছে। এই প্রসংশা আমার যা কিছ্ বস্তব্য আমি অবশাই তোমার বালব। দেখ, এই রাক্ষসাধিপতি রাবণ বাদও অধামিক ও দ্রুচরিত, কিল্ডু ইনি মহাবল ও মহাবার। শ্নিয়াছি যে ইল্প্রপ্রতি দেবগণও ইভাকে জয় করিতে পারেন নাই। মৃত্যু পর্যক্তই শত্তা, ইভাকে বধ করিয়া আমাদের উদ্দেশ্য সম্যক্ সাধিত হইরাছে। এক্ষণে তুমি ইভার আন্ন-সংক্রার কর। ইনি বেমন তোমার তেমনি আমার্থ তুমি ধর্মান,সারে ইভার শাক্ষসত্মত অণিনসংক্রার করিতে পার, ইহাতে ক্রিয় যশক্রী হইবে।

শাস্ত্রসমত আশ্নসংস্কার করিতে পার, ইহাতে ক্রিয় যশস্বী হইবে।
তখন বিভাষণ রাবণের আশ্নসংস্কার করিতে পার, ইহাতে ক্রিয় যশস্বী হইবে।
তখন বিভাষণ রাবণের আশ্নসংস্কারে ক্রিয় হইলেন এবং লগ্লাপ্রীতে প্রবেশপ্রেক শমশানক্ষেত্রে জন্য তাহার স্ক্রিসহোত্র বাহির করিয়া দিলেন। পরে শক্ট, আশ্ন, যাজক, চন্দনকান্ঠ, অনুদ্ধি কান্ঠ, স্গান্ধ অগ্রের, অন্যান্য গান্ধদ্রব্য এবং মণিম্ভা ও প্রবাল পাঠাইবা দিলেন এবং শ্বয়ংও রাক্ষসগণের সহিত মৃহ্তমধ্যে আগ্যমনপূর্বক মানক্ষিমকৈ লইয়া কার্যারেশ্ভে প্রবৃত্ত হইলেন।
অনশ্তর রাক্ষস রাক্ষাক্রেমি স্বিশকে পট্রস্ক্র পরিধান করাইয়া অগ্রন্থ ক্রিয়ালনে স্বেশনিমিতি শিবিকায় ক্রিয়াল ক্রাইল। জ্রার্ক্তর ক্রিয়াল ক্রাইল

অনশ্তর রাক্ষস রাক্ষান্ত্র স্থিবিদকে পট্রন্দ্র পরিধান করাইরা অপ্রন্ধাণ্ডনে সন্বর্গনিমিত শিবিকায় স্থারোহণ করাইল। ত্র্যরিবের সহিত স্তৃতিবাদকেরা উ'হার গ্রানান্বাদে প্রবৃত্ত হইল এবং সকলে ঐ মাল্যসন্থিত পতাকাশোভিত শিবিকা উত্তোলন ও কাষ্ঠভার গ্রহণপূর্বক দক্ষিণাভিম্থে বাত্রা করিল। বিভাষণ অগ্রে অগ্রে চলিলেন। অধ্যর্থন্গণ পাতুম্ব প্রদীশ্ত অণ্ন লইরা অগ্রে অগ্রে চলিল। অশতঃপ্রস্থ নারীগণ রোদন করিতে করিতে দ্রুতপদে কিন্তু অনভ্যাসবশতঃ যেন প্রত্যাতিতে পশ্চাৎ পশ্চাৎ বাইতে লাগিল।

পরে সকলে শ্মশানভ্মিতে উপস্থিত হইয়া দ্ঃখিতাল্ডঃকরণে রাবণকে পবিত্র স্থানে অবতারণ করিল এবং বেদবিধি অন্সারে রক্ত ও শেবতচলন, পদমক ও উশীর শ্বারা চিতা প্রস্কৃত করিয়া তদ্পরি রাজ্কব চর্মা আস্তীর্ণ করিয়া দিল। অন্তর শাস্ত্রাক্ত পিত্মেধের অনুষ্ঠান হইতে লাগিল। রান্ধবেরা চিতার দক্ষিণ-পূর্ব কোণে বেদি নির্মাণ করিয়া যথাস্থানে বহি স্থাপন করিল। পরে রাবণের সকষ্ধে দথি ও ঘৃতপূর্ণ প্রাব নিক্ষেপপূর্বক পদম্বয়ে শকট ও উর্ব্রগলে উল্লেখ রাখিয়া দিল এবং দার্পার, অরণি, উত্তরারণি ও মুখল যথাস্থানে দিয়া পিত্মেধ সাধন করিছে লাগিল। অনন্তর শাস্ত্রাক্ত ও মহর্ষিবিহিত বিধানে পবির পশ্ হনন করিয়া উহার সমৃত মেদে এক আবরণী প্রস্তৃত করিয়া রাবণের মুখে বসাইয়া দিল এবং গশ্মালো তাহাকে অলৎকৃত করিয়া বাদপ্রণ্ মুখে দীন্মনে উ'হার দেহোপরি বৃশ্ব ও লাজ্যলি নিক্ষেপ করিতে লাগিল।

অনন্তর বিভাষণ উহাকে অন্দি-প্রদান করিলেন। পরে দেহ ভদ্মসাং হইলে

তিনি কৃতস্নান হইয়া আর্দ্র বৈশ্যে বিধিপ্রেক দভামিশ্রিত তিলোদকে উ'হার তপুণ করিলেন এবং ঐ সমস্ত স্থালোককে প্রেনঃ প্রনঃ সাল্যনা করিয়া অন্নয়-পর্বেক প্রতিগমনে অনুরোধ করিলেন। উহারা প্রম্থান করিলে তিনিও বিনীত-ভাবে রামের নিকট উপস্থিত হইলেন।

ইন্দ্র যেমন ব্রাস্ক্রেকে সংহার করিয়া হুন্ট হইয়াছিলেন, রাম সেইরূপ রাবণকে বিনাশ করিয়া যারপরনাই হুষ্ট ও সন্তুষ্ট হইয়াছেন। তিনি ইন্দ্রদত্ত বর্ম শর ও শরাসন পরিত্যাগ ও রোষ পরিহারপর্বেক পনের্বার সৌম্যাকার ধারণ করিলেন।

চয়্মাদশাধিকশতভম লগি। এদিকে দেবতা গম্ধর্ব ও দানবগণ রাবণকে বিনুষ্ট দেখিয়া ন্ব-ন্ব বিমানে আরোহণপূর্বক বথান্থানে প্রন্থান করিলেন। প্রতিগমন-कारन प्याद दारभव्य, तास्मव भवाक्य, वानवगरगत यान्यरेनभूगा, माश्रीत्वर मन्छ्या. হন্মান ও লক্ষ্যণের অনুরাগ ও বিক্রম এবং সীতার পাতিরত্য এই সমস্ত বিষয় লইয়া হাত্মনে নানারপ কথোপকখন করিতে লাগিলেন। পরে মহাত্মা রাম স্বেসার্থি মাতলিকে বথোচিত সমাদরপ্র্বক অণিন্প্রভ রথ লইয়া প্রতিগমনে অন্মতি করিলেন। মতেলিও সেই দিবা রথে আবেতিপর্বক দ্যলোকে উভিত হইলেন।

পরে রাম পরম প্রতি হইয়া স্তাবিকে অক্তিগন করিলেন। বানরগণ রামের বারদের ভ্রসী প্রশংসা করিতে লাগিল করিলেন। উত্থাকে অভিবাদন করিলেন। তথন রাম সেনানিবেশে আসিয়া সামিকি লক্ষ্যণকে কহিলেন, বংস! তুমি এক্ষণে এই বিভাষণকে সংকারাজ্যে অভিবাদন কর। ইনি আমার প্রেণিকারী এবং অন্বেক্ত ও ভক্ত। ইত্যাকে লংকারাজ্যে প্রতিষ্ঠিত দেখিব ইহাই আমার একাল্ড ইচ্ছা। তথন লক্ষ্যণ রামের বার্কি অভিমাত্র হ্লট হইলেন এবং বানরগণের হল্ডে স্বর্ণকাস দিয়া সম্প্রের জুলি আনিবার জনা আদেশ করিলেন। তাঁহার আজ্ঞামাত্র

শীঘ্রগামী বানরেরা সম্ভ সমুদ্রের জল আহরণ করিল।

পরে লক্ষ্মণ রামের অনুমতিক্রমে বিভীষণকে এক উৎকৃণ্ট আসনে উপবেশন করাইলেন এবং সূহাদ গণের সহিত বেদবিহিত বিধি অনুসারে ঐ জলপূর্ণ কলসে তাঁহাকে অভিষেক করিপেন। তৎকালে রাক্ষস ও সমস্ত বানর উ'হাকে অভিষেক করিতে লাগিল। বিভীষণ লংকারাজ্যে রাক্ষসগণের রাজা হইলেন। তাঁহার অনুরন্ত অমাত্যেরা পরম প্রেকিত হইল এবং রামকে স্তব করিতে লাগিল। রাম ও **লক্ষ্যণও অ**ত্যান্ত প্র**ীত হ**ইলেন।

অনন্তর বিভাষণ প্রকৃতিগণকে সান্থনা করিয়া রামের নিকট উপস্থিত হইলেন। পৌরগণ সম্তুক্ট হইয়া উ'হাকে দখি, অক্ষত, মোদক, লাজ ও প্রুক্প উপহার দিতে **ন্সাগিল। তিনি ঐ সমস্ত মাঞ্চল্যদ্রব্য লই**য়া রাম ও লক্ষ্মণকে সমর্পণ করিলেন। মহাত্মা রাম উ'হাকে কৃতকার্য ও সালেমাত্র দেখিয়া উ'হারই ইচ্ছাক্রমে তৎসমাদ্র গ্রহণ করিলেন।

পরে তিনি প্রণত ও কৃতান্ধলিপটে অবস্থিত হন্মানকে কহিলেন, সৌম্য! তুমি মহারাজ বিভীষণের আজ্ঞাক্তমে লংকায় গমনপূর্বক অগ্নে জানকীর কুশল জিজ্ঞাসা করিও। পরে আমি, সম্মীব ও লক্ষ্মণ আমাদের কুশল জ্ঞাপন করিয়া কহিও মহাবীর রাবণ বৃদ্ধে বিনণ্ট হইয়াছেন। বীর! তুমি জ্ঞানকীরে এই প্রিয়সংবাদ দিয়া তাঁহার প্রত্যান্তর লইয়া শীঘ্র আইস।

চতুদ'শাধিকশতভম সর্গা। অন্তর হন্মান এইরূপ আদিন্ট হইয়া বিভীষণের অন্তা গ্রহণপূর্বক লংকাপ্রীতে গমন করিলেন। রাক্ষসগণ উ'হাকে যথোচিত সমাদর করিতে লাগিল। তিনি লংকায় উপস্থিত হইয়া বৃক্ষবাটিকায় প্রবেশ করিলেন। ঐ মহাবীর জানকীর পূর্বপরিচিত। তিনি ন্যায়ান্সারে বৃক্ষবাটিকায় প্রবেশ করিয়া দেখিলেন, জানকী অপাসংস্কার-অভাবে মলিন এবং গ্রহভয়ভীত রোহিণার ন্যায় দীন। তিনি রাক্ষসীগণে বেণ্টিত এবং বৃক্ষমূলে নিরানন্দমনে উপবিষ্ট। তখন হন্মান নিকটবতী হইয়া উহাকে অভিবাদনপূর্বক বিনীত ও নিশ্চলভাবে দাঁড়াইয়া রহিলেন। জ্বানকী উ'হাকে দেখিবামার হঠাৎ চিনিতে না পারিয়া কিয়ৎক্ষণ মৌনী থাকিলেন, পরে স্মরণ হইবামার বারপরনাই হুটে হইলেন।

অনুষ্ঠার হন্তমান জ্বানকীর মুখাকার পূর্বপরিচয় ও বিশ্বাসে সৌম্য দেখিয়া কহিলেন, দেবি ! রাম তোমার কুশল ভিজ্ঞাসা করিয়াছেন এবং তিনি, লক্ষ্মণ ও স্ত্রীব সকলেই কুশলে আছেন। মহাদ্ধা রাম লক্ষ্মণ ও বানরসৈন্য সম্ভিব্যাহারে বিভাষিণের সাহায্যে মহাবীর রাবণকে বধ করিয়াছেন। তিনি এক্ষণে নিঃশন্র ও পূর্ণকাম। দেবি! আমি তোমাকে শৃভ সংবাদ দিতেছি এবং তোমার প্রীতিবর্ধনের জন্য প্নেরায় কহিতেছি, রাম তোমারই প্রভাবে জয়শ্রী লাভ করিয়াছেন। এক্ষণে তুমি বিজন্ম ও স্কের হও। ছোর শত্র রাবণ বিষ্ঠিত লগ্কাপ্রী আধক্ত হইরাছে। মহাত্মা রাম কহিরাছেন, আমি তোমান সির্ক্তরে দ্টানন্টর ও বিনিদ্র হইরাছে। মহাত্মা রাম কহিরাছেন, আমি তোমান সির্ক্তরে দ্টানন্টর ও বিনিদ্র হইরা সম্বান্ত সেতৃবন্ধনপূর্বক প্রতিজ্ঞা উত্তা হইরাছি। এক্ষণে তুমি রাবণের গ্রেই আছ বিলয়া কিছুমান ভীত হইও মা, আমি লঙ্কার সমস্ত আধিপত্য বিভাষণের হস্তে অপণি করিয়াছি প্রান্ত্রত হও, তুমি স্বগ্রেই অবস্থান করিতেছ। দেবি! বিভাষণও তোমার কিনে উৎস্ক হইয়া হ্তমমনে শীঘ্রই বাইবেন। চন্দ্রাননা জানকী হন্মানের মুখে এই প্রিয়সংবাদ পাইয়া হর্ষভরে বাঙ্নিন্পত্তি করিতে পারিলেন না। তথ্য সংখ্যান উহাকে মৌনী দেখিয়া জিল্পাসিলেন, দেবি! তামি কি চিন্তা করিতেছ এক ক্রেক্তর বা আমান ক্রান্ত ক্রেক্তর করিবছেল সংখ্যা

তুমি কি চিন্তা করিতেছ এক কৈনই বা আমার কথার কোনরপে উত্তর করিতেছ না?

তখন পতিত্ৰতা সীতা পৰুম প্ৰীত হইয়া বাণ্পগদ্গদ বাক্যে কহিতে লাগিলেন, ভর্তার বিজয়সংক্রান্ড এই প্রিয় সংবাদ শ্বনিয়া হর্বে ক্ষণকাল আমার বাঙ্নিন্পত্তি করিবার শক্তি ছিল না। বংস! তুমি আমায় যে কথা শ্নাইলে ভাবিয়াও আমি ইহার অনুরূপ কোন দেয় কভু দেখিতে পাই না। তোমাকে দান করিয়া সুখী इट्रें पात्रि, भृथियौर्ड अमन किंद्र एपियर्डिंग मा। मृत्र्य विविध तक्र वा ত্রৈলোক্য রাজ্যও এই স্কেংবাদের প্রতিদান হইতে পারে না।

হন্মান জানকীর এই বাকো সন্তুষ্ট হইয়া কৃতাঞ্চলিপুটে কহিলেন, দেবি! তুমি ভর্তার হিত্যথিনী ও প্রিয়কারিণী। এইরূপ স্নেহের কথা কেবল তুমিই বলিতে পার। অর্গাম তোমার নিকট প্রিয় ও মহৎ কথাই শ্রনিবার প্রার্থী ; ইহা ধনরত্ন ও দেবরাজ্য হইতেও আমার পক্ষে অধিক। দেবি! তুমি যখন রামকে বিজ্ঞয়ী ও স্ক্রিথর দেখিতেছ তখন ত ক্ফুডই আমার দেবরাজ্য লাভ হইল।

জানকী কহিলেন, হন্মান! বিশা্খ শ্রুতিমধ্র অন্টাণ্গব্যিষণে বাক্য তুমিই বলিতে পার। তুমি বায়ার প্রশংসনীয় পার ও পরম ধার্মিক। বল, বিক্রম, বীরত্ব, শাস্ত্রজ্ঞান, ঔদার্যা, তেজ, ক্ষমা, ধৈর্যা, স্থৈর্যা ও বিনর প্রভূতি অনেকানেক শোভন গুণ তোমাতেই আছে।

হন্মান সীতার এই কথায় হুট হইলেন এবং এইরূপ প্রশংসায় অতিমাত উল্লেম্ফিড না হইয়া সবিনয়ে প্নেরায় কহিলেন, দেবি! এই সমস্ত রাক্ষসী

এতদিন তোমার প্রতি তর্জনগর্জন করিয়াছে। বিদ তোমার ইচ্ছা হয় তো বল আমি এখনই ইহাদিগকে বধ করি। ইহারা বিকৃতাকার ও ঘোরাচার; ইহাদের কেশজাল রক্ষ ও চক্ষা ক্রেডর। শানিয়াছি, ইহারা রাবণের আদেশে এই অশোকবনে তোমায় কঠোর কথায় পানঃ পানঃ কেশ দিয়াছে। আমার ইচ্ছা যে আমি এখনই ইহাদিগকে বিবিধ প্রকারে বধ করি। কাহাকে মাজিও পাকিপ্রহার, কাহাকে জন্ম ও জানাপ্রহার, কাহাকে দংশান, কাহারও নাসাকর্শ ভক্ষণ এবং কাহারও বা কেশোংপাটনপর্বক এই সমনত অপ্রিয়কারিলীকে বধ করি। তুমি এই বিধয়ে আমায় সম্মতি দেও।

তথন দীনা দীনবংসলা জানকী চিন্তা ও বিচার করিয়া কহিলেন, বীর ! বাহারা রাজার আগ্রিড ও বশা, বাহারা অন্যের আদেশে কার্য করে, সেই সমস্ত আজ্ঞান্বতা দাসীর প্রতি কে কুপিত ইইতে পারে? আমি অদ্উদোষ ও প্রেদ্ফতি-নিবন্ধন এইর্প লাঞ্চনা সহিতেছি। বলিতে কি আমি স্বকার্যেরই ফলভোগ করিতেছি। অতএব তুমি উহাদিগকে বধ করিবার কথা আমার আর বলিও না। আমার এইটি দৈবী গতি। আমি প্রেই জানিতাম বে, দশাবিপাকে আমার এইর্প সহিতে ইইবে। একণে আমি নিতান্ত অক্ষম দ্র্লের ন্যায় ইহাদিগকে কমা করিতেছি। ইহারা রাবণের অভ্যান্তমে আমার ওর্জনগর্জন করিতে। এখন সে বিনন্ধ ইইরাছে, স্তরাং ইহারাত্ব আমার প্রতি সেইর্প ব্যবহার করিবে না। বীর! একদা কোন ভক্তি ব্যান্তের নিকট বে ধর্মসংগত কথা বলিয়াছিল তাহা শনে। যাহারা অন্যের প্রারণার পাপাচরণ করে প্রাক্ত তাহাদিগের প্রতাপকার করেন না ; ফল্টি এইর্প আচার রক্ষা করা সর্বতোভাবেই কর্তবা ; চরিত্রই সাধ্গণের ভ্রণ করে ব্যক্তি অপরাধ করিয়া থাকে, স্তরাং সর্বত্র ক্ষমা করা উচিত। প্রতিশ্বিক্তি বাহাদের স্বেশ, বাহারা ক্রপ্রকৃতি ও দ্রাত্মা পাপাচরণ দেখিকেও তাহাদিকের দেখিকেও তাহাদিকের দেখিকেও তাহাদিকের দেখিকেও তাহাদিকের দাধানিক দেখিক কন্দের বাহাদের স্বেশ, বাহারা ক্রপ্রকৃতি ও দ্রাত্মা পাপাচরণ দেখিকেও তাহাদিকের দেখিক দেও করিবে না।

হন্মান কহিলেন, দেবি ! ব্রিলাম তুমি রামের গ্রেবতী ধর্মপিলী এবং স্বাংশেই তাঁহার অনুর্পা, এখন আমার অনুমতি কর আমি তাঁহার নিকট প্রস্থান করি।

তখন জানকী কহিলেন, সোমা! আমি ভদ্তবংসল ভর্তাকে দেখিবার ইচ্ছা করি। মহামতি হন্মান উ'হার মনে হর্বোংপাদনপূর্বক কহিলেন, দেবি! আছ তুমি সেই প্রতিদ্যুস্করানন রাম ও লক্ষ্মণকে দেখিতে পাইবে। তিনি এখন নিঃশন্ত্র ও স্থিরমিন্ত; শচী বেমন স্বরাজ ইন্দ্যকে দেখেন, তুমি আজ সেইর্প তাঁহাকে দেখিতে পাইবে।

হন্মান সাক্ষাৎ **লক্ষ্মীর ন্যায় লোভমানা সীতা**কে এইর্প কহিয়া রামের নিকট উপস্থিত হই*লে*ন।

পঞ্চশাধিকশন্ততম সর্গা। অনন্তর ধীমান হন্মান পদ্মপলাশলোচন রামের নিকটপথ হইয়া তাঁহাকে অভিবাদনপূর্বক কহিলেন, রাজন্ ! যে নিমিন্ত সমস্ত উদ্যোগ, যাহা সেতৃবন্ধ প্রভাতি সমস্ত শ্রমসাধ্য কর্মের একমাত্র ফল, এখন সেই জানকীরে দেখা তোমার উচিত হইতেছে। সেই শোকনিমগনা সঞ্জনর্মনা দেবী আমার নিকট বিজয়সংবাদ শ্রনিয়া তোমাকে দেখিবার ইচ্ছা করিয়াছেন। তিনি প্রব-

প্রত্যায়ে আমায় কহিলেন, আমি ভর্তাকে দেখিবার ইচ্ছা করি। এই বলিয়াই তিনি আকল চক্ষে চাহিয়া রহিলেন।

ধর্মশীল রাম এই কথা শ্রনিয়া সহস্য চিন্তিত হইলেন। তাঁহার চক্ষে ঈষং জল আসিল। তিনি দীর্ঘ ও উঞ্চ নিঃশ্বাস পরিত্যাগ ও চতুর্দিক নিরীক্ষণপূর্বক কৃষ্ণকায় বিভীষণকে কহিলেন, রাক্ষসরাজ! জানকীরে স্নান করাইয়া এবং উৎকৃষ্ট অংগরাগ ও অলংকারে স্কানজ্জত করিয়া শীঘ্রই আন।

অনশ্তর বিভীষণ সত্বর অন্তঃপর্রে প্রবেশ করিলেন এবং স্বীয় পরেস্থী দ্বারা অগ্রে সীতাকে সত্বর হইতে সংবাদ দিলেন। পরে তিনি স্বরং সাক্ষাং করিয়া মন্তকে অঞ্জলিবন্ধনপর্বক সবিনয়ে কহিলেন, দেবি! তুমি উৎকৃষ্ট অঞ্গরাগ ও অলঞ্কারে স্কৃতিজ্ঞত হইয়া যানে আরোহণ কর, তোমার মঞ্গল হউক, রাম তোমায় দেখিবার ইচ্ছা করিয়াছেন।

সাঁতা কহিলেন, রাক্ষসরাজ! আমি স্নান না করিরাই ভর্তাকে দেখিব। বিভাষণ কহিলেন, দেবি! রাম ধেরূপ কহিয়াছেন তাহাই করা তোমার উচিত।

তথন পতিব্রতা সীতা পতিভব্তিপ্রভাবে তংক্ষণাৎ সম্মত হইলেন এবং স্নানাশ্তে মহাম্লা বস্তা ও অলওকার পরিয়া শিবিকায় উঠিলেন। বিভীষণ স্থালাককে বহিবার যোগ্য বাহকের স্বারা উহাকে বহুসংখা ক্রক সমভিব্যাহারে রামের নিকট আনিলেন। রাম সীতার আগমন জানিতে প্রিটাও ধানে আছেন। ইত্যবসরে বিভীষণ তাঁহার নিকটম্থ হইয়া অভিবাদনপুর কি ই উমনে কহিলেন, বীর! দেবী জানকী উপস্থিত। রাম ঐ রাজসগৃহপুর্যাক্ষীর আসিবার কথা শ্রনিয়া রোষ হর্ষ ও দঃখ যুগপং অন্ভব করিক্ষে এবং চিন্তা করিয়া অপ্রফান্তা মনে কহিলেন, রাজসরাজ! জানকী শুলি আমার নিকট আসান।
আনন্তর ধর্মজ্ঞ বিভীষণ ধ্রের ত্রতা সমস্ত লোককে ত্রুয়াত করিয়া দিতে

অন্তর ধর্ম বিভীষণ করি তিরতা সমসত লোককে তফাত করিয়া দিতে অনুজ্ঞা করিলেন। উ'হার অবিশ্যার কণ্ডুক ও উক্ষীষে শোভিত ঝর্মর-শন্দবং-বেরগ্রুছধারী প্রুবেরা দ্বেশ্বগণকে অপসারণপ্রক চতুদিকে পরিক্রমণ করিতে লাগিল। বানর ভল্লুক ও রাক্ষসগণ দলে দলে উপ্থিত হইয়া দ্রের চলিল। ঐ সময় বায়্বেগফর্ভিত সম্দ্রের গভার গর্জনের নায় একটি মহা কলরব উঠিল। তখন রাম সৈন্যগণের অপসারণ এবং তায়বন্ধন সকলকে তটন্থ দেখিয়া ন্বায় কার্ণো নিবারণ করিলেন এবং অমর্যভরে ও রোয়জ্বলিত নেরে বিভাষণকে যেন দশ্য করিয়া তিরন্ধারপ্রক কহিলেন, ভূমি কি জন্য আমায় উপেক্ষা করিয়া এই সমসত লোককে কণ্ট দেও? ইহারা আমায়ই আশ্বায়-ন্বজন। গৃহ, বন্দ্র ও প্রাকার স্বালাকের আবরণ নয়, এইর্শ লোকাপসারণও স্বালাকের আবরণ নয়, ইহা রাজ-আড়ন্বর মাত্র, চরিত্রই স্বালাকের আবরণ। আরও বিপত্তি, পাড়া, যুন্ধ, স্বয়ংবর, বজ্ঞ ও বিবাহকালে স্বালাককে দেখিতে পাওয়া দ্বায় নহে। একণে এই সীতা বিপদন্ধ, ইনি অত্যন্ত কন্টে পড়িয়াছেন, এ সময়ে বিশেষতঃ আমার নিকট ই'হাকে দেখিতে পাওয়া দোষাবহ হইতে পারে না। অতএব তিনি শিবিকা ত্যাগ করিয়া পদরজেই আস্কা। এই সমসত বানর আমার সমীপে তাঁহাকে দেখ্ক।

বিভীষণ রামের এই কথা শ্রনিয়া কিছু সন্দিহান হইলেন এবং তাঁহার নিকট সীতাকে বিনীভভাবে আনিতে লাগিলেন। তৎকালে লক্ষ্যুপ, স্থোীব ও হন্মানও রামের ঐ ব্যক্যে দ্বাধিত হইলেন। জানকী লম্জায় স্বদেহে মিশাইয়া যাইতেছেন : বিভাষণ তাঁহার পশ্চাং পশ্চাং : তিনি রামের নিকট উপস্থিত হইলেন এবং

বিসময় হর্ষ ও স্নেহভরে ভর্তার প্রশাস্ত মুখ নিরীক্ষণ করিলেন। বহুদিনের অদৃষ্ট প্রিয়ত্মের সেই পূর্ণচন্দ্রস্কার মুখ দেখিয়া তাঁহার মনের ক্লান্তি দ্র হইল এবং হর্ষে তাঁহার মুখকান্তিও নির্মাল চন্দ্রবং বোধ হইতে লাগিল।

বোড়শাধিকশভতম সর্গ ॥ অনন্তর রাম বিনয়াবনত জানকীকে পাদের্য দিভায়মান দিখিয়া দপতাক্ষরে কহিলেন, ভদ্রে! আমি সংগ্রামে শত্রুজয় করিয়া এই তোমার আনিলাম। পৌর্বে যতদ্র করিতে হয় আমি তাহাই করিলাম। এক্ষণে আমার জোধের উপশম হইল এবং আমি অপমানের প্রতিশোধ লইলাম। আজ সকলে আমার পৌর্ষ প্রত্যক্ষ করিল, আজ সমস্ত পরিশ্রম সফল হইল, আজ আমি প্রতিজ্ঞা উত্তীর্ণ হইলাম, আজ আমি আপনার প্রভ্রু। চপলচিত্ত রাক্ষ্য আমার আগোচরে তোমায় যে অপহরণ করিয়াছিল ইহা তোমার দৈব্বিহিত দোষ, আমি মন্ত্রা হইয়া তাহা ক্ষালন করিলাম। যে ব্যক্তি স্বতেজে শত্রুক্ত অপুমানের প্রতিশোধ লইতে না পারে সেই ক্ষ্রেমনা নীচের প্রবল পৌর্বে কি কাজ। আজ মহাবার হন্মানের সমন্ত্রণখন সাথিক, লংকাদাহন প্রভ্রুতি সমস্ত গোরবের কার্ষ সফল। আজ স্থাবির বিক্রম প্রদর্শন এক সংগ্রামশ প্রদান ফলবং হইল। আর থিনি নিগর্গ প্রভাবে পরিপ্রা

রামের এই কথা শানিয়া ম্গার নাম স্পর্কার নের বিস্ফারিত ও অগ্রাজনে ব্যাপত হইল। তংকালে ঐ নীলক্তিস্কুল্যা কমললোচনাকে সম্মুখে দেখিয়া লোকাপবাদভয়ে রামের হ্দয় বিশ্বী হইয়া গেল। তিনি সর্বসমকে উ'হাকে কহিতে লাগিলেন, অবমাননার পতিশোধ লইতে গিয়া মানধন মন্বের বাহা কর্তব্য আমি রাবণের বধুন্ত স্বাক্তি তাহা করিয়াছি। যেমন উগ্রতপা মহর্ষি অগ্রত্য ইন্বল ও বাতাতির ভয় হইতে দক্ষিণ দিককে উন্ধার করিয়াছিলেন সেইর্প আমি রাবণের ভয় হইতে জীবলোককে উম্ধার করিয়াছি। তুমি নিশ্চয় জানিও আমি যে সাহাদগণের বাহাবলে এই যাখলম উত্তীৰ্ণ হইলাম, ইহা তোমার জন্য নহে। অগ্নি স্বীয় চরিত্ররক্ষা, সর্বব্যাপী নিন্দা পরিহার এবং আপনার প্রখ্যাত বংশের নীচম্ব অপবাদ কালনের উদ্দেশে এই কার্য করিয়াছি। একলে প্রগ্রহাসনিকধন তোমার চরিত্রে আমার বি<mark>লক্ষণ সন্দেহ হইয়াছে। তুমি আমার</mark> সম্মুখে দণ্ডায়মান, কিন্তু নেররোগগুল্ত ব্যক্তির বেমন দীপদিখা প্রতিক্লে, সেইর্প তুমিও আমার চক্ষের অতিমাত্র প্রতিক্ল হইয়াছ। অতএব আজ তোমায় কহিতেছি, তুমি যেদিকে ইচ্ছা যাও, আমি আর তোমাকে চাই না। যে দ্রী পরগ্রবাসিনী কোন্ সংকুলজাত তেজস্বী প্রুষ ভালবাসার পার বলিয়া তাহাকে প্নর্গ্রহণ করিতে পারে। তুমি রাবণের ক্রোড়ে নিপরীড়িত হইয়াছ, সে তোমাকে দুন্টচক্ষে দেখিয়াছে, এক্ষণে আমি নিজের সংকূলের পরিচয় দিয়া কিরুপে তোমায় পুনগ্রহণ করিব। যে কারণে তোমায় উন্ধার করিবার প্রয়াস পাইয়াছিলাম, আমার তাহা সফল হইয়াছে, এক্ষণে তোমাতে আর আমার প্রবৃত্তি নাই। তুমি যথায় ইচ্ছা যাও। ভদে! আজ আমি স্থিরনিশ্চয় হইয়াই কহিলাম, তুমি এখন স্বচ্ছদে লক্ষ্যণ বা ভরতে অনুরাগিণী হও, শত্রুঘা, স্ফ্রীব কিম্বা বিভীষণের প্রতি মনোনিবেশ কর, অথবা তোমার যা ইচ্ছা তাই কর। রাবণ তোমাকে সূর্পা ও মনোহারিণী দেখিয়া এবং তোমাকে স্বগ্রহে পাইয়া বড় অধিকক্ষণ সহিয়া থাকে নাই।

স•তদশাধিকশততম সর্গ ॥ জানকী ক্রোধাবিন্ট রামের এই রোমহর্ষণ কঠোর কথা শ্বনিয়া করিশ্বন্ডাহত লতার নাায় অত্যন্ত ব্যাখিত হইলেন। তিনি বহুসংখ্য লোকের নিকট এই অশ্রতপূর্ব কথা শ্রনিয়া লক্ষায় অবনত হইলেন এবং স্বদেহে যেন মিশাইয়া গেলেন। তংকালে রামের ঐ সমস্ত বাক্য তাঁহার হৃদরে শল্য বিদ্ধ করিতে লাগিল। তিনি বাষ্পাঞ্জললোচনে রোদন করিতে লাগিলেন। পরে তিনি বস্তাণ্ডলে মুখ চক্ষ্ম মূছিয়া মূদ্ ও গদ্গদ বাক্যে রামকে কহিলেন, যেমন নীচ ব্যক্তি নীচ স্থালোককে রূঢ় কথা বলে. সেইরূপ তুমি কেন আমাকে এমন শু,তি-কট্র অবাচ্য রক্ষ কথা কহিতেছ। তুমি আমার যের্প ব্রবিয়াছ আমি তাহা নহি। আমি স্বীয় চরিত্রের উল্লেখে শপথ করিয়া কহিতেছি, তুমি আমাকে প্রতায় কর। তুমি নীচপ্রকৃতি স্ত্রীলোকের গতি দেখিয়া স্ত্রীজাতিকে আশুংকা করিতেছ ইহা অন্টিত, যদি আমি ভোমার পরীক্ষিত হইয়া থাকি, তবে তুমি এই আশংকা পরিত্যাপ কর। দেখ, অস্বাধীন অবস্থায় আমার যে অধ্যম্পর্শদোষ ঘটিয়াছিল তাদ্বিষয়ে আমি কি করিব, তাহাতে দৈবই অপরাধী। যেটুকু আমার অধীন সেই হুদয় তোমাতে ছিল, আর যেট্কু পরের অধীন হইতে পারে সেই দেহসদ্বদেধ আমি কি করিব, আমি ত তথন সম্পূর্ণ পরাধীন। যদি পরস্পরের প্রবৃদ্ধ অনুরাগ এবং চিরসংসংগণ্ড তুমি আমার না জানিরা থাক, তবে ইয়াতেই ত আমি এককালে নভা হইরাছি। তুমি আমার অনুসংধানের জন্য করে সংকার হন্মানকে পাঠাইরাছিলে, তখন কেন পরিত্যাগের কথা শ্লাও বিস্তৃত্য আমি এই কথা শ্লিনলেই ত সেই বানরের সমক্ষে তংকণাং প্রাণত্যাগ করিছে পারিতাম। এইর্প হইলে, তুমি আপনার জাবনকে সংকটে ফেলিয়া বিশ্ব কট পাইতে না এবং তোমার স্কৃত্ব গণেরও অনথ ক কোন ক্রেশ হইত কে রাজন ! তুমি ক্লেধের বশীভ,ত হইয়া নিতানত নীচ লোকের ন্যায় অপ্র সাধারণ স্থাজাতির সহিত নিবিশেষে আমায় ভাবিতেছ, কিন্তু আমার ছুনিকা-নাম কেবল জনকের বজ্ঞা-সম্পর্কে, জন্মনিবন্ধন নহে ; প্রথবীই আমার वर्तनी। একণে তুমি বিচারক্ষম হইরাও আমার বহুমান-যোগ্য চরিত্র ব্রুঝিলে না ; বাল্যে যে উদ্দেশে আমার পাণিপীড়ন করিয়াছ তাহ্য মানিলে না এবং তোমার প্রতি আমার প্রতি ও ভব্তি সমস্তই পশ্চাতে ফেলিলে।

এই বলিয়া জানকী রোদন করিতে করিতে বাৎপগদ্গদশ্বরে দুঃখিত ও চিন্তিত লক্ষ্মণকে কহিলেন, লক্ষ্মণ! তুমি আমায় চিতা প্রদত্ত করিয়া দেও, এক্ষণে তাহাই আমার এই বিপদের ঔষধ, আমি মিধ্যা অপবাদ সহিয়া আর বাঁচিতে চাহি না। ভর্তা আমার গুণে অপ্রীত, তিনি সর্বসমক্ষে আমায় পরিত্যাগ করিলেন, এক্ষণে আমি অভিনপ্রবেশপূর্বক দেহপাত করিব।

অনন্তর লক্ষ্যণ রোষবশে রামের প্রতি দ্বিশাত করিলেন এবং আকারপ্রকারে তাঁহার মনোগত ভাব ব্বিতে পারিয়া তাঁহারই আদেশে চিতা প্রস্তৃত
করিলেন। তংকালে স্হৃদ্গণের মধ্যে কেহই ঐ কালান্তক বমতুলা রামকে অন্নয়
করিতে কি কোন কথা বলিতে অথবা তাঁহার প্রতি নিরীক্ষণ করিতেও সাহসী
হইল না। তিনি অবনতম্থে উপবিণ্ট। সীতা তাঁহাকে প্রদক্ষিণ করিয়া জন্মত চিতার নিকটিশ্ব হইলেন এবং দেবতা ও রাক্ষণগণকে অভিবাদনপ্র্বক কৃতাঞ্জালপ্রে আন্নসমক্ষে কহিলেন, বদি রামের প্রতি আমার মন অটল থাকে তবে এই লোকসাক্ষী অনিন স্বতিভোবে আমার রক্ষা কর্ন। রাম সাধ্রী স্তীকে অসতী
জানিতেছেন, বদি আমি স্তী হই তবে এই লোকসাক্ষী অনিন স্বতিভাবে
আমার রক্ষা কর্ন।



এই বলিয়া জানকী চিতা প্রদক্ষিণপূর্বক নির্ভারে প্রদীশ্ত অণিনমধ্যে প্রবেশ করিলেন। আবালবৃশ্ধ সকলেই আকুল হইরা দেখিল জানকী দীশ্ত চিতানলে প্রবেশ করিতেছেন। সেই তশ্তকাঞ্চনবর্ণা তশ্তকাঞ্চনভূষণা সর্বসমক্ষে জনলন্ত আশিনতে পতিত হইলেন। মহিষি দেবতা ও গন্ধর্বগণ দেখিলেন ঐ বিশাললোচনা যজে প্রণাহ্যির নাায় অশিনতে পতিত হইতেছেন। সমবেত স্থালোকেরা তাঁহাকে ৫৩

মন্ত্রপূত বস্থারার ন্যায় অণিনমধ্যে পতিত হইতে দেখিয়া হাহাকার করিতে দাগিল। জানকী যেন একটি শাপগ্রস্ত দেবতা স্বর্গ হইতে নরকে পড়িতেছেন। তংকালে রাক্ষস ও বানরগণ এই ব্যাপার দেখিয়া তুমলে রবে আর্তনাদ করিতে न्तर्शिन् ।

অন্টাদশাধিকশতভ্য সর্গ ॥ অনশ্তর ধর্মশীল রাম তংকালে সকলের নানা কথা শ্রনিয়া অতাশ্ত বিমনা হইলেন এবং বাষ্পাকুললোচনে চিন্তা করিতে লাগিলেন। ইতাবসরে যক্ষরাজ কুবের, পিতৃগণের সহিত যম, দেবরাজ ইন্দ্র, নীরাধিপতি বর্ণ, তিলোচন ব্যভবাহন মহাদেব এবং সমস্ত পদার্থের স্লণ্টা বেদবিদ্গণের শ্রেষ্ঠ ব্রহ্মা উম্জবল বিমানযোগে রামের নিকট আগমন করিলেন এবং কৃতাঞ্জলিপুটে অবস্থিত রামকে অধ্যদশোভিত হস্ত উত্তোলনপূর্বক কহিতে লাগিলেন, রাম! তুমি সকলের কর্তা এবং জ্ঞানিগণের অগ্রগণ্য। এক্ষণে কেন জানকীর অণ্নিপ্রবেশে উপেক্ষা কর? তুমি সাক্ষাং প্রজাপতি এবং পূর্বকন্পের ক্রতধামা নামে বস্ক। ভূমি তিলোকের আদিকর্তা, কে্ছ ভোমার নিয়ন্তা নাই ;

প্রত্যামা নামে বন্। তুমে তিলাকের আদকতা, কেই তোমার নির্ভা নাই;
তুমি র্দুগণের অত্য মহাদেব এবং সাধাগণের পঞ্চ কার্যনা। অন্বিনীকুমারযুগল তোমার দুই কর্ণ এবং চন্দ্র ও সূর্য চক্ত তুমি আদান্তমধ্যে বর্তমান।
এক্ষণে সামান্য লোকের ন্যায় কেন সাতাকে অক্টিরে উপেক্ষা করিতেছ?
লোকপ্রভা রাম লোকপালগণের এই ক্রিট শুনিয়া কহিলেন, দেবগণ! আমি
রাজ্যা দশরথের পত্র রাম; আমি আক্টিকে মন্যা বোধ করিয়া থাকি। এক্ষণে
আমি কে এবং আমার ন্বর্পই বা কি আপনারা তাহাই বল্ন।
রক্ষা কহিলেন, রাম! অন্ম এই বিষয়ে বথার্থ তত্ত্ব কহিতেছি, শুন। তুমি
শংশচক্রগদাধর নারায়ণ ও বিষয়ে ক্রিট বিষয়ে বথার্থ তত্ত্ব কহিতেছি, শুন। তুমি
শংশচক্রগদাধর নারায়ণ ও বিষয়ে তুমি একশ্রণা বরাহ, তুমি জন্মম্ত্ররহিত
নিত্য, তুমি অক্ষয় সতাস্কর্মণ ব্রহ্ম, তুমি আদান্তমধ্যে বর্তমান, তুমি ধর্মনিরত
ব্যক্তির পরম ধর্ম স্বর্গন্ট তোমার নিয়ম ওমি চত্তেল জ্বামার হাসক ক্রাল্রন্থ ব্যক্তির পরম ধর্ম, সর্বাহই তোমার নিয়ম, ভূমি চতুর্ভক্তি, ভোমার হক্তে কালর্প শা**র্পাধন**্, তুমি **ইন্দ্রি**য়ের নিয়ন্তা, প্রেব্য ও প্রেবোন্তম, তুমি পাপের অঞ্যে, খ্যাধারী বিষয়ে ও কৃষ্ণ, তোমার শান্তির ইয়তা নাই, তুমি সেনানী ও মন্ত্রী, তুমি বিশ্ব, নিশ্চয়াত্মক ব্ৰশ্বি ক্ষমা ও দম, তুমি স্থিট ও সংহার, তুমি উপেন্দ্র ও মধ্সদেন, ইন্দ্র তোমারই স্থিট, তুমি মহেন্দ্র পন্মনাভ ও শত্নাশক, দিব্য মহবিগিণ তোমাকে আশ্রয় ও রক্ষক বলিয়া নিদেশি করেন। তুমি সহস্রশৃংগ বেদস্বরূপ এবং শতশীর্ষ শিশ্মার। তুমি বিলোকের আদিম্রন্টা, তোমার কেহ নিয়ম্তা নাই, তুমি সিম্প ও সাধাগণের আশ্রের ও সর্বাদি, তুমি বজা ব্যট্কার ওঞ্কার ও পরাংপর, তোমার উংপত্তি ও নিধন কেহ জানে না, তুমি যে কে তাহাও কেহ জানে না, তুমি সমস্ত ইতরপ্রাণী ও গো-ব্রাক্ষণের অণ্ডর্শামী, তুমি দশদিক অন্তবনিক্ষ পর্বত ও নদীতে বিদ্যমান, তোমার চরণ সহস্র, চক্ষ্ম সহস্র এবং মুস্তক শত। তুমি সমস্ত প্রাণী পৃথিবী ও পর্বত ধারণ করিয়া আছ। তুমি মহাপ্রলয়ের পর সলিলেগেরি অনন্ত শ্য্যায় শ্যান থাক। তুমি চিলোক্ধারী বিরাট। রাম! আমি তোমার হ্দর, দেবী সরুবভী কিহ্না, মলিমিডি দেবগণ গাবলোম, রাবি তোমার নিমেয়, দিবস উদ্মেষ, বেদসকল ভোমার সংস্কার, তোমা ব্যতীত কোন পদার্থাই নাই. সমস্ত জগৎ তোমার শরীর, প্রথিবী স্থৈব, অগিন ক্লোধ, চন্দ্র প্রসন্নতা। প্রের্ব ভূমি তিপদে তিলোক আক্রমণ করিয়াছিলে। ভূমি নিদার্ণ

বলিকে বন্ধন করিয়া ইন্দ্রকে রাজা করিয়াছিলে। জানকী সাক্ষাৎ লক্ষ্মী এবং তুমি স্বয়ং বিক্ষ্ম। তুমি রাবণকে বধ করিবার জন্য মন্যাম্তি পরিগ্রহ করিয়াছ। এক্ষণে আমাদের কার্যসাধন হইয়াছে, রাবণ বিনক্ট হইল, অতঃপর তুমি হ্লটমনে দেবলোকে চল। দেব! তোমার বলবীর্ষ জমোঘ, তোমার পরাক্রম অমোঘ, তোমার দর্শন অমোঘ এবং তোমার স্তবও অমোঘ। এই প্রথিবীতে বাহারা তোমার ভক্ত তাহাদের ইহলোক ও পরলোকে সমস্ত কামনা প্রণ হইবে এবং যে-সকল মন্যা এই আর্শন্তব কীর্তন করিবে তাহারা কদাচ পরাজ্য হইবে না।

একোনবিংশাধিকশতভ্যা সর্গ ॥ সর্বলোকপিতামই ব্রহ্মার বাক্যাবসানে মৃতিমান আন্দর্ভানকীকৈ অভেক লইরা চিতা পরিভ্যাগপুর্বক উথিত ইইলেন। জানকী তর্গস্থ প্রত্ব ও শ্বর্ণালভকারশোভিত ; তাঁহার পরিধান রক্তাম্বর এবং কেশকলাপ কৃষ্ণ ও কৃণিও, দণিত চিতানলের উত্তাপেও তাঁহার মাল্য ও অলভকার ম্লান ইর্মাই। সর্বসাক্ষী আন্দর ঐ সর্বাজ্যস্ক্রাকৈ রামের ইন্তে সমর্পণপুর্বক কহিলেন, রাম! এই তোমার জানকী ; ইনি নিম্পাপ। এই স্বাক্রা, বাক্য মন বৃদ্ধি ও চক্ষ্ ম্বারাও চরিত্রকে দ্বিত করেন নাই। যদবিধ বিশ্বিক রামেব ইংলকে আনিয়াছে, সেই পর্যাত্ত ইনি তোমার বিরহে দানমনে বিশ্ব ন কাল্যাপন করিতেছিলেন। ইনি অলভংপ্রের রুম্ধ ও রক্ষিত। ইনি একিটার পরাধান ছিলেন, কিন্তু ডোমাতেই ইংলার ডিন্ত, তুমিই ইংলার একমাত্ত গৃতির ঘোরর্প যোরবৃদ্ধি রাক্ষপীরা ইংলকে নানার্প প্রলোভন দেখাইত এবং ইনির রাব্ধকে কখন চিন্তাও করেন নাই। ইংলার মন তোমাতেই অটল ক্রিবিরহি বিবরে বিক্রেনি রাব্ধকে কখন চিন্তাও করেন নাই। ইংলার আন্তরিক ভাব ক্রিক্রেটিছ তুমি এই বিবরে কিছুমাত্ত সন্দেহ করিও না।

তখন ধর্মশীল রাম ভগবান অণিনর এই কথা শ্রনিয়া অতিশয় প্রীত হইলেন এবং হর্ষব্যাকুললোচনে মুহুত্কাল চিন্তা করিয়া কহিলেন, দেব! জানকীর শ্বন্ধি আবশ্যক ; ইনি বহাকাল রাবণের অন্তঃপরের অবর্ন্থ ছিলেন, যদি আমি ই'হাকে শুন্ধ করিয়া না দাই তবে লোকে আমায় বলিবে যে রাজা দশরথের পুতু রাম কাম্ক ও মার্খ। যাহাই হউক, আমিও জানিলাম বে জানকার হুদ্য অননাপরায়ণ : চরিত্রদোষ ই হাকে স্পর্শ করিতে পারে নাই। ইনি স্বীয় পাতিব্রত্য-তেজে রক্ষিত, সমন্দ্রের পক্ষে বেমন তীরভূমি, রাবণের পক্ষে ইনিও সেইর্প অলংখ্য। সেই দুরাঝা মনেও ই'হার অবমাননা করিতে পারে না। ইনি প্রদীশ্ত আনিশিখার ন্যায় সর্বতোভাবে তাহার অস্প্রশা। প্রভা যেমন সূর্য হইতে অবিচ্ছিত্র সেইরূপ ইনিও আমা হইতে ভিন্ন নহেন। এক্ষণে পরগ্রহবাসনিক্ষন আমি ই'হাকে ত্যাগ করিতে পারি না। ত্রিলোকমধ্যে ইনি পবিত্র : কীর্তি যেমন মনস্বীর অত্যাজ্য সেইরূপ ইনিও আমার অপরিত্যাজ্য। সূরগণ! আপনারা জগংপ্জা এবং আমার প্রতি ন্দোহবান, আপনারা আমাকে ভালই কহিতেছেন, এক্ষণে আমি অবশ্যই ইহা রক্ষা করিব। এই বলিয়া মহাবল বিজয়ী রাম জানকীরে গ্রহণপূর্বক সূখী হইলেন। তংকালে এই জন্য সকলেই তাঁহার প্রশংসা করিতে स्तरित्रल ।

বিংশাধিকশততল সর্গ ॥ অনন্তর মহাদেব শ্রেরন্কর বাক্যে রামকে কহিলেন, কমললোচন! ধর্মশীল! মহাবল! পরম সোঁভাগ্য যে তুমি জানকীরে লইলে। পরম সোঁভাগ্য যে তুমি সমন্ত লোকের রাবণজবিধিত দার্গ ভয় দ্র করিয়া দিলে। এক্ষণে অযোধ্যায় গিয়া দীন ভরতকে আশ্বাসিত ও বর্ণান্বনী কৌশল্যা, কৈকেয়ী ও স্মিলার সহিত সাক্ষাং করিয়া রাজাগ্রহণ ও স্হৃদ্গণের আনন্দবর্ধন কর। পরে প্রোংপাদন শ্বারা বংশরক্ষা, অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান ও রাহ্মণগণকে ধনদানপ্রেক স্বর্গারোহণ করিও। রাম! ঐ দেখ তোমার পিতা দশর্থ বিমানযোগে মত্যে আসিয়াছেন। উনি তোমার যশ্বনী গ্র্ব। ঐ শ্রীমান ভবাদ্শ প্রের গ্লে ক্পম্ভ হইয়া ইন্দ্লোকে গিয়াছেন। এক্ষণে তুমি ও লক্ষ্মণ উভয়ে উল্লেক্স্থাম কর।

রাম ও লক্ষ্যণ মহাদেবের কথা শ্লিয়া বিমানম্থ পিতাকে প্রণাম করিলেন। দেখিলেন তিনি বিমলাম্বরধারী এবং স্বীয় দেহপ্রীতে দ্বীপ্রমান। রাজা দশরথও প্রাণাধিক প্র রামকে দেখিরা বারপরনাই হ্ন্ট হইলেন এবং তাঁহাকে ক্রেড়ে লইয়া গাঢ় আলিগনপ্রক কহিতে লাগিলেন, বংস! আমি সভ্যই কহিতেছি তোমা বাতীত দেবগণের সহিত নিবিশেবে স্বর্গলান্তও আমার নিকট বহুমানের হয় নাই। কৈকেমী তোমার নির্বাসনপ্রসংগা যে-সমস্ভ ক্রা কহিয়াছিলেন সেগ্লি আমার হ্দয়ে বিশ্ব হইয়া আছে। কিন্তু বিল্প্রে করিয়া নীহার্রানর্মার স্বর্গর রাষ্ট্র বিশ্ব হইয়া আছে। কিন্তু বিল্প্রে করিয়া নীহার্রানর্মার স্বর্গর রায়া অমি দ্বংথম্ক হইলাম। বংস! ত্রমাকে বেমন ধর্মশাল ব্রাহ্মণ কহোলকে উশার করিয়াছিলেন সেইয়্প আমি কেন্সার নায় স্প্রের গ্লেণ উন্থার হইয়াছি। একণে এই দেবগণের বাকো জানিকে সারিলাম তুমি সাক্ষাৎ প্রের্ষোত্তম, রাবণের ব্রোদেদশে আমার প্রের্পে করিয়া আছে। কৌশল্যার মনস্কাম প্রা হইয়াছ। একণে এই দেবগণের বাকো জানিকে সারিলাম তুমি সাক্ষাৎ প্রের্ষোত্তম, রাবণের ব্রোদেদশে আমার প্রের্পে করিয়া আছে। কৌশল্যার মনস্কাম প্রের্বাস্বর্গর রোজান্তর দেখিবেন। প্রেরাসিগণের পরম ভাগা, তাহারা তোমায় রাজ্যে অভিবিদ্ধ ও রাজ্যেশবর দেখিতে পাইবে। বংস! এক্ষণে তুমি ধর্মাহারী শাল্পব্রভাব অন্তরক্ত ভরতের সহিত গিয়া মিলত হও, আমি এইটি দেখিতে ইচ্ছা করি। তুমি আমার প্রীতিকামনায় লক্ষ্যণ ও জানকীর সহিত নির্দিণ্ট বনবাসকাল অতিক্রম করিলে। তোমার প্রতিজ্ঞা রক্ষা হইল এবং তুমি রাবণকে বধ করিয়া দেবগণকে পরিভূষ্ট করিলে। এক্ষণে এই দ্বুক্র কার্যসাধনে যশস্বী হইয়াছ, অতঃপর রাজা হইয়া ভ্রাত্যগণের সহিত দার্য জার্য ক্রিবী হও।

তথন রাম কৃতাঞ্জলিপটে কহিলেন, পিতঃ! আপনি কৈকেয়ী ও ভরতের প্রতি প্রসম্ন হউন। 'আমি ভোমাকে প্রের সহিত পরিত্যাগ করিলাম' এই বলিয়া আপনি কৈকেয়ীকে ঘোর অভিসম্পাত করিয়াছিলেন, এক্ষণে তাঁহাকে ক্ষমা কর্ন।

রাজা দশরথ রামের বাক্যে সম্মত হইলেন এবং লক্ষ্মণকে আলিজানপূর্বক কহিলেন, বংস! রাম প্রসল্ল থাকিলে তোমার ধর্মলাভ হইবে, পাথিব যশ ও স্বর্গলাভ হইবে। এবং তুমি মহিমান্বিত হইরা উঠিবে। একণে ই'হার শ্রশ্রেষ কর, তোমার মজ্গল হউক। রাম লোকের হিতান্তানে নিয়তই নিয়ন্ত। ইন্দ্রাদি দেবতা, সিন্ধ ও ক্ষমিগণ এবং নিলোকের সমস্ত লোক এই প্রেষোশুমকে প্রণাম ও কর্চনা করিয়া থাকেন। যিনি দেবগণের হাদর এবং দেবগণেরও গোপাবস্তু, তুমি নামকে সেই নিভারল্ল বলিয়াই জানিও। বংস! জানকীর সহিত ই'হার সেবা করিয়া তোমার ধর্ম ও যশোলাভ হইয়াছে।

পরে দশরথ কৃতাঞ্চলিপ্টে অবস্থিত প্রেবধ্ জানকীকে মৃদ্বাক্যে কহিলেন, প্রি! রাম যে তোমাকে পরিত্যাগ করিয়াছিলেন তল্জনা তুমি রুই হইও না। ইনি তোমার হিতাপ্রী, একণে কেবল তোমার শ্রিশ্বসম্পাদন-উদ্দেশে এইর্প করিয়াছেন। বংসে। তুমি চরিরের পবিত্রতা বের্পে রক্ষা করিয়াছ ইহা নিতাশ্ত দ্বুকর; ইহা দ্বারা অন্যান্য দ্বীলোকের যশ অভিভৃত হইয়া যাইবে। আমি জানি পতিসেবার তোমাকে নিয়োগ করিতে হয় না, তথাচ ইহা অবশ্য বলিব যে রাম তোমার পরম দেবতা।

দিব্যশ্রীসম্পন্ন মহান্ভব দশরথ রাম ও লক্ষ্মণ এবং সীতাকে এইর্প কহিরা এবং তাঁহাদিগকে আমন্ত্রণ করিরা বিমানবোগে ইন্যুলোকে প্রস্থান করিলেন।

একবিংশাধিকশততম সর্গা ॥ দশরথ প্রশ্বান করিলে স্বররাজ ইন্দ্র কৃতাঞ্জালপ্রটে অবস্থিত রামকে প্রতিমনে কহিলেন, রাম! আমাদের দশনিলাভ তোমার পক্ষে নিজ্ফল হইবে না। আমরা তোমার প্রতি প্রসন্ন হইরাছি। একণে বদি তোমার কিছু অভিনাম থাকে ত বল।

াকছ্ আভলাৰ থাকে ত বল।

তথন রাম প্রতিমনে কহিলেন, স্বরাজ! বাদ ক্রিনি আমার প্রতি প্রসম

হইয়া থাকেন তবে আমি বাহা কহিতেছি এটা সফল কর্ন। বে-সমস্ত
মহাবলপরাক্রান্ত বানর আমার জন্য প্রাণতাত জারয়াছে তাহারা বাঁচিয়া উঠ্ক।

বাহারা আমার জন্য বিনন্ট হইয়া স্থাপতাত জারয়াছে আমি তাহাদিগকে প্নবার
প্রতি দেখিবার ইছ্যা করি। বাহারা ক্রিন ও বাঁর, বাহারা মৃত্যুকে তুছ্ক করিয়া
আমার প্রিয়লার্যে একান্ত অনুবর্ত হিল, দেব! আপনি তাহাদিগকে বাঁচাইয়া
দিন। ভল্লুক ও গোলালগ্লুলগন্ধ বারোগ নির্প্রণ ও বাঁরসম্পন্ন হউক এবং আপনার
অনুগ্রহে তাহারা প্রবার ক্রিনিস করে সেই সব স্থানে অকালেও ফলম্ল প্রণ
স্বাভ্ত থাকিবে এবং নদাসকল নির্মাণ হইবে, এই আমার প্রার্থনা।

তখন ইন্দ্র রামকে প্রীতমনে কহিলেন, বংস! তোমার এ বড় কঠিন প্রার্থনা, কিন্তু আমি কখন বাকোর অন্যথাচরণ করি নাই, অতএব ইহা অবণাই প্র্ণ ছইবে। এই সমসত বানর ভল্লকে ও গোলাগ্যাল রাক্ষসহকেত নিহত ছিমবাহ্ ও ছিমমসতক হইয়া পতিত আছে, এক্ষণে ইহারা নীরোগ নির্রণ ও বীর্ষসম্প্রম হইরা নিদ্রিত লোক ক্ষেন নিদ্রাভগ্গে উঠিয়া থাকে সেইর্পে গাতোখান কর্ক এবং আশ্বীয়স্বজন ও জ্ঞাতিবন্ধরে সহিত হৃষ্টমনে প্নর্বার মিলিত হউক। আব যথায় ইহাদের বাস সেই স্থানে বৃক্ষসকল অসময়ে ফলপ্রপ প্রদান কর্ক এবং নদী সততই জলপ্রণ থাকুক।

ইন্দ্র এর্প বরপ্রদান করিবামাত্র বানরেরা অক্ষত দেহে যেন নিদ্রাভণ্ডেগ গাত্রোখান করিল এবং অকস্মাৎ এই অন্ভাত ব্যাপার দেখিয়া বিস্ময়ভরে সকলেই কহিল, এ কি!

অনন্তর ইন্দ্রাদি দেবগণ রামকে সিম্পকাম দেখিয়া প্রতিমনে লক্ষ্ণাণের সহিত তাঁহার স্তৃতিবাদপূর্বক কহিলেন, রাজন্! তুমি এক্ষণে এই সমস্ত বানরকে বিদায় দিয়া রাজধানী অযোধ্যায় যাও. একান্ড অনুরাগিণী যশস্বিনী জানকীরে সান্থনা কর, তোমার শোকে রভচারী দ্রাতা ভরত ও শত্র্যাের সহিত সাক্ষাং করিয়া মাতৃগণ ও পৌরজনকে সন্তুষ্ট কর এবং স্বরং রাজ্যে অভিষিশ্ধ হও। এই

বলিয়া ইন্দ্র স্বেগণের সহিত উল্জ্বল বিমানে আরোহণপূর্বক প্রদ্থান করিলেন। রাচি উপস্থিত। রাম সকলকে বিশ্রামের আন্দ্রা দিলেন। তৎকালে ঐ রাম-লক্ষ্মণ-রক্ষিত প্রহুন্ট বানরসেনা শশান্তকান্জ্বল শর্বরীর ন্যায় চতুদিকে অপ্রবিশ্রীনান্দর্যে শোভা পাইতে লাগিল।

দ্বাবিংশাধিকশততম সর্গা। অনন্তর রাতি প্রভাত হইল। রাম পরম স্থে গারোখান করিলেন। ইত্যবসরে বিভীষণ আসিয়া তাঁহাকে বিজর সম্ভাষণপূর্বক কৃতাজলিপটে কহিলেন, রাজন্! এই সমস্ত বেশবিন্যাসনিপ্ণা পদ্মপলাশলোচনা নারী স্বান্ধি তৈল অঞ্চরগে বস্তু আভরণ মাল্য ও চন্দন লইয়া উপস্থিত। ইহারা তোমাকে যথাবিধি স্নান ক্রাইবে।

রাম কহিলেন, রাক্ষসরাজ! তুমি কেবল স্থোবাদি বানরকে দনানের নিমন্তণ কর। সেই ধর্মদাল স্কুমার ও স্থে লালিত ভরত আমার জন্য কট পাইতেছেন। তথ্যতীত দ্নান ও বেশভ্যা আমার ভাল লাগিবে না। এখন এইটি দেখ যাহাতে আমরা দায়ি যাইতে পারি, কারণ অযোধ্যার পথ অতি দুর্গম।

বিভাষণ কহিলেন, রাজকুমার! আমি এক দিনেই তোমার পেণছিরা দিব।
আমার প্রাতা কুবেরের প্রুপক নামে এক কামগ্রিটা উল্জান্ত রথ ছিল। বলবান
রাবণ তাঁহাকে পর্যুক্তর করিরা সেই রথ অধিকার করেন। একণে তাহা ত তোমারই
হইরাছে। ঐ দেখ তুমি বল্দনারা নিবিশ্বের স্বোধ্যার বাইবে ঐ সেই মেঘাকার
রথ। রামা একণে বদি আমাকে অনুষ্ঠার করা তোমার কর্তব্য হর, বদি আমার
গানে তোমার প্রাতি জলিয়ার খালে এবং যদি আমার প্রতি তোমার লেনহ ও
সোহাদ্য থাকে তবে প্রাতা ক্রেমি ও ভার্যা জানকার সহিত বিবিধ ভোগসন্থে
একদিন মান্ত এই লল্কার করির্যাছি, তুমি সৈনা ও স্কুদ্রণণের সহিত ইহা
গ্রহণ কর। আমি তোমার ভাত্য, প্রণর, বহুমান ও সোহাদ্য নিবন্ধন তোমার এ
বিষয়ে প্রসম্ম করিতেছি মান্ত, কিন্তু মনে করিও না যে তোমাকে আজ্ঞা করিতেছি।

তথন রাম সর্বসমক্ষে বিভাষণকে কহিলেন, বার! তুমি মন্তির, বংধ্র, ও সর্বাঞ্চাণ যুন্ধচেন্টা ন্বারা আমার যথেন্ট পূজা করিয়াছ। এক্ষণে যে আমি তোমার কথা না রক্ষা করিছে পারি এমনও নহে, কিন্তু দেখ যিনি আমাকে ফিরাইবার জন্য চিচকুটে আসিয়াছিলেন, যিনি নতশিরে প্রার্থনা করিলে আমি কোনও মতে তাঁহার কথা রক্ষা করি নাই. সেই দ্রাতা ভরতকে দেখিবার জন্য আমার মন অন্থির হইতেছে এবং কোশল্যা, স্মান্তা, খর্নান্তনী কৈকেরী, মিত্তগণ ও পেরিজানপদ্দিশের জন্যও আমি বাসত হইয়াছি। এখন তুমি আমাকে যাইবার অন্তর্জা দেও। সথে! আমি প্রজিত হইয়াছি, তুমি ক্ষ্বেথ হইও না, আমার নিমিত্ত শীঘ্র রথ আনাইয়া দেও। আমি কৃতকার্য হইয়াছি, স্তরাং আর এ স্থলে থাকা আমার উচিত হইতেছে না।

অনন্তর রাক্ষসরাজ বিভাষণ শীঘ্র রথ আনাইলেন। উহা স্বর্ণখচিত এবং বৈদ্যমিণবেদিয়ার, উহাতে বহাসংখ্য ক্টাগার আছে, উহা পা-ভাবর্ণ ধাজ-পতাকার শোভিত, কিভিকণীজালমনিভত এবং মণিমান্তাময় গবাকে রমণীয়। ঐ রথে স্বর্ণপদ্মসন্তিত স্বর্ণময় হর্ম্য আছে। উহার তলভ্মি স্ফটিকময় এবং আসন বৈদ্যময়। উহাতে নানার্প বহাম্ধ্য আস্তরণ আছে। উহা দেবশিলপী



চত্বিংশাবিকশততম সর্গ ॥ প্রুপক রথ মহানাদে প্রানমাণো উত্থিত হইল। তখন রাম চতুদিকে দ্বিটু নিক্ষেপপ্রেক চন্দ্রাননা ক্রেকীকে কহিলেন, প্রিয়ে। ঐ দেখ কৈলাসশিখরাকার ত্রিক্টেশিখরে বিশ্বক্স্ট্রেইর্মিত লংকাপ্রেরী। ঐ দেখ মাংস-শোণিতকর্দমে দুর্গম বৃষ্ণভূমি। এই শেলে বিস্তর বানর ও রাক্ষস বিন্দট হইয়াছে। ঐ বরলাভগবিত প্রমাঞ্চি সরান আছে। আমি এই স্থানে তোমারই জন্য রাবণকে বধ করিয়াছি। ই সেনে কৃশ্ভকর্ণ ও প্রহস্ত বিনন্ট হইয়াছে। এই न्थात्न महावीत हन्द्रभान थ्या सिंदर्क नश्हात्र कतिशाष्ट्रितन। अ न्थात्न महाच्या मृत्यन বিদ্যুদ্মালীকে বিনাশ করেন। এই স্থানে অঞ্চাদ বিকটকে বধ করিয়াছেন। ঐ স্থানে দুর্নিরীক্ষ্য মহাবীর বির্পাক্ষ, মহাপার্শ্ব, মহোদর ও অকম্পন বিনন্ট হইয়াছে। ঐ স্থানে ত্রিশিরা, অতিকার, দেবাস্তক, নরাশ্তক, যুম্খোন্মত্ত, মত্ত নিকুল্ড, কুল্ড, বন্তুদংশ্ম ও দংশ্ম রণশায়ী হইয়াছে। ঐ স্থানে আমি দুর্ধর্ষ মকরাক্ষকে মারিয়াছি। এই স্থানে শোণিতাক্ষ, যুপাক্ষ ও প্রজ্ঞথ বিনষ্ট হইয়াছে। এই স্থানে ভীমদর্শন, বিদ্যান্জিহ্ব, ঐ স্থানে ব্রহ্মশন্ত্র, বজ্ঞশন্ত্র, সূর্যশন্ত্র ও সমুস্তমা নিহত হইয়াছে। ঐ স্থানে মন্দোদরী সপদ্বীগণে পরিবেন্টিত হইয়া পতি-বিয়োগশোকে বিলাপ করিয়াছিলেন। **ঐ যে সম**দ্রে একটি অবতর্ণ-পথ দেখিতেছ, আমরা সমান্ত পার হইয়া ঐ স্থানে রাত্তিবাস করিয়াছিলাম। ঐ দেখ, তোমার জন্য লবণসমুদ্রে সেতৃবন্ধন করিয়াছি, ইহা নলনিমিতি ও অন্যের অসাধ্য। জানকি! এই দেখ, শংখশ, দ্বিসংকুল মহাসমান ঘোররবে গর্জন করিতেছে। ইহা অক্ষোভ্য ও অপার। ঐ স্বর্ণগর্ভ স্বর্ণবর্ণ গিরিবর মৈনাক, ঐ পর্বত মহাবীর হন,মানের বিশ্রামার্থ সমদ্রগর্ভ ভেদ করিয়া উভ্ভিত হইয়াছে। এই দেখ সম্দ্রের উত্তর-তীরবতী সেন্যান্বেশ। ঐ স্থানে সেতৃবংখনের পূর্বে ভগবান মহাদেব আমার প্রতি প্রসন্ন হন। ঐ অদুরে সমুদ্রের তীর্থস্থান। উহা মহাপাতকনাশন ও পবিত্র। এক্ষণে উহা চিলোকপাজিত ও সেতবন্ধতীর্থ নামে খ্যাত হইবে। এই স্থানে এই বিশ্বকর্মার নিমিতি, মধ্রনাদী মের্শিখরাকার ও মনোবেগগামী। রাক্ষসরাজ বিভীষণ রথ আনাইয়া রামকে কহিলেন, রাজন্ ! এই রথ উপস্থিত। তখন রাম ও লক্ষ্মণও ঐ দিব্য রথ দেখিয়া যারপরনাই বিস্মিত হইলেন।

স্তর্যোবিংশাধিকশততম সর্গ ॥ পরে অদ্রবতী বিভীষণ কৃতাঞ্চলিপ্টে সবিনয়ে রামকে কহিলেন, রাজন্! বল এক্ষণে আর কি করিব।

রাম কিয়ৎক্ষণ চিন্তা করিয়া লক্ষ্মণের সমক্ষে বিভীষণকে সন্দেহে কহিলেন, রাক্ষসরাজ! বানরগণ অনেক যন্ত্রসাধ্য কার্য করিয়াছে। তুমি ধনরত্ব ও অল্লপানাদি দ্বারা ইহাদিগকে যথোচিত পরিতৃষ্ট কর। এই সমন্ত বারের সহায়তায় তুমি লংকারাজ্য জয় করিয়াছ। ইহারা যুন্ধে অটল ও উৎসাহী, প্রাণের ভয় ইহাদের কিছুমাত ছিল না; এক্ষণে ইহারা কৃতকার্য হইয়াছে। তুমি কৃতজ্ঞতার জন্য ধনরত্ব দ্বারা ইহাদিগের এই যুন্ধপ্রম সফল কর। ইহারা এইর্পে সন্মানিত ও অভিনান্দিত হইয়া প্রতিগমন করিবে। দেখ, বদি তুমি সঞ্মা, দানশীল, দয়াল্য ও জিতেশিয় হও তবেই সকলে তোমার অনুগত থাকিবে, এই জন্য আমি তোমায় এইর্প অনুরোধ করিতেছি। যে রাজার বেশেক্সান গা্ণ নাই, যে যুন্ধে নিরথ ক লোকক্ষ্ম করাইয়া থাকে, সেনাগণ ভাষ্ট্র হিয়া তাহাকে পরিত্যাগ করে।

তখন বিভাষণ বানরগণকে বহুসমাদরে ধর্মী বিভাগ করিয়া দিলেন। পরে
সকলে সবিশেষ সংকৃত ইইলে রাম লাজ্যানী শীতাকে ক্লেড়ে লইরা ধন্ধারী
লাক্ষাণের সহিত ঐ উৎকৃষ্ট বিমানে ইন্টিনান এবং সমনত বানর, মহাবীর্য সন্থাবি
ও বিভাষণকৈ সন্মানপর্কে কহিলেই সানরগণ! মিত্রের বাহা করা উচিত তোমরা
তাহাই করিয়াছ, একণে আমি তামাদিগের সকলকে অন্তর্যা দিতেছি তোমরা
তাহাই করিয়াছ, একণে আমি তামাদিগের সকলকে অন্তর্যা দিতেছি তোমরা
তাহাই করিয়াছ, একণে আমি তামাদিগের সকলকে অন্তর্যা দিতেছি তোমরা
তাহাই করিয়াছ, একণে আমি একজন নেনহবান হিত্যখা মিত্রের যাহা
কর্তব্য তুমি ধর্মভারে তাহাই করিয়াছ। একলে সমনত সৈন্য লইয়া অবিলন্ধে
কিন্কিন্ধায় বাও। বিভাষণ! আমি তোমাকে এই লণ্কারাজ্য অপণি করিলাম।
তুমি স্বচ্ছন্দে ইহাতে বসবাস কর, অতঃপর ইন্দ্রাদি দেবগণ হইতেও আর তোমার
কোনর্প পরাভবের আশন্কা নাই। একণে আমি পিতার রাজধানী অযোধ্যায়
চলিলাম, তল্জন্য তোমাদিগকে আমন্ত্রণ ও তোমাদিগের অন্ত্রা গ্রহণ করিতেছি।

রাম এইর্প কহিলে স্থাবিদি বানরগণ এবং বিভাষণ কৃতাঞ্জলিপ্টে কহিলেন, রাজন্! আমরা অযোধায়ে বাইব, ভূমি আমাদিগকে সংগা লইয়া চল। আমরা অযোধ্যায় গিয়া হৃষ্টিচন্তে বন ও উপবনে বিচরণ করিব। পরে তোমার রাজ্যাভিষেক দেখিয়া দেবী কৌশল্যাকে অভিবাদনপূর্বক শীঘ্রই স্ব-স্ব গ্রেহ ফিরিব।

ধর্মশীল রাম উ'হাদের এইর্প কথা শ্নিরা কহিলেন, আমি তোমাদের ন্যায় স্হৃদ্গণের সহিত রাজধানীতে গিয়া যে প্রীতিলাভ করিব ইহা ত আমার পক্ষে প্রিয় হইতেও প্রিয়তর লাভ। স্থাবি! তুমি শীল্প বানরদিগকে লইয়া রথে উঠ। বিভাষণ! তুমিও অমাত্যগণ সমভিব্যাহারে আরোহণ কর।

অনন্তর সকলে প্রতি হইয়া বিমানে উঠিলেন। বিমান রামের অনুজ্ঞাক্রমে আকাশপথে উত্থিত হইল। রাম ঐ হংসযুক্ত যানে হৃষ্টমনে কুবেরের ন্যায় শোভা পাইতে লাগিলেন। বানর ভল্লাক ও মহাবল রাক্ষসেরা উহার মধ্যে বিরলভাবে স্থে উপবেশন করিল।



রাক্ষসরাজ বিভীষণ আসিয়াছিলেন। ই জাঁচত্রকাননশোচিত স্থাীবের রাজধানী কিন্ফিশ্য দেখা যায়। আমি ঐ স্থানু সিহাবীর বালীকে বিনাশ করিয়াছিলাম।

তখন জানকী কিন্কিন্ধাপুর্তি দিখিয়া প্রণয় ও ক্জ্যাভরে বিনাত বাক্যে কহিলেন, রাজন্! আমার কিন্তু যে আমি তারা প্রভৃতি স্থাতিবর প্রিয়ভার্যা এবং অন্যান্য বানরের কুর্ক্তিক লইয়া তোমার সহিত রাজধানী অযোধ্যায় ঘাই।

রাম জানকীর কর্ম সদ্মত হইলেন এবং কিন্কিন্ধার বিমান রাখিয়া স্থাবির প্রতি দ্ভিপাতপ্রকি কহিলেন, স্থাবি! তুমি বানরগণকে বল তাহারা দ্ব-দ্ব দ্বী লইয়া স্থাতার সহিত অযোধাার চলাক। আর তুমিও ঐ সমস্ত দ্বীকে লইয়া খাইবার জন্য সম্বর হও। চল আমরা সকলেই বাই।

তখন স্থাবি বানরগণের সহিত অশ্তঃপর্রে গিয়া তারাকে কহিলেন, প্রিয়ে! রাম তোমাকে কহিতেছেন, তুমি সমস্ত বানরস্থীকে লইয়া জানকীর প্রিরকামনায় অযোধ্যায় চল। আমরা সকলকে অযোধ্যা এবং রাজা দশরথের পত্নীগণকে দেখাইয়া অনিব।

অনশ্তর সর্বাংগসন্দরী তারা বানরস্তীদিগকে আহ্বান করিয়া কহিল, স্ত্রীবের অনুজ্ঞা তোমরা স্ব-স্ব ভর্ত্গণের সহিত অযোধ্যায় চল। তোমরা অযোধ্যা দেখিলে আমিও স্ব্ধী হইব। আমরা সকলে গ্রাম ও নগরবাসীদিগের সহিত রামের প্রপ্রবেশ এবং রাজা দশরখের পত্নীগণের ঐশ্বর্ষ দেখিয়া আসিব।

বানরস্ত্রীগণ তারার অনুজ্ঞার বেশভ্ষা করিয়া লইল এবং বিমান প্রদক্ষিণ-প্রেক সীতাকে দেখিবার ইচ্ছার তদ্পরি আরোহণ করিল। সকলে উঠিলে বিমান প্রেবং যাইতে লাগিল। তখন রাম অদ্রে ঋষাম্ক পর্বত নিরীক্ষণ করিয়া জানকীরে কহিলেন, ঐ স্বর্ণধাতুরঞ্জিত ঋষাম্ক বিদ্যুং-জড়িত জলদের ন্যায় দেখা যায়। আমি ঐ স্থানে কপান্দ স্থাবির সহিত মিলিত হই এবং বালীবধে অংগীকার করি। ঐ দেখ কানন-পরিবৃত কমলদলশোভিত পম্পা স্রোবর। আমি



ঐ পথানে তোমার বিরহে দুঃখিত হইরা বিলাপ করিয়াছিলাম এবং উহারই তারে ধর্মচারিণী শবরীকে দেখিতে পাই। আমি এই প্থানে বেজনবাহ, ও কব্ধকে বিনাশ করিয়াছি। ঐ দেখ জনস্থানের রমণীর বটবৃক্ষ। জার্মাক! ঐ প্থানে বিহুগরাজ মহাবল জটার, তোমারই জন্য রাবণের হতে প্রাণত্যাগ করিয়াছেন। ঐ সেই আমাদের আশ্রমপদ এবং রমণীর পর্ণশালা দেখা যার। রাক্ষসরাজ রাবণ ঐ প্থান হইতেই তোমাকে বলপ্রক হরণ করিয়াছিল। ঐ প্রক্রসলিলা গোদাবরী। এই কদলীবৃক্ষশোভিত অগস্ত্যাশ্রম। ঐ শরভংগাকি। ঐ দেখ দেই সমস্ত তাপস। স্বর্ণাশ্রমং তেজস্বী অতি উ'হাদের কুলপতি। স্বর্দম এই স্থানে মহাকায় বিরাধকে বিনাশ করিয়াছিলাম। এই স্থানে কুলপতি। স্বর্দম এই স্থানে মহাকায় বিরাধকে বিনাশ করিয়াছিলাম। এই স্থানে মহাআ্ ভিক্ত আমাকে প্রসন্ন করিবার জন্য আগমন করেন। এই সেই চিত্রকাননা যম্বানি আ ক্রমাছিলাশ। এই তিপ্থবাহিনী প্রাস্থিতি বিরাধি বিরাধি। ঐ শ্রম্মর বিরাধি বিরাধি। ঐ শ্রম্মর বিরাধি বিরাধি। ঐ শ্রম্মর বিরাধি বিরাধি। ঐ শ্রম্মর বিরাধানী অব্যোধ্যা। জানকি! তুমি পেশিছিয়াছ, এক্ষণে অহোধ্যাকে প্রণাম করি।

তখন বানর ও বিভার্মণাদি রাক্ষসগণ প্নঃ প্নঃ গালোখান করিয়া হৃত্টমনে অযোধ্যানগরী দেখিতে লাগিলেন। ঐ প্রেরী সোধধবল, হস্তান্বপূর্ণ এবং প্রশস্ত রাজপথশোভিত। বানর ও রাক্ষসগণ অমরাবতীর ন্যায় ঐ নগরী প্নঃ প্নঃ দেখিতে লাগিলেন।

পশ্চবিংশাধিকশভতম সর্গায় অনন্তর রাম চতুর্দাশ বংসর পূর্ণা ইইলো পশুমীতিথিতে মহবি ভরন্বাজের আশ্রমে উপনীত হইরা, তাঁহাকে অভিবাদনপূর্বাক জিজ্ঞাসিলেন, ভগবন্! অযোধ্যানগরীতে কাহারও ত অল্লকণ্ট হর নাই? সকলেই ত কুশলো আছে? ভরত ত প্রজাপালন করিতেছেন? আমার মাতৃগণ ত জাীবিত?

ভরদ্বান্ধ সহাস্যমন্থে কহিলেন, রাম! তোমার আজ্ঞান্বতী জটাধারী ভরত তোমার পাদ্কায়গল সম্মন্থে রখিয়া, স্বগৃহ ও প্রের কুশল সম্পাদনপূর্বক তোমার প্রতীক্ষায় আছেন। তুমি যখন রাজ্যচন্ত ইইয়া চীরবসনে জানকী ও লক্ষ্যণের সহিত বনে যাও, তুমি যখন সর্বভোগ ও সর্বস্ব ত্যাগ করিয়া, স্বগ্রন্থি দেবতার নাায় পিতৃনিদেশে ধর্মকামনায় পদরক্তে বনে যাও, তখন তোমাকে দেখিয়া আমার বড় দৃঃশ ইইয়াছিল; কিন্তু এক্ষণে তোমায় নিঃশর্ম সন্সম্প ও স্বান্ধ্ব দেখিয়া আমি বস্তুতই সূখী ইইলাম। রাম! আমি তোমার সমস্ত সংখদঃশই

জানিতে পারিরাছি। জনস্থানে বাস করিবার কালে বে কন্ট পাইয়াছ তাহা জানিতে পারিরাছি। তুমি যথন তপস্বিগণের রক্ষাবিধানে নিষ্কৃত্ত হও সেই সময় রাবণ এই অনিন্দনীয়া জানকীকে অপহরণ করে, আমি ইহাও জানিতে পারিয়াছি। তোমার মারীচ ও কবল্যদর্শন, পম্পাভিগমন, স্গুরীবের সহিত সখা, বালীবধ, জানকীর অন্বেষণ, হন্মানের বীরকার্য, নলের সেতৃবল্যন, লল্কাদাহ এবং বল-বাহনের সহিত বলগবিত রাবণের সবংশো নিপাত এ সমস্তই জানিতে পারিয়াছি। দেবকণ্টক রাবণ বিনন্ট হইলে দেবগণের সহিত তোমার মিলন এবং তাঁহাদের প্রদন্ত বরলাভও জানিয়াছি। ধর্মবিংসল! আমি তপোবলে এ সমস্তই অবগত হইয়াছি। এক্ষণে আমার শিষ্যাণ এ স্থান হইতে অষোধ্যায় তোমার সংবাদ লইয়া যাইবে। অতঃপর আমিও তোমায় বরদান করিতেছি, তুমি অর্ঘ গ্রহণ কর, কল্য অনোধ্যায় যাইও।

তখন রাম মহর্ষি ভরশ্বাজের বাকা শিরোধার্য করিরা হৃষ্টমনে কহিলেন, ভগবন্! অযোধ্যার যাইবার পথে যে-সমস্ত ব্ক আছে সেগর্লি অকালে ফলপ্রদান ও মধ্করণ কর্ক; এবং অম্তগন্ধী বিবিধ ফল প্রচার পরিমাণে উৎপার হউক।

সশ্তম সর্গ ।। অনুশতর রাক্ষসর্প মেঘজাল ঘোর গর্জনসহকারে নারায়ণর্প পর্বতের উপর অস্তবর্ষণে প্রবৃত্ত হইল। নারায়ণ শ্যাম্কর্যিত ও নির্মাল, কৃষ্ণকায় রাক্ষসেরা তাঁহাকে বৈষ্টন করিয়াছে, বোধ হইল বেন্দ্র ক্রসন্জাল অঞ্জন পর্বতকে ছোরিয়া ব্রিউপাত করিতেছে। তখন ক্ষেত্রে পঞ্চ তালর ন্যায়, বহিমধ্যে মশকের ন্যায়, মধ্যভাশেত দংশের ন্যায় এবং সম্দ্রে মংসের ন্যায় রাক্ষসনির্মান্ত শরসকল বায়্ব বল্ল ও মনোবং মহাবেগে বিক্র সেইসিধ্যে য্গাশ্তকালে বিশ্বরক্ষাশ্তবং প্রবেশ করিতে লাগিল। চতুরগা সেইসিংস্ব ন্যামবাহনে অন্তরীক্ষে থাকিয়া উ'হার উপর শরব্ণিট করিতেছে। ওকা প্রাণারাম আরা রাহ্মণ বেমন নির্ক্ত্রাস হন সেইর্প উহাদের শক্তি বিক্তি ও তোমর প্রহারে বিষ্ণানির্ক্ত্রাস হইয়া পড়িলেন এবং মংস্যাহত মহামের ন্যায় অটল থাকিয়া শাংগ ধন্ আকর্ষণ-প্রেক শরনিক্ষেপে প্রকৃতি ইইলেন। তাঁহার বক্তুসার মনোবংবেগগামী আকর্ষণ-আকৃষ্ট শাণিত শর নিক্ষিত হইবামাত্র রাক্ষসেরা খণ্ড খণ্ড হইতে লাগিল। তখন বায়ুবেগ যেমন ব্লিউপাতকে দুরে অপসারিত করে সেইর্প বিষয় রাক্ষস-গণকে অপসারিত করিয়া সমস্ত প্রাণের সহিত শৃত্থধর্নি করিলেন। পাণ্ডজন্য হিলোককে ব্যথিত করিয়া ভীমবলে নিনাদিত হইতে লাগিল। সিংহের গর্জন যেমন মদমত্ত হৃষ্তীদিগকে ব্যাথত করে সেইর্প ঐ শংখনিনাদ রাক্ষসগণকে ভীত ও বাথিত করিল। তংকালে অন্বেরা রণক্ষেত্রে আর ডিন্টিতে পারিল না, হস্তিসকল নিশ্চেণ্ট ও অসাড় হইয়া রহিল এবং বীরগণ হীনবল হইয়া রথ হইতে পতিড হইতে লাগিল। বিষ্কুর শরসকল বন্ধুসার : উহারা রাক্ষসগণের দেহভেদপূর্বক ভ্গতে প্রবেশ করিতেছে। ক্রমশঃ বহুসংখ্য রাক্ষস বন্ধ্রাহত পর্বতবং রণস্থলে পতিত হইল। উহাদের দেহে বিষ্ণাচক্রক ব্রণমাখ হইতে পর্বতনিঃসাত গৈরিক ধারার ন্যায় রস্ত ছুরিটতেছে। বিষ্ণু কখন শৃত্থধর্কান কখন ধনুন্টত্কার ও কখন বা ঘোরতর সিংহনাদে প্রবৃত্ত। ঐ শব্দে ক্রমশঃ রাক্ষসগণের কোলাহলরব আচ্ছন্ন হইয়া গেল। তিনি উহাদের কম্পিত কণ্ঠ শর ধনক ধন, রথ পতাকা ও ত্ণীর খণ্ড খণ্ড করিতে লাগিলেন। উ'হার শরসকল সূর্য হইতে কঠোর রশ্মির ন্যার, সমাদ্র হইতে জ্বলপ্রবাহের ন্যায়, পর্বত হইতে হস্তীর ন্যায় এবং মেঘ হইতে জলধারার ন্যায় শার্প্য ধন্ম ইইডে ভীমবেগে নিঃস্ত হইতে লাগিল। তথন হস্তী যেমন ব্যান্তের, ব্যান্ত যেমন দ্বীপীর, দ্বীপী যেমন কুরুরের, কুরুর যেমন বিড়ালের,

বিড়াল ষেমন সপের এবং সপ ষেমন ইন্দর্রের অনুসরণ করে, সেইর্প সর্বলোক-প্রভা বিশ্ব রক্ষেসগণের অনুসরণে প্রবৃত্ত হইলেন। রাক্ষসেরা ধরাশায়ী হইতে লাগিল। বিশ্ব এইর্ণে উহাদিগকে বিনাশ করিয়া প্রনর্বার শণ্থধর্নন করিলেন। রাক্ষসসৈন্সকল ভাঁহার শরপাতে ভাঁত ও শংখনিনাদে বিহ্নল। তাহারা রগে ভগা দিয়া লংকার অভিমুখে ধাবমান হইল।

রাক্ষসসৈন্য এইর্পে পলায়নে উদ্যত হইলে মহাবীর স্মালী বিষ্কৃতি আক্রমণ করিল এবং নীহাররাশি ঝেমন স্থাকৈ আচ্চার করে সেইর্প শর্রানকরে উহাকে আচ্চার করিয়া ফেলিল। তদ্দৃতে রাক্ষ্সগণের ভয় দ্র ও মনে থৈর্যের সন্থার হইল। স্মালী সকলকে প্রক্রীবিত করিয়া, ক্রোণভরে সিংহনাদসহকারে বিষ্কৃর সন্মাখীন হইয়া হস্তী ঝেমন শৃত্ত আস্ফালন করে সেইর্প অলভক্ত ভ্রুদ্ভ আস্ফালনপ্রেক বিদ্যুদ্ধভিত মেঘের ন্যায় মহাহর্ষে ঘন ঘন গর্জান করিতে লাগিল। বিষ্কৃ উহার সার্যাধর মস্তক দ্বিশুভ করিয়া ফেলিলেন। সার্যাধ বিনন্ট হইবামার উহার অধ্বসকল অব্যবস্থিত গতিতে বিচরণ করিয়ে লাগিল। ইন্দ্রির্প অশ্ব উদ্প্রান্ত হইলে মন্ত্রা ঝেমন অধীর হয় সেইর্প স্মালী অশ্বগণের ঐ অব্যবস্থিত গমনে অধীর হয়া উঠিল।

অন্তর মালী ধন্ধারণপ্রক রথ হইতে অক্ত্রণ হইরা বিজ্র প্রতি ধারমান হইল এবং উহার স্বর্গথিতি শর ক্রোঞ্প্রতে পক্ষিণণের নাম বিজ্র দেহে প্রবেশ করিতে লাগিল। তখন জিতেনিক শ্রুব যেমন মানসী পাঁড়াম বিচলিত হন না তদুপ ভ্তভাবন ভগবান বিজ্ব উহার শরে কিছ্মাত্র বিচলিত হইলেন না। পরে তিনি শরাসনে উৎকৃতি প্রদানপ্রক মালীর প্রতি শরতাগ করিতে লাগিলেন। সপ্রো যেমন্ত্রীরেস পান করিয়াছিল সেইর্প বিজ্ব বছরিব বিজ্ঞান মান মালীর বেক্সিক স্বর্গ বিজ্ব বজুবিদ্যুংপ্রভ শর মালীর দেহে ক্রিব্রু হইয়া রক্তপান করিতে জাগিল। ক্রমশঃ বিষয় উহার কিরীট ধনজ ধন্য অন্বগণকে খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। মালী রথদ্রণ্ট, সে গদা গ্রহণপ্রেক সারিশ্বণ হইতে সিংহের ন্যায় বিষয়ের প্রতি যাইতে লাগিল এবং কৃতান্ত যেমন রুদ্রকে এবং ইন্দ্র ষেমন ব্জ্রান্য ন্বারা পর্বতকে প্রহার করিয়াছিলেন তদুপ সে বিষ্ণুর বাহন গরুড়ের ললাটে এক গদাঘাত করিল। গরুড় ঐ গদাঘাতে অত্যন্ত ব্যথিত হইল এবং বিষাকে লইয়া পলায়নের উপক্রম করিল। তখন রাক্ষসগণের যারপরনাই হর্ষ উপস্থিত। তন্দুন্টে বিষ, ক্রোধাবিষ্ট হইয়া গরুড়ের উপর তির্যকভাবে অবস্থানপূর্বক মালীর বিনাশবাসনায় চক্রান্ত পরিত্যাগ করিলেন। ঐ কালচন্ত্রসদৃশ স্থামণ্ডলাকার বিষয়তক পরিতান্ত হইবামান্ত্র দ্বতেক্তে অন্তর্যাক প্রদীগত করিয়া মালীর মদ্তক দ্বিখন্ড করিল। মালীর রাহ্ম্ব্ডসদ্শ ঐ ভীষণ মৃত্ত রক্ত উদ্গার করিতে করিতে ভাতলে পড়িল। ভদ্দুটে দেবগণ হুটে হইয়া সাধুবাদপূর্বক সমস্ত প্রাণের সহিত সিংহনাদ করিতে লাগিলেন। তথন সমোলী ও মাল্যবান মালীকে বিনণ্ট দেথিয়া শোকাকুল মনে সসৈন্যে লংকার অভিমুখে ধাবমান **হইল। ঐ সম**র গর্ভেও আশ্বদত হইয়া প্রত্যাবর্তনপূর্বক পূর্ববং জোধভরে পক্ষপবনে রাক্ষসগণকে বিদ্যাবিত করিতে লাগিল। রণস্থল অভিমাত্র ভীষণ। কাহারও মস্তক চক্তে ছিল্ল, কাহারও বক্ষ গুলাঘাতে চূর্ণ, কাহারও গ্রীবা লাগ্গলে নিষ্পিন্ট, কাহারও মুম্বতক মুমলে ভগন, কেহ অসিপ্রহারে বভিত এবং কেহ বা নিশিত শরে তাড়িত। রাক্ষসগণ বিনণ্ট হইয়া অন্তরীক্ষ হইতে সমাদ্রে পড়িতে লাগিল। মেঘ হইতে যেমন বজু পতিত হত বিষয়ে শর সেইরূপ উহাদের উপর পতিত হইতে লাগিল। তখন উহাদের



মধ্যে কাহারও কেশজাল উন্মন্ত ও উন্ডান, কাহারও আতপত্ত ছিল্ল, কাহারও অস্ট্রহত হইতে স্থালিত, কাহারও সোমা বেশ বিপর্যস্ত, কাহারও অস্ট্রদেশ নিগতি এবং কাহারও বা নেত্র ভয়ে চণ্ডল। তংকালে রাক্ষসগণের মধ্যে কেইই আত্মপর বিচারে সমর্থ হইল না। সিংহানপাড়িত হস্তার ন্যায় বিজ্ব ভাষণ উৎপাড়নে উহাদের আত্রিব ও গতিবেগ একইর্প হইরা উঠিল। উহারা অস্ত্রশস্ত্র পরিত্যাগ্রন্তি বায়্প্রেরিত কৃষ্মেঘের ন্যায় পলায়ন ক্রিক্তে লাগিল।

অন্টম সর্গ ॥ অন্তর বিষ্ণু সংগ্রামবিম্থ রাজ্মপুণকে বিনাশ করিতেছেন দেখিরা নাল্যবান সম্দ্র যেমন তীরভ্মিকে পাইরা ফিরিয়া আইসে সেইর্পে ফিরিল। উহার চক্ষ্ব ক্রেধে রন্তবর্ণ, কিরীট জিল, সে বিষ্ণুকে কহিল, বিষ্ণো! আমরা ভীত ও যুন্থে পরাংম্থ, তুমি বিকার নাচ লোকের ন্যায় আমাদিগকে বিনাশ করিতেছ তথন প্রাচীন ক্ষাত্রম্য বিকের তোমার জানা নাই। যে বীর সংগ্রামবিম্থ ব্যক্তিকে বিনাশ করিয়া প্রাম্ব সভির করে সে প্রায়ানিদগের গতি লাভ করিতে পারে না। এক্ষণে যদি ক্রিমার যুদ্ধে একাল্ড অনুরাগ থাকে তবে এই আমি দাড়াইলাম, দেখিব তোমার কির্পে বলবীর্য আছে।

নারারণ কহিলেন, রাক্ষস! দেবতারা তোমাদের ভরে ভীত, আমি তাঁহাদিগকে অভ্যদানপূর্বক কহিয়াছি, রাক্ষসগণকে নির্মাল করিব, এক্ষণে সেই কার্যেই প্রবৃত্ত হইয়াছি। নিজের প্রাণ দিয়াও সর্বদা দেবগণের প্রিয়কার্য করা আমার কর্তব্য, স্তরাং তোমরা বদি পাতালেও প্রবেশ কর তথাচ আমি তোমাদিগকে বধ করিব।

তখন মাল্যবান রস্কোৎপললোচন বিশ্বর এই বাক্ষো অভ্যন্ত ক্রোধাবিন্ট হইয়া তাঁহার বক্ষে শান্ত প্রহার করিল। শান্তি নিক্ষিণত হইবামার দেহনিবন্ধ ঘল্টারবে চারিদিক মুখরিত করিয়া মেঘমধ্যে বিদ্যুতের নাায় বিশ্বর বক্ষে শোভা পাইতে লাগিল। বিশ্বর সেই শান্তি উৎপাটনপূর্বক মাল্যবানের প্রতি নিক্ষেপ করিলেন। তখন উল্কা যেমন অল্পনপর্বতের প্রতি গমন করে সেইর্পে ঐ শান্তি মাল্যবানের প্রতি মহাবেগে যাইতে লাগিল এবং বল্ল ধেমন গিরিশ্ভেগ নিপতিত হয় সেইর্পে উহার হারশোভিত বিশাল বক্ষে পতিত হইল। শক্তিপ্রহারে মাল্যবানের বর্ম ছিল্লভিল, সে বিম্যোহত হইল এবং প্রনর্বার আশ্বন্ত হইয়া অচল পর্বতের ন্যায় স্পিরভাবে দাড়াইল। পরে সে এক কন্টকাকীর্ণ লোহময় শ্লে লইয়া নারায়পের প্রতি নিক্ষেপ করিল এবং ভাঁহাকে এক ম্নিউপ্রহার করিয়া ধন্ঃপ্রমাণ স্থানে অপস্ত হইল। তন্দ্রভৌ রাক্ষদেরা মহাহর্ষে উহাকে সাধ্বাদ করিতে লাগিল।

অন্তর মাল্যবান গর্ডকে প্রহার করিল। গর্ড ক্রোধাবিষ্ট হইয়া বায় যেমন শুৰুক পত্ৰকে অপসাৱিত করে সেইরূপ পক্ষপবনে উহাকে অপসাৱিত করিয়া দিল। তখন সমোলী মাল্যবানকে অপসারিত দেখিয়া সসৈন্যে লৎকার অভিমূখে প্রস্থান করিল। মাল্যবানও অতিমার লন্ধিত হইয়া সসৈন্যে লণ্কায় প্রবিষ্ট হইল। রাম! রাক্ষসগণ এইরূপ বারংবার বিষ্কৃর নিকট পরাস্ত এবং উহাদের অধিনায়কেরা তাঁহার হকেত বিনষ্ট হইয়াছিল। পরে তাহারা বিষয়ে সহিত যুদ্ধ করিতে সম্পূর্ণ অক্ষম হইয়া লংকা পরিত্যাগপূর্বক সম্প্রীক পাতালপুরীতে বাস করিবার জন্য প্রস্থান করে। সালকটৎকটার বংশে এই সমস্ত প্রখ্যাতবীর্য রাক্ষসগণ স্মালীকে আশ্রর করিরাছিল। তুমি পৌলস্ত্য নামে যে সমস্ত রক্ষেসকে বিনাশ করিয়াছ, সমোলী মালাবান ও মালী বাহাদিগের গ্রেষ্ঠ, ভাহারা সকলেই রাবণ অপেক্ষা প্রধান। **শংশচক্রণদাধর** বিক**্ব** ব্যতীত আর কেহই এইসকল দেবকণ্টককে বিনষ্ট করিছে পারেন না। ভূমিই সেই সনাতন বিষয়, তুমি অঞ্জের ও অবিনা**শী, এক্ষণে রাক্ষ্যবধের জন্য ম**র্ত্যে অবতীর্ণ হইয়াছ। धर्मभर्यामा नष्टे इटेल भत्रभागज्यसम्म विकः मम्यावस्यत खना कात्म कात्म উৎপन्न হইয়া থাকেন। রাম! এই আমি তোমার নিকট রাক্ষসগণের উৎপত্তি বথাবৎ কীর্তন করিলাম। একণে সপত্র রাবণের জন্ম ও প্রত্যুক্তর কথা কহিতেছি, শ্বন। ষথন স্মালী বিষয়ের ভয়ে কাতর হইয়া প্রশ্রেক সহিত পাতালতলে বিচরণ করিতেছিল তংকালে কৃবের লংকার বাস ক্রিউট্লেন।

নৰম সগাঁ ॥ কিছুকাল পরে সুমান্ত রসাতল হইতে মত্যুলাকে বিচরণ করিতে লাগিল। সে জলদের ন্যার ক্ষেত্রীয় এবং তাহার কর্ণে স্বর্ণকুণ্ডল। সে অপন্যা প্রার নায় স্বর্ণীয় কন্যানে ক্ষেত্রীয় এবং তাহার কর্ণে স্বর্ণকুণ্ডল। সে অপন্যা প্রার নায় স্বর্ণীয় কন্যানে ক্ষেত্রীয় ক্ষেত্রীয় বিষয় করিতেছিল। ইতাবসরে দেখিল, ধনাধিপতি কুবের পিতৃদর্শনার্থা হইয়া প্রুণক রখে আরোহণ-পূর্বক গমন করিতেছেন। সুমালী ঐ দেবতুলা অণিনকম্প কুবেরকে দেখিয়া বিসময়ভরে প্রন্বার রসাতলে প্রবেশ করিল। ভাবিল, এখন কি করিলে প্রেয়োলাভ হয় এবং কির্পেই বা আমাদের উন্নতি হইতে পারে। এই ভাবিয়া সে কন্যা কৈক্সীকে কহিল, বংসে! তোমার বিবাহযোগ্যকাল যৌবন অতীত হয়। প্রত্যাখানের ভরে এতদিন কেইই তোমাকে প্রার্থনা করে নাই। আমরা ধর্মবৃন্ধিপ্রেরত হইয়া তোমার বিবাহ দিবার জন্য যত্র করিতেছি। তুমি সর্বগৃণে গুণবতী এবং সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় র্পবতী। দেখ, কন্যার পিতৃত্ব মানাথগিদিগের বড় কটকর। কন্যাকে যে কে প্রার্থনা করিবে কিছুই ব্রা যায় না, এই-ই কটে। কন্যা মাতৃকুল, পিতৃকুল ও ভর্তুকুলকে সভতই সংশ্রাক্রান্ত করিয়া থাকে। অতএব তুমি এক্ষণে প্রজাপতি ব্রন্ধার বংশোভ্ব ম্নিবর বিশ্রবাকে গিয়া প্রার্থনা কর। তুমি স্বরংই তাহাকে বরণ কর। তেজে স্বর্শ্বুলা কুবের ষের্পে সম্নিধ্শালী, বলিতে কি তোমার প্রত্রোও ঐর্প হইবে।

অনশতর কৈকসী মহার্ধ বিশ্রবা যথার তপস্যা করিভেছিলেন পিতৃনিদেশে তথার উপস্থিত হইল। ঐ সময় বিশ্রবা চতুর্থ অন্নির ন্যার অন্নিহোতের অনুষ্ঠান করিবিভিলেন। কৈকসী সেই দার্ণ কাল গণনা না করিয়াই ভাঁহার নিক্ট অবনতম্থে দাঁড়াইয়া রহিল এবং অঞ্চাষ্ঠান্ত দ্বারা ভ্রিম খনন করিতে লাগিল। তখন উদাবস্বভাব বিশ্রবা উহাকে জিজ্ঞাসিলেন, ভদুে! তুমি কাহার কন্যা?

কোথা হইতে আসিতেছ এবং তোমার প্রয়োজনই বা কি? আমার নিকট অকপটে সমস্তই বল।

কৈকসী কৃতা**ঞ্চলিপটে কহিল, তপোধন! আমার অভিপ্রা**য় আপনি স্বপ্রভাবে ব্রিয়া লউন। আমি পিতৃনিদেশে আপনার নিকট আসিয়াছি, নাম কৈকসী। এতস্বাতীত আমি আপনাকে আর কিছুই বলিব না, আপনি ব্রিয়া দেখুন।

বিশ্রবা ধ্যানকথ হইয়া কহিলেন, ভদ্রে! আমি তোমার অভিপ্রায় ব্রাঝতে পারিলাম, তুমি প্রোথিনী হইয়া আমার নিকট আগমন করিয়াছ। তুমি যখন এই নিদার্ণকালে আসিয়াছ তখন তোমার গর্ভে দার্ণ দার্ণ্যকার ও দার্ণ-লোকপ্রিয় রাক্ষসেরা জন্মগ্রহণ করিবে।

কৈকসী কহিল, ভগবন্! আপনি রক্ষবাদী, আপনা হইতে আমি এইর্প দ্রাচার প্র প্রার্থনা করি না। আপনি আমার প্রতি প্রসম হউন।

বিশ্রবা পন্নর্বার কহিলেন, স্ফারি! তোমার গর্ভে সর্বশেষে যে পন্ন জান্মবে সে নিশ্চয় আমার বংশান্রপ ও ধার্মিক হইবে।

অনন্তর কৈকসী বথাকালে এক ভীষণ রাক্ষস প্রসব করিল। উহার মুসতক দুশ, হসত বিংশতি, বর্ণ নীলাঞ্জনের ন্যার কৃষ্ণ, ওন্ঠ আরম্ভ, দুল্ড বিশাল, মুখ প্রকাণ্ড এবং কেশ প্রদীণ্ড। ঐ পরে জন্মগ্রহণ ক্রিক্রমার মাংসাশী শিবাগণ জরালাকরাল মুখে বাম দিক আশ্রয় করিয়া মুখুল্ডে রৈ ঘুরিতে লাগিল। পর্জান্য রম্ভবৃতি করিতে লাগিলেন, মেঘের গর্জান অভিস্কিটোর, সূর্ব প্রভাহীন, ঘনঘন উল্কাপাত হইতে লাগিল, ক্ষণে ক্ষণে ভ্রিক্রিটা বারু প্রচণ্ডভাবে বহিতে লাগিল এবং অটল সমূদ্র উচ্ছলিত হইয়া উল্কিট্রা

অনন্তর বিশ্রবা প্রের নামক্র প্রবৃত্ত ইইরা কহিলেন, বখন এই বালকের প্রাবা দর্শটি তখন ইহার নাম প্রেরাবি ইইল। রাম! এই দশগ্রীবের পর মহাবল কুম্ভকর্ণ জন্মগ্রহণ করে। ক্রমণাল বৈভাষণ কৈরসার তংপরে বিকৃতাননা শ্পতিথা জন্মগ্রহণ করে। ধর্মশাল বৈভাষণ কৈরসার শেষ প্রে। তিনি জন্মিবামার প্রশেব্দিট, অন্তরীক্রে দ্বন্তিধ্রনি এবং সাধ্বাদ উথিত হয়। দশগ্রীব ও কুম্ভকর্ণ পিতার বনা আশ্রমে দিন দিন ব্যক্তিতে লাগিল। উহারা ন্বভাবদোৰে সকলেরই ক্রেশকর হইরা উঠিল। কুম্ভকর্ণ উন্মন্ত হইয়া ধর্মবংসল মহর্ষিগগ্রক ভক্ষণ ও অসন্তুট্ট মনে হিলোকে বিচরণ করিতে লাগিল। আর বিভাষণ ধর্মপ্রায়ণ, জিতেশিরে, ন্বাধ্যায়সম্পন্ন ও মিতাহার্নী হইয়া কালক্ষেপ হরিতে লাগিলেন।

একদা ধনাধিপতি কুবের পিতৃদর্শনাথী হইরা প্রুপকরথে আরেহেণপ্রক ঐ আশ্রমে উপস্থিত হইলেন। রাক্ষসী কৈকসী স্বতেজঃপ্রদীপত কুবেরকে দেখিয়া দশগ্রীবকে কহিল, বংস! তৃমি তেজঃপ্রস্তকলেবর শ্রাতা কুবেরকে দেখিয়া যাও। তোমাদের শ্রাতৃত্বসবন্ধ তুলার্প হইলেও দেখ, তুমি কি হইয়াছ। অতএব বংস! যাহাতে তৃমি কুবেরের অনুরূপ হইতে পার তদ্বিষয়ে যত্ন কর।

দশগ্রীর মাতার এই কথা শ্রানিয়া অত্যন্ত ইশাপরবশ হইল এবং কহিল, মাতঃ, সতাই প্রতিজ্ঞা করিতেছি আমি স্ববলে হয় দ্রাতা কুবেরের তুল্য বা তদপেক্ষা অধিক হইব। তুমি মনের দুঃখ দূর কর।

অন্তর দুমগুলি ঐ ক্রোধেই দৃষ্কর কার্যসাধনে অভিলাষী হইল। পরে তপোবলে অভাটিসিম্পি করিব এইর্প অধাবসায় করিয়া পবিত্র গোকপাশ্রমে প্রমন করিল। সে দ্রাতার সহিত তথার গিয়া তপোন্টানে প্রবৃত্ত হইল। উহার

তপস্যায় সর্বলোকপিতামহ রক্ষা সম্ভূষ্ট হইলেন এবং উহাকে জয়াবহ বর প্রদান করিলেন।

দশম সর্গাঃ অনন্তর রাম মহার্য অগস্তাকে জিজ্ঞাসিলেন, তপোধন! রাবণ প্রভৃতি তিন দ্রাতা অরণ্যে কির্প তপস্যা করিয়াছিল?

অগশ্তা কহিলেন, রাজন্! রাবণ প্রভৃতি তিন দ্রাতা অরণ্যে নানার্প ধর্মানুষ্ঠান করে। কুশ্ভকর্ণ বন্ধসহকারে নিরত ধর্মপথে থাকিত। সে গ্রীষ্মকালে পঞ্চাণিনর মধ্যবতী ইইয়া তপস্যা করিত, বর্ষার জলাধারার বীরাসনে বসিত এবং হিমাগমে নিরতকাল জলে বাস করিত। এইর্পে তাহার দশ সহস্র বংসর অতীত হয়। ধর্মশাল বিভাষণ একপদে পাঁচ সহস্র বংসর দাঁড়াইরা থাকেন। তাহার এই কঠোর নিরম পরিসমাশত ইইলে অশ্সরাসকল আনলে নৃত্য করে, অশ্তরীক্ষে প্রশেব্তি ইর এবং দেবতারা তাহার স্কৃতিবাদ করেন। পরে তিনি আর পাঁচ সহস্র বংসর স্থের অনুবৃত্তি করিয়াছিলেন এবং শ্বাধ্যারে নিবিষ্টমনা হইয়া উধর্মাথে ও উধর্হন্তে অবস্থান করেন। স্বরলোকবাসী যেমন নন্দনবনে স্থেশ কালক্ষেপ করে, সেইর্প বিভাষণ এই দশ সহস্র বংসর স্থে অতিবাহিত করিয়াছিলেন। দশাননেরও নিরবছিল্ল অনাহারে ক্রি সহস্র বংসর অতীত হয়। প্রথম সহস্র বংসর পূর্ণ হইলে সে আপনার বিদ্বাহ্মদদন করিয়া অণিনতে আহুতি দেয়। এইর্প নয় সহস্র বংসরে তাহার ক্রিকি মন্তক্ হ্বতাশনে নিক্ষিণ্ত হয়। পরে দশম সহস্র বংসরে যখন সে দশ্লে ক্রিটি ছেদন করিতে উদ্যত হইল সেই অবসরে সর্বলোকপিতামহ ব্রুলা তারির নিকট উপন্থিত ইইলেন। তিনি অন্যান্য দেবগণের সহিত তথার আবিশ্বতি ইইয়া প্রতিমনে কহিলেন, দশগ্রীব! আমি তোমার তপস্যায় অতিমাত করিব।

তখন দশানন অবনতমস্তকে ব্রহ্মাকে প্রণিপাত করিয়া হৃত্মনে হর্ষণদ্গদ-বাক্যে কহিল, ভগবন্! মৃত্যু ব্যতীত জীবের আর কিছুতেই ভয় হয় না, মৃত্যুর তুল্য শহতে আর কিছু নাই, অতএব আমার ইচ্ছা যে আমি অমর হইয়া কাল্যাপন করি।

ব্লহ্মা কহিলেন, দশানন! আমি তোমাকে অমর করিতে পারি না, তুমি অন্য কোন বর প্রার্থনা কর।

লোককর্তা ব্রহ্মা এইর্প কহিলে দশগ্রীব কৃত্যঞ্জলিপ্টে কহিল, প্রজাপতে! আমি পক্ষী সর্প ক্ষ্ণ দৈতা দানব রাক্ষ্য ও দেবগণের অবধা হইয়া থাকিব। অন্যান্য যে সমস্ত জীব আছে আমি ভাহাদের চিন্তা কিছ্মান্ত করি না। মন্ধ্য প্রভৃতিকে ত ভূগবংই বিবেচনা করিয়া থাকি।

রশ্বা কহিলেন, দশগুনি! তুমি বের্প কহিতেছ, তাহাই হইবে। এই বলিয়া তিনি প্নব্যার কহিলেন, বংস! আমি প্রীতমনে তোমার আর দ্ইটি বর প্রদান করিতেছি, শ্না তুমি প্রে যে সকল মদ্তক অন্নিকৃত্তে আহুতি দিয়াছ সেগ্রিল আবার হইবে। তল্যতীত তুমি বের্প ইচ্ছা করিবে সেইর্পই আকার ধারণ করিতে পারিবে। রশ্বা এইর্প বর প্রদান করিবামাত্র দশগুনিবর মদ্তকসকল প্রেরায় উঠিল।

পরে রন্ধা বিভীষণকে কহিলেন, বংস! তুমি ধর্মে মতি রাখিয়া আমায় দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



যারপরনাই পরিতৃষ্ট করিয়াছ, একণে বর প্রার্থনা কর।

ধর্মণীল বিভীষণ কৃতাঞ্জলিপুটে কহিলেন, ভগবন্! স্বয়ং লোকগরে যখন আমার উপর প্রসন্ন, তথন বলিতে কি, জ্যোৎদনাজালে চল্ডের ন্যায় আমি সর্বগ্রে ভ্রিত ও কৃতার্থ হইলাম। এখন যদি আপনি আমার বর দিবার সংকল্প করিয়া থাকেন তবে আমার বের্প ইচ্ছা প্রবণ কর্ন। দেব! বিপদেও যেন আমার ধর্মে মতি থাকে, গ্রেপ্দেশ ব্যতীতও রজাচিন্তা বেন আমার স্ফর্তি পায়, আর যে-বে আগ্রমে যখন যে-যে ব্রন্থি উৎপন্ন হইবে তাহা বেন ব্যুসন্গত হয়, আমি সেই-সেই ধর্ম প্রতিপালন করিব। রক্ষন্! এই আর্জ্ঞ অভীষ্ট বর। আমি জানি, ধর্মান্রগোঁ লোকের চিলোকে কিছুই দ্র্ভ্ভির না।

রক্ষা কহিলেন, বংস! তোমার অভীক্ষানীত হইবে। আর বখন রাক্ষসযোনিতে জন্মিরাও তোমার অধর্মবর্ণির উপশিক্ষান্ত হয় নাই, তখন আমার বরে তুমি অমর হইয়া থাকিবে।

পরে প্রজাপতি কৃষ্ণকর্ণকে বিশোলের সংকলপ করিলো স্রগণ কৃতাঞ্চলিপ্টে কহিলেন, ভগবন্! আপতি করিনেই যে এই দ্যতির দার্ণ ব্যবহারে সকলেই ভাত, অতএব ইহাকে বর্দান করিবেন না। ঐ দ্বত্ত নন্দনকাননে সাতটি অপ্সরা, ইন্দের দশটি অন্চর এবং প্থিবীর বিশ্তর মন্যা ও ঋষিকে ভক্ষণ করিয়াছে। এই রাক্ষ্স বর না পাইয়াই যাহা করিয়াছে তাহাই ত যথেন্ট, বর পাইলে নিশ্চয় বিলোকের সকলকেই ভক্ষণ করিবে। অতএব আপনি বরচ্ছলে ইহাকে মোহ প্রদান কর্ন, ইহাতে লোকের মঞ্চল ও ইহারও সম্মানরকা হইবে।

তথন রক্ষা দেবী সরস্বতীকে স্মরণ করিলেন। সরস্বতী স্মৃতিমাত্রে স্তব্ধার পার্শ্বে আসিয়া কৃতাজনিপ্টে কহিলেন, দেব! এই আমি আসিয়াছি, কি করিব। স্বক্ষা কহিলেন, সরস্বতি! তুমি ঐ কুম্ভকর্শের ব্রিখ্যমেহ জন্মাইয়া দেও।

অনন্তর সরস্বতী দৃষ্ট রাক্ষ্যের মনে প্রবেশ করিবেন। তথন ব্রহ্মা কহিলেন, কুম্ভকর্ণ! তুমি এক্ষণে ইচ্ছান্র্প বর প্রার্থনা কর। কুম্ভকর্ণ কহিল, দেবদেব! আমার ইচ্ছা যে আমি বহুকাল থোর নিদ্রায় আচ্ছ্য় হইয়া থাকি। ব্রহ্মাও তথাস্থ্ বলিয়া স্বরগণের সহিত তৎক্ষণাৎ প্রস্থান করিলেন। দেবী সরস্বতীও কুম্ভকর্ণকে পরিত্যাগ করিয়া অন্তহিত হইলেন।

পরে কুম্ভকরণের সংজ্ঞালাভ হইল। ঐ দুরাদ্মা দুঃখিতমনে ভাবিল, আজ কেন এইর্প কথা আমার মুখ দিয়া বাহির হইল? বোধ হয় উপস্থিত দেবগণই আমার বৃষ্ধিমোহ উৎপাদন করিয়া থাকিবেন। রাজন্! এইর্পে রাবণাদি তিন স্রাতা রক্ষার নিকট তপােবলে বরলাভ করিয়া শেলামাতকবৃক্ষবহাল পিতৃতপােবনে গিয়া পরমস্থে বাস করিতে লাগিল।

একাদশ সর্গ ह এই অবসরে স্মালী রাবণাদি তিন দ্রাতার বরলাভ-বার্তায় বারপরনাই নির্ভায় হইয়া অন্চরগণের সহিত পাতাল হইতে উঠিল। মারীচ, প্রহস্ত, বির্পাক্ষ ও মহোদর উহার এই চারিজন মন্ত্রীও ক্রোধভরে উথিত হইল। পরে স্মালী উহাদের সহিত দশগুরীবের নিকট আসিয়া তাহাকে আলিগানপূর্বক কহিতে লাগিল, বংস! তুমি যখন হিভ্রনশ্রেণ্ট রক্ষার নিকট বরলাভ করিয়াছ তখন ভাগাক্রমে আমাদের যাহা সংকল্প তোমাদ্বারা তাহা সিম্প হইয়াছে। আমরা যে কারণে লংকা ছাড়িয়া রসাতলে বাস করিতেছি এক্ষণে আমাদের সেই বিকরে বিক্রমজনিত মহাভয় দ্র হইল। আমরা বার বার তাহারই ভয়ে য্নেশ পরাংম্থ হইয়াছি এবং স্বগৃহ পরিত্যাগপ্রক একয়ে পাতালে গিয়া বাস করিতেছি। লংকাপ্রশী আমাদেগেরই, তাহাতে আমরাই থাকিতাম; এক্ষণে তোমার দ্রাতা ধীমান ক্রের সেই প্রশী অধিকার করিয়াছেন। অত্থব যদি তুমি সাম, দান, বা বল, যে কোন উপায়ে হউক, লংকা প্রত্রহণ ক্রেতি পার তাহা হইলে বড় একটা কাজ হয়। বংস! নিন্দয় জানিও, অতঃপর ত্রিই লংকায় অধিপতি হইবে। এই নিমন্দপ্রায় রাক্ষসবংশ তুমি উম্পার ক্রিক্রি স্বতরাং তুমিই ইহাদের প্রভ্রহিব।

দশগ্রীব কহিল, আর্য ! ধনাধিপতি ক্রিবের আমাদিগের গ্রের্, তাঁহার প্রতিক্লে এইর্প কথা বলা আপনার উচিত হুইতেছে না। দশগ্রীব এইর্প শান্তভাবে প্রত্যাখ্যান করিলে স্মালী ভারের অভিপ্রায় ব্রিয়া তৎকালে নীরব হইল। অনন্তর একদা প্রহন্ত ক্রির ব্রিয়া বিনীত বাক্যে রাক্যকে কহিল, বার!

অনশ্তর একদা প্রহন্ত বিশ্বর ব্বিয়া বিনীত বাকো রাবণকে কহিল, বীর! ত্রিম স্মালীকে যাহা করিয়াছিলে সে কথা সংগত বোধ হয় না; বীরগণের আবার সোদ্রাত কি? এ বিষয়ে আমার কিছু বলিবার আছে, শ্বন। অদিতি ও দিতি নামে রূপবতী ও পরশ্পর ন্নেহবতী দ্ইটি ভগিনী ছিলেন। প্রজাপতি কশ্যপ ই'হাদিগকে বিবাহ করেন। তন্মধ্যে অদিতির গর্ভে ত্রিভ্বনেশ্বর দেবগণ এবং দিতির গর্ভে দৈত্যগণ জন্মগ্রহণ করে। প্রথমে দৈত্যগণই এই সাগরাশ্বরা প্রথমীর অধীশ্বর ছিল। পরে বিকল্ব তাহাদিগকে বধ করিয়া ত্রিলোককে দেবগণের অধীন করিয়া দেন। বীর! তুমিই যে কেবল প্রাভ্রেছে করিয়ে ভাষা নয়, প্রেবিষ্যার্ত্ত এই কার্য করিয়া গিয়াছেন।

রাবণ মুহুর্তকাল চিন্তা করিয়া হৃষ্টমনে প্রহন্তের কথার সম্মত হইল এবং সেই উৎসাহে সেইদিনেই রাক্ষসগণের সহিত লব্দার নিকটম্প এক বনে গিয়া বিক্ট পর্বত হইতে প্রহন্তকেই দোতো নিয়োগপ্রক কহিল, প্রহন্ত! তুমি শীয় ধনাধিপতি ক্রেরের নিকট যাও এবং আমার বাক্যে তাঁহাকে গিয়া শান্তভাবে বল, এই লব্দাপুরী প্রে মহাত্মা রাক্ষসগণের অধিকারে ছিল, এক্ষণে ইহাতে বাস করা তোমার উচিত হইতেছে না। অতএব যদি তুমি আজ এই প্রবী আমাদিগকে ছাড়িয়া দেও তাহা হইলে আমি অতিশর সুখী হই এবং তোমারও প্রকৃত ধর্ম পালন করা হয়।

পরে প্রহস্ত লঙ্কায় গমন করিয়া উদার বাক্যে কুবেরকে কহিল, তোমার দ্রাতা দশগ্রীব আমাকে তোমার নিকট পাঠাইয়াছেন। এক্ষণে তিনি বাহা কহিয়াছেন,

শনে। প্রে এই লঞ্চাপ্রী স্মালী প্রভাতি ভীমবল রাক্ষসগণ উপভোগ করিয়াছিলেন। এই কারণে দশগ্রীব তোমাকে জানাইতেছেন, তিনি শাশ্তভাবে প্রার্থনা করিতেছেন, তাঁহাকে এই লঞ্কা প্রেঃ প্রদান কর।

কুবের কহিলেন, পিতা এই রাক্ষসশ্ন্য লক্ষ্পপ্রী আমায় বসবাসের জন্য নির্দিত করিয়া দিয়াছেন; আমি দান-মানাদি উপায়ে ইহাতে অনেককে বাস করাইয়াছি, অতএব তুমি গিয়া দশগুনিকে বল, আমার এই প্রী ও রাজ্য তোমারই, তুমি নিক্পটকে ইহা ভোগ কর। আমার যাবতীয় ঐশ্বর্য নির্বিশেষে তোমারই হউক।

এই বলিয়া কুবের তংক্ষণাৎ পিতৃসন্নিধানে গমন করিলেন এবং তাঁহাকে অভিবাদনপূর্বক কৃতাঞ্জলিপূটে কহিলেন, পিতঃ! দশগুনিব লণ্কা প্নঃপ্রাণ্ডির আশরে আমার নিকট দৃত পাঠাইরাছিলেন। ফলতঃ পূর্বে এই প্রেনীতে রাক্ষসেরাই বাস করিত, অতএব আপনি লণ্কা রাবণকেই দিন। আর আমি গিয়া কোথার থাকিব তাহাও আদেশ করন।

ব্রহ্মার্য বিশ্রবা কহিলেন, বংস! শন্ন, দশগ্রীব আমার নিকট একদা ঐ প্রসংগই করিয়াছিল। আমি ঐ দ্বেট্মাতিকে সক্রোধে ভং সনা করিয়া প্নাঃ প্নঃ কহিয়াছিলাম, দেখ, তুমি ধর্ম-মর্যাদা অভিক্রম ক্ষিত্ত । এক্ষণে আমার কথা রাখ; ইহা ধর্মান্গত ও শ্রেয়াসাধন। বরলাভারত তোমার হিতাহিতজ্ঞান নাই এবং আমার অভিশাপে তোমার প্রকৃতিও দক্ষে হইয়াছে, এই জন্য লোকের মর্যাদা তুমি ব্রিতে পার না। কিব্তু ক্রিম ভংকালে সে আমার এই কথায় কর্ণপাত করে নাই। ঐ দ্বর্ত্তকে যে ক্রিম উৎকৃত বর দিয়াছেন ইহা তুমি অবশ্যই জান, স্ত্তরাং তাহার সহিত বিরোধিরণ করা তোমার শ্রেয় নহে। অতএব এক্ষণে তুমি আত্মীর অব্তর্গের সহিত বিরোধিরণ করা তোমার শ্রেয় নহে। অতএব এক্ষণে তুমি আত্মীর অব্তর্গের স্ক্রিট লংকা হইতে গিরিবর কৈলাসে যাও এবং তথায় বসবাস করিবার জন্য ছবি শ্রেম স্বত্ত কর। সেই স্থানে সরিন্দ্রয় মন্দাকিনী প্রবাহিত হইতেছে, উহার ক্রিম উক্জনে স্বর্ণপদ্মে আছেয়া, তথায় কুমন্দ কহাার প্রভৃতি অন্যান্য স্ক্রান্থ প্রকৃত প্রক্রিয়া থাকেন।

কুবের পিতৃগোরবে তংক্ষণাং সম্মত হইলেন এবং স্ত্রী প্রে অমাত্য ধন সম্পদ ও বলবাহনের সহিত কৈলাসে গিয়া বাস করিলেন।

এদিকে প্রহম্ভ একাশ্ড হৃষ্ট হইয়া দশগুনিবের নিকট গিয়া কহিল, ধনাধিপতি কুবের লংকা পরিত্যাগ করিয়াছেন, এখন সেই প্রী শ্ন্য। তুমি আমাদিগকে লইয়া তথায় চল এবং স্বধর্ম পালন কর।

অন্তর দশগ্রীব-দ্রাত্গণ সৈন্য ও অনুযাগ্রিকদিগের সহিত লংকায় প্রবেশ করিল। উহা কুবেরের পরিত্যক্ত এবং উহার পথসকল বিভক্ত। ইন্দ্র যেমন স্বর্গে আরোহণ করেন, দশগ্রীব সেইর্প পর্বতোপরি প্রতিষ্ঠিত লংকায় আরোহণ করিল এবং রাজপদে অভিষিক্ত হইল। লংকা নীলমেঘাকার রাক্ষ্যে পরিপূর্ণ। এদিকে কুবেরও পিতার আদেশে শশাভক্ষবল কৈলাস পর্বতে এক পর্বী নির্মাণ করিলেন। উহা ইন্দ্রের অমরাবতীর ন্যায় স্দৃশ্য এবং স্মৃশিক্ষত গ্রে স্শোভিত।

ম্বাদেশ সর্গায় দশগুণীর রাক্ষসরাজ্যে অভিষিত্ত হইল এবং ভ্রাত্গণের সহিত প্রামশা করিয়া দানবরাজ বিদ্যাক্তিহেনুর সহিত ভাগনী শ্পেণখার বিবাহ দিল। পরে



সে একাকী ম্গরায় নিগতি হয়; ঐ প্রসংগ্য দিতির পরে ময় দানবের সহিত উহার দেখা হইয়াছিল। দশগ্রীব উহাকে একটিমার কন্যার সহিত বনমধ্যে বিচরণ করিতে দেখিয়া জিজ্ঞাসিল, তুমি কে এবং এই ম্গমন্ব্যশ্না নির্জন বনে একাকী কৈবল এই ম্গলোচনাকে লইয়া কি জন্য প্র্যটন করিতেছ?

ময় কহিল, আমার ব্তাশ্ত সমস্তই তোমাকে ছহিতেছি, শন্নঃ বোধহর তুমি হেমা নান্দী কোন এক অস্বরার কথা শন্তিক সাকিবে। তিনি ইন্দের শচীর ন্যায় র্পলাবণ্যবতী। আমি দৈববলে তাঁহাবে কাভ করিয়া সহস্র বংসর তাঁহার সহিত প্রণাঢ় অনুরাণে কাল্যাপন করিং কলে তাঁহার কিনে কোন দৈবকার্যোদেশে হয়েদেশ বংসর দেবলোকে আছেন। কেনুকা কাল্য তাঁহার সহিত আমার বিরহ। অনশ্তর আমি বিচিত্র নির্মাণ-শবিকারে হবিক-বৈদ্ধাধিত স্বর্ণময় এক প্রেরী প্রস্তৃত করিয়া তল্মধ্যে প্রির্কারহে কিছ্বিদন অতি দীনভাবে বাস করিয়াছিলাম। এক্ষণে এই কন্যাকে কাল্যা সেই স্থান হইতে আসিয়াছি। রাজন্! এইটি আমারই কন্যা, হেমুলৈ গভে ইহার জল্ম। আমি ইহাকে লইয়া ইহার পাত্র অন্যান্যছি। কন্যার পিতৃত্ব সম্পান্থির বড়ই কণ্টকর। সে পিতৃত্ব ও ভর্তৃকুলকে কথন কলন্ধিত করে, ইহাই আশ্বন্য। এই কন্যা ব্যতীত হেমার গতে মায়াবী ও দ্ন্দ্বিভ নামে আমার দ্ইটি প্রেও জন্মিয়াছে। তাত! এই আমি তোমাকে আত্বাব্তান্ত সমস্তই কহিলাম। এক্ষণে আমি তোমাকে কিরপে জানিব, তুমি কে?

তথন দশগ্রীব সবিনয়ে কহিল, আমি মহর্ষি প্লেস্তার বংশে জন্মিয়াছি; ব্রহ্মার পোঠ মহর্ষি বিশ্রবা আমার পিতা, নাম দশগ্রীব।

দানবরাজ ময় দশগুরীবকে খবিকুলোংপয় জানিয়া তাহাকে সেই বনমধ্যেই কন্যাদানের সংকলপ করিলেন এবং তাহার হলেত কন্যার হলত প্রদানপূর্বক সহাস্যমুখে কহিলেন, রাজন্! আমার এই কন্যা অম্সরা হেমার গর্ভসম্ভাতা, নাম মন্দোদর্যা, এক্ষণে তুমি পত্নীরূপে ইহাকে গ্রহণ কর।

দশগ্রীব দানবরাজ মহোর এই অনুরোধে সম্মত হইল এবং ঐ বনমধ্যেই আফিন সাক্ষী করিয়া মন্দোদরীকে বিবাহ করিল। রাম! পিতৃশাপে দশগ্রীবের দার্ণ প্রকৃতি লাভের কথা ময় দানব জানিতেন, কেবল মহৎ খবিবংশীয় বলিয়া উ'হাকে কন্যাদান করেন এবং উ'হাকে তপোবললক্ষ অমোঘ এক অভ্নত শক্তিও দিয়াছিলেন। সেই শক্তি দ্বারাই লঙকার মুদ্ধে লক্ষ্যণ বিন্ধ হন।

অনন্তর দশগ্রীব স্বনগরীতে প্রত্যাগমনপূর্বক কুম্ভকর্ণ ও বিভীষণের উদ্বাহ-

সংস্কারের জন্য দ্ইটি কন্যা আহরণ করিল। বৈরোচনের দেহিন্নী বন্ধুজনালা কুম্ভকর্ণের এবং গণ্ধর্বরাজ শৈল্পের কন্যা ধর্মপ্রায়ণা সরমা বিভীষণের পত্নী হইল। এই সরমা মানস-সরোবরের তীরে জন্মগ্রহণ করে। তথন বর্ষাকাল, মানস-সরোবরের জল বর্ষার জলে বিধিত হইতেছিল, তদ্দুণ্ডে সরমা ভীত হইয়া কন্দন করিতে থাকে। তখন তাহার জননী স্নেন্হে কাতর হইয়া কহিল, 'সরো মা বর্ধত', সরোবর বিধিত হইও না, তদবিধ কন্যার নামও সরমা হইল।

অনশ্বর রাবণ প্রভৃতি তিন দ্রাতা লংকাপ্রেমধ্যে ভাষাগণের সহিত নন্দনবনে গন্ধবের নায় পরম স্থে বিহার করিতে লাগিল। মন্দোদরীর গর্ভে মেঘনাদ জন্মে। তোমরা ইহাকে ইন্দুজিং বলিয়া থাক। ঐ বালক জন্মিরামান মেঘগম্ভীর নাদে রোদন করিয়া লংকাপ্রেটী স্তম্ভিত করে। এই জন্য পিতা দশগ্রীব স্বয়ং উহার নাম মেঘনাদ রাখিয়াছিল। এই মেঘনাদ পিতামাতার মনে হর্ষোংপাদন-প্রেক অন্তঃপ্রেমধ্যে স্ত্রীলোকের স্বারা স্ক্রিক্ষত হইয়া কাষ্ঠাছাদিত অনলের নাায় ক্রমশঃ বর্ধিত হইতে লাগিল।



ত্রমোদশ সার্গ ॥ একদা মৃতিমতী দার্ণ নিদ্রা ব্রহ্মার নিয়াগে কুম্ভকণের নিকট উপস্থিত। তদদ্দেট কুম্ভকণ উপবিষ্ট রাবণকে কহিল, রাজন্! আমি নিদ্রায় কাতর, অতএব তুমি আমার জন্য একটি গৃহ নির্মাণ করাইয়া দেও। পরে রাবণের আদেশে শিল্পিগণ বিম্বকর্মার নয়য় নিপূর্ণতার সহিত একটি গৃহ প্রস্তৃত করিল। ঐ গৃহের বিস্তার এক যোজন ও দৈঘা দুই যোজন, উহা সৃদ্দা ও স্প্রশাস্ত, উহার স্তম্ভ স্বর্ণমার, সোপান বৈদ্র্যমার, তোরণ হাস্তদ্দতমার এবং বেদি হারকমার; স্থানে স্থানে কিভিকণীজাল অপ্রে শোভা পাইতেছে; উহা স্মের্মের গিরির পবিত্র গহনরের নয়য় মনোহর ও সর্বকালেই স্থপ্রদ। মহাবীর কুম্ভকর্ণ ঐ গৃহমধ্যে নিদ্রিত হইল। ব্রহ্মার বরপ্রভাবে বহুকালেও তাহার ঐ ঘোর নিদ্রা ভাগিবার নয়। এই সময়ের দশানন মহাজোধে অবাধে দেবিষি গন্ধর্ব ও যক্ষণণকে বধ এবং নন্দন প্রভাতি বিচিত্র উদ্যান নন্ট করিতে লাগিল। ক্রীড়াণীল হস্তী যেমন নদীকে বিমাদিত করে, বায়্ যেমন বৃক্ষকে নিক্ষিণ্ড করে এবং পরিতান্ত বজ্র যেমন পর্বত্বে চূর্ণ করির্য়া ফেলে; রাবণ সেইর্পেই সকলকে বিনন্ট

করিতে লাগিল।

অনশ্তর ধর্মশীল কুবের দশাননের এইর্পে অত্যাচারের কথা শ্রনিয়া আপনার কুলান্ত্প ব্যবহার স্মরণপূর্বক সৌদ্রাত্র প্রদর্শনের জন্য লঞ্কায় দ্ত প্রেরণ করিলেন। দুতে বিভীষণের নিকট উপস্থিত হইল। বিভীষণ ধর্মানুসারে তাহার সম্মান করিয়া আগমনের কারণ জিঞ্চাসা করিলেন এবং যক্ষেশ্বর কুবেরের এবং জ্ঞাতিবর্গের সর্বাঞ্গীণ সংবাদ লইয়া সভামধ্যে আসীন রাবণকে দেখাইয়া দিলেন। দ্তে স্বতেজঃপ্রদীপত রাক্ষসরাজকে দর্শন করিয়া জয় জয় শব্দে তাহার সদ্বর্ধনা-পূর্বক মূহ্তে**কাল তুক্ষী**মূভাব অবলম্বন করিল। রাবণ উৎকৃষ্ট আস্তরণ-শোভিত পর্যতেক উপবিদ্য ছিল। দৃত ভাহার সন্নিহিত হইয়া কহিল, রাজন্! আপনার দ্রাতা ধনাধিপতি কুবের আপনাকে পিতৃমাতৃকুল ও চরিত্রের অনুরূপ যে-সমুস্ত কথা কহিয়াছেন, আমি তাহাই আপনাকে নিবেদন করিতেছি। তিনি কহিয়াছেন, রাজন ! ভাল, এই পর্যান্ডই পর্যান্ড, আর পাপাচরণ করিবার প্রয়োজন নাই, এক্ষণে সন্ধরিত হওয়া আবশ্যক, যদি পার তো ধর্মে থাক। আমি দেখিয়াছি, তুমি নন্দনবন ভান করিয়াছ, শানিয়াছি, খাবিগণকে বিনাশ করিয়াছ, আরও শানিতে পাই, দেবগণ তোমার এই সকল পাপের প্রতিফল ুদিবার উদ্যোগে আছেন। রাজন্ ! তুমি বার বার আমায় প্রত্যাখ্যান করিয়াছ বুর্ট্টে কৈন্তু বালক যদি অপরাধী রাজন্ ! তুমি বার বার আমার প্রত্যাখ্যাল কাররাছ বিচে কেন্তু বালক যাদ অপরাধা হয় তাহাকে রক্ষা করা আত্মীরুদ্বজনের সর্ব তিটাবেই কর্তব্য। দেখ, আমি ইন্দ্রিয়দমন ও কঠোর রত অবলন্দ্রন্দ্র্বিক ধর্ম স্থিতের জন্য হিমালেরে গিয়াছিলাম। ঐ ন্থানে ভগবান মহেন্বর দেবী উমার বাছত অবন্ধান করিতেছিলেন। দৈবাৎ আমি দক্ষিণ চক্ষ্ণ দিয়া ঐ দেবীকে দেবী উমা কর্ণম র্প ধারণপ্রক জনা, অন্য কোন অভিপ্রায়ে নয়। জ্বান দেবী উমা অন্প্রম র্প ধারণপ্রক বিরাজ করিতেছিলেন, আমার ক্রিতিপাত্মাত্র তাহার দিবাপ্রভাবে আমার দক্ষিণ চক্ষ্ণ দেখ হইয়া যার। জ্বান ক্রিট বেন ধ্লিন্দ্রণে ক্রান্থিত ও তাহার জ্যোতিতে পিশ্লল হয়। শুরে আমি উহাদিগকে প্রসন্ন করিবার জন্য হিমাচলের অন্যতম বিস্তীর্ণ শৃংগ্য গিয়া তৃষ্ণীস্ভাব অবলম্বনপূর্বক আটমত বংসর মহারত অবলম্বন করিয়া থাকি। ব্রতকাল পূর্ণ হইলে ভগবান মহেশ্বর আসিয়া প্রীতমনে আমাকে কহিলেন, বংস! আমি তোমার এই তপস্যায় যারপরনাই পরিতৃণ্ট হইয়াছি। আমিও একদা এইরূপ রত অনুষ্ঠান করিয়াছিলাম, আর তুমিও এই করিলে। আমরা দুইজন ব্যতীত এই ব্রত ধারণ করিতে পারে এমন আর কাহাকেও দেখি না। ইহা অতি দঃকর এবং আমিই ইহার উৎপাদক। একণে তুমি আমার সথা হও। আমি তোমার ওপস্যার প্রীত হইলাম, দেবী পার্বতীর প্রভাবে তোমার দক্ষিণ চক্ষ্ম দক্ষ এবং তাঁহার রূপনিরীক্ষণে অন্যতরটি পিজাল ইইয়াছে, অতএব আজ হইতে তোমার নাম নিত্যকাল একান্ষিপিপালী থাকিবে।

এইর্পে আমি ভগবান শব্দরের সহিত স্থিত্ব লাভপ্র্বক তাঁহার অনুজ্ঞান ক্রমে প্রতিগমন করিয়া তোমার পাপাচারের কথা শানিতে পাইলাম। বংস! তুমি এই কুলক্ষয়কর অধর্মসংযোগ হইতে নিবৃত্ত হও। এক্ষণে দেবতারা ক্ষিগণের সহিত তোমার বিনাশের উপায় অবধারণ করিতেছেন।

এই কথা শ্রনিবামাত্র রাবণের চক্ষ্ম জোখে রক্তবর্ণ হইয়া উঠিল এবং সে করে করপরামর্যণ ও দশনে দশন নিম্পীড়নপূর্বেক কহিতে লাগিল, রে দৃত! তুই মরিলি, আর যে তোরে পাঠাইয়ছে আমার সেই দ্রাতা কুবেরও মরিল। সে যাহা বিলিয়াছে তাহা কিছুতেই আমার হিতকর নহে। শঙ্করের সহিত তাহার যে

সখ্যতা হইয়াছে ম্খ কেবল তাহাই আমাকে শ্নাইতেছে। তুই যাহা কহিলি আজ ইহা কিছুতেই ক্ষমা করিতেছি না। ভাবিতেছিলাম ধনেশ্বর আমার জ্যেষ্ঠ ও গ্রুর্, তাহাকে বিনাশ করা অন্তিত, এই জন্মই এতাবংকাল আমি তাহাকে ক্ষমা করিয়াছি। এক্ষণে তাহার কথায় স্থির করিলাম ভ্রুবলে তিলোক জয় করিব। কেবল তাহারই জন্য এই মুহুতে চার লোকপালকে বিনাশ করিব।

দশগ্রীব এই বলিয়া খঙ্গাঘাতে দৃতকে বিনাশ করিল এবং দ্রাত্মা রাক্ষসগণের হস্তে তাহাকে ভক্ষণ করিবার জন্য দিল। পরে ঐ দ্বব্তি ত্রৈলোক্য জয় করিবার আশয়ে যথায় ধনাধিপতি সেই স্থানে মঞ্চালাচারপূর্বক যাত্রা করিল।

চকুর্দশ সর্গ ॥ অনশ্তর বলগবিত রাবণ কুবেরকে জয় করিবার উদ্দেশে প্রহস্ত, মহোদর, মারীচ, শ্বুক, সারণ ও ধ্য়াক্ষ এই ছয়জন সচিবের সহিত নিগতি হইল। তংকালে উহার প্রদীশ্ত কোধানলে য়িলোক দশ্ধ হইতে লাগিল। সে ম্হুত্মধ্যে নানা জনপদ নদী পর্বত বন ও উপবন অতিক্রম করিয়া কৈলাসে উত্তীর্ণ হইল। তখন যক্ষগণ ঐ দ্রাজাকে ফুম্থার্থ মন্তিগণের সহিত মহা উৎসাহে উপস্থিত দেখিয়া উহার সম্মুখীন হইতে সাহস্মী হইল না। প্রেক্তির জানিল, সে ধনাধিপতি কুবেরের দ্রাতা। পরে উহারা কুবেরের নিকট গ্রেষ্ট্রেক উহার অভিপ্রায় তাঁহাকে জ্ঞাপন করিল।

পরে ঐ সমস্ত যক্ষ কুবেরের আদেনে অশিশ্য ধারণপূর্বক বৃদ্ধার্থ হৃত্যমনে নির্গত হইল। চতুদিকে উচ্ছলিত কিলামন্দ্রের ন্যায় সৈনাক্ষোভ উপস্থিত। কৈলাস পর্বত বিচলিত হইয়া বিকা। অনতিবিল্পের যক্ষ-রাক্ষসের ঘোরতর যুন্ধ আরন্ড হইল। রাবণের মার্টিবেরা যারপরনাই বাধিত : কিল্টু রাবণ তাদৃশ সৈনাদর্শনে মহাহর্ষে অনু ক্রিনিরা যারপরনাই বাধিত : কিল্টু রাবণ তাদৃশ সেনাদর্শনে মহাহর্ষে অনু ক্রিনিরা দিকে সহস্র মক্ষ : উভর পক্ষে এইর্পে যুন্ধ হইতে লাগিল। রাবণ রণক্ষেত্র অবতীর্ণ হইয়াছে। সে ক্ষণকালমধ্যে বৃণ্টিপাতের নাায় গদা মুবল অসি শক্তি ও তোমর প্রভৃতি অল্যধারায় নির্ক্ত্রাসবং হইয়া পড়িল। কিল্টু বর্ষার ধারাপাতে পর্বত যেমন অটল থাকে ঐ মহাবীর সেইর্পেই দাঁড়াইয়া রহিল। পরে সে এক যমদন্ডসদশ্শ গদাগ্রহণপূর্বক বায়্ব্রগপ্রদিশিত বায়্বরেগ যেমন মেঘকে বিদ্বিত করে, সেইর্প উহার অমাত্যেরাও ঐ সমস্ত মক্ষকে দেখিতে দেখিতে অল্পাবশেষ করিয়া ফেলিল। যক্ষদিশের মধ্যে অনেকে আহত, অনেকে ভন্ম ও অনেকে নিপ্তিত। অনেকে ক্রেধাবিন্ট হইয়া স্ভৌক্ষা দলতে ওণ্ট দংশন করিতে লাগিল। অনেকে পরিশ্রালত হইয়া নিরন্তে পরস্পরকে আলিখননপূর্বক প্রবহরেগে জীর্ল নদীতটের নাায় পড়িয়া গেল। কেছ বিন্টা, কেছ ন্বর্গারোহণে উদ্যত, কেছ বৃদ্ধপ্রত্ ও কেছ বা ধাবমান। তৎকালে যুন্ধ-দর্শনাথী অবিদিশের সংখ্যাবাহ্বলা অল্ডবীক্ষে আর তিলার্ধ স্থান রহিল না।

ধনাধিপতি কুবের রাক্ষসবিক্রমে স্বীয় সৈন্যগণকৈ তণন দেখিয়া অন্যান্য যক্ষকে নিয়োগ করিলেন। ইত্যবসরে সংযোধকণ্টক নামে এক মহাবীর যক্ষ বহুসংখ্য বলবাহনের সহিত রণক্ষেত্রে অবতীর্ণ হইল এবং মারীচকে লক্ষ্য করিয়া বিষ্ট্রকবং অতিভীষণ এক চক্রাস্ত্র পরিত্যাগ করিল। মারীচ ঐ চক্রাস্ত্রে আহত হইবামাত্র ক্ষীণপূণ্য গ্রহের ন্যায় কৈলাস পর্বত হইতে নিপ্তিত হইয়া গেল।

পরে সে মৃহ্তেকালমধ্যে সংজ্ঞালাভ ও কিয়ক্ষণ বিশ্রাম করিয়া প্নর্বার ঘোরতর যুন্থ করিতে লাগিল। বক্ষ সংযোধকণ্টকও তৎক্ষণাৎ তাহার বীরবিক্তমে রণে ভঙ্গ দিয়া পলায়ন করিল।

সহসঃ রাবণ অলকা নগরীর স্বর্ণময় বৈদূর্যখচিত প্রবেশ-দ্বারে উপস্থিত। তথায় স্থাভান, নামে এক স্বারপাল দ-ডায়মান ছিল। সে উহাকে বার বার নিবারণ করিতে ল্যাগল। কিন্তু রাবণ উহার বাক্যে হ্রুক্ষেপ না করিয়া বীরদর্পে চলিল। তন্দুম্ভে সূর্যভান্ত যারপরনাই ক্লোধাবিষ্ট হইল এবং তোরণ উৎপাটন-পূর্বক উহাকে প্রহার করিল। ঐ প্রহারে রাবণের সর্বাঞ্গ রক্তাক্ত ; ধাতৃধারায় পর্বাত যেমন শোড়া পায় উহার সেইর্পেই শোড়া হইল, কিন্তু সে ন্বয়ন্ত্; রক্ষার বরে কিছুমার ব্যথিত হইল না। পরে ঐ মহাবীর তোরণের দণ্ড স্বারা স্বার-রক্ষককে বিনাশ করিল। তত্ত্তা যক্ষের। উহার বিক্রম দেখিয়া অস্ত্রশস্ত্র পরিত্যাগ-পূর্বক পদাইতে লাগিল এবং শ্রান্তভাবে সভরে নদী ও গিরিগাহায় আশ্রয় महेन।

পঞ্চদশ সর্গ ॥ অনশ্তর কুবের যক্ষণণকে ভাঁত দেখিক জিণভদ্রকে কহিলেন, বার!
তুমি পাপাত্মা দুর্ব ত রাবণকে বিনাশ কর এবং ক্রেমার্থা যক্ষদিগের আশ্রয় হও।
তথন মহাবার মণিভদ্র চার সহস্র যক্ষ কর্মে যুক্তে প্রবৃত্ত হইল এবং গদা
ম্বল প্রাস শক্তি তোমর ও মুন্পার শ্বাল ক্রিসেগণকে ছিল্লভিল করিয়া চলিল।
উভয় পক্ষে তুমলে যুন্ধ উপস্থিত। ক্রিক কহিতেছে যুন্ধ কর, কেহ কহিতেছে
আর প্রয়োজন নাই। সকলে শোন প্রতীর ন্যায় বিচরণ করিতে লাগিল। তংকালে
দেবতা গন্ধর্ব ও ব্রহ্মবাদী অনুষ্ঠানের বিস্মারের আর পরিস্মায় রহিল না। এই
অবসরে মহাবার প্রহন্ত একটো সহস্র এবং মারীচ দুই সহস্র যক্ষকে বিনাশ
করিল। যক্ষণণ ধর্মাণীল, এই জন্য উহাদের যুন্ধ সরল পথে; আর রাক্ষসণণ
অধান্তির এই জন্য উহাদের যুন্ধ সরল পথে; আর রাক্ষসণণ অধার্মিক, এই জন্য উহাদের যুন্ধ ক্টপথে; ফলতঃ রাক্ষসেরা এই কারণেই যক্ষদিগের অপেক্ষা অধিকতর প্রবল হইয়া উঠিল।

অনশ্তর ধ্য়োক্ষ মণিভদ্রের বক্ষে এক ম্যল প্রহার করিল, কিন্তু সে তন্দ্রারা কিছুমান্ত বিচলিত হইল না। পরে মণিভন্ন ধ্য়োক্ষের মস্তকে এক গদাঘাত করিল। সে ঐ প্রবল প্রহারবেগে বিহ_বল হইয়া ভূতলে পড়িল। তখন রাবণ ধ্যাক্ষকে শোণিতলিশ্ত দেহে পতিত দেখিয়া মণিভদের প্রতি ধাবমান হইল। মণিভদু উহাকে ক্রোধভরে আগমন করিতে দেখিয়া তিনটি স্বশাণিত শস্তি নিক্ষেপ করিল। রাবণও উহার মদ্তকে অস্ত্রাঘাত করিল। ঐ আঘাতে মণিভদ্রের মৃকুট এক পার্ণের্য সমত হইয়া পড়িল এবং তদবধি উহা ঐরূপ অবস্থাতেই রহিল। মণিভদু যুদ্ধ পরাষ্ম্য। কৈলাসেও তুমাল কোলাহল উপস্থিত হইল।

অনন্তর ধনাধিপতি কুবের এক গদা ধারণ দূরেক দূর হইতে রাবণকে দেখিতে পাইলেন। তাঁহার সহিত ধনরক্ষক মন্ত্রী শহুক্ত ও প্রোষ্ঠপদ এবং নিধিদেবতা পদ্ম ও শৃত্য। তিনি দূর হইতে অভিশাপে হতগৌরব ভ্রাতা রাবণকে দেখিতে পাইরা স্বকুলোচিত বাক্যে কহিলেন, নির্বোধ! আমি তোরে বার বার নিবারণ করিলাম, কিন্তু তোর চৈতন্য হইল না। তুই যখন নরকন্থ হইয়া ইহার প্রতিফল ভোগ করিবি তখন আমার কথা ব্রিকতে পারিবি। যে নির্বোধ মোহক্রমে বিষপান করিয়াও উদাসীন্য অবলম্বন করে, পরিণামে ভাহাকে স্বকৃতকার্মের ফল অবশ্যই

ভোগ করিতে হয়। অধমে দৈব তোর প্রতি প্রতিক্ল ভারিবন্ধন তোর প্রকৃতিও লুর হইয়ছে, এই জনাই তুই হিতাহিত কিছুই ব্রিক্তে পারিস না। যে ব্যক্তি পিতা মাতা বিপ্র ও আচার্বের অবমাননা করে সে অচিয়াৎ বিনন্ট হইয়া ভাহার ফল ভোগ করিয়া থাকে। যে বান্তি এই নন্বর দেহে তপোন্টান না করে সেই ম্থিকে মৃত্যুর পর অশেষ দ্গতি লাভ করিয়া অন্তাপ করিতে হয়; দেখ, গ্রুরেসবা ব্যতীত কাহারই শ্ভব্দিধ জলেম না, স্তরাং সে যের্প কার্য করে তাহার অন্র্প ফলও পাইয়া থাকে। প্রুর্ব স্বকৃতপ্লাবলেই ধনসম্দিধ রূপ বল ও বীরম্ব লাভ করে। রাবণ! ভোর ধখন এইর্প দ্ব্রিদ্ধ উপাস্থিত তখন তুই নিশ্চয় নরকম্থ হইবি। এক্ষণে ভোর সহিত বাক্যালাপ করা আর বিধেয় নহে; সংচরিত্র প্রুরেধর এই বিষয়ো সাবধান হওয়া উচিত।

এই বলিয়া ধনাধ্যক ক্বের মারীচ প্রভৃতিকে লক্ষ্য করিয়া শর নিক্ষেপ করিলেন। উহারা যুন্ধে বিমুখ হইয়া পলায়ন করিতে লাগিল। পরে তিনি রাবণের মাতকে এক গদাঘাত করিলেন। কিন্তু ঐ দুর্ধর্য তল্দ্বারা কিছুমান্ত বিচলিত হইল না। অনন্তর উহায়া পরস্পর প্রহার আরম্ভ করিলেন, কিন্তু তংকালে কেইই শ্রান্ত বা বিহন্দ ইইলেন না। পরে ক্বের রাবণের প্রতি এক আন্দের অন্ত নিক্ষেপ করিলেন। রাবণ বার্ণান্তে উর্ছা নিবারণ করিল। পরে স্বেরকে বিনাশ করিবার জন্য রাক্ষ্যী মার্ক্ত বিশ্বন করিল। পরে স্বেরকে বিনাশ করিবার জন্য রাক্ষ্যী মার্ক্ত প্রশ্রেরক্ষর নানাপ্রকার রুপ ধারণ করিতে লাগিল। কথন ব্যায়, কখন ব্রহি কখন মের, কখন পর্বত, কখন সমন্ত্র, কখন বৃক্ষ, কখন বক্ষ ও কখন বা কৈজের প ধারণ করিতে লাগিল। তংকালে ক্বের তাহাকে আর স্বর্গে দেখিতে ক্রিকলন না। অনন্তর রাবণ এক প্রকাণ্ড গদা বিঘ্রণিত করিয়া কুবেরের ক্রিকে আঘাত করিল। কুবের ঐ গদাঘাতে শোণিতলিশ্বত ও বিহন্দ হইয়ে ক্রিক্রিল অশোক ব্কের নায়ে ভ্তলে পড়িলেন। তল্দশনে পদ্মাদি নিধিদেবজা উহার চৈতনা সম্পাদন করিতে লাগিল।

রাবণ এইর্পে ধনাধিপতি কুবেরকে জয় করিয়া হ্তমনে জয়চিহন্বর্প উহার প্রপক নামক বিমান গ্রহণ করিল। প্রপক ন্বর্গন্তন্ত, বৈদ্ধাম তোরণ ও মালাজালে শোভিত। উহাতে নানাপ্রকার বৃক্ষ সকল অতুতেই সাপ্রচার ফলপ্রপার প্রদান করিয়া থাকে। উহা আকাশগামী ও কামর্পী। উহার গতি অপ্রতিহত এবং বেগ মনের নাায় অতিমাত্র দ্বত। উহার সোপান ন্বর্গ ও মণিতে রচিত এবং বেগি তপতকাপ্রনে প্রস্তুত। উহা দেবগণের বাহন, দ্ভিমনের সামকর ও অবিনন্ধর। এ রথ নানার্প বিচিত্র রচনায় বচিত ও বিশ্বকর্মার নিমিত। উহা সর্বকালেই সামপ্রণ ও মাতিশীতোক। দ্বাতি রাবণ ঐ শ্ববীষানিজিত প্রপ্রেক আরোহণ-প্রক বলগর্বে মনে করিল বাঝি গ্রিভাবন প্রাজয় করিলাম।

এইর্পে সে কুবেরকে জর করিয়া কৈলাস পর্বত হইতে অর্বতরণ করিল। উহার মস্তকে কিরীট, কণ্ঠে রক্সহার। সে বিমানে আরোহণ করিয়া যজ্ঞবেদিগত অশ্বির ন্যায় যারপরনাই শোভা পাইতে লাগিল।

ষোডশ সর্গ য় অনন্তর রাবণ তথা হইতে মহাভাগ কার্তিকেয়ের জন্মস্থান শরবনে প্রবেশ কবিল। দেখিল, স্বর্ণবর্ণ শরবন প্রদীশ্ত স্ব্যজ্ঞ্যতির ন্যায় একাশ্ত উল্জেখ্য। পরে সে পর্বতোপরি আরোহণপূর্বক রমণীয় বনবিভাগ নিরীক্ষণ

করিতেছিল, ইত্যবসরে সহসা তাহার প্রশেক রথের গতিরোধ হইল। তদ্দ্রেট রাবণ মান্দ্রগণকে কহিল, দেখ, এই রথ প্রভার ইচ্ছারুমে গতারাত করিবে এইর পেই ইহা প্রস্তৃত হইরাছে, তবে কেন ইহার গতিরোধ হইল; এক্ষণে ইহা কেন আমার ইচ্ছারুমে আর চলিতেছে না। বোধ হর পর্বতের উপর কেহ থাকিতে পারেন, তাহারই এই কার্য।

ধীমান মারীচ কহিল, রাজন্! অকারণে প্রুপকের গতিরোধ হয় নাই। ধনাধিপতি কৃবের ব্যতীত ইহা আর কাহাকেই বহন করিত না। এখন তুমি ইহার অধিনায়ক; বোধ হয় এই জন্য ইহা নিশ্চল হইয়া আছে।



উহারা এইর্প ও অন্যান্যর্প বৃত্তিক করিতেছে, ইত্যবসরে বিকটাকার ম্বিডেডম্বড হুস্ববাহ্ কৃষ্ণপিপার্কিট বহাবল নন্দী অকুতোভরে রাবণের পাশ্বে আসিয়া কহিলেন, দশ্দে বিশ এই পর্বতে ভগবান মহাদেব দেবী পার্বতীর সহিত জীড়া করিতেছেন। ক্রিম ফিরিয়া বাও। এখন এই স্থানে স্বপর্ণ নগে বক্ষ দেব গন্ধর্ব ও রাক্ষস বিভিত্তি কেহই সঞ্জরণ করিতে পারিবে না।

নন্দীশ্বরের এই কথা শ্নিবামার রাবণের কৃণ্ডল ক্রোথে কন্পিত ও নের্য্বলা আরক্ত হইয়া উঠিল। সে প্রুপক রথ হইতে অবতরণপূর্বক ক্রোধভরে কহিল, মহাদেব কে? এই বলিয়া ঐ দ্বর্ত্ত বীর সহসা পর্বতম্বা গমন করিল। গিয়া দেখিল, মহাদেবের অদ্রে ন্বিতীয় মহাদেবের ন্যায় নন্দীশ্বর প্রদীশত শালে ভর দিয়া দণ্ডায়মান আছেন। রাবণ ঐ বানরম্থ নন্দীশ্বরকে দেখিবামার অবজ্ঞানসহকারে জলদগন্তীর ন্বরে হাস্য করিল। তখন রুদ্রে ন্বিতীয় ম্তি ভগবান নন্দী ক্রোধাবিট ইইয়া কর্ছিলেন, রাবণ। তুই যখন আমায় বানরাকার দেখিয়া বজ্রনাদে হাস্য করিলে, তখন তোর কুলক্ষয়ের নিমিত্ত আমায় তুলায়্প মত্রলাবীর্য বানরেরা জন্মগ্রহণ করিবে। উহারা মনোবং বেগগামী, পর্বতাকার, বলগবিত ও সমরোংসাহী। নথ ও দন্তই উহাদের অন্য । ঐসকল বানর মিলিয়া তোর এবং তোর প্র ও অমাত্যগণের প্রবল গর্ব ও তেজ চুর্ণ করিবে। রে দ্র্বৃত্ত! আমি এখনই তোরে বিনাশ করিতে পারিতাম, কিন্তু তুই ন্বীয় কর্মকলে বিনন্ট হইয়া আছিস, স্তরাং তোরে বধ করা আয় উচিত হয় না।

নন্দী এইর্প অভিশাপ প্রদান করিবামাত্র অন্তরীক্ষে প্রণেবাণিট এবং দেবদ্বদ্বভি নিন্যাদিত হইতে লাগিল। কিন্তু মহাবল রাবণ উ'হার কথা তুচ্ছ করিয়া কহিল, আমি ষাইতেছিলাম, যে নিমিত্ত আমার প্রণেক রথের গতিরোধ হইল এক্ষণে এই সেই শৈলকে উন্মূলিত করিব। মহাদেব কিসের বলে প্রতিনিয়ত

এই পর্বতে রাজবং বিহার করেন? এখন ভয়কারণ উপস্থিত, তিনি কি ইহা জানেন না?

এই বলিয়া মহাবীর রাবল বাহ্প্রসারণপূর্বক অবিলম্বে পর্বত উৎপাটন করিল। সমগ্র পর্বত কাঁপিয়া উঠিল। প্রমথগণ কাঁপিতে লাগিল এবং দেবী পার্বতী কম্পিত দেহে র্দুকে আলিঙ্গন করিলেন। তথন রুদ্র পদাঙগ্রুষ্ঠে ঐ পর্বতকে পাঁড়ন করিতে লাগিলেন। দশগুীবের তিল্লম্লম্ব শৈল্ফতম্ভাকার হস্ত নিঙ্পীড়িত হইল। সে ক্লোধে গর্জন করিয়া উঠিল। ঐ গর্জনশব্দ যুগান্তকালীন ব্রুনাদের ন্যায় অন্মিত ইইল। স্বর্গ, মর্ত্য পাতাল কাঁপিতে লাগিল। ইন্দ্রাদি দেবগণ গমনকালে পথস্থালিত হইয়া পড়িলেন। সম্দ্র উচ্ছলিত ও পর্বতসকল বিচলিত ইইল। যক্ষ বিদ্যাধর ও সিম্বর্গণ অত্যন্ত বিদ্যিত হইলেন। ইত্যবসরে অমাত্যেরা ভয়ে অভিভ্তৃত হইয়া দশগুীবকে কহিল, রাজন্! এক্ষণে তুমি ভগবান রুদ্রকে সন্ত্র্ণ কর। তিনি ব্যতীত এই সঙ্কটে রক্ষা করেন এমন আর কেহ নাই। অতএব তুমি প্রণত ইইয়া স্ত্রতিবাদে তাঁহার শরণাপন্ন হও। তিনি দয়াবান। তিনি তোমার স্তবে সন্ত্রত ইইয়া অবশাই প্রস্ত্র ইইবেন।

অনশ্তর রাবণ মহাদেবকে প্রাণপাত করিয়া সামগানে শতব করিতে লাগিল। এইর প শতব ও রোদনে সহস্র বংসর অভীত হইরা খেক। মহাদেব প্রসায় হইলেন এবং পর্বততল ইইতে উহার হলত উল্মাচনপ্রিয়া কহিলেন, দশানন! আমি ভোমার শতবে প্রসায় হইলাম। ভোমার হলত সর্বততলে নিজ্পীতিত হওয়াতে তুমি ভীমরবে হিলোককে ভীত ও প্রতিষ্ঠিত করিয়াছিলে; সন্তরাং অদ্যাবধি তোমার নাম রাবণ ইইল। একণে দেকল মন্যা বক্ষ ও প্থিবীপথ সকলেই তোমার ঐ নামেই ভাকিবে। রাক্ষিকটো আমি তোমার অনুজ্ঞা দিতেছি, তুমি যে পথে ইচ্ছা শ্বচ্ছদে প্রশানে করা

যে পথে ইচ্ছা স্বচ্চলে প্রস্থান করে।
রাবণ কহিল, দেব! মুক্তি অপিনি প্রসন্ন হইয়া থাকেন, তবে আমায় অভাষ্ট বর প্রদান কর্ন। আমি ট্রের দানব রাক্ষ্স গণ্ধর্ব গ্রহাক নাগ ও অন্যান্য প্রবল জাবের অবধ্য হইয়া আছি। মন্ষ্যেরা স্বলপপ্রাণ, এজন্য তাহাদিগকে গণনাই করি না। আমি প্রজাপতি রক্ষার বরে এইর্প দীর্ঘায়্ লাভ করিয়াছি। এক্ষণে আপনার প্রসাদে আয়্র অবশেষ নিবিষ্যে যাপন করিবার ইচ্ছা করি এবং আপনি আমাকে কোন এক স্ববিজ্ঞানী অস্ত্রও দিন।

তখন মহাদেব রাক্ষনরাজ রাবণকে চন্দ্রহাস নামে এক প্রদীপত খজা প্রদানপূর্বক কহিলেন, বংস! তোমার অবশিষ্ট আয়ু সংখে বাইবে। তুমি এই চন্দ্রহাস খজাকে কদাচ অবজ্ঞা করিও না। যদি কর ইহা নিশ্চয় আমার নিকট আবার আসিবে।

'অনন্তর রাবণ মহাদেবকে অভিবাদনপূর্বক রখে আরোহণ করিল এবং মহাবল করিরদিগের সহিত বৃদ্ধ করিবার জন্য প্থিবী পর্যটন করিতে লাগিল। তংকালে কোন কোন তেজস্বী যুদ্ধোন্মন্ত করিষ উহাকে অপহেলা করাতে সম্বে বিনণ্ট হইল এবং অনেকে অভিজ্ঞতাবলে ঐ রাক্ষসকে দৃর্জায় জানিয়া উহার নিক্ট পরাজয় স্বীকার করিল।

সংতদশ সর্গ ॥ একদা রাবণ পর্যটনপ্রসংগ্য হিমালরের কোন এক অরণ্যে দেখিল, একটি সর্বাংগাস্কুদরী কনা মুনিরত অবলম্বনপূর্বক দীশ্ত দেবতার ন্যায় তপস্যা করিতেছেন। তাঁহার মশ্তকে জটাভার এবং পরিধান কৃষ্ণাজিন। রাবণ ঐ কন্যাকে

নিরীক্ষণপূর্বক অনজাগরে জজনিত হইয়া হাস্যমূথে জিজাসিল, স্ফরি! এ কি করিতেছ? এই কার্য তোমার যৌবনকালের বিরোধী; বলিতে কি, এইর্প র্পের এই প্রকার আচরণ নিতান্ত বিসদৃশ। তোমার র্পলাবণ্য অলোক-সামান্য, দেখিলেই মন উন্মন্ত হইয়া উঠে। তপস্যা এ বয়দের নয়, ইহা বার্যক্ষেই থাটিয়া থাকে। ভদ্রে! তুমি কাহার কন্যা? এই রুডই বা কি এবং তোমার স্বামীই বা কে? যে ব্যক্তি তোমার ন্যায় স্ত্রীরত্ন পাইয়াছে, জীবলোকে সেই প্রাবান। বল, তুমি কোন্ উদ্দেশে এইর্প কণ্ট স্বীকার করিতেছ।

তথন ঐ তাপসী রাবদের আতিখ্যসংকার করিয়া কহিলেন, রাজর্ষি কুশধ্রজ্ব আমার পিতা। তিনি ব্হুম্পতির পতে ও তত্ত্বল্য ব্দিখ্যান। ঐ মহাত্মা যথন বেদপঠে করিতেন সেই সময় আমি তাঁহা হইতে বাব্যরীম্তিতে জন্মগ্রহণ করি, এই জন্য আমার নাম বেদবতী ইইয়াছে। পরে আমার বিবাহবোগ্য কাল উপস্থিত ইইলে দেবতা গন্ধর্ব যক্ষ রাক্ষ্য ও পরসোরা তাঁহার নিকট আসিয়া আমারে প্রার্থনা করিয়াছিল, কিন্তু তিনি আমায় কাহারই হস্তে দেন নাই। দেবপ্রধান তিলোকীনাথ বিব্দু জামাতা হন ইহাই তাঁহার অভিপ্রায় ; এই জন্য তিনি আমায় কাহারই হস্তে দেন নাই। পরে বলদ্যত দৈতারাজ শাস্ত আমার পিতার এই সন্দৃত্ সংকলেপ যারপরনাই কুপিত হয় এবং একদ্যু স্বেলনীযোগে নিদ্রিতাবস্থায় তাঁহাকে আসিয়া বিনাশ করে। পরে আমার জ্বান্ত আরোহণ করেন। একদে আমি পিত্যবের্যর সিতার মৃতদেহ আলিজ্বানপুর্বক জনলন্ত চিত্তি আরোহণ করেন। একদে আমি পিত্যনোরথ সিম্ম করিবার উন্দেশে প্রতিক্র করিয়া কঠোর তপস্যায় প্রবৃত্ত হইয়াছি। রাজন্! আমি আত্মবৃত্তাস্কু বাব্বকল তোমায় কহিলাম, নারায়ণ্ট আমার মনোমত স্বামী। সেই প্রের্মির্স বাতীত কেহই আমার প্রার্থনীয় নহেন। আমি তাঁহারই আশরে এই ক্রেম্ব ব্রুত্ত ব্রুত্তা বর্ষ বাব্য করিয়া আছি। রাজন্! আমি তোমাকে জানি, এক্ষণে তুমি ক্রেম্ব ব্রুত্তা বর্জ ধারণ করিয়া আছি। রাজন্! আমি তোমাকে জানি, এক্ষণে তুমি ক্রেম্ব নাই।

তখন রাক্ষসরাজ রাবণ অনপাশরে নিপাঁড়িত হইয়া বিমান হইতে অবতরণ-প্রেক কহিল, ম্গলোচনে! তোমার বখন এইর্প ব্লিখ তখন তুমি বড় গবিত। প্লাসগুর ব্লখগণেরই শোভা পার। তুমি সর্বগ্রসম্পরা, এর্প কথা তোমার উচিত হয় না। তিলোকমধ্যে তুমিই স্করী। এক্ষণে তোমার যৌবনকাল অতীত হয়। দেখ আমি লংকার অধিপতি, নাম দশগ্রীব, এক্ষণে তুমি আমার পত্নী হও এবং নানার্প রাজভোগে স্থে কালক্ষেপ কর। তুমি যাহাকে বিক্ষ্ বলিতেছ, সে কে? বলবীর্য, ঐশ্বর্য ও তপোবলে সে আমার সমকক্ষ নহে।

বেদবতী কহিলেন, না, ওর্প কহিও না। বিষ্ট্র বিশ্বরাজ্যের রাজ্য ও সকলের প্রদীয়। তোমা ব্যতীত কোন্ ব্রিখ্যান তাঁহার অব্যাননা করিতে পারে?

তখন কামার্ত রাবণ বলপ্রবিক তাঁহার কেশম্বিট গ্রহণ করিল। বেদবতী কোধাবিট হইয়া কেশ আছিল করিয়া লইলেন এবং দেহবিসর্জনের জন্য চিতা জ্বালিয়া ক্রোধানলে উহাকে দশ্ধ করিয়াই কহিছে লাগিলেন, নীচ! তুই আমার অবমাননা করিলি, আর আমি এ প্রাণ রাখিতে চাই না। এক্ষণে তোরই সমক্ষে অন্যাননা করিল। রে পাপিন্ট! তুই যখন এই অরণ্যমধ্যে আমায় কেশগ্রহণপ্রবিক অবমাননা করিলি তখন তোর বিনাশের জন্য আমি প্রবির জন্মিব। পাপাশয় প্রব্রক বধ করা স্থীলোকের সাধ্যায়ন্ত নহে। আর বিদিও তোরে অভিসম্পাত দিয়া নন্ট করি তাহাতে আমার তপঃক্ষর হইবার সম্ভাবনা। যাহাই হউক, এক্ষণে



যদি কিছ, প্রাসঞ্জয় করিছা থাকি, যদি কিছ, তপ জপ করিয়া থাকি, তবে তাহার ফলে আমি তোর বিনাশের জন্য কোন ধার্মিকের অযোনিজা কন্যার পে জন্মিব।

এই বলিয়া বেদবতী জনলত চিতায় প্রবেশ করিলেন। অন্তরীক্ষ হইতে চতুদিকৈ দিবা প্রপব্নিউ হইতে লাগিল। রাম! সেই বেদবতীই রাজবি জনকের কন্যা ও তোমার ভার্যা। তুমি সাক্ষাৎ সনাতন বিষয়ে। প্রে বেদবতী জোধানলে যাহাকে বিনন্টপ্রায় করিয়াছিলেন সেই শনুকে তিনিই আবার তোমার অলোকিক বাহ্বলের আগ্রয় লইয়া বিনাশ করিয়াছেন। এই অন্নিশিখাসদৃশী বেদবতী মত্তালোকে হলক্ষিত ক্ষেত্রে প্নঃ প্রশঃ উৎপন্ন হইবেন।

জান্দশ সার্গ ॥ বেদবতী অণিনপ্রবেশ করিলে রাক্ষসরাজ রাবণ প্রপকরথে আরোহণপূর্বক প্থিবীপর্যটনে প্রবৃত্ত হইল। দেখিল, উসীরবীজ দেশে রাজা মর্ত্ত দেবগণের সহিত যজ করিতেছেন। বৃহস্পতির সাক্ষাৎ প্রভা রক্ষার্য সম্বর্ত দেবগণের সহিত যজ করিতেছেন। বৃহস্পতির সাক্ষাৎ প্রভা রক্ষার্য সম্বর্ত ঐ যজে যাজনকার্যে নিযুক্ত আছেন। তখন দেবগণ ঐ বরলাভগার্বত দুর্জুর রাক্ষসকে দেখিয়া পরাভবভরে তির্যক্ষোনিতে প্রছেম হইলেন। দেবরাজ ইন্দু মর্বের, ধর্মরাজ যম কাকের, ধর্নাধর্পতি কুবের কৃষ্ণাসের এবং নীরাধ্বিপতি বর্ণ হংসের রূপ ধারণ করিলেন। অপরাপর দেবতাও অন্যান্য জীবজন্তুর বৃপ ধারণ করিয়া আরগোপন করিলেন। ইত্যবসরে দুর্বৃত্ত রাবণ একটা অপবিশ্ব

কুরুরের ন্যায় বজ্ঞবাটে প্রবেশ করিল এবং রাজা মর্ত্তকে কহিল, রাজন্ । তুমি হয় আমার সহিত যুখ্য কর, না হয় বল আমি প্রাজিত হইলাম।

মর্ত্ত জিজ্ঞাসিলেন, তুমি কে? রাবণ অটুহাস্যে কহিল, রাজন্! আমি কুবেরের অন্জ, রাবণ। আমাকে যে জান না তোমার এই অনৌংস্কে প্রীত হইলাম। আমি কুবেরকে জয় করিয়া এই বিমান আনিয়াছি। গ্রিলোকে এমন কে আছে যে আমার বলবিক্রমের কথা জানে না।

মর্ত্ত কহিলেন, তুমি যখন জ্যেষ্ঠ দ্রাতাকে জয় করিয়াছ তখন তুমিই ধনা।
তোমার তুলা প্রশংসনীয় তিলোকে আর কে আছে। তুমি প্রে কোন্ ধর্মাবলে
বরলাভ কর। তুমি স্বয়ং জ্যেষ্ঠকে জয় করিবার কথা খের্প কহিতেছ আমরা
এর্প ত কখন কিছ্মানি নাই। রে নির্বোধ। তুই দাঁড়া, প্রাণ থাকিতে আর
ষাইতে পারিবি না। আজ আমি তোরে শাণিত শরে এই দন্ডেই যমালয়ে পাঠাইব।

তখন রাজা মর্ভ যুম্ধার্থ প্রস্তুত হইরা ধন্বাণহন্তে লোধভরে নিগতি হইলেন। ইতাবসরে রক্ষরি সম্বর্জ উহার পথরোধপ্রক স্নেহবাকো কহিলেন, মহারাজ! যদি আমার কথা শ্বন তো যুম্ব করা তোমার কর্তব্য হইতেছে না। এই মাহেশ্বরযক্ত অসম্পূর্ণ থাকিলে নিশ্চর কুলক্ষর হইবার সম্ভাবনা। বিশেষতঃ দীক্ষিত ব্যক্তির আবার যুম্ব কি এবং ভাহার লেক্সেনা কেন? আরও, ব্যুম্বে জয়লাভের পক্ষে বিলক্ষণ সংশয় আছে, কারণ এ বিশিষ্ঠ একান্ড দ্কুরা।

জারলাভের পক্ষে বিলক্ষণ সংশয় আছে, কারণ ঐ ট্রাক্স একান্ত দ্রুর।
অনন্তর মহীপাল মরুত গ্রু সন্বর্তের অনুরোধে ধন্বণে রাখিয়া স্ক্রমনে
যজবাটে গমন করিলেন। তন্দ্দেই রাক্সমাস শুক উহাকে পরাজিত ব্বিয়া
হর্ষভরে "রাবণের জয়" এই বলিয়া ক্রিলাদ করিল। রাবণ অভ্যাগত ঋষিগণকে
ভক্ষণ করিতে লাগিল; কিন্তু ঐ ক্রেম্মা উহাদের রক্তে সম্যক্ পরিভূণ্ড হইল
না। পরে সে যুখ্যার্থী হইয়া পুরুষরার প্রিবীপর্যটনে প্রবৃত্ত হইল।

না। পরে সে যুখ্যাথী হইয়া পুরেবার প্রিবীপর্যটনে প্রবৃত্ত হইল। রাক্ষসরাজ রাবণ প্রস্থানে করিলে ইন্দ্রাদি দেবগণ তির্বক জাতির প্রতি সদ্জুল্ট হইয়া দ্ব-দ্ব র্পিऍপীরগ্রহ করিলেন। তখন ইন্দ্র ময়্বেকে কহিলেন, মর্ব! আমি অতিমাত প্রীত হইলাম। অতঃপর তোমার ভ্রুঞ্গভর **আর থাকি**বে না। তোমার পত্নেক্ত সহস্র নেত শোভা বর্ধন করিবে এবং আমি বখন ম_{ন্}ষলধারে ব্লিট করিব তথন তোমার মনে হর্বোদ্রেক হইবে। এই আমার প্রীতিচিহ্ন। রাজন্ ! পূর্বে ময়বের প্রচ্ছ কেবল নীলবর্ণ ছিল, ইন্দের বরদান অবধি উহা নেত্রসমূহে চিত্রিত হয়। পরে ধর্মরাজ্ব **বম কাককে কহিলেন, কাক! অর্য়ম অতি**মার প্রীত হইলাম। আমি অন্যান্য প্রাণীকে বে-সমস্ত রোগধন্যণা দিয়া থাকি ডোমার ডাহা কদাচ ঘটিবে না। আমার বরে তোমার মৃত্যুভয় তিরোহিত হই**ল।** যাব**ং মন্ব্য** তোমাকে না বধ করে তাবংকাল পর্যন্ত তুমি জীবিত থাকিবে। আর আমার অধিকারে ক্ষাধ্যত যত মনা্যা আছে তুমি আহার করিলে ডাহাদের সকলেরই ত্মিত হইবে। পরে বর্ণ গল্গাজলবিহারী হংসকে কহিলেন, হংস! আমি অতান্ত প্রতি হইলাম। তোমার বর্ণ চন্দ্রমণ্ডল ও ফেনরাঞ্জির ন্যায় ধবল ও মনোহর হইবে। জলের উপর বিচরণেই তোমার সোন্দর্য এবং তুমি সততই সন্তুষ্ট থাকিবে ; এই আমার প্রীতিচিহ্ন। রাজন্ ! প্রে হংসের বর্ণ সর্বাংশে শ্বেড ছিল না, পক্ষের অগ্রভাগ নীল এবং ভ**্জমধ্য শ্যামল ছিল। পরে কৃ**বের পর্বতম্থ কৃকলাসকে কহিলেন, কুকলাস! আমি অত্যন্ত প্রীত হইলাম। তোমার বর্ণ স্বর্ণের নাায় হইবে এবং তোমার মৃত্তক নিম্নত স্বৰ্ণব**ং উম্জ**্বল থাকিবে। এই আমার প্রীতির চিহ্ন।

দেবগণ ঐ সমুস্ত তির্যক্ষাতিকে এইর্পে বরপ্রদানপূর্বক রাজা মর্ত্তের সহিত সেই যজেংসব হইতে প্রত্যাগমন করিলেন।

একোনবিংশ সগা ॥ এদিকে রাবণ যুল্থাখাঁ হইয়া নানা রাজ্য পর্যটনে প্রবৃত্ত হইল। সে স্রপ্রভাব রাজগণের নিকট গিয়া কহিতে লাগিল, তোমরা হয় আমার সহিত যুল্থ কর, না হয় বল আমরা পরাজিত হইলাম; নচেং তোমাদের আর কিছুতেই নিস্তার নাই। বে-সমস্ত রাজা মহাবল নিভাকি বিচক্ষণ ও ধর্মাশীল, তাহারাও উহাকে অপেক্ষাকৃত প্রবল ব্রিঞ্জা মন্ত্রণাপ্রেকি কহিলেন, আমরা পরাজিত ইইলাম। এইর্পে মহারাজ দ্বুক্ত, স্রুজ্য, গাধি, গয় ও প্রুর্বা ইংহারা রাবণের নিকট পরাজর স্বীকার করিলেন। পরে মহাবল রাবণ রাজা অনরণাের রাজধানী অবাধ্যায় উপাস্থত হইল এবং তাহাকে কহিল, রাজন্! তুমি হয় যুল্থ কর, না হয় বল আমি পরাজিত ইইলাম। এই আমার আদেশ।

রাজা জনরণ্য রাবণের এই কথায় ক্রেধাবিন্ট ইইয় কহিলেন, রাক্ষস! আইস আমরা উভয়েই বৃশ্ধার্থ প্রস্তৃত হই। তখন অনরণ্যের সৈন্য রাক্ষসবধের জন্য নিগত ইইতে ল্যাগল। দশ সহস্র হলতী, নিযুত ক্রেই অসংখ্য পদাতি ও রথ রণস্থলে চলিল। তুমুল বৃশ্ধ উপস্থিত। কিন্তু ব্রাজা অনরণ্যের সৈন্য জনুলন্ত হুতাশনে নিক্ষিত আহ্বতির ন্যায় রাক্ষসগৃথিত অস্ক্রশন্তের নার রাক্ষসগৃথিত অস্ক্রশন্তের নার বাক্ষপত করিবর বহুক্রণ যুল্থ করিবর বথেন্ট বলবিক্রম দেখাইল, কিন্তু রাবণের হলতে ক্রণকালমধ্যে নিঃশোর ক্রেরা গেল। মহা সম্ব্রে যেমন শত শত নদী পড়িয়া অনর্শিন্ট হয় রাক্ষ্যপতার মধ্যে পড়িয়া উহাদের তর্মুপই দ্বর্দশা ঘটিল। তল্পন্ট রাজ্বা অনরণ্য ক্রিরাবিন্ট ইইয়া ইন্দ্রধন্সদৃশ শরাসন বিস্ফারণ-পর্বেক রাবণের সাম্লিত ইইয়া ইন্দ্রধন্সদৃশ শরাসন বিস্ফারণ-পর্বেক রাবণের সাম্লিত ইইয়া অনরণ্য ক্রিরা। তথন শ্বুক ও সারণ উহার বলবিক্রমে ভীত ইইয়া ম্গের ন্যায় পলায়ন ক্রিরা। তথন শ্বুক ও সারণ উহার রাবণের মুল্ডকে শরব্নিট ইইয়া অনরণ্যকে এক চপেটাঘাত করিল; অনরণ্য ক্রিপতদেহে বিহ্বল ইইয়া বল্লাহত শালব্কের ন্যায় রথ ইইতে নিপতিত ইইলেন। তথন রাবণ হায়্য ক্রিয়া কহিল, বীর। তুমি না আমার সহিত বৃশ্ধ করিভেছিলে? এখন কি ইইল? আমার প্রতিদ্বন্দ্রী ইইতে পারে রিলোকে এমন কে আছে? রাজন্। বোধ হয় তুমি এতাবং কাল ভোগসন্থে নিমণন ছিলে এই জন্য আমার বলবিক্রমের কথা তোমার কর্ণগোচর হয় নাই।

